মঙ্গলাপ্রাহ স্ফুরতীতি লঘু শীঘ্রং ব্যাজঃ স্বস্ত নিরপরাধত্বপ্রকাশনময়ো দম্ভ আস্তাং বিরমতু কুসুমরসনয়া পুষ্পগ্রথনরজ্জ্বা পক্ষে। পুষ্পময়ক্ষুদ্রঘণ্টিকয়া বন্ধুং বধ্বা অত্রৈব স্থাপয়িতুং তথা সতি স্বপ্রেয়সীং তাং দ্রষ্টুং ন প্রাপ্স্যসীতি ভাবঃ অত্র পুষ্পকাঞ্চীমাত্রবিশিষ্টত্বাং বন্ধুং প্রিয়মিচ্ছন্তীতি শ্লিষ্টার্থপ্রতীতাবধীরাত্বস্ত ব্যক্তত্বাপত্তের্ধীরেতাস্ত চ স্পষ্টানভিব্যক্তত্বাদপরিতোষ প্রাপ্তেরুদাহরণান্তরমাহ যথা বেতি ৩৪

যথা—

মঙ্গলা কহিলেন, অহে অঘনাশন। আপনার নিরপরাধত্ব প্রকাশনময় দম্ভ করিতেছ কেন, ছল ত্যাগ কর, আমার চিত্তে ক্রোধের গন্ধও উদয় হয় নাই, আমি ব্রতোপলক্ষে মৌনাবলম্বন করিতে অতিশয় অভিলাষিণী হইলেও তোমার স্নেহবশতঃ কহিতেছি, এই দেখ সখীবৃন্দ পুষ্প গ্রন্থন-রজ্জু দ্বারা তোমাকে বন্ধন করিতে ইচ্ছা করিতেছে, অতএব শীঘ্র পলায়ন কর। নতুবা আর আপনার প্রিয়তমাকে দেখিতে পাইবা না॥

উল্লিখিত উদাহরণে সখীবৃন্দ কেবল পুষ্পময় ক্ষুদ্রঘণ্টিকা দ্বারা শ্রীকৃষ্ণকে বন্ধন করিতে ইচ্ছা করায় অধীরার লক্ষণ স্পষ্ট হইল, ধীরার লক্ষণ সুব্যক্ত না হওয়া প্রযুক্ত গ্রন্থকর্ত্তা অপরিতোষচিত্তে পুনশ্চ দ্বিতীয় উদাহরণ দেখাইতেছেন॥ ৩৪॥

যথা বা—

কৃতাগসি হরৌ পুরঃ স্তবতি তং ভ্রমদ্‌ভ্রূলতা
তিতাড়য়িষুরুদ্ধুরা শ্রুতিতটাদ্বিকৃষ্যোৎপলং।
ন তেন তমতাড়য়ৎ কিমপি যাহি যাহীতি সা
ক্রুবত্যজনি মঙ্গলা সখি পরং পরাঙ্মুখী ॥ ৩৫ ॥

লোচনরোচনী টীকা।

কৃতাগসীত্যাদৌ পূর্ব্বার্দ্ধেন প্রগল্ভাত্বং ৩৫

আনন্দচন্দ্রিকা টীকা

কৃতাগসীতি পাদত্রয়ে ধীরলক্ষণং স্পষ্টং চতুর্থচরণে পরং কেবলং পরাঙ্মুখীত্বেন নায়িকোচিতভাবপ্রদর্শনয়া নায়কং প্রত্যাদরঃ তৎ পরাঙ্মুখীত্বাক্ত্যা অর্দ্ধদিত্যাস্ত শঠত্ব-ত্বেন কিঞ্চিদপাঙ্গদর্শনেন প্রাপ্তেন প্রসাদব্যঞ্জকেন স্বমাননিহ্নুতিরিত্যবহিত্থা চেতি পরাঙ্-মুখ্যেব অজনি ইতি ন প্রাতিকূল্যং নাপ্যানুকূল্যং কিমপি চেষ্টিতে স্বেত্যর্থে প্রাপ্তে সতি পুনঃ কৃষ্ণেন চরণয়োঃ প্রণিপত্য স্তবসার্থকপ্রণয়ে ক্রিয়মাণে সম্মতিব্যঞ্জকচেষ্টায় অভাবে ধীরা-লক্ষণমপ্যায়াতং। ধীরাধীরা তু সোল্লুণ্ঠভাষিতৈঃ খেদয়েদমুমিতি সাহিত্যদর্পণোক্তধীরাধীরা-প্রগল্ভালক্ষণং। তথা। অনুশক্তোঽপি সুভগ, হরসি মত্তো মে মনঃ প্রসভং। কিং পুন-রম্ভুতস্থং, সম্প্রতি নখরক্ষতৈস্তস্যাঃ ইতি তদুদাহরণং চ নাদৃতং ধীরমধ্যায়ামতিপ্রসক্ত-ত্বাদিতি ৩৫

যথা বা—

কোন এক সখী আপনার সখীর প্রতি কহিলেন, বয়স্যে। একদা শ্রীকৃষ্ণ কৃতাপরাধ হইয়া মঙ্গলার অগ্রে অবস্থান পূর্ব্বক স্তব করিতে-ছিলেন, মঙ্গলা দেখিয়া ভ্রূলতা ঈষৎ কুঞ্চিত করিলেন এবং তাড়নার্থ অত্যন্ত উদ্ধুরা হইয়া শ্রুতিমূল হইতে উৎপল (কর্ণভূষণ পদ্ম) মাত্র আকর্ষণ করিলেন কিন্তু তদ্দ্বারা কিছুমাত্রও প্রহার করিতে পারিলেন না কেবল যাও যাও এই মাত্র বলিয়া বদন প্রত্যাবর্ত্তন করিলেন

উক্ত উদাহরণে যাও যাও এই পর্য্যন্ত অধীরাত্ব, এবং বদন প্রত্যা-বর্ত্তনে ধীরাত্বের লক্ষণ সপ্রমাণ হইল ॥ ৩৫ ॥

কিশোরিকাণামপ্যাসামাকৃতেঃ প্রকৃতেরপি।
প্রাগল্‌ভ্যাদিব কাসাঞ্চিৎ প্রগল্‌ভাত্বমুদীর্য্যতে।
মধ্যা তথা প্রগল্‌ভা চ দ্বিধা সা পরিভিদ্যতে
জ্যেষ্ঠা চাপি কনিষ্ঠা চ নায়কপ্রণয়ং প্রতি. ৩৬॥

যথা—

সুপ্তে প্রেক্ষ্য পৃথক্ পুরঃ প্রিয়তমে তত্রার্পয়ন্ পুষ্পজং

লোচনরোচনী টীকা।

আকৃতেঃ প্রকৃতেরপি প্রাগল্ভ্যাদিবেত্যন্বয়ঃ॥ ৩৬

আনন্দচন্দ্রিকা টীকা।

প্রাগল্ভ্যাদিবেতি। কিঞ্চিদ্বয়োঽধিকত্ব এব বস্তুতঃ প্রাগল্ভ্যং সম্ভবেদিতি ভাবঃ। নায়কপ্রণয়ং প্রতি লক্ষীকৃত্য নায়ককর্ত্তৃকপ্রণয়াধিক্যন্যূনতাবত্ত্বো ক্রমেণ জ্যেষ্ঠাকনিষ্ঠে স্যাতামিত্যর্থঃ ৩৬

দূরান্তলতাকুঞ্জে নিহ্নুতা বৃন্দা নান্দীমুখীং দর্শয়তি সুপ্তে ইতি অত্র নয়নে বক্ষঃপ্রদানং নিদ্রা-

এই সমস্ত কিশোরিকাগণের আকৃতি প্রকৃতির প্রাগল্‌ভ্য অর্থাৎ কিঞ্চিৎ বয়োঽধিকতা হেতু যাহারও কাহারও প্রগল্‌ভাত্ব কথিত হয়।

জ্যেষ্ঠা কনিষ্ঠা ভেদে মধ্যা এবং প্রগল্‌ভা প্রত্যেকে দুই দুই প্রকার হয় অর্থাৎ জ্যেষ্ঠমধ্যা ও কনিষ্ঠমধ্যা এবং জ্যেষ্ঠপ্রগল্‌ভা ও কনিষ্ঠপ্রগল্‌ভা ইত্যাদি।

নায়ক কর্ত্তৃক প্রণয়ের আধিক্য ও ন্যূনতা হওয়াতে ঐ রূপ জ্যেষ্ঠা কনিষ্ঠা ভেদ হয় অর্থাৎ নায়ক যাহার প্রতি প্রীতিমান্ সে জ্যেষ্ঠা এবং তদপেক্ষা ন্যূন হইলে তাহাকে কনিষ্ঠা কহা যায়। ৩৬

মধ্যার জ্যেষ্ঠাকনিষ্ঠাত্ব যথা—

দূরবর্ত্তি লতাকুঞ্জে গোপনভাবে অবস্থিতা বৃন্দা নান্দীমুখীকে কহিলেন, সখি! অবলোকন কর, কুঞ্জগৃহে লীলা এবং তারা পরস্পর সম্মুখীন হইয়া নিদ্রা যাইতেছে, যদিচ ইহারা দুই জনেই শ্রীকৃষ্ণের প্রিয়-

লীলায়া নয়নাঞ্চলে কিল রজশ্চক্রে প্রবোধোদ্যমং ।
কৃষ্ণঃ শীতল-তালবৃন্ত-রচনোপায়েন পশ্যাগ্রত-
স্তারায়াঃ প্রণয় দিব প্রণয়তে নিদ্রাভিবৃদ্ধিক্রমং ৩৭ ॥

যথা বা—

দীব্যন্ত্যৌ দয়িতে সমীক্ষ্য রভসাদক্ষৈস্ত্র্যহাত্মগ্রহে-

লোচনরোচনী টীকা

তালবৃন্তং ব্যজনং ৩৭ ।

ত্র্যহং ব্যাপ্য আত্মা স্বয়মেব গ্রহো দেয়ো যেষু তৈরক্ষৈর্দীব্যন্ত্যৌ সমীক্ষ্য দায়দাক্ষং ত্ত-

আনন্দচন্দ্রিকা টীকা

লেশনাশার্থমেব নিদ্রানাশস্তু পাণিকর্ষমাত্রেণাপি সিদ্ধ্যেদিতি ভাবঃ রজসঃ পুষ্পরজসেন নয়নাপকারকত্বং পরাহতং তালবৃন্তরচনা ব্যজনচালনবৈদগ্ধী ৩৭

পূর্ব্বত্র মধ্যয়োর্জ্যৈষ্ঠ্যকনিষ্ঠত্বে উদাহৃত্য সম্প্রতি প্রগল্ভয়োস্তে দর্শয়তি যথা বেতি । বাশব্দশ্চার্থে ।

বৃন্দা পৌর্ণমাসীমাহ দিব্যন্ত্যাবিতি অক্ষৈঃ পাশকৈঃ ত্র্যহং ব্যাপ্য আত্মা স্বয়ং

তথা তথাপি শ্রীকৃষ্ণ লীলার নেত্রাঞ্চলে পুষ্পরজঃ নিক্ষেপ করিয়া নিদ্রা ভঙ্গের উদ্যম করিতেছেন এবং প্রীত্যাধিক্য হেতু শীতল তালবৃন্ত-ব্যজন দ্বারা তারার নিদ্রা বৃদ্ধির উপক্রম করিতেছেন

তাৎপর্য্য, লীলা ও তারা দুই জনেই কৃষ্ণপ্রিয়া তন্মধ্যে শ্রীকৃষ্ণের লীলাতেই প্রণয়ের আতিশয্য, কারণ, শ্রীকৃষ্ণের অভিপ্রায় এই যে তারার সমক্ষে লীলার সহিত ক্রীড়া অযোগ্য অতএব তিনি তারার নিদ্রা বৃদ্ধি ও লীলার চৈতন্য সম্পাদন করিলেন। ইহার দ্বারা স্পষ্ট লক্ষিত হইল যে, নায়কের প্রণয়বশতঃ লীলার জ্যেষ্ঠমধ্যাত্ব ও তারার কনিষ্ঠমধ্যাত্ব ॥ ৩৭ ॥

যথা বা ॥

অথ প্রগল্‌ভার জ্যেষ্ঠাত্ব ও কনিষ্ঠাত্ব যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে সম্বোধন পুর্ব্বক কহিলেন, দেবি । কৌতুক বশতঃ গৌরী ও শ্যামা অক্ষ (পাশক) ক্রীড়া করিতেছিলেন, তাঁহাদের

গৌরীং ঘূর্ণিতয়োপদিশ্য হিতবদ্দায়প্রয়োগং ভ্রুবা।
তস্যাস্তূর্ণমুপার্জয়ন্নিব জয়ং শিক্ষাবশেনাচ্যুতঃ
শ্যামামেব চকার ধূর্ত্তনগরীসঙ্কেতবিজ্জিত্বরাং।

লোচনরোচনী টীকা।

লক্ষ্যস্য স্বোচিতক্রীড়াভাগস্য প্রয়োগং প্রয়োক্তব্যং চালনবিশেষং ঘূর্ণিতয়া ভ্রুবা গৌরীং দয়িতয়োরেকতরাং প্রাক্ হিতমেবোপদিশ্য তস্যা গৌর্য্যা জয়মিবোপার্জ্জয়ন্ শিক্ষায়াস্তদ্বিদ্যাভ্যাসস্য বশেনানুগতা। তল্লব্ধচাতুর্য্যা শ্যামাং তয়োরন্যতরামেব জিত্বরাং চক্রে ধূর্ত্তা অক্ষ-

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণ এব গ্রহো যেষু তৈঃ পাশোঽক্ষেষু গ্রহোঽস্ত্রাস্তি দেবনাঃ পাশকাশ্চ তে ইত্যমরঃ। ঘূর্ণিতয়া অনুরাগব্যঞ্জিকয়া ভ্রুবা ধূর্ত্তনগরীশব্দেন লক্ষণয়া নানাবিধা ধূর্ত্তা উচ্যন্তে সঙ্কেতস্তচ্ছন্দপ্রবৃত্তিনিমিত্তমসাধারণধর্ম্মবিশেষস্তং বিন্দতি প্রাপ্নোতি বেত্তি স্বস্মিন্নর্পয়িতুং জানাতীতি বা। অত্র প্রকটমেব শ্যামায়াঃ পক্ষপাতস্বব্যঞ্জনয়া তস্যৈ শ্যামলায়ৈ সৌভাগ্য প্রদানং গৌর্য্যা সহ প্রণয়বত্ত্বাত্তস্যা নাভিমতমিতি ন কৃতং তথা সতি গৌর্য্যা মনসি কিঞ্চি-

উভয়ের পণ এই যে যাহার পরাজয় হইবে তাঁহাকে তিন দিবস শ্রীকৃষ্ণকে প্রদান করিতে হইবে, সঙ্গ লাভ করিতে পারিবেন না, এই মত পণ করিয়া ক্রীড়ারম্ভ হইলে ইতোমধ্যে শ্রীকৃষ্ণ আসিয়া মধ্যস্থ হইলেন, কিন্তু তাঁহার আশ্চর্য্য ভঙ্গি পরিজ্ঞাত হওয়া দুঃসাধ্য, তিনি গৌরীকে এরূপ ভ্রূবিক্ষেপ দ্বারা অক্ষচালন প্রকার উপদেশ করিতেছিলেন যে, তদ্দ্বারা গৌরীরই জয় উপস্থিত হইতেছিল, পরন্তু অক্ষ চালনজ্ঞ কৃষ্ণ অর্থাৎ শ্রীকৃষ্ণের অক্ষচালন বিষয়ে এরূপ নৈপুণ্য যে অগ্রে জয় সূচনা করিয়া দিয়া পশ্চাৎ পরাজয় করান, পরিশেষে শ্যামলারই জয় করিয়া দিলেন।

তাৎপর্য্য। শ্রীকৃষ্ণের স্পষ্টরূপে শ্যামলার পক্ষপাত করা হইল, যে হেতু তাঁহাকেই সৌভাগ্য প্রদান করিলেন। গৌরীর সহিত শ্যামলার প্রণয় থাকাতে তাঁহারও অনভিমত করা হইল না, ঐরূপ হইলে গৌরীর মনে দুঃখ সম্ভাবনা হইত, গৌরীর পক্ষপাতে শ্যামলার দুঃখের আশঙ্কা নাই, যে হেতু শ্যামলার নিশ্চয় বোধ আছে শ্রীকৃষ্ণ

কাচিৎ কাঞ্চিদপেক্ষ্য স্যাজ্জ্যেষ্ঠৈত্যাপেক্ষিকী ভিদা।
অতো ভেদদ্বয়মিদং ন কৃতং গণনান্তরে ॥ ৩৮ ।
কন্যা মুগ্ধৈব সা কিন্তু স্বীয়ান্যোঢ়ে উভে বুধৈঃ।

লোচনরোচনী টীকা

দেবিনন্তামগর্ঘ্যাৎ যঃ সঙ্কেতঃ যেন চালনেন জয় ইব দৃশ্যমানেঽপি পরাজয়স্তস্যা তদ্বিপ-রীতে বিপরীতস্তত্র যঃ সঙ্কেতঃ ছলেনোপদেশ স্তদ্বিৎ ৩৮

পূর্ব্বোক্তান্ প্রেয়সীভেদান্ পঞ্চদশধেন দর্শয়তি কন্যা মুগ্ধৈবেত্যাদিনা পঞ্চদশ ভেদা ইহাখিলা ইত্যন্তেন তত্র কন্যা মুগ্ধৈবেত্যেকঃ। কিন্তু স্বীয়ান্যোঢ়ে ইতি স্বীয়ায়াঃ সপ্ত ভেদা স্তাবদ্দর্শ্যন্তে মুগ্ধা একঃ ধীরপ্রগল্ভা অধীরপ্রগল্ভা ধীরাধীরপ্রগল্ভা ইতি ত্রয়ঃ ধীরমধ্যা অধীরমধ্যা ধীরাধীরমধ্যেতি মধ্যাশ্চ ত্রয়ঃ ইতি স্বীয়ায়াঃ সপ্ত এবমন্যোঢ়ায়াঃ সপ্ত ভেদাঃ পূর্ব্ববজ্জ্ঞেয়াঃ তদেবং কন্যায়া একোভেদঃ স্বীয়ান্যোঢ়য়োঃ সপ্ত সপ্তেতি পঞ্চদশৈব স্থিতাঃ

আনন্দচন্দ্রিকা টীকা

দুঃখং স্যাৎ। গৌর্য্যাঃ পক্ষপাতেতু ভামায়া ন দুঃখং স্বস্মিন্ সৌভাগ্যস্য নিশ্চয়জ্ঞানেন তৎপক্ষপাতস্য বাহ্যত্বমননাৎ অতস্তয়োর্মিথঃ প্রীতিঃ শ্রীকৃষ্ণস্যাপি তাদৃশলীলাসিদ্ধ্যর্থমভী-ষ্টেতি জ্ঞেয়ং এবং পূর্ব্বত্র তারালীলয়োরপি বিবেচনীয়ং

ন কৃতং গণনান্তর ইতি যৈব জ্যেষ্ঠা সৈব তদন্যাপেক্ষয়া কনিষ্ঠা চেতি কিং ধর্ম্মিত্বেন গণনী-য়েতি ভাবঃ। অতএব বক্ষ্যমাণেঽধিকাদিভেদোঽপি নাত্র গণনায়ামানীতঃ। ৩৮

কন্যা মুগ্ধৈবেতি তস্যা এক এব ভেদঃ। স্বীয়ান্যোঢ়ে সম্ভেদে ইতি স্বীয়ামুগ্ধা স্বীয়ামধ্যা

কখন আমার বিপরীত আচরণ করিবেন না, গৌরীর পক্ষপাত বাহ্য-মাত্র অতএব শ্রীকৃষ্ণ পরস্পর প্রীতি সম্পাদন পূর্ব্বক আপনারই অভীষ্ট-সিদ্ধি করিলেন।

অপর কোন নায়িকা কাহাকে অপেক্ষা করিয়া জ্যেষ্ঠা এবং কাহাকে অপেক্ষা করিয়া কনিষ্ঠ হয়, এই দুই প্রকার ভেদ এ স্থানে বর্ণন করা হইল না, পরে প্রদর্শিত হইবে অতএব ঐ দুই প্রকার ভেদ গণনার মধ্যে পরিগৃহীত হইল না ৩৮।

কন্যা সর্ব্বদাই মুগ্ধা হয়, তাহার অবস্থান্তর নাই কিন্তু ঐ মুগ্ধার স্বীয়া ও পরোঢ়া এই দুই ভেদ হয়। আর মুগ্ধা, মধ্যা, প্রগল্ভা ইহারা প্রত্যেকে স্বীয়া ও পরোঢ়া ভেদে ষড়বিধ হয়। এবং মধ্যা ও

মুগ্ধা মধ্যাদিভেদেন ষড়্‌ভেদে পরিকীর্ত্তিতে
মধ্যাপ্রৌঢ়ে দ্বিষড়্‌ভেদে প্রোক্তে ধীরাদিভেদতঃ।
কন্যা স্বীয়া পরোঢ়েতি মুগ্ধা চ ত্রিবিধা মতা।
ইতি তাঃ কীর্ত্তিতা পঞ্চদশ ভেদা ইহাখিলাঃ।

লোচনরোচনী টীকা

পঞ্চদশত্বে চ মধ্যাপ্রগল্‌ভয়োর্ভেদান্ বিবিনক্তি মধ্যা প্রৌঢ়ে ইতি। প্রৌঢ়া-প্রগল্‌ভা-ধীরাদি-ভেদতঃ দ্বিষড়্‌ভেদ ইতি ষট্‌সু দ্বিত্বং। স্বীয়াত্বপরকীয়াত্বদ্বিত্বেন জ্ঞেয়ং পুনঃ পঞ্চদশত্বেব মুগ্ধায়া ভেদান্ বিবিনক্তি। কন্যা স্বীয়েতি। কন্যামুগ্ধা স্বীয়ামুগ্ধা পরোঢ়ামুগ্ধেতি ত্রিধা মতেত্যর্থঃ। ৩৯।

আনন্দচন্দ্রিকা টীকা

স্বীয়াপ্রগল্‌ভেতি এবং পরোঢ়ামুগ্ধেত্যাদি এবং কন্যাস্বীয়াপরোঢ়ানাং স্থূলতঃ সপ্তভেদাঃ মধ্যাদিভেদেন তু পঞ্চদশৈবেত্যাহ মধ্যাপ্রৌঢ়ে ইতি মধ্যা প্রথমং স্বীয়া পরোঢ়েতি দ্বিবিধা ততঃ প্রত্যেকং ধীরা অধীরা ধীরাধীরেতি ত্রিবিধা ততো মধ্যা ষড়্‌বিধা প্রৌঢ়া চ ষড়্‌বিধেতি মধ্যাপ্রৌঢ়ে দ্বিষড়্‌ভেদে মুগ্ধা চ ত্রিবিধা কন্যা স্বীয়া পরোঢ়েতি মিলিত্বা পঞ্চদশ ভেদাঃ

প্রগল্‌ভার ধীরাদি তিন ভেদে ছয় প্রকার ভেদ হয়। অপর কন্যা, স্বীয়া ও পরোঢ়া ভেদে মুগ্ধা তিন প্রকার, এই সকলের সম্মিলনে নায়িকার সংখ্যা পঞ্চদশ। তন্মধ্যে কন্যা মুগ্ধা এক, আর স্বীয়া ও পরোঢ়া ভেদে চতুর্দ্দশ অর্থাৎ স্বীয়া সপ্ত ও পরোঢ়াও সপ্ত প্রকার।

বিস্তার যথা—

স্বীয়া মুগ্ধা ১ স্বীয়া ধীরমধ্যা ২ স্বীয়া অধীরমধ্যা ৩ স্বীয়া ধীরাধীর-মধ্যা ৪ স্বীয়া ধীরপ্রগল্‌ভা ৫ স্বীয়া অধীরপ্রগল্‌ভা ৬ স্বীয়া ধীরাধীর-প্রগল্‌ভা ৭। পরোঢ়া মুগ্ধা ১ পরোঢ়া ধীরমধ্যা ২ পরোঢ়া অধীর মধ্যা ৩ পরোঢ়া ধীরাধীর মধ্যা ৪ পরোঢ়া ধীরপ্রগল্‌ভা ৫ পরোঢ়া অধীর প্রগল্‌ভা ৬ পরোঢ়া ধীরাধীর প্রগল্‌ভা ৭। আর কন্যা মুগ্ধা ১। সাকল্যে নায়িকার সংখ্যা পঞ্চদশ ১৫॥

অথাবস্থাষ্টকং সর্ব্বনায়িকানাং নিগদ্যতে।
তত্রাভিসারিকা বাসসজ্জা চোৎকণ্ঠিতা তথা।
খণ্ডিতা বিপ্রলব্ধা চ কলহান্তরিতাপি চ।
প্রোষিতপ্রেয়সী চৈব তথা স্বাধীনভর্তৃকা।

তত্রাভিসারিকা যথা—

যাভিসারয়তে কান্তং স্বয়ং বাভিসরত্যপি।
সা জ্যোৎস্নী তামসী যানযোগ্যবেশাভিসারিকা।
লজ্জয়া স্বাঙ্গলীনেব নিঃশব্দাখিলমণ্ডনা।
কৃতাবগুণ্ঠা স্নিগ্ধৈকসখীযুক্তা প্রিয়ং ব্রজেৎ ৩৯॥

আনন্দচন্দ্রিকা টীকা

জ্যোৎস্নী-তামস্যোঃ শুক্লকৃষ্ণপক্ষবর্ত্তিন্যোর্যানমভিসারস্তদযোগ্যঃ শুক্লকৃষ্ণবর্ণপরিচ্ছদময়ো বেশো যস্যাঃ সা

স্বাঙ্গলীনেব স্বাঙ্গৈরেব স্বাঙ্গাচ্ছাদয়ন্তী বেত্যর্থঃ ৩৯

অপর সকল নায়িকার আট প্রকার অবস্থা হয় যথা—

অভিসারিকা, বাসকসজ্জা, উৎকণ্ঠিতা, খণ্ডিতা, বিপ্রলব্ধা, কলহান্তরিতা, প্রোষিতভর্তৃকা ও স্বাধীনভর্তৃকা ইত্যাদি অষ্ট।

অথ অভিসারিকা

যে নায়িকা কান্তকে অভিসার করায় অথবা স্বয়ং অভিসার করে তাহাকে অভিসারিকা কহা যায়, কিন্তু ঐ অভিসারিকা জ্যোৎস্না ও অন্ধকার গমনযোগ্য বেশ দ্বারা জ্যোৎস্নী ও তামসী ভেদে দুই প্রকার হয় অর্থাৎ শুক্লপক্ষে শুভ্রবর্ণ পরিচ্ছদ ধারণপূর্ব্বক গমনকারিণীকে জ্যোৎস্নাভিসারিকা আর কৃষ্ণপক্ষে কৃষ্ণবর্ণ বসন ভূষণ পরিধান পূর্ব্বক গমনকারিণীকে তমোভিসারিকা বলিয়া নির্দ্দেশ করা যায়। যৎকালীন অভিসারিকার কান্ত-সমীপে গমন হয় তখন লজ্জা বশতঃ স্বীয় অঙ্গ দ্বারা অঙ্গ সঙ্গোপন, ভূষণ সকলের নিঃশব্দ ও অবগুণ্ঠন করিয়া একটী মাত্র সখী সঙ্গে থাকে। ৩৯॥

অত্রাভিসারয়িত্রী যথা—

জানীতে ন হরির্যথা মম মনঃ কন্দর্পকণ্ডূমিমাং
মাং প্রত্যাভিসরত্যয়ং সখি যথা কৃত্বা ত্বয়ি প্রার্থনা।
চাতুর্য্যং ভরসা প্রসারয় তথা সস্নেহমাসাদ্য তং

লোচনরোচনী টীকা

কয়াচিৎ প্রাণসখ্যা অন্বয়ব্যতিরেকাভ্যাং নির্ণীয় যত্নতস্তস্যা মুখাৎ কিঞ্চিন্নিষ্কাসিতে তাদৃগুৎকণ্ঠিতে স্বয়মেব চ দূত্যায় কৃতে প্রারম্ভে তস্যা এব বাক্যং জানীত ইতি মনসঃ কন্দর্পরাগা যা কণ্ডূস্তদ্বৎ তচ্ছান্তিকরস্পৃহাং সেতি যা উৎকণ্ঠা তাং যথা ন জানীত ইত্যত্র মনঃশব্দপ্রয়োগঃ শরীরেঽপগতেঽপি মনস্ত মম দৃঢ এবাস্তীতি ধৈর্য্যমিব ব্যঞ্জয়িতুং কৃতং

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধা বিশাখামাহ জানীত ইতি মম কন্দর্পকণ্ডূয়ায়াং তেন জ্ঞাতায়াং কুলাঙ্গনায়াঃ পরং লজ্জাবত্যা মমাপ্রতিষ্ঠা স্যাৎ তস্য চ মাং প্রত্যুপহাসঃ স্বাবাম্যপ্রকটনং চ ভবিষ্যতি অতো মৎসৌন্দর্য্যসৌশীল্যাদিকমেব তদগ্রে ত্বং বর্ণনীয়মিতি ভাবঃ ত্বন্তু মম্মনঃকন্দর্পকণ্ডূং জানাস্যেব তদপি কিঞ্চিদ্বিবৃণোমি শৃণ্বিত্যাহ যাবদিতি অদ্য কৃষ্ণচতুর্থীতিথিঃ

অথ অভিসারয়িত্রী অর্থাৎ কান্তকে অভিসার কারয়িত্রী ॥

শ্রীরাধা বিশাখাকে কহিলেন, সখি! শীঘ্র শ্রীকৃষ্ণ সমীপে গমন কর, তিনি যেন আমার মনস্থ কন্দর্পকণ্ডূয়ন জানিতে না পারেন, অথচ তোমাকে অত্যন্ত প্রার্থনা করিয়া আমার প্রতি প্রীতিমান্ হওত স্বয়ং অভিসার করেন, এরূপ সস্নেহ চাতুর্য্য বিস্তার পূর্ব্বক যাবৎ প্রাণহর নিশাকর প্রাচীমুখ (পূর্ব্বদিক্) চুম্বন না করেন অর্থাৎ পূর্ব্বদিকে উদিত না হন, তাবৎ প্রাণনাথকে অভিসার করাও

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, শ্রীরাধা কহিলেন, বিশাখে! আমি কুলাঙ্গনা অতিশয় লজ্জাবতী, তুমি যেন কৃষ্ণাগ্রে আমার অনঙ্গকণ্ডূয়ন প্রকটন করিও না, তাহা হইলে আমার অতিশয় অপ্রতিষ্ঠা হইবে এবং তাঁহারও সম্প্রতি উপহাস ও অবাম্য প্রকাশ হইবার সম্ভব অতএব তদগ্রে আমার সৌন্দর্য্য ও শীলতাদি গুণ বর্ণন করিও। অপর তুমি আমার মনস্থ কন্দর্পপীড়া অবগত আছ, তথাপি তোমার অগ্রে

যাবৎ প্রাংহরো ন চন্দ্রহতকঃ প্রাচীমুখং চুম্বতি। ৪০।

অথ জ্যোৎস্নাং স্বয়মভিসারিকা যথা—

ইন্দুস্তুন্দিলমণ্ডলঃ প্রণয়তে বৃন্দাবনে চন্দ্রিকাং
সান্দ্রাং সুন্দরি নন্দনো ব্রজপতেস্তুঙ্গবীথিমুদ্বীক্ষতে।
ত্বং চন্দ্রক্ষিতচন্দনেন খচিতা ক্ষৌমেণ চালঙ্কৃতা

লোচনরোচনী টীকা

পুরতস্তমির্ব্বাহস্ত দুষ্করঃ স্যাদিতি অদ্যাবশ্যং গন্তব্যমিতি ব্যঞ্জয়িতুমাহ যাবদিতি মনঃ কন্দর্পকণ্ডূ নিশামিত্যত্র মনস্তৃষ্ণা ধৃষ্টপ্রেমিতি বা পাঠঃ ৪০

ক্ষৌমেণ সুস্নাৎতশীতস্পর্শসম্ভবেন বস্ত্রেণ তচ্চ প্রায়শুক্লমেব ভবতীতি তদুপাত্তং। ৪১

আনন্দচন্দ্রিকা টীকা।

সম্প্রতি সায়ং ত্বং চলসি প্রহরং যাবৎ মে প্রাণাঃ স্থাস্যন্তি ন ততঃ পরমিতি অবধিকৃতঃ চন্দ্রনামা হতক ইতি শাকপার্থিবাদিঃ কুৎসিতো হতকঃ পরদুঃখদত্বেন ব্যর্থজীবনত্বাজ্জীবন্মৃত ইত্যর্থঃ ৪০

বিশাখা শ্রীরাধামাহ চন্দ্রিকাং প্রণয়তে তেন চন্দ্রিকা প্রণতে প্রশস্তীভবতি প্রণয়তৌ। স্বদর্শনরসাস্বাদনপ্রাণা তথাভূতাপি সা ব্যর্থীয়াভূদিতি হেতোস্তুঙ্গবীথিং উচ্চীভূয় দূরপর্য্যন্তং বীক্ষতে চন্দ্রাঙ্কিতেন কর্পূরবতা ক্ষৌমেণ সুস্নাতশীতস্পর্শসংভবেন বস্ত্রেণ।

কিঞ্চিৎ প্রকাশ করিতেছি মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর। অদ্য কৃষ্ণপক্ষীয় চতুর্থী তিথি, তোমাকে সায়ং কালে প্রেরণ করিলাম যাবৎ বিরহিণীপ্রাণনাশক নিশাকর পূর্ব্বদিকে উদিত না হন্‌ তাবৎ তাঁহাকে অভিসার করাইয়া আনিবা কিন্তু প্রহরাতিরিক্ত হইলে আমাকে আর জীবিত দেখিতে পাইবা না॥ ৪০॥

অথ জ্যোৎস্নায় স্বয়ং অভিসারিকা যথা—

বিশাখা শ্রীরাধাকে কহিলেন, সুন্দরি! অদ্য রাকাপতি উদিত হইয়া বৃন্দারণ্যে নিবিড় চন্দ্রিকা বিস্তার করিতেছেন দেখিয়া ব্রজরাজ নন্দন উচ্চ স্থানে আরোহণ পূর্ব্বক তোমার বর্ত্ম নিরীক্ষণ করিতেছেন অতএব তুমি আপনার অঙ্গে সকর্পূর চন্দন লেপন ও শুভ্রবর্ণ ক্ষৌম-

কিং বর্ত্মন্যরবিন্দচারুচরণদ্বন্দ্বং ন সন্ধিৎসসি ॥

তামস্যাং যথা বিদগ্ধমাধবে ॥

তিমিরমসিভিঃ সম্বীতাঙ্গ্যঃ কদম্ববনান্তরে
সখি বকরিপুং পুণ্যাত্মানঃ সরন্ত্যভিসারিকাঃ।
তব তু পরিতো বিদ্যুদ্বর্ণাস্তনুদ্যুতিসূচয়ো
হরি হরি ঘনধ্বান্তান্যেতাঃ স্ববৈরিণি ভিন্দতে ॥ ৪১ ॥

অথ বাসকসজ্জা।

স্ববাসকবশাৎ কান্তে সমেষ্যতি নিজং বপুঃ।

লোচনরোচনী টীকা

স্ববাসকবশাৎ স্বাবসরবশাৎ ৪২

আনন্দচন্দ্রিকা টীকা।

শুক্লপট্টদুকূলে ক্ষৌমশব্দপ্রসিদ্ধিরিতি কেচিৎ

ললিতা শ্রীরাধামাহ তিমিরেতি তনুদ্যুতয় এব সূচয়ঃ বস্ত্রসূক্ষ্মরন্ধ্রান্নির্গচ্ছন্ত্যঃ ঘনধ্বান্তানি পরমমিত্রাণ্যপি ভিন্দতে বিদারয়ন্তি অতো হেতোঃ স্ববৈরিণি তব বৈরিত্বমেবেতি ব্যাজস্তুত্যা সর্ব্বতোঽপি সৌন্দর্য্যাতিশয় উক্তঃ ৪১ ॥

স্বং বাসয়তীতি স্ববাসকঃ বশঃ কান্তিরিচ্ছেতি যাবৎ। ত্বং কুঞ্জে তাবদ্বস অহং শীঘ্রমেষ্যা-

---

বসন পরিধান পূর্ব্বক তদীয় পথে চরণপদ্ম সন্ধান করিতেছ না কেন? অতএব শীঘ্র প্রস্থান কর

অথ তমোঽভিসারিকা।

ললিতা শ্রীমতীকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, প্রিয়তমে! গোকুলমধ্যে গোপাঙ্গনাগণ কি পুণ্যবতী, ঐ দেখ তাহারা তিমিরময় নীল বসন দ্বারা আত্মাঙ্গ সম্বরণ করত কদম্ববনস্থ বকরিপুর সমীপে অভিসার করিতেছে। হা কষ্ট! তুমি যে আপনার বৈরী আপনি হইলে, তোমার বিদ্যুদ্বর্ণ অঙ্গকান্তি যদিচ নীল বসন দ্বারা আবরণ করিয়াছ তথাপি তাহার রন্ধ্র দিয়া নির্গত হওত তোমার পরম হিতকারিণী তামসী নিশার ভেদ করিতেছে, অতএব তুমি অল্পপুণ্যা ॥ ৪১।

অথ বাসকসজ্জা।

"প্রিয়ে! কিঞ্চিৎকাল কুঞ্জে অবস্থান কর আমি শীঘ্র আসিতেছি"

সজ্জীকরোতি গেহঞ্চ যা সা বাসকসজ্জিকা।
চেষ্টা চাস্যাঃ স্মরক্রীড়াসঙ্কল্পো বর্ত্মবীক্ষণং।
সখীবিনোদবার্ত্তা চ মুহুর্দূতীক্ষণাদয়ঃ।

যথা—

রতিক্রীড়া কুঞ্জং কুসুমশয়নীয়োজ্জ্বলরুচিং
বপুঃ সালঙ্কারং নিজমপি বিলোক্য স্মিতমুখী।
মুহুর্ধ্যায়ং ধ্যায়ং কমপি হরিণা সঙ্গমবিধিং
সমৃদ্ধ্যন্তী রাধা মদনমদমাদ্যম্মতিরভূৎ। ৪২।

আনন্দচন্দ্রিকা টীকা

গীতি নায়কস্যেচ্ছয়ৈব নায়িকাং কুঞ্জে বাসয়তীত্যর্থঃ। ততো হেতোঃ সমেষ্যতি কান্তে য বপুর্গেহঞ্চ সজ্জীকরোতি পুষ্পরোচিতবস্তুবিশিষ্টং করোতি সা বাসকসজ্জেতি তেন বাস কহেতোঃ সজ্জয়তীতি ব্যুৎপত্ত্যৈব বিশেষ্যপদস্থ নায়কস্য তদিচ্ছায়াশ্চ তদাগমনভাবিত্বস চ তৎকালস্য চ দেহগেহয়োঃ কর্মণোশ্চাক্ষেপাদেব লাভশ্চ ব্যক্তিতঃ ॥

শ্রীরাধাং দূরাদ্বিলোকয়ন্তী শ্রীরূপমঞ্জরী স্বসখীমাহ রতিক্রীড়েতি। স্মিতমুখীতি স্বমন স্বকান্তং প্রমোদয়িতুং যোগ্যতাং ধাস্যসীতি স্ববপুঃপ্রত্যাশ্রিত্যাত্মকং স্মিতং ৪২

এই বলিয়া কান্ত গমন করিলে, যে কান্তা কান্তের ইচ্ছা বশতঃ কুঞ্জ ভবনে অবস্থান পূর্ব্বক তদীয় আগমন প্রতীক্ষা এবং আত্মদেহ ও বাস-গৃহ সুসজ্জিত করে তাহাকে বাসকসজ্জিকা কহা যায়।

অপর এই বাসকসজ্জিকা নায়িকার স্মরক্রীড়াসঙ্কল্প, কান্তপথ-নিরীক্ষণ, সখীসহ বিনোদবার্ত্তা এবং মুহুর্মুহুঃ দূতীর প্রতি অবলোকন, ইত্যাদি বিবিধ প্রকার চেষ্টা হইয়া থাকে।

যথা—

দূর হইতে শ্রীরাধাকে অবলোকন করিয়া শ্রীরূপমঞ্জরী আপনার সখীর প্রতি কহিলেন, সুন্দরি! ঐ দেখ শ্রীরাধা রতিক্রীড়া যোগ্য কুঞ্জগৃহ, পুষ্পশয্যার উজ্জ্বল রুচি ও সালঙ্কার আত্মশরীর সন্দর্শন করিয়া হাস্য করিতেছেন এবং মুহুর্মুহুঃ ধ্যানপরায়ণা হইয়া হরির সহিত কোন এক প্রকার সঙ্গমবিধিকে সমৃদ্ধি করিতে ইচ্ছা করত মদনমদে উন্মত্ত-

অথোৎকণ্ঠিতা

অনাগসি প্রিয়তমে চিরয়ত্যুৎসুকা তু যা।
বিরহোৎকণ্ঠিতা ভাববেদিভিঃ সা সমীরিতা।
অস্যাস্তু চেষ্টা হৃত্তাপো বেপথুর্হেতুতর্কণং।
অরতির্বাষ্পমোক্ষশ্চ স্বাবস্থাকথনাদয়ঃ ৪৩।

যথা —

সখি কিমভবদ্বদ্ধো রাধাকটাক্ষগুণৈরয়ং
সমরমথবা কিং প্রারব্ধঃ সুরারিভিরুদ্ধুরৈঃ।

লোচনরোচনী টীকা।

অনাগসীতি। সাগসি তু মান এব ভবতি নতূৎকণ্ঠেতি জ্ঞাপকং বিরহোৎকণ্ঠিতেতি পর্য্যায়ান্তরং ৪৩

আনন্দচন্দ্রিকা টীকা।

অনাগসীতি জ্ঞাত ইতি শেষোঽত্র দেয়ঃ নায়কস্য সাপরাধত্বেঽপি নিরপরাধত্বজ্ঞান এবোৎকণ্ঠা ভবেৎ নিরপরাধত্বেঽপি সাপরাধত্বজ্ঞানে মানবিপ্রলম্ভ ইতি বিবেচনীয়ং ৪৩।
চন্দ্রাবলী পদ্মামাহ সখীতি বহুলাষ্টম্যাং কৃষ্ণাষ্টম্যাং। ন সস্মারেতি মমাধুর্য্যস্য

বুদ্ধি হইয়া রহিয়াছেন, কি আশ্চর্য্য! শ্রীকৃষ্ণের প্রতি উঁহার কি অলৌকিক ভাব! ৪২॥

অথ উৎকণ্ঠিতা

নিরপরাধ প্রিয়তম বহুক্ষণ যাবৎ সমাগত না হইলে, বিরহ বশতঃ নায়িকা অত্যন্ত উৎসুকচিত্তা হন, রসজ্ঞেরা তাহাকেই উৎকণ্ঠিতা কহেন। হৃত্তাপ, গাত্রকম্পন, কারণের প্রতি বিতর্ক, অস্বাস্থ্য, বাষ্পমোচন এবং আপনার অবস্থাদি কথন ইত্যাদি সমস্ত উৎকণ্ঠিতা নায়িকার চেষ্টা॥ ৪৩॥

যথা—

চন্দ্রাবলী পদ্মাকে কহিলেন, সখি! অদ্য ব্রজরাজনন্দন শ্রীরাধার কটাক্ষগুণে অর্থাৎ রজ্জুতে বদ্ধ হইলেন নাকি?, না অসুরগণ সহ

অহহ বহুলাষ্টম্যাং প্রাচীমুখেঽপ্যুদিতে বিধৌ
বিধুমুখি ন যস্যাং সস্মার ব্রজেশ্বরনন্দনঃ। ৪৪
বাসসজ্জাদশাশেষে মানস্য বিরতাবপি।
পারতন্ত্র্যে তথা যূনোরুৎকণ্ঠা স্যাদসঙ্গমাৎ।

অথ খণ্ডিতা

উল্লঙ্ঘ্য সময়ং যস্যাঃ প্রেয়ানন্যোপভোগবান্।

লোচনরোচনী টীকা।

বহুলাষ্টম্যাং কৃষ্ণাষ্টম্যাং ৪৪

মানস্য বিরতাবপীত্যত্রাপি পূর্ব্বোক্তেনানাগমনেন ন বিরোধঃ তদাপ্যনাগমনাৎ। ৪৫।

আনন্দচন্দ্রিকা টীকা।

স্মৃতিবিষয়ীভূতত্বে তস্য অপি স্মর্তুমশক্তেরিতি ভাবঃ যদ্বা মম স্মরণমপি ন করোতি ধিগ্বাং ইতি নির্ব্বেদো ব্যঞ্জিতঃ ৪৪

বাসসজ্জেত্যাদিনা প্রসঙ্গেন উৎকণ্ঠিতাবস্থা সময়ত্রয়মুক্তং। মানস্য বিরতৌ তু সৈবোৎকণ্ঠিতা কলহান্তরিতাশব্দেনোচ্যত ইতি সম্প্রদায়ঃ

সময়ং উল্লঙ্ঘ্য পূর্ব্বসঙ্কেতিতাগমনকালং ব্যতীত্য যস্যাঃ প্রেয়ান্ প্রাতরাগচ্ছেৎ সা খণ্ডিতা। অত্র রাত্রেঃ প্রথমপ্রহরমধ্যে এবাগমিষ্যামীত্যুক্ত্বা কদাচিদর্দ্ধরাত্রমধ্যেঽপ্যাগমনে খণ্ডিতা মা ভূদিতি প্রাতরিতি পদং তথা নায়কস্য সুস্পষ্টং ভোগচিহ্নমদৃষ্টে সা ন ভূদিতি

যুদ্ধারম্ভ হইল? কিছুই যে অনুমান করিতে পারিতেছি না, হা কষ্ট! আজি যে কৃষ্ণাষ্টমী, ঐ দেখ নিশানাথ পূর্ব্বদিকে উদিত হইলেন, প্রাণনাথ এখনও যে আমাকে স্মরণ করিলেন না কারণ কি? ৪৪।

বাসকসজ্জা দশার শেষে, মানের বিরতিতে অর্থাৎ কলহান্তরিতা অবস্থায় এবং নায়ক নায়িকার পরাধীনত্ব প্রযুক্ত সঙ্গমের অভাব হইলে এই তিন সময়ে উৎকণ্ঠা হয়

অথ খণ্ডিতা।

পূর্ব্ব সঙ্কেতিত কাল ব্যত্যয় করিয়া যাহার প্রিয়তম অন্য প্রেয়সীর সহ নিশাযাপন করত তদীয় ভোগ চিহ্ন ধারণ পূর্ব্বক যদি প্রাতঃ-

ভোগলক্ষ্মাঙ্কিতঃ প্রাতরাগচ্ছেৎ সা হি খণ্ডিতা ॥
এষ তু রোষনিশ্বাসতূষ্ণীম্ভাবাদিভাগ্‌ভবেৎ ॥ ৪৫ ।

যথা—

যাবৈর্ধূম্লিতং শিরো ভুজতটীং তাড়ঙ্কমুদ্রাঙ্কিতাং
সংক্রান্তস্তনকুঙ্কুমোজ্জ্বলমুরো মালাং পরিম্লাপিতাং।
ঘূর্ণাকুট্মলিতে দৃশৌ ব্রজপতের্দৃষ্ট্বা প্রগে শ্যামলা
চিত্তে রুদ্রগুণং মুখে তু সুমুখী ভেজে মুনীনাং ব্রতং ॥ ৪৬ ।

লোচনরোচনী টীকা

ব্রজপতেরিত্যত্র মুররিপোরিতি বা পাঠঃ প্রগে প্রাতঃ ৪৬ ।

আনন্দচন্দ্রিকা টীকা

ভোগলক্ষাঙ্কিত ইতি পদং ভোগলক্ষণাগপি স্বপরিহাসার্থকত্বেন কৃত্রিমত্বে জ্ঞাতে খণ্ডিতা ন ভবেদিত্যন্তোং ভোগবানিতি পদং নায়িকয়া স্বকান্তস্যান্যসম্ভোগো যদি সম্ভাব্যতে তদৈব নান্যথেত্যর্থঃ ৪৫
শ্যামাসখী বকুলমালাসখীং পৃচ্ছন্তীং কাঞ্চিদাহ যাবৈরিতি। ধূম্লিতং কৃষ্ণলোহিতীকৃতং। ত ড়ঙ্কং কুণ্ডলং ব্রজপতেরিতি প্রকবং বশাদ্‌ব্রজশব্দোঽয়ং সমূহবাচী। পরঃসহস্রস্ত্রীজনোপভোক্তুরিত্যর্থঃ তস্মিন্নেতৎ সর্বং নাশ্চর্য্যমিতি ভাবঃ রুদ্রগুণং ক্রোধং তেন তৎসূচকং মুখবৈবর্ণ্যং নয়নারুণ্যঞ্চ তস্যাস্তদাবির্ভূতমিতি ভাবঃ। মুনীনাং ব্রতং মৌনং। ইয়ং ধীরাধীরপ্রগল্ভা জ্ঞেয়া। ৪৬ ।

কালে সমাগত হয়েন, তদ্দর্শনে পূর্ব্ব নায়িকা খণ্ডিতা অবস্থা প্রাপ্ত হয়। ক্রোধ, দীর্ঘনিশ্বাস পরিত্যাগ ও তুষ্ণীম্ভাব অবলম্বন ইত্যাদি খণ্ডিতা নায়িকার চেষ্টা। ॥ ৪৫

যথা—

শ্যামার বকুলমালা নাম্নী সখী কোন এক সখী জিজ্ঞাসা করিলে তাহার প্রতি কহিলেন, বয়স্যে ! অদ্য প্রাতে গোপাঙ্গনারতিতস্করের শিরোদেশ অলক্তক রাগদ্বারা নীললোহিত, বাহুমূল কুণ্ডলাঙ্কিত, স্তনসম্বন্ধীয় কুঙ্কুমে বক্ষঃস্থল সমুজ্জ্বল, পুষ্পমালা সংঘৃষ্ট এবং নেত্রদ্বয় বিঘূর্ণিত ও ঈষন্মীলিত অবলোকন করিয়া শ্যামলা চিত্তমধ্যে রুদ্রগুণ (ক্রোধ) ও মুখে সুমুখী হইয়া মুনিব্রত অবলম্বন করিয়াছিলেন। ৪৬॥

অথ বিপ্রলব্ধা

কৃত্বা সঙ্কেতমপ্রাপ্তে দৈবাজ্জীবিতবল্লভে।
ব্যথমানান্তরা প্রোক্তা বিপ্রলব্ধা মনীষিভিঃ
নির্বেদচিন্তাখেদাশ্রুমূর্চ্ছানিশ্বসিতাদিভাক্।

যথা—

বিন্দতি স্ম দিবমিন্দুরিন্দিরা, নায়কেন সখি বঞ্চিতা বয়ং।

লোচনরোচনী টীকা।

বিপ্রলব্ধা কান্তেন কারণান্তরাদ্বঞ্চিতেতি যৌগিকার্থঃ ৪৭

আনন্দচন্দ্রিকা টীকা।

অপ্রাপ্তে ইতি অপ্রাপ্তে নির্দ্ধাবে জাতে সতীতি ব্যাখ্যেয়ং

শ্রীরাধা বিশাখামাহ বিন্দতীতি তেনানধিগময়ো ব্যক্তীব ইতি ভাবঃ ইন্দিরা লক্ষ্মী কেনেতি কাচিল্লক্ষ্মীস্তেনাদ্য প্রাপ্তা ততঃ কিমস্মাভিস্তস্যেতি ভাবঃ সাদরং যথ ভ্রাতুর্থা

অথ বিপ্রলব্ধা॥

সঙ্কেত করিয়া যদি প্রাণনাথ অনাগত হন্ তাহা হইলে যে নায়িকার অন্তর অতিশয় ব্যথিত হয়, পণ্ডিতগণ তাহাকেই বিপ্রলব্ধা কহেন। নির্ব্বেদ (বৈরাগ্য), চিন্তা, খেদ, অশ্রু, মূর্চ্ছা ও দীর্ঘনিশ্বাস ত্যাগ ইত্যাদি সকল বিপ্রলব্ধা নায়িকার চেষ্টা॥

শ্রীরাধা বিশাখাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, সখি। ঐ দেখ আকাশে নিশানাথের উদয় হইল কিন্তু আমরা রমানাথ কর্ত্তৃক বঞ্চিতা হইলাম, এখন কি করি? সাদরে উপদেশ দাও বিলম্ব করিও না। এই কথা বলিতে বলিতে অমনি মৃগেক্ষণা মূর্চ্ছিতা হইয়া পড়িলেন॥

তাৎপর্য্য॥

শ্রীমতী বিশাখাকে কহিলেন, সখি। নিশানাথের উদয় হওয়াতে শ্রীকৃষ্ণের আগমন কাল অতীত হইল, বোধ করি তিনি কোন লক্ষ্মীলাভ করিয়া থাকিবেন, আর বনচরী গোপনারীতে কোন প্রযোজন নাই বলিয়া হয় ত আমাকে উপেক্ষা করিলেন, অতএব প্রিয়তমে!

কুর্ম্মহে কিমিহ শাধি সাদরং,দ্রাগিতি ক্লমমগান্মৃগেক্ষণা ৷ ৪৭

অথ কলহান্তরিতা

যা সখীনাং পুরঃ পাদপতিতং বল্লভং রুষা ।
নিরস্য পশ্চাত্তপতি কলহান্তরিতা হি সা ।
অস্যাঃ প্রলাপ-সন্তাপ গ্লানি-নিশ্বসিতাদয়ঃ ।

যথা—

স্রজঃ ক্ষিপ্তা দূরে স্বয়মুপহৃতাঃ কেশিরিপুণা

লোচনরোচনী টীকা

সখীনাং পুরঃ ইতি নির্জ্জনে তু মানঃ স্থাতুং ন শক্নোতীত্যভিপ্রায়াৎ ৪৮

আনন্দচন্দ্রিকা টীকা

শাধি যত্র শিক্ষণে মম আদরো নোত্তিষ্ঠতি তদ্ব্রূহীতি ভাবঃ । তেনাতঃ পরং প্রাণধারণে মমানাদর এবেতি মরণমেব জ্ঞাপয় নতু জীবন মিতি ভাবঃ ৪৭ ।

কলহান্তরিতা কলহাদ্বহির্ভূতা ত্যক্ত কলহেত্যর্থঃ । অন্তরমবকাশাবধিপরিধানান্তর্দ্ধি ভেদতাদর্থ্যে ছিদ্রাত্মীয়বিনাবহিরবসরমধ্যে হন্তরাত্মনি চেত্যমরঃ । কলহেন অন্তরং ভেদো জাতো যস্যা ইত্যর্থে ইতি চ ত্যক্তকলহেত্যর্থঃ

রাধা স্বগতমাহ স্রজ ইতি পুটে মুখ ইতি খ্যাতে মৃণ্ময়পাত্রে পাকার্থমর্পিতং স্বর্ণরজতাদি

প্রাননাথ কর্ত্তৃক অনাদৃতা হইয়া জীবনধারণের প্রয়োজন কি । শীঘ্র মরণের উপায় বল, এই বলিয়া তৎক্ষণাৎ মৃগাক্ষী মূর্চ্ছিতা হইয়া পড়িলেন ॥ ৪৭ ॥

অথ কলহান্তরিতা ।

যে নায়িকা সখীজনের সমক্ষে পদানত বল্লভকে পরিত্যাগ করিয়া পশ্চাৎ অতিশয় তাপ অনুভব করে, তাহাকে কলহান্তরিতা কহা যায় । প্রলাপ, সন্তাপ, গ্লানি ও দীর্ঘনিশ্বাস-ত্যাগ প্রভৃতি কলহান্তরিত নায়িকার চেষ্টা ॥

যথা—

শ্রীরাধা কহিলেন, অহে সখীগণ ! আমার কি দুরদৃষ্ট দেখ, কেশি-

প্রিয়া বাচস্তস্য শ্রুতিপরিসরান্তেঽপি ন কৃতাঃ।
নমন্নেষ ক্ষৌণীবিলুঠিতশিখং প্রৈক্ষি ন ময়া।
মনস্তেনেদং মে স্ফুটতি পুটপাকার্পিতমিব ৪৮।

অথ প্রোষিতভর্ত্তৃকা

দূরদেশং গতে কান্তে ভবেৎ প্রোষিতভর্ত্তৃকা।

লোচনরোচনী টীকা

প্রোষিতভর্ত্তৃকাদিষ্বপি ভর্ত্তৃশব্দপ্রয়োগো দাম্পত্যাংশেনাস্মিন্ রসে রসশাস্ত্রকর্ত্তৃভি স্বীকৃতত্বাদ্যুক্ত এব অতএব বাসকসজ্জায়াং গেহশব্দঃ প্রযুক্তঃ নহি ভর্ত্তৃশব্দেন জারোঽপি

আনন্দচন্দ্রিকা টীকা।

ব্যক্তিবেক্তার্থঃ ৪৮

দূরদেশং মথুরাং দ্বারকাঞ্চ অত্র প্রোষিতভর্ত্তৃকাস্বাধীনভর্ত্তৃকয়োঃ পরকীয়াত্বং কেচিন্ন মন্যন্তে ভর্ত্তৃশব্দেন জারস্য বাচয়িতুমশক্যত্বাত্তৈরেকত্র তদুজ্জ্বলিতেনাষ্টাবস্থাঃ স্বকীয়ায়া এবাভিপ্রেতা ইতি ব্যাচক্ষতে তদসঙ্গতং পূর্ব্বাং যাঃ পঞ্চদশ যা প্রোক্তাস্তাসাং শতং তথা। বিংশতিশ্চাভিসর ভাবসন্ধ্যাভিঃ কিল ষষ্টিভিঃ ইত্যগ্রে পঞ্চদশশতানামেবাবস্থাষ্টকস্য পরিগণনাৎ পরকীয়াং বিনা পঞ্চদশশতাযোগাৎ নচ পরকীয়ানামপ্যাসাং রাধাচন্দ্রাবল্যাদীনাং কৃষ্ণেন সহ বিবাহস্য ভাবিত্বাৎ ভর্ত্তৃশব্দপ্রয়োগ ইতি বাচ্যং। বিবাহস্য ভাবিত্বে স্পষ্টতয়া কাপ্যার্ষস্য প্রমাণস্যাভাবাৎ নচ পাদ্মে উত্তরখণ্ডে দন্তবক্রবধান্তে কয়াপি দৃষ্ট্যা তথা যস্মিন্ ক্ষাপসার ভো ভবান্ কুরূন্ মথুরাং যাতু সুহৃদিদৃক্ষয়েতি প্রথমস্কন্ধোক্ত্যা চ ব্রজাগতস্য কৃষ্ণস্য পিত্রো

যখন স্বয়ং মালা আনিয়া উপহার দিয়াছিলেন কিন্তু আমি তাহা অবজ্ঞা পূর্ব্বক দূরে নিক্ষেপ করিয়াছি, তাঁহার চাটুবচনে কর্ণপাত করি নাই, তিনি আমার চরণোপান্তে শিখা বিলুঠিত করিয়া নমস্কার করিয়াছিলেন তাহাকেও একবার দৃক্‌পাত করি নাই, অতএব সেই সকল অপরাধে আমার মন পুটপাকার্পিত অর্থাৎ মুষা (মুচী) মধ্যগত ধাতুর ন্যায় স্ফুটিত হইতেছে ॥ ৪৮ ॥

অথ প্রোষিতভর্ত্তৃকা

শ্রীকৃষ্ণ দূরদেশে অর্থাৎ মথুরা বা দ্বারকায় গমন করিলে যে কান্তা তাঁহার আগমনপথ নিরীক্ষণ করেন, তাঁহাকে প্রোষিতভর্ত্তৃকা বলে।

প্রিয়সঙ্কীর্ত্তনং দৈন্যমপ্যাস্তানবজাগরৌ।
মালিন্যমনবস্থানং জাড্যচিন্তাদয়োমতাঃ

যথ —

বিলাসী স্বচ্ছন্দং বসতি মথুরায়াং মধুরিপু-
র্বসন্তঃ সন্তাপং প্রথয়তি সমন্তাদনুপদং

লোচনরোচনী টীকা।

বাচ্যতে চৌরস্বামিনোরেকার্থত্বাসম্ভবাৎ অন্যথা স্বাধীনপতিকাদিশব্দবৎ কচিৎ স্বাধীনজারেত্যপি প্রযুজ্যতে অশ্লীলত্বাজ্জারেহপি তচ্ছব্দো ন প্রযুজ্যতে কিন্তু ভর্ত্রাদি-শব্দ ইতি চেৎ হন্ত হন্ত যস্য শব্দপ্রয়োগেণ প্রাচীনতাপদ্যতে তদর্থপ্রয়োগস্য সুতরামেব বিরসতাপাদকত্বং স্যাৎ নচ বক্তব্যং দাম্পত্যেহপ্যভিসারো ন সম্ভবতি গৃহ এব মিথোনিত্য-প্রাপ্তেঃ বহুপ্রবলসপত্নীসংরূঢ়ত্বে দক্ষিণস্য নায়কস্য বহুলগুর্ব্বাদিজনসঙ্কটত্বেন লজ্জালোঃ

আনন্দচন্দ্রিকা টীকা।

বক্তিলাষপূর্ত্ত্যর্থং বিবাহ আবশ্যক ইতি বাচ্যং পূর্ব্বমক্রূরাগমনকালে শ্রীকৃষ্ণস্য শেষ-কৈশোরে স্থিতস্যাপি পিতৃভ্যাং যথা তস্য পৌগণ্ডানতিক্রম এব দৃষ্ট আসীত্তথৈব দন্তবক্রবধা-নন্তরমপি আগতস্য তস্য তস্মিন্নেব বয়সি দৃষ্টেনাধুনাপি অস্য বিবাহে সময় ইতি তদানীমপি পিত্রোর্বিবাহদানানভিলাষস্যৈব যুক্তিসিদ্ধত্বাৎ। অতএব কৃষ্ণোহপি তং হত্বা যমুনামুত্তীর্য্যেতি-গদ্যান্তে গোপনারীভিরনিশং ক্রীড়য়ামাস মাধব ইত্যাদিষু গোপনারীপদপ্রয়োগ ইতি। তর্হি স্বাধীনভর্ত্তৃকা প্রোষিতভর্ত্তৃকয়োর্ভর্ত্তৃপদপ্রয়োগে কিং বীজমিতি চেৎ উচ্যতে সর্ব্বত্রৈবাল-ঙ্কারশাস্ত্রে প্রাচীনে অর্ব্বাচীনে বা পত্যুপপত্যোরেব ভর্ত্তৃশব্দপ্রয়োগো দৃষ্টএব যথা রসমঞ্জর্য্যাং ইয়ং পরকীয়া স্বাধীনভর্ত্তৃকেতি ইয়ং বেশ্যা স্বাধীনভর্ত্তৃকেত্যাদি বহুতরমেবাস্তি যুক্তিস্তু দেবো-

প্রিয়সঙ্কীর্ত্তন, দৈন্য, কৃশতা, জাগরণ, মালিন্য, অনবস্থান এবং জাড্য প্রভৃতি প্রোষিতভর্ত্তৃকা নায়িকার চেষ্টা॥

যথা—

শ্রীরাধা কহিলেন, ললিতে। এখন কি করি উপায় বল, মধুরিপু ত স্বচ্ছন্দে বিলাসপরতন্ত্র হইয়া মধুপুরীতে অবস্থান করিতে লাগিলেন, আমি যে আর বসন্তের সন্তাপ সহ্য করিতে পারিতেছি না, সে আমাকে সর্ব্বতোভাবে পদে পদে যাতনা দিতেছে। হা কষ্ট। আমি

দুরাশেয়ং বৈরিণ্যহহ মদভীষ্টোদ্যমবিধৌ
বিধত্তে প্রত্যূহং কিমিহ ভবিতা হন্ত শরণং ॥

অথ স্বাধীনভর্তৃকা।

স্বায়ত্তাসন্নদয়িতা ভবেৎ স্বাধীনভর্তৃকা।
সলিলারণ্যবিক্রীড়া-কুসুমাবচয়াদিকৃৎ ৪৯।

লোচনরোচনী টীকা

কস্যাশ্চিদনুরাগিণ্যা একান্তে সমাহ্বানং তাং তাং প্রতি গমনস্তু সম্ভবতীতি নচ বক্তব্যং স্বগৃহাৎ সমাহ্বানং সর্বৈরেব। জ্ঞাস্যতে ইত্যাশঙ্ক্য তৎপ্রক্রিয়েতি। পরগৃহা স্তদাধিকাংশত্বেঃ যং। চাতুর্য্যা তস্য গোপনং স্যাত্তৈবোপপদ্যতে তস্মাদ্ অযুক্তমাজস্য সমৃদ্ধিমদাখ্যসম্ভোগলীলায়াম্ ... সম্ভবত্যেব যৎ ললিতমাধবে চন্দ্রাবলীতঃ ... শ্রীরাধায়াঃ শ্রীকৃষ্ণং প্রতি ... মুহুর্গমনং বর্ণিতং তস্মাত্তত্রৈব চৌর্য্যতা ... তাদৃশলীলেতি নান্যথা মন্তব্যং ৪৯

আনন্দচন্দ্রিকা টীকা

পদেষেষু পুঞ্জিতবোমু দেবেভ্যো নম ইতিবদিতি পূর্বসূত্রৈক্যে তথা লোকে প্রাকৃতোঽপি নায়িকা যোঽসং যে গৃহে বর্ত্ততে স এব সম্ভোগনন্দং ... নাস্ত্যেব ভর্তা স্বয়া স্বাবেষ্যমাণো যে সতা এব ভর্তৃ ... স্বাধীনতাদিকং দুষ্টং প্রতি বদন্তি তথ উপনায়কস্য পরোক্ষং তস্মিন্নার্যাপুত্রাদিপ্রযোগং অপি কুর্বন্তীতি দিক্‌

শ্রীরাধা ললিতামাহ বিস গীতি তত্র বিলাসস্য সদা প্রাপ্তত্বে ... স্যাদিতি ভাবঃ অতোঽভীষ্টঃ মে সঙ্গঃ। প্রত্যূহং বিঘ্নং

স্বায়ত্তঃ স্বাধীনঃ আসন্নঃ নিকটবর্ত্তী দয়িতো যস্যাঃ সা ॥ ৪৯ ॥

মরণার্থ উদ্যম করিলেও এই দুরাশা (শ্রীকৃষ্ণ শীঘ্র আগমন করিবেন) অন্তরায় উদ্ভাবন করিয়া দিতেছে অতএব হে প্রিয়তমে! আর আমি কাহার আশ্রয় গ্রহণ করি উপদেশ দাও।

অথ স্বাধীনভর্তৃকা।

কান্ত যাহার অধীন হইয়া সতত সমীপে অবস্থান করেন তাহাকে স্বাধীনভর্তৃকা বলে। ৪৯।

যথা—

মুদা কুর্ব্বন্ পত্রাঙ্কুরমনুপমং পীনকুচয়োঃ
শ্রুতিদ্বন্দ্বে গন্ধ হৃতমধুপমিন্দীবরযুগং।
সখেলং ধম্মিল্লোপরি চ কমলং কোমলমসৌ
নিরাবাধাং রাধাং রময়তি চিরং কেশিদমনঃ

যথা বা—শ্রীগীতগোবিন্দে,

রচয় কুচয়োঃ পত্রং চিত্রং কুরুষ্ব কপোলযো-
র্ঘটয় জঘনে কাঞ্চীমঞ্চস্রজা কবরীভরং।
কলয় বলয় শ্রেণীং পাণৌ পদে কুরু নূপুরা-
বিতি নিগদিতঃ প্রীতঃ পীতাম্বরোঽপি তথাকরোৎ॥

লোচনরোচনী টীকা

কেশিদমন ইতি পূর্ব্ববৎ ৫০

আনন্দচন্দ্রিকা টীকা

পৌর্ণমাসীং প্রতি বৃন্দাহ। মুদেতি অত্র নায়িকাধীনত্বং ন শক্যোৎপ্রেক্ষিত্যত আহ যথা বেতি ৫০

সখি! অদ্য কেশিদমন শ্রীরাধার প্রেমাধীন হইয়া তদীয় পীন-পয়োধরদ্বয়ে অনুপম পত্রাবলী বিরচন করিতেছেন, শ্রুতিদ্বন্দ্বে "যাহার গন্ধে পুঞ্জ পুঞ্জ মধুপবৃন্দ আহৃত হয়" এমত ইন্দীবরযুগল পরিধাপন করিতেছেন এবং সকৌতুকে ধম্মিল্লোপরি (ঝুঁটির উপরে) কোমল কমল সমর্পণ করত নির্ব্বাধে তাঁহাকে সমাধিক রমণ করিলেন।

যথা বা—শ্রীগীতগোবিন্দে।

শ্রীমতী কহিলেন, কৃষ্ণ! তুমি আমার কুচদ্বন্দ্বে কস্তূরীপত্র বিরচন কর, কপোলদ্বয়ে চন্দন চিত্রিত কর, জঘনে মণিময় মেখলা দাও, পুষ্পমালা দ্বারা কবরী শোভিত কর, করযুগলে বলয়া সকল পরিধান করাও এবং চরণে নূপুর সমর্পণ কর, শ্রীমতী এইপ্রকার আজ্ঞা করিলে প্রীত হইয়া পীতাম্বরও তাহাই করিলেন।

ভাবঃ স্যাদুত্তমাদীনাং যস্যা যাবান্ প্রিয়ে হরৌ ।
তস্যাপি তস্যাং তাবান্ স্যা দিতি সর্ব্বত্র যুজ্যতে ॥

তত্রোত্তমা যথা—

কর্ত্তুং শর্ম্ম ক্ষণিকমপি মে সাধ্যমুজ্ঝত্যশেষং
চিত্তোৎসঙ্গে ন ভজতি ময়া দত্তখেদাপ্যসূয়াং ।

লোচনরোচনী টীকা

পারম্পরিকাপেক্ষয়া সর্ব্বেষপি তেষু সম্ভবতীতি ব্যবহারমাত্রাত্মকত্বাদিতি জ্ঞেয়ং ৫১

আনন্দচন্দ্রিকা টীকা

স্তু প্রেম্না ইষমুত্তমৈব জাতিমতী ইষং মধ্যৈব জাতিমতীত্যেবং বিবক্ষ্যতে নতু ইষন্মিতঃ সকাশাৎ উত্তমেতি মধ্যমায়াং তথা বিবক্ষাহুপক্তেঃ নহীষন্মিতঃ সকাশান্মধ্যমেতি কেন চিৎ প্রযুজ্যতে নহ্মিমাভ্যামাপেক্ষিকোত্তমা কনিষ্ঠাভ্যাং সকাশাৎ মধ্যমেতি শক্যতে এব বক্তুং নৈবং তদপি মধ্যমায়া উত্তমাতঃ কনিষ্ঠত্বং কনিষ্ঠায়া উত্তমত্বমপ্যেব বক্তব্যং তথা সতি মধ্যমায়া বৈয়র্থ্যমেবাতোহত্র মধ্যমাপেক্ষয়োঃ পাপেক্ষিকত্ববিবক্ষা নিরস্তেত্যেতাঃ যুথ্যস্থ এব নায়িকাভেদগণনা ইতি সর্ব্বমবদাতং

যাবানিতি ভাবস্ত প্রমাণযুক্তং জাতিমপি ক্রোড়ী কুর্য্যাদেব যে যথা মাং প্রপদ্যন্তে তাংস্তথৈব ভজাম্যহমিতি শ্রীমুখবাক্যপ্রসিদ্ধেঃ

শ্রীকৃষ্ণঃ সুবলং প্রত্যাহ কর্ত্তুমিতি মে মম এক ক্ষণপর্য্যন্তমপি সুখং আত্মনোহশেষং ব্যাবহারিকং দ ভপ্রতিষ্ঠাদৈহিক সুখশয়নভোজনাদি প্রাণধারণপর্য্যন্তং পারমার্থিকং দেবব্রাহ্মণসেবাদিকং সাধ্যং ত্যজতীত্যয়ং রাগঃ যদুক্তং স্নেহঃ স রাগো যত্র স্যাৎ সুখং দুঃখমপি স্ফুটং তৎসম্বন্ধলবেপ্যত্র প্রীতিঃ প্রাণব্যয়ৈরপি ইতি ময়া দত্তখেদা প্রীতিঃ প্রেমা যদুক্তং

উত্তমাদি নায়িকাগণের মধ্যে শ্রীকৃষ্ণের প্রতি যাঁহার যেমন ভাব শ্রীকৃষ্ণেরও তাঁহার প্রতি তদ্রূপ প্রীতি ॥

উত্তমা যথা—

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, সখে! আমার প্রতি শ্রীরাধার কি আশ্চর্য্য প্রীতি, ক্ষণকালের নিমিত্ত যদি আমায় সুখবিধান করিতে আপনার অখিল ব্যবহার্য্য কার্য্য বিসর্জন দিতে হয়, তাহাও করিয়া থাকেন, আমি তাঁহাকে খেদান্বিতা করিলে তাঁহার মনোমধ্যে অসূয়ার

শ্রুত্বা চ হৃদ্বিদলতি মৃষাপ্যার্ত্তিবার্ত্তালবং মে
রাধা মূর্দ্ধিন্যখিলসুদৃশং রাজতে সদ্গুণেন ৫১।

মধ্যমা যথা—

দুর্ম্মানমেব মনসা বহুমানয়ন্তী
"কিং জ্ঞাত কৃষ্ণ হৃদয়ার্ত্তিরপি প্রয়াসি

লোচনরোচনী টীকা।

হে রঙ্গে রঙ্গানাম্নি ৫২

আনন্দচন্দ্রিকা টীকা

সর্ব্বথা ধ্বংসরহিতং সত্যপি ধ্বংসকারণে যদ্ভাববন্ধনং যূনোঃ স প্রেমেতি নিগদ্যতে অন্তর্বিদলতি বিদীর্য্যতীতি কাষ্ঠাভাবঃ যদুক্তং তমেব ধিক্কৃত্য তৎ সৌখ্যং হৃদ্যার্ত্তিবার্ত্তয়া খিন্নত্বমিতি ক্রমেণাত্র পদ্যে রাগ প্রেম মহাভাবানামশেষমিতি মনোতি মৃষেতি পদৈর্জ্জাত্যাধিক্যং অপি জ্ঞেয়ং প্রমাণাধিক্যঞ্চ বিবেচনীয়ং ৫১।

রঙ্গানাম্ন্যা যূথেশ্বর্য্যাঃ সখী কঞ্চিত্তামাহ হে রঙ্গে তরঙ্গিত রোষান্তরঙ্গায়মাণানি অখিলানি অঙ্গানি যস্যাঃ হে তথাভূতে ইতি শ্রীকৃষ্ণস্য কষ্টাংশজ্ঞানেঽপি অন্যাশ্চিত্তপ্রবাহাৎ এব প্রেম্নো মধ্যমত্বং ব্যনক্তি ইতি ভাবঃ বস্তুতস্ত্বস্যাশ্চিত্তে এবং বিচারঃ। অহন্তু অন্য কষ্টশ্রবণকাল এব মানং সংপূর্ণমত্যাক্ষং এব। কিন্তু বিশ্রম্ভানন্দরসেব স্বপ্রসাদং ব্যক্তী করি-

উদ্গম হয় না, আর যদি কেহ তাঁহার অগ্রে মিথ্যা করিয়া আমার কিঞ্চিন্মাত্র পীড়ার কথা বলে তাহাতেও তাঁহার হৃদয় বিদীর্ণ হইতে থাকে; অতএব হে বন্ধো! এই সকল গুণেই শ্রীরাধা মৃগাক্ষীসকলের শিরোপরি অত্যর্থ বিরাজ করিতেছেন ॥ ৫১ ॥

মধ্যমা যথা—

রঙ্গা নাম্নী কোন যূথেশ্বরীর প্রতি তদীয়া সখী কহিলেন, রঙ্গে! ক্রোধ বশতঃ তোমার অঙ্গ সকল তরঙ্গের ন্যায় কম্পমান দেখিতেছি, বোধ হয় দুষ্ট মানকেই বহুতর সম্মান করিতেছ। প্রিয়তমের হৃদয় ব্যথা অবগত হইয়াও চলিয়া যাইতেছ। কি আশ্চর্য্য ইহাই কি বরাঙ্গনার অনুরাগ চিহ্ন! কদাপি এ প্রকার ব্যবহার উচিত নয়।

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে শ্রীকৃষ্ণের পীড়াবার্ত্তা শ্রবণে

রঙ্গে তরঙ্গদখিলাঙ্গি বরাঙ্গনানাং
নাসৌ প্রিয়ে সখি ভবত্যনুরাগমুদ্রা ॥ ৫২

কনিষ্ঠা যথা—

দনুজভিদভিসারপ্রস্তুতৌ বৃষ্টিমুগ্রাং
জনগমনবিরামাদন্যদা স্তৌষি তুষ্টা।

লোচনরোচনী টীকা

উচ্চৈকবিতাত্রান্থদেতি পাঠান্তরং অথ ওমাদি ত্রয়স্তোদাহরণত্রয়মিদং বিপ্রেতি পদ্যান্তে তত্রোত্তমোদাহরণে যথা নমু কর্ত্তৃ-শর্ম্মেত্যন্তেষ্বং রতিমাত্রেঽপি সম্ভবতি যথোক্তং পূর্ব্বগ্রন্থে রতি লক্ষণং ক্ষোভহেতাবপি প্রাপ্তে শান্তিবক্ষুভিতাত্মতা যথা প্রথমে।

আনন্দচন্দ্রিকা টীকা

ঘ্যামি তাবদয়ং মদ্বিচ্ছেদদুঃখমনুভবতু যৎ পুনর্নৈবং করোতীত্যতোঽস্যা ন সমর্থায়াং বত্তৌ ব্যভিচারঃ শঙ্কনীয়ঃ কিন্তু স্নেহস্য জাতিপ্রমাণাভ্যামত্যাধিক্যে সতি এব বিচার এব মনসি নোদ্ভবতীত্যতোঽস্যা ন মধ্যমত্বমেব ৫২

কাঞ্চিদভিসর্ত্তুমিচ্ছন্তীং ত্বরয়ন্তী বৃন্দা প্রাহ দনুজেতি বৃষ্টিতে মেঘভিন্ন ইত্যাদিভিঃ স্তুত্বা রাগ ব্যভিচারব্যঞ্জক উপালম্ভো ব্যাজবিষ তার্থ ইতি জ্ঞেয়ং বস্তুতস্তস্যা মনস্যেবং বিচারঃ প্রত্যাসন্নোঽয়ং বর্ষুকে মেঘভিন্নঃ ক্ষণমাত্রমেব স্থাস্যতি অতোঽনেন দিব্যবস্ত্র-ভূষাদ্যার্দ্রীকরণেন মৎ কান্তসঙ্গে ম প্রাতিকূল্যেনালং ইতি অত্রায়ং বিবেকঃ প্রেমস্নেহ-

---

চিত্তের অদ্রবত্ব হেতু ইহাঁকে মধ্যা বলা যায়। উল্লিখিত নায়িকার মনে এ প্রকার বিচার উপস্থিত হইল যে আমি ত শ্রীকৃষ্ণের পীড়া শ্রবণ-মাত্রই সম্পূর্ণ ভাবে মান বিসর্জন করিয়াছি কিন্তু দুই তিন ক্ষণ পরে প্রসন্নতা প্রকাশ করিব, এতাবৎকাল উনি আমার বিচ্ছেদ দুঃখ অনুভব করুন, আর যেন এ প্রকার অন্যায় না করেন। ৫২

অথ কনিষ্ঠা ॥

কোন গোপাঙ্গনা শ্রীকৃষ্ণ-সমীপে অভিসার করিতে ইচ্ছা করিলে শীঘ্র গমনার্থ বৃন্দা কহিলেন, সখি! দনুজদমনকারির প্রতি অভি-সারার্থ উদ্যতা হইয়া "পাছে কোন ব্যক্তি পথে বহির্গত হয়" এই আশঙ্কা করিয়া অতিশয় বৃষ্টি কামনা করিতে, এখন তোমার এ

পূর্ব্বং যাঃ পঞ্চদশধা প্রোক্তাস্তাসাং শতং তথা
বিংশতিশ্চাভিরত্র স্যাদবস্থাভিঃ কিলাষ্টভিঃ।
পুনশ্চ ত্রিবিধৈরেভিঃ প্রভেদৈরুত্তমাদিভিঃ।
ত্রিশতীস্পষ্টমুক্তাত্র ষষ্ট্যা যুক্তা মনীষিভিঃ ৫৪।

লোচনরোচনী টীকা

নায়িকাবোধার্থমেব তদুদাহরণং বিশেষজিজ্ঞাসানাং স্থায়িপ্রকরণ এব তত্তত্তারতম্যং সুষ্ঠু ব্যক্তী কর্তব্যমিতি তত্রোত্তমায়া উদাহরণং প্রেমৈকাংশময়ত্বাদ্ধ্যা কৃতং মধ্যাযোদাহরণং সখ্যু-পালম্ভাংশমবলম্ব্য কনিষ্ঠোদাহরণং তস্যাম্যাভিজ্ঞতাংশমবলম্ব্যেতি জ্ঞেয়ং ৫৩

পূর্ব্বং যাঃ পঞ্চদশধেত্যাদিকং ন বিস্তরভিয়া বিব্রিয়তে ৫৪

আনন্দচন্দ্রিকা টীকা।

দৃষ্টং কদাপি মধ্যমা কনিষ্ঠয়োরপি লক্ষণং দৃশ্যতে সা উত্তমৈব মন্তব্যা যাজনি সেনানীরাদিবং যস্যামুত্তমালক্ষণং কদাপি ন দৃষ্টং অথচ মধ্যমা কনিষ্ঠয়োর্লক্ষণং দৃশ্যতে সা মধ্যমৈব এবং উত্তমা মধ্যমা লক্ষণাভাবে কনিষ্ঠৈব এবঞ্চ পুন্নাগপাদপে সা কল্যাণী কুলমুনিভিঃ শীলিতা ধর্ম্মশৈলী ব্রাগল্ভ্যাভিঃ কথমবিনাশং কুসুমগুচ্ছবল্লীযেতি শ্রীবৃন্দাবনেশ্বর্য্যাযা অন্যাস্বপ্যুত্তমা-নায়িকাত্বং ন কনিষ্ঠাত্বং লক্ষয়তীত্যবধেয়ং ৫৩

পূর্ব্বং যা ইতি নবম্ভ ধীরাধীরা ধীরাধীরাত্বং কথং ভিসারাদ্যবস্থা সম্ভবং। কেবলমেকং খণ্ডিতাত্বমেব তাসাং সম্ভবতি খণ্ডিতায়া এব মানসংভবাৎ ন ... ধীরধাদীনং লক্ষিতত্বাৎ উচ্যতে ধীরত্বাদিকং নায়িকানাং নৈসর্গিকং সার্ব্বকালিক এব স্বভাবো-মান কালে তৎকার্য্যং সোৎপ্রাসবক্রোক্ত্যাদিকং স্ফুরতীতি তত্র ধীরাদীনাং লক্ষণং কৃতং অতো বসন্তর্যাদৌ ধীরাভিসারিকা মধ্যাভিসারিকা প্রগল্ভাভিসারিকেত্যাদ্যুদাহৃতম্। ধীরাভিসারিকেত্যাদ্যপি জ্ঞেয়ং যথা ধৃত্বা ছদ্মক্ষ্মাদিভিঃ ধীরাভিসারিকা অধৃষ্টা অভি-সারং স্পষ্টয়ন্তী অধীরাধৃষ্টধৃতিভ্রংশা ধীরাধীরেত্যেবং সর্ব্বত্রৈব বিবে-চনীয়ং। ৫৪

অপর পূর্ব্বে যে নায়িকার সংখ্যা পঞ্চদশ বর্ণন করিয়াছি, তাহারা আবার প্রত্যেকে অভিসারাদি অষ্ট ভেদে একশতবিংশতি সংখ্যা হয় পুনরায় ঐ সকলের উত্তমা মধ্যমা কনিষ্ঠা ভেদে নায়িকার সংখ্যা তিন শত ষাইট হয় ॥ ৫৪ ॥

কিঞ্চ

যথা স্যুর্নায়কাবস্থা নিখিলা এব মাধবে।
তথৈবৈতা নায়িকাবস্থা রাধায়াং প্রায়শো মতাঃ ।

* ইতি নায়িকাভেদবিবৃতিঃ *

লোচনরোচনী টীকা

প্রায়শ ইতি সরসতানুসারেণৈব নচান্যথেত্যর্থঃ

* ইতি নায়িকাভেদবিবৃতিঃ *

আনন্দচন্দ্রিকা টীকা

প্রায়শ ইতি যথা অনুকূল শঠাদ্যা অবস্থা সর্ব্বা এব সর্ব্বদৈব মাধবে সম্ভবন্তি তথা ধীরপ্রগল্ভাদয়ো রাধায়াং সর্ব্বদা সর্ব্বথা ন কিন্তু কিঞ্চিদেব কেনাপ্যংশেনৈবেত্যর্থঃ

* ইতি নায়িকাভেদবিবৃতিঃ *

আরও ।

যেমন শ্রীকৃষ্ণে নিখিল নায়কের অবস্থা বিদ্যমান, তদ্রূপ শ্রীরাধাতেও মধ্যা কনিষ্ঠা অবস্থা ব্যতীত সকল নায়িকার অবস্থাই অবস্থিত ॥

* । ইতি উজ্জ্বলনীলমণৌ শ্রীরামনারায়ণ বিদ্যারত্নকৃত ব্যাখ্যায়াং নায়িকাভেদবিবৃতিঃ *

অথ যূথেশ্বরীভেদঃ ।

এতাসাং যূথমুখ্যানাং বিশেষো বর্ণিতোঽপ্যসৌ
সুহৃদাদৌ ব্যবহৃতিব্যক্তয়ে বর্ণ্যতে পুনঃ ॥ ১ ॥
সৌভাগ্যাদেরিহাধিক্যাদধিকা সাম্যতঃ সমা
লঘুত্বাল্লঘুরিত্যুক্তা স্ত্রিধা গোকুলসুভ্রুবঃ ॥ ২ ॥
প্রত্যেকং প্রখরা মধ্যা মৃদ্বীচেতি পুনস্ত্রিধা ।
প্রগল্ভবাক্যা প্রখরা খ্যাতা দুর্লঙ্ঘ্যভাষিতা ।

লোচনরোচনী টীকা ।

সৌভাগ্যং নায়কপ্রেম লব্ধ দশত্বং অভিগ্রহণাৎ গুণরূপাদি তদাধিক্যং ॥ ১ ॥ ২ ॥
ব কাস্য দুর্লঙ্ঘ্যত্বং চেষ্টাদীনামুৎকর্ষং [illegible] যথা ॥
সেতি কেবলপ্রগল্ভবাক্যত্বে [illegible] বয়োগম্ভীর্যাদি [illegible] তদনন্তে
ইত্যত্রোনত্বং [illegible] উচ্যতে [illegible] গুণা-

আনন্দচন্দ্রিকা টীকা ।

সুহৃদাদৌ সুহৃত্তটস্থ বিপক্ষ স্বপক্ষেষু ॥ ১ ॥
সৌভাগ্যং নায়কপ্রেম [illegible] আধিক্যং রূপ গুণাদি ॥ ২ ॥

অথ যূথেশ্বরীভেদ

উল্লিখিত প্রধান প্রধান যূথেশ্বরীর বিশেষ বর্ণন হইলেও পুনর্ব্বার তাঁহাদের সুহৃদাদি ব্যবহার অর্থাৎ তটস্থ বিপক্ষ ও স্বপক্ষ ভেদ স্পষ্ট-রূপে বর্ণিত হইতেছে । ১ ।

উক্ত যূথেশ্বরী সকলের সৌভাগ্যাদির অর্থাৎ নায়কের প্রেম ও রূপ গুণাদির আধিক্য সাম্য এবং লঘুতা বশতঃ অধিকা, সমা ও লঘ্বী এই তিন প্রকার ভেদ হয় ২ ।

পুনর্ব্বার প্রত্যেকের প্রখরা, মধ্যা ও মৃদ্বী এই ত্রিবিধ ভেদ হয় । তন্মধ্যে যিনি প্রগল্ভ বাক্য অর্থাৎ সদম্ভ বাক্য প্রয়োগ করে এবং যাহার বাক্য কেহ খণ্ডন করিতে পারে না তাহাকে প্রখরা কহে ।

তদূনত্বে ভবেন্মৃদ্বী মধ্যা তৎসাম্যমাগতা
তত্র ধিকাত্রিকং
আত্যন্তিকী তথৈবাপেক্ষিকী চেত্যধিকা দ্বিধা ॥ ৩ ॥

লোচনরোচনী টীকা

ন্যূনত্বে তেন প্রাখর্য্যেণৈব নিকৃষ্টত্বে মৃদ্বী ভবেদিত্যর্থঃ　মধ্যেতি সাম্যমৈক্যত্বং　রূপাভ্যাং লোপঃ সম নপদ ইত্যত্র সমানত্ববৎ　ততশ্চ তৎসাম্যং তয়োঃ প্রাখর্য্যমার্দ্দবয়োঃ সাম্যং সময়োঃ শীতোষ্ণয়োরিব মিলিতয়োঃ পরস্পরোপমর্দ্দেন পরস্পরনাশঃ সম্পন্নঃ। দ্বয়োরেকত্ব প্রাপ্তত্বান্মৃদু প্রাখর্য্যামিত্যর্থঃ তদাগতা প্রাপ্তা মধ্যা ভবেৎ মধ্যাবস্থত্বাৎ মধ্যাভণ্যত ইত্যর্থঃ

আত্যন্তিকাধিকেতি　অত্যন্তিকশ্চাসৌ অধিকশ্চেতি কর্ম্মধারয়ে কৃতে পশ্চাৎ স্ত্রীত্বে বিবক্ষিতে চ টাপ্‌প্রত্যয়াৎ কোপধত্বেঽপি পূর্ব্বপদস্য পুংস্ত্বং সিদ্ধ্যতি। এবমুত্তরেষ্বপি ৩ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

স্বল্পব্যাগন্ধাভিঃ খণ্ডয়িতুমশক্যং ভাবিতং যস্যাঃ সা　অত্র বাক্যপদোপাদানাৎ তস্যা-খ্যাং চ ভাবিতশব্দপ্রয়োগাং　অস্য লক্ষণে আকৃতিচেষ্টাদেঃ প্রাগল্ভ্যং নোপলক্ষণীয়ং অতঃ পূর্ব্বলক্ষিতাভ্যঃ প্রগল্ভা মধ্যা মুগ্ধাভ্যঃ এতাঃ প্রায়েণ ভিদ্যন্তে　তদূনত্বে প্রাখর্য্যস্য অল্পত্বে মৃদ্বী নতু তস্যা তান এবেতি ব্যাখ্যায়ং উনশব্দস্য তদর্থত্বেঽনভিধানাৎ প্রাখর্য্যং মার্দ্দবং চাপি যদাপ্যপেক্ষিকং ভবেদিত্যগ্রেতনবাক্যাৎ মৃদ্ব্যাঃ কিঞ্চিৎ প্রাখর্য্যস্য প্রাপ্তেশ্চ তৎ সাম্যং প্রাখর্য্যস্য তুল্যত্বং ঈষদল্পত্বং আগতা প্রাপ্তা মধ্যা স্যাৎ　চন্দ্রসমং মুখমিত্যুক্তে চন্দ্রাদীষ-দল্পং মুখমিতি প্রতীতেঃ ঈষদসমাপ্তৌ কল্পদেশ্যদেশীয়া ইতি সূত্রে তথা ব্যাখ্যানাৎ

ত্রিকমিতি সংখ্যায়াঃ সংজ্ঞা সঙ্ঘেত্যাদিনা সঙ্ঘে কন্‌

আত্যন্তিকীতি অত্র অধিকেতি পদস্য ধর্ম্মিবাচকত্বাৎ আত্যন্তিকাপেক্ষিকীত্যেতয়ো স্তদ্বিশেষণত্বে আধিক্যস্য আত্যন্তিকত্বং আপেক্ষিকত্বং ন লভ্যেত ইত্যতস্তয়োঃ স্যাৎ নৈবং ইয়মধিকা অত্যন্তং অন্তমীমাতিক্রমং তথা অপেক্ষাং গচ্ছন্তীত্যুক্তে কেনাপ্যংশেনা-ত্যপেক্ষায়াং প্রত্যাসত্তি ন্যায়েন আধিক্যেনেতি লব্ধে সতি ন কিঞ্চিদসামঞ্জস্যং　গচ্ছতৌ শব্দার্দিত্যা ইতি ঠক্‌ ৩

ইহার ন্যূন হইলে মৃদ্বী ও সমতা হইলে মধ্যা বলিয়া অভিহিত হয়
তিন প্রকার অধিকা যথা—

অধিকা পুনর্ব্বার দুই প্রকার আত্যন্তিকী-অধিকা ও আপেক্ষিকী-অধিকা। ৩ ॥

তত্রাত্যন্তিকাধিকা

সর্ব্বথৈবাসমোর্দ্ধা যা সা স্যাদাত্যন্তিকাধিকা ৪

সা রাধা সাতু মধ্যৈব যদন্যা সদৃশী ব্রজে ৫

যথা—

তাবদ্ভদ্রা বদতি চটুলং ফুল্লতামেতি পালী

শালীনত্বং ত্যজতি বিমলা শ্যামলাহঙ্করোতি।

লোচনরোচনী টীকা

সা রাধেত্যত্র সাতু মধ্যৈবেত্যত্র চ হেতুর্যদিতি তত্র পূর্ব্বত্র পুরাণাদিকণ্ঠপ্রমাণিতমেব উত্তরত্র চ তদেব প্রমাণং যথাত্বৈত্বেব রসাতিশয়াধায়কত্বাত্তস্যা স্তত্রোক্তমসাধারণং স্যাৎ সুসম্পাদ্যত ইতি ৫

তত্রোভয়ত্রাপ্যুদাহরণং তাবদ্ভদ্রেতি। অত্র রাধেতি নাম্নঃ প্রভাবোদর্শিতঃ সাক্ষা

আনন্দচন্দ্রিকা টীকা

সাতু মধ্যৈবেতি যূথাধিপভেদে প্রখরাদিভেদে চ সা মধ্যৈব ইত্যর্থঃ রাধৈবাত্যন্তাধিকেত্যত্র হেতু র্যস্মাৎ ব্রজে সা অন্যা সদৃশী অন্যস্যাঃ সদৃশী ন ভবতি কিন্তু স্বসদৃশ্যেবেত্যর্থঃ। যদ্বা অস্যাঃ সদৃশী ঈষদল্পাপি নান্যা কাপি ইতি সর্ব্বা এবাত্যন্তন্যূনা ইত্যর্থঃ ৪ ৫

কদাচিৎ সমাজমিলিতাসু গোপীষু আরভ্যমাণ পারস্পরিকসম্বাদাসু ব্যাজস্তুত্যাদিভিঃ প্রতি স্বযূথসৌভাগ্যং অভিব্যঞ্জয়ন্তীষু তো ব্রজদেব্যঃ পরমার্থস্তু স্পষ্টং শৃণুতেতি শ্যামলা প্রাহ।

আত্যন্তিকাধিকা যথা—

যাহার সর্ব্বতোভাবে সম অথবা অধিক কেহ নাই তাহাকে আত্যন্তিকাধিকা কহে। ৪

শ্রীরাধাই আত্যন্তিকাধিকা, শ্রীরাধাই মধ্যা যে হেতু ব্রজমধ্যে তাঁহার সদৃশী অন্য কোন গোপাঙ্গনা প্রধানা নাই অতএব শ্রীরাধাই সর্ব্ব প্রধানা ৫

যথা—

কদাচিৎ ব্রজমধ্যে গোপীসমাজ উপস্থিত হওয়াতে যূথেশ্বরীগণ তথায় আগমন করিয়াছিলেন। তাঁহাদের পরস্পর সম্বাদে ব্যাজস্তুতি দ্বারা স্বস্ব যূথের গৌরব প্রকাশ করিতে আরম্ভ করিলে, তন্মধ্যে শ্যামলা

স্বৈরং চন্দ্রাবলিরপি চলত্যুন্নমযোত্তমাঙ্গং
যাবৎ কর্ণে নহি নিবিশতে হন্ত রাধেতি মন্ত্রঃ ॥ ৬

অথাপেক্ষিকাধিকা।

মধ্যে যূথাধিনাথানামপেক্ষ্যৈকতমামিহ।
যা স্যাদন্যতমা শ্রেষ্ঠা সা প্রোক্তাপেক্ষিকাধিকা ৭

লোচনরোচনী টীকা

সোক্তাস্তু নদর্শিতমিতি মধ্যত্বঞ্চ শালীনত্বমধৃষ্টত্বং ৬
আপেক্ষিকাধিকাদিষু যস্যা বাক্যং সৈব জ্ঞেয়া ৭

আনন্দচন্দ্রিকা টীকা

তাবদিতি। শালীনত্বমধৃষ্টত্বং ত্যজতি কিন্তু ধার্ষ্ট্যং প্রাগল্ভ্যমেব করোতীত্যর্থঃ উত্তমাঙ্গং শিরঃ অত্র শ্যামলাহংকরোতীতি স্বনামোল্লেখতঃ স্বস্যাপ্যপকর্ষকথনেন তাসু সর্বাসু স্বস্যা সত্যবাদিত্বং ব্যঞ্জিতং তত্রাপ্যহং করোতীতি মম রাধে সুহৃত্ত্বেঽপি পৃথক্ যূথেশ্বরীত্বা-দত্যাভাবেচ্ছকর্ষ দশ্রূতোঽহংকারঃ স্বাতুমুচিত এব সচাপি ন তিষ্ঠতীতি প্রত্যায়িতম্। রাধেতি মন্ত্র ইতি রাধেতি শব্দস্য শ্রবণস্য এবাস্য জনপরাভাবকত্ব লিঙ্গদর্শনেন মন্ত্রে মন্ত্রত্বং স্তৌত্যুৎপ্রেক্ষা অথবা নাম ন ভবতীদং কিন্তু মন্ত্র এবেত্যপহ্নুতিঃ। এতৎ পদ্যস্য সখীজনবক্তৃকত্বে বৃন্দাদি বক্তৃকত্বে বা শ্যামলাহংকরোতীত্যনুপপত্তেঃ শ্যামলাবক্তৃকত্বমেব সুষমং ৬ ৭

কহিলেন, অহে ব্রজদেবীগণ! আমি বস্তুতঃ সত্য বলিতেছি, মিথ্যা জ্ঞান করিও না যাবৎ পর্য্যন্ত রাধা এই দুইটী অক্ষর কর্ণবিবরে প্রবিষ্ট না হয়, তাবৎ ভদ্রার চপল বাক্য প্রয়োগ, পালীর প্রফুল্লতা এবং বিমলার অধৃষ্টত্ব দেখিতে পাই, আর আমি যে শ্যামলা আমারও কি না অহঙ্কার উপস্থিত হয়, অধিক কি বলিব চন্দ্রাবলীও তাবৎ শির উন্নত করিয়া স্বচ্ছন্দে গমন করিয়া থাকেন, হা কষ্ট! রাধা নাম উপস্থিত হইলেই যে সকলকে বদন অবনত করিতে দেখি ?। ৬।

অথ আপেক্ষিকাধিকা।

যূথেশ্বরীগণ মধ্যে এককে অপেক্ষা করিয়া অন্যতমা শ্রেষ্ঠা হইলে তাহাকেই আপেক্ষিকাধিকা কহে। ৭।

তত্রাধিকপ্রখরা যথা—

পশ্য ক্ষৌণিধরাদ্গুহাত এতি পুরতঃ কৃষ্ণো ভুজঙ্গাগ্রণীঃ
তূর্ণং ভীরুভিরালিভিঃ সমমিতস্ত্বং যাহি মন্ত্রে জড়া বাতে।
আচার্য্যাহমটামি ভোগিরমণীবৃন্দস্য বৃন্দাটবীং
কিং নঃ কামিনি কার্ম্মণেন বশতাং নীতঃ করিষ্যত্যসৌ ॥ ৮ ॥

লোচনরোচনী টীকা

কার্ম্মণেন তৎপ্রভাবকমূলকর্ম্মণা। মূলযোষধং তেন ॥ ৮

আনন্দচন্দ্রিকা টীকা

অত্র প্রকরণে যূথেশ্বরীণামেব পরস্পরোক্তিঃ তাসাঞ্চ সামান্যেনাং কাচিৎ কাঞ্চিদাহোক্ত সর্ব্বভাবতাবিকা জ্ঞেয়া। পশ্যেতি। ভুজঙ্গঃ সর্পঃ কামুকশ্চ অমিতো যাহি অন্যথা মামসৌ-দক্ষ্যতি হে মন্ত্রোজড়িতে ত্বং মন্ত্রং মন্ত্রং চ ন জানাসীত্যর্থঃ ভোগী সর্পঃ কৃষ্ণশ্চ আচার্য্য। সর্পমোহনশাস্ত্রাভিজ্ঞা আহিতুণ্ডিকাস্মি ভোগীনাং রমণীবৃন্দানাং দেবধা বিকাটাম্মি কার্ম্মণেন বশীকারৌষধেন কর্ম্মসমূহেন দৈহিক বাচিকচেষ্টা বৃন্দেন চ বশতাং নীত ইতি সৌভাগ্যাধিক্যং প্রখর্য্যঞ্চ স্পষ্টমিতি অধিকপ্রখরেয়ং দ্রষ্টব্যা ॥ ৮

তন্মধ্যে অধিকপ্রখরা যথা—

কাচিৎ যূথেশ্বরী কোন যূথেশ্বরীকে কহিলেন, সুন্দরি ঐ দেখ ভূধরগহ্বর হইতে কৃষ্ণ ভুজঙ্গরাজ অগ্রবর্ত্তী হইয়া আসিতেছে, তুমি মন্ত্র জান না, অতএব ভীরু সখীগণ সহ শীঘ্র পলায়ন কর। যদি বল তুমি কেন রহিয়াছ, উত্তর এই যে, আমি আহিতুণ্ডিকী, সর্পের চিকিৎসা ভাল জানি, সর্ব্বদা ভোগি (সর্প) রমণীবৃন্দের বৃন্দাটবী ভ্রমণ করিয়া বেড়াই। তথা আমার কার্ম্মণে অর্থাৎ ভুজঙ্গবশীকরণার্থ মন্ত্রৌষধি প্রয়োগ কর্ম্মে বিলক্ষণ পটুতা আছে। অতএব হে কামিনি! আমি কার্ম্মণ দ্বারা কৃষ্ণভুজঙ্গকে বশতাপন্ন করিয়াছি, সে আমার কি করিতে পারে?।

অথবা প্রকারান্তর অর্থ যথা—

কোন এক যূথেশ্বরী কহিলেন, সখি! ঐ দেখ ভুজঙ্গরাজ (কামুক-

অথাধিকমধ্যা

আলীভির্ম্মে স্বমসি বিদিতা পূর্ণিমায়াঃ প্রদোষে
রোষেণাসৌ প্রথংসি কথং পাটবেনাবহিত্থাং।

লোচনরোচনী টীকা

আলীভিরিতি পূর্ব্বং যদ্যাগচ্ছস্যমপি কৃষ্ণং দৃষ্ট্বা সঙ্কোচমবিধায়াঠ্যাং পরাবর্ত্তয়িতুং প্রৌঢ়

আনন্দচন্দ্রিকা টীকা।

আলীভিরিত্যত্র বক্তব্যা যা গোপী সৈব উদাহরণং তে তব বর্ত্মপ্রেক্ষী কুঞ্জরাজো জাগর্ত্তু অভ্যাসাদ্বিত্যনেন তস্যা এব সৌভাগ্যাধিক্যং অবহিত্থাং প্রথয়সীত্যনেন সঙ্কোচ প্রাপ্ত্যা প্রাখর্য্যাভাবঃ পাটবেত্যনেন মৃদুত্বস্যাপ্যভাবঃ অতো মধ্যাত্বঞ্চ। বক্ষ্যামি স্বাং নিরুদ্ধ্যা-

শ্রেষ্ঠ) কৃষ্ণ আগমন করিতেছেন, তুমি মন্ত্রে অজ্ঞিতা অর্থাৎ ভাল মন্ত্রণা করিতে জান না, অতএব ভীরু স্বভাবা সখীগণ সঙ্গে শীঘ্র পলায়ন কর, তবে যে আমি আছি তাহার কারণ এই, আমি আচার্য্যা অর্থাৎ গোপাঙ্গনাগণের রসবৈদগ্ধ্যাদির অধ্যাপিকা, সতত ভোগি (কৃষ্ণ) রমণীবৃন্দের বৃন্দাটবী পর্য্যটন করিয়া থাকি, অতএব হে কামিনি! আমি কার্ম্মণ দ্বারা অর্থ ও দৈহিক বাচিক চেষ্টা সমূহে উহাঁকে বশীভূত করিয়াছি, আর উনি আমার কি করিতে পারেন?

উল্লিখিত উদাহরণে সৌভাগ্যের আধিক্য এবং প্রাখর্য্য প্রযুক্ত প্রখরা অতএব ইনি দুর্হৃৎ অর্থাৎ শত্রুতুল্য দুষ্টচিত্তা। ৮

অথ অধিকমধ্যা॥

কোন যূথেশ্বরী কহিলেন, বয়স্যে! আমি তোমাকে চিনিতে পারিয়াছি, তুমি আপনার পটুতা প্রদর্শন পূর্ব্বক অবহিত্থা (আকার সংগোপন) করিতেছ কেন? হে ধূর্ত্তে! আমি আলীগণ সহ পূর্ণিমার প্রদোষে (সায়ং সময়ে) রোষ বশতঃ সপরিজনে তোমাকে ধারণ পূর্ব্বক আমার গৃহে রুদ্ধ করিয়া রাখিব, কুঞ্জরাজ (কৃষ্ণ) তোমার বর্ত্ম নিরীক্ষণ পূর্ব্বক জাগরণ অভ্যাস করুন।

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, কুঞ্জরাজ তোমার পথের প্রতি

ধৃত্বা ধূর্ত্তে সহ পরিজনাং মদ্গৃহে ত্বাং নিরুন্ধ্যাং
বর্ত্মপ্রেক্ষী গুণয়তু স তে জাগরং কুঞ্জরাজঃ

অথাধিকমৃদ্বী ॥

ন্যঞ্চন্মূর্দ্ধা সহ পরিজনৈ দূরতো যা প্রযাসী-
র্মামালোক্য প্রিয়সখি যতঃ প্রেমপাত্রী মমাপি।
মালামৌলৌ তব পরিচিতা মৎকলা কৌশলাঢ্যা

লোচনরোচনী টীকা

মুক্তবতী এবাতু কৃষ্ণাদ্ভুত এবাস্তাং পরিহসিতবতীতি ধ্যা পরিহ গম্ব গৃহে নীত্বা তস্য। বন্ধনং ন সম্ভবতীতি ব্যক্তএব ৯

আনন্দচন্দ্রিকা টীকা

যিত্তানেন প্রাখর্য্যং তথা সৌভাগ্যাধিক্যব্যঞ্জকপদাভাবাৎ লঘুত্বমিতি লঘু ত্বথৈবেবমং চুহৃৎ স্তুপদিস্তাঅপি যা বক্তব্যা নৈবোদাহরণং। স্তুপদিভানেন মৃদুত্বাৎ মালা মৌলা-বিত্যাদিনা সৌভাগ্যাধিক্যাচ্চ বক্তীতু লঘু বৈযোরোমং সুহৃৎ ॥ ৯ ।

দৃষ্টি নিক্ষেপ করত জাগরণ অভ্যাস করুন, ইহার দ্বারা সৌভাগ্যের আধিক্য প্রকাশ হইল, অপর অবহিত্থা করিতেছ কেন? এতদ্দ্বারা সঙ্কোচ প্রাপ্তিতে প্রাখর্য্যের অভাব হইল, আর পটুতা দ্বারা মৃদুত্বের অভাব বশতঃ মধ্যাত্বের লক্ষণ অভিব্যক্ত হইল।

আর যে যূথেশ্বরী রোষ পূর্ব্বক তোমাকে ধরিয়া রাখিব এই বাক্য কহিলেন, তাঁহার প্রাখর্য্য এবং সৌভাগ্যের অভাব বশতঃ লঘুত্ব, অতএব ইনিও চুহৃৎ।

অথ অধিকমৃদ্বী।

কোন যূথেশ্বরী কহিলেন, সখি! দূর হইতে আমাকে অবলোকন করিয়া পরিজন সহ অবনত বদনে পলায়ন করিতেছ কেন? হে প্রিয়-তমে! তুমি ত আমার প্রণয়পাত্রী, আর গোপনভাবে গমন করিও না তুমি আপনার চূড়ায় ঐ যে পুষ্পমালা বিন্যস্ত করিয়াছ উহা আমারই গ্রথিতা, আমি দনুজদমনের সহিত দ্যূতক্রীড়ায় ঐ মালা পণ রাখিয়া-

দ্যূতে জিত্বা দনুজদমনং য স্ত্বয়া স্বীকৃতাস্তি ॥

অথ সমাত্রিকং

সাম্যং ভবেদধিকয়োস্তথা লঘুযুগস্য চ ৯ ॥

তত্র সমপ্রখরা।

ন ভবতি তব পার্শ্বে চেৎসখী কাপি মাভূৎ
পরিহর হৃদি কম্পং কিং হরিস্তে বিধাতা।
অহমতিচতুরাভির্বেষ্টিতালীঘটাভিঃ

আনন্দচন্দ্রিকা টীকা।

ন ভবতীতি কেযং মমোদ্যানস্য পুষ্পাণি ত্রোটয়তীতি দূরাৎকাবয়পি হরিস্তে কিং বিধাতা কিং করিষ্যতি যতোঽহং ইত্যাদি শ্লেষেণ বাহুদা নদীবিশেষঃ অত্রাগচ্ছতো হরে র্যো-

---

ছিলাম, তিনি আমাকে জয় পূর্ব্বক তোমাকে অর্পণ করিয়াছেন।

তাৎপর্য্য।

অঙ্গ সঙ্কোপন পূর্ব্বক গমন করাতে সৌভাগ্যের আধিক্য অতএব এই নায়িকা অধিক মুগ্ধা, আর যিনি কহিতেছেন তিনি লঘুমধ্যা প্রযুক্ত সুহৃৎ ॥

অথ সমাত্রিক।

দুই অধিকা এবং দুই লঘু ইহাদের পরস্পর সমতা হয় ॥ ৯।

অথ সমপ্রখরা

কোন এক যূথেশ্বরী শ্রীকৃষ্ণের কাননে কুসুম চয়ন করিতে ছিলেন শ্রীকৃষ্ণ দূর হইতে অবলোকন করিয়া "কে আমার কাননে পুষ্প ত্রোটন করিতেছে" এই বাক্য বারম্বার উচ্চারণ করিতে ২ ধাবমান হইয়া আসিতে লাগিলেন, তদ্দর্শনে কুসুমচয়নকারিণী গোপী সঙ্কিত চিত্ত হওয়াতে অভয় প্রদান পূর্ব্বক কোন সখী কহিলেন, প্রিয়সখি! যদিচ তোমার পার্শ্বে অন্য কোন সখী নাই, না থাকুক্ ভয় কি? হৃৎ-কম্প পরিত্যাগ কর, হরি তোমার কি করিতে পারেন, আমি চতুরা

প্রিয়সখি পুরতস্তে দুস্তরা বাহুদাস্মি ১০।

অথ সমমধ্যা

লোলে ন স্পৃশ মাং তবালিকতটে ধাতুর্যদা লক্ষ্যতে
ত্বং স্পৃশ্যাসি কথং ভুজঙ্গরমণী দূরাদতস্ত্যজ্যসে
ধিগ্‌বামং বদসি ত্বমেব কুহকপ্রেষ্ঠাসি ভোগাঙ্কিতে

লোচনরোচনী টীকা।

শ্লেষে বাহুদা নদীবিশেষঃ ১০

লোলে ইতি বক্রোবাক্যং কুহকো মায়ী পক্ষে নাগবিশেষঃ শুষিরতঃ শুষির-বিশেষবংশীহেতোঃ পক্ষে বিলাৎ সর্পস্থি অভিসর্পস্ত পক্ষে সর্পাদেস্ত কিং অত্র বক্তু-

আনন্দচন্দ্রিকা টীকা

যেব সকাশলক্ষ্যত্বাদ্বয়োরেবাধিক্যেন সাম্যং অহং ইত্যাদিনা বক্ত্র্যাঃ প্রাখর্য্যাদিময়েবোদা-হরণং স্বষ্ঠং ১০

লোল ইতি সংভুক্তাভুক্তয়োঃ পরস্পর সুহৃদ্বাক্যোক্তি প্রত্যুক্তী। প্রথমা প্রাহ তব ললাট-তটে ধাতু গৈরিকরাগঃ অতস্ত্বং কৃষ্ণোচ্ছিষ্টা অস্পৃশ্যেত্যর্থঃ। দ্বিতীয়া প্রাহ ত্বং ভুজঙ্গ-

সখীগণ সঙ্গে তোমার অগ্রে বাহুদা নদী রূপে অবস্থিতি করিতেছি, কাহার সাধ্য আমাকে অতিক্রম করিয়া আসিতে পারে? স্থির হও।

তাৎপর্য্য॥

আগমনকারি হরির সহিত দুই যূথেশ্বরীর সাক্ষাৎ লক্ষ্যহেতু দুই-য়েরই সাম্যত্ব এবং বক্ত্রী যূথেশ্বরীর প্রাখর্য্য নিমিত্ত সুহৃত্ত্ব ১০

অথ সমমধ্যা।

শ্রীকৃষ্ণের সহিত সম্ভুক্তা এবং অসম্ভুক্তা সখী দ্বয়ের পরস্পর মিত্রতা প্রযুক্ত উক্তি প্রত্যুক্তি। সম্ভুক্তা সখী কিঞ্চিৎ কোপ প্রকাশ পূর্ব্বক কহিলেন, হে চঞ্চচিত্তে! আমাকে স্পর্শ করিওনা, তোমার ললাটে গৈরিক দেখিতেছি অতএব তুমি অস্পৃশ্যা, দ্বিতীয়া কহিলেন, তুমিও ত ভুজঙ্গরমণী, একারণ তোমাকে দূরে পরিত্যাগ করিলাম, পুন-র্ব্বার প্রথমা কহিলেন; হে ভোগাঙ্কিতে! তুমি যে স্বয়ং কুহক (নাগ) প্রিয়া, আত্মদোষ অনুসন্ধান না করিয়া বক্রোক্তি করিতেছ? ঐ দেখ

যেনাদ্যচ্যুতকঞ্চুকাঃ শুষিরতঃ সখ্যোঽপি সর্পন্তি তে। ১১

লোচনরোচনী টীকা

শ্রোতৃভেদেন বাক্যভেদ সংপ্রতিপত্তে র্বক্তুঃ শ্রোতুশ্চাত্র শ্রীকৃষ্ণপ্রেয়সীজনত্বাজ্জাতুরাগাদীনা তদ্বিশেষপর্য্যবসানমেবাবগন্তব্যং এবমন্যত্রাপি ১১

আনন্দচন্দ্রিকা টীকা

রমণী সর্পী পক্ষে ভুজঙ্গং কামুকং কৃষ্ণং রময়সীতি প্রসিদ্ধা ত্বদীয়-রমণস্য প্রযোজিকা অহন্তু তেন বলাদেব অনিচ্ছন্ত্যেব সংভুক্তা অতস্ত্বং মত্তোপ্যপবিত্রেতি ভাবঃ পুনঃ প্রথমাহ ধিগিতি কুহকস্য নাগবিশেষস্য পক্ষে মায়িনঃ কৃষ্ণস্য প্রেষ্ঠাসি অত্র প্রিয়শব্দস্য ইগুপধ-জ্ঞাপ্রীকিরঃ ক ইতি কর্তৃবাচক ক প্রত্যয়ান্তত্বাত্ত্রাপীষ্ঠনা চ অতিশয় রমণেচ্ছাবতীত্যর্থঃ। ভোগোঽহিফণঃ সম্ভোগশ্চ। শুষিরতো বিলাৎ পক্ষে শুষিরবিশেষবংশীহেতোঃ। চ্যুত-কঞ্চুকাঃ ত্যক্তনির্ম্মোকাঃ সর্পন্তি সর্পা ইবাচরন্তি পক্ষে স্পষ্টং অত্র প্রথমায়াং মাস্পৃশেতি তিরস্কারকথাং প্রকটয়ন্ত্যাং সৌভাগ্যমূহনীয়ং, দ্বিতীয়ায়ান্তু সংভোগচিহ্নেন ব্যঞ্জিতং সৌভাগ্যং স্পষ্টমেব মধ্যাত্বন্তু দ্বয়োরেব শ্লিষ্টোক্তেঃ। ১১

তোমার অঙ্গবিবর হইতে নির্ম্মুক্ত কঞ্চুক রূপা সখী সকল বহির্গত হইতেছে অতএব তোমাকে ধিক্।

অর্থান্তর যথা।

প্রথমা সক্রোধে কহিলেন, হে চলচিত্তে! তুমি আমাকে স্পর্শ করিও না, তোমার ললাটে গৈরিকের রাগ দেখিতেছি অতএব তুমি কৃষ্ণ কর্তৃক উচ্ছিষ্ট সুতরাং অপবিত্রা হইয়াছ দ্বিতীয়া কহিলেন, ভাল। তুমিও ত ভুজঙ্গরমণী অর্থাৎ কামুকচূড়ামণি শ্রীকৃষ্ণের সহিত সতত ক্রীড়া করিয়া থাক, আমি কিন্তু তদ্রূপ নহি, শ্রীকৃষ্ণসহ ক্রীড়া করণে অনিচ্ছা প্রকাশ করিলেও তিনি বলপূর্ব্বক একবার মাত্র আমার সঙ্গে সঙ্গত হইয়াছিলেন, ইহাতে তুমি আমা অপেক্ষাও অধিক অস্পৃশ্যা অতএব তোমাকে দূরে ত্যাগ করিলাম। পুনর্ব্বার প্রথমা কহিলেন, সখি! ছি ছি, এত কুটিল বাক্য বলিতেছ কেন? তুমি যে কুহক (হরি) প্রিয়া, তোমার অঙ্গে ভোগ চিহ্ন সকল দেখিতেছি, ঐ দেখ তাঁহার মুরলীরবে কঞ্চুলিকা বিচ্যুত হওয়াতে তোমার বক্ষঃস্থলে দুইটী

অথ সমস্বী ॥

প্রত্যাখ্যাতু সুহৃজ্জনঃ কথময়ং তারাভিধস্তে গিরঃ
প্রাণাস্ত্বং হি মমোচ্চকৈরসি শপে ধর্ম্মায় লীলাবতি।
কিন্তু ত্বং মহমর্থয়ে পরমিদং কল্যাণি তং বল্লভং

লোচনরোচনী টীকা

প্রত্যাখ্যাতু পরিহরতু তারাভিধ ইতি স্বয়মেব স্বনাম গৃহ্ণাতি প্রতিজ্ঞা দার্ঢ্যবোধনায়

আনন্দচন্দ্রিকা টীকা

প্রত্যাখ্যেতি। তারাভিধে মল্লক্ষণে জনস্তে গিরঃ মানং মুঞ্চেতি বচঃ কথং প্রত্যাখ্যাতু স্বীয়ং বল্লভং কৃষ্ণং শাধি শিক্ষাদানেন বোধয় অত্র মানবত্যাস্তারায়া মানভঙ্গার্থং কৃষ্ণেনৈব তৎ সুহৃদো লীলাবত্যাঃ প্রেষণাৎ তারায়াঃ সৌভাগ্যাধিক্যং তথা স্বীয়ং

সখী উদ্গত হইতেছে।

তাৎপর্য্য

আমাকে স্পর্শ করিও না ইত্যাদি একট হাস্য প্রযুক্ত প্রথমার সৌভাগ্য অনুমিত, দ্বিতীয়ার ভোগ চিহ্নপ্রকাশ নিমিত্ত সৌভাগ্যাধিক্য স্পষ্ট লক্ষিত হইল। অতএব দুইনায়িকারই মধ্যাত্ব। ১১।

অথ সমস্বী।

একদা তারা মানিনী হইলে তদীয়া পরমপ্রেয়সী লীলাবতী শ্রীকৃষ্ণকর্ত্তৃক মানভঙ্গার্থ প্রেরিতা হইয়া বিবিধ প্রকার বিনয় করিতে আরম্ভ করিলে, তারা কহিলেন, বয়স্যে! আমি ধর্ম্মতঃ শপথ করিয়া কহিতেছি তুমি আমার প্রাণ সমা, তারা নামক মদ্বিধ জন তোমার বাক্যে অর্থাৎ মান ত্যাগ কর, ইত্যাদি উক্তিতে কি প্রকারে প্রত্যাখ্যান করিবে, অতএব অঞ্জলি বন্ধন পূর্ব্বক একটী প্রার্থনা করিতেছি, তুমি আপন বল্লভকে এরূপ শিক্ষা দাও যে, তিনি যেন আর সরলার প্রতি ছল না করেন

তাৎপর্য্য মানভঙ্গার্থ লীলাবতীর গমন হেতুক তারার সৌভাগ্যাধিক্য, আর আপন কান্তকে উপদেশ দাও এতদ্দ্বারা লীলাবতীরও

স্বীয়াং শাধি যথা স গৌরি সরলে কুর্য্যাজ্জনে ন চ্ছলং ১২

যথা ব —

প্রহিত্য কঠিনে নিজং পরিজনং মদার্য্যা ক্ষ্বং।
নিকামমুপজপ্যতাং কিমুবিভীষিকাড়ম্বরৈঃ।
ব্রজামি রবিজাতটং গুরুগিরা মুধা শঙ্কিনি

লোচনরোচনী টীকা

সরলে মদ্বিধে জনে চ্ছলং ন কুর্য্যাৎ ১২

প্রহিত্য প্রস্থাপ্য মদার্য্যা মম শ্বশ্রূঃ উপজপ্যতাং ভেদ্যতাং গুরুগিরা ব্রজামি ১৩

আনন্দচন্দ্রিকা টীকা

শাধীতি পদাভ্যাং লীলাবত্যাশ্চ তৎ তাব গা মৃদুত্বং স্পষ্টং লীলাবত্যাস্তু শাধীতি শাসনকর্তৃত্বযোগ্যতায়া হেতোঃ প্রাখর্য্যং ১২

সাম্যং ভবেদধিকয়ো স্তথা লঘুযুগস্য চেতি অধিকয়োঃ সাম্যং শ্লোকত্রয়েণোক্তং। লঘুযুগস্য সাম্যং বক্তুমাহ যথাবেতি সুন্দরি কিং ত্বং গুরুজনান্ন বিভেষি যতঃ সায়ং স্পষ্টমেব বনং গচ্ছসীতি বদন্তীং কাঞ্চিদপি মৃদ্বীং কাচিদপি প্রখরা দুর্হৃৎ প্রতি বদতি প্রহিত্যেতি প্রহিত্য প্রস্থাপ্য মদার্য্যা মম শ্বশ্রূং উপজপ্যতাং ভেদ্যতাং গুরুগিরা গুবোস্তুষ্ট এব গিরা ইত্যর্থঃ ততশ্চাহং পৃচ্ছামিমাত্রং কিমতি কুপ্যসি প্রসীদেতি পুনস্তস্যাঃ প্রতিবচনং জাতমিতি

সৌভাগ্যের আতিশয্য। এই দুই জনের মধ্যে তারার মৃদুতা এবং শাসন করণে যোগ্যতা হেতু লীলাবতীর প্রাখর্য্য ১২

পূর্ব্বোক্ত শ্লোক ত্রয়ে অধিকা দ্বয়ের সাম্য প্রদর্শিত হইল, এক্ষণে লঘুদ্বয়ের সাম্য দেখাইতেছেন যথা—

দুর্হৃৎ কোন প্রখরা সখী কহিল, সুন্দরি! তোমার কি গুরুজনের ভয় নাই, সায়ংকালে স্পষ্ট রূপে বনে গমন করিতেছ? ইত্যাদি বাক্যে গমনকারিণী সখী কহিলেন, হে কঠিনে। এত বিভীষিকা দেখাইতেছ কি। তোমার আড়ম্বরে কি হইবে? আপনার সখী প্রেরণ করিয়া যথেচ্ছ রূপে আমার শ্বশ্রূর বুদ্ধি ভেদ কর, তাহাতে কোন হানি নাই। হে বৃথাশঙ্কিনি। আমাকে গুরুজনেরা প্রদোষ সময়ে শিবা-সেবনার্থ আজ্ঞা করিয়াছেন, এনিমিত্ত সখীসঙ্গে রবিজাতটে যাইতেছি, তুমি অন্য

প্রদোষসময়ে সমং সবয়সা শিবাং সেবিতুং ॥

অথ লঘুত্রিকং।

লঘুরাপেক্ষিকী চাত্যন্তিকী চেতি দ্বিধোদিতা ॥

তত্রাপেক্ষিকীলঘুঃ ॥

মধ্যে যূথাধিনাথানামপেক্ষৈকতমামিহ।

যা স্যাদন্যতমা ন্যূনা সা প্রোক্তাপেক্ষিকীলঘুঃ।

তত্র লঘুপ্রখরা ॥

ত্বং মিথ্যাগুণকীর্ত্তনেন চটুলে বৃন্দাটবীতস্করে

আনন্দচন্দ্রিকা টীকা

জ্ঞেয়ং অত্র দ্বয়োরেব সৌভাগ্যাধিক্যদ্যোতকপদাভাবাৎ লঘুত্বে সাম্যং।

লঘুরিতি অপেক্ষাং গচ্ছতি তথা অন্তং সীমাতিক্রমং গচ্ছতি চ কেনাংশেনেত্যপেক্ষায়াং প্রত্যা-সত্ত্যালাঘবেনেতি ব্যাখ্যেয়ং পূর্ব্ববৎ অন্যথা অত্যন্তভেদযোগো নাম দোষো দুর্ব্বারঃ স্যাৎ।

কাচিন্মানবতী স্বসুহৃদমুপালভতে ত্বমিতি অত্র ধৈর্য্যাধিনা নীতি ধৈর্য্যাস্ব গলতেন বহতেন চ

কোন আশঙ্কা করিও না

উক্ত উদাহরণে সৌভাগ্যাধিক্য সূচক পদের অভাব হেতু দুইয়েরই লঘুত্বের সাম্য ॥

অথ লঘুত্রিক ॥

আপেক্ষিকী ও আত্যন্তিকী ভেদে লঘু দুই প্রকার অর্থাৎ আত্যন্তিকী লঘু ও আপেক্ষিকী লঘু ॥

আপেক্ষিকী লঘু যথা—

যূথেশ্বরী গণ মধ্যে একেকে অপেক্ষা করিয়া অন্যের লঘুতা হইলে তাহাকেই আপেক্ষিকী লঘু কহে ॥

অথ লঘুপ্রখরা ॥

কাচিৎ যূথেশ্বরী মানিনী হইয়া আপন প্রিয়তমা সখীকে নিন্দা করিয়া কহিলেন, হে চপলে। তুমি কতকগুলা মিথ্যা গুণ কীর্ত্তন করিয়া বৃন্দাটবী তস্করে আমাকে দৃঢ় নিবদ্ধ করত সন্তোষ লাভ করিয়া-

গাঢ়ং দেবি নিবধ্য মাং কিমধুনা দৃষ্টা তটস্থায়সে ।
হৃত্বা ধৈর্য্য ধনানি হন্ত রভসাদাচ্ছিদ্য হ্রীবৈভবং
যেনায়ং সখি বঞ্চিতোঽপি বহুধা দুঃখী জনো বঞ্চ্যতে ।

অথ লঘুমধ্যা ।

গোষ্ঠাধীশসুতস্য সা নব-নব-প্রেষ্ঠস্য যাবদ্দৃশোঃ
পন্থানং বৃষভানুজা সখি বশীকারৌষধিজ্ঞা যযৌ ।

আনন্দচন্দ্রিকা টীকা

হ্রী বৈভবমিতি হ্রিয়োপাংশিকাধিক্যেন পরমধৈর্য্যলজ্জাবত্ত্বং তথাভূতয়োর্ধৈর্য্য-লজ্জয়োঃ সাকল্যেন হরণাদভিব্যঞ্জিতেন প্রেমাধিক্যেন সৌভাগ্যাধিক্যং। বঞ্চিতোঽপি বঞ্চ্যত ইতি মানিন্যাঃ স্বাভাবিকং বচনং তু লঘুত্বব্যঞ্জকং ব্যক্তব্য মাস্ত মিথ্যা গুণকীর্ত্তনে-নেতি চটুলে ইতি পদাভ্যাং প্রাখর্য্যং সৌভাগ্যাধিক্যব্যঞ্জকপদাভাবাৎ লঘুত্বমিতি বক্তব্যো-দাহরণং অস্যাঃ পুনঃ পুনর্বঞ্চনাৎ সৌভাগ্যস্য অল্পত্বং চটুল ইত্যাদি পদৈঃ প্রাখর্য্যমিতি বক্ত্রী এবোদাহরণত্বং

ছিলে, এখন যে তোমার তটস্থার ন্যায় ব্যবহার দেখিতেছি? হে দেবি! ঐ বনতস্কর বেগে আমার ধৈর্য্যধন ও লজ্জা সম্পদ-হরণ করিয়া আত্মসাৎ করিয়াছে, হা! মাদৃশ দুঃখিজন যৎ কর্ত্তৃক বঞ্চিত হইয়াও পুনরায় বঞ্চিত হইতেছে, তুমি আমার প্রণয়পাত্রী হইয়া তাহারই পক্ষ অবলম্বন করিতেছ? কি আশ্চর্য্য! ইহাই কি বন্ধুজনের উচিত ॥

তাৎপর্য্য ।

লজ্জা ও ধৈর্য্যের সামস্ত্য হরণ দ্বারা প্রেমের আধিক্য, অপর বঞ্চিত জন পুনরায় বঞ্চিত হইতেছে ইত্যাদি উক্তি প্রযুক্ত লঘুত্বের অভাব। আর মিথ্যা গুণকীর্ত্তন ও চটুলে এই দুই পদ প্রয়োগ হেতু বক্ত্রী সখীর প্রাখর্য্য এবং সৌভাগ্য সূচক পদের অভাব বশতঃ লঘুত্ব ॥

অথ লঘুমধ্যা ।

কোন এক সখী চন্দ্রাবলীকে কহিলেন, দেবি! শ্রীরাধার মন্ত্রৌ-ষধি প্রয়োগ বিষয়ে পটুতা দেখ, যদিচ ব্রজরাজ তনয় নব নব প্রেয়সী-প্রিয় সত্য, কিন্তু যাবৎ পর্য্যন্ত ঐ রাধা তাঁহার নেত্রে পতিতা হইলেন

তাবত্ত্বয্যপি কৃষ্ণমস্ত বলবদ্দাক্ষিণ্যমেবেক্ষ্যতে
কা চন্দ্রাবলি দেবি দুর্ভগতয়া দূনাত্মনাং নঃ কথা ॥ ১৩ ॥

অথ লঘুমুগ্ধী

অপসরণমিতোনঃ সাম্প্রতং সাম্প্রতং স্যাৎ
যদপি হরিচকোরং চিত্রমালোচয়ামঃ।
কলয়ত সহচর্য্যঃ পর্য্যটদ্গৌরদীপ্তি-
স্তটভুবি নবশোভাং সৌতি চন্দ্রাবলীয়ং ।

অথাত্যন্তিকী লঘুঃ

অন্যা যতোঽস্তি ন ন্যূনা সা স্যাদাত্যন্তিকীলঘুঃ ।

লোচনরোচনী টীকা।

সৌতি জনয়তি প্রাতীতি বা পাঠঃ প্রা পূরণে ১৪

আনন্দচন্দ্রিকা টীকা

সোঢেতি শ্লোকদ্বয়ং স্পষ্টং সৌতি জনয়তি প্রাতীতি পাঠে প্রা পূরণে ১৩ ১৪

তাবৎ তে মাতেও তাঁহার বলবদ্দাক্ষিণ্য (সারল্য) দেখিতেছি, আমার কথা আর কি জিজ্ঞাসা কর ? দুরদৃষ্ট বশতঃ কেবল ক্লেশ ভোগ করিতেছি ॥ ১৩ ॥

অথ লঘু মুগ্ধী ।

শ্রীরাধার পক্ষপাতিনী কোন এক যূথেশ্বরী আপনার সখীগণকে সম্বোধন করিয়া কহিলেন, অহে সুন্দরীবৃন্দ। যদিচ আমরা কৃষ্ণচকোররাজকে আশ্চর্য্যরূপে সন্দর্শন করিতেছি বটে, তথাপি সম্প্রতি এখানে আমাদের অবস্থান উপযুক্ত নয়, ঐ দেখ চন্দ্রাবলী ইতস্ততঃ ভ্রমণ করিয়া আপনার গৌরদীপ্তি দ্বারা রবিজাতটের শোভা বিস্তার করিতেছে অতএব শীঘ্র প্রস্থান কর ।

অথ আত্যন্তিকী লঘু ।

অন্য নায়িকা সকল যাহা অপেক্ষা ন্যূন নয় তাহাকেই আত্যন্তিকী

ত্রৈবিধ্যং সম্ভবেপ্যস্যা মৃদুত্বেবোচিতা ভবেৎ ॥ ১৪ ॥

যথা—

নিজনিখিলসখীনামাগ্রহেণাঘবৈরী
কথমপি সময়াদ্য ব্যক্তমামন্ত্রিতোঽস্তি।
ক্ষণমুরুকরুণাভিঃ সম্বরীতুং প্রণাং মে
মহুদবসিত লক্ষ্মীং গোষ্ঠদেব্যস্তনুধ্বং ॥

লোচনরোচনী টীকা।

উদবসিতং গৃহং ১৫

আনন্দচন্দ্রিকা টীকা

নিজেতি। স অঘবৈরী আমন্ত্রিতঃ অদ্য মজ্জন্মতিথৌ মৎ পিতৃভ্যাং কৃতমহোৎসবাহূত-ভোজিতোঽপি সায়ং মদীয়কুঞ্জে আগত্য কিঞ্চিৎ ভুজ্যেতি নিবেদিতঃ। কিন্তু তস্য যুষ্মৎসখীনম্বাং যুষ্মৎসাহায্যং বিনা স মে মনোরথো ন স্যাদিত্যাহ ক্ষণমিতি। উদবসিতলক্ষ্মীং গৃহশোভাং গৃহং গেহোদবসিতমিত্যমরঃ। যূয়মপ্যাগত্য কিঞ্চিদ্ভুক্ত্বা মাং কৃতার্থাং কুরুতেতি ভাবঃ। অত্র সখীনামাগ্রহেণেতি স্বস্যাযোগ্যতা ব্যঞ্জনয়া তথা সখীজনপ্রেষণং বিনা সর্ব্ব-যূথেশ্বরীসংসদি স্বয়মাগমনেন ক্ষণমিত্যাদিতি বিনয়েশ্চ তাঃ সর্ব্বা এব প্রণম্য তস্যা দূত্যং তদ্দিনে চক্রুরিতি জ্ঞেয়ং। ১৫

লঘু কহে। এই নায়িকার অধিকাদি ভেদত্রয় সম্ভব হইলেও ইহার মৃদুতাই উচিত হয় ১৪

যথা—

কোন এক যূথেশ্বরী কহিলেন, অহে গোষ্ঠদেবী সকল! অদ্য আমার জন্মতিথি মহোৎসবে আমার পিতা মাতা অঘবৈরিকে ভোজনার্থ আহ্বান করিয়াছিলেন, আমিও আপনার নিখিল সখীজনের আগ্রহে তাঁহাকে সায়ংকালে কুঞ্জগৃহে ভোজনার্থ স্পষ্টরূপে নিমন্ত্রণ করিয়াছি, অতএব তোমাদের নিকট প্রার্থনা এই যে, তোমরা ক্ষণকাল অধিকতর করুণা বিস্তার করিয়া আমার গৃহশোভা সম্পাদন কর, নতুবা আমি অতিশয় লজ্জিতা হইব।

ন সমা ন লঘুশ্চাদ্যা ভবেদ্বৈবাধিকান্তিমা।
অন্যাস্ত্রিধাধিকাশ্চ স্যুঃ সমশ্চ লঘবশ্চ তঃ ॥ ১৫ ।
বিনাত্যন্তাধিকাং তেন সর্ব্বাসু লঘুতা ভবেৎ।
সর্ব্বাস্বধিকতাচ স্যাধিনৈনাত্যন্তিকীং লঘুং ॥ ১৬ ॥
আদ্যৈকৈবান্তিমা দ্বেধা মধ্যস্থা নবধোদিতাঃ।

লোচনরোচনী টীকা

ন সমেত্যুক্তমেব বিশদয়তি বিনেতি ১৬

আদ্যেতি আদ্যা আত্যন্তিকাধিকা, অন্তিম আত্যন্তিকীলঘুঃ এবাধিকা ন ভবেদেব তেন সমা লঘুশ্চেতি দ্বেধা আদ্যায়া সহ অন্যাঃ মধ স্বাধিকপ্রখরাদিভেদেন মিলিত্বা দ্বাদশ-

আনন্দচন্দ্রিকা টীকা

আদ্যা অত্যন্তাধিকা একবিধা এব অন্তিমা আত্যন্তিকী লঘুঃ ন অধিকা ন কন্যা অপি অধিকা তেন সা লঘুরেব কিন্তু তৎসদৃশ্যৌ হন্যা অপি বহ্ব্যোবর্ত্তন্ত ইতি তাভিঃ সমাচেতি দ্বিবিধা। অন্যা মধ স্থিতাঃ আপেক্ষিকাধিকা সমা আপেক্ষিকলঘুশ্চেতি যৈব স্বলঘুং অপেক্ষ্য অধিকা সৈব তৎক্ষণএব স্বাধিকামপেক্ষ্য লঘুঃ স্বসদৃশ্যামপেক্ষ্য সমেত্যেবং মধ্যস্থানাং ত্রৈবিধ্যং

উক্ত উদাহরণে আমি সখীজনের আগ্রহে নিমন্ত্রণ করিয়াছি এতদ্দ্বারা আপনার অযোগ্যতা প্রকাশ। আর প্রত্যেক যূথেশ্বরীর নিকট সখী প্রেরণ না করিয়া বিনয় পূর্ব্বক গৃহশোভার্থ স্বয়ং প্রার্থনা করায় ইহার দ্বারা আত্যন্তিকী লঘুত্বের প্রমাণ হইল ॥ ১৫ ॥

আত্যন্তিকা অধিকা ব্যতীত সকল নায়িকারই লঘুতা সম্ভব এবং আত্যন্তিকী লঘু ব্যতিরেকে সকল নায়িকারই অধিকাত্ব উপযুক্ত। ১৬॥

আত্যন্তিকাধিকার সমত্ব ও লঘুত্বের সম্ভাবনা নাই এবং আত্যন্তিকী লঘুরও অধিকাত্ব নাই, আর মধ্যস্থার অধিক প্রখরাদি ভেদে নয় প্রকার ভেদ হয়। অতএব রসজ্ঞেরা যূথেশ্বরীদিগের দ্বাদশ প্রকার ভেদ বর্ণন করেন॥

অর্থাৎ আত্যন্তিকাধিকা ১ আত্যন্তিকী লঘু ২ সমা লঘু ৩ অধিকমধ্যা ৪ সম মধ্যা ৫ লঘু মধ্যা ৬ অধিক প্রখরা ৭ সম প্রখরা ৮ লঘু-

ইত্যসৌ যূথনাথানাং ভিদা দ্বাদশধোদিতা । ১৭

। * । ইতি যূথেশ্বরীভেদবিবৃতিঃ ॥ * ॥

লোচনরোচনী টীকা

ভিদামতাঃ ১৭ ।

* ইতি যূথেশ্বরীভেদবিবৃতিঃ *

আনন্দচন্দ্রিকা টীকা

স্পষ্টমিতি বিনেতি । ১৭ ।

* । ইতি সর্ব্বযূথেশ্বরীভেদবিবৃতিঃ *

প্রখরা ৯ অধিক মৃদ্বী ১০ সম মৃদ্বী ১১ এবং লঘু মৃদ্বী ১২ ১৭

। * ইতি উজ্জ্বলনীলমণৌ শ্রীরামনারায়ণ-বিদ্যারত্ন-কৃত ব্যাখ্যায়াং যূথেশ্বরীবিবৃতিঃ * ॥

অথ দূতীভেদঃ ।

অথাশ্রিতসহায়ানাং কৃষ্ণসঙ্গমতৃষ্ণয়া ।
এতাসাং পূর্ব্বরাগাদৌ দূত্যযুক্তি র্বিলিখ্যতে ।
দূতী স্বয়ং তথাপ্তা চ দ্বিধাত্র পরিকীর্ত্তিতা ১ ।

তত্র স্বয়ং দূতী

অত্যৌৎসুক্য ক্রুটদ্‌ব্রীড়া যাচ রাগাতিমোহিতা ।
স্বয়মেবাভিযুঙ্‌ক্তে সা স্বয়ংদূতী ততঃ স্মৃতা ।

লোচনরোচনী টীকা ।

অত্যৌৎসুক্য ক্রুটদ্‌ব্রীড়া যা রাগাতিমোহিতা চ যেতি যাশব্দস্য দ্বিরাবৃত্ত্যান্বয়ঃ । পূর্ব্বা

আনন্দচন্দ্রিকা টীকা

যথা পূর্ব্বং নায়কভেদানন্তরং তস্য দূত্যাদ্যর্থং নায়কস্য সহায়া উক্তা স্তথৈব নায়িকাভেদানন্তরং তস্যাঃ সহায়ানাং বক্তব্যত্বে মুখ্যং সাহায্যং হি দূত্যমিতি প্রথমং দূত্য এবোচ্যন্তে তদ্বচনেনৈব সর্ব্বা এব সহায়া উক্তা ভবিষ্যন্তীত্যভিপ্রায়েণাহ অথেতি ১

যাচেতি চকারাৎ যা অত্যৌৎসুক্যক্রুটদ্‌ব্রীড়েতি যা শব্দস্যাবৃত্ত্যান্বয়ঃ স্বয়মেবাভিযুঙ্‌ক্তে

অথ দূতীপ্রকরণ ।

আশ্রিত সহায়া যূথেশ্বরীদিগের পূর্ব্বরাগাদি অবস্থায় কৃষ্ণসঙ্গমার্থ অভিলাষ হওয়াতে তাহাদের দূত্যযুক্তি বিলিখিত হইতেছে। অর্থাৎ যেমন নায়ক ভেদানন্তর ঐ নায়কের দূত্যাদি নিমিত্ত তাহার সহায় সকলের নিরূপণ করা হইয়াছে, তদ্রূপ নায়িকাভেদ করণানন্তর সেই নায়িকাদিগের সহায়গণ বক্তব্য হইলে তাহার মুখ্য সহায়ই দূতী, এ নিমিত্ত প্রথমে দূতীভেদ কথিত হইতেছে ১

দূতী দুই প্রকার, স্বয়ংদূতী ও আপ্তদূতী ।

তন্মধ্যে স্বয়ং দূতী যথা—

ঔৎসুক্য বশতঃ যাহার লজ্জা খণ্ডিত হইয়াছে, আর যে অনুরাগে অতিশয় বিমোহিতা এবং স্বয়ং অভিযোগ করে পণ্ডিতগণ তাহাকে

স্বাভিযোগা স্ত্রিধা প্রোক্তা বাচিকাঙ্গিকচাক্ষুষাঃ। ২

তত্র বাচিকঃ ॥

বাচিকো ব্যঙ্গ এবাত্র স শব্দার্থভবো দ্বিধা

উক্তো ব্যঙ্গৌ চ তৌ কৃষ্ণপুরস্থবিষয়ৌ দ্বিধা।

তত্র কৃষ্ণবিষয়ঃ

স সাক্ষাৎ ব্যপদেশাভ্যাং স্যাৎ কৃষ্ণবিষয়ো দ্বিধা ॥

লোচনরোচনী টীকা

চেৎ স্বয়ম্ভিযুঙ্‌ক্তে নায়কং প্রতি ভাবং প্রকাশয়তি তদোত্তরাত্তু সুতরামেবেতি ভাবঃ ঔৎসুক্যং নিবংশায়য়থেঽপি সম্ভবতি রাগস্থ রতিময়ত্ব এবেতি বিশিষ্টতয়া পৃথগুক্তিঃ ১ ২

ব্যঙ্গ এবেতি বাচ্যত্বেতু রসবিঘাতঃ স্যাদিত্যভিপ্রায়াৎ তদুক্তং রসস্য স্বশব্দেন শৃঙ্গারাদিশব্দেন বাচ্যত্বদোষ ইতি ৩।

আনন্দচন্দ্রিকা টীকা

স্বাভিপ্রায়ং প্রকাশয়তি সা স্বয়ং দূতী তত্র প্রগল্‌ভা অলব্ধাঙ্গসঙ্গা প্রায়েণ পূর্ব্বরাগবতী দ্বিতীয়া লব্ধাঙ্গসঙ্গাপি রাগেণানুরাগেণাতৃপ্তা অতিমোহিতা স্থায়িভাবেনৈব বিস্মারিতলজ্জাধৈর্য্যশঙ্কা চ জ্ঞেয়া আত্মানমলব্ধাঙ্গসঙ্গমিব মন্যমানেত্যর্থঃ ২

বাচিকাঙ্গিকাবধ্যাত্মাদিত্বাৎ ঠগন্তৌ

ব্যঙ্গ এব ব্যঞ্জনাবৃত্তিগম্য এব অভিধাবৃত্তিগম্যত্বে রসাভাসাপত্তেঃ যদুক্তং রসাভাসমধিকৃত্য প্রকটপ্রার্থনাদিঃ স্যাৎ সম্ভোগাদেশ্চেতি শব্দার্থভবঃ শব্দশক্ত্যুত্থঃ অর্থশক্ত্যুত্থশ্চ

তৌ শব্দার্থভবৌ ব্যঙ্গ্যৌ দ্বিধা ভবতঃ। কৃষ্ণশ্চ তৎপুরস্থপদার্থবিশেষশ্চ তৌ বিষয়ৌ যয়োস্তৌ ৩

স্বয়ংদূতী বলিয়া স্মরণ করিয়াছেন ॥

অভিযোগ তিন প্রকার কায়িক, বাচিক ও চাক্ষুষ ॥ ২ ॥

তন্মধ্যে বাচিক যথ —

বাচিকের নামই ব্যঙ্গ অর্থাৎ শব্দের গূঢ় তাৎপর্য্য, ঐ ব্যঙ্গ শব্দ এবং অর্থভেদে দ্বিবিধ। অর্থাৎ শব্দব্যঙ্গ ও অর্থব্যঙ্গ ঐ দুই ব্যঙ্গ আবার শ্রীকৃষ্ণ এবং অগ্রবর্ত্তি দ্রব্য বিশেষে দুই প্রকার

তন্মধ্যে শ্রীকৃষ্ণ বিষয়ক ব্যঙ্গ সাক্ষাৎ এবং ব্যপদেশ (আরোপ) হেতুক দ্বিবিধ ॥

তত্র সাক্ষাৎ ।

সাক্ষাৎ বহুবিধো গর্ব্বাক্ষেপযাচ্ঞাদিভি র্ভবেৎ ৩ ॥

তত্র গর্ব্বেণ শব্দোত্থোব্যঙ্গে যথা—বিদগ্ধমাধবে ।

সাধ্বীনাং ধুরি ধার্য্যা ললিতাসঙ্গেন গর্ব্বিতাস্মি ।

হিতমালপামি মাধব পথি মাদ্য ভুজঙ্গতাং রচয় ৪

লোচনরোচনী টীকা

সাধ্বীনাং পতিব্রতানাং পক্ষে সুন্দরীণাং ধুরি বোঢ়ব্যো মস্তকোপরীত্যর্থঃ। ললিতায়াঃ সঙ্গেন পক্ষে ললিতাখ্য ভাবেন ভুজঙ্গতাং বিটত্বং পক্ষে ভুজঙ্গমিতি পৃথক্ পদং মা নিষেধে। পক্ষে মা মাং ৪

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধা প্রাহ। সাধ্বীনাং পতিব্রতানাং সুন্দরীণাঞ্চ ধুরি চিন্তনে গণনায়ামিতি যাবৎ ধূঃ স্যাৎ ভারচিন্তয়োঃ যদ্বা ধুরি মস্তকোপরি বোঢ়ব্যবস্তু মধ্যে যা ধার্য্যা ধর্ত্তুমর্হা ইত্যর্থঃ ললিতায়াঃ সঙ্গেন পক্ষে ললিতাখ্যো যো ভাববিশেষস্তস্যাসঙ্গেন কিম্বা ললিতেনাসঙ্গেন সর্ব্বোৎকৃষ্টয়া স্বয়াসক্ত্যা ভুজঙ্গতাং লাম্পট্যং পক্ষে মা মাং ভুজঙ্গতাং প্রাপ্তাং রচয় অশি-শিতাং কুর্ব্বিত্যর্থঃ ততশ্চ তদহং নাপরাধ্যামি ইত্যাদিনা বিদগ্ধমাধবোক্তে শ্রীকৃষ্ণোক্তি-চেষ্টিতে জ্ঞেয়ে অত্র সাধ্বীনামিতি ললিতাসঙ্গেনেতি ভুজঙ্গতামিত্যেষাং পদানাং পরি-বৃত্ত্যসহত্বাৎ শব্দভবত্বং ৪ ।

তন্মধ্যে সাক্ষাৎ কৃষ্ণবিষয়ক যথা।—

গর্ব্ব আক্ষেপ ও যাচ্ঞাদিভেদে সাক্ষাৎ বহু প্রকার হয় ৩ ।

তন্মধ্যে গর্ব্ব হেতুক শব্দোদ্ভব ব্যঙ্গ যথা—বিদগ্ধমাধবে

শ্রীরাধা সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে মাধব ! আমি ব্রজমধ্যে সাধ্বীগণের শিরোধার্য্যা, ললিতার সঙ্গবশতঃ অতিশয় গর্ব্বিতা হই-য়াছি, অতএব তোমাকে হিতোপদেশ করি আজি পথি মধ্যে ভুজঙ্গতা (কামুকতা) রচনা করিও না, ক্ষান্ত হও ॥

উক্তোদাহরণে সাধ্বীগণের শিরোধার্য্যা, ললিতার সঙ্গ বশতঃ গর্ব্বিতা এবং ভুজঙ্গতা এই তিন শব্দের তাৎপর্য্য এই যে, শ্রীরাধা কহিলেন, হে শ্রীকৃষ্ণ ! আমি সুন্দরীগণ মধ্যে পরিগণিতা, ললিতাখ্য রস বশতঃ আমার গর্ব্ব উৎপন্ন হইয়াছে, অতএব তোমার ভুজঙ্গতা

অর্থোত্থো যথা—

তমালশ্যামাঙ্গ ক্ষিপসি কিমপাঙ্গশ্রিয়মিতঃ
প্রসিদ্ধাহং শ্যামা ত্রিজগতি সতীনাং কুলগুরুঃ ।
সমারব্ধে যস্যাঃ কথমপি মনাগ্বাধনবিধৌ
মৃগীমালাপ্যেষা প্রসভমভিতো হন্তি কুপিতা ৫ ।

লোচনরোচনী টীকা

মনাগ্বাধনবিধাবিত্যেব পাঠঃ সম্মতঃ ৫

আনন্দচন্দ্রিকা টীকা

ইতঃ ইহ ময়ি মৃগীমালাপীত্যনেন মম সখ্যোপ্যত্র ন সন্তীতি স্বচ্ছন্দং একাকিনীং প্রাপ্তাং মাং যথেচ্ছসি তথা কুর্ব্বিতি ভাবঃ ততশ্চ এবঞ্চেৎ তব পাতিব্রত্যপ্রভাবমদ্য পরীক্ষিষ্যে কথং মৃগ্যো মাং হনিষ্যন্তীতি শ্রীকৃষ্ণেন বলাত্তস্যাঃ কুচৌ স্পৃষ্টৌ অত্র মৃগীমালেত্যাদি পদানাং * পরিবৃত্তিসহত্বাত্তদর্থানাঞ্চ পরিবৃত্ত্যসহত্বাদর্থভবত্বং জ্ঞেয়ং ৫ ।

অর্থাৎ ত্বদীয় ভুজদ্বয়ের অন্তর্বর্ত্তিনী হওয়াতে আমাকে যথেষ্ট রূপে আলিঙ্গন কর,. তাহা হইলে আর আমি তোমার নিকট অপরাধিনী হইব না । ৪ ।

অর্থোত্থব্যঙ্গ যথা—

শ্যামা কহিলেন, অহে তমালশ্যামাঙ্গ ! আমি শ্যামা, জগতীস্থ সতী বৃন্দের কুলগুরুরূপে প্রসিদ্ধা, অতএব আমার প্রতি অপাঙ্গ ভঙ্গি করিও না, যৎকিঞ্চিৎ যদি আমার বাধা উপস্থিত হয়, তাহা হইলে এই সকল মৃগীমালা (সখীসমূহ) সহসা কুপিতা হইয়া আগমন পূর্ব্বক সর্ব্বতোভাবে তাহা বিনষ্ট করে অতএব ক্ষান্ত হও ॥

উক্ত উদাহরণের অর্থোত্থ ব্যঙ্গ এই যে; এখানে কোন সখীজন উপস্থিত নাই, আমি একাকিনী রহিয়াছি অতএব তুমি যথেচ্ছ ব্যবহার করিতে পার । ৫ ॥

* "পর্য্যায় শব্দোপাদানেঽপি প্রকৃতোপযোগিত্বং পরিবৃত্তিসহত্বং" ইতি সাহিত্যদর্পণসিদ্ধান্তাৎ "ভুজঙ্গকুণ্ডলীব্যক্তঃ শশিশুভ্রাংশুশীতগুঃ" । ইত্যত্র স্ফুটীকৃতমেতৎ । (অর্থাৎস্থির করিয়াও) যে স্থানে এক শব্দের পর্য্যায় (শ্রেণী) ভুক্ত অপর শব্দ দিলেও প্রবৃত্ত অর্থের উপযোগিতা থাকে অথচ ব্যতিক্রম হয় না, তাহাকে "পরিবৃত্তিসহত্ব" বলে ।

অর্থাক্ষেপেণ শব্দোত্থো ব্যঙ্গো যথা—

অধ্বানং ব্রজধূর্ত্ত মা বৃণু পুরঃ পশ্যাম্বরান্তে দৃশং
নিক্ষিপ্যোরুপয়োধরোন্নতিমিমাং নষ্টেন্দুলেখাশ্রিয়ং।
নব্যা কঞ্চুলিকোজ্জ্বলা তনুরিয়ং রাগেণ বস্তুশ্রিয়া

লোচনরোচনী টীকা।

অধ্বানং ব্রজধূর্ত্ত মা আবৃণু পক্ষে অধ্বানমশব্দং যথা স্যাত্তথা ম গাং বৃণু অঙ্গীকুরু অম্বর মাকাশং পক্ষে বস্ত্রং ইন্দুলেখা চন্দ্রকলা পক্ষে নখাঙ্কঃ। নব্যা নূতনা পক্ষে স্তব্যা নস্তু-

আনন্দচন্দ্রিকা টীকা

কাচিৎ প্রখরা যূথেশ্বর্য্যাহ অধ্বানং মার্গং মা বৃণু কিন্তু ব্রজ ইতোঽপসর। পক্ষে অধ্বানং নঃশব্দং যথা স্যাত্তথা মাং আবৃণু কঞ্চি হে ব্রজধূর্ত্তেতি তৎফলং ত্বং জানাস্যেবেতি ভাবঃ। অম্বরমাকাশং বস্ত্রঞ্চ পয়োধরো মেঘঃ স্তনশ্চ নষ্টেতি স্পষ্টং পক্ষে নষ্টা বহু-দিনসম্ভোগাভাবাৎ লুপ্তা ইন্দুলেখা শ্রীঃ নখাঙ্কশোভা যস্যাং তাং নব্যা নবীনা রাগেণ রক্তিম্না উজ্জ্বলা তনুঃ সূক্ষ্মা কঞ্চুলিকা স্তিমিতা আর্দ্রা সতী বৈবর্ণ্যং বৈরূপ্যং পক্ষে নব্যা স্তব্যা কঞ্চুলিকয়া উজ্জ্বলা তনুর্দেহঃ রাগেণ প্রেম্না স্তিমিতা স্তব্ধ সতী বৈবর্ণ্যং সাত্ত্বিকভাব-

আক্ষেপ বশতঃ শব্দোত্থ ব্যঙ্গ যথা—"

কোন এক যূথেশ্বরী কহিলেন, অহে ব্রজধূর্ত্ত। বর্ত্ম রোধ করিও না, আকাশে দৃষ্টি নিক্ষেপ করিয়া দেখ, সম্মুখে নিবিড় পয়োধরের উন্নতি হইয়াছে, ইন্দুরেখা আর লক্ষ্য হইতেছে না, মেঘাচ্ছাদনে উহার শ্রীভ্রষ্ট হইয়া গিয়াছে অতএব হে কুটিল! আমি লোহিত বর্ণ সূক্ষ্ম নূতন কঞ্চুলিকা পরিধান করিয়াছি, যাবৎ পর্য্যন্ত আর্দ্র হইয়া বৈবর্ণ প্রাপ্ত না হয়, তাবৎ মার্গ পরিত্যাগ করিয়া দূরবর্ত্তী হও।

উক্ত উদাহরণে আক্ষেপ হেতু শব্দোৎপন্ন ব্যঙ্গ এই যে, অহে কুটিল-চিত্ত! আমার অম্বরান্তে (কঞ্চুলিকার মধ্যে) অক্ষি নিক্ষেপ পূর্ব্বক অবলোকন কর, সম্মুখে পয়োধরের অতিশয় উন্নতি হইয়াছে, বহু দিবস যাবৎ ত্বদীয় অঙ্গের সঙ্গ লাভ করিতে না পারায় ইহার নখ-চিহ্ন সকল বিলুপ্ত হইয়া গিয়াছে, অতএব পুনরায় নখাঙ্ক দ্বারা ইহাকে বিভূষিত কর, অপর কঞ্চুলিকায় সমুজ্জ্বল এই যে আমার স্তব্য তনু (দেহ) যাবৎ প্রেম বশতঃ স্তিমিত হইয়া বৈবর্ণ্য অর্থাৎ সাত্ত্বিকাদি

যাবন্ন স্তিমিতা সতী কুটিল মে বৈবর্ণ্যমাপদ্যতে । ৬ ॥

অর্থোত্থো যথা—

কদম্বারণ্যানী কিতব বিকচং লুঞ্চসি নবং
মদুৎসঙ্গাদিষ্ট্যা বরপরিমলং মল্লিপটলং ।
রুচিস্ফারং হারং হরসি যদি মে কোঽত্র শরণং
বিদূরে যদ্গোষ্ঠং জনবিরহিতা চেয়মটবী ॥

লোচনরোচনী টীকা

প্রিয়া রাগেণ রক্তিমা পক্ষে রাগেণ উজ্জ্বলা কুণ্ডলিকয়োজ্জ্বলা তনুঃ হক্ষ্মা পক্ষে তনুঃ শরীরং স্তিমিতা অর্দ্রা পক্ষে স্তব্ধা বৈবর্ণ্যং তূভয়ত্র সমানং ৬ ।

কদম্বারণ্যানীত্যাদৌ যদ্যপি তেন স্বয়ং মহানুদ্যমঃ কৃতঃ তথাপি তস্যাঃ স্বয়মভিযোগ-স্থৌৎসুক্যস্বভাবাদেব মন্তব্যঃ ৭ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

বিশেষং । ততশ্চ কিং বাগ্রাসি পযোধরৌ তে স্পৃষ্টব্যৌ যথাশ্রিয়ৌ কুর্ব্বিতি তথা চক্রে ৬

হে কদম্ববনশ্রেণ্যাং কিতব এতদ্বনপালকোঽহমিতি কৈতবেন চৌরেত্যর্থঃ বিকচং ফুল্লং মল্লির্ম্মল্লিকা বিদূর ইত্যাদিনা স্বসম্ভোগস্যৌচিত্যং নির্ব্বিঘ্নত্বঞ্চ জ্ঞাপিতং । ততশ্চ দূরে গোষ্ঠকে তর্হি মদৈবাদ্য আতিথ্যং গৃহাণেতি তাং পাণৌ ধৃত্বা উপবেশয়ামাসেতি জ্ঞেয়ং ॥ ৭ ॥

ভাব বশতঃ বিবশ না হয় তাবৎ আমাকে রোধ করিয়া রাখ ৬ ॥

আক্ষেপ হেতু অর্থোত্থব্যঙ্গ যথা—

অহে কদম্বারণ্য-কিতব । তুমি যে আপনাকে বনপালক বলিয়া পরিচয় দাও, ইহা কেবল ছলমাত্র, বস্তুতঃ তুমি অরণ্যতস্কর, আমার ক্রোড় হইতে যে কেবল সুগন্ধ মল্লিকা মাত্র লুণ্ঠন করিয়া লইলা, ইহা আমার অতিশয় সৌভাগ্য, কারণ এখান হইতে গোষ্ঠ অতি দূর, বনও জনশূন্য, বল পূর্ব্বক যদি মনোহর হার হরণ করিয়া লইতে, তাহা হইলেই বা আমার রক্ষক কে ? ॥

অর্থোক্ত ব্যঙ্গ এই যে, গোষ্ঠ অতি দূর, বনও অতিনির্জন, আমিও একাকিনী, অন্য কোন মান্য লোকের এস্থানে আসার সম্ভাবনা নাই, অতএব তুমি যদৃচ্ছা ব্যবহার করিতে পার ।

অথ যাচ্ঞা

যাচ্ঞা স্বার্থা পরার্থেতি দ্বিধাত্র পরিকীর্ত্তিতা ৭।

তত্র স্বার্থযাচ্ঞা শব্দোত্থোব্যঙ্গো যথা—

পুষ্পমার্গণ-মনোরথোদ্ধতা কৃষ্ণ মঞ্জুলতয়া তবানয়া।

রুক্ষিতাস্মি সবিকাশয়া পুরে বিস্ফুরৎ সুমনসং কুরুস্ব মাং।

লোচনরোচনী টীকা

পুষ্পমার্গণং পুষ্পান্বেষণং পক্ষে পুষ্পমার্গণঃ কামঃ মঞ্জুলতয়া মনোরময়া লতয়া পক্ষে

আনন্দচন্দ্রিকা টীকা

পুষ্পমার্গণং পুষ্পান্বেষণং পক্ষে পুষ্পমার্গণঃ কামঃ মঞ্জুর্মনোরমা যা লতা তয়া অত্র রুক্ষিতাস্মি স্থাপিতাস্মি পক্ষে মঞ্জুলতয়া সৌন্দর্য্যেণ বিস্ফুরৎ সুমনসং প্রোত্থবিরাজমানপুষ্পাঃ পুষ্পমবচিন্বিত্যাজ্ঞাপয়েত্যর্থঃ পক্ষে বিস্ফুরৎ সানন্দং প্রাপ্তসম্ভোগমিতি যাবৎ শোভনং মনো যস্যাস্তাং ততশ্চ শ্রীকৃষ্ণঃ স্বয়মেব পুষ্পাণ্যবচিত্য তস্যাঃ কঞ্চুলিকাভ্যন্তরমর্পয়েদিতি জ্ঞেয়ং

অথ যাচ্ঞা যথ—

স্বার্থ এবং পরার্থ ভেদে যাচ্ঞা দুই প্রকার অর্থাৎ আত্মার্থ যাচ্ঞা ও পরার্থ যাচ্ঞা। ৭॥

তন্মধ্যে আত্মার্থ যাচ্ঞা শব্দোত্থব্যঙ্গ যথা—

শ্রীরাধা কহিলেন, হে গোবিন্দ! আমি পুষ্পান্বেষণ-মনোরথে উদ্ধতা হইয়া এস্থানে আসিয়াছি, তোমার এই পুষ্পিতা লতা আশ্চর্য্য রূপে শোভা বিস্তার করাতে আমার গতি রোধ করিল, অতএব আজ্ঞা কর, লতাতে শোভমান বিকচ (প্রস্ফুটিত) কুসুমচয় চয়ন করি

উক্ত উদাহরণের শব্দোৎপন্ন ব্যঙ্গ এই যে পুষ্পমার্গণ শব্দের দুইটী অর্থ, পুষ্পের অন্বেষণ এবং কাম। মঞ্জুলতা এই শব্দটী পৃথক্ করিলে মঞ্জু এবং লতা অর্থাৎ মনোহারিণী লতা অথবা মঞ্জুলতা এক শব্দ করিলে অর্থ সৌন্দর্য্য। আর সুমনস শব্দের অর্থ পুষ্প ও প্রশস্ত মনঃ। অর্থাৎ শ্রীমতীর প্রার্থনা এই যে, অহে গোবিন্দ! আমি কামে উদ্ধত বুদ্ধি হইয়া এস্থানে আসিয়াছি, তোমার সৌন্দর্য্য সন্দর্শনে

অর্থোত্থে যথা—

বৃন্দারণ্যং ভুজগনিকরাক্রান্তমশ্রান্তমস্মাৎ
কাত্যায়ন্যৈ কুসুমপটলীং জাতভীর্নাহরামি
তেন ক্রীড়োদ্ধতফণিপতে শ্রদ্ধয়াস্মি প্রপন্না

লোচনরোচনী টীকা

মনোহরতয়া বিস্ফুরৎ সুমনসং বিরাজমানশোভনচিত্তং পক্ষে বিরাজৎ সুষ্ঠু পুষ্পাং ৮

আনন্দচন্দ্রিকা টীকা

একান্ত ইতি তত্রাত্র সখ্যয়ো মম চ সখ্যশ্চ ন সন্তীতি ভাবঃ। দিশ দেহি বিষহরমিতি কন্দর্পসর্পেণ দষ্টাস্মীতি দ্যোতয়তি ততশ্চ মন্ত্রস্যোচ্চৈরুচ্চারণমনুচিতমিতি মন্মুখসমীপে স্বদক্ষিণং কর্ণমর্পয়েতি তথা কুর্বতীং তাং মন্ত্রোপদেশমিষেণ গণ্ডে চুম্বিত্বা দক্ষিণীর্থং কঞ্চুকীং জগ্রাহেতি জ্ঞেয়ং। ৮।

গতিরোধ হইল, অতএব আমাকে এই প্রকার অঙ্গসঙ্গ সমর্পণ কর যে যাহাতে হর্ষমনে গমন করিতে পারি

স্বর্থযাক্রা অর্থোত্থব্যঙ্গ যথা—

শ্রীমতী কহিলেন, হে কেশিনিসূদন। সম্প্রতি বৃন্দারণ্য ভুজগনিকরে আক্রান্ত হওয়ায় আমার চিত্তে অতিশয় ভয় জন্মিয়াছে, একারণ কাত্যায়নীর কুসুম চয়ন করা হয় না, অতএব, হে কালিয়ফণানর্ত্তক। আমি শ্রদ্ধান্বিত হইয়া তোমার শরণ লইলাম, প্রসন্ন হও এই নির্জন প্রদেশে এমত একটী বিষহর মন্ত্র উপদেশ কর যে তদ্দ্বারা যেন আর সর্প ভয় না হয়।

উক্ত উদাহরণের অর্থোৎপন্ন ব্যঙ্গ এই যে,-শ্রীমতী কহিলেন, শ্রীকৃষ্ণ। বৃন্দারণ্য অতিনির্জন, এখানে আমার কোন সখী অথবা তোমার কোন সখা উপস্থিত নাই, আমি কন্দর্পসর্পে দষ্টা হইয়াছি, অতএব কোন একটী বিষহর মন্ত্র প্রদান কর ইত্যাদি প্রার্থনায় শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়ে। উচ্চরূপে মন্ত্রোচ্চারণ করা অনুচিত, অতএব আমার বদন সন্নিধানে আপন দক্ষিণ কর্ণ সমর্পণ কর, বিষহর মন্ত্র উপদেশ করি, এই বাক্যে শ্রীমতী দক্ষিণ কর্ণ প্রদান করিলে শ্রীকৃষ্ণ মন্ত্রোপ-

ত্বামেকান্তে দিশ বিষহরং মন্ত্রমেকং প্রসীদ ৮।

যথা বা ॥

সমস্তমভিরক্ষিতুং জনমরণ্যবীরুদ্বনে
বনে চরসি কীর্ত্যসে ত্বমুরুকীর্ত্তিভাজাং ধুরি।
প্রসীদ করুণাং কুরু ত্বরিতমুদ্দিশাধ্বকমং

লোচনরোচনী টীকা

সমস্তং গোগোপালহরিণাদিকং অবর্য্যত্বং নিশ্ছিদ্রত্বং যদুদ্বহেতি ব্রজেপ্যপি যদু-

আনন্দচন্দ্রিকা টীকা

মন্ত্রজিঘৃক্ষায়াং স্বাভিপ্রায়ঃ প্রায়েণোদ্দ টিতো ভবতীত্যপরিতুষ্যন্নাহ যথা। প্রগল্ভায়াঃ স্বাভিযোগমুদাহৃত্য মুগ্ধায়া আহ যথা বেতি সমস্তেতি। অরণ্যেতি নিশ্ছিদ্রাভি বীরুদ্ভির্ঘনে নিবিড়ে. ধুরি চিহ্নং গণনায়ামিতি যাবৎ যদূদ্বহেতি ব্রজন'ন্দ্য যাদবত্বং যাদবানাং হিতার্থায় ধৃতো গোবর্দ্ধনো যেনেতি শ্রীহরিবংশোক্তেঃ বিখ্যাতমেবেতি অতএব ত্বৎসমীপমধ্বানমেব প্রষ্টুমায়াতাস্মীতি ভাবঃ তচ্ছাদনেন পথা আগচ্ছেতি তাং কিয়দ্দূরগামীর সংপ্রাত্য

দেশ ছলে তদীয় গণ্ডে চুম্বন এবং দক্ষিণার্থ কঞ্চুলিকা গ্রহণ করিলেন ॥

উল্লিখিত উদাহরণে মন্ত্রগ্রহণার্থ স্বীয় অভিপ্রায় প্রকাশ হেতু অথবা প্রগল্ভার আত্ম প্রার্থনা উদাহরণানন্তর মুগ্ধার স্বাভিলাষ প্রকাশ করত উদাহরণ করিতেছেন। ৮॥

যথা বা ॥

শ্রীমতী কহিলেন, হে যদুনাথ! তোমাকে সামান্য ব্যক্তি বলিতে পারি না, কীর্ত্তিশালি মানবদের গণনায় তোমাকে কীর্ত্তিমান্ বলিয়া গণ্য করে, তুমি নিখিল জন রক্ষণার্থ এই নিবিড়ারণ্যে ভ্রমণ করিতেছ, আমি অবলা গোপবধূ, আমার প্রতি প্রসন্ন হও, পথভ্রমে এই বিজন বিপিনে ভ্রমণ করিতেছি, করুণা প্রকাশ পূর্ব্বক শীঘ্র বর্ত্ম উপদেশ কর, যাহাতে এই বধূজন বৃন্দাবন প্রাপ্ত হইতে পারে ॥

উক্ত উদাহরণের অর্থোৎপন্ন ব্যঙ্গ এই যে শ্রীমতী কহিলেন, যদুনাথ! আমি পথ বিস্মৃত হইয়া নিবিড়ারণ্যে পরিভ্রমণ করিতেছি,

যদূদ্বহ বধূজনঃ শ্রয়তু বিস্মৃতাধ্বা ব্রজং ॥ ৯।

পরার্থযাচ্ঞয়া শব্দোত্থে যথা—

সকৃৎ পীত্বা বংশীধ্বনিনরসুধাং কর্ণচুলুকৈঃ
মদালী বিভ্রান্তা লঘিংমি করোল্লালিতমতিঃ।

লোচনরোচনী টীকা।

বংশজত্বাৎ　তদেতদ্বৈষ্ণবতোষণ্যাখ্যদশমটিপ্পন্যাং শ্রীকৃষ্ণসন্দর্ভে চ প্রকাশিতমস্তি ॥ ৯।

সুধাং পীযূষং　পক্ষে দদ্রু আদিচূর্ণং মদালী মম সখী পক্ষে মদশ্রেণী　সদাহং

আনন্দচন্দ্রিকা টীকা।

প্রেতনঃ কুটিলবল্লীবেষ্টিতঃ পন্থ ত্বয়া দুর্ব্বলয়া পদ্ভ্যামুল্লঙ্ঘয়িতুমশক্য ইতি সমন্তমভিরক্ষিতুং জনমিত্যাদি তস্যা বচঃ সত্যাপয়ন্নিব তাং বলাদুত্থাপ্য স্বকক্ষা উবাহেতি জ্ঞেয়ং ৯

সকৃদিতি সুধাং দদ্রু আদিচূর্ণং সুধাং অমৃতঞ্চ মদালী মম সখী বিভ্রান্তা বিশিষ্ট ভ্রমিযুক্তা সদাহং দাহেন সহবর্ত্তমানং। পক্ষে মুহীহুষ্ণং বা মদালী মদশ্রেণী সদাহং সদৈবাহং সুধাস্ত্রীলেপনে। সুধাং মুহীহুগ্ধেষ্টিকায়ুতে ইতি মেদনী। গদং রোগং কামপীড়াঞ্চ। ততশ্চ তাদৃশ-

করুণা প্রকাশ পূর্ব্বক বর্ত্ম উপদেশ কর, ইত্যাদি প্রার্থনায় শ্রীকৃষ্ণ কহিলেন, আইস আমি সঙ্গে করিয়া লইয়া যাইতেছি, অনন্তর শ্রীমতী সঙ্গে সঙ্গে চলিতে লাগিলে ধূর্ত্তরাজ কৃষ্ণ বক্রবল্লী-বেষ্টিত দুর্গম স্থান প্রাপ্ত করাইয়া কহিলেন, প্রিয়ে! এ অতি কণ্টকাকীর্ণ স্থল, স্বয়ং পদব্রজে গমন করিতে পারিবে না, আমার ক্রোড়ে আরোহণ কর, পার করিয়া দিতেছি এই বলিয়া বলপূর্ব্বক তাঁহাকে ক্রোড়ে করত বহন করিতে লাগিলেন ৯॥

অথ পরার্থযাচ্ঞা শব্দোত্থব্যঙ্গ যথা—

কোন এক সখী শ্রীকৃষ্ণ সমীপে আগমন করিয়া কহিল, হে আর্ত্তিনাশন! তোমার বংশীধ্বনি রূপ শঙ্খচূর্ণ (চূং) কর্ণাঞ্জলি দ্বারা একবার মাত্র পান করিয়া আমার প্রিয়সখী ভ্রমিরোগে পীড়িতা হইতেছেন, আবার ক্ষুদ্র লোকেরা উঁহার বুদ্ধির উত্তেজনা করিয়া দিতেছে, রোগ অতি উৎকট, সর্ব্বদা গাত্র দাহ হওয়াতে বর্ণের বৈবর্ণ্য জন্মিয়াছে, অতএব হে কংসনিসূদন! আমি তোমাকে ধন্বন্তরি বলিয়া নিশ্চয় করিয়াছি, যাহাতে প্রিয়সখীর রোগ উপশম হয় এমত কোন মহৌষধ প্রদান কর॥

সদাহং কংসারে কমপি গদমাসাদ্য নিগমং
বিবর্ণা ত্বাং ধন্বন্তরিমিহ পরং নিশ্চিতবতী
অর্থোত্থো যথা—
অসূর্য্যম্পশ্যাপি প্রিয়সহচরী প্রেমভিরহং

লোচনরোচনী টীকা

সর্ব্বদৈবাহং পক্ষে দাহসহিতং ১০ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

অহং মন্ত্রমৌষধঞ্চ জানামি যৎ মদঙ্গেষু মন্ত্রপাঠেন কবচেন কৃতবন্ধেষু তথা তন্মুখনেত্রাদিষু কেনাপি প্রলেপবিশেষেণ লিপ্তেষু তস্যাঃ ক্রমেণ বহিরন্তর্দাহস্য প্রশমো ভবিষ্যতীতি শ্রীকৃষ্ণস্য প্রত্যুক্তির্জ্ঞেয়া।

অসূর্য্যম্পশ্যেত্যনেন স্বস্যা ছত্রদর্শনত্বং রাজকন্যাত্বঞ্চ শশিমুখ্যেত্যাদিনা পরমসৌন্দর্য্যং

শব্দার্থ ব্যঙ্গ এই যে আমার প্রিয়সখী কর্ণাঞ্জলি দ্বারা একবার মাত্র তোমার বংশী নাদামৃত পান করিয়া উন্মত্তচিত্ত হইয়াছেন, আবার ক্ষুদ্র লোকের উত্তেজনাতে বুদ্ধির অতিশয় ভ্রম জন্মিতেছে, রোগ অতি উৎকট, সর্ব্বদা গাত্রদাহ হওয়াতে পূর্ব্ববৎ রূপলাবণ্য নাই, বর্ণ বিবর্ণ হইয়াছে, অতএব হে অঘনাশন ! তোমাকে কামোপশমক ধন্বন্তরিরূপে নিশ্চয় করত তোমার সমীপে আগমন করিলাম, যাহাতে আমার প্রিয়সখী শীঘ্র সুস্থা হইতে পারেন, এমত কোন অনঙ্গ পীড়ার মহৌষধি প্রদান কর। সখীর ঐরূপ প্রার্থনায় শ্রীকৃষ্ণ কহিলেন, দূতি! আমি এক প্রকার মন্ত্র ও ঔষধ জানি যে তোমার অঙ্গে মন্ত্রপাঠ পূর্ব্বক কবচ দ্বারা রক্ষ বন্ধন করিলে তৎপরে তোমার মুখ নেত্রাদি অঙ্গবিশেষে প্রলেপ দিলে ক্রমশঃ তোমার প্রিয়সখীর অন্তর ও বাহ্যের দাহ উপশম প্রাপ্ত হইবে ॥

পদার্থ যাজ্ঞা অর্থোদ্ভব ব্যঙ্গ যথা—

কোন যূথেশ্বরী কহিলেন, হে মধুমথন! আমি অসূর্য্যম্পশ্যা অর্থাৎ দিবাকরের খরতর করে দেহ উত্তপ্ত হইবার আশঙ্কায় তাঁহার প্রতি

তবাভ্যর্ণং লব্ধা মধুমথন দূত্যং বিদধতী।
দ্রুতং তস্যাঃ স্নেহং নিশময় ন যাবচ্ছশিধিয়া

আনন্দচন্দ্রিকা টীকা

মাধুর্য্যঞ্চাভিব্যজ্য অহমেব তে সম্ভোগযোগ্যেতি দ্যোতিতং ততশ্চ তস্যাঃ স্নেহং পশ্চাৎ শ্রোষ্যামি প্রথমং ভবত্যা রক্ষণোপায়ং চিন্তয়ামি তত্র যদি বহিরিহ তিষ্ঠসি তদা দুষ্টচকোরো-ঽয়ং ন ত্বাং ত্যক্ষ্যতি ইহৈব গিরিগহ্বরং চান্ধতমসব্যাপ্তমেকাকিনী প্রবেষ্টুং বিভেষি অতো ঽহমেব ত্বামতিভীতাং স্ববক্ষসোঽন্তরে নিহ্নুত্য ক্বাপি ক্ষণং স্থিত্বা চকোরং বঞ্চয়ামি তস্যাঃ স্নেহঞ্চ শৃণোমীতি শ্রীকৃষ্ণোক্তি র্জ্ঞেয়া। আদিশব্দাদেবমন্যেনাপি সখ্যো মমুর্গৃহমহং কলসীং বহন্তী পূর্ণামতীব মহতীমতুলশ্বসতাস্মি একাকিনীং স্পৃশসি মাং যদি নন্দসূনো ত্যক্ষ্যামি জীবনমিদং সহসা পুরস্তে অত্র জীবনং পক্ষে জলঞ্চ অত্র হন্ত কথং জীবনং ত্বং ত্যক্ষ্যসি কিন্ত্বহমেব ত্যক্ষ্যামীত্যুক্ত্বা তন্মূর্দ্ধ্নঃ কলসীং গৃহীত্ব তস্যা জলমপসারয়ামাস শ্রীকৃষ্ণ ইতি

নেত্র নিক্ষেপ করি না, কি করি সাধ্য নাই, প্রিয়সখীর প্রণয়বশতই দৌত্য স্বীকার করিয়া তোমার নিকটে আসিতে হইল, কিন্তু আমি অধিকক্ষণ বাহিরে থাকিতে পারিব না, যাবৎ রজনীযোগে উদয়শীল শশিভ্রমে দগ্ধ চকোর আমার বদনচন্দ্রের চন্দ্রিকা পান করত পীড়া না দেয় তাবৎ শীঘ্র তোমার প্রেয়সীর স্নেহ শ্রবণ কর

অর্থোৎপন্ন ব্যঙ্গ এই যে, আমি অসূর্য্যম্পশ্যা এতদ্দ্বারা নিজের দর্শনের দুর্ল্লভত্ব এবং রাজকন্যাত্ব ব্যক্ত করা হইল, আর শশিভ্রমে পোড়া চকোর আমাকে পান করিবে ইত্যাদি উক্তি বশতঃ নিজের সৌন্দর্য্য ও মাধুর্য্য প্রকাশ করত একা আমিই তোমার সম্ভোগ যোগ্যা ইত্যাদি ভাব ব্যক্ত করা হইল। উক্ত বিষয়ে শ্রীকৃষ্ণের অভিপ্রায় এই যে, হে প্রিয়তমে! তোমার প্রিয়সখীর স্নেহ পশ্চাৎ শ্রবণ করিব, প্রথমতঃ তোমার রক্ষার উপায় চিন্তা করি। হে সুধাংশুবদনে! তুমি যদি বাহিরে অবস্থিতি কর তাহা হইলে দুষ্ট চকোর তোমাকে ত্যাগ করিবে না নিশ্চয় পান করিবে, অতএব সম্মুখবর্ত্তি গিরিগহ্বরে প্রবেশ কর, যদি অন্ধকার দেখিয়া একাকিনী যাইতে ভীতা হও, তবে আমি

ধয়ন্ বক্ত্রজ্যোৎস্নাং নিশি হতচকোরস্ত্বদতি মাং ১০।

অথ ব্যপদেশঃ।

জল্পব্যাজেন কেনাপি ব্যপদেশোঽত্র কথ্যতে ১১।

তেন শব্দোত্থো যথা—

ত্যজন্ কুবলয়াধিকাং ঘনরসপ্রিয়োল্লাসিনীং

লোচনরোচনী টীকা

ব্যপদেশ ইতি রসশাস্ত্র এবাস্যাপদেশস্য পারিভাষিকী সংজ্ঞা অন্যত্র ত্বভিধেবোচ্যতে। ব্যপদেশস্তু ব্যাজ এবেতি ব্যাজশ্চান্যবর্ণনেনাভীষ্টার্থবোধনং। অয়মেবাপ্রস্তুতপ্রশংসানামালঙ্কারঃ ১১

ত্যজন্নিত্যত্র শ্লেষঃ স্পষ্ট এব তত্র বক্ত্র্যাঃ স্বং কে মাসিতি গম্যতে ঈমামিত্যনেন

আনন্দচন্দ্রিকা টীকা

শ্লেষঃ স্বামী মুগ্ধতরো বনং ঘনমিদং বালাহমেকাকিনী ক্ষৌণীমাবৃণুতে তমালমলিনচ্ছায়া তমঃসন্ততিঃ তন্মে সুন্দর কৃষ্ণ মুঞ্চ সহসা বর্ত্মেতি রাধাগিরঃ শ্রুত্বা তাং পরিরভ্য মন্মথকলাসক্তো হরিঃ পাতু বঃ ইতি শব্দার্থভববাচিকোদাহরণবৎ জ্ঞেয়ং ১০

জল্প ইতি শ্রীকৃষ্ণং প্রত্যেবোক্তিঃ কিন্তু কেনাপি ব্যাজেনাপ্রস্তুতপ্রশংসয়েত্যর্থঃ ১১

কাচিৎ প্রগল্ভা কাঞ্চিৎ স্ববিপক্ষামবলোকয়ন্তং শ্রীকৃষ্ণং প্রতি স্বমভিযুঞ্জানা তদপকর্ষস্বোৎকর্ষৌ ব্যঞ্জয়তি ত্যজন্নিতি। কুবলয়ং নীলোৎপলং ভূমণ্ডলঞ্চ ঘনরসো জলং শৃঙ্গার-

---

তোমাকে বক্ষে করিয়া লইয়া যাইতেছি, অঙ্গসঙ্গোপন পূর্ব্বক কিয়ৎ-ক্ষণ অবস্থান করিলে অসংশয় ধূর্ত্ত চকোর বঞ্চিত হইবে এবং আমিও ঐ অবকাশে তোমার প্রিয়সখীর স্নেহ শ্রবণ করিব, ইত্যাদি ছলপূর্ব্বক শৈলগহ্বরে প্রবেশ করাইয়া শ্রীকৃষ্ণ যথেচ্ছ ক্রীড়ায় রত হইলেন। ১০॥

অথ ব্যপদেশ।

ছল পূর্ব্বক কথনের নাম ব্যপদেশ। অর্থাৎ অন্য বর্ণন দ্বারা স্বাভিলাষ প্রকাশ করণ ১১

তন্মধ্যে শব্দোদ্ভব ব্যঙ্গ ব্যপদেশ যথা—

কোন যূথেশ্বরী আপনার বিপক্ষা কোন এক সখীকে শ্রীকৃষ্ণের প্রতি স্বীয় অভিযোগ করত আপনার উৎকর্ষ প্রকাশ পূর্ব্বক কহিলেন,

পুরঃ সুরতরঙ্গিণীং মধুরমত্তহংসস্বনাং।
মলীমসপয়োধরামপি মদান্ধ পাস্মিমিমাং

লোচনরোচনী টীকা।

নায়িকান্তরস্য চ তত্র গমনং ব্যঞ্জ্যতে　নদীপক্ষে সুরতরঙ্গিণী গঙ্গা　কর্ম্মনাশা নাম কাচিন্মগধদেশসমীপবাহিনী। যদ্যপ্যর্থে শ্লেষোহপ্যস্তি তথাপ্যসৌ ব্যাজময় এবেতি ব্যপ-

আনন্দচন্দ্রিকা টীকা।

রমশ্চ সুরাণাং তরঙ্গিণীং গঙ্গাং সুরতেষু রঙ্গিণীঞ্চ পয়োজলং পয়োধরৌ স্তনৌচ পদ্মিন্ হে হস্তিন্ পক্ষে লীলাকমলধারিন্　পঙ্কঃ কর্দ্দমঃ পাপঞ্চ　কর্ম্মণাং মগধদেশীয়পাপনদীং পক্ষে বিদগ্ধক্রিয়াণাং নাশো লোপো যস্যাং অস্যা অজ্ঞত্বাদিত্যর্থঃ　অত্র পুরঃ-শব্দেন পক্ষে স্বদগ্র-বর্ত্তিনীং মামিত্যর্থঃ　ততশ্চ বামপাঙ্গেনৈব পুরঃ কুঞ্জং প্রবিশেত্যাহ শ্রীকৃষ্ণ ইতি জ্ঞেয়ং।

অহে মত্ত করীন্দ্র! তুমি আত্মমদে অন্ধ হইয়াছ, সুতরাং তোমার সদসদ্ জ্ঞান নাই, অগ্রে সুরতরঙ্গিণী (গঙ্গা) সন্দর্শন কর, উহাতে কেমন কুবলয় (সুঁদীফুল) সকল প্রফুল্ল হইয়া শোভা পাইতেছে, এবং মধুর মত্তহংসগণ ইতস্ততঃ সন্তরণ করত কতই না আমোদ প্রকাশ করিতেছে, অতএব হে মধুসূদন। যিনি ঘনরসের (জলের) মনোহর শ্রীতে অতিশয় উল্লাস প্রকাশ করিতেছেন সেই সুরতরঙ্গিণী ত্যাগ করিয়া মলীন সলিলশালিনী পঙ্কিলা কর্ম্মনাশার (মগধদেশীয় নদী বিশেষের) সেবা করিতেছ? কি কষ্ট? ।

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, ছল পূর্ব্বক হস্তী উপলক্ষ করিয়া আপনার সুরতরঙ্গিণীত্ব ও বিপক্ষের কর্ম্মনাশাত্ব প্রকাশ করা হইল। ইহার শব্দোৎপন্ন ব্যঙ্গ এই যে, আমি সুরতরঙ্গিণী অর্থাৎ সুরত (সম্ভোগ) বিষয়ে অতিশয় রঙ্গিণী এবং কুবলয়াধিকা এই পদে কুশব্দে পৃথ্বী, বলয় শব্দে মণ্ডল অর্থাৎ ভূমণ্ডলে আমা অপেক্ষা আর কেহ অধিকা নাই, তথা ঘনরস শব্দের একার্থে জল, দ্বিতীয়ার্থে শৃঙ্গার, অর্থাৎ আমি শৃঙ্গাররসে অতি নিপুণ, অগ্রবর্ত্তিনী আমাকে ত্যাগ

ভজন্ কিমিব পঙ্কিলাসহহ কর্ম্মনাশামসি

অর্থোত্থো যথা—

মধুপৈরনবঘ্রাতাং বিমুচ্য মাকন্দমঞ্জরীং মধুরাং।
ভ্রাম্যসি মদকল কোকিল কথমিব বৃন্দাবনে পরিতঃ।

লোচনরোচনী টীকা।

দেশমেব পুরাতি ১২

আনন্দচন্দ্রিকা টীকা।

মধুপৈ ভ্রমরৈঃ পক্ষে মধুর্বসন্তস্তং পান্তি পালয়ন্তীতি মধুপা দক্ষিণানিলাঃ তৈরপ্যনাঘ্রাতাঙ্গসুগন্ধামিত্যাশয়ঃ সদা বস্ত্রাবৃতসর্ব্বাঙ্গতয়া স্থিতত্বেন স্বরমজ্জামুদং বাঞ্ছিতং ব্যাখ্যান্তরং বৈরস্যং স্যাৎ অতিশয়োক্তিঃ প্রাগুক্তার্থস্য শিষ্টার্থতো বহিরঙ্গত্বাচ্চ ত্যাজ্যং। অত্র মধুপৈরিত্যেকেনৈব পদেন পরিবৃত্ত্যসহেনাদ্যোদাহরণস্য শব্দে ধ্বনং নাশঙ্কনীয়ং সর্ব্বত্রালঙ্কারশাস্ত্রে শব্দার্থোভয়শক্ত্যুত্থধ্বনিষু ভূয়া ব্যপদেশা ভবন্তীতি নিয়মাৎ দ্বিত্রিচতুরৈ শব্দৈরর্থৈর্ব্বা পরিবৃত্ত্যসহিষ্ণুত্বাৎ ব্যপদেশ স্বীকারে নত্বেকেনৈব শব্দেনার্থেন বা দৃষ্টঃ তত্তশ্চ ভোঃ কোকিল সর্ব্বং পরিত্যজ্য মাকন্দমঞ্জরীং স্বয়ং ভুঙ্ক্ষ্ব তত্ত্বমন্তঃ সকাশাৎ তৎপ্রকার শিক্ষোক্তিসা শ্রীকৃষ্ণেন হঠাচ্চুম্বিতেতি জ্ঞেয়ং ১২

করিয়া পাপরূপা কর্ম্মনাশা অর্থাৎ বিদগ্ধ ক্রিয়া নাশিনী অন্যাকে ভজনা করিতেছ। হা কষ্ট?

অথ অর্থোৎপন্নব্যঙ্গব্যপদেশ যথা—

কোন যূথেশ্বরী কহিলেন, অহে মদমত্ত কোকিল। তুমি মধুপ বৃন্দের অনাঘ্রাত আম্র মুকুল পরিত্যাগ করিয়া বৃথা কেন বৃন্দাবনের চতুর্দ্দিকে পরিভ্রমণ করিতেছ? তোমার বুদ্ধির ভ্রম জন্মিয়াছে না কি? অতএব অন্যাভিলাষ বিসর্জ্জন পূর্ব্বক কেবল আম্রমঞ্জরীই উপভোগ কর

অর্থোত্থ ব্যঙ্গ এই যে, মধুপশব্দে ভ্রমর এবং শ্লেষার্থে দক্ষিণ বায়ু। কোন যূথেশ্বরী কোকিল উপলক্ষে শ্রীকৃষ্ণকে কহিলেন, অহে আভীর বধূবঞ্চক। দক্ষিণানিল আমার অঙ্গ পরিমল অপনয়ন করিতে পারে নাই সর্ব্বাঙ্গ বস্ত্র দ্বারা আবৃত রহিয়াছে। অতএব হে মধুরভাষিন্! এমত লজ্জাশীলা সুরূপা ত্যাগ করিয়া বৃথা কেন বৃন্দাবন পরিভ্রমণ করিতেছ? অন্যাসক্তি পরিত্যাগ পূর্ব্বক কেবল আমারই ভজনা কর।

অথ পুরস্থবিষয়ঃ ॥

শৃণ্বতোঽপি হরের্মন্ত্রা ব্যাজাদশ্রুতিবৎ কিল।
জল্পোঽগ্রতঃ স্থিতে জন্তৌ পুরস্থবিষয়ো মতঃ ১২ ॥

তত্র শব্দোত্থো যথা—

আহূয়মানাস্মি কথং ত্বয়াঽলিনাং
স্বনৈঃ স্বপুষ্পাবচয়ায় মালতি।
আমোদপূর্ণং সুমনোভিরাশ্রিতং
পুন্নাগমেব প্রমদেন কাময়ে

লোচনরোচনী টীকা

ব্যঙ্গপক্ষে পুন্নাগঃ পুরুষোত্তমঃ ১৩

আনন্দচন্দ্রিকা টীকা।

পুন্নাগং প্রক্ষে পুরুষোত্তমং শ্রীকৃষ্ণং ততশ্চ শ্রীকৃষ্ণেন তত্রাগত্য সখি প্রাক্তন্তে মনোরথ-স্তদেহি পুন্নাগং তে দর্শয়ামীতি সা হস্তগ্রাহং পুন্নাগপুষ্পং যাচেন্দ্র প্রাপিতা

অথ পুরস্থ বিষয়।

শ্রবণকারি হরিকে অশ্রুতের ন্যায় জ্ঞান করিয়া ছল পূর্ব্বক অগ্রস্থ জন্তুর প্রতি যে জল্প অর্থাৎ শ্রীকৃষ্ণের প্রতি বক্রোক্তি, তথা কোন কোন স্থানে প্রাসঙ্গিক বিষয়ের যে প্রশংসা তাহাকেই পুরস্থ বিষয় বলে।১২।

তন্মধ্যে শব্দোদ্ভব ব্যঙ্গ পুরস্থ বিষয় যথা—

কোন স্বয়ং দূতী যূথেশ্বরী শ্রীকৃষ্ণ-সম্মুখে অবস্থিত রহিয়াছেন দেখিয়া স্বাভিলাষ প্রকাশ পূর্ব্বক মালতীলতাকে সম্বোধন করিয়া কহিলেন হে মালতীলতে! মধুকর নিকরের নিস্বন দ্বারা স্বীয় কুসুম চয়নার্থ আমাকে আহ্বান করিয়াছ সত্য, কিন্তু আমি অগ্রবর্ত্তি আমোদ পূর্ণ কুসুমান্বিত পুন্নাগই কামনা করিতেছি তোমার আর প্রার্থনা বৃথা

উক্ত উদাহরণে শব্দোৎপন্ন ব্যঙ্গ এই যে পুন্নাগ শব্দে নাগ কেশর এবং পুরুষশ্রেষ্ঠ অর্থাৎ পুরুষরত্ন নন্দনন্দনের প্রতিই আমার অভিলাষ।

অর্থোত্থো যথা—

অনবচিতচরীয়ং চারুপুষ্পা লতালী
তব নিখিলবিহঙ্গাশ্চাত্র নির্দ্ধূতশঙ্কাঃ।
ত্বয়ি বিচরিতুমীহে তেন গোবর্দ্ধনাদ্য
প্রকটয় তমুপায়ং নির্বৃতা যেন যামি।

যথা বা

আনন্দচন্দ্রিকা টীকা।

নির্বৃতা সিদ্ধমনোরথা। ততশ্চ তত্রাগত্য শ্রীকৃষ্ণেনোক্তং অত্র গহ্বরে সাক্ষাৎ প্রকটীকৃতমূর্ত্তিনা শ্রীগোবর্দ্ধনেন গিরিরাজেনাহমুক্তঃ বহিঃস্থিতা কাচিন্মাং কিঞ্চিৎ প্রার্থয়তে তাং মৎসমীপমানয়েতি অতঃ সখি ত্বং নমস্কর্ত্তুং প্রবিশেতি সা গহ্বরং নীতা।

অথ অর্থোৎপন্ন ব্যঙ্গ স্বয়ং দূতী পুরস্থ বিষয় যথা—

কোন যূথেশ্বরী সম্মুখবর্ত্তি নন্দনন্দনকে সন্দর্শন করিয়া ছল পূর্ব্বক গোবর্দ্ধনকে কহিলেন, অহে শৈলরাজ! তোমার কুসুমলতা সকলের পুষ্পচয়ন না হওয়াতে কেমন মনোহর শোভা পাইতেছে এবং খগবৃন্দ নিঃশঙ্কচিত্তে তোমাতে বসতি করিতেছে, অতএব আমারও অভিলাষ এই যে তোমাতে কিয়ৎক্ষণ বিচরণ করি, কিন্তু তুমি এমন একটী উপায় প্রকটন কর যে তদ্দ্বারা মনোরথ সাধন পূর্ব্বক গমন করিতে পারি। অর্থোৎপন্ন ব্যঙ্গ এই যে, উল্লিখিত যূথেশ্বরী শ্রীকৃষ্ণের নিকট সাক্ষাৎ রতি প্রার্থনা করাতে শ্রীকৃষ্ণ সম্মুখে আসিয়া কহিলেন, অয়ি গোপালিকে। এই গিরিগহ্বরে গোবর্দ্ধনদেব মূর্ত্তি প্রকটন পূর্ব্বক বিরাজ করিতেছেন, তিনি আমাকে আজ্ঞা করিলেন কৃষ্ণ! দেখত বাহিরে আমার কোন ভক্ত আমার নিকট কিছু প্রার্থনা করিতেছে, শীঘ্র তাহাকে আমার সমীপ প্রাপ্ত করাও, সাক্ষাতে প্রার্থনা করুক, অতএব হে সখি। গিরিরাজকে প্রণামার্থ এই গহ্বরে প্রবেশ কর।

অপর স্থাবর জঙ্গম প্রভৃতি সকলকেই পুরস্থ বিষয় বলা যায়।

প্রসিদ্ধঃ সাধ্বীনাং ব্রতহরবিনোদো ব্রজপতেঃ
সুতোঽয়ং ত্বং বাচাপ্যলমসি নিরোদ্ধুং ন মৃদুলা।
অহো ধিঙ্ মূঢ়াহং তদপি গহনে গ্রন্থিল-লতা-
শতাক্রান্তে শ্রান্তা যদিহ বিচরাম্যস্য পুরতঃ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

অত্র পুরস্থশব্দেন স্থানরো কৃষ্ণমশোচতে ইতি জ্ঞাপয়িতুমাহ যথা বেতি। ন অলং ন সমর্থা। গ্রন্থিলেত্যান্যজনাগমনসামর্থ্যাং শ্রান্তেতি স্বস্যা ধাবণাসামর্থ্যাং ততশ্চ তথা-গত্যা তেনোক্তং সুন্দরি সখ্যা সহ সম্বাদস্তে ময়া শ্রুতঃ সত্যমেব ত্বং বিভেষি শ্রীবিষ্ণোঃ শপথং করোমি তব সাধ্বীত্বং নৈবাহং ধ্বংসয়িষ্যামি কঃ খলু বিশ্বস্তঘাতী মাদৃশো ভবিতুমীষ্টে তদত্র কুঞ্জে পুষ্পশয্যায়াং ক্ষণং স্বপিহি বনবিহারশ্রান্তাসক্তা মম দয়োৎপদ্যতে অহমেবাত্র রক্ষকোঽস্মি মাঽন্যজনাগমনং শঙ্কিষ্ঠা ইতি

কোন এক যূথেশ্বরী কহিলেন সখি! ব্রজপতিতনয় সাধ্বীগণের ব্রতহারিত্ব রূপে প্রসিদ্ধ, তদ্বিষয়েই তাঁহার অনুরাগ দেখিতে পাই, তুমি অতিমৃদুলা, কোন ক্রমেই আমাকে রক্ষা করিতে সমর্থ হইবা না, অগ্রে বন অতি ভয়ঙ্কর, শত শত গ্রন্থিল (গিঁটযুক্ত) লতায় আক্রান্ত হওয়াতে কোন ব্যক্তিরই এস্থানে আসার সম্ভাবনা নাই এবং আমিও সাতিশয় শ্রান্তি বশতঃ ক্লান্তা হইয়াছি, শীঘ্র গমন করিতে পারিব না, অহো! আমার কি মূঢ়তা? তথাপি হরির অগ্রে বিচরণ করিতেছি অতএব আমাকে ধিক্।

অর্থোদ্ভব ব্যঙ্গ এই যে কোন যূথেশ্বরী শ্রীকৃষ্ণের সমক্ষে আপনার সখীসহ উক্তরূপ কথোপকথন করিতেছিলেন শ্রীকৃষ্ণ শ্রবণ করিয়া কহিলেন, হে সুন্দরি! শ্রুত হইলাম তুমি কি আমাকে ভয় করি-তেছ? আমি বনরক্ষক, কোন আশঙ্কা নাই, শ্রীবিষ্ণুর শপথ পূর্ব্বক কহিতেছি তোমার সতীত্ব ধ্বংসন করিব না, মাদৃশ জন কি বিশ্বস্ত ঘাতী হইতে ইচ্ছা করে? অতএব কিয়ৎক্ষণ কুঞ্জাভ্যন্তরে পুষ্পশয্যায় শয়ন কর, তোমাকে বনভ্রমণে ক্লান্তা দেখিয়া দয়া জন্মিতেছে, আমি এই স্থানের রক্ষক, এখানে অন্য কোন জনের আসিবার আশঙ্কা নাই॥

অথাঙ্গিকাঃ

অঙ্গুলিস্ফোটনং ব্যাজসংভ্রমাদ্যঙ্গসংবৃতিঃ।
পদা ভূলেখনং কর্ণকণ্ডূতিস্তিলকক্রিয়া।
বেশক্রিয়া ভ্রুবোর্ধূতি সখ্যামাশ্লেষতাড়নে।
দংশোঽধরস্য হারাদিগুম্ফো মণ্ডনশিঞ্জিতং।
দোর্মূলাদিপ্রকটনং কৃষ্ণনামাভিলেখনং।
তরৌ লতায়া যোগাদ্যাঃ কৃষ্ণস্যাগ্রে স্যুরাঙ্গিকাঃ।

তত্রাঙ্গুলিস্ফোটনং

ইয়ং সতীনাং প্রবরা বরাক্ষী
কথং নু লভ্যেতি ময়ি ক্লমাঢ্যে।
বিশাখয়া স্ফোট্যত পঞ্চশাখ-

আনন্দচন্দ্রিকা টীকা

ব্যাজেন যঃ সম্ভ্রমাদিঃ আবেগ-শঙ্কা-লজ্জাস্তেনাঙ্গসম্বৃতিঃ

শ্রীকৃষ্ণঃ সুবলং প্রত্যাহ ইয়মিতি। পঞ্চশাখঃ শয়ঃ পাণিরিত্যমরঃ। শাখাশ্চ মদঙ্গুল্যঃ ১৩।

অথ আঙ্গিক যথা—

অঙ্গুলি স্ফোটন, ব্যাজ হেতুক সম্ভ্রম অর্থাৎ ত্বরা, শঙ্কা ও লজ্জা বশতঃ গাত্রাবরণ, চরণ দ্বারা ভূলেখন, কর্ণকণ্ডূয়ন, তিলক ক্রিয়া, বেশ রচনা, ভ্রূবিক্ষেপ, সখীর প্রতি আলিঙ্গন, সখীতে তাড়না, অধর-দংশন, হারগুম্ফন, ভূষণাদি শিঞ্জিত (আভরণ সকলের শব্দকরণ) বাহু মূল উদ্ঘাটন, কৃষ্ণনাম লিখন, বৃক্ষোপরি লতার সংযোগ ইত্যাদি বিবিধ ভাব শ্রীকৃষ্ণের অগ্রে কৃত হইলে, ঐ সকলকে আঙ্গিক বলে॥

অথ অঙ্গুলিস্ফোটন যথা—

শ্রীকৃষ্ণ সুবলকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, বন্ধো। আমি সতী শ্রেষ্ঠা বিশাখার অঙ্গসঙ্গার্থ লোলুপ হইয়া তদগ্রে ক্লান্ত হইতেছিলাম, আমাকে দেখিয়া ঐ বিশাখা এরূপ পঞ্চশাখের শাখা (করাঙ্গুলি) স্ফোটন করিলেন যে, তাহাতেই আমার সমস্ত ব্যসন দূরীভূত হইয়া-

শাখাবলী মধ্যসনেন সার্দ্ধং ॥

ব্যাজসংভ্রমাদ্যঙ্গসংবৃতিঃ ॥

পিহিতমপি পিধত্তে মৎপুরস্তাদুরো যদ্
বৃতমপি মুহুরাস্যং যৎপটেনাবৃণোতি।
ব্রজনবহরিণাক্ষী তন্মনোজস্য মন্যে
শরপরিভবঘূর্ণাভ্রান্তচিত্তেঃ মাস্তে। ১৩

পদা ভূলেখনং।

কস্রং নম্রমুখী লিলেখ চরণাঙ্গুষ্ঠেন গোষ্ঠাঙ্গনে
যৎকিঞ্চিৎ ব্রজসুন্দরী ময়ি দৃশোর্বৃত্তে নবপ্রাঘুণে।

লোচনরোচনী টীকা

নবপ্রাঘুণে নবাতিথৌ কীলিতং সংযতং। বদ্ধে কীলিতসংযতাবিত্যমরঃ। ১৪।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণঃ সুবলমাহ কস্রমিতি। নবপ্রাঘুণে নবীনাতিথৌ তেন লিখনেন কন্দর্পস্য অনঙ্গস্য নিদেশেন যঃ পট্টোলেখভূমিকা তস্য পদবীং কক্ষাং আসাদ্য প্রাপ্য স্বধরেকেণ কেনাপি দ্বারা-

---

ছিল, অতএব হে সখে! কি প্রকারে ঐ সতী শিরোমণির অঙ্গ-সঙ্গ লাভ করিতে পারি, তাহার উপায় উপদেশ কর ॥

ব্যাজসম্ভ্রমাদি বশতঃ অঙ্গসম্বরণ যথা—

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, বয়স্য! ঐ দেখ ব্রজহরিণাক্ষী আমাকে সম্মুখীন দেখিয়া আপনার বস্ত্রাবৃত বক্ষঃ পুনরায় বসন দ্বারা আচ্ছাদন করিতেছেন এবং আচ্ছাদিত বদনকেও পুনর্ব্বার অবগুণ্ঠন দ্বারা সঙ্গোপন করিতে লাগিলেন। উঁহার ঐ প্রকার ভাব দর্শনে বোধ হয় উনি মনোভবের শরে আহত হইয়া থাকিবেন, নতুবা উঁহার চিত্তের এরূপ বিভ্রম কেন? ॥ ১৩ ॥

চরণ দ্বারা ভূলেখন ॥

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, বন্ধো! অদ্য আমার নয়নব্যাপার ব্রজসুন্দরীর নূতন অতিথি হওয়াতে ঐ ব্রজাঙ্গনা আশ্চর্য্যরূপে নম্রমুখী হইয়া চরণাঙ্গুষ্ঠ দ্বারা গোষ্ঠাঙ্গনে মনোহর রূপে লিখিতে লাগিলেন।

তেনানঙ্গনিদেশপট্টপদবীমাসাদ্য মন্মানসং
ক্ষিপ্ত্বা তৎকুচশৈলসঙ্কটতটীসন্ধৌ বলাৎ কীলিতং ॥

কর্ণকণ্ডূতিঃ।

রক্তাঙ্গুলীশিখরঘট্টনলোলপাণি-
শিঞ্জানকঙ্কণকৃতস্মরতূর্য্যশঙ্কং।

আনন্দচন্দ্রিকা টীকা।

তস্যা এব কুচয়োর্যে সঙ্কটতটৌ সংকীর্ণে কূলে তয়োঃ সন্ধৌ মধ্যনিখাতলেখায়ামিত্যর্থঃ। ক্ষিপ্ত্বা বলাৎ প্রবেশ্য কীলিতং বদ্ধং বদ্ধে কীলিতসংযতাবিত্যমরঃ। অর্থাত্তাভ্যাং তটীভ্যাং এব ভূলেখনকালে বাহ্বোঃ সঙ্কোচেন তদুপরি নিবেশিতাভ্যামিত্যর্থঃ অত্রেয়ং বিবৃতিঃ কন্দর্পেণ তুষ্যতা মল্লোচনায় সর্ব্বং রাধাঙ্গরাজ্যং দত্তং তত্র স্বস্বাম্যোপপত্ত্যৈ চরণাঙ্গুষ্ঠলেখন্যা ভূপত্রিকায়াং পট্টলেখশ্চ দত্তঃ ততশ্চ তস্মিন্নেব রাজ্যে মন্মানসশ্চ লোভং দৃষ্ট্বা কুপিতেনেব মল্লোচনেন তদপরাধশান্ত্যর্থং পর্ব্বতদ্বয় সন্ধিকারায়াং তন্নিবদ্ধ্য স্থাপিতমিতি।

রক্তাঙ্গুলী অরুণবর্ণ বামহস্তকনিষ্ঠাঙ্গুলী তস্যাঃ শিখরঘট্টনেন কর্ণরন্ধ্রে প্রবেশিতস্যাগ্র-

---

কিন্তু হে সখে। সেই লিখন সামান্য না হইবে, বোধ করি উহা মনোভবের আদেশ পট্টক (পাট্টা) ব্রজাঙ্গনা ঐ পট্ট দ্বারা স্বত্বলাভ করিয়া বলপূর্ব্বক আমার চিত্তকে কুচশৈলের তটসন্ধিতে নিক্ষেপ করত কীলিত (শঙ্কু দ্বারা দৃঢ় বদ্ধ) করিয়া রাখিয়াছেন

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, কন্দর্প আমার মনের প্রতি সন্তুষ্ট হইয়া রাধাঙ্গ রাজ্য সমর্পণ করত তাহাতে স্বত্বোৎপন্নের দার্ঢ্যার্থে চরণাঙ্গুষ্ঠ লেখনী দ্বারা ভূপত্রিকায় পাট্টা লিখিয়া দেন। অনন্তর আমার মন রাজ্যলাভে লোলুপ হওয়াতে অনঙ্গ অত্যন্ত কুপিত হইলেন এবং ঐ অপরাধ শান্তি নিমিত্ত আমার লোচনদ্বয় দ্বারা মদীয় মনকে কুচশৈলযুগের মধ্যবর্ত্তি সংকীর্ণ কারাগৃহে নিক্ষেপ পূর্ব্বক শঙ্কুবিদ্ধ করিয়া রাখিলেন, তাহাতেই আমার লুব্ধ মন নিশ্চল হইয়া ব্রজসুন্দরীর হৃদয়লগ্ন হইয়া রহিল।

কর্ণকণ্ডূয়ন ॥

এক দিবস শ্রীকৃষ্ণ চিন্তাকুল হইয়া নির্জনে অবস্থিতি করিতে

লীলোচ্ছলৎকনককুণ্ডলমত্রকর্ণ-
কণ্ডূয়নং ব্রজসরোজদৃশঃ স্মরামি।

তিলকক্রিয়া

সানন্দং শরদিন্দুসুন্দরমুখী সিন্দূরবিন্দূজ্জ্বলং
বন্ধূকদ্যুতিনা করেণ তিলকং গান্ধর্ব্বিকা কুর্ব্বতী।
ত্বামালোক্য শিখণ্ডশেখর সকৃৎ কর্ণোচ্ছলৎকুণ্ডলা

আনন্দচন্দ্রিকা টীকা।

ভাগস্য চালনেন লোলানি যানি, পাণিস্থিতানি কঙ্কণানি তৈঃ কৃতা স্মরতুর্য্যস্য কন্দর্পবাদ্য-বিশেষস্য শঙ্কা ভ্রমো যত্র তৎ

কুন্দবল্লী শ্রীকৃষ্ণং প্রত্যাহ, সানন্দমিতি সকৃদালোক্য আলোকনকালে গণ্ডস্য তিরশ্চীনত্বাৎ কুণ্ডলস্য চাঞ্চল্যং রাগস্য কন্দলং অনুরাগাঙ্কুরং চেতসি রূঢ়ং পূর্ব্বমেবোৎপন্নং সম্প্রতি

ছিলেন সুবল দেখিয়া জিজ্ঞাসা করিলেন, সখে! তোমাকে যে উন্মনা দেখিতেছি! কারণ কি! শ্রীকৃষ্ণ কহিলেন, বন্ধো! শ্রীরাধা আমাকে নিরীক্ষণ করিয়া স্বীয় বামপাণির লোহিতবর্ণ কনিষ্ঠাঙ্গুলির অগ্র কর্ণ-বিবরে প্রবেশ করাইয়া চালিত করিতে লাগিলেন, তাহাতেই তাঁহার কঙ্কণ সকলের এমন শব্দ উদ্গত হইল, যেন মনোভবের ভেরীরব বলিয়া শঙ্ক জন্মিতে লাগিল, অপর তাঁহার কর্ণস্থ কনককুণ্ডল লীলা-বশতঃ উচ্চলিত হইয়া আশ্চর্য্যরূপে বিরাজ করিতে লাগিল, অতএব হে বয়স্য! আমি সেই ব্রজসরোজাক্ষীর কর্ণকণ্ডূয়ন চিন্তা করিতেছি॥

তিলকক্রিয়া॥

কুন্দবল্লী শ্রীকৃষ্ণকে কহিলেন, হে শিখণ্ডচূড়! তোমাকে একবার মাত্র সন্দর্শন করিয়া ঐ দেখ গান্ধর্ব্বিকা হৃষ্টমনাঃ হইয়াছেন এবং স্বীয় বন্ধূকজীব দ্যুতিশালি অরুণবর্ণ কর দ্বারা আপনার শরদিন্দু সুন্দরবদন সিন্দুর বিন্দুতে উজ্জ্বল করিতেছেন। অপর তোমাকে দেখিবার নিমিত্ত আনন ঈষৎ বক্র করাতে উহাঁর কুণ্ডলদ্বয় নিরন্তর গণ্ডযুগলে নিপতিত হইয়া দোদুল্যমান হইতেছে অতএব হে বংশীধর! অনুমান

রূঢ়ং চেতসি রাগকন্দলমিব ব্যক্তং ব্যতানীদ্বহিঃ ॥ ১৪ ॥

বেশক্রিয়া

হৃষ্টৌ পুরস্থে, করপল্লবেন, সলীলমুল্লাস্য মিলন্মরন্দং।
নালীকনেত্রা নিজকর্ণপালীং, পালী লবঙ্গস্তবকং নিনায় ॥ ১৫ ॥

ভ্রূধুতিঃ

বিধুন্বতী মদনধনুর্ভয়ঙ্করং, ভ্রুবোর্যুগং কথয় কিমদ্য খিদ্যসে।
বিশাখিকে মুখশশিকান্তি শৃঙ্খলা, ববন্ধ তে মধুরিপুগন্ধসিন্ধুরং।

লোচনরোচনী টীকা।

পালী কর্ণলতাগ্রে স্থাপিতি বিধঃ ১৫

গন্ধসিন্ধুরো মদস্রাবিহস্তী। ১৬।

আনন্দচন্দ্রিকা টীকা।

বহিরপি ব্যক্তমাকার্ষীদিত্যুৎপ্রেক্ষা তিলকস্যাঙ্কুরাকারত্বাৎ ১৪।

নালীকনেত্রা কমললোচন শ্লেষেণ ন ব্যর্থনেত্রা শ্রীকৃষ্ণমুখশোভাপায়িত্বাৎ ১৫

বৃন্দা প্রাহ বিধুন্বতীতি কথমসৌ মৎসমীপম যাতীতি ভ্রূধূননকারণং জ্ঞেয়ং

করি, উহাঁর চিত্ত মধ্যে যে অনুরাগাঙ্কুর আরূঢ় আছে, তাহাই যেন বাহিরে উদ্গত হইল ১৪

বেশক্রিয়া ॥

এক দিবস কমলনয়না পালী শ্রীকৃষ্ণ সম্মুখে অবস্থিত আছেন দেখিয়া অতিশয় হৃষ্টচিত্তা হইলেন এবং স্বীয় কর পল্লব দ্বারা লবঙ্গ স্তবক, যাহা হইতে নিরন্তর মকরন্দ ক্ষরিতে ছিল, লীলাবশতঃ তাহাই কর্ণাগ্রে পরিধান করিলেন ॥ ১৫।

ভ্রূবিধুতি অর্থাৎ ভ্রূকম্পন ॥

বৃন্দা কহিলেন, হে বিশাখিকে। আজি তুমি আপনার ভ্রূযুগল, যাহা মদনধনুর তুল্য ভয়ঙ্কর, তাহা বৃথা কম্পিত করিয়া খেদান্বিতা হইতেছ কেন? তোমার বদনচন্দ্রের কান্তি শৃঙ্খলা অদ্য মত্ত করীন্দ্র মধুরিপুকে বন্ধন করিয়া রাখিয়াছে অতএব তোমার আর ভ্রূকম্পনের প্রয়োজন কি?

সখ্যামাশ্লেষঃ

পুরঃ কলয় মণ্ডলীকৃতকঠোরবক্ষোরুহং
চলৎকনককঙ্কণক্বণিততুঙ্গিতানঙ্গয়া।
অপাঙ্গমঘমর্দ্দনে নঃনবীথি-নব্যাতিথৌ
প্রসার্য্য পরিষস্বজে সহচরী চিরং চিত্রয়া

আনন্দচন্দ্রিকা টীকা

রূপমঞ্জরী রতিমঞ্জরীং প্রত্যাহ পুর ইতি　তুঙ্গিতোঽনঙ্গোঽর্থাৎ শ্রীকৃষ্ণস্য যয়া তয়া। লম্পটোঽয়ং মাং মৃদ্বীং অধিকং কদর্থয়িষ্যতি তদহং পলায়িষ্যে ইত্যবহিত্থাবতীং চিত্রাং কাচিৎ প্রখরা তৎসখী প্রত্যুবাচ মদগ্রে ভয়গন্ধমপি মা কার্ষী র্বিশ্বসিহি সাটোপবাক্‌প্রপঞ্চৈরয়ং ময়া পরাজেতব্য ইতি　অতঃ সা প্রিয়সখী কল্যাণী ভবেতি চিত্রয়া আলিঙ্গিতেত্যালিঙ্গনে কারণমূহ্যং

সখীর প্রতি আলিঙ্গন যথা—

রূপমঞ্জরী রতিমঞ্জরীকে কহিলেন, সখি! সম্মুখে অবলোকন কর, অঘমর্দ্দন চিত্রার নয়নপথের নবীন অতিথি হওয়াতে ঐ চিত্রা অপাঙ্গ বিস্তার পূর্ব্বক আপনার কঠোরকুচশালি বক্ষঃ দ্বারা স্বীয় সখীকে আলিঙ্গন করিতেছেন, তাহাতেই উহাঁর করস্থ কঙ্কণ "যাহাতে শ্রীকৃষ্ণের অনঙ্গ বর্দ্ধন হয়" এইরূপ শব্দ করিতে লাগিল, অতএব হে প্রণয়িনি! চিত্রার কি যে বিচিত্র ভাব তাহা অনুভব করা সুকঠিন।

তাৎপর্য্য ॥

চিত্রা শ্রীকৃষ্ণ সন্দর্শন করিয়া সখীর প্রতি যে আলিঙ্গন করিলেন, তাহার কারণ এই, চিত্রা আপনার সখীকে কহিলেন, হে প্রণয়িনি! এই লম্পটরাজ কৃষ্ণ আমার অতিশয় কদর্থন করিবেন অতএব শীঘ্র পলায়ন করি; এরূপ অবহিত্থা (আকার সংগোপন) করিলে, তদীয়া কাচিৎ প্রখরা সখী কহিলেন, চিত্রে! চিন্তা কি? আমার অগ্রে কিঞ্চিন্মাত্রও ভয় করিও না বিশ্বস্তা হও, সাটোপ বাগ্‌জালে ঐ ধূর্ত্তকে পরাজিত করিব, সখীর এই বাক্য শুনিয়া চিত্রা সন্তোষ প্রকাশ পুরঃ

সখীতাড়নং।

বিমুঞ্চ নিখিলং বশীকরণকারণান্বেষণং
মনস্ত্বয়ি বিশাখয়া মুরহরোপহারীকৃতং।
মুহুর্যদনয়া ভবৎপদসরোজকক্ষাবল-
তড়িচ্চলদৃগন্তয়া স্ফুটমতাড়ি পুষ্পৈঃ সখী।।

অধরদংশঃ

আনন্দচন্দ্রিকা টীকা

সুবলঃ শ্রীকৃষ্ণমাহ বিমুঞ্চেতি সখি ফলিতস্তব মনোরথো যদয়ং ত্বদভিমুখমায়াতি কৃষ্ণঃ তদস্মিন্নপাঙ্গং সমর্পয়েতি পরিহসন্তী সখী পুষ্পৈরতাড়ি

সর কহিলেন, প্রিয়সখি! কল্যাণী হও, এই বলিতে বলিতে তাঁহাকে আলিঙ্গন করিতে লাগিলেন।

সখীর প্রতি তাড়না॥

সুবল কৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, বন্ধো! বিশাখার প্রতি আর বশীকরণ প্রয়োগ করিতে হইবে না, তদ্বিষয়ের কারণান্বেষণ পরিত্যাগ কর, উনি তোমাকে আত্মমনঃ উপহার স্বরূপে সমর্পণ করিয়াছেন, যে হেতু ত্বদীয় চরণপঙ্কজের প্রান্তে তড়িৎ অপেক্ষাও চঞ্চল আপন দৃগঞ্চল নিক্ষেপ করিয়া স্বীয় সখীর প্রতি পুষ্পাঘাত করিতেছেন অতএব আর বশীকরণ বৃথা।

তাৎপর্য্য।

বিশাখার প্রতি তদীয়া সখী কহিল, হে প্রিয়সখি! তোমার মনোরথ সফল হইল, যে হেতু ত্বদভিমুখে শ্রীকৃষ্ণ আগমন করিতেছেন অতএব উহাঁর প্রতি অপাঙ্গ নিক্ষেপ কর, এই বলিয়া পরিহাস করিতে থাকিলে, বিশাখা স্বীয় সখীর অঙ্গে বারম্বার পুষ্পাঘাত করিতে লাগিলেন॥

অধরদংশন॥

ভজতি পথি দৃশোর্ব্রজেন্দ্রসূনৌ, মদনমদে মুদিতা পুরস্তবালী।
ইয়মিহ কুপিতেব পশ্য সখ্যো, বিধুবদনা রদনচ্ছদা ব্যদাঙ্ক্ষীৎ ॥১৬॥

হারাদিগুম্ফঃ।

কেয়ং পুরঃ স্ফুরতি ফুল্লসরোরুহাক্ষী
সখ্যে যয়া সুবল মামবলোকয়ন্ত্যা।
আবৃত্য মৌক্তিকসরে পরিগুম্ফ্যমানে

লোচনরোচনী টীকা

আবৃত্য অভ্যাস্য   তরলো নায়কঃ পক্ষে চঞ্চলঃ ১৭

আনন্দচন্দ্রিকা টীকা

শ্যামলা ললিতাং প্রত্যাহ ভজতীতি। সখ্যো কুপিতেবেতি কুটিলে বিশাখিকে পুষ্পাবচয়নমিষেণ দূরমানীয়াস্য লম্পটস্য হস্তে মাং প্রক্ষিপসি তিষ্ঠ তিষ্ঠ তৎপতিফলমহঞ্চ তে দাস্যামীতি দ্যোতয়ন্তী ॥ ১৬

আবৃত্য মচ্চেতোমণ্যাকর্ষণসমর্থং স্বাপাঙ্গদ্বয়ং ময়ি প্রস্থাপ্য রিতুং গ্রীবাং বিবৃত্যেত্যর্থঃ

শ্যামলা ললিতাকে কহিলেন, সঙ্গিনি! অদ্য ব্রজরাজতনয় তোমার এই বিধুবদনা সখীর নয়নাঞ্চলে নিপতিত হইয়াছিলেন, তাহাতেই ইনি মদন মদে মত্ত হইয়া বিশাখার প্রতি বাহ্যে কোপ প্রকাশের ন্যায় আপনার দশনচ্ছদকে (অধরোষ্ঠকে) দংশন করিয়াছিলেন।

তাৎপর্য্য ॥

অধর দংশনের কারণ এই যে শ্রীরাধা বিশাখার প্রতি বাহ্যে কোপ প্রকাশের ন্যায় কহিলেন, হে বিশাখিকে! তোমার এ প্রকার কুটিলতা কেন? পুষ্পচয়ন ছলে আমাকে দূরে আনয়ন করিয়া এই লম্পটের হস্তে নিক্ষেপ করিলে? থাক থাক ইহার প্রতিফল দিতেছি, ইত্যাদি ভাব প্রকটন পূর্ব্বক অধর দংশন করিয়া রহিলেন ॥ ১৬ ॥

হারাদি গুম্ফন।

শ্রীকৃষ্ণ সুবলকে জিজ্ঞাসা করিলেন, সখে! সম্মুখে এ কে বিরাজ করিতেছে? আহা! ইহাঁর নেত্র-পদ্ম অতিচমৎকার শরৎপদ্মেরও সহিত স্পর্দ্ধা করিতেছে, উনি যে গ্রীবা বক্র করিয়া আমার প্রতি অক্ষি

চেতোমণি র্মম সখে তরলো ব্যধায়ি। ১৭॥

মণ্ডনশিঞ্জিতং

বিলোক্য মাং শ্যামলয়া বিদূরতঃ
সঙ্কীর্য্যমাণা মণিকঙ্কণাবলী।
বিতন্বতী ঝঙ্কৃতিডম্বরং মুহুঃ
শঙ্কে ব্রবীত্যঙ্গজ-রাজশাসনং॥

লোচনরোচনী টীকা

সঙ্কীর্য্যমাণা পরস্পরং সঙ্ঘট্যমানা ১৮

আনন্দচন্দ্রিকা টীকা।

মৌক্তিকসরে মৌক্তিকমাল্যে। তরলো মধ্যনায়কঃ পক্ষে চঞ্চলঃ। ১৭॥

মণিকঙ্কণাবলী দক্ষিণহস্তস্থিতা সঙ্কীর্য্যমাণা বামপাণিনা সুস্থিরীকর্ত্তুং সঙ্ঘট্যমানা। স্ত্রীণাং কার্য্যান্তর-রহিতানাং স্বভাব এবায়ং অন্যো নাত্র কারণমাপনং॥

নিক্ষেপ করিতেছেন, বোধ হয় আপনার গ্রথ্যমান মৌক্তিক-মালায় আমার চিত্ত-মণিকে তরল (হারমধ্যগত মণি) বিধান করিলেন, নতুবা চিত্ত এত চঞ্চল হইবে কেন ?॥

অথ মণ্ডনশিঞ্জিত অর্থাৎ ভূষণ সকলের শব্দ॥

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, বন্ধো! অদ্য শ্যামলা দূর হইতে আমাকে অবলোকন করিয়া আপনার মণিময় কঙ্কণ সকল পরস্পর সংঘট্টন করিতে লাগিলেন, কিন্তু ঐ সকল চুড়িকা হইতে মুহুর্মুহুঃ এমত শব্দ উদ্গত হইল যেন মনোভবের শাসন-ভেরী বলিয়া আমার আশঙ্কা জন্মিতে লাগিল॥

তাৎপর্য্য এই যে, শ্যামলা আপনার দক্ষিণ পাণিস্থিত মণি-কঙ্কণ সকল বিস্তীর্য্যমাণ হওয়াতে তৎ সমুদায়কে যে সুস্থির করণার্থ বামহস্ত দ্বারা পরস্পর সংযোগ করিতে লাগিলেন, ইহার প্রতি অন্য কোন কারণ দৃষ্ট হয় না, যেহেতু কার্য্যান্তর বিরহিতা কুলকামিনীগণের স্বভাবই এই যে, তাহারা প্রয়োজন ব্যতীতও হস্তাদিতে সর্ব্বদা ভূষণ-সকলের সংশ্লেষ ও বিশ্লেষ করিয়া থাকে॥

দোর্মূলপ্রকটনং ॥

শ্যামে দিব্যতরাঃ স্ফুরন্তি পরিতো বৃন্দাবনান্তর্লতা
যাঃ কল্যাণি বহন্তি হন্ত মথুরামগ্রে ফলানাং ততিং ।
চিত্রেয়ং তব দোর্ল্লতা বলয়িনী যস্যাস্ত্বয়োল্লাসিতে

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণঃ প্রাহ শ্যামে ইতি । বলয়িনী স্বসমীপে তমালং চেৎ প্রাপ্নোতি তদা বেষ্টনস্বভাবেয়ং শীঘ্রং বেষ্টয়তীতি ভাবঃ পক্ষে কঙ্কণযুক্তা উল্লাসিতে উল্লাস্য দর্শিতে ইত্যর্থঃ । বরীয়ঃফলং আবির্ব্বভূব । নন্দিতঃ আনন্দিতঃ কৃষ্ণবর্ণঃ কৃষ্ণশ্চ কোকিলো যেন তৎ । ততশ্চ তেনেদমদৃষ্টচরত্বাদদ্ভুতং পাণ্যঙ্গুলিঘট্টনেন নিরূপয়িতুমুচিতং কঠোরং মৃদুলং বেতি তথা চক্রেহসা-

অথ দোর্মূলপ্রকটন অর্থাৎ বাহুমূলপ্রকাশকরণ ॥

একদা শ্যামা শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া আপনার বাহুমূল উত্তোলন করিতে থাকিলে, শ্রীকৃষ্ণ দেখিয়া কহিলেন, শ্যামে ! এই বৃন্দাবনাভ্যন্তরে ঐ যে সমস্ত লতা শ্রেণী মনোহর রূপে স্ফূর্ত্তি পাইতেছে, ঐ দেখ উহারা আপনার অগ্রভাগে ভূরি ভূরি ফল বহন করত সকলের নেত্র পরিতৃপ্ত করিতেছে । কিন্তু হে কল্যাণি ! ইহা অপেক্ষাও অধিকতর আশ্চর্য্য এই যে তুমি যখন আপনার বলয়শালিনী বাহুবল্লী উত্তোলন কর, তখন তাহার মূলে এমত অদ্ভুত ফল দৃষ্ট হয় যে, কৃষ্ণকোকিল অবলোকন মাত্র আনন্দ ভরে ব্যগ্র হইয়া পড়ে ॥

তাৎপর্য্য ॥

এক দিবস শ্যামা শ্রীকৃষ্ণ-সন্দর্শন করিয়া সখীকে আহ্বান ছলে আপনার বাহু উত্তোলন করিলেন, শ্রীকৃষ্ণ তন্মূলে কুচাবলোকন করিয়া কহিলেন, শ্যামে ! তোমার বাহুবল্লী মূলে ঐ যে আশ্চর্য্য ফল দেখিতেছি, উহা আমার অদৃষ্টচর অর্থাৎ কখনই আমার ওপ্রকার ফল নেত্র-গোচর হয় নাই, বোধ করি উহা অতি অদ্ভুতই হইবে, একবার করাঙ্গুলি দ্বারা ঘট্টন (চালিত) করা উচিত, কেন না কঠিন কি মৃদু

মূলে নন্দিতকৃষ্ণকোকিলমভূদাবির্ব্বরীয়ঃ ফলং ॥ ১৮ ॥

কৃষ্ণনামাভিলেখনং

দূত্যমত্র তব তিষ্ঠতু বৃন্দে, তিষ্ঠতে যদিয়মিন্দুমুখী মে ।
-নাম মে বিলখতি প্রিয়সখ্যাঃ, পশ্য গণ্ডফলকে ঘুসৃণেন ১৯।

তরৌ লতায়া যোগঃ ॥

রূপং নিরূপ্য কিমপি ব্রজপঙ্কজাক্ষ্যাঃ
সাক্ষাদভূবমহমর্জ্জুন যাবদার্ত্তঃ ।

লোচনরোচনী টীকা

মে মহ্যং তিষ্ঠতে ভাবেনাত্মানং প্রকাশয়তি । অত্রাত্মনেপদং সম্প্রদানঞ্চ বিহিতমস্তি ১৯
নিরূপ্য দৃষ্ট্বা। অর্জ্জুনোঽত্র গোপকুমারবিশেষঃ। কলধৌতং সুবর্ণং ২০

আনন্দচন্দ্রিকা টীকা

বিত্তি জ্ঞেয়ং হস্তোয়াসনমিদং দূরস্থাং সখীং প্রত্যেহীত্যাহ্বানেতি জ্ঞেয়ং ১৮ ।
মে মহ্যং তিষ্ঠতে ভাবেনাত্মানং প্রকাশয়তি প্রকাশনাস্থেয়াখ্যয়োশ্চেত্যাত্মনেপদং ১৯ ॥
নিরূপ্য দৃষ্ট্বা অর্জ্জুনো নাম গোপঃ প্রিয়সখঃ। হন্ত হন্ত স্বর্ণযূথীয়ং ক্ষিতিভুমৌ লুঠতি

পরীক্ষা করিয়া দেখিতে হয় অতএব অনুমতি প্রদান কর, করাঙ্গুলি-স্পর্শ দ্বারা উহার গুণ পরীক্ষা করি ১৮ ॥

অথ কৃষ্ণনামাভিলেখন ॥

শ্রীকৃষ্ণ কহিলেন, বৃন্দে! তোমাকে আর দৌত্যকার্য্য করিতে হইবে না, কারণ তোমার ঐ ইন্দুমুখী প্রিয়সখী আমাকে অবলোকন করিয়া ঐ দেখ আপনার গণ্ডে কুঙ্কুমপঙ্ক দ্বারা আমার নাম লিখিতেছেন, অতএব হে সুন্দরি! উনি যে আমার প্রতি কি ভাব বিধান করিতেছেন তাহা সহসা পরিজ্ঞাত হইতে পারিলাম না ॥ ১৯

অথ তরুতে লতাসংযোগ ॥

অর্জ্জুন নামক কোন গোপ সখার প্রতি শ্রীকৃষ্ণ কহিলেন, বন্ধো! আমি ব্রজসরোজাক্ষীর রূপ সাক্ষাৎ অবলোকন করিয়া যাবৎ আর্ত্ত হইতে ছিলাম তাবৎ তিনি আমাকে দেখিয়া তামালতরুতে স্বর্ণযূথিকা সংযোগ করিয়া দিতে ছিলেন। অতএব হে সখে! তাহাতেই

সা মামধীরমধিনোৎ কলধৌতযূথ্যা-
স্তাবত্তমালবিটপে ঘটনাং বিধায় ॥

অথ চাক্ষুষাঃ।

নেত্রস্মিতার্দ্ধমুদ্রত্বে নেত্রান্তভ্রমকূণনে।
সাচীক্ষা বামদৃক্প্রেক্ষা কটাক্ষাদ্যাশ্চ চাক্ষুষাঃ ॥ ২০॥

তত্র নেত্রস্মিতং যথা—

বিভ্রমং রতিপতেঃ স্থগয়ন্তীং, কেশবস্য পুরতঃ কপটেন।

লোচনরোচনী টীকা।

স্থগয়ন্তীমাবৃণ্বতীং ২১

আনন্দচন্দ্রিকা টীকা।

তদিমাং তমালমারোহয়ামীতি। তথাকৃত্বা স্বস্থাপি প্রেমজ্ঞাপয়ন্তী সা জ্ঞেয়া

কূণনং সঙ্কোচঃ নেত্রস্মিতাদীনামেষামনুভাবত্বেঽপ্যত্র তানাং মৎকান্ত এতানাস্বাদ্যাস্বাদ্য মদ্যাঽনুরজ্যত্বিতি ভাবনায়াং স্বাভিযোগত্বং নতু সর্ব্বথৈব কৃত্রিমত্বং রসাবহমিতি বিবেচনীয়ং ২০

সায়ং বনাদ্‌গোষ্ঠমায়ান্তং কান্তমালোকয়ন্তীং শ্রীরাধাং পরিহসন্তী শ্যামা তস্যা নেত্রয়োঃ

আমার চিত্তচাঞ্চল্য দূরীভূত হইয়াছিল।

তাৎপর্য্য ॥

শ্রীমতী শ্রীকৃষ্ণ সন্দর্শনে আপনার আন্তরিক ভাব প্রকাশ করত স্বর্ণ যূথিকাকে কহিলেন, হে প্রণয়িনি! ভূতলে লুণ্ঠিতা হইতেছ কেন? আইস তোমাকে তমালে আরোহণ করাইয়া দি, এই বলিয়া স্বাভিলাষ প্রকাশ পূর্ব্বক তমালোপরি স্বর্ণযূথিকাকে আরোহণ করাইয়া দিলেন ॥

অথ চাক্ষুষ ॥

নেত্রের হাস্য, নেত্রের অর্দ্ধমুদ্রা, নেত্রান্ত ঘূর্ণন, নেত্রান্তের সঙ্কোচ, বক্র দৃষ্টি, বাম চক্ষুর্দ্বারা অবলোকন এবং কটাক্ষাদি এই সকলেরই নাম চাক্ষুষ। অর্থাৎ নয়নের হাস্যাদিদ্বারা উদ্ভূত স্বীয় অভিপ্রায় ব্যক্ত করণ পূর্ব্বক মদীয় কান্ত এসমস্ত আস্বাদন করিয়া আমাতে অত্যন্ত অনুরক্ত হউন, ইত্যাদি স্বাভিযোগ প্রকাশ। ২০ ॥

তন্মধ্যে নেত্রস্মিত যথা—

একদা শ্রীকৃষ্ণ সায়ংসময়ে বন হইতে ব্রজে আগমন করিতেছিলেন,

ত্বামবেত্য চটুলে সখি জাত্যা গূঢ়মত্র হসতস্তব নেত্রে ২১ ।

নেত্রার্দ্ধমুদ্রা ॥

কবয়ো হরিবক্ত্রপুষ্করেঽস্মিন্
সখি নেত্রে কথয়ন্তি পুষ্পবন্তৌ ।

গোচনরোচনী টীকা

কবয় ইতি উৎপ্রেক্ষামাত্রং ব্যজ্যতে নতু বাস্তবতা শ্রীভগবন্নিত্যবিগ্রহস্য সর্ব্বাতীত

আনন্দচন্দ্রিকা টীকা

প্রথমং লজ্জামুদ্রিতয়োরৌৎসুক্যোদয়াদীষৎ ফুল্লযুগ্মং প্রেক্ষ্যাহ বিলাসমিতি বিভ্রমং শ্রীকৃষ্ণ-দর্শনজন্যং গতিস্থানাসনাদীনাং মুখনেত্রাদিকর্ম্মণাং। তাৎকালিকন্তু বৈশিষ্ট্যং বিলাসঃ প্রিয়সঙ্গজমিত্যুক্তলক্ষণং বিলাসালঙ্কারং সহসা আত্মন্যদ্ভূতং সখীভ্যো লজ্জয়া স্থগয়ন্তীং কপটে-নাবহিত্থয়া সংবৃণ্বতীমবেত্য জ্ঞাত্বা তব নেত্রে ত্বাং হসতঃ যদাশ্রিতয়োরপি নেত্রয়োঃ স্থি-রত্বকহাস্তে কারণমাহ জাত্যা প্রকৃত্যৈব চটুলে চঞ্চলে। গূঢ়মস্ফালক্ষিতং । ২১ ॥

শ্রীকৃষ্ণাগ্রবর্ত্তিনীং শ্রীরাধাং কুন্দবল্লী পরিহসন্ত্যাহ কবয় ইতি বক্ত্রমেব পুষ্করং আকাশং তস্মিন্ নেত্রে পুষ্পবন্তৌ সূর্য্যাচন্দ্রমসৌ একয়োক্ত্যা পুষ্পবন্তৌ দিবাকরনিশাকরাবিত্যমরঃ।

শ্রীমতী সন্দর্শন করিয়া প্রথমতঃ লজ্জায় নেত্রদ্বয় মুদ্রিত করিলেন, কিন্তু ঐ দুইটী নয়ন ঔৎসুক্য বশতঃ প্রফুল্ল হইতেছিল, শ্যামা নিরীক্ষণ করিয়া পরিহাস করত কহিলেন, সখি! তোমাকে কাপট্যাবলম্বন পূর্ব্বক কৃষ্ণাগ্রে রতিপতির বিভ্রম গোপন করিতে দেখিয়া স্বদীয় চঞ্চল লোচন তোমাকে গূঢ়রূপে উপহাস করিতেছে, অতএব আর অবহিত্থা (আকার গোপন) করিও না, উহা ত্যাগ কর ২১ ।

অথ অর্দ্ধনেত্রমুদ্রা

এক দিবস শ্রীমতী শ্রীকৃষ্ণাগ্রে অবস্থান করিতে ছিলেন, কুন্দবল্লী দেখিয়া পরিহাস পূর্ব্বক কহিলেন, প্রিয়সখি! ব্রজরাজতনয়ের বদন-পুষ্করে (আকাশে) ঐ যে নয়নযুগল বিরাজ করিতেছে, উহা কি পরি-জ্ঞাত আছ? পণ্ডিতগণ ঐ দুইটীকে পুষ্পবন্ত অর্থাৎ এককালীন উদিত চন্দ্র সূর্য্য বলিয়া নির্দ্দেশ করিয়া থাকেন। অতএব হে হরিণনেত্রে! হরির নেত্রদ্বয়ের সন্নিধি তোমার নেত্রদ্বয় অর্দ্ধমুদ্রিত না হইবে কেন? ॥

অনয়োঃ সবিধে তবাক্ষিপদ্মং
ভবিতা নর্দ্ধমীলিতং কথংবা।

নেত্রান্তভ্রমঃ

ন হৃদ্যোঽপ্যাধ্যাস্তা রতিরনড়ুহাং সঙ্গররসে
ন রম্যেঽপি ক্রীড়া সদসি সুহৃদাং ধীরুপহিতা।
ত্বয়ি ক্ষিপ্তা দৃষ্টিং পরমিহ তমালায়িতমভূ-

লোচনরোচনী টীকা

পরমোত্তমতত্ত্বস্বরূপত্বাৎ প্রকরং পদ্মাকাশশ্চ পুষ্পবন্তৌ সূর্য্যাচন্দ্রমসৌ ২২

আনন্দচন্দ্রিকা টীকা।

অর্দ্ধনিমীলনমিতি অর্দ্ধং চন্দ্রেণনিমীলিতং অর্দ্ধং সূর্য্যেণ প্রকাশিতং। অত্র অত্যৌৎসুক্যেন প্রফুল্লয়োরিব নেত্রয়োঃ শ্রীকৃষ্ণনয়নলগ্নয়ো সহসা লজ্জোদয়াদর্দ্ধ নিমীলনমেব তথা উৎপ্রেক্ষিতং

বৃন্দা প্রাহ ন হৃদ্য ইতি অনড়ুহাং বৃষাণাং নটয়সীতি লজ্জৌৎসুক্যাভ্যাং নেত্রস্য মুদ্রণ-

তাৎপর্য্য

শ্রীকৃষ্ণের দুই চক্ষুকে পণ্ডিতগণ চন্দ্র সূর্য্য বলিয়া নির্দ্দেশ করেন শ্রীরাধার নয়নদ্বয় পদ্ম তুল্য। অতএব চন্দ্রোদয়ে পদ্মের সঙ্কোচ ও সূর্য্যোদয়ে প্রফুল্লতা হয়। শ্রীমতী বিস্ফারিত-নেত্রে শ্রীকৃষ্ণের আনন অবলোকন করিতে ছিলেন, হঠাৎ তদীয়নেত্রে নেত্র সংলগ্ন হওয়াতে অমনি লজ্জোদয় হইল, তাহাতেই চক্ষুর্দ্বয় অর্দ্ধনিমীলিত করিয়া রহিলেন অর্থাৎ শ্রীকৃষ্ণের চন্দ্রাত্মক বাম-লোচনে শ্রীমতীর পদ্মচক্ষু সংলগ্ন হওয়াতে মুদ্রিত হইতেছিল, সহসা সূর্য্যাত্মক দক্ষিণ চক্ষুর অবলোকনে অমনি বিকশিত হইতে আরম্ভ হইল

অথ নেত্রান্তভ্রম॥

বৃন্দা কহিলেন, শ্যামে! মুকুন্দ তোমার প্রতি দৃষ্টি নিক্ষেপ করিয়া যদিচ উহাঁর বৃষগণের যুদ্ধ রস হৃদ্য হউক, তথাপি তাহাতে অনুরাগ প্রকাশ করিতেছেন না এবং সুহৃদ্‌জনের রম্য-সভাতেও মনোনিবেশ দেখিতেছি না, কেবল তমালের ন্যায় স্তব্ধভাবে দণ্ডায়মান হইয়া রহি-

স্মুকুন্দেন শ্যামে তদপি কিমপাঙ্গং নটয়সি। ২২ ॥

নেত্রান্তকূণনং

কলিন্দজাকূলপুরন্দরে দৃশোরধ্বন্যবাপ্তে প্রথমাধ্বনীনতাং।
অপাঙ্কিতং কিঞ্চিদকুঞ্চিচঞ্চলং বিলক্ষয়া শ্যামলয়া দৃগঞ্চলং ২৩

সাচীক্ষা।

লোচনরোচনী টীকা।

বিলক্ষো বিস্ময়াম্বিত ইত্যমরঃ তয়া ২৩

আনন্দচন্দ্রিকা টীকা

বিকাশৌ পূর্ব্ববৎ অয়ং মাং ভাববৈবশ্যেন সমাঙ্গ পশ্যতি পশ্যতি বেতি বিচারেণ বিকাশিত-ভাগ এব ভ্রমিঃ ২২

নান্দীমুখী পৌর্ণমাসীমাহ কলিন্দেতি অধ্বনীনতাং পথিকতাং অপাঙ্কিতমিতি নেত্র-মুদ্রণে কারণং চঞ্চলমিত্যৌৎসুক্যচাপল্যাভ্যাং নেত্রান্তভাগোদ্ঘাটনে প্রাপ্তেহপ্যকুঞ্চিতাভ্যাং প্রাপ্তেন ভয়েন তদ্ভাগস্যাপি সঙ্কুচিতীকরণং বিলক্ষয়া বিস্ময়ান্বিতয়া ২৩

লেন, অতএব হে সখি। তথাচ তুমি কেন অপাঙ্গ-নর্ত্তন করিতেছ। এখন ক্ষান্ত হও। ২৩

অথ নেত্রান্তকূণন ॥

নান্দীমুখী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি। একদা কলিন্দীকূল-পুরন্দর নন্দকুমার কালিন্দীকূলে পর্য্যটন করিতে করিতে সহসা শ্যাম-লার নেত্রপথের নবীন-পান্থ হইলেন কিন্তু ঐ শ্যামলা ইতঃ পূর্ব্বে কদাপি কৃষ্ণমুখকমল সন্দর্শন করে নাই, এই কেবল প্রথমদর্শন-মাত্রে, একারণ শ্যামলা বিস্ময় প্রকাশ পূর্ব্বক লজ্জান্বিতা হইয়া আপনার চঞ্চল দৃগঞ্চল সঙ্কোচ করিয়া রহিল, হে দেবি। এতদ্দ্বারা অনুভব হই-তেছে যে, শ্যামলা শ্রীকৃষ্ণের প্রতি কোন স্বাভিলাষ অভিব্যক্তি করিল নতুবা নেত্রসঙ্কোচ করিবে কেন? । ২৩ ॥

অথ সাচীক্ষা অর্থাৎ গ্রীবাবক্র করিয়া অবলোকন ॥

তির্য্যগিবর্ত্তিতনটন্নয়নত্রিভাগং
ত্রৈক্ষিষ্ট যন্তরণিজ পুলিনে মৃগাক্ষী ।
হৃন্মগ্ন-ভগ্ন-মকরাঙ্ক-শরাগ্রবন্মাং
সদ্যস্তদদ্য নিতরাং বিবশীকরোতি ॥ ২৪ ॥

বামদৃক্প্রেক্ষা ।

পূর্ণং প্রমোদোত্তরলেন রাধে শ্যামং রসানাং নিধিমিন্দুভাজং ।

লোচনরোচনী টীকা

তির্য্যগিত্যাদিকং ক্রিয়াবিশেষণং　তত্র ত্রিপিষ্টপশব্দবন্নয়নস্য ত্রিভাগস্তৃতীয়ভাগঃ । বিবশোঽনিষ্টদুষ্টধীরিত্যমরঃ　২৪

রসানাং রসবিশেষাণাং নিধিমিতি বারাংনিধিশব্দবৎ সমুদ্রস্যাপি বাচিত্বং　ইন্দুভাজ-

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণঃ সুবলমাহ তির্য্যগিতি　তির্য্যক্ তিরশ্চীনীভবন্ তত্রাপি বিবর্ত্তিতঃ ভ্রমিতঃ তত্রাপি নটন্ নৃত্যন্ নয়নস্য ত্রিভাগস্তৃতীয়ো ভাগো যত্র তদ্যথা স্যাত্তথা ত্রিপিষ্টপশব্দবৎ বিনাপি তীয়প্রত্যয়ং তদর্থাবগতেঃ পূরণার্থপ্রত্যয়ানাং স্বার্থিকাধিকাবগতত্বাৎ　অত্র লজ্জাধিক্যাদৌৎসুক্যেন নেত্রস্য তৃতীয়ো ভাগ উদ্ঘাটিতঃ তদৈব শ্রীকৃষ্ণদৃষ্ট্যাঘাতেন তিরশ্চীনীকৃতঃ তৎক্ষণত এবৌৎসুক্যাবৃদ্ধ্যা বিবর্ত্তিতঃ ততো হর্ষচাপল্যাভ্যাং নর্ত্তিত ইতি জ্ঞেয়ং । মৃগাক্ষী শ্রীরাধা তৎপ্রেক্ষণং । ২৪

ললিতা সংভুক্তালঙ্কৃতাং শ্রীরাধামাহ পূর্ণমিতি । প্রমোদ এবোত্তরলঃ উদ্গততরঙ্গঃ । রসানাং জলানাং শৃঙ্গারাদিরসবিশেষাণাঞ্চ । শ্যামং শ্যামবর্ণং শ্রীকৃষ্ণঞ্চ । ইন্দুশ্চন্দ্রঃ পক্ষে

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, সখে ।　অদ্য আমি যমুনাপুলিনে বিচরণ করিতেছিলাম, শ্রীরাধা আমাকে অবলোকন করিয়া স্বীয় নর্ত্তনশীল-নেত্রান্ত বিঘূর্ণন করিয়া বক্রভাবে আমার প্রতি নিক্ষেপ করিলেন । সখে ! ঐ বক্র দৃষ্টি সামান্য নয়, উহা অতি ভয়ানক, সহসা আমার হৃদয় মধ্যে মকরধ্বজের ভগ্ন বাণাগ্রের ন্যায় প্রবেশ করিয়া পীড়া জন্মাইতে লাগিল সুতরাং তাহাতেই আমি বিবশ হইয়াছি ॥ ২৪ ॥

অথ বামদৃক্প্রেক্ষা ॥

এক দিবস কৃষ্ণসম্ভুক্তা হইয়া শ্রীমতী আগমন করিতে ছিলেন, ললিতা অবলোকন করিয়া কহিলেন, রাধে ! প্রমোদ-তরঙ্গ-সঙ্কুল এই

সব্যেন নেত্রাঞ্জলিনা পিবন্তী ত্বমুন্মনাঃ কুম্ভভবাসিতাসি

লোচনরোচনী টীকা

মিত্যত্র শ্রীকৃষ্ণপক্ষে মুখগৌরবেন্দুত্বমতিশয়োক্ত্যা দর্শিতং অস্যা ধাষ্ট্যং তু দর্শয়িষ্যতে। সব্যেন নেত্রাঞ্জলিনেতি নেত্রাঞ্জলেঃ সব্যভাগেন ন তু সমস্তাংশেনেত্যর্থঃ যদ্বা। চতুর্ভুজাযা ইব ভবত্যা পক্ষদ্বয়সংবৃততয়া নেত্রদ্বয়াস্যং সঞ্জরিষ্যমং দৃশ্যতে তেন দ্বয়েনাপি স্নপানাৎ। সাংপ্রতি তু সব্যেনৈব তেনেদৃশং কর্ম্ম দৃশ্যতে ইত্যাহ সব্যেনেতি পিবন্তীতি শতৃ-প্রত্যয়েনাবিচ্ছেদোক্তেঃ সম্যক্ পীতস্যাপি তস্য বহিরাবির্ভাবাদবিচ্ছেদে দর্শিতঃ তস্যা অপি অপ্ররিচ্ছিন্নশক্তিত্বং ব্যঞ্জিতং অতঃ কুম্ভভবস্য তৎপীতসমুদ্রস্য চ হীনোপমাত্বমেব জ্ঞাপিতং অথবা। পূর্ণং প্রমোদোত্তরলেন রাধে মনো মুর রে রসবারিরাশিং সব্যেন নেত্রেণ বিধায় পীতং তং কুম্ভজাতং ভবতী জিগায়েতি পাঠান্তরং দ্রষ্টব্যং ২৫

আনন্দচন্দ্রিকা টীকা

প্রথমাতিশয়োক্ত্যা শ্রীকৃষ্ণমুখং সব্যেন বামেন নেত্রাঞ্জলিনেতু স্বাধঃস্থিতস্য পক্ষদ্বয়স্য পাণিদ্বয়েনেবাবৃতত্বাৎ কুম্ভভবোঽগস্ত্যঃ অত্র বামনেত্রস্য সম্পূর্ণোদ্ঘাটনং সম্প্রয়োগোত্তরকালে লজ্জাপগমাৎ অভিযোগত্বং পুনরপি সম্ভোগস্পৃহোদয়াৎ

শ্যামবর্ণ রসনিধি, অর্থাৎ জলনিধি (সমুদ্র), যাহাতে চন্দ্র উৎপন্ন হইয়াছিলেন, তাহাই কি তুমি বামনেত্রাঞ্জলি দ্বারা পান করিয়া উন্মনাঃ হইয়াছ ?। যা হা হউক, তুমি সাক্ষাৎ অগস্ত্য, নতুবা এরূপ বিচিত্র শক্তি কি প্রকারে লাভ করিতে পারিতে ? ।

অর্থান্তর যথা—

সম্ভোগানন্তর শ্রীমতী বামনেত্রে উদ্ঘাটন পূর্ব্বক কৃষ্ণমুখচন্দ্র সন্দর্শন করিতে ছিলেন, হঠাৎ নয়নদ্বয়ের পক্ষ্ম নিপতিত হওয়াতে বোধ হইল যেন শ্রীকৃষ্ণের নিকট কোন অভিযোগ প্রকাশ করিতেছেন, পার্শ্ববর্ত্তিনী ললিতা দেখিয়া কহিলেন, রাধে! তুমি প্রমোদ-তরঙ্গ-পূর্ণ শ্যামরসনিধির মুখচন্দ্র বামনেত্রে নিরীক্ষণ করিয়া অপূর্ণ মনোরথের ন্যায় বিমনস্ক হইলে কেন ? এখনও কি আকাঙ্ক্ষা পূর্ণ হয় নাই! যাহা হউক, তোমাকে অগস্ত্য তুল্য দেখিতেছি, কারণ ঐ মহর্ষি যেমন সমুদ্র শোষণ করিয়াও তুষ্টিলাভ করিতে পারেন নাই, তদ্রূপ তোমারও আকাঙ্ক্ষার নিবৃত্তি দেখিতেছি না, এখনও পান করিতে অভিলাষ করিতেছ, অতএব তোমার শক্তি অতি বিচিত্র।

কটাক্ষঃ

যদ্গতাগতিবিশ্রান্তিবৈচিত্র্যেণ বিবর্ত্তনং।
তারকায়াঃ কলাভিজ্ঞাস্তং কটাক্ষং প্রচক্ষতে ॥ ২৫

যথা—

চিত্রং গৌরি বিবর্ত্ততে ভ্রমিকরী বিশ্রম্য বিশ্রম্য তে
দৃক্তারাভ্রমরী গতাগতিমিয়ং কর্ণোৎপলে কুর্ব্বতী।

লোচনরোচনী টীকা।

হে গৌরি হে গৌরাঙ্গি গান্ধর্ব্বে শ্রীরাধে পদ্মা নাম্না আলিশ্চন্দ্রাবলী তস্যা বার্ত্তা ক

আনন্দচন্দ্রিকা টীকা।

গতং লক্ষ্যপর্য্যন্তং গমনং আগতিস্তত আগমনং বিশ্রান্তিস্তয়োর্ম্মধ্য এবাতিহ্রস্বকালে লক্ষ্যসহস্থিতিঃ তাসাং বৈচিত্র্যেং চমৎকারিত্বেন বিবর্ত্তনং আবৃত্ত্যাভ্যাসঃ তারকায়াঃ কনী-নিকায়াঃ ॥ ২৫।

শ্রীরাধাং প্রতি দূতী স্বয়ং শ্রীকৃষ্ণো বা প্রাহ চিত্রমিতি কর্ণোৎপলে ইতি গতাগতি-বিশ্রান্তয়ঃ কর্ণোৎপলে দৃশ্যন্তে মাত্রং কিন্তু শ্রীকৃষ্ণমুখং স্পৃষ্ট্বা এব তাঃ ফলন্তীত্যাহ যস্যা

অথ কটাক্ষ।

নেত্র-তারকার যে গতাগতি বিশ্রান্তি অর্থাৎ লক্ষ্যপর্য্যন্ত গমন, তথা হইতে পুনরাগমন এবং গতাগতি মধ্যে লক্ষ্য সহ যে অল্পকাল স্থিতি ইত্যাদির চমৎকারিত্বরূপে যে বিবর্ত্তন অর্থাৎ অভ্যাস, রসজ্ঞেরা তাহাকেই কটাক্ষ বলিয়া কীর্ত্তন করেন। ২৫ ॥

যথা—

শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে গৌরি! তোমার নেত্রতারকার কি বিচিত্র শক্তি ও যে সকলকেই মূর্চ্ছিত করিল! হে গান্ধর্ব্বিকে! ঐ নেত্রতারকা-ভ্রমরী আমার কর্ণোৎপলের প্রতি আশ্চর্য্যরূপে গতাগতি করিতেছে, যদবলোকনে মধুসূদনের (ভ্রমরের) আত্মস্মৃতি নাই, অতএব উহার পদ্মালি (চন্দ্রাবলী) স্মরণের কথা কি? উহাকে ত অবশ্যই বিস্মৃত হইতে পারে।

যস্যাঃ কেলিভিরাকুলীকৃতমতেঃ পদ্মালিবার্ত্তা ক সা
গান্ধর্ব্বে মধুসূদনস্য নিতরাং স্বস্যাপ্যভূদ্বিস্মৃতিঃ
ইত্যেতেষামসংখ্যানাং দিগেবেয়ং প্রদর্শিতা।
যথোচিতমমী জ্ঞেয়া নায়কেঽপ্যঘনিদ্বিষি ২৬
স্বাভিযোগা ইতি প্রোক্তাশ্চেদমী বুদ্ধিপূর্ব্বকাঃ।

লোচনরোচনী টীকা

সা তু দূরে স্থিতেত্যর্থঃ পক্ষে পদ্মালিঃ পদ্মশ্রেণী মধুসূদনো ভ্রমরঃ ভ্রমির্ভ্রমণং ২৬
অমী বাচিকাঙ্গিকচাক্ষুষাঃ ২৭॥

আনন্দচন্দ্রিকা টীকা

ইত্যাদি পদ্মালিঃ কমলশ্রেণী পক্ষে পদ্মাসখী চন্দ্রাবলী। মধুসূদনস্য ভ্রমরস্য শ্রীকৃষ্ণস্য চ আত্মবিস্মৃতিঃ যতো ভ্রমিকরী বুদ্ধিভ্রমকরী ২৬

নায়কেঽপি জ্ঞেয়া যথা মদমরবিঘূর্ণিতলোচনান্তং, মৃদুললতা নবপল্লবং দশন্তং সখি হরিমবলোক্য ভানুজায়া স্তটবিপিনে স্ফুটদন্তরাশ্মি জাতা। শীতাবদ্যাধ কুটিলং মামবলোক্য নবাম্বুজমুপরি চুচুম্ব স রঙ্গী তেন হঠাদহমভবং বেপথুমণ্ডলমণ্ডিতাঙ্গী ভাবিনি পৃচ্ছ ন বাদং

তাৎপর্য্য॥

পদ্মালি শব্দের অর্থ পদ্মশ্রেণী এবং পদ্মার প্রিয়সখী চন্দ্রাবলী, আর মধুসূদন শব্দের অর্থ ভ্রমর এবং শ্রীকৃষ্ণ।

শ্রীমতীর নিকট ভ্রমর ছলে আপনার বশ্যতা প্রকাশ পূর্ব্বক শ্রীকৃষ্ণ কহিলেন, হে গান্ধর্ব্বিকে! তুমি যে আমার প্রতি বারম্বার কটাক্ষ করিতেছ, উহার চমৎকারিত্ব দেখিয়া আমার চিত্ত অতিশয় চঞ্চল হইয়াছে, আত্মস্মৃতি একেবারে বিস্মৃত হইয়াছি, চন্দ্রাবলীর কথা কি! তাহাকে ত বিস্মৃত হইতেই পারি

যে সমস্ত স্বয়ংদূতীর লক্ষণ উক্ত হইল তৎসমুদায় অসংখ্য প্রযুক্ত কেবল দিগদর্শন মাত্র প্রদর্শন করিলাম। অঘনাশন-নায়কে ঐ সকল লক্ষণ যথোচিত রূপে পরিজ্ঞাত হইতে হইবে অর্থাৎ কখন কখন তিনি স্বয়ং দূতীর ন্যায় স্বীয় অভীষ্টও প্রার্থনা করিয়া থাকেন। ২৬॥

অপর উল্লিখিত বাচিক, আঙ্গিক ও চাক্ষুষাদি যদি বুদ্ধিপূর্ব্বক কৃত

স্বভাবজাস্তু ভাবজ্ঞৈরনুভাবাঃ প্রকীর্ত্তিতাঃ ২৭ ।

অথাপ্তদূতী

ন বিশ্রম্ভস্য ভঙ্গং যা কুর্য্যাৎ প্রাণাত্যয়েষ্বপি ।
স্নিগ্ধা চ বাগ্মিনী চাসৌ দূতী স্যাদ্গোপসুভ্রুবাং ।
অমিতার্থা নিসৃষ্টার্থা পত্রহারীতি সা ত্রিধা ।

লোচনরোচনী টীকা।

মিথো মেলকত্বমেব দূতীলক্ষণং প্রসিদ্ধমিতি তদনুক্ত্বা তদ্বিশেষান্ লক্ষয়িতুমাহ অথাপ্তেতি ২৮

আনন্দচন্দ্রিকা টীকা।

যাবং হন্ত বিমুঞ্চতি বীক্ষ্য মনো মম বল্লবরাজকুমারং। দাড়িমলতিকামনুনিস্তলফলনমিতাং স দধে হস্তং। তদনুস্তবাম্যম ধর্ম্মোজ্জ্বলমপি ধৈর্য্য ধনং গতমস্তং অদশদশোকলতাপল্লবমগ্রমতনু সংস্তনধর্ম্মা তদনুগবেক্ষ্য বভুব চিরং বত বিস্মৃতকায়িককর্ম্মা তথা যুগপদপি নায়কনায়িকয়ো র্যথা আনন্দবৃন্দাবনে কৃষ্ণে কর্ষতি কোকযুগমবলা দোর্ভ্যাং দধুঃ স্বস্তিকং, কণ্ঠে চারু মৃণালমর্পয়তি তাশ্চক্রুভুর্জান্ ভুজান্ পদ্মং জিঘ্রতি পাণিভিঃ পিদধিরে বক্ত্রং জলক্রীড়নে, তাসাং তত্র বভূব সৌরতরসঃ কোঽপীঙ্গিতৈরিঙ্গিতৈরিতি। অমী বাচিকাঙ্গিকচাক্ষুষাঃ বুদ্ধিপূর্ব্বিকা এবং প্রথমা দৃষ্ট্বা চ সংস্কারস্তোঽয়ং মদ্যামুরজ্যমিতি বুদ্ধিঃ পূর্ব্বে যেষাং কেচিদনুভাবত্বৈন দর্শিতা ইতি জ্ঞেয়ং তত্র বাচিকানাং কেষাঞ্চিদনুভাবত্বৈব প্রথমমুক্তে স্বেহপি ইদং দৃষ্ট্বা মযানুরজ্যমিতি পশ্চাদ্ধ্যাপি স্বাভিযোগত্বং বুদ্ধিপূর্ব্বক ইত্যত্র পূর্ব্বশব্দযোগমাত্রার্থতাৎ সম্যাদিত্যপি জ্ঞেয়ং ২৭

পরস্পরমিলনরূপে বস্তুনি ঘটকত্বং দূতীলক্ষণং স্পষ্টমিতি তদলক্ষয়িত্বা তদ্বিশেষাণে লক্ষয়তি অথাপ্তেতি

অমিতঃ অপরিমিতঃ অর্থঃ কার্য্যং যস্যা ভবতি সা তাসাং যথাপূর্ব্বং শ্রৈষ্ঠ্যং জ্ঞেয়ং

হয়, তাহা হইলে ঐ সকলকে স্বাভিযোগ এবং স্বভাবজ হইলে রসজ্ঞেরা তৎসমুদায়কে অনুভাব বলিয়া কীর্ত্তন করেন । ২৭ ।

অথ আপ্ত দূতী

যে দূতী প্রাণান্তেও বিশ্বাস ভঙ্গ করে না এবং অতিশয় স্নেহবতী ও বাক্য প্রয়োগে নিপুণা হয়, তাহাকেই ব্রজসুন্দরীগণের আপ্তদূতী বলে।

পরস্পর মিলন বিষয়ে ঘটকত্বই দূতী লক্ষণ

আপ্তদূতী তিন প্রকার, অমিতার্থা, নিসৃষ্টার্থা এবং পত্রহারী ।

তত্রামিতার্থা।

জ্ঞাত্বেঙ্গিতেন যা ভাবং দ্বয়োরেকতরস্য বা।
উপায়ৈর্মেলয়েত্তৌ দ্বাবমিতার্থা ভবেদিয়ং ॥ ২৮ ॥

যথা—

সা তে বকান্তক কটাক্ষশরার্দ্দিতাপি
জীর্ণং ত্রপা কবচমেব বৃথা বহন্তী।
বর্ণৈর্নু নোদ মুখচন্দ্র বিগাহিভির্মাং

লোচনরোচনী টীকা।

গুণতয়া বিষয়তয়া গুণাগুণেষু বর্ত্তন্ত ইতিবৎ ২৯

আনন্দচন্দ্রিকা টীকা।

দ্বয়োর্নায়কনায়িকয়োর্ভাবং অভিপ্রায়মাত্রং জ্ঞাত্বা একতরস্য নায়িকায়া নায়কস্য-বেত্যর্থঃ ২৮।

বর্ণৈর্মাং নুনোদ কিমক্ষরৈর্লিখিতৈস্তর্হি তৎ পত্রং দেহি বাচয়িত্বা জ্ঞাস্যামি স্বং পত্রহারী দূতাসি নহি নহি মুখচন্দ্রবিগাহিভিস্তর্হি তান্যেবাচক্ষ্বো কথয় শুক্লাদয়ঃ স্বং পত্রহারী নিসৃ-

তন্মধ্যে অমিতার্থা যথা—

নায়ক নায়িকা দ্বয়ের মধ্যে একের ইঙ্গিত দ্বারা অভিপ্রায় অবগত হইয়া উপায় যোগে ঐ দুইকে যে মিলিত করায়, তাহার নাম অমিতার্থা দূতী ॥ ২৮

কোন এক অমিতার্থা দূতী শ্রীকৃষ্ণসমীপে গমন পূর্ব্বক কহিল, হে বকান্তক! তোমার কটাক্ষ-শরে শ্রীরাধা অতীব অর্দ্দিতা হইয়াও এযাবৎ লজ্জারূপ জীর্ণ কবচ বৃথা বহন করিতেছেন, হে রসিকশেখর! আমি তাঁহার বদনবিধু বিকাশিত বর্ণ কর্ত্তৃক এস্থানে প্রেরিতা হইয়াছি, কিন্তু ঐ বর্ণ শ্রুতিগম্য নয়, না দেখিলে পরিজ্ঞাত হওয়া যায় না অতএব আগমন পুরঃসর একবার অবলোকন কর।

তাৎপর্য্য ॥

অমিতার্থা দূতী আসিয়া শ্রীকৃষ্ণাগ্রে কহিল, হে বকান্তক! আমি বর্ণ দ্বারা প্রেরিত হইয়াছি, শ্রীকৃষ্ণ অক্ষরাত্মক বর্ণ বিবেচনা করিয়া

গর্ব্বোদ্দৃশাং গুণতয়া ন কিল শ্রুতীনং ।

অথ নিসৃষ্টার্থ

বিন্যস্তকার্য্যভারা স্যাদ্দ্বয়োরেকতরেণ যা ।
যুক্ত্যোভৌ ঘটয়েদেষা নিসৃষ্টার্থা নিগদ্যতে । ২৯ ॥

যথ —

অঘদমন জগত্যনর্ঘরূপা, বিলসতি সা গুণরত্নরাশিরেকা ।

লোচনরোচনী টীকা

জগত্যনর্ঘরূপেত্যাদিনা তয়া সহ সাম্নেহো দর্শিতঃ　তত*চ সম্ভবন্তীমপি তৎপ্রে

আনন্দচন্দ্রিক টীক

ইহার্থ্যা ব্যুৎাহি নহি দৃশাং গুণতয়া বিষয়তয় গর্ব্বোক্তৈর্ন তু শ্রুতীনাং ।　তেন তন্মুখধোস দৃষ্ট্বা তয়া সংপ্রেষিতৈতেবাহাতাস্মীতি মাং অমিতার্থাং দূতীং বিদ্ধীতি ভাবঃ ॥ ২৯

অনর্ঘ্যং মূল্যং রূপং সৌন্দর্যং যস্যাঃ [illegible] ভাবঃ　কিং বক্ত আঙ্গিকং সৌন্দর্য্যসৌকুমার্য্যসৌরভ্যসৌচিত স্থূলতাবৃত্ততাদিকং তথা বাচিকং সৌস্বর্য

কহিলেন, দূতি ! তুমি কি শ্রীমতীর পত্র আনয়ন করিয়াছ ? প্রদ কর, অন্যের দ্বারা পাঠ করাইয়া অবগত হই, দূতী কহিল, কৃষ আমি পত্রহারী নহি, তাঁহার মুখচন্দ্র বিকাশিত বর্ণ কর্তৃক প্রেরিত হ য়াছি, শ্রীকৃষ্ণ কহিলেন, ভাল, তবে উচ্চ করিয়া উচ্চারণ কর শ্রে করি, দূতী বলিল আমি নিসৃষ্টার্থা দূতী নহি যে বর্ণকর্তৃক প্রেরি হইয়া সমাগতা হইলাম, তাহা দর্শন ব্যতীত শ্রবণযোগ্য নয় । আ তাঁহার বদন সান্নিধ্য অবলোকন করিয় তোমার সমীপে আসিল অতএব শীঘ্র গিয়া আমার প্রিয়সখীর বদনচন্দ্র সন্দর্শন কর ॥

অথ নিসৃষ্টার্থা যথা—

দুই নায়ক নায়িকার মধ্যে একজন কর্তৃক কার্য্যভার প্রাপ্ত হইয়া যুক্তি দ্বারা তদুভয়ের মিলন কারিণীকে নিসৃষ্টার্থা দূতী কহে　২৯ ॥

যথা—

কোন এক সখী শ্রীকৃষ্ণকে সম্বোধন পূর্ব্বক কহিল, হে অঘনাশন ! জগতীতলে অমূল্য গুণরত্ন রাশিরূপা একা শ্রীরাধাই সর্ব্বোপরি বিলাস

ধিগাং টুমতিরস্মি যৎপুরস্তাৎ, কঠিনমণেস্তব বক্তুমুদ্যতাহং।

গোচনরোচনী টীকা

ধিগপটুমতিরস্মীত্যাদিনা নিরাকৃতা স্বয়ংবোরং মযোক্তিমিতি ব্যক্তীকৃত্য ততএব তদেক-হিতসাধনে প্রবৃত্তির্দর্শনয়া তৎপ্রতিরূপত্বাং দর্শয়িত্বা ত্রয়াস্তভাবত্বং নিগূঢ়তয়া ব্যঞ্জিতং কঠিনমণেরিতি যথ হীরকাদিমণেঃ কজ্জলরস্য স্থানং দর্শয়তাপি স্পৃষ্টঃ সন্ কঠিনত্বমেবানুভূয়তে নতু কর্পূরমণিবদ্দ্রবেন যং কিঞ্চিৎ স্নিগ্ধতয়াপি তত্তুল্যস্যেত্যর্থঃ তদিদমস্তুতস্য সাকূত-মৌদাসীন্যং দৃষ্ট্বা সপ্রণয়কোপং বচনং .৩০

আনন্দচন্দ্রিক টীকা

চ কিঞ্চ মানসা ধৈর্য্যগাম্ভীর্য্যাদিগুণা দুষ্পারা এবেত্যাহ গুণবন্ধেতি। তেন তব নয়নেন্দ্রিয়েণ তস্যা রূপমাত্রস্য জিঘৃক্ষায়াং মূল্যং কিঞ্চিন্ন দৃশ্যতে ঘ্রাণাদীন্দ্রিয়ৈঃ সৌরভ্যসৌস্বর্য্যাদীনাং কিং বক্তব্যং ধৈর্য্যাদিগুণানাস্ত কিমুমামেবেতি ভাবঃ নবহমপি জগত্যনর্ঘ্যে। তবাস্মি সর্ব্বত্র নগরাদৌ পৃষ্ট্বা প্রত্যেহি তত্তশ্চ স্বসৌন্দর্য্যাদিকং তস্যা নয়নাদিভ্যো দত্ত্ব বিনিময়েন তস্যা অপি তত্তৎ সর্ব্বং জিঘৃক্ষামীত্যত আহ ধিগিতি নহু বিভিত্যামানং নিন্দসীত্যত আহ যত্তব পুরস্তাৎ বক্তুমুদ্যতাস্মীতি কশ্চিদত্র তথাপ্যে কো নাস্তি যস্তব তস্যাশ্চ সৌন্দর্য্যাদিকং তুলামারোহ্য কিয়দস্তরং ভবেত্তৎ বক্তি নহু ধর্ম্মস্য ... প্রমেয় জানামি চেদস্তরং তর্হি পরমার্থং ব্রূহি প্রত্যেষ্যামি ইত্যত আহ কঠিনেতি তব এতেন কঠোরত্বগুণেন গুণাস্তোষ সর্ব্বএব গুণা অল্পমূল্যা অভূবন্ তস্যাস্ত স্নিগ্ধত্বেনৈকেন গুণেনৈতা পরমোৎকর্ষমপাপুরিতি

করিতেছেন। কিন্তু আমি অতি অল্পমতি আমাকে ধিক্কার এই যে কঠিন পাষাণ হৃদয় তোমার অগ্রে তাঁহাকে বলিতে উদ্যতা হইলাম।

তাৎপর্য্য।

কোন এক নিসৃষ্টার্থ দূতী শ্রীকৃষ্ণ সমীপে আগমন পূর্ব্বক কহিল, হে অঘনাশন। ত্রিজগৎ মধ্যে শ্রীরাধার তুল্য রূপবতী আর দৃষ্ট হয় না, তাঁহার রূপ অতি অমূল্য, কেবল গৌরিম মাত্র, অধিক কি বলিব, তিনি গুণরত্ন স্বরূপা। অর্থাৎ তাঁহার আঙ্গিক সৌন্দর্য্য, সৌকুমার্য্য, সৌরভ্য, যথোচিত স্থূলতা ও বর্ত্তুলতা তথা বাচিক সুস্বরতা। অপর তাঁহার মানসিক ধৈর্য্য, গাম্ভীর্য্যাদি দুষ্পার, একারণ হে অঘান্তক। ত্বদীয় নয়নেন্দ্রিয়ে তাঁহার রূপমাত্র গ্রহণ করে এমত কোন মূল্য দেখিতেছি না ইহাতে তোমার ঘ্রাণেন্দ্রিয়াদি যে তাঁহার সৌরভ্যাদি

অথ পত্রহারী।

সন্দেশমাত্রং যা যূনো র্নয়েৎ সা পত্রহারিকা।

আনন্দচন্দ্রিকা টীকা

ভাবঃ। অত্র পূর্ব্বশ্লোকে বর্ষ্মে স্বর্ণোদ ইতি উত্তরশ্লোকে নিভৃতমর্পিতা সন্দেশবাগিতীবেহ শ্লোকে অমিতার্থা পত্রহার্য্যোরসাধারণং লক্ষণং কিঞ্চিন্নাস্তীতি পারিশেষ্যাদিয়ং নিসৃষ্টার্থৈব জ্ঞেয়া

গ্রহণ করিবে তাহা আব কি বলিব? ধৈর্য্যাদি গুণের ত কথাই নাই? ইত্যাদি বাক্য শ্রবণ করিয়া শ্রীকৃষ্ণ কহিলেন, দূতি। আমিও জগতী-তলে অমূল্য রূপশালী, নগরের সকল স্থানে জিজ্ঞাসা করিয়া বিশ্বাস করিতে পার। অতএব আমি আপনার সৌন্দর্য্যাদি গুণ তাঁহার নয়না-দিকে প্রদান করত বিনিময় করিয় তদীয় গুণরত্ন সকল গ্রহণ করিব, ইত্যাদি উক্তিতে দূতী কহিল হা কষ্ট। আমি অতি অল্পমতি আমাকে ধিক্। শ্রীকৃষ্ণ কহিলেন, সুন্দরি! আত্ম নিন্দা করিতেছ কেন? দূতী কহিল পাষাণ হৃদয়ের কাছে যখন তাঁহার গুণ কহিতে প্রবৃত্ত হই-লাম সুতরাং তখন আমাকে নিন্দাভাজন হইতে হইল। হায়। এখানে কোন ভব্যলোক দেখি না যে, সে তোমার এবং প্রিয়সখীর রূপ তুলনা করিয়া কি পরিমাণে পার্থক্যনির্ণয় করে। শ্রীকৃষ্ণ কহিলেন, সখি! ধর্ম্মের শপথ, তুমি নিশ্চয় জান, কাহার কি অন্তর নির্ণয় করিয়া যথার্থ বল। নিসৃষ্টার্থা দূতী কহিল, কৃষ্ণ। এক কাঠিন্যেই তোমার গুণ সকল অল্প মূল্য হইয়াছে, কিন্তু আমার প্রিয়সখীর একা স্নিগ্ধতায় সকল গুণেরই পরমোৎকর্ষ হইল

উক্ত উদাহরণে শ্রীমতীর নিদেশ বশতঃ যুক্তিদ্বারা শ্রীকৃষ্ণের সহিত শ্রীরাধার মিলন করণ নিমিত্ত এই দূতী নিসৃষ্টার্থা বলিয়া কথিত হয়॥

অথ পত্রহারী দূতী।

যে দূতী নায়ক অথবা নায়িকার সন্দেশমাত্র বহন করে তাহাকে পত্রহারী বলে॥

যথা—

তয়া নিভৃতমর্পিতা ময়ি মুকুন্দ সন্দেশবাক্
ব্রজাম্বুজদৃশাদ্য য শ্রুতিপুটেন তাং স্বীকুরু।
প্রবিশ্য মম নির্ভরে যদিহ সান্দ্রনিদ্রোৎসবে
কদর্থয়সি ধূর্ত্ত মাং কিমিব যুক্তমেতত্তব।

তাঃ শিল্পকারী দৈবজ্ঞা লিঙ্গিনী পরিচারিকা।
ধাত্রেয়ী বনদেবী চ সখী চেত্যাদয়ো ব্রজে ৩০।

তত্র শিল্পকারী

ত্বামাহুঃ প্রমদাকৃতিং ভগবতস্ত্বষ্টুর্দ্বিতীয়াং তনুং
তত্তূর্ণং লিখ রূপমত্র ভুবনে যদ্ বেৎসি লোকোত্তরং।

আনন্দচন্দ্রিকা টীকা

সান্দ্রনিদ্রেতি স্বপ্নেঽপ্যহং ত্বামনস্বামীতি স্বানুরাগো দর্শিতঃ ৩০

ত্বষ্টুর্বিশ্বকর্ম্মণঃ বিশ্বকর্ম্মা এব ত্বং স্ত্রীরূপেণাবতীর্ণাসীতি ভাবঃ ইত্যত্যার্থিতৈবেতি

কোন এক পত্রহারী দূতী শ্রীকৃষ্ণের সমীপে গমন পূর্ব্বক কহিল মুকুন্দ। আমি ব্রজসরোজাক্ষীর নিদেশিকা, অদ্য তিনি আমাকে যে সন্দেশবাক্য অর্পণ করিয়াছেন, তাহা কর্ণবিবরে অঙ্গীকার কর অর্থাৎ তিনি তোমাকে কহিলেন, হে ব্রজধূর্ত্ত। আমি নিবিড়নিদ্রোৎসবে নিমগ্ন ছিলাম, অকস্মাৎ তুমি যে, তাহাতে স্বপ্নাবেশে প্রবেশ করিয়া কদর্থন করিলে, ইহাই কি তোমার উপযুক্ত। যাহা হউক, কদাচ আর যেন ও প্রকার কদর্থন করিও না॥

উল্লিখিত আপ্তদূতীর মধ্যে শিল্পকারী, দৈবজ্ঞা, লিঙ্গিনী, পরিচারিকা, ধাত্রেয়ী, বনদেবী এবং সখী ইত্যাদি বিবিধ ভেদ হয়॥ ৩০॥

অথ শিল্পকারী দূতী।

কোন এক দূতী শ্রীকৃষ্ণসমীপে আগমন করত কহিল, হে সৌন্দর্য্যনিধে। একদা চিত্রা আমাকে কহিলেন, অয়ি শিল্পকারিণি। তুমি ভগবান্ বিশ্বকর্ম্মার দ্বিতীয়া মূর্ত্তি, স্ত্রীরূপে অবতীর্ণা হইয়াছ অতএব আমার

ইত্যভ্যর্থিতয়া ময়াদ্য ফলকে ত্বাং প্রেক্ষ্য সা চিত্রিতং
চিত্রা চিত্রদশাং গতা সহচরীনেত্রেষু চিত্রীয়তে ৩১ ॥

দৈবজ্ঞা ॥

তবাদ্য শুভরোহিণী বৃষভরাশিভাজঃ পরা-
মবেত্য গণনাদহং সুখসমৃদ্ধিমত্রাগতাঃ ।
তদেহি মুদিরাকৃতে ৎ রসচিত্রকোদণ্ডভা-

গোচনরোচনী টীকা ।

চিত্রীয়তে আশ্চর্য্যং করোতি । ৩১ ।

পরমচিত্রেত্যাদৌ কোদণ্ডবিধুবিহ্যাদ্রূপতয়া ভ্রূযুগমুখগৌরাঙ্গ্যো হ্যধ্যবসিতা ইতি প্রথমা-
তিশয়োক্তিনামালঙ্কারঃ । তদুক্তং । উপমানেনান্তর্নিগীর্ণস্য চোপমেয়স্য যদধ্যবসানং সৈকা-

---

আনন্দচন্দ্রিকা টীকা ।

চিত্রৈব কর্ত্রো ত্যর্থঃ । চিত্রস্য আলেখ্যস্য দশাং জাড্যং । আলেখ্যাশ্চর্য্যয়োশ্চিত্রমিত্যমরঃ ।
সহচরীণাং নেত্রেষু চিত্রীয়তে আশ্চর্য্যমিবাচরতি । নমোবরিবশ্চিত্রেভ্যঃ ক্যজিত্যাচার্থে
ক্যচ্ ৩১ ।

ভবতি ত্বয়ি বিহ্যাদিতি প্রথমাতিশয়োক্ত্যা শ্রীরাধাকোদণ্ডে ভ্রুবৌ বিধুমণ্ডলং মুখং ॥

একটী প্রার্থনা পূর্ণ কর, সখি ! গজন্মধ্যে যাহা উৎকৃষ্ট রূপ অবগত আছ লিখিয়া দেখাও । হে ব্রজসুন্দর ! চিত্রার এইরূপ অভ্যর্থনায় আমি ফলক মধ্যে তোমারই রূপ চিত্রিত করিয়া চিত্রাকে দেখাইয়া কহিলাম, সখি ! অবলোকন কর, জগতীতলে ইহা অপেক্ষা আর উৎকৃষ্ট রূপ নাই । অনন্তর চিত্রা তোমার ঐ চিত্রিত মূর্ত্তি সন্দর্শন করিয়া এমত বিচিত্র দশা লাভ করিয়াছিলেন যে, সখীগণ তাঁহাকে চিত্রিতের ন্যায় দেখিতে লাগিলেন ৩১ ।

অথ দৈবজ্ঞা ॥

শ্রীরাধাপ্রেরিতা কোন এক দৈবজ্ঞা দূতী আসিয়া শ্রীকৃষ্ণকে কহিল, অহে ব্রজরাজনন্দন ! আমি গণনা করিয়া দেখিলাম, যে ব্যক্তির রোহিণীনক্ষত্রযুক্ত বৃষরাশি অদ্য তাঁহার মহাসমৃদ্ধি লাভ হইবে, হে নবঘনাকৃতে ! এইরূপ শাস্ত্র দ্বারা পরিজ্ঞাত হইয়া তোমার

গখণ্ডবিধুমণ্ডলা ভবতি বিদ্যুদুদ্দ্যোততাং ॥

লিঙ্গিনী ॥

লিঙ্গিনী তাপসীবেশা পৌর্ণমাসীবদীরিত

যথা—

সরলে ন বিধেহি পুত্রি চিন্তাং বশগস্তে ভবিতা ব্রজেন্দ্রসূনুঃ।

লোচনরোচনী টীকা।

স্তিশযোক্তিরিতি ভবতি ত্বয়ি ৩২

আনন্দচন্দ্রিকা টীকা

চতুরেতি প্রথমং চাতুর্য্যেণৈব ত্বং বশীকরোমি তেনাশক্তৌ সিদ্ধমন্ত্রেণ তত্র মন্ত্রজপেন মন্ত্রসিদ্ধে বশীকরণং ফলং প্রসিদ্ধমেবেতি ভাবঃ নন্বু কদা তে মন্ত্রসিদ্ধিরভূদিত্যত আহ জরতীতি। বাল্যাদারভ্য মন্ত্রজপং বিনা এতাবন্তং কালং কেন ব্যতীতমকরবং ইত্যেবেতি ভাবঃ নন্বু পতি-পুত্র-পৌত্র-প্রপৌত্র-পালনাদিভিরেব জরত্যো ভবন্ত্যত আহ প্রব্রজিতা সন্ন্যাসিনী

নিকটে আগমন করিলাম অতএব শীঘ্র আইস তোমাতে বিচিত্র কোদণ্ড (ভ্রূধনুঃ) এবং অখণ্ড বিধুমণ্ডলশালিনী বিদ্যুৎবল্লী স্ফূর্ত্তি পাউক ॥

অথ লিঙ্গিনী।

পৌর্ণমাসীর তুল্য তপোবেশ ধারিণীকে লিঙ্গিনী বলে ॥

যথা—

পৌর্ণমাসী শ্রীরাধাকে সম্বোধন করিয়া কহিলেন, হে সরলে! পুত্রি! তুমি চিন্তা করিও না, ব্রজেন্দ্রনন্দন নিশ্চয়ই তোমার প্রেমবশ্য হইবেন, কারণ আমি অতিচতুরা, এ বিষয়ের মন্ত্রসিদ্ধি করিয়াছি এবং প্রাচীনা সন্ন্যাসিনী, তোমার যখন দৌত্য স্বীকার করিলাম তখন কি কোন কার্য্য অসিদ্ধ রহিবে? স্থির হও।

তাৎপর্য্য

শ্রীমতী কৃষ্ণসঙ্গার্থ ব্যগ্রচিত্ত হইয়া অবসন্না হইতেছিলেন পৌর্ণমাসী অবলোকন করিয়া কহিলেন, পুত্রি! চিন্তা কি? আমি তোমার

যদহং চতুরাত্র সিদ্ধমন্ত্রা জরতী প্রব্রজিতা তবাস্মি দূতী।

পরিচারিকা॥

লবঙ্গমঞ্জরীভানুমত্যাদ্যাঃ পরিচারিকাঃ ৩২।

আনন্দচন্দ্রিকা টীকা

মন্ত্রজপেঽবকাশপ্রাপ্ত্যর্থমেব ময়া সন্ন্যাসঃ কৃত ইতি ভাবঃ। অত্র প্রথমেন বিশেষণদ্বয়েন তদন্তঃকরণস্য দ্বিতীয়েন তদ্বহিঃকরণস্যাপি বশীকারঃ বয়োঽধিকত্বেন সন্ন্যাসিত্বেন চ ময়ি তস্য তৎপিত্রোশ্চ গৌরবাধিক্যাদাজ্ঞাপালনং বশ্যকং ভাবীতি ভাবঃ

লবঙ্গমঞ্জরীতি সর্ব্বাসু পরিচারিকাসু লবঙ্গমঞ্জর্য্যা অভ্যর্হিতত্বং নাপলপনীয়ং গণোদ্দেশদীপিকায়ামপি তস্যা এব প্রাথম্যাদিতি রহস্যং ॥৩২

দৌত্যকার্য্যে নিযুক্তা হইলাম, প্রথমতঃ চাতুর্য্য দ্বারা তাঁহাকে বশীভূত করিব, যদি তাহাতে অকৃতকার্য্যা হই, তাহা হইলে আমার মন্ত্র সিদ্ধ হইয়াছে, তাঁহার নামোল্লেখ করিয়া মন্ত্রজপ করিব, বৎসে। সিদ্ধমন্ত্র কখন বিফল হয় না অবশ্যই বশীকরণ সিদ্ধ হইবে এতচ্ছ্রবণে বৃষভানুজা কহিলেন, দেবি! কবে তোমার মন্ত্রসিদ্ধি হইল? পৌর্ণমাসী কহিলেন, অজ্ঞে! আমি জরতী হইয়াছি, বলদেখি মন্ত্র জপ ব্যতীত বাল্যাবধি কি কার্য্য করিয়া এতকাল ক্ষেপণ করিলাম। শ্রীমতী বলিলেন, দেবি! পতি পুত্র পৌত্র প্রপৌত্রাদি লালন করিতে করিতেই জরতী হয়। দেবী বলিলেন, বৎসে! আমি মন্ত্র জাপার্থ অবকাশ করিবার নিমিত্ত সন্ন্যাস আশ্রম অবলম্বন করিয়াছি। অতএব চাতুর্য্য এবং সিদ্ধমন্ত্রজপ দ্বারা তাঁহার অন্তঃকরণ বশীভূত করিব। তদনন্তর আমি বৃদ্ধা ও সন্ন্যাসিনী, সুতরাং তাঁহার বাহ্যেন্দ্রিয় সকলের বশীকরণ হইবে অর্থাৎ আমাকে বয়োধিকা এবং সন্ন্যাসিনী দেখিয়া তাঁহার পিতা মাতা কেহই অনাদর করিবে না, অবশ্যই আমার বাক্য রক্ষা করিবে অতএব তুমি স্থির হও শ্রীকৃষ্ণকে তোমার বশীভূত করিয়া দিতেছি।

অথ পরিচারিকা অর্থাৎ সেবাপরা।

লবঙ্গমঞ্জরী ও ভানুমতী প্রভৃতি কতিপয় সখী পরিচারিকা দূতী ॥৩২

যথ —

সহচরপরিষদঃ ক্ষিপ্রমারাধিকৃষ্ট-
স্তব গুণমণিমালামীশ্বরি গ্রাহিতশ্চ।
মধুরিপুরয়মক্ষ্ণোঃ প্রাপিতশ্চ ভিকক্ষাং
ভণ পুনরপি সেয়ং কিঙ্করী কিং করোতু

ধাত্রেয়ী।

ধাত্রেয়ি কাস্মি মধুমর্দ্দন রাধিকায়া
স্ত্বয্যদ্ভুতং কিমপি বক্তুমিহাগতাহং।
নিষ্পাদ্য কৃষ্ণরুচিরদ্য হিরণ্যগৌরী
সদ্যঃ সুধাকরকলাধবলেয়মাসীৎ ৩৩।

লোচনরোচনী টীকা।

সহচরেতি ত্বস্যাঃ কিঙ্কর্য্যাঃ যা কাচিৎ সিদ্ধা তস্য। এব বচনং ৩৩

আনন্দচন্দ্রিকা টীকা

স্বয়ং লবঙ্গমঞ্জর্য্যেবাহ সহেতি।

ধাত্রেয়ী ধাত্র্যাঃ পুত্রী হিরণ্যগৌরীয়ং শ্রীরাধা কৃষ্ণরুচিঃ শ্যামবর্ণা পক্ষে কৃষ্ণে যস্যি রুচির্যস্যাঃ সা নিষ্পদ্য ভূত্বা সদ্যস্তৎক্ষণাদেব সুধাকরস্য একা কলা ইবেতি যস্যি শ্রীকৃষ্ণপক্ষি-ক্ষাম এব বৈবর্ণ্যকার্শ্যযোরেবাতিশয়ো জাতস্তথাপি স্বদেতি মাধুর্য্যমধিকমিতি ভাবঃ ৩৩।

লবঙ্গমঞ্জরী শ্রীরাধাকে কহিলেন, ঈশ্বরি। সহচর সভা হইতে শীঘ্র আকর্ষণ পূর্ব্বক এই মধুরিপুকে তোমার গুণ রূপ মণিমালা পরিধান করাইয়াছি ইনি তোমার নেত্র সন্নিধি লাভ করিলেন, পূঃর্ব্বার আজ্ঞা কর এ কিঙ্করী আর কি করিবে।

অথ ধাত্রেয়ী।

কোন দূতী আসিয়া শ্রীকৃষ্ণাগ্রে কহিল, হে মধুসূদন। আমি শ্রীরাধার ধাত্রীর কন্যা, তোমাকে অদ্ভুত কার্য্য বলিবার নিমিত্ত এখানে আসিলাম, কৃষ্ণ। কনকগৌরী রাধা কৃষ্ণবর্ণে রুচি বিধান করিয়া হঠাৎ সুধাকরকলার ন্যায় ধবলাঙ্গী হইয়াছেন অর্থাৎ তোমাতে রুচি বিধান করত সদ্যঃ চন্দ্রকলার ন্যায় ক্ষীণাঙ্গী হইয়া পড়িলেন। ৩৩।

বনদেবী

জাত্যাহং বনদেবতাপি ভগিনী কুত্রাপি তে প্রেমতঃ
ক্বাপ্যম্বা জননী ক্বচিৎ প্রিয়সখী কুত্রাপি ভর্ত্তুঃস্বসা।
শ্রীবামুন্নময় প্রসীদ রচয় ভ্রূরিঙ্গিতাদীঙ্গিতং

গোচনরোচনী টীকা

ভ্রুবোরিঙ্গিতাচ্চালনাদিঙ্গিতং ভাববাঞ্জনাং রচয় ততশ্চ কুর্য্যাদিতি বক্তোক্তয়োঃ কুন্তব-মাধ্যোঃ তস্যাশ্চ কুঞ্জরীত্বং ব্যঞ্জিতং কুঞ্জবেশ পরিবৃত্য কৃতদন্তাঘাতঃ পরিণতিঃ। সা চাত্র

আনন্দচন্দ্রিকা টীকা

মানভঙ্গার্থং বৃন্দয়া প্রহিতা কাচিদ্বহুরূপ দূতী স্ববচনস্য বৈয়র্থ্যাভাবার্থং শ্রীরাধাং প্রতি স্বস্যাচিন্ত্যাং সিদ্ধিং প্রখ্যাপয়ন্তী প্রাহ জাত্যেতি কুত্রাপি সময়ে তব ভগিনী অনঙ্গমঞ্জরী ভূত্বা ত্বাং ভোজয়ামি পরিধাপয়ামি চ অম্বা জননী মুখরা ভূত্বা হিতমুপদিশামি প্রিয়সখী ললিতা মূর্ত্তিধারিণী ভূত্বা মানং শিক্ষয়ামি ভর্ত্তুঃ স্বসা ননন্দা কুটিলা ভূত্বা সংতর্জ্জামি কিন্তু তদা তদা মাং জ্ঞাতুং ন প্রাভূরেবেত্যধুনাতু সৌহার্দ্দেন দূত্যকালে সর্ব্বং ব্যক্তীকৃতা বচ্মি অতএব

অথ বনদেবী

শ্রীকৃষ্ণ শ্রীরাধার মানভঙ্গার্থ কোন এক বহুরূপা দূতীকে প্রেরণ করিয়াছিলেন, সে আপনার বচনের বৈয়র্থ্যাভাব পরিজ্ঞাপনার্থ স্বীয় অচিন্ত্য সিদ্ধি প্রকাশ পূর্ব্বক শ্রীমতীকে কহিল, বৎসে। আমি জাতিতে বনদেবী কিন্তু কোন স্থানে তোমার ভগিনী (অনঙ্গমঞ্জরী) হইয়া তোমাকে ভোজন ও বসনাদি পরিধান করাই, কোথাও তোমার মাতামহী (মুখরা) হইয়া হিতোপদেশ করি, কোন স্থানে বা প্রিয়সখী মূর্ত্তি ধারণ পূর্ব্বক তোমাকে মান শিক্ষা করাই, কোথায় বা ভর্ত্তৃভগিনী (কুটীলা) হইয়া তর্জ্জন গর্জ্জন করি কিন্তু তুমি আমাকে কোন স্থানেই চিনিতে পার নাই, এখন প্রণয় বশতঃ তোমার দৌত্য স্বীকার করিয়া ঐ সমুদায় প্রকাশ করিতেছি, তুমি একবার আমার প্রতি গ্রীবা উন্নত করিয়া দেখ, আমি তোমার অদৃষ্টচরী ইতঃপূর্ব্বে কখনই আমার পরিচয় পাও নাই, গৌরব প্রকাশ পুরঃসর প্রসন্ন চিত্তে এখন আমার পরি

কুর্য্যাদ্বল্লবকুঞ্জরঃ পরিণতিং বক্ষোজকুম্ভে তব।

অথ সখী

স্বজনোঽপ্যখিলং প্রেম কুর্ব্বাণান্যোন্যমস্থলং।
বিস্রম্ভিণী বয়োবেশাদিভিস্তুল্যা সখী মতা।

যথা—

ন মে শোকস্তস্যাং যদিয়মতিপূতৈঃ প্রিয়সখী
হতা তে দৃগ্‌ভঙ্গীবিশিখৈরনুপমাং যাস্যতি গতিং

লোচনরোচনী টীকা

গাঢ়ালিঙ্গনাদিকং। ৩৪

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীমধুমঙ্গলং সন্দীপনিঃ অহমদৃষ্টচরী দৃষ্টচরী বেতি ন সন্দিগ্ধ ইতি ভাবঃ তত্তশ্চ মদাশীর্বাদেন প্রসীদ যদি ন ব্রবীষি তদা ক্রেবাণিজ্যিতচ্ছলেনাপি অঙ্গং ভাবব্যক্তিং রচয় যথা বল্লবকুঞ্জরস্তব বক্ষোজকুম্ভে পরিণতিং তিরশ্চীনং প্রহারং মর্দনমিতি যাবৎ বক্ষোজয়োঃ কুম্ভত্বারোপেণ তস্যাঃ কুঞ্জরিত্বং বাচ্যং উচিতং দর্শিতং

বিশাখা শ্রীকৃষ্ণং প্রতি শ্রীরাধায়া দশমীদশাং সূচয়তি ন মে শোক ইতি যদি অসমঞ্জসানি তামভিসর্তুং বিবেদন ইতি ভাবঃ অপরিমিতং শোচনীয় ইদং পদেন সর্বজ্ঞত্বং স্বাং প্রিয়ীঃ

চয় লও। হে পুত্রি। যদি লজ্জা বশতঃ কোন আন্তরিক ভাব প্রকাশ করিতে না পার, তবে ভঙ্গি দ্বারা এমত রূপে ব্যক্ত কর যে যাহাতে বল্লভকুঞ্জর (কৃষ্ণ) আত্ম কর দ্বারা ত্বদীয় বক্ষোজকুম্ভে পরিণতি (মর্দ্দন) করিতে পারেন।

অথ সখী

যাহারা ছল পরিত্যাগ পূর্ব্বক পরস্পরের প্রতি অতিশয় প্রীতি করে, এবং পরস্পরের বিশ্বাসভাজন হয় ও যাহাদের পরস্পর বয়ঃক্রম এবং বেশাদিতে তুল্যতা তাহারাই পরস্পর সখী

এক দিবস বিশাখা শ্রীকৃষ্ণের সমীপে গমন পূর্ব্বক শ্রীমতীর দশমী দশা সূচনা করিয়া কহিল হে মুররিপো। তোমার দৃগ্‌ভঙ্গী রূপ বিশুদ্ধ শর দ্বারা আহতা হইয়া যদি আমার প্রিয়সখী অনুপমা গতি লাভ

পরং শোচাম্যুচ্চৈর্জগদিদমহং যন্মধুরিপো
বিনা তস্যাঃ প্রেক্ষামহহ ভবিতা ব্যর্থনয়নং
বাচ্যং ব্যঙ্গমিতি দ্বেধা তদ্দৌত্যমুভয়োরপি ৩৪
তত্র কৃষ্ণপ্রিয়ায়াং বাচ্যং যথা—
শপ প্রহর তর্জ মাং ক্ষিপ বহিষ্কুরুষ্ব দা বা
কদাপি মতিরাগ্রহান্ন সখি মে বিরংস্যত্যতঃ।
প্রযামি তদহং হরেরুপনায় সত্যং ব্রুবে

লোচনরোচনী টীকা

ক্ষিপ বিকির ৩৫

আনন্দচন্দ্রিকা টীকা

সখী নির্ণয়তি তদুপলক্ষিতত্বেন সর্ব্বং ব্রজস্থং শ্রীমণ্ডলমিত্যর্থঃ স্ব স্ব ন শোচামি যতঃ স্বয়া স্বেচ্ছয়ৈব স্ত্রীবধো গৃহীত এব আত্মনঞ্চ ন শোচামি যতোঽহং তাং দুর্লভ্যাগে বেতি ভাবঃ॥

তদ্দৌত্যং তস্যাঃ সখ্যা দৌত্যং উভয়োর্নায়িকানায়কয়োর্বিষয়য়োরিত্যর্থঃ ৩৪

তুঙ্গবিদ্যা শ্রীরাধামাহ এবমহগ্রেপ্যবতারিকা জ্ঞেয়া। শপেতি। মা ন খসিতু মিত্রা

করেন, করুন, তাহাতে আমার শোক নাই, পরন্তু অতিশয় দুঃখের বিষয় এই যে, তাঁহার দৃষ্টি ব্যতীত এই সমস্ত জগৎ নেত্র হীন হইয়া পড়িবে অতএব যত শীঘ্র পার গমন করিয়া প্রিয়সখীর জীবন রক্ষা কর

উল্লিখিত সখীদূত্য নায়ক ও নায়িকা উভয়নিষ্ঠ প্রযুক্ত বাক্য এবং ব্যঙ্গ্য ভেদে দুই প্রকার অর্থাৎ বাচ্যদূত্য ও ব্যঙ্গ্যদূত্য। ৩৪॥

তন্মধ্যে কৃষ্ণপ্রিয়ায় বাচ্যদূত্য যথা—

তুঙ্গবিদ্যা শ্রীরাধাকে কহিলেন, সখি! তোমাদের নব্য সঙ্গতি যে অনুভব করে নাই তাহার জীবনের প্রয়োজন কি। বরং মৃত্যুই ভাল, হে প্রণয়িনি! তুমি আমাকে শাপ দাও বা প্রহারই কর, অথবা তর্জ্জন গর্জ্জনই কর, কিম্বা নিক্ষেপ অথবা বাহির করিয়াই দাও, আমি সত্য

ন সা শসিতু যা ন বামনুভবেমবাং সঙ্গতিং ৩৫

ব্যঙ্গ্যং যথ —

সখি তর্কিতাসি কামিতকৃষ্ণাগুরুসৌরভা ত্বমিহ।
ভবদভিমতার্থবিধয়ে নৈগমসবিধং গমিষ্যামি ।

লোচনরোচনী টীকা।

প্রথমপক্ষে কামিতকৃষ্ণাগুরুসৌরভেত্যেকং পদং। দ্বিতীয়ে কামিতকৃষ্ণেতি অগুরুসৌরভেতি পদদ্বয়ং নৈগমো বণিক্ নাগরশ্চ। তত্র দ্বিতীয়ে নাগরে বিদগ্ধসামান্যবাচ্যপি তৎকামিতত্বেন প্রস্তুতত্বাৎ শ্রীকৃষ্ণমেব বোধয়তি ৩৬

আনন্দচন্দ্রিকা টীকা

মিত্যর্থঃ যা বাং যুবয়োর্নবাং নিত্যনূতনাং সঙ্গতিং ৩৫ .

কাম্যিতং কৃষ্ণাগুরোঃ সৌরভং যয়া। পক্ষে কামিতকৃষ্ণা অগুরুসৌরভেতি পদদ্বয়ং। নৈগমো বণিক্ নাগরশ্চ নৈগমঃ স্যাদুপনিষদ্বণিজোর্নাগরেঽপি চেতি বিশ্বঃ সচাত্র প্রস্তাবশক্ত্যা শ্রীকৃষ্ণ এব সবিধং নিকটং

বলিতেছি, তোমাদের এই অভিনব সঙ্গতির আগ্রহ হইতে কদাচ আমার চিত্ত ক্ষান্ত হইতেছে না অতএব আমি হরি উপাসনা করিবার নিমিত্ত গমন করিতেছি ॥ ৩৫ ।

কৃষ্ণপ্রিয়ায় ব্যঙ্গ্যদূত্য যথা—

কোন এক সখী শ্রীমতীকে সন্দর্শন করিয়া কহিলেন, সুন্দরি! তোমাকে অবলোকন করিয়া আমার মনে এরূপ বিতর্ক হইতেছে, তুমি যেন কৃষ্ণাগুরু সৌরভ কামনা করিতেছ? অতএব তোমার অভিমত অর্থ সাধনার্থ নৈগম (বণিক্) সমীপে গমন করিব ॥

ব্যঙ্গ্যার্থ এই যে, কামিতকৃষ্ণাগুরুসৌরভা এই পদে তুমি অগুরু সৌরভ-শালিনী হইয়া শ্রীকৃষ্ণকে কামনা করিতেছ, দ্বিতীয় পক্ষে কৃষ্ণবর্ণ অগুরুরূপ সৌরভ কামনা করিতেছ। নৈগম শব্দের অর্থ নাগর এবং বণিক্ ॥

পক্ষান্তরের অর্থ এই যে, সখি! তোমাকে দেখিয়া আমার মনে এরূপ বিতর্ক হইতেছে, তুমি যেন অগুরুসৌরভশালিনী হইয়া শ্রীকৃষ্ণের

যথা বা—

ত্বমসি কিমিব বালে ব্যাকুলা তৃষ্ণয়োচ্চৈঃ
শৃণু হিতমবিলম্বাং তত্র যাত্রাং বিধেহি ।
বিলসদমলরাগঃ পূর্ব্বশৈলস্য তিষ্ঠন্
বিধুরুপরি চকোরি ত্বৎ প্রতীক্ষাং করোতি ৩৬ ।

অথ কৃষ্ণে বাচ্যং

আনন্দচন্দ্রিকা টীকা

শব্দশক্ত্যোত্থং ব্যঙ্গ্যমুদাহৃত্য অর্থশক্ত্যোত্থং বক্তুমাহ যথাবেতি পূর্ব্বশৈলস্যোপরি অত্র বিধুং দদৃষ্টা শব্দশক্ত্যোত্থং ব্যঙ্গ্যমিদমিতি ন সম্ভাবনীয়ং চকোরীতি সম্বোধনপদবশাদেতিশয়োক্ত্যৈব চন্দ্রপদেনাপি ব্যঙ্গ্যসিদ্ধেঃ নাপি রাগশব্দস্য পরিবৃত্ত্যসহত্বে তৎশব্দং বাচ্যং ভূয়া ব্যপদেশা ভবতীতি ন্যায়েনৈকস্য পদাংশমাত্রস্য পরিবৃত্ত্যসহত্বে তদ্ব্যপদেশাযুক্তেঃ ॥ ৩৬ ॥

প্রতি কামনা করিতেছ, অতএব তোমার অভিমত অর্থ সাধনার্থ আমি সেই নাগর সমীপে গমন করিব

অথ ব্যঙ্গ্য দূত্য যথা—

এক দিবস শ্রীমতী কৃষ্ণসঙ্গার্থ উৎকণ্ঠিতা হইলে কোন এক সখী শীঘ্র অভিসারার্থ ছলপূর্ব্বক কহিল, হে বালে ! হে চকোরি ! তুমি কি গুরু পিপাসা বশতঃ অতি ব্যাকুল হইয়াছ ? আমি হিতোপদেশ করি শ্রবণ কর, ঐ দেখ পূর্ব্ব (উদয়) শৈলোপরি বিমল রাগশালী বিধু উদিত হইয়া চকোরীর প্রতীক্ষা করিতেছেন অতএব শীঘ্র তৎসমীপে প্রস্থান কর অবশ্যই তৃষ্ণার উপশম হইবে ॥

অর্থোদ্ভব ব্যঙ্গ্য দূত্য এই যে,—

সখী কহিল, প্রিয়সখি ! পূর্ব্বপার্শ্বস্থ গোবর্দ্ধনোপরি শ্রীকৃষ্ণ আরোহণ পূর্ব্বক তোমাতে অনুরক্ত হইয়া ত্বদীয় আগমন প্রতীক্ষা করিতেছেন অতএব শীঘ্র অভিসার কর আর বিলম্ব করিও না ॥ ৩৬ ॥

শ্রীকৃষ্ণের প্রতি বাচ্যদূত্য যথা—

তয়াস্মি কৃষ্ণ প্রহিতা তবাগ্রে
সৌন্দর্য্যসারোজ্জ্বলয়া ত্রিলোক্যাং।
অভূতপূর্ব্বাং রচয়ন্ বিধির্যাং
স্বস্যাপি বিস্মাপকতামযাসীৎ ॥

অথ ব্যঙ্গ্যং ॥

তৎপ্রিয়ায়াঃ পুরঃ পশ্চাৎ কৃষ্ণে ব্যঙ্গ্যং দ্বিধা ভবেৎ

লোচনরোচনী টীকা।

তয়াস্মীত্যত্র তদভিলষিত-বিশেষরূপং বিবক্ষিতং সৌন্দর্য্যেত্যাদিনা ব্যঙ্গ্যমেব জাতমিতি ন সাক্ষাদুক্তং। তথাপি তৎপ্রহিতেত্যুক্তাংশেন বাচ্যং জাতমিতি বাচ্যমেবোদাহৃতং। স্বস্যেতি স্বয়ং স্বমপি বিস্মাপয়ামাসেত্যর্থঃ ৩৭।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীবিশাখা প্রাহ তয়েতি। স্বস্যাপি অন্যস্য বিস্মাপকত্বং কিমুতেতি কিং বক্তব্যং। স্বস্যাপি স্বমপি স্বয়ং বিস্মাপয়ামাস মমৈতাদৃশী শক্তিঃ কুতোঽভূদযদেবমরচয়মিতি বিস্মিতোঽভূদিত্যর্থঃ। তেন তাং সংভুঙ্ক্ষ্বেব ত্বং স্বজন্ম সফলয়েতি ব্যঙ্গ্যমেবেদং তথাপি তয়াস্মি প্রহিতা

বিশাখা শ্রীকৃষ্ণ সমীপে গমন পূর্ব্বক কহিলেন, ব্রজসুন্দর! শ্রীমতীর সৌন্দর্য্যের কথা আর কি বলিব ত্রিভুবন মধ্যে তাঁহার তুল্য রূপবতী আর দৃষ্ট হয় না, তদীয় উজ্জ্বল সৌন্দর্য্যেই এই বিশ্বপ্রকাশিত হইতেছে। অধিক কি বিধাতাও যাঁহাকে অভূতপূর্ব্ব রচনা করিয়া স্বয়ং বিস্ময়াপন্ন হইয়াছিলেন অর্থাৎ বিধাতা যখন তাঁহাকে নির্ম্মাণ করিয়া অবলোকন করেন তখন তাঁহার মনে এরূপ বিস্ময় জন্মিয়াছিল যে, অহো! আমার কি বিচিত্র শক্তি, কি প্রকারে এরূপ রূপবতী সৃজন করিলাম, এই বলিয়া বিস্ময়প্রকাশ পূর্ব্বক মুগ্ধ হইয়াছিলেন। হে কৃষ্ণ! তথাপি সেই রাধা আমাকে তোমার সমীপে প্রেরণ করিলেন, তুমি তদঙ্গ সঙ্গ লাভ করত আপনার জন্ম সফল কর ॥

অথ ব্যঙ্গ্য

প্রেয়সীবর্গের অগ্র পশ্চাৎ ভেদে শ্রীকৃষ্ণের প্রতি ব্যঙ্গ্য দুই প্রকার হয়, ঐ দুই আবার সাক্ষাৎ এবং ব্যপদেশ ভেদে দ্বিবিধ। সাকল্যে

তৎ সাক্ষাদ্ব্যপদেশাভ্যাং দ্বিবিধঞ্চ দ্বিধোদিতং ॥ ৩৭ ॥

তত্র তৎপ্রিয়ায়াঃ পুরঃ কৃষ্ণে সাক্ষাৎ ব্যঙ্গ্যং যথা—

মাধব কলাপিনীয়ং ন সবিধমায়াতি মেদুরারাধা।

নিজপাণিনা ত্বদেনাং প্রসীদ তূর্ণং গৃহাণাদ্য ৩৮।

লোচনরোচনী টীকা।

কলাপিনী বর্হিণী পক্ষে ভূষণবতী। কলাপো ভূষণে বর্হে ইত্যমরনানার্থাৎ মে মম। দুরারাধা কৃচ্ছ্রেণারাধ্যা সম্বন্ধবিবক্ষয়া কর্তরি ষষ্ঠী তৃতীয়ার্থসব্যয়ত্বা পক্ষে মেদুরা স্নিগ্ধা ৩৮।

আনন্দচন্দ্রিকা টীকা।

ইত্যনেন দূত্যং বাচ্যমেব জাতমিতি বাচ্যত্বয়েমমুদাহৃতং। শ্রীকৃষ্ণাগ্রে নায়িকা দূত্যস্তু সখী-কৃতাস্তু সর্বথা বাচ্যত্বে বৈদগ্ধ্যাসিদ্ধেরনৌচিত্যং স্যাৎ ॥ ৩৭

বিশাখাহ মাধবেতি। কলাপিনী ময়ূরী পক্ষে ভূষণবতী কলাপো ভূষণে বর্হে ইত্যমরঃ মে মম সমীপং নায়াতি যতো দুরারাধা ন বশ্যা ইত্যর্থঃ। পক্ষে মেদুরা স্নিগ্ধা ৩৮

ব্যঙ্গ্য সংখ্যা চারি প্রকার। অর্থাৎ কৃষ্ণপ্রিয়ার অগ্রে কৃষ্ণের প্রতি সাক্ষাৎ ব্যঙ্গ্য। ১। কৃষ্ণপ্রিয়ার অগ্রে কৃষ্ণের প্রতি ব্যপদেশ ব্যঙ্গ্য। ২। কৃষ্ণপ্রিয়ার পশ্চাৎ অর্থাৎ অসাক্ষাতে শ্রীকৃষ্ণে সাক্ষাৎ ব্যঙ্গ্য। ৩। এবং কৃষ্ণপ্রিয়ার পশ্চাৎ শ্রীকৃষ্ণে ব্যপদেশ ব্যঙ্গ্য। ৪ ৩৭

তন্মধ্যে কৃষ্ণপ্রিয়ার অগ্রে শ্রীকৃষ্ণের প্রতি সাক্ষাৎ ব্যঙ্গ্য যথা—

এক দিবস বিশাখা শ্রীরাধাকে অবলোকন করাইয়া কহিলেন, হে নবঘনাকৃতে। এই কলাপিনী (ময়ূরী) আমার সমীপে আসিতেছে না, কোন ক্রমেই উহারে বশীভূত করিতে পারিলাম না, অতএব হে মাধব। আমার প্রতি প্রসন্ন হইয়া স্বীয় করদ্বারা অদ্যই উহাকে ধারণ কর।

ব্যঙ্গ্য এই যে, কলাপিনী শব্দের অর্থ ময়ূরী এবং সালঙ্কৃতা স্ত্রী। মেদুরারাধা এই শব্দে আমার দুরারাধা অর্থাৎ অবশীভূতা, দ্বিতীয় পক্ষে মেদুরা (স্নিগ্ধ) এবং রাধা ॥

বিশাখা শ্রীরাধাকে দেখাইয়া কহিলেন, মাধব। এই ভূষিতাঙ্গী রাধা আমার সমীপে আসিতেছেন না ইনি অতিস্নিগ্ধা আমার প্রতি প্রসন্ন হইয়া শীঘ্র ইহাঁকে স্বহস্তে ধারণ কর ? ॥ ৩৮ ॥

যথা বা উদ্ধবসন্দেশে ॥

সন্তি স্ফীতা ব্রজযুবতয়স্তদ্বিনোদানুকূলা
রাগিণ্যগ্রে মম সহচরী ন ত্বয়া ঘট্টনীয়া।
দৃষ্ট্বাভ্যর্ণে শঠকুলগুরুং ত্বাং কটাক্ষার্দ্ধচন্দ্রান্
ভ্রূকোদণ্ডে ঘটয়তি জবাৎ পশ্য সংরম্ভিণীয়ং ৩৯।

লোচনরোচনী টীকা।

সন্তি স্ফীতা ব্রজযুবতয় ইতি পরিহাস এব। ন ঘট্টনীয়া ন ক্ষোভণীয়া নহু কাত্র শঙ্কা তত্রাহ। ধামভার্গে দৃষ্ট্বা রাগিণী রক্তিমযুক্তা সতী ভ্রূকোদণ্ডে কটাক্ষার্দ্ধচন্দ্রান্ জবাৎ অবঃ ক্রুধা ঘটয়তি কুত এবং তত্রাহ সংরম্ভিণী কোপাবেশবতী পশ্যেতি বাক্যার্থকর্ম্মকং নহু হর্ষদানেনৈবাহং ক্ষোভয়ন্নপি নতূদ্বেগদানেনেতি কুতঃ কোপ ইত্যাশঙ্ক্য তং বিশিনষ্টি শঠকুলগুরুমিতি। অতঃ শাঠ্যমেব ভবেতি ভাবঃ ৩৭

আনন্দচন্দ্রিকা টীকা।

শব্দমূলং ব্যঙ্গ্যমুদাহৃত্য পূর্ব্ববদর্থমূলমুদাহর্ত্তুমাহ যথা বেতি। বিশাখা শ্রীকৃষ্ণমাহ সন্তীতি স্ফীতাঃ পীনাঙ্গ্যস্তব বিনোদানুকূলাঃ ক্রীড়াযোগ্যাঃ। ব্যঙ্গ্যপক্ষে ক্রীড়ায়ামনুকূলাঃ বামাশূন্যাঃ। রাগিণী মাৎসর্য্যবতী অনুরাগিণী চ রাগোঽনুরাগে মাৎসর্য্যে ইতি বিশ্বঃ। ন ঘট্টনীয়া ন চালনীয়া। সংরম্ভিণী কোপনা তেনাস্যাং যুবাভ্যাং তব ক্রীড়াবিলাসো নির্ব্বিঘ্ন এব স্যাৎ মম সহচরীং ঘট্টয়সি চেৎ কামসংগ্রামো ভাবী যস্যাং কন্দর্পশাস্ত্রেষু মহাপ্রবীণা ত্বয়া পরমবীরেণাপীয়ং দুর্জ্জয়েবেতি জানীহি ইতি ভাবঃ। অত্রাপি রাগিণী পদদ্বৈধেন ন শব্দমূলত্বং বাচ্যং তদ্বিনাপি ব্যঙ্গ্যসিদ্ধেঃ ॥ ৩৯

যথা বা উদ্ধবসন্দেশে।

শব্দ মূল ব্যঙ্গ্য উদাহরণানন্তর অর্থ মূল ব্যঙ্গ্য এই যে, বিশাখা কহিলেন, মাধব! ব্রজমধ্যে বহু বহু পীনাঙ্গী যুবতী আছে তাহারা তোমার ক্রীড়ানুরূপা, সেই সকলেই ত্বদীয় বিলাস সিদ্ধ হইবে অতএব মদগ্রবর্ত্তিনী এই কোপনা সহচরীকে ক্ষুব্ধা করিও না, ইনি অতি মৎসরস্বভাবা অর্থাৎ অন্যের শুভবিষয়ে দ্বেষ করিয়া থাকেন, সমীপবর্ত্তি তোমাকে শঠকুলের গুরুরূপে নিশ্চয় করত আপনার ভ্রূধনুতে কটাক্ষ স্বরূপ অর্দ্ধচন্দ্র শর সকল সংযোজন করিতেছেন, বোধ হয় ইনি কোন কারণ বশতই তোমার প্রতি কুপিতা হইয়া থাকিবেন ॥

ব্যপদেশেন যথা—

ধবমুপেক্ষ্য কঠোরমিমং পুরঃ
পরিমলোল্লসিতা কিল মাধবী।
শ্রয়িতুমুৎকলিকাবলি ভাদ্ভুতং
ননু ভবন্তমুপৈতি হলিপ্রিয় ৪০

লোচনরোচনী টীকা

ধবং পতিং পক্ষে বৃক্ষবিশেষং। মাধবী বাসন্তী পক্ষে মধীকৃতস্বকান্তা উৎকলিকা উৎকৃষ্টবলিকা পক্ষে উৎকণ্ঠা হলিপ্রিয় হে বলদেবপ্রিয় পক্ষে হে কদম্ব ৪০

আনন্দচন্দ্রিকা টীকা

বিশাখা আহ ধবং তন্নাম বৃক্ষং পতিঞ্চ মাধবী বাসন্তী বশীকৃতস্বকান্তা চ। উৎকলিকা উৎকৃষ্টা কলিকা উৎকণ্ঠা চ তয়া বলিতা যুক্তা। হলিপ্রিয় হে কদম্ববৃক্ষ পক্ষে হে বলদেব-প্রিয় ৪০ ॥

উক্ত উদাহরণের অর্থ মূল ব্যঙ্গ্য এই যে, বিশাখা কহিলেন, কৃষ্ণ। গোকুলমধ্যে বহু বহু স্থূলাঙ্গী যুবতী আছে তাহারা তোমার ক্রীড়ানুকূলা অর্থাৎ তাঁহাদের বাম্য বৈদগ্ধ্যাদি কিঞ্চিন্মাত্রও নাই সুতরাং সেই সকলে নির্বিঘ্নে তোমার বিলাস সিদ্ধি হইবে, আর এই সর্বগ্রবর্তিনী সহচরীকে বিচলতা করিও না, ইনি অতিকোপনা, যদি তুমি ইহাঁকে ক্ষুভিতা কর নিশ্চয়ই কামসংগ্রাম সমুপস্থিত হইবে, কারণ ইনি কন্দর্প, শাস্ত্র ও অস্ত্রসমূহে প্রবীণা, তুমি মহাবীর হইলেও কদাচ ইহাঁকে জয় করিতে পারিবে না॥ ৩৯।

ব্যপদেশ ব্যঙ্গ্য যথা—

অর্থাৎ ছলপূর্ব্বক অন্য বস্তু লক্ষ্য করিয়া স্বগত ভাব প্রকাশ॥

বিশাখা কহিলেন, হে হলধরপ্রিয়। (কদম্ব) এই মাধবী (বাসন্তী লতা) ত্বদীয় পরিমলে উল্লসিতা হইয়া প্রকৃষ্ট কলিকা সকল বহন করিতেছে এবং কঠোর ধব (বৃক্ষ বিশেষ) পরিত্যাগ পূর্ব্বক তোমারই আশ্রয় লইতে আসিতেছে

উক্ত উদাহরণে ব্যপদেশ ব্যঙ্গ্য এই যে, ধব শব্দে বৃক্ষ বিশেষ এবং

তৎ প্রিয়ায়াঃ পশ্চাৎ সাক্ষাৎ ব্যঙ্গ্যং যথা—

স্ফুরৎ সুরমণিপ্রভঃ সুরমণীঘটাসেবিতাং
সদাভিমতসৌরভঃ প্রকটসৌরভোদ্ভাসিনীং।
মুকুন্দ মুদিরচ্ছবি র্নবতড়িচ্ছ্রিয়ং তামসৌ
ভবানপি ন চম্পকাবলিমৃতে কিল ভ্রাজতে ॥ ৪১ ।

লোচনরোচনী টীকা

চম্পকাবলিং তয়োর্মধ্যে বিনা ভবানপি ন বিভ্রাজতে তস্যা হি যদি তাদৃশতায়াং যোগ্যতা-স্তীতি শ্লেষেণাহ স্ফুরত ইতি। স্ফুরতঃ সুরমণেঃ কৌস্তুভস্য প্রভা যস্য সঃ। সৌরভং সুরভীসমূহঃ। দ্বিতীয়ং তৎসৌগন্ধ্যং পুনর্গুণেনাপি যোগ্যতামাহ মুদিরেতি ৪১

আনন্দচন্দ্রিকা টীকা

চম্পকবল্যাঃ সখী প্রাহ স্ফুরদিতি স্ফুরন্তঃ সুরমণেঃ কৌস্তুভস্য প্রভা যস্য সঃ শোভ-নানাং রমণীনাং ঘটয়া সেবিতাং স্তুতাং অভিমতং সৌরভং সুরভীসমূহো যস্য সঃ চম্পকা-বলিমৃতে ইতি তস্যাস্তব চ নিঃশেষগুণাম্যতা সাহিত্যেনৈব তব স্থিতিকাঙ্ক্ষিতেতি ভাবঃ ৪১

পতি। মাধবী শব্দে মাধবী লতা এবং বশীকৃত কান্তা, উৎকলিকা শব্দে উৎকৃষ্ট কলিকা এবং উৎকণ্ঠিতা, আর হলিপ্রিয় হে কদম্ব বৃক্ষ! এবং হলধরপ্রিয় অর্থাৎ বলদেবপ্রিয় কৃষ্ণ।

প্রকারান্তর ব্যাখ্যা এই যে, বিশাখা কহিলেন, হে হলধরপ্রিয়! এই মাধবী তোমার পরিমলে অতিশয় উল্লাসপ্রাপ্ত হইয়া আপনার নিষ্ঠুর পতি পরিত্যাগ করিয়াছে এবং অতীব উৎকণ্ঠ চিত্তে তোমারই আশ্রয় লইতে আসিতেছে ৪০

কৃষ্ণপ্রিয়ার পশ্চাৎ (পরোক্ষে) শ্রীকৃষ্ণে সাক্ষাৎ ব্যঙ্গ্য যথা—

চম্পকাবলির কোন সখী শ্রীকৃষ্ণের সম্মুখে আসিয়া কহিল, মুকুন্দ! এই সকল ব্রজাঙ্গনাগণ মধ্যে একা চম্পকাবলিই তোমার অনুরূপা, কারণ তুমি যেমন দীপ্যমান সুরমণির (কৌস্তুভের) প্রভাশালী, তিনিও তেমনি সুরমণী (পদ্মিনী) বৃন্দের সেবনীয়া, তুমি যেমন সুরভীগণ পরিবৃত, তিনিও তেমনি সৌরভবতী। তোমার নবজলধর

ব্যপদেশেন ব্যঙ্গ্যং যথা—

শৈলস্তুঙ্গশিরা বিরাজতি সরস্তস্যোত্তরে বিস্তৃতং
তত্তীরে বনমুন্নতং তদুদরে হারী লতামণ্ডপঃ।
তস্য দ্বারি গভীরসৌরভভরৈরাহ্লাদয়ন্তী দিশঃ
ফুল্লা তে মধুসূদনাদ্য পদবীমালোকতে মালতী ॥

লোচনরোচনী টীকা।

মালতী লতাবিশেষঃ পক্ষে তন্নাম্নী কাচিৎ। ৪২ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

শৈলোঽত্র গোবর্দ্ধনঃ সরো রাধাকুণ্ডং হে মধুসূদন হে ভ্রমর পক্ষে কৃষ্ণ মালতী প্রসিদ্ধা পক্ষে অতিশয়োক্ত্যা শ্রীরাধা ॥ ৪২ ॥

কান্তি, তাঁহারও বিদ্যুত্তুল্য দ্যুতি, অধিক কি। চম্পকাবলি ব্যতিরেকে তোমারও শোভা প্রকাশ পায় না, অতএব হে মুররিপো। তোমাদের পরস্পর মিলন হওয়াই উচিত ॥ ৪১ ॥

ব্যপদেশ ব্যঙ্গ্য যথা—

ললিতা কহিলেন, হে মধুসূদন। (ভ্রমর) দেখিতেছ এই যে উচ্চশিরা শৈলরাজ বিরাজ করিতেছে, উহার উত্তরদিকে বিস্তৃত সরোবর আছে, ঐ সরোবরের তীরে উন্নত বন বিরাজমান, তাহার মধ্যবর্ত্তী মনোহর লতামণ্ডপের দ্বারে মালতী আপনার সৌরভ বিস্তার পূর্ব্বক তদীয় বর্ত্ম নিরীক্ষণ করিতেছে, অতএব শীঘ্র ঐ স্থানে গমন কর।

ছলপূর্ব্বক ব্যঙ্গ্য এই যে, মধুসূদন শব্দের অর্থ ভ্রমর এবং শ্রীকৃষ্ণ, মালতী শব্দে বাসন্তীলতা এবং শ্রীরাধা ॥

ললিতার স্বগত ভাব এই যে, শ্রীকৃষ্ণকে কহিলেন, হে মধুসূদন। ঐ যে তুঙ্গ-শৃঙ্গ গোবর্দ্ধন দেখিতেছ, উহার উত্তরদিকে রাধাকুণ্ড আছে তাহার তটবর্ত্তী বনমধ্যে মনোহর লতামণ্ডপের দ্বারে অবস্থিতি পূর্ব্বক শ্রীমতী তোমার পথ-নিরীক্ষণ করিতেছেন, অতএব শীঘ্র অভিসার কর ॥

যথা নায়িকয়া দূত্যে বয়স্যায়া নিয়োজনং
কৃষ্ণায় ক্রিয়তে তস্য প্রকারোঽয়ং বিলিখ্যতে
নিয়োজনং ক্রিয়াসাধ্যং বাচিকঞ্চেতি তদ্দ্বিধা ৪২।

তত্র ক্রিয়াসাধ্যং

দিবি বীক্ষ্য নব ম্বুদং তথাসৌ
পরিরম্ভোদ্যম মাততান তন্বী।
অপি কিঞ্চিদিহানুদীর্য্য বাচা
প্রজিঘায়াঘভিদে যথা বয়স্যাং। ৪৩॥

লোচনরোচনী টীকা

পরিরম্ভোদ্যমং নাট্যশাস্ত্রোক্তং পদ্মমুকুলহস্তকরণং। প্রজিঘায় প্রহিতবতী॥ ৪৩।

আনন্দচন্দ্রিকা টীকা

নান্দী পৌর্ণমাসীমাহ দিবীতি অসৌ শ্রীরাধা পরিরম্ভোদ্যমং বাহুদ্বয়প্রসারণেন তদনুকরণং। বাচা অনুদীর্য্য অনুক্ত্বাপি প্রজিঘায় প্রহিতবতী ৪৩

শ্রীকৃষ্ণের প্রতি নায়িকাগণ যেরূপে দূতী নিয়োগ করেন, তাহার প্রকার এই যে উল্লিখিত দূতী নিয়োগ করণ দুই প্রকার অর্থাৎ ক্রিয়াসাধ্য এবং বাচিক॥ ৪২।

ক্রিয়াসাধ্য দূতী নিয়োগ যথা—

অর্থাৎ উৎকণ্ঠাদি ক্রিয়া অবলোকন করিয়া দূতী স্বয়ং গমন করে॥

নান্দী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি। অদ্য কৃশাঙ্গী রাধা গগনমণ্ডলে নব মুদ দেখিয়া এমত রূপে বাহু প্রসারণ করিয়া আলিঙ্গনে উদ্যতা হইলেন যে, বাক্যদ্বারা নিয়োগ না করিলেও সহচরী স্বয়ং অঘভিদ্‌সমীপে যাইতে পারে। অর্থাৎ শ্রীরাধা কোন আজ্ঞা করেন নাই কিন্তু তাঁহার বাহুক্রিয়া-অবলোকন করিয়া দূতী স্বেচ্ছা পূর্ব্বক স্বয়ং শ্রীকৃষ্ণ-সমীপে গমন করিল॥ ৪৩॥

যথা বা ॥

মুহুরপি বিধুরান্তর্বেণুমাকর্ণ্য মুগ্ধা
স্বয়মিহ ন বয়স্যাং মাধবায় ন্যযুঙ্ক্ত।
অপিতু বিষদমস্যাঃ স্বেদশালিন্যরুদ্ধা
তনুমনু বিকশন্তী কণ্টকশ্রেণিরেব

লোচনরোচনী টীকা।

অরুদ্ধা রোদ্ধুমশক্যেত্যর্থঃ　পরাজেরসোঢ়ে ইত্যত্র অসোঢ়ঃ সোঢ়ুমশক্য ইতিবৎ। কণ্টকাঃ পুলকাঃ ৪৪।

আনন্দচন্দ্রিকা টীকা।

ক্রিয়াসাধ্যমিতি　ক্রিয়াত্রৌৎকণ্ঠ কার্য্যজ্ঞাপনরূপা। তৎকার্য্যঞ্চ দ্বিবিধং অনুভাবরূপং সাত্ত্বিকরূপঞ্চ। পূর্ব্বমুদাহৃতং উত্তরমুদাহর্ত্তুমাহ যথাবেতি। মুগ্ধা নববয়াঃ সখীং প্রতি স্পষ্টং বক্তুমসমর্থেতি ভাবঃ　অরুদ্ধা কিঞ্চিদ্বস্ত্রোদ্ঘাটনেনাচ্ছাদিতা সখী মে কণ্টকশ্রেণীং পশ্যতু যৎ। মদৌৎসুক্যজ্ঞানেন শ্রীকৃষ্ণমানয়েদিতি অবোধনমেবাত্র নিযোজনসাধনং জ্ঞেয়ং। স্বেদশালিনী প্রস্বেদযুক্তা কণ্টকাঃ পুলকাঃ

ক্রিয়াসাধ্য দুই প্রকার, অনুভব এবং সাত্ত্বিক। পূর্ব্বোদাহরণে অনুভব প্রদর্শন করাইয়া সাত্ত্বিকের উদাহরণ করিতেছেন ॥

যথা বা ॥

এক দিবস শ্রীরাধা শ্রীকৃষ্ণের মুরলীরব শ্রবণ করিয়া অত্যন্ত ব্যথিত হৃদয়া হইতে ছিলেন, এতন্নিবন্ধন তাঁহার অঙ্গ হইতে স্বেদোদ্গম হইতে লাগিল কিন্তু তিনি মুগ্ধা প্রযুক্ত মাধবের প্রতি স্বয়ং সখী নিয়োগ না করিয়া আপনার স্বেদশালিনী তনু যাহা কণ্টকশ্রেণীর ন্যায় আকার ধারণ করিয়াছিল, তাহা স্বীয় সখীকে প্রদর্শন করাইলেন অর্থাৎ ঐ তনুই যেন সখীকে দৌত্য কার্য্যে নিযুক্ত করিল ॥

অর্থাৎ পূর্ব্বরাগাবস্থায় শ্রীকৃষ্ণের মুরলীরব শ্রবণ করিয়া শ্রীরাধার অঙ্গ হইতে ঘর্ম্মোদ্গম হইতে ছিল কিন্তু অল্পবয়াঃ প্রযুক্ত লজ্জা বশতঃ স্বয়ং, সখীকে কিছু বলিতে না পারিয়া আপনার স্বেদশালিনী পুলকাকুল কলেবর হইতে কিঞ্চিৎ বসন উদ্ঘাটন পূর্ব্বক কিয়দংশ আচ্ছাদন করিলেন। এতদ্দ্বারা এই অভিপ্রায় প্রকাশ করা হইল যে,

অথ বাচিকং ॥

বাচ্যং ব্যঙ্গ্যমিতি প্রোক্তং পূর্ব্ববদ্বাচিকং দ্বিধা।

তত্র বাচ্যং যথা—

ত্বমসি মদসবো বহিশ্চরন্ত-
স্ত্বয়ি মহতী পটুতা বাগ্মিতা চ।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধা বিশাখামাহ ত্বমসীতি। অসবঃ প্রাণাঃ। অতএব ত্বয়ি বিশ্বসিমীতি ভাবঃ। পটুতা চাতুর্য্যং বাগ্মিতা বাবদূকতা তেনৈবং জ্ঞেয়ে ত্বয়া পুষ্পাবচয়নমিষেণ বনং ভ্রমন্ত্যা-স্তস্য নিকটএব তমদৃষ্টবত্যেব তং শ্রাবয়িত্বা স্বসখীভিঃ সহ কথোপকথায়াং বধূজনপ্রসঙ্গে সর্ব্বাভ্যঃ সকাশাদপি মদ্রূপগুণপ্রেমাদয় আধিক্যেন বর্ণনীয়াঃ। ততশ্চ তেনাগত্য ত্বন্নি-কটে এবং বক্তব্যং সখি কামেবমদ্ভুতমাধুর্য্যাং বর্ণয়সীতি। ততশ্চ ত্বয়া সাশঙ্কং সসম্ভ্রমং বক্তব্যং ন কাংপীতি সখি মা দৈবীঃ কোহপ্যত্র দে যো ন ভবিষ্যতি যামবোচস্তাং পরিচায়য়া-মীতি মাধব তয়া জ্ঞাতয়া তব কিং কার্য্যমিতি সখি অস্তি মহদেব রহস্যং কার্য্যমিতি মাধব ইতোঽপসর তস্যাস্তব চ মহদেব বৈসাদৃশ্যং স্বভাব বৈজাত্যাৎ অতএব তয়া ন কিমপি কার্য্য-মিতি সখি কিং তৎ স্বভাববৈজাত্যং ব্রূহীতি। মাধব ত্বং স্ত্রীলম্পটঃ সা পতিব্রতা ত্বং চঞ্চলঃ সা পরমধীরা ত্বং ধর্ম্মকর্ম্মহীনঃ সা দেবপূজাপরা। ত্বং অশুচিঃ সা ত্রিষবণস্নানপরা ধৌত-বস্ত্রালঙ্কারবতীতি সখি অহমপি ব্রহ্মচারীত্যত্র দুর্ব্বাসামুনিরেব প্রমাণং অহং চঞ্চল ইত্যত্র সপ্তদিনপর্য্যন্তমেকহস্তেন গোবর্দ্ধনধারণমেব প্রমাণং। অহং সাম্প্রতং পিত্রাজ্ঞয়া শ্রীভাগুরে-গুরুদেবাল্লব্ধবিষ্ণুমন্ত্রদীক্ষ ইত্যত্র গার্গী-নান্দীমুখী-পৌর্ণমাস্য এব প্রষ্টব্যাঃ। অহং শুচিঃ

সখী যদি আমার কণ্টকিত তনু নিরীক্ষণ করে, তবেই আমার উৎকণ্ঠা জানিয়া শীঘ্র মুরহরকে আনয়ন করিবে

উক্ত উদাহরণে স্বেদোদ্গমই সাত্ত্বিক ॥

অথ বাচিক ॥

বাচ্য এবং ব্যঙ্গ্য ভেদে, বাচিকও পূর্ব্বের ন্যায় দুই প্রকার হয় ॥

তন্মধ্যে বাচিকব্যঙ্গ্য যথা—

শ্রীরাধা বিশাখার প্রতি কহিলেন, সহচরি! তুমি আমার বহিশ্চর প্রাণস্বরূপা, তোমাতে মহতী পটুতা এবং বাগ্মিতা (বাচালতা)

লঘুরপি লঘিমা ন মে যথা স্যা-
ত্ত্বয়ি সখি রঞ্জয় মাধবং তথাদ্য।

আনন্দচন্দ্রিকা টীকা।

সাক্ষান্মূর্ত্ত এবাস্য স্বদনুভব এব প্রমাণমিতি　মাধব তদপি ত্বং পুরুষজাতিঃ সা কুলজা ন ত্বাং দ্রক্ষ্যতীতি। সখি সা মাং মা পশ্যতু অহন্তু তাং পরমধর্ম্মবতীং দূরাদপি দৃষ্ট্বা কৃতার্থীবুভূষামীতি　মাধব কস্তদোপায় ইতি। সখি অত্রৈব গোবর্দ্ধনকন্দরামন্দিরে অদ্যৈব ময়া একা সূর্য্যদেবমূর্ত্তিঃ স্থাপনীয়া স্বহস্তেন মন্দিরলেপনাদিকমপি কৃত্বা দূরে স্থাস্যামি। ত্বয়া অদৃষ্টচরস্য দেবস্য দর্শনপূজনাদ্যর্থং সাত্র আনেতব্যা ততশ্চ তস্যাঃ পূজার্থমত্রোপবিষ্টায়াঃ পৃষ্ঠদেশদর্শনেনাপি কৃতার্থীভবিষ্যামি　যদিচ তব কৃপয়া সম্মতির্ভাবিনী তদা অলক্ষিতমাগত্য শনৈঃ পাদপীঠঞ্চ প্রষ্টব্য ইতি। মাধব অত্র কমপ্যুৎকোচং দাস্যসীতি। সখি আত্মানমেব তব হস্তে বিক্রেষ্যামি উৎকোচস্য কা বার্ত্তেতি। মাধব সমাশ্বসিহি মনোরথমিমং তে সম্পাদয়িষ্যামি ইত্যুক্ত্বা আগত্য মাং তত্র নয়েতি শ্রীরাধায়া মনোগত এবোপদেশঃ স্বসখ্যৈ বিশাখায়ৈ জ্ঞেয় ইতি　৪৪

উভয়ই বিদ্যমান অতএব হে সখি! যাহাতে আমার লঘু অপেক্ষাও লঘুতা না হয় এরূপ করিয়া আজি আমাতে মাধবকে অনুরক্ত কর॥

উক্ত উদাহরণে বাচ্য ব্যঙ্গ্য এই যে,—শ্রীরাধা বিশাকে কহিলেন, প্রিয়সখি! তুমি আমার বহিশ্চর প্রাণ, একারণ তোমাকে আমি অতিশয় বিশ্বাস করি, অপর তোমাতে চাতুর্য্য ও বাক্‌পটুতাও বিদ্যমান অতএব আমার প্রার্থনা এই যে, তুমি পুষ্পচয়ন ছলে বনভ্রমণ করিতে করিতে শ্রীকৃষ্ণের নিকট গমন কর, কিন্তু তাঁহাকে অদৃষ্টের ন্যায় করিয়া অথচ তাঁহাকে শুনাইয়া শুনাইয়া স্বীয় সখীর সহিত কথোপকথন করিও, কিন্তু ঐ সকল কথাতে যেন অন্যান্য বধূজনের প্রসঙ্গে সর্ব্বাপেক্ষা আমার রূপ গুণ প্রেমাদির আধিক্য বর্ণন হয়, তাহা হইলেই শ্রীকৃষ্ণ তোমার নিকট আগমন করিয়া জিজ্ঞাসা করিবেন, সখি! কাহাকে অদ্ভুত মাধুর্য্যবতী বলিয়া কীর্ত্তন করিতেছ, অনন্তর তুমি আশঙ্কা ও সম্ভ্রমপ্রকাশ পূর্ব্বক জিহ্বা দংশন করিয়া কহিবা, না আমি কাহারও বর্ণনা করি নাই শ্রীকৃষ্ণ কহিবেন, সখি! ভয় কি! বলিলে কোন দোষ হইবে না? আমাকে না বল কিন্তু আমি তাহার পরিচয়

চাহিয়াছি। অনন্তর তুমি কহিবা, মাধব! তাঁহার পরিচয়ে তোমার প্রয়োজন কি ? এই বাক্য শুনিয়া তিনি কহিবেন, সখি! তাঁহার সহিত মহৎ রহস্য-কার্য্য আছে, তখন তুমি বলিবা, মাধব! অপসৃত হও, স্বীয় স্বভাবের বৈজাত্য হেতুক তাঁহাতে ও তোমাতে অনেক বৈসা দৃশ্য দেখিতেছি, অতএব তাঁহার সহিত তোমার কোনই কার্য্য নাই এতচ্ছ্রবণে শ্রীকৃষ্ণ কহিবেন, সখি! স্বভাবের কি বৈজাত্য দেখিলে বল? তুমি তখন বলিও, মাধব! তুমি স্ত্রীলম্পট তিনি পতিব্রতা, তুমি চঞ্চল, তিনি অতিধীরা, তুমি ধর্ম্ম-কর্ম্ম-হীন, তিনি দেবপূজাদিরতা, তুমি অশুচি, তিনি ত্রিসন্ধ্যা-স্নান এবং ধৌতবস্ত্রালঙ্কারাদি পরিধান করেন। এই সকল শুনিয়া শ্রীকৃষ্ণ কহিবেন, বিশাখে! আমিও ব্রহ্মচারী, এ বিষয়ে দুর্ব্বাসা মুনিই প্রমাণ, তিনি গোপালতাপনীতে আমাকে ব্রহ্মচারী রূপে বর্ণন করিয়াছেন, আর তুমি যে, আমাকে চঞ্চল বলিলে ইহা কিরূপে সম্ভব হয়, আমি সপ্তাহ যাবৎ এক হস্তে গোবর্দ্ধন পর্ব্বত ধারণ করিয়া অচঞ্চল ভাবে অবস্থিত ছিলাম। অপর আমি ধর্ম্ম-কর্ম্ম পরিত্যাগ করিয়াছি, ইহাই বা কি প্রকারে নিশ্চয় করিলে? আমি পিতৃ আজ্ঞায় শ্রীভাগুরি গুরুদেবের নিকট হইতে বিষ্ণুমন্ত্রে দীক্ষিত হইয়াছি, গার্গী, নান্দী কিম্বা পৌর্ণমাসীকে জিজ্ঞাসা করিয়া জানিতে পার, তাঁহারাই আমার ধার্ম্মিকত্বের প্রমাণ, অপর আমি অশুচি নহি, সাক্ষাৎ শুচি মূর্ত্তিমান্ হইয়া অবতীর্ণ হইয়াছি, এ বিষয়ে তোমার অনুভবই সুস্পষ্ট প্রমাণ, তদনন্তর হে সখি! তুমি কহিবা, মাধব! তথাচ তুমি পুরুষ জাতি, তিনি কুলজা কদাচ তোমাকে অবলোকন করিবেন না। এই কথা শুনিয়া শ্রীকৃষ্ণ কহিবেন, সখি! তিনি আমাকে না দেখুন কিন্তু আমি সেই ধর্ম্মবতীকে দূর হইতে অবলোকন করিয়া কৃতার্থ হইব। তখন তুমি কহিও, মাধব! দেখাইবার উপায় কি? শ্রীকৃষ্ণ বলিবেন, সখি! এই এক উপায় আছে, আমি গোবর্দ্ধনকন্দরে অদ্য একটী সূর্য্যমূর্ত্তি স্থাপন পূর্ব্বক স্বহস্তে মন্দির-

অথ ব্যঙ্গ্যং।

অত্র শব্দার্থমূলত্বাদ্ ব্যঙ্গ্যঞ্চ দ্বিবিধং ভবেৎ ॥ ৪৪

তত্র শব্দমূলং যথা—

ন হি শিক্ষিতুং বরকলাসু কৌশলং
গুণচাতুরীঞ্চ ন মৃগাক্ষি কাময়ে।
তমহং সমভ্যসিতুমেব সুভ্রুবাং
সখি কেশবন্ধনবিশেষমর্থয়ে ৪৫ ॥

লোচনরোচনী টীকা

সমভ্যসিতুমনুশীলয়িতুং সুভ্রুবাং ধনবিশেষং কেশবমিতি তু ব্যঙ্গ্যং ৪৫

আনন্দচন্দ্রিকা টীকা

ইত্যুচ্চৈরনৃতোত্তরেণ তরলাং প্রত্যায্য পদ্মামসৌ
প্রাপ্তা পশ্য গৃহং করোতি ললিতা রাধা প্রযাণে ত্বরাং। ৮।

অথের্য্যা।

উদ্ঘটয্য কুটিলং কচপক্ষং দেবি দর্শয়সি কিং বনমালাং।

সোচনরোচনী টীকা

গৃহং প্রাপ্তা ৮।

কচপক্ষং কচসমূহং পাশঃ পক্ষশ্চ হস্তশ্চ কলাপার্থাঃ কচাৎ পরইত্যমরঃ নীল যষ্টিব-

আনন্দচন্দ্রিকা টীকা

প্রতীতিং কারয়িত্বা ৮

শ্রীকৃষ্ণদত্তবনমালা দর্শনয়া স্বসৌভাগ্যাতিরেকং দর্শয়ন্তীং পদ্মাং পথি ললিতাহ কচ পক্ষং কেশসমূহং পাশঃ পক্ষশ্চ হস্তশ্চ কলাপার্থাঃ কচাৎ পরে ইত্যমরঃ কুটিলমিতি জানীমস্তে কুটিলাঃ কেশা অতস্তেষাং কৌটিল্যকৃতং সৌন্দর্য্যং দর্শয়সি ন ত্বস্মাকমিব তে তব স্নিগ্ধাঃ সূক্ষ্মা ইতি ভাবঃ নীলযষ্টিবদিতি শ্রীকৃষ্ণস্য স্তম্ভং সাত্ত্বিকমপি বিজ্ঞাপয়ামাস স চ শ্রীরাধিকাদি দর্শনানন্দোত্থোবা তদভিনীতমাননিবন্ধনাত্তগাদ্বা অতুমিত্যাজ্ঞস্যাহ্বাকাল লোকয় হে সখি মদগৃহং গত্বা তং পশ্য তেন চ তন্নিকটং চেদগন্তুং শক্নোষি তদা মালামিমাং

উচ্চৈঃস্বরে মিথ্যা বাক্য প্রয়োগ করত চপলস্বভাবা পদ্মাকে প্রতারণা করিলেন কিন্তু স্বয়ং গৃহে গিয়া অভিসারার্থ শ্রীরাধাকে ত্বরা করিতে লাগিলেন ৮

অথ ঈর্ষ্যা॥

পথিমধ্যে পদ্মা বনমালা প্রদর্শন করাইয়া আপনার সৌভাগ্য দেখাইতে লাগিলে ললিতা কহিলেন দেবি: তুমি আপনার কুটিল কেশকলাপ উদ্ঘাটন করিয়া কি আর বনমালা দেখাইতেছ? আসিয়া দেখ আমার অলিন্দে (ছাঁইচে) নীলযষ্টি তুল্য স্তব্ধ হইয়া বনমালী দাঁড়াইয় রহিয়াছেন।

উক্ত উদাহরণে ঈর্ষ্যা এই যে ললিতা কহিলেন পদ্মে! এত গর্ব্ব কেন? আমার গৃহে আসিগা দেখ, ছাঁইচের নীচে নীলযষ্টি তুল্য স্তব্ধ হইয়া বনমালী দাঁড়াইয়া রহিয়াছেন, হে সখি! তুমি যদি তাঁহার-নিকট যাইতে সমর্থা হও, তবেই তাঁহার দত্ত বনমালা প্রত্যয় করিব,

নীলযষ্টিবদমুং মদলিন্দে লোকয়ালি বনমালিনমেব ॥ ৯ ॥

যথা বা।

নির্ব্বন্ধপ্রবণেন কংসরিপুণা প্রাগর্প্যমাণোঽপি যঃ
প্রাজ্যং দোষমবেক্ষ্য নায়কমণৌ ন স্বীকৃতোঽভূন্ময়া।
হারঃ সম্প্রতি সোঽয়মেব বিষমো লুব্ধে ক্ব লব্ধস্ত্বয়া ॥

লোচনরোচনী টীকা

দিত্যাদিকমীর্ষ্যা তথৈবোক্তং ৯

প্রাজ্যং প্রচুরং ১০

আনন্দচন্দ্রিকা টীকা

তদদত্তাং প্রত্যেমি অন্যথা তৎকণ্ঠাদ্ভ্রষ্টামিমাং কুতোঽপি মার্গাদ্বিচিত্য শিরসি দধাসীত্যেব-মেব প্রত্যেমীতি ভাবমপি আপয়ামাসৈবেতি। ৯।

শুদ্ধের্ষ্যামুদাহৃত্য অসূয়াগর্ভামপি তামুদাহর্ত্তুমাহ যথা বেতি পদ্মা পথি দৃষ্টাং কাঞ্চিদাহ নির্ব্বন্ধেন সখি গৃহাণ গৃহাণ কৃপয়েত্যাদি চাটুভিঃ প্রবণেন নম্রেণাপি অর্প্যমাণোঽপি দীয়-মানোঽপি ন গৃহীতঃ কুতঃ নায়কমণৌ হারমধ্যনায়কে প্রাজ্যং প্রচুরং দোষং ধারয়িতুরসৌ-ভাগ্যকরলক্ষণকং। সোঽয়ং মৎপরিচিত এবেত্যর্থঃ শ্রীকৃষ্ণেন দত্ত ইষ্টশ্চেত্তদপি ত্যাজ্যতাং

নতুবা তাঁহার কণ্ঠ হইতে ভ্রষ্ট হইয়া পথমধ্যে কোথাও পড়িয়াছিল, তুমি কুড়াইয়া লইয়া আপন মস্তকে ধারণ করিয়াছ ॥ ৯ ॥

শুদ্ধ ঈর্ষ্যার উদাহরণ করিয়া অসূয়াগর্ভ ঈর্ষ্যার উদাহরণ করি-তেছেন

যথাবা—

পথিমধ্যে পদ্মা কোন এক শ্রীরাধার পক্ষপাতিনী সখীকে কহিলেন, লুব্ধে! তুমি এই হার কোথা পাইলে, কংসরিপু অতিশয় আগ্রহ প্রকাশ করিয়া, ইহা আমাকে প্রদান করিয়াছিলেন, কিন্তু আমি এই হারের নায়ক-মণির (ধুক্‌ধুকির) অসৌভাগ্যকর প্রচুর দোষ দেখিয়া ইহা গ্রহণ করি নাই, হে সখি! এই সেই হারই বটে, অতএব যদি আপ-নার কল্যাণ ইচ্ছ কর তাহা হইলে এই হার ফেলাইয়া দাও, যদি বল ত্যাগ করিব কেন? তাহার কারণ এই যে, যেমন জীবিতেচ্ছুক জন-

দ্রাঘিষ্ঠোঽপ্যুরগক্ষতাঙ্গুলিনিভো দুষ্টঃ সখি ত্যজ্যতাং ১০॥

অথ চাপলং।

নাত্মানং ব্যথয় বৃথা নিকুঞ্জমধ্যে
খদ্যোতি দ্যুতিমিহ কুর্ব্বতী সরাগং।
কৃষ্ণাভ্রে গিরিবরসঙ্গতেঽনুরূপা

আনন্দচন্দ্রিকা টীকা।

ত্যাগে দুঃখং স্যাচ্চেত্তদপি সহস্বেত্যাহ উরগেণ ক্ষতোঽঙ্গুলিঃ স্বদেহাবয়বোঽপি ছিদ্যত এব নচেৎ প্রাণহানিরপি স্যাদিতি স্বামহমন্তরঙ্গতয়া উপদিশামীতি ভাবঃ ১০

সঙ্কেতকুঞ্জে শ্রীরাধামভিসার্য্য তত্র শ্রীকৃষ্ণমদৃষ্ট্বা তদন্বেষণায় গোবর্দ্ধনপার্শ্বে গতাং তত্র কচন কুঞ্জে চন্দ্রাবল্যাং সঙ্গতং শ্রীকৃষ্ণং দৃষ্ট্বা ক্ষণমুদর্কং চিন্তয়ন্তীং কাঞ্চিৎ শ্রীরাধাসখীং জানত্যেব পদ্মা খদ্যোতীমপদিশ্য সাসূয়মাহ। হে খদ্যোতি সরাগং যথা স্যাত্তথা দ্যুতিং কুর্ব্বতা আত্মানং ন ব্যথয় দুঃখিতং ন কুরু তব মনোরথোঽদ্য ন সেৎস্যতীতি ভাবঃ। কৃষ্ণবর্ণে

সর্পদষ্ট অঙ্গুলি ছেদন করিয়া ফেলে, তাহার ন্যায় এই অসৌভাগ্যকর হার দূরে নিক্ষেপ কর॥ ১০।

অথ চাপল॥

কোন সখী সঙ্কেত-কুঞ্জে শ্রীরাধাকে অভিসার করাইয়াছিলেন কিন্তু তথায় শ্রীকৃষ্ণকে দেখিতে না পাওয়াতে তাঁহার অন্বেষণার্থ গোবর্দ্ধনপার্শ্বে ভ্রমণ করিতে করিতে অকস্মাৎ তত্রত্য কোন কুঞ্জমধ্যে চন্দ্রাবলীর সহিত শ্রীকৃষ্ণকে সঙ্গত দেখিয়া ক্ষণকাল ভবিষ্যৎ চিন্তা করিতেছিলেন, এমত সময়ে চন্দ্রাবলীর সখী পদ্মা তাঁহাকে শ্রীরাধার সখী জানিয়া অসূয়া প্রকাশ পুরঃসর খদ্যোতিকা অপদেশে কহিল, হে খদ্যোতিকে! তুমি বৃথা কেন এই কুঞ্জমধ্যে সরাগ-দ্যুতি প্রকাশ করিয়া আপনার আত্মাকে ব্যথিত করিতেছ? অদ্য তোমার মনোরথ সফল হইবে না, যে হেতু পর্ব্বতোপরি সঙ্গত কৃষ্ণজলদে সোমাভা

সোমাভা বিলসিতুমত্র বিদ্যুদেব ॥ ১১ ॥

অথ অসূয়া ॥

যদ্ভাণ্ডীরে তব সহচরী তাণ্ডবং সা ব্যতানীৎ
পদ্মে শৈব্যা সমজনি ন তৎ কস্য বিস্মাপনায়।
সা চেত্তন্বী প্রকৃতিলড়হা শিক্ষিতা চাভবিষ্য-
ন্নাস্যে সর্ব্বং জগদপি ততঃ প্রেক্ষয়া মোহয়িষ্যৎ ॥ ১২ ॥

মৎসরঃ।

লোচনরোচনী টীকা

সোমাভা নাম্নী বিদ্যুদেবাত্র বিলসিতুমর্হরূপেত্যর্থঃ ১১।

প্রকৃতিলড়হা স্বভাবসুন্দরী ১২।

আনন্দচন্দ্রিকা টীকা।

মেঘে সা প্রসিদ্ধা, উমা দুর্গা তদাভা তদ্বর্ণা বিদ্যুৎপক্ষে সোমাভা চন্দ্রাবলী অর্হরূপা-যোগ্যা। ১১ ॥

রঙ্গদেবী পদ্মামাহ প্রকৃতিলড়হা স্বভাবেন সুন্দরী শিক্ষিতা অর্থাৎ ত্বয়া। যদ্বা। শিক্ষিতা নিপুণা স্বমিবেতি ভাবঃ ১২।

বিদ্যুৎই বিলাসার্থ অনুরূপা অতএব তুমি এস্থান হইতে প্রতিনিবৃত্ত হও অর্থাৎফিরিয়া যাও ॥ ১১।

অথ অসূয়া ॥

রঙ্গদেবী কহিলেন হে পদ্মে! তোমার সহচরী শৈব্যা ভাণ্ডীরমূলে যে তাণ্ডব (নৃত্য) বিস্তার করে, তাহাতে কাহার না বিস্ময় জন্মিয়া-ছিল, যদিচ ঐ স্বভাব-সুন্দরী তন্বঙ্গী তোমার নিকট সুশিক্ষিতা হইত, তাহা হইলে বোধ করি ঐ শৈব্যা আপনার ঈক্ষণমাত্রে জগৎ বিমো-হিত করিতে পারিত ॥

উক্ত উদাহরণে শ্রীরাধার পক্ষপাতিনী রঙ্গদেবী পদ্মা-সখী শৈব্যার নৃত্যে অপরিতুষ্ট হইয়া গূঢ়রূপে অসূয়া প্রকাশ করিলেন ॥ ১২ ॥

অথ মৎসর (পরের ভাল দেখিতে না পারা)

অলং চক্রে রাধা হৃদয়মুরুহারেণ হরিণা
স্রজা ধূর্ত্তেনেয়ং তব তু কবরশ্রীরবরয়া।
মনোদ্বন্দ্বাতীতং মুনিবদবিকল্পঞ্চ দধতী
তথাপি ত্বং মুগ্ধে ন বিপিনবিনোদাদ্বিরমসি॥

অমর্ষঃ॥

স্ফুটদ্ভিরিব কোরকৈরলঘুভিশ্চ গুঞ্জাফলৈ-
র্ময়াদ্য বিরচয্য যন্মুরহরায় বিশ্রাণিতং।
ত্বযাত্র সখি রাধিকাশ্রবসি বীক্ষ্য তৎকুণ্ডলং

লোচনরোচনী টীকা।

অবরযা অধমযা স্রজা যদ্বা হৃদযমুরুমূল্যোর্মণিসরৈঃ স্রজা কৃষ্ণেনেযমিতি বা পাঠঃ। বিশ্রাণিতং দত্তং। ১৩।

আনন্দচন্দ্রিকা টীকা

পদ্মা চন্দ্রাবলীমাহ উরুহারেণ বহুমূল্যেন মুক্তাময়েনেত্যর্থঃ স্রজা দ্বিত্র-কপর্দ্দিকামূল্যয়া। অতঃ‍াপ্যবরয়া নিকৃষ্টয়া। ১৩।

চন্দ্রাবলী স্বসখীং প্রেমগর্ভমুপালভতে স্ফুটদ্ভিরিতি বিশ্রাণিতং দত্তং তৎসভায়াং স্বং মনঃ কর্ণ উদ্ঘাটি উদ্ঘাটিতং স্বমনস্থদুঃখং যৎ প্রকাশিতমিত্যর্থঃ। তদভিলাষবায় মান-হানয়ে তদানীং কৃত্রিমোঽপি মুখপ্রসাদ এবান্তরঙ্গতা ব্যঞ্জকঃ কর্ত্তুমুচিতঃ স্যাৎ। সখি রাধে

পদ্মা চন্দ্রাবলীকে কহিলেন সুন্দরি! ধূর্ত্ত মুরহর অমূল্য হারদ্বারা রাধার হৃদয় অলঙ্কৃত করিয়াছেন, তোমার কি না দুই তিন কপর্দ্দক-মূল্যের একগাছা নিকৃষ্ট পুষ্পদাম দিয়া কবরীর শোভা করিলেন। হা মুগ্ধে! তোমার মন যে মুনিজনের ন্যায় দ্বন্দ্বাতীত অর্থাৎ মানাপমান ও সংশয়াদি শূন্য দেখিতেছি, যেহেতু এত বৈষম্যেও তোমার বনবিহার বিরত হইল না!॥

অথ অমর্ষ (ক্রোধ)।

চন্দ্রাবলী আপনার সখী পদ্মাকে প্রেমগর্ভ তিরস্কার করিয়া কহি-লেন পদ্মে! আমি যে অভিনব উৎকৃষ্ট গুঞ্জাদ্বারা কুণ্ডল নির্ম্মাণ করিয়া মুরহরকে উপহার দিয়াছিলাম, তুমি কেন শ্রীরাধার কর্ণে সেই কুণ্ডল দেখিয়া আপন মানসিক ব্যথা-উদ্ঘাটন করিলে? হা কষ্ট! তাহাতেই

মনঃ সমুদঘাটি যত্তদতি লাঘবায়ৈব নঃ ১৩

গর্ব্বিতং ॥

অহঙ্কারোঽভিমানশ্চ দর্প উদ্ধসিতং তথ

মদ ঔদ্ধত্যমিত্যেষ গর্ব্বঃ ষোঢ়া নিগদ্যতে ॥

তত্রাহঙ্কারঃ

লোচনরোচনী টীকা।

গর্ব্বিতং গর্ব্বঃ অন্য সামান্যতো লক্ষণমন্যস্য হেলনং গর্ব্ব ইতি ১৪

আনন্দচন্দ্রিকা টীকা

চন্দ্রাবল্যা অতিবিচিত্রং শিল্পকৌশলং ব্রজস্থৈঃ সর্ব্বৈর্যৌবতৈরেবাবিজ্ঞাতমিদং ত্বামপি বিস্মা- পয়িতুং তুভ্যং শ্রীকৃষ্ণেন দত্তমিতি বা বক্তুং যুজ্যেতেতি কিম্বা হে সখি প্রাতর্যমুনাতটমার্গে পতিতং যদদ্য কুণ্ডলং দৃষ্টং তদেবেদং কয়া সখ্যা আনীয় ত্বৎকর্ণে দত্তমিতি মৃষোক্তিরপি বক্তুং নাজ্ঞাসি ভবত্যেতি ত্বদ্বুদ্ধিতয়া গর্হিতেতি জ্ঞেয়ং ১৪

গর্ব্বিতং গর্ব্বঃ তস্য লক্ষণমন্যহেলনমিতি অহঙ্কারাদয়স্তদ্বিশেষাঃ ১৫

যে আমাদের অতিশয় লঘুতা হইল। অর্থাৎ তোমার এরূপ বলা উচিত ছিল যে, রাধে! চন্দ্রাবলী শিল্পকর্ম্মে যেরূপ নৈপুণ্য লাভ করিয়াছে, তাহা সমস্ত ব্রজযুবতিগণেই পরিজ্ঞাত হইল এবং তোমাকেও বিস্ময়া- পন্ন করাইবার নিমিত্ত শ্রীকৃষ্ণ এই কুণ্ডল তোমার কর্ণে সমর্পণ করিয়া- ছেন। অথবা এরূপ বলা উচিত ছিল যে, বৃন্দাবনেশ্বরি! তোমার কর্ণে এই যে কুণ্ডল দেখিতেছি, ইহা আমরা যমুনাতটে যাইবার পথে পড়িয়া থাকিতে দেখিয়াছিলাম, বোধ করি কোন সখী কুড়াইয়া আনিয়া তোমার কর্ণে অর্পণ করিয়া থাকিবে। হে সখি! তুমি কি এ প্রকার মিথ্যা বলিতে জানিতে না? অতএব তোমার দোষেই আমা- দিগকে এ প্রকার লঘুতা স্বীকার করিতে হইল। ১৩।

অথ গর্ব্ব।

সামান্যতঃ অন্যের হেলনকে গর্ব্ব কহে। ঐ গর্ব্ব অহঙ্কার, অভি- মান, দর্প, উদ্ধসিত, মদ ও ঔদ্ধত্য ইত্যাদি ভেদে ছয় প্রকার হয়॥

তন্মধ্যে অহঙ্কার যথা—

অহঙ্কারঃ পরাক্ষেপঃ স্বপক্ষগুণবর্ণনাৎ। ১৪।

যথা—

আকাশে রুচি-লবমিন্দ্রনীলশোভে
সোমাভা জনয়তি তাবদস্ফুটশ্রীঃ
নেত্রাণাং তিমিরহরা বরেণ্যদীপ্তিঃ

লোচনরোচনী টীকা।

অস্ফুটশ্রীরিতি ন বিদ্যতে স্ফুটা শ্রীর্যতঃ স সর্ব্বোত্তমশ্রীরপীত্যর্থঃ তথাপি সন্দিগ্ধার্থ তয়োক্তিরহঙ্কারেণৈব লবপদোক্তিরপি তেনৈব আ সম্যক্ কাশত ইত্যাকাশপদেন তু শ্রীকৃষ্ণ এব বিবক্ষিতঃ আকাশে রুচিমপি নীলরত্নশোভে সোমাভা জনয়তি তাবকা বিজিত্যেতি তথা সা যাবন্নহি সখি ভানুজেতি বা পাঠঃ ১৫।

আনন্দচন্দ্রিকা টীকা।

কদাচিচ্চন্দ্রাবলীসভাং গতবতী ললিতা সোমাভয়ৈব কৃষ্ণব্যোম শোভত ইতি ব্রুবাণাং পদ্মাং প্রত্যাহ আকাশ ইতি ইন্দ্রনীলস্যেব শোভা যস্য তস্মিন্নাকাশে পক্ষে আ সম্যক্ প্রকাশত ইতি শ্রীকৃষ্ণে রুচিলবং কান্তিলেশং রোচকত্বলেশঞ্চ অস্ফুটশ্রীঃ শ্রীকৃষ্ণসৌন্দর্য্যে তৎসৌন্দর্য্যাচ্ছাদনাদিতি শ্রীকৃষ্ণপক্ষে ধ্বনিঃ। বৃষভানুজা জ্যৈষ্ঠমাসসূর্য্যোদ্ভবা। পক্ষে

স্বপক্ষের গুণ বর্ণন নিমিত্ত পরপক্ষের প্রতি যে আক্ষেপ, তাহাকেই অহঙ্কার বলে॥ ১৪॥

যথা—

একদিবস ললিতা চন্দ্রাবলীর সভাতে গমন করাতে পদ্মা কহিলেন সখি ললিতে। কৃষ্ণবর্ণ আকাশে সোমাভারই শোভা হয়, এতৎ শ্রবণে ললিতা অসহিষ্ণুতা প্রকাশ পূর্ব্বক কহিলেন, সখি পদ্মে। ইন্দ্রনীলমণি তুল্য আকাশে যতক্ষণ নেত্রান্ধকার-হারিণী প্রকৃষ্টদীপ্তিমতী বৃষভানুজার অর্থাৎ জ্যৈষ্ঠমাসীয় সূর্য্যপ্রভার প্রকাশ না হয়, ততক্ষণই সোমাভা অস্ফুট শোভা বিস্তার করিয়া থাকে॥

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, সোমাভা শব্দে চন্দ্রকলা এবং চন্দ্রাবলী। আকাশ অর্থে গগণ এবং অর্থান্তর 'আ' শব্দে সম্যক্ 'কাশ' শব্দে প্রকাশ অর্থাৎ সম্যক্রূপে প্রকাশ। বৃষভানুজা শব্দের অর্থ বৃষ-

সা যাবন্নহি বৃষভানুজাভ্যুদেতি।

অভিমানঃ

অভিমানো নিজপ্রেমোৎকর্ষাখ্যানন্তু ভঙ্গিতঃ ১৫

তত্র কৃষ্ণে স্বপক্ষপ্রেমাখ্যানং যথা। ১৬

ত্বং ধীরধীঃ ফণিহ্রদে হরিঝম্পগাথাং
নিষ্কম্পমেব যদিয়ং গদিতুং প্রবৃত্তা।

লোচনরোচনী টীকা

অত্রেতি কৃষ্ণেতি যঃ স্বপক্ষস্ত প্রেমা তস্যাখ্যানং যথেত্যর্থঃ অতঃ পূর্ব্বমপি নিজপদেন স্বপক্ষ এবোক্তঃ ১৬

ত্বং ধীরধীরিতি তৎ প্রস্তাবমাত্রং নিন্দিত্বা স্বয়ং যৎ প্রস্তুতং তৎ খলু গৌণরসেষু হাসাদীনামিব স্থায়িনমাবৃত্য গর্ব্বস্যোদয়াদিতি জ্ঞেয়ং ঝম্পোঽয়মব্যক্ত শব্দানুকরণমুন্নতদেশাদ্বলেন জলে পতনবাচী দেশীয়ঃ প্রদত্তঝম্পঃ স্তনসঙ্গবাঞ্ছয়েতি তদ্বৎ পতন সাম্যেতি প্রযুঃ

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধা অভ্যুদেতি শ্লেষেণ আকাশস্থ শ্রীকৃষ্ণস্য চ সৈবাভ্যুদয়ঃ পরমমাঙ্গল্যং

নিজঃ স্বপক্ষস্তস্য তস্মিংশ্চ যঃ প্রেমোৎকর্ষঃ ১৬।

চন্দ্রাবলীং প্রতি ললিতা প্রাহ ত্বমিতি ঝম্পঃ উন্নতদেশাদ্বলেন জলে বিনিপাতঃ আনুষঙ্গিকতয়া কথান্তরপ্রসঙ্গেনাপি ন জানে সাক্ষাৎ কালিযমর্দনবার্ত্তায়াং কিং স্যাদিতি ভাবঃ।

রাশিস্থিত ভানুর (সূর্য্যের) আভা এবং শ্রীরাধা। অর্থাৎ যতক্ষণ শ্রীরাধা শ্রীকৃষ্ণের পার্শ্বে অবস্থিতা না হন, ততক্ষণই চন্দ্রাবলীব অস্ফুট শোভা দেখিতে পাই, যেহেতু শ্রীরাধার অঙ্গকান্তি শ্রীকৃষ্ণের ইন্দ্রনীলমণিপ্রভা রূপমাধুর্য্য আচ্ছাদিত করিয়া গৌরত্ব প্রাপ্তি করায়।

অথ অভিমান

ভঙ্গিপূর্ব্বক স্বপক্ষের প্রেমোৎকর্ষাখ্যানকেই অভিমান কহে ॥১৫॥

তন্মধ্যে শ্রীকৃষ্ণের প্রতি স্বপক্ষের প্রেমাখ্যান যথা ১৬।

চন্দ্রাবলীর প্রতি ললিতা কহিলেন, সুন্দরি! তোমাকে অতি স্থিরবুদ্ধি দেখিতেছি, কারণ, শ্রীকৃষ্ণ যে কদম্ব বৃক্ষ হইতে কালিয়হ্রদে ঝম্প প্রদান করিয়াছিলেন তুমি কি না নিষ্কম্প-হৃদয়ে তদ্বিষয়ক গাথা

তত্রানুষঙ্গিকতযাপ্যুদিতে কদম্বে
বক্ষঃ পিনষ্টি রুদতী তরলা সখী মে ॥১৭।
স্বপক্ষে কৃষ্ণপ্রেমাখ্যানং যথা ১৮
ধন্যাসি কৃষ্ণকরকল্পিতপত্রবল্লী

লোচনরোচনী টীকা

জ্যতে তত্র তজ্বাম্পসম্বন্ধিনি কদম্বে উদিতে কথিতে তদিদন্ত তয়া কৃতং যৎকিঞ্চিৎ প্রস্তাবমালম্ব্যের্ষ্যয়া বিস্তার্য্যেব প্রোক্তং তস্যাপি সর্ব্বাতিক্রমিপ্রেম্নাং শ্রীব্রজদেবীনামেক-তরত্বাৎ ১৭।

স্বপক্ষ ইতি পূর্ব্ববদ্ব্যাখ্যেয়ং ১৮

আনন্দচন্দ্রিকা টীকা

যতো ঝম্পস্তস্মিন্ কদম্বেঽপি তথা উদিতেঽস্মাভিরুক্তেঽপি স্বয়ং কীর্ত্তিতেতু ন জানে কিং স্যাদিতি ভাবঃ রুদতী সতী বক্ষঃ পিনষ্টি তত্র হেতুঃ। তরলা তাবলমেব ত্বং প্রেমবত্যপি তৎকীর্ত্তনে যন্নির্ব্বিকারা তত্র ধৈর্য্যাধিক্যমেবেতি ব্যাজস্তুত্যা শ্রীকৃষ্ণবিষয়কঃ শ্রীরাধায়াঃ প্রেমোৎকর্ষো জ্ঞাপিতঃ ১৭ ১৮

ললিতায়াঃ সখী রত্নপ্রভা পথি মিলন্তীং পদ্মামাহ ধন্যাসীতি অলিকং ললাটং নহু যুয়মপি স্বাধীনকান্তাত্বেন খ্যাতাঃ স্থ কিমেবং ব্রূথেঽত আহ হাবধিতেত্যাদি কথিতে দৃষ্টে জাড্য-

---

বলিতে প্রবৃত্ত হইতেছ। কিন্তু আমার প্রিয়সখী গান্ধর্ব্বিকা এমত চঞ্চল-হৃদয়া যে, যদি প্রসঙ্গক্রমে "কদম্ব" এই মাত্র শব্দ উচ্চারিত হয় তাহা হইলেই অমনি আপনার বক্ষে করাঘাত করত রোদন করিতে আরম্ভ করেন॥

উক্ত উদাহরণে চন্দ্রাবলীর শ্রীকৃষ্ণ-বিষয়ক প্রেমের অল্পতা এবং শ্রীরাধার ঐ প্রেমের আতিশয্য প্রদর্শিত হইল॥ ১৭।

অথ স্বপক্ষে কৃষ্ণপ্রেমাখ্যান যথা ১৮॥

ললিতার সখী রত্নমালা অকস্মাৎ পথিমধ্যে পদ্মাকে দেখিতে পাইয়া কহিলেন সখি পদ্মে! তোমার সৌভাগ্যের কথা আর কি বলিব শ্রীকৃষ্ণের কর-কল্পিত পত্রবল্লী (তিলক) ললাটে বহন করত

রম্যালিকা বিহরসে মদমন্থরাঙ্গী।
হা বঞ্চিতাস্মি কলিতে ললিতামুখেন্দৌ
জাড্যং স যাত্যখিল শিল্পধুরন্ধরোঽপি।

দর্পঃ॥

গর্ব্বমাচক্ষতে দর্পং বিহারোৎকর্ষসূচকং। ১৯।

যথা—

বিদ্মঃ পুণ্যবতী শিখামণিমিহ ত্বামেব হর্ম্যে যয়া

লোচনরোচনী টীকা।

অলিকং ললাটং ১৯।

আনন্দচন্দ্রিকা টীকা।

মিতি ললিতাবিষয়কঃ শ্রীকৃষ্ণস্য প্রেমোৎকর্ষো জ্ঞাপিতঃ। ১৯॥

কদাচিৎ যৌবতসদসি প্রসঙ্গসঙ্গতয়া নান্দীমুখ্যা কথ্যমানায়াঃ পুরাণকথায়াঃ শ্রবণ-প্রসঙ্গেন ললিতাদ্যা ঘূর্ণিতাক্ষীর্বীক্ষ্য হসন্তীং পদ্মাং ললিতৈবাহ বিদ্ম ইতি　পুণ্যবতীতি

মদনমদে অত্যন্ত মন্থরা হইয়াছ, যাহা হউক, তুমি অতিধন্যা, পদ্মা কহিলেন, রত্নমালে। তোমরাও ত স্বাধীনকান্তা বলিয়া খ্যাতি লাভ করিয়াছ? রত্নমালা কহিল, হা কষ্ট। আমরা যে তদ্বিষয়ে বঞ্চিতা হইয়াছি, কারণ শ্রীকৃষ্ণ অখিল-শিল্পকলার ধুরন্ধর হইলেও ললিতার মুখ-চন্দ্র দর্শন করিবা মাত্রই অমনি জড়তাপন্ন হয়েন, কি প্রকারে তিনি পত্রাবলী লিখিতে সাবকাশ পাইবেন, অতএব হে সখি! তুমিই ভাগ্য-বতী, আমাদের সে অদৃষ্ট কোথায়?।

উক্ত উদাহরণে ললিতার প্রতি শ্রীকৃষ্ণের প্রেমোৎকর্ষ কীর্ত্তিত হইল॥

অথ দর্প।

বিহারের উৎকর্ষসূচক গর্ব্বকেই দর্প কহে॥ ১৯॥

যথা—

কদাচিৎ ব্রজমধ্যে যুবতীগণের সভা উপস্থিত হওয়াতে তথায় নান্দীমুখী পুরাণ-প্রস্তাব কহিতে ছিলেন, শ্রবণপ্রসঙ্গে ললিতার ঘূর্ণিত নেত্র দেখিয়া হাস্যকারিণী পদ্মাকে ললিতাই কহিলেন সখি। আমরা তোমাকেই পুণ্যবতীর শিখামণি বলিয়া স্থির করিলাম, কারণ তুমি

নীয়ন্তে শরদিন্দু ধামধবলা স্বাপোৎসবেন ক্ষপাঃ।
কোঽয়ং নঃ ফলতি স্ম কর্ম্মবিটপী বৃন্দাটবীকন্দরে
শ্যামঃ কোঽপি করী করোতি হৃদয়োন্মাদেন নিদ্রাক্ষয়ং॥

উদ্ঘসিতং

উপহাসো বিপক্ষস্য সাক্ষাদুদ্ঘসিতং ভবেৎ। ২০।

যথা—

লোচনরোচনী টীকা।

কোঽপি হৃদয়োন্মাদেন নিদ্রাক্ষয়ং করোতীতি স্বপ্নমিব প্রকটং ব্যজ্য জাগর এব গূঢ়ং ব্যজ্যতে। যত্র শ্যামপদেন শ্রীকৃষ্ণ এব ব্যক্তঃ ২০

আনন্দচন্দ্রিকা টীকা

পূর্ব্ব জন্মনি যৎ পুণ্যং ভবত্যা কৃতং তদস্মাভি র্ন কৃতং কর্ম্মবিটপী প্রাচীনকর্ম্মরূপো বৃক্ষঃ ফলিতঃ;অন্যথা পূর্ণচন্দ্রাসু রাত্রিষু পরাধীনতয়া ধ্বান্তাবৃতকন্দরগিরিগহ্বরাদিষু জাগরাদি-দুঃখং কথং সম্ভবেৎ যতো দিবসেঽপি তদালস্যক্রমবশাৎ পুণ্যকথাশ্রবণভাগ্যস্যাপ্যভাব ইতি ব্যাজস্তত্যা স্বপক্ষ পরপক্ষয়োঃ শ্রীকৃষ্ণকর্ত্তৃকসম্ভোগ-তদভাবৌ জ্ঞাপিতৌ॥ ২০।

অট্টালিকার উপরি শারদ চন্দ্রের চন্দ্রিকায় ধবলিতা ক্ষপাসকল নিদ্রোৎসবেই ক্ষেপণ করিতে পাও, কিন্তু আমাদের যে কি এই জন্মান্তরীয় কর্ম্মবিটপী ফলিত হইতেছে, তাহা নিশ্চয় করিতে পারিতেছি না, কেননা যদি আমরা বৃন্দাটবীর কন্দরে নিদ্রা যাই তাহা হইলে কোন এক শ্যাম-করীন্দ্র উন্মত্ত-হৃদয়ে আসিয়া আমাদের নিদ্রা ক্ষয় করিয়া দেয়, অতএব হে পদ্মে! তুমিই অতিশয় ভাগ্যবতী, সুখে নিদ্রা যাইতে অবকাশ পাও॥

উক্ত উদাহরণে পরপক্ষের কৃষ্ণসঙ্গমের অভাব এবং ছলে স্বপক্ষের কৃষ্ণসঙ্গম লাভ প্রদর্শিত হইল॥

অথ উদ্ঘসিত॥

বিপক্ষের প্রতি যে সাক্ষাৎ উপহাস, তাহাকেই উদ্ঘসিত বলে॥২০

যথা—

নোচ্চৈর্নিশ্বসিহি প্রসীদ পরমে মুঞ্চ গ্রহং দুর্লভে
ম্লানিং তে সখি বীক্ষ্য হন্ত কৃপয়া মচ্চিত্তমুত্তাম্যতি।
বদ্ধঃ পশ্য বিভঙ্গুরেঽত্র ললিতাবাগুরাড়ম্বরে
জানীতে ন কিল স্বমেব সরলে শ্যামঃ কুরঙ্গাধিপঃ॥

মদঃ।

সেবাদ্যুৎকর্ষকৃদ্গর্ব্বো মদ ইত্যভিধীয়তে।

লোচনরোচনী টীকা।

বাগুরা মৃগবন্ধনী ২১।

আনন্দচন্দ্রিকা টীকা।

চন্দ্রাবলীং সঙ্কেতস্থাং বিধায় শ্রীকৃষ্ণমান্বেতুমায়াতাং দৈবাল্ললিতা মিলিতং শ্রীকৃষ্ণং দূরাদবলোক্য বিষীদন্তীং পদ্মাং বিশাখা প্রাহ নোচ্চৈরিতি প্রসীদ আত্মনামদৃষ্টং বিভাব্য বিবেকাস্ত্রেণ খেদং সংছিদ্য প্রসন্নমুখী ভব দুর্লভে বস্তুনি শ্রীকৃষ্ণনিনীষারূপে গ্রহমাগ্রহং। নহু ত্বং কিমেবং ব্রবীষীত্যত আহ ম্লানিমিত্যাদি। যুক্তিস্তু কাপ্যত্র নাস্তীত্যাহ বদ্ধ ইতি। পশ্য স্বচক্ষুর্ভ্যামেব প্রতীহি বিশেষতোভঙ্গুরে বাগেব বাগুরা মৃগবন্ধিনী তস্যা আড়ম্বরে আরম্ভে। আড়ম্বরঃ সমারম্ভে গজগর্জিততূর্য্যয়োরিতি বিশ্বঃ মৎসখীং স্মৃত্বা ললিতাং প্রতার্য্য স্বয়মেবাসৌ আয়াস্যতীতি চেত্তত্রাহ স্বমেব ন জানীতে নাহুসন্ধত্তে কুতস্তে সখীং জ্ঞাস্যতি তদাস্যমধুপানমদবিস্মৃত দেহদৈহিক ইত্যর্থঃ সরলে ইতি ইয়াংস্তে পরামর্শোঽপি নাস্তীতি ভাবঃ

একদিবস পদ্মা চন্দ্রাবলীকে সঙ্কেত স্থান প্রাপ্ত করাইয়া শ্রীকৃষ্ণের অন্বেষণার্থ যাইতে ছিলেন, দৈবাৎ দূর হইতে ললিতার সহিত মিলিত শ্রীকৃষ্ণকে অবলোকন করত অমনি হতাশ হইয়া বিষাদ করিতে লাগিলেন, এমত সময়ে বিশাখা কহিলেন পদ্মে। দীর্ঘনিশ্বাস পরিত্যাগ করিও না, বিবেকাস্ত্র দ্বারা বিষাদ ছেদন করিয়া প্রসন্না হও, পরম দুর্লভ বিষয়ে আগ্রহ ত্যাগ কর, তোমার ম্লান বদন দেখিয়া কৃপায় আমার চিত্ত ব্যাকুলিত হইতেছে, সখি। তুমি স্বচক্ষে দেখ, ললিতার বাগুরায় (মৃগবন্ধন জালে) পুনঃ পুনঃ শ্যামকুরঙ্গ বদ্ধ হইয়া আপনাকেই আপনি বিস্মৃত হইয়াছে, তাহার অন্যের প্রতি স্মরণ হইবার অবকাশ কই ? অতএব বিষাদ বহন করা বিফল॥

অথ মদ॥

সেবার উৎকর্ষ জনিত যে গর্ব্ব তাহাকেই মদ বলে॥

যথা—

জগতি ললিতে ধন্যা যূয়ং সুগন্ধিভিরদ্ভুতৈ-
রবিরবিরতং যাভিঃ পুষ্পৈরমীভিরুপাস্যতে।
বত বিধিবশাজ্জাতং বন্যস্রজি ব্যসনং তথা
দলমপি ন নঃ কাত্যায়ন্যৈ যথা পরিশিষ্যতে।

ঔদ্ধত্যং।

স্পষ্টং স্বোৎকৃষ্টতাখ্যানমৌদ্ধত্যমিতি কীর্ত্যতে॥ ২১।

আনন্দচন্দ্রিকা টীকা

সেবা শ্রীকৃষ্ণবিষয়া পরিচর্য্যা সূর্য্যপূজার্থং পুষ্পমবচিন্বানাং ললিতাং পদ্মা প্রাহ জগতীতি নন্থ ভবতীভিরপি কথং কাত্যায়নী তথা নোপাস্যত ইতি চেৎ অয়ি নাস্মাকমীদৃশং ভাগ্যমিত্যাহ বতেতি। বনমালাগ্রথনে তথা ব্যসনমাসক্তিঃ দলমপীতি যানি যানি সমীচীনানি পুষ্পপত্রাণি সখীভিরানীযন্তে তানি সর্ব্বাণি চন্দ্রাবল্যা বনমালায়ামেব বিনিযুজ্যন্তে নতু কাত্যায়নীপূজ যাং মন্যে ইষ্টদেবতায়াং তস্যা ভক্তি র্নাস্তি যথা রাধিকায়া ইতি ভাবঃ

স্পষ্টমিতি অভিধয়ৈব নতু ব্যঞ্জনয়েত্যর্থঃ ২১

যথা—

সূর্য্যপূজার্থ কুসুম-চয়নকারিণী ললিতাকে পদ্মা কহিলেন সখি ললিতে! জগতীতলে তোমরা ভাগ্যবতী, যেহেতু এই সকল অদ্ভুত সুগন্ধি কুসুমদ্বারা রবিদেবেরই উপাসনা কর, কিন্তু আমাদের কি যে দৈববিড়ম্বনা তাহা নিশ্চয় হইতেছে না, সখীগণ যে সকল সমীচীন-পত্র পুষ্পাদি আনয়ন করে চন্দ্রাবলীর বনমাল গাঁথিতেই সকলগুলি নিঃশেষ হইয়া যায়, কাত্যায়নী পূজার্থ একটী দলও অবশিষ্ট থাকে না, অতএব হে সখি! তোমরাই ধন্যা, চন্দ্রাবলীর ইষ্টদেবতার প্রতি কিঞ্চিন্মাত্রও ভক্তি নাই।

এতদ্দ্বারা শ্রীকৃষ্ণসেবা-নিমিত্ত পদ্মার গর্ব্ব প্রকাশ করা হইল।

অথ ঔদ্ধত্য।

স্পষ্টরূপে আপনার যে উৎকৃষ্টতার আখ্যান করা, পণ্ডিতগণ তাহাকেই ঔদ্ধত্য বলিয়া কীর্ত্তন করেন। ২১॥

যথা—

কস্তাবদ্ব্রজমণ্ডলে স বলতে গান্ধর্ব্বিকা স্পর্দ্ধতাং
সার্দ্ধং হন্ত জনেন যেন জগতীজজ্বালকীর্ত্তিধ্বজা।
কুল্যায়াঃ কৃপণাবলীষু কৃপয়া কামং দ্রবচ্চেতসো

লোচনরোচনী টীকা

জগত্যাং জজ্বালো বেগবত্তরঃ কীর্ত্তিধ্বজো যস্যাঃ কুল্যায়াঃ কুলীনায়াঃ। কৃপণাবলীষু যুষ্মদ্বিধাসু ২২

আনন্দচন্দ্রিকা টীকা

সখি নান্দীমুখি তাদৃশোঽয়ং কাল আগতো যথা রাধাপি চন্দ্রাবল্যা সহ স্পর্দ্ধতে সা হস্মাভিস্তাবান্বেন গণ্যত ইতি পদ্মা সংজল্পং লতান্তরেঽলক্ষিতৈব ললিতা শ্রুত্বা তদৈব স্পষ্টীভূয় স্পষ্টমেব সসংরম্ভং প্রাহ কস্তাবদিতি স জনস্তাবৎ কো বলতে সামর্থ্যং ধত্ত ইত্যর্থঃ। স্পর্দ্ধতামিতি সম্ভাবনায়াং লোট্ জগত্যাং জজ্বালো বেগবত্তরঃ কীর্ত্তিধ্বজো যস্যাঃ সা। জজ্বালোঽতিজব ইত্যমরঃ অতিজবত্বং তস্য বিচিত্য সর্ব্বকীর্ত্তিং বিজেতুমিতি প্রয়োজনং জ্ঞেয়ং তস্যাং গান্ধর্ব্বিকায়াং ব্রজ এব বিরাজমানায়াং সত্যাং যুষ্মাভিরপি শ্রীকৃষ্ণাঙ্গস্পর্শো মনোরথবিষয়ীকর্ত্তুং শক্যত ইতি পরম এবাসম্ভবঃ কিন্তু কুল্যায়া মহাকুলোদ্ভবায়াঃ অতএব তথাভিজাত্যাদেব কৃপণাবলীষু যুষ্মাদৃশীষু কৃপয়া সর্ব্বথা মৎপ্রেমাধীনস্য

যথা—

পদ্মা নান্দীমুখীকে জিজ্ঞাসা করিতেছিলেন সখি, এখন কি ঐ প্রকার কাল উপস্থিত হইল? রাধাও কি না চন্দ্রাবলীর সহিত স্পর্দ্ধা করিতে লাগিলেন, আমরা উহাঁকে তাবা বলিয়া গণ্য করি। এই প্রকার পদ্মা অত্যুক্তি করিতে থাকিলে ললিতা লতার অন্তরালে থাকিয়া শ্রবণ করত তৎক্ষণাৎ স্পষ্টরূপে বহির্গতা হইলেন এবং ক্রোধ প্রকাশ পূর্ব্বক কহিলেন, পদ্মে। ব্রজমণ্ডলে সেই প্রকার কোন্ জন আছে যে, জগতীতলে বলবতী-কীর্ত্তিধ্বজা-শালিনী গান্ধর্ব্বিকা তাহার সহিত স্পর্দ্ধা করিবেন? ঐ শ্রীরাধা সৎকুলোদ্ভবা দীনহীন নারীজন দেখিলেই তাঁহার চিত্ত কৃপায় আর্দ্রীভূত হয়। হে পদ্মে! আর অধিক কি বলিব, শ্রীরাধা

যস্যাঃ প্রেবণয় ক্ষণং ভবতি বঃ পদ্মে নিষেব্যো হরিঃ ॥

কিঞ্চ

শ্লিষ্টোক্তিশ্চ ক্বচিত্তাসাং নিন্দাগর্ব্বোপজায়তে। ২২।

যথা—

গোবিন্দাহিতমণ্ডনা বিধুরতাবাপ্তিপ্রসঙ্গোজ্‌ঝিতা

লোচনরোচনী টীকা

গোবিন্দেনাহিতং অর্পিতং পক্ষে গোবিন্দস্য অহিতং দ্বেষবিষয়ং মণ্ডনং যস্যাঃ বিধুবতা দুঃখিত্বং পক্ষে বিধোঃ শ্রীকৃষ্ণস্য রতং সুরতং তস্যাস্তস্য বা অবাপ্তিপ্রসঙ্গেনাপ্যুজ্

আনন্দচন্দ্রিকা টীকা

মৎকান্তস্য সঙ্গমপ্রাপ্য সর্ব্বা এতা মহাকামজ্বরে সন্তপ্যমানা হা মরিষ্যন্ত্যেবেতি দয়য়া ক্রতী ভবচ্চিত্তাবাঃ যস্যাঃ শ্রীরাধায়াঃ ২২

সদসি কদাচিৎ সখীনাং রূপ গুণ-প্রেমাদিবিবেচনপ্রসঙ্গে চন্দ্রাবল্যাঃ সখীং ভব্যাভিধানাং প্রতি চম্পকলতা প্রাহ গোবিন্দেনাহিতমর্পিতং পক্ষে তস্য অহিতং অপ্রিয়ং মণ্ডনং হাবপত্রভঙ্গ্যাদিকং যস্যাঃ সা। বিধুবতা দুঃখিতা পক্ষে বিধোঃ শ্রীকৃষ্ণস্য রতং সম্ভোগস্তস্যাস্তস্য চ অবাপ্তিঃ প্রাপ্তিস্তৎপ্রসঙ্গেনাপ্যুজ্‌ঝিতা ত্যক্তা অনন্তকল্পা পূর্ণবৈদগ্ধ্যা বয়সো

মনে মনে বিচার করেন যে, হা। মদীয কান্তসঙ্গ লাভ করিতে না পারিলেই এই সমস্ত আভীরাঙ্গনা কামজ্বরে প্রাণত্যাগ করিবে অতএব কিঞ্চিৎকালের নিমিত্ত যাইতে অনুমতি দিই, এই নিশ্চয় করিয়া শ্রীকৃষ্ণকে গমনার্থ অনুজ্ঞা দিলে তিনি গিয়া ক্ষণকালের নিমিত্ত তোমাদের সেব্য হয়েন, কি আশ্চর্য্য! হে পদ্মে! ইহাতেই তোমার এত গর্ব্ব। ॥

অপর সখীগণের শ্লিষ্ট উক্তিতে কখন কখন নিন্দাগর্ব্ব উপস্থিত হয়। ২২। যথা—

কদাচিৎ সভামধ্যে সখীগণের রূপ, গুণ, প্রেমাদির বিবেচনা প্রসঙ্গে, চন্দ্রাবলীর ভব্যা নাম্নী সখীর প্রতি চম্পকলতা কহিলেন হে ভব্যে! তোমার সৌদামিনী সখীর সৌভাগ্যাতিশয়ের কখন বিরাম দেখিতে পাইলাম না, কি আশ্চর্য্য। গোবিন্দ ঐ সৌদামিনীকে ভূষণ সকল সমর্পণ করাতে উঁহার দুঃখের প্রসঙ্গ মাত্র নাই, সমস্তই দূরীভূত

দক্ষানল্পকলাবয়োঘনরুচিং তন্বা মুহুস্তন্বতী
সর্ব্বানুত্তমসাধুতাপদকৃতির্ভব্যে ভবত্যাঃ সখী

লোচনরোচনী টীকা

ঝিতা অনল্পকলা বহুকলা বয়সোদ্যতাং রুচিং পক্ষে অনল্পকলৌ দক্ষা অয়োঘন রুচিং লৌহমুদ্গরকান্তিং অনুত্তমত্বং সর্ব্বোত্তমত্বং পক্ষে উত্তমতাবহিতত্বং অসৌ ভবত্যাঃ

আনন্দচন্দ্রিকা টীকা

যৌবনস্য ঘনাং নিবিড়াং রুচিং পক্ষে অনল্পকলৌ বহুতরকলহে দক্ষা অয়োঘনরুচিং লৌহ মুদ্গরকান্তিং ক্রমঘণোমুদ্গরঘনাবিত্যমরঃ। সর্ব্বানুত্তমা সর্ব্বতোহপি অত্যুত্তমা সাধুতাপদং সাধুত্বাস্পদং কৃতি র্ব্যাপারো যস্যাঃ সা পক্ষে সর্ব্বা অনুত্তমা উত্তমত্বরহিতা সাধুতাপদা সাধুভ্য-স্তাপ-দাত্রী কৃতিঃ কর্ম্ম যস্যাঃ সা। হে ভব্যে সখি অসৌ ভবত্যাঃ সখী ভাগ্যভবাদ্বিবতিং

হইয়াছে এবং স্বয়ং, দক্ষা ও পূর্ণবৈদগ্ধিশালিনী, আপনার তনুদ্বারা নিবিড় যৌবনের রুচি মুহুর্মুহুঃ বিস্তার করিতেছে এবং আমার সকল কর্ম্মই সুন্দররূপে সম্পন্ন করিয়া দেয়, অতএব হে সখি। তোমার সৌদামিনী সখী অতিধন্যা।

উক্ত উদাহরণে যে সকল প্রশংসা করা হইল, বিপরীত লক্ষণায় তৎসমুদায়কে নিন্দারূপে পরিজ্ঞাত হইতে হইবে অর্থাৎ বর্ণিত শ্লোকে "গোবিন্দেনাহিত" এই পদে প্রশংসা পক্ষে গোবিন্দকর্ত্তৃক সমর্পিত। দ্বিতীয় পক্ষে গোবিন্দের অহিত অর্থাৎ সৌদামিনী যে সকল হার এবং পত্র ভঙ্গ্যাদি নির্ম্মাণ করে তাহাতে গোবিন্দের প্রীতি উৎপন্ন হয় না। বিধুরতা শব্দের অর্থ দুঃখিতা, পক্ষে বিধু শ্রীকৃষ্ণ, তাঁহার রত অর্থাৎ সম্ভোগ, তৎ প্রসঙ্গ হইতে পরিত্যক্তা। অনল্পকলা শব্দে পূর্ণবৈদগ্ধী অর্থাৎ যৌবনের নিবিড়া রুচি, পক্ষে অনল্পকলৌ অর্থাৎ বহুতর কলহে দক্ষা এবং অয়োঘনরুচি অর্থাৎ লৌহমুদ্গরকান্তি। "সর্ব্বানুত্তমা" অর্থাৎ সর্ব্বপ্রকারে অত্যুত্তমা, "সাধুতাস্পদকৃতি" অর্থাৎ যাহার ব্যাপার সাধুতা রূপে সম্পন্ন হয়। পক্ষে সকল অনুত্তমা অর্থাৎ উত্তমত্ব রহিতা। সাধু-তাপদা, সাধু সকলে তাপপ্রদা, কৃতি অর্থাৎ কর্ম্ম যাহার। হে ভব্যে! তোমার সখী সৌভাগ্য ভর হইতে কদাচ বিরত

নাসৌভাগ্যভরাৎ কদাপি বিরতিং প্রাপ্নোতি সৌদামিনী।২৩

যথাবা—

সমস্তজনলোচনোৎসববিনোদনিষ্পাদিনী
বিলক্ষণগতিক্রিয়া বিচলিতাঙ্গহারস্থিতিঃ।
নিবস্য হরিতালজং রুচিতরঙ্গমাত্মোর্জ্জিতৈঃ

লোচনরোচনী টীকা।

সখী পক্ষে অসৌভাগ্যভরাৎ দৌর্ভাগ্যাতিশযাৎ সৌদামিনী নাম্নী ২৩

আনন্দচন্দ্রিকা টীকা

ন প্রাপ্নোতি পক্ষে অসৌভাগ্যভরাদ্দৌর্ভাগ্যাতিশযাৎ সৌদামিনী নাম্নী ২৩

নিন্দাগর্ভেত্যুক্তং সা চ নিন্দা দ্বিধা প্রেম্নো গুণস্য চ পূর্ব্বা উক্তা উত্তরাং বক্তুমাহ যথা বেতি শৈব্যাং প্রতি রঙ্গদেব্যাহ সমস্তেতি বিনোদ আনন্দঃ পক্ষে বিশেষেণ নোদো দূরীকরণং। বিলক্ষণা বিচিত্রা যা গতিক্রিয়া নৃত্যগতিবিশেষস্তয়াপ্যবিচলিতা শিক্ষা চাতুর্য্য-বিশেষবলাৎ যথাস্থান এব স্থিতা অঙ্গেষু হারস্য স্থিতিরেব স্থানং যস্যাঃ সা পক্ষে বিগত-লক্ষণা সঙ্গীতশাস্ত্রোক্তলক্ষণাদন্যা যা গতিক্রিয়া তয়া বিচলিতা স্খলিতা অঙ্গহারাণাং নৃত্যো-চিতাঙ্গবিক্ষেপাণাং স্থিতির্ম্মর্য্যাদা যস্যাঃ সা অঙ্গহারোঽঙ্গবিক্ষেপ ইত্যমরঃ হরিতালং ধাতুবিশেষস্তদুদ্ভবং রুচিতরঙ্গং কান্তিলহরীং আত্মনো দেহস্য উর্জ্জিতৈঃ কান্তিবলৈর্নিবস্য ত্বক্কৃত্য পক্ষে হরেস্তালস্তেন বাদিতো ঝম্প চচ্চৎপুটাদিসংজ্ঞস্তাণস্তদুদ্ভবো যো রুচিতো-ঽভীপ্সিতো রঙ্গস্তং নিবস্য আত্মন উর্জ্জিতৈর্দেহস্য প্রাণনৈশ্চাঞ্চল্যৈঃ উর্জবলপ্রাণ-

হয় না, পক্ষে অসৌভাগ্যভর হেতু অতিশয় দুর্ভগা ইত্যাদি। ২৩

নিন্দাগর্ভ দুই প্রকার প্রেমসম্বন্ধীয় ও গুণসম্বন্ধীয় প্রেমসম্বন্ধীয় নিন্দার উদাহরণ করণান্তর গুণসম্বন্ধীয় নিন্দার উদাহরণ করিতেছেন॥

যথাবা—

শৈব্যার প্রতি রঙ্গদেবী কহিলেন সুন্দরি! এই কুঞ্জগৃহে তোমার খেলাবতী সখী যেরূপ অস্খলিত রসে নৃত্য করিয়াছিল তাহাতে সমস্ত জনবৃন্দেরই লোচনের বিনোদ সম্পাদন করিয়াছিল। হে সখি! উহার নৃত্যের এরূপ কৌশল যে পদের গতি বিলক্ষণ লক্ষিত হইতেছিল কিন্তু হার আন্দোলিত না হইয়া অবিচলিত ভাবেই ছিল অপর উঁহার অঙ্গের এরূপ উর্জ্জিতকান্তি প্রকাশ হইতেছিল যেন দলিত হরি-

সখী নটতি তে রসস্খলিতমত্র খেলাবতী ॥
যাস্তু যূথাধিনাথাঃ স্যুঃ সাক্ষান্নের্ষ্যন্তি তাঃ স্ফুটং।
বিপক্ষায় স্বগাম্ভীর্য্যমর্য্যাদাদিগুণোদযাৎ। ২৪ ॥

লোচনরোচনী টীকা

বিনোদো বিলাসঃ পক্ষে দূরীকরণং বিলক্ষণা পরমাশ্চর্য্যা যা গতিক্রিয়া তয়া বিচলিতা অঙ্গস্য হারাণাঞ্চ স্থিতির্নৈশ্চল্যং যস্যাঃ। পক্ষে বিগতসঙ্গীতোক্তলক্ষণয়া গতিক্রিয়া স্বচ্ছন্দাঙ্গচালনরূপপ্রক্রিয়া তয়া বিচলিতা অঙ্গস্য হারাণাঞ্চ স্থিতির্নৈশ্চল্যং যস্যাঃ। পক্ষে বিগতসঙ্গীতোক্তলক্ষণা যা গতিক্রিয়া..স্বচ্ছন্দাঙ্গচালনরূপপ্রক্রিয়া তয়া বিচলিতা স্থানভ্রষ্টা অঙ্গহারাণাং অঙ্গচালনসৌষ্ঠবানাং স্থিতির্মর্য্যাদা যস্যাঃ হরিতালং ধাতুবিশেষঃ। পক্ষে হরেস্তালঃ তেন বাদিতঃ কালক্রিয়ামানময়ঃ শব্দস্তস্মাজ্জাতং দেহস্য উর্জ্জিতৈঃ শিক্ষাময়শক্তিবিশেষৈঃ পক্ষে স্বাচ্ছন্দ্য চাপলময়ৈস্তৈঃ রসেন স্খলিতঃ নৃত্যগতিবিশেষো যত্র তৎ পক্ষে রসাৎ স্খলিতং যথা স্যাৎ খেলাবতী নাম্নী অত্রাপি বাল্যক্রীড়ামাত্রং তত্তস্যা ইতি ভাবঃ ২৪

আনন্দচন্দ্রিকা টীকা

নয়োঃ। রসেনস্খলিতং নৃত্যগতিবিশেষো যত্র এতদ্যথা স্যাৎ। যদ্বা। অরসস্খলিতং রসচ্যুতিরহিতং। পক্ষে রসাৎ স্খলিতং চ্যুতং।

প্রতিপক্ষসখীষিদমিত্যুক্তং প্রতিপক্ষযূথাধিপানাং কা বার্ত্তেত্যপেক্ষায়ামাহ যাস্ত্বিতি।২৪।

তালের রুচিকেও নিরস্ত করিয়া দিল, অতএব হে রঙ্গদেবি! তোমার সখীর নৃত্য অতি অদ্ভুত ॥

উক্ত উদ হরণে বিনোদ শব্দের অর্থ আনন্দ। পক্ষে বিশেষ রূপে দূরীকরণ। বিলক্ষণ গতি শব্দে বিচিত্রা গতি, পক্ষে সঙ্গীত-শাস্ত্রোক্ত লক্ষণার বিপরীত গতি। হরিতাল ধাতু বিশেষ, তদুৎপন্ন কান্তিকে নিরস্ত করিয়া। পক্ষে হরির তাল অর্থাৎ ঝম্প চচ্চৎ পুটাদি তালোদ্ভব অভীপ্সিত রঙ্গকে নিরাস করিয়া আপনার দেহের চাঞ্চল্য বিস্তার। অরস স্খলিত অর্থাৎ রসচ্যুতি রহিত, পক্ষে রসচ্যুত ॥

যে সকল ব্রজসুন্দরী যূথেশ্বরীর পদবী প্রাপ্ত হইয়াছেন, তাঁহাদের ধৈর্য্য গাম্ভীর্য্য গুণের প্রকাশ হেতু, স্পষ্টরূপে কখন বিপক্ষের প্রতি ঈর্ষ্যাভাব প্রকাশ হয় না" ২৪।

যথা—

বিপক্ষরমণীসখীং পিশুনিতোরুগর্ব্বচ্ছটাং
বিলোক্য কিল মঙ্গলা বিরল হাসফেণোজ্জ্বলং।
ততান তমনাকুলং বিনয়নির্ঝরং যেন সা
নিজে তরসি মজ্জিতা সপদি লজ্জিতা বিব্যথে।
বিপক্ষযূথনাথায়াঃ পুরতঃ প্রকটং নহি।
জল্পন্তি লঘবঃ সের্ষ্যং প্রায়শঃ প্রখরা অপি। ২৫ ॥

লোচনরোচনী টীকা।

পিশুনিতত্বং সূচিতত্বং নিজে স্বস্য বিনয়নির্ঝরস্য সম্বন্ধিনি তরসি বেগে যেন বিনয়-নির্ঝরেণৈব মজ্জিতা মগ্নীকৃতা। ২৫

আনন্দচন্দ্রিকা টীকা.

বৃন্দা পৌর্ণমাসীং প্রাহ পিশুনিতা সূচিতা উরুগর্ব্বস্য স্বাবহেলনরূপস্য ছটা যয়া তাং বিলোক্য লক্ষণেন জ্ঞাত্বা বিরলো মন্দহাস এব ফেণস্তেন উজ্জ্বলং যেন বিনয়নির্ঝরেণ প্রয়োজককর্ত্রা নিজে তরসি বেগে সা প্রযোজ্যকর্ম্মভূতা মজ্জিতা অতএব লজ্জিতা সতী বিব্যথে পশ্চাত্তাপেন খিদ্যতে স্মেত্যর্থঃ।

লঘবঃ সখ্য ইত্যর্থঃ ২৫

যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! মঙ্গলা বিপক্ষ-রমণী-সখীর স্বাবহেলন রূপ গর্ব্বচ্ছটা অবলোকন করিয়া এমত বিনয় নির্ঝর বিস্তার করিলেন যে, তাহাতেই তাঁহার অনাকুল মন্দ মন্দ হাস্য রূপ ফেণ-সহকারে উজ্জ্বলরূপে প্রকাশ পাইতে লাগিল। অপর ঐ বিনয়নির্ঝর স্বীয় বেগে প্রবাহিত হইতে লাগিলে মঙ্গলা তাহাতেই নিমগ্ন হইয়া লজ্জাবশতঃ ব্যথিতা হইলেন ॥

সখীগণ প্রখরা হইলেও বিপক্ষ যূথেশ্বরীদিগের অগ্রে প্রায়ই ঈর্ষ্যা প্রকাশ পূর্ব্বক বাক্য প্রয়োগ করেন না ॥ ২৫ ॥

দিষ্ট্যা দুস্তরতো মদুক্তিনিগড়ান্মুক্তাসি মুগ্ধেক্ষণা-
দভ্যর্ণে বৃষভানুজা বিজয়তে যদ্ভানুজায়াস্তটে।
নাতথ্যং প্রথয়ামি দেব্যপি গিরাং বাগ্দ্যূতকেলীষু মে
নির্ধূতপ্রতিভোদ্গমা ভগবতী লজ্জার্ণবে মজ্জতি ॥ ২৬ ॥
হরিপ্রিয়জনে ভাবা দ্বেষাদ্যা নোচিতা ইতি
যে ব্যাহরন্তি তে জ্ঞেয়া অপূর্ব্বরসিকাঃ ক্ষিতৌ ॥ ২৭ ॥

লোচনরোচনী টীকা

হে মুগ্ধে ক্ষণাৎ ক্ষণং প্রাপ্য ২৬

অপূর্ব্বরসিকা ইত্যত্র অরসিকা ইতি শব্দশ্লেষশ্চ। ২৭

আনন্দচন্দ্রিকা টীকা

ব্যাজস্তুত্যা তথা প্রকটমেব নিন্দন্তীং চম্পকলতাং প্রতি দূরাৎ পদ্মা সংরম্ভসাধরকম্প-মাহ দিষ্ট্যেতি হে মুগ্ধে মদুক্তিরেব নিগড়ঃ শৃঙ্খলস্তস্মাদদ্য দিষ্ট্যা মুক্তাসি ক্ষণাৎ ক্ষণ-মাত্রাৎ যদি ক্ষণাৎ কিঞ্চিদধিকং বিলম্বমকরিষ্যস্তদা বৃষভানুজায়ামিতো গতায়াং সুষ্ঠু ত্বত্যং দক্ষিণামহমদাস্যমিতি ভাবঃ কিং কর্ত্তব্যং বৃষভানুজা অভ্যর্ণে নিকট এব বিজয়তে তস্যা অগ্রে মমৌদ্ধত্যমনুচিতমিতি ভাবঃ মম বাগ্বিলাসপ্রভাবকাবধায় শৃণ্বিত্যাহ নাতথ্যমিতি। প্রথয়ামি প্রথ্যামীতি। গিরাং দেবী সরস্বত্যপি ২৬ ॥

অপূর্ব্বরসিকা অদ্ভুতরসিকা ইতি বক্রোক্তিঃ শ্লেষেণ চ অকারঃ পূর্ব্বে যেষাং অরসিকা ইত্যর্থঃ ২৭

ব্যাজস্তুতি দ্বারা প্রকটরূপে নিন্দাকারিণী চম্পকলতার প্রতি পদ্মা ক্রোধ প্রকাশ পূর্ব্বক অধর কম্পন করিয়া কহিলেন মুগ্ধে। তুমি ভাগ্য বশতঃ ক্ষণকালের নিমিত্ত আমার বাক্যনিগড় হইতে মুক্ত হইলে, যেহেতু ভানুজাতটে (যমুনাতটে) বৃষভানুজা বিরাজ করিতেছেন, অত-এব তাঁহার অগ্রে আমার ঔদ্ধত্য প্রকাশ করা উচিত নয়। হে সখি! আমার বাক্ বিলাসের প্রভাব বলিতেছি শ্রবণ কর, যখন মদীয় বাক্ চাতুর্য্যে বাক্‌দেবীও বাক্‌পটুতা হইতে নিরস্ত হইয়া লজ্জার্ণবে নিমগ্না হয়েন, তখন তুমি কোথাকার কে ? ॥ ২৬ ॥

হরিপ্রিয়জনে দ্বেষাদি প্রতিকূল ভাব উচিত নয়, এই কথা যাহারা বলে পৃথ্বীতলে তাহারাই অপূর্ব্বরসিক অর্থাৎ তাহাদের তুল্য আর অরসিক নাই। ২৭ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

নহু শোকামর্য্যাদিভির্ভাবৈরাক্রান্তং যস্য মানসং কথং তত্র মুকুন্দস্য স্ফূর্তিসম্ভাবনা ভবেদিতি সাধকানামপি ভক্তিপ্রতিকূলত্বেনোক্তা দ্বেষাদয়ঃ কথং সিদ্ধানাং প্রেম্নামনুকূলা ভবন্তিতি সত্যং সাধকস্বদশায়াং তে রাগদ্বেষাদয়ো মনোবিকারাঃ প্রাকৃতাঃ ভক্তৌ বিরুদ্ধ্যন্ত এব সিদ্ধদশায়াস্তু অন্তঃকরণস্য প্রেমাকরত্বাত্তদ্বৃত্তয়োঽপি যঃ শোক-মোহ-রাগ-দ্বেষাদয়স্তদাকারাঃ প্রেম্না ন ভিদ্যন্তে ইতি ভক্তিরসামৃতসিন্ধৌ উন্মজ্জন্তি নিমজ্জন্তি স্থায়িন্য মৃতবারিধৌ। উর্ম্মিবদ্বর্দ্ধয়ন্ত্যেনং যান্তি তদ্রূপতাঞ্চ ত ইতি নির্ব্বেদাদ্যাঃ সঞ্চারিণো মনো ধর্ম্মা অপি সাত্ত্বিকরাজসতামসাকারত্বেন প্রতীযমানা অপি নির্গুণা এব ব্যাখ্যাতাঃ প্রেম্ন এব স্থায়িভাবত্বাৎ স্থায়িন এব তত্তদ্রূপেণাবির্ভাবাৎ নহু প্রেমৈব কথং প্রাকৃতো নাস্তু তস্যাপি নির্গুণত্বে কিং প্রমাণং উচ্যতে লক্ষণং ভক্তিযোগস্য নির্গুণস্যেত্যুদাহৃতমিতি শ্রীভাগবতমেব তস্যা এব ভক্তেঃ পরিণতিদশায়াং প্রেমেতি নাম ভক্ত্যা সংজাতয়া ভক্ত্যা বিভ্রত্যুৎপুলকাং তনুমিত্যুক্তেঃ কিঞ্চ প্রেম্নো গুণময়ত্বে সর্ব্বশাস্ত্রেষু শ্রীভগবতঃ প্রেমাধীনত্বপ্রথা অপলপিতা এব স্যাৎ। হরির্হি নির্গুণঃ সাক্ষাৎ পুরুষঃ প্রকৃতেঃ পর ইত্যুক্তে নহি নির্গুণস্য প্রকৃতেঃ পরস্য শ্রীভগবতো গুণময়প্রেমাধীনত্বং যুজ্যেত নম্বস্তু প্রেমা নির্গুণঃ কথং মনোবৃত্তীনামপি তন্ময়তা আধারাধেয়সম্বন্ধেন চেদজাতরতীনামাবদ্ধভজনময়ানামপি ভক্তানামন্তঃকরণস্য ভক্ত্যধিকরণত্বে তদ্বৃত্তীনামপি তন্ময়ত্বে কথং রাগদ্বেষাদয়ে ভক্তেঃ প্রতিকূলায়ন্তাং সত্যং নাত্রাধারাধেয়সম্বন্ধেনৈক্যমুচ্যতে কিন্তু তং বিনৈব তথাহি প্রথমং স্নানাদিত্যাদিরীত্যা ভক্তেঃ কর্ণপ্রবেশমাত্রেণৈব ঝটিতি ন তেন মেলনং স্যাৎ কিন্তু নিরন্তরমন্তঃকরণেন সহ ভক্তেরভ্যাসপৌনঃপুন্যেনানর্থনিবৃত্তিনিষ্ঠারুচ্যাসক্তিভূমিকারোহানন্তরমেব যাবচ্চ তয়া ন মেলনং স্যাৎ তাবন্মনোবৃত্তয়ো রাগদ্বেষাদয়ঃ প্রাকৃতা অনর্থরূপা এব যথা গন্ধকচূর্ণেষু পারদস্য প্রবেশমাত্রেণৈব ন মেলনং কিন্তু সংমর্দ্দপৌনঃপুন্যেন চিরেণৈব মেলনে চ যথা গন্ধকস্য স্বাকারাপগমো রূপান্তরপ্রাপ্তিস্তথৈবান্তঃকরণস্য প্রাকৃতধ্বংসশ্চিন্ময়ত্বাবাপ্তিঃ যথৈব পারদগন্ধয়োরৈকরূপ্যং কজ্জলীভাবস্তথৈব ভক্ত্যন্তঃকরণয়োরৈকরূপ্যং প্রেমা যথৈব পারদঃ সর্ব্বত্রালিপ্তোঽপ্যন্তর্ভূতপার্ব্বতীপ্রীতিকং গন্ধকমেব স্বসংঘর্ষেণ স্বরূপান্তরং নয়ন্ স্বয়মনষ্টস্বরূপ এব তদুপরক্তত্বেনৈব কিমপি পরিপাকবিশেষেণ নামরূপবৈলক্ষণ্যং স্বীয়মেব ভজতে তথৈব কর্ণরন্ধ্রাদিদ্বারা শ্রবণকীর্ত্তনাদিরূপো ভগবানত্রালিপ্তোঽপি প্রীতিমদন্তঃকরণং প্রবিশ্য স্বশক্ত্যা স্বসংঘর্ষণেন তাং চিদ্রূপতাং নয়ন্ তদুপরক্ততয়া তদৈক্যেনোত্তরোত্তরপরিপাকবিশেষেণ প্রেমস্নেহপ্রণয়াদিনামরূপবৈলক্ষণ্যং প্রাপ্নোতি যথা চ তচ্চ পুনরনুকূলবস্তুসংযোগেনানেকান্ ভেদান্ ধত্তে তথৈব প্রেমাপি শ্রীভগবতো দাসসখি গুরু কান্তাভাবমিশ্রণেন দাস্যাদিপ্রভেদং এবঞ্চ সাধনসিদ্ধানামপি প্রেমা যদ্যেতাদৃশত্বেন নিরূপিতস্তদা নিত্যসিদ্ধানাং নিত্যসিদ্ধ এব প্রেমণি কঃ সন্দেহ ইতি। অথ প্রকৃতমনুসরামঃ নন্বস্তু হরিপ্রিয়জনে সিদ্ধে দ্বেষাদীনামনৌচিত্যাভাবঃ

যথা—

সম্মোহনস্য কন্দর্পবৃন্দেভ্যোঽপ্যঘবিদ্বিষঃ।
মূর্ত্তো নর্ম্মপ্রিয়সখঃ শৃঙ্গারো বর্ত্ততে ব্রজে
ক্ষিপেন্মিথো বিজাতীয়ভাবয়োরেষ পক্ষয়োঃ।

লোচনরোচনী টীকা।

অত্র সাধারণস্যাপি শৃঙ্গাররসস্য ঔজ্জ্বল্যং সাপত্ন্যাদিময়ত্বেনৈব তচ্ছাস্ত্রে মতং কিমুত শ্রীকৃষ্ণলীলাময়স্য তস্যেত্যাহ সম্মোহনস্যেতি কন্দর্পবৃন্দান্যপ্যতিক্রম্য সম্মোহনস্যেতি সর্ব্বাসামেব পৃথক্ পৃথক্ তত্র গাঢ়সম্ভোগলালসা দর্শিতা সাক্ষান্মন্মথমন্মথ ইতি শ্রীভাগবতোক্তং তস্য মহামন্মথত্বং সূচিতং মহামন্মথত্বেচ শৃঙ্গারপরিকরত্বে চ সতি তাসাং সম্ভোগশ্চ ভক্তান্তরাণাং সেবকাদিকমিব যৌগপদ্যেন ন সম্ভবতি তস্মাদীর্ষ্যাদিকং জায়তে এবেতি ভাবঃ। কিঞ্চ অঘবিদ্বিষ ইতি অঘস্যাপি মোক্ষদাতৃত্বেন সর্ব্বাশ্রয়পরমপারমৈশ্বর্য্যাৎ। দেবত্বে দেবদেহা সা মানুষত্বে চ মানুষীতি দিশা প্রেয়সীগণবিশেষত্বেন লক্ষ্যাদিবচ্ছৃঙ্গারোঽপি প্রিয়নর্ম্মসখত্বেন ব্রজেঽপি বর্ত্তত এব যদি চাসৌ বর্ত্ততে তদীর্ষ্যাদিসপরিবারান্ ক্ষিপেৎ তত্র তত্র প্রবর্ত্তয়ত্যেব নর্ম্মীর্ষ্যাদীন্ বিশেষেণ ক্ষিপতি চেত্তর্হি সখীসুহৃদ্বর্গৌ কথং দর্শিতৌ তত্রাহ মিথোবিজাতীয়ভাবয়োঃ পরপক্ষয়োঃ ক্ষিপতীতি। লোকে যথা ব্যাবহারিকমিথো-

আনন্দচন্দ্রিকা টীকা।

তদপ্যেষ শৃঙ্গাররসস্তান্ বিনৈব কথং নির্ব্বহতু ইত্যত আহ সংমোহনস্যেতি। একঃ কন্দর্প এব লোকে সম্মোহয়তি তৎসম্বন্ধিনোঽপি শৃঙ্গাররসস্য কবিভির্ভরতপ্রণীতরসশাস্ত্রদৃষ্ট্যা খণ্ডিতাবিপ্রলব্ধাদিবর্ণনে প্রাকৃতৈরপীর্ষ্যাদ্বেষাদিভাবৈরেব নির্ব্বাহপরিপোষৌ বর্ণিতৌ তাদৃশানাং কন্দর্পাণাং বৃন্দেভ্যোঽপি সকাশাৎ সম্মোহনস্যাঘবিদ্বিষঃ শৃঙ্গারস্য চিন্ময়ৈস্তৈর্বিনা তৌ কথং ভবেতামিতি ভাবঃ। যেষো স্বরসাস্বাদয়িতৄণাং সর্ব্বস্যাপ্যঘস্য বিদ্বেষ্টুঃ খণ্ডকস্য লৌকিকঃ কন্দর্পস্তু তেষাং পাপবর্দ্ধক এব ভবতীতি ভাবঃ। তথাভূতস্য শ্রীকৃষ্ণস্য শৃঙ্গারো রসো নাম ব্রজে মূর্ত্তো মূর্ত্তিমানেব বর্ত্ততে তদবতারত্বেন উজ্জ্বলশৃঙ্গারনামৈবেত্যর্থঃ। সপরস্পরবিজাতীয়ভাববতোঃ পক্ষয়োঃ পরস্পরবৈরিণোরিত্যর্থঃ। স্বস্য স্থায়িরূপস্য

যথা।

কন্দর্পবৃন্দের সম্মোহক অঘরিপুর প্রিয়নর্ম্মসখা স্বরূপ শৃঙ্গার-রস মূর্ত্তিমান্ হইয়া ব্রজমধ্যে বিরাজ করিতেছে। কিন্তু ঐ শৃঙ্গার-রস

ঈর্ষ্যাদীন্ স্বপরিবারান্ যোগে স্বপ্রেষ্ঠতুষ্টয়ে
অতএব হি বিশ্লেষে স্নেহস্তাসাং প্রকাশতে ॥ ২৮।

যথা ললিতমাধবে।

লোচনরোচনী টীকা

বিজাতীয়ভাবযোর্মিথো বিপক্ষত্বং তথা তাস সাং শ্রীকৃষ্ণবিষয়। বিজাতীয়ভাবানাং মিথো-বিপক্ষত্বং স্যাৎ পরস্পরমরোচকত্বাৎ ত সামেব মিথোহসাবীর্ষ্যাদীন্ ক্ষেপ্তুং শক্নোতি। যূনামেব কামঃ কামমিবেতি তত্র ভাবানাং সাজাত্যবৈজাত্যে দর্শযিষ্যতে নচ বক্তব্যং তেন শ্রীকৃষ্ণস্য তপ্রিয়সহনং স্যাৎ ইত্যালোচ্যাহ প্রেষ্ঠস্য শ্রীকৃষ্ণস্য তুষ্টয় এব ক্ষিপতীতি পরস্পরমীর্ষ্যাদয়ঃ শ্রীকৃষ্ণরাগমেব পুষ্ণন্তি পুষ্টে চ রাগে তস্য তুষ্টিরেব জায়তে ইত্যর্থঃ। বিরুদ্ধায়মানত্বেহপি ব্যভিচারিণঃ স্থায়িপোষকা ভবন্তীতি তাসাং তে চের্ষ্যাদয়ো বহির্বৃত্তা-বেবোদীয়ন্তে নান্তর্বৃত্তৌ সর্ব্বাসাং স্বদেকজীবনত্বাদাত্মৈকজীবনানাং চক্ষুরাদীনামিব ততশ্চ যোগ এব তাস্থ সোহসৌ তান্ ক্ষেপ্তুং শক্নোতি ন বিয়োগে নহি যথা জাগরে স্বস্ববিষয়া-নাস্বাদয়িতুং মিথঃ স্পর্দ্ধমানানি চক্ষুরাদীনি প্রত্যেকমাত্মানুগতিং বাঞ্ছন্তি। তথা সুষুপ্তা-বপি কিন্তু আত্মন ঔদাসিন্যমযাৎ সুষুপ্তৌ সর্ব্বাণ্যপি মিলিত্বাত্মমাত্রানুগতানি তিষ্ঠন্তি নতু মিথঃ স্পর্দ্ধমানানি তদ্বদত্রাপীত্যাহ ঈর্ষ্যাদীনিতি তত্র যোগে যুগপৎ প্রোষিতভর্ত্তৃকা-বস্থাত্বং বিনান্যাবস্থত্বে বিশ্লেষে যুগপৎ প্রোষিত ভর্ত্তৃকাবস্থত্বে ইত্যর্থঃ ২৮

আনন্দচন্দ্রিকা টীকা

পরীবারান্ পোষকান্ সঞ্চারিরূপান্ ঈর্ষ্যাদীন্ ক্ষিপেৎ অর্পয়েৎ প্রযোজনমাহ স্বপ্রেষ্ঠস্য শ্রীকৃষ্ণতুষ্টয়ে তত্তদুদ্ভূতস্বীয় ধৃষ্টত্বাদিকৌতুকবিলাসসুখায়েত্যর্থঃ যোগে যোগমাত্রে যস্যাঃ কস্যা অপি নায়িকায়াঃ সংযোগসম্ভাবনায়ামপীত্যর্থঃ তেন স্ববিরহেহপি তস্যা অমূনি নঃ ক্ষোভয়িতীর্ষ্যা দৃষ্টা। বিশ্লেষে যুগপৎ সর্ব্বাসাং সংযোগসম্ভাবনায়ামভাবে ইত্যর্থঃ তেন দদৃশুঃ প্রিয়বিশ্লেষান্মোহিতাং দুঃখিতাং সখীমিতি সখীপদোপন্যাসঃ ততশ্চ যুগপৎ সম্ভোগ-শৃঙ্গাররসধর্ম্মা এব দ্বেষের্ষ্যাদয়ো ভাবাঃ নতু হরিপ্রিয়জনাঃ সদা পরস্পরদ্বেষের্ষ্যাদিমন্ত ইতি ভাবঃ ২৮।

আপনার পরমপ্রেষ্ঠ শ্রীকৃষ্ণের তুষ্টি নিমিত্ত স্বীয় পরিবারবর্গ ঈর্ষ্যা-দিকে সংযোগ সময়ে পরস্পর বিজাতীয় ভাব পক্ষদ্বয়ে নিক্ষেপ করে, পরন্তু ঐ পরস্পর বিপক্ষভাবদিগের বিশ্লেষদশাতে স্নেহভাব প্রক-টিত করিয়া দেয় ॥ ২৮ ॥

যথা ললিতমাধবে ॥

স সান্দ্রৈঃ সুন্দরি বৃন্দশো হরিপরিষ্বঙ্গৈরিদং মঙ্গলং
দৃষ্টং তে হত রাগয়াঽঙ্গমনয়া দিষ্ট্যাদ্য চন্দ্রাবলি।
দ্রাগেনাং নিহিতেন কণ্ঠমভিতঃ শীর্ণেন কংসদ্বিষঃ
কর্ণোত্তংসসুগন্ধিনা নিজভুজদ্বন্দ্বেন সন্ধুক্ষয় ॥ ২৯

লোচনরোচনী টীকা

তত্রোদাহরণমাহ যথেতি। তত্র সান্দ্রৈঃ সুন্দরীতি বিরহাবস্থায়াং শ্রীরাধিকাবচনং সন্ধুক্ষয় জীবয় তদেবং শ্রীরাসপঞ্চাধ্যায্যামপি বর্ণ্যতে তস্যা অমূনি নঃ ক্ষোভং কুর্ব্বন্ত্যুচ্চৈঃ পদানি যৎ ইত্যেকাসাং বিশ্লেষে উভয়াসান্তু বিশ্লেষে দদৃশুঃ প্রিয়বিশ্লেষাদ্দুঃখিতাং মোহিতাং সখীমিতি। ২৯

আনন্দচন্দ্রিকা টীকা।

মথুরাবিরহে বিষীদন্তী শ্রীরাধা স্বমূর্ত্তিং গোবর্দ্ধনশিলায়াং প্রতিবিম্বিতাং চন্দ্রাবলীত্বেন নিশ্চিন্বতী প্রাহ সান্দ্রৈরিতি। বৃন্দশো বহুবারান্ এনাং রাধাং মাং কণ্ঠমভিতঃ কণ্ঠস্য সর্ব্বদিক্ষু নিহিতেনার্পিতেন শীর্ণেন শ্রীকৃষ্ণবিরহাৎ ক্ষীণেন সন্ধুক্ষয় জীবয়। কংসদ্বিষঃ শ্রীকৃষ্ণস্য কর্ণাবতংসসুগন্ধধারিণা ইত্যনেন ত্বৎসম্ভোগানন্তরং ত্বদ্ভুজদ্বন্দ্বমুপাধায় ক্রমেণদক্ষিণ বামপার্শ্বশোভেন শয়িতমিত্যভিব্যজ্য তাদৃশসৌভাগ্যভাজন ত্বদ্ভুজাশ্লেষেণাহমপি পরম্পরয়া তদীয়াশ্লেষসুখমেবানুভবানীতি ধ্বনিতং ২৯

মাথুরবিরহে খেদান্বিতা শ্রীরাধা গোবর্দ্ধনশিলায় স্বীয় মূর্ত্তি প্রতিবিম্বিতা দেখিয়া চন্দ্রাবলীত্ব রূপে নিশ্চয় করত কহিলেন সুন্দরি! তুমি হরিসহ বহুবার আলিঙ্গন করিয়াছ, তাহাতেই তোমার এই অঙ্গ মঙ্গল যুক্ত হইয়াছে, যাহাহউক সৌভাগ্যের বিষয় এই যে, তোমার এই অঙ্গ আমার নেত্রগোচর হইল, অতএব হে সখি! ত্বদীয় ঐ শীর্ণ বাহু যাহা কংসরিপুর কর্ণোৎপলের সৌরভ বহন করিতেছে, উহা দ্বারা আমার কণ্ঠদেশ সর্ব্বতোভাবে বেষ্টন করিয়া আমাকে জীবিতা কর॥

উক্ত উদাহরণের তাৎপর্য্য এই যে, শ্রীকৃষ্ণের সহিত সংযোগ সময়ে রাধা এবং চন্দ্রাবলীর পরস্পর বিপক্ষতা ঘটে, কিন্তু ঐ শ্রীকৃষ্ণের সতি বিশ্লেষদশা উপস্থিত হইলেই ঐ দুই-জনের আবার পরস্পর স্নেহভাব সম্পন্ন হয়॥

যূথেশাযাঃ স্বপক্ষাদিভেদহেতুরথোচ্যতে।
ভাবস্থ সর্ব্বথৈবাত্র সাজাত্যে স্যাৎ স্বপক্ষতা

লোচনরোচনী টীকা

স্বজাতীয়বিজাতীয়ভাবাভ্যাং মিথঃস্বপক্ষাদিভেদং বিবৃণোতি যূথেশায়া ইতি ভাবস্য প্রেমবিশেষ ভাবস্য সাহং কৃষ্ণস্যেতি মমায়ং কৃষ্ণ ইতি দ্বিধাভিন্নস্য মিথঃ সাজাত্যে সতি চক্ষুষোরিব কর্ণযোরিব চ মিথঃ সপক্ষতা স্যাৎ এবং মনাগেতস্যেতি সাজাত্যস্য তথাত্বে

আনন্দচন্দ্রিকা টীকা

নম্নু রসোঽপ্যেকঃ শৃঙ্গার এব বিষয়োঽপ্যেবঃ শ্রীকৃষ্ণ এব তদপি তদাশ্রয়ালম্বনানাং ব্রজ-সুন্দরীণাং পরস্পরবিপক্ষসুহৃৎপক্ষাদিভেদং কথমিত্যত আহ যূথেতি অয়মত্র বিবেকঃ বিনয়বতান্তঃকরণেন মধুরাখ্যস্য প্রীতিবস্তুনো মেলনে বিনয়াৎ সকাশাৎ প্রীতেরতিতমাং জাতিপ্রমাণাভ্যামাধিক্যে বিনয়স্য প্রীতিনিগীর্ণত্বে মমায়ং কৃষ্ণ ইতিপ্রকারকো মদীয়তা-ময়ো মধুস্নেহাখ্যো ভাবঃ স্থায়ী আদরপ্রাকট্যশূন্যো ভবতি তথা বিনয়াৎ সকাশাৎ

অপর পূর্ব্বে কথিত হইয়াছে যে, হরিপ্রিয় জনে দ্বেষাদি প্রতিকূল ভাব উচিত নয়, এই কথা যাহারা বলে তাহাদের রসজ্ঞান নাই। কারণ উক্ত বাদিদিগের মত এই যে "শোকামর্ষাদিভির্ভাবৈরাক্রান্তং যস্থ মানসং কথং তত্র মুকুন্দস্থ স্ফূর্ত্তিসম্ভাবনা ভবেৎ" অর্থাৎ শোক ও অমর্ষাদি ভাব দ্বারা যাহার চিত্ত আক্রান্ত হয়, তাহার ঐ চিত্তে কি প্রকারে মুকুন্দের স্ফূর্ত্তি সম্ভবিবে, ইত্যাদি বচন হেতু দ্বেষাদি ভাবসাধক ভক্তদিগের যখন ভক্তিপ্রতিকূল বলিয়া উক্ত করা হইয়াছে তখন ঐ ভাব কি প্রকারে সিদ্ধগণের প্রেমাবস্থায় অনুকূল হইবে? সত্য, তাহার উত্তর এই যে, সাধক দশায় রাগ দ্বেষাদি মনো-বিকার হেতু প্রাকৃত, সুতরাং ভক্তিযোগে বিরুদ্ধ হয়, আর সিদ্ধ দশায় অন্তঃকরণের প্রেমাকার হেতু তদুৎপন্ন রাগ দ্বেষাদিরও প্রেম-ময়ত্ব হইয়া থাকে অতএব ঐ ভাব প্রেমকে আর ভেদ করিতে পারে না। ২৯।

অনন্তর যূথেশ্বরীদিগের স্বপক্ষাদি ভেদের যে কারণ, তাহা প্রদ-র্শিত হইতেছে। ভাবের সর্ব্বপ্রকার সাজাত্য অর্থাৎ সমান জাতিত্ব হইলেই স্বপক্ষতা হয়। আর যদিচ ঈষৎ বৈজাত্য থাকে তাহা হইলে

মনাগেতস্য বৈজাত্যে সুহৃৎপক্ষত্বমীরিতং ॥
সাজাত্যস্য তথাল্পত্বে'সতি জ্ঞেয়া তটস্থতা।
সর্ব্বথা খলু বৈজাত্যে নিশ্চিতা প্রতিপক্ষতা ॥ ৩০ ॥

লোচনরোচনী টীকা।

একত্র সজাতীয়তা তস্যাংশে নাস্তত্র প্রাচুর্য্যং মিথঃ প্রবেশো ন জায়তে উদয়তামধ্যা অবজ্ঞাবিষয়ত্বাৎ তৎপ্রাচুর্য্যমধ্যা সঙ্কোচবিষয়ত্বাৎ তাটস্থ্যং জায়ত ইত্যর্থঃ এবং সর্ব্বথেতি। ৩০

আনন্দচন্দ্রিকা টীকা

প্রীতেরাধিক্যাভাবে প্রীতিময়ানাং বিনয়ানমুস্তাসস্য প্রাকট্যে কৃষ্ণস্যাহং কান্তেতিপ্রকারকাভিমানেন তদীয়তাময়ো ঘৃতস্নেহাখ্যোভাবঃ স্থায়ী আদরময়ো ভবতি ভাবয়োরনয়োর্মধুঘৃতয়োরিব পরস্পরসাজাত্যাভাবাত্তুল্যপ্রমাণযোর্মেলনে বিসদৃশধর্ম্মকত্বাচ্চ তত্তদ্ভাববত্যোঃ কান্তয়োরপি পরস্পরভাবাবোচকত্বাৎ পরস্পরবিপক্ষতৈব স্যাৎ তে চ কান্তে মুখ্যত্বাৎ রাধাচন্দ্রাবল্যাবেব জ্ঞেয়ে কিন্তু তুল্যপ্রমাণকবিনয়বত্যোরপি রাধাচন্দ্রাবল্যোর্মধ্যে শ্রীরাধাবিনয়স্যোক্তযুক্ত্যা প্রীত্যা নিগীর্ণত্বেনৈব ন বহিঃ প্রাকট্যং। ন পুনশ্চন্দ্রাবল্যাঃ সকাশাৎ বিনয়োঽস্য ইতি জ্ঞেয়ং এবঞ্চ ললিতাবিশাখাদীনাং শ্রীরাধাচন্দ্রাবলীভ্যাং সকাশাদ্বিনয়স্যাল্পত্বেঽপি বিনয়াপেক্ষয়া প্রীতেরতিতরামাধিক্যে বিনয়স্য প্রীতিনিগীর্ণত্বে মধুস্নেহ এব তদ্বত্যো ললিতাদয়ঃ শ্রীরাধায়াঃ সকাশাদল্পপ্রমাণকপ্রেমবত্যোঽপি সর্ব্বথা ভাবসাজাত্যবত্যস্তস্যাঃ স্বপক্ষ এব সখীত্বযূথেশ্বরীত্বয়োস্তু প্রেমতারতম্যমেব সর্ব্বত্র কারণং জ্ঞেয়ং এবমেব শ্রীরাধাচন্দ্রাবলীভ্যাং সকাশাৎ পদ্মাদীনাং বিনয়স্যাল্পত্বে বিনয়াপেক্ষয়া প্রীতেরাধিক্যাভাবে ঘৃতস্নেহ এব তদ্বত্যস্তাশ্চন্দ্রাবল্যাঃ স্বপক্ষঃ ললিতাদীনাস্তু বিপক্ষ এব। মনাগিতি এতস্য ভাবস্য মনাগ্বৈজাত্যে বহুতরসাজাত্যেন তদভাবেঽপ্যল্পমাত্রবৈজাত্যপ্রক্ষেপে সতীত্যর্থঃ তথাহি বিনয়স্য প্রীত্যা নিগীর্ণপ্রায়ত্বে ঈষদ্বিনয়োদ্ভাসে ঈষদ্ঘৃতস্নেহসম্পৃক্তোমধুস্নেহো ভবতি তদ্বতী শ্যামলা শ্রীরাধায়াঃ সুহৃৎপক্ষঃ তথা সাজাত্যস্যাল্পত্বে সতি বহুতরবৈজাত্যসদ্ভাবেঽপ্যল্পমাত্রসাজাত্যপ্রক্ষেপে সতীত্যর্থঃ। তথাহি বিনয়স্য প্রীত্যা ঈষন্নিগীর্ণত্বে প্রায়সম্পূর্ণবিনয়োদ্ভাসে ঈষন্মধুস্নেহসম্পৃক্তো ঘৃতস্নেহো ভবতি তদ্বতীঃ ভদ্রা শ্রীরাধায়াস্তটস্থপক্ষশ্চন্দ্রাবল্যাস্তু সুহৃৎপক্ষঃ। ৩০।

ঐ ভাব সুহৃৎপক্ষত্ব রূপে কীর্ত্তিত হয়। তথা সাজাত্যের অল্পতা হইলেই ঐ ভাবকে তটস্থ বলা যায়। আর যদি সর্ব্বথা বৈজাত্য ঘটে তাহা হইলে নিশ্চয়ই প্রতিপক্ষতা ঘটে। ৩০ ॥

মিথোভাবস্য বৈজাত্যে ন ভাবো রোচতে মিথঃ।
অরোচকতযৈবায়মক্ষান্তিং জনয়েৎ পরাং ৩১ ॥

যথা—

যা মধ্যস্থপদেন সঙ্কুলতরা শুদ্ধা প্রকৃত্যা জড়া

লোচনরোচনী টীকা।

অত্র সর্ব্বথা বৈজাত্যে বিপক্ষত্বং বিবৃত্য স্থাপয়তি মিথ ইতি ৩১।

তত্র রাধায়াঃ বচনং যেতি মধ্যস্থস্য তটস্থস্য যৎপদং ব্যবসায়স্তেন সঙ্কুলতরেতি তস্যাঃ শ্রীকৃষ্ণে আদরবাহুল্যমেব তাটস্থ্যেন মন্যতে চন্দ্রশ্রেণ্যাঃ পক্ষে মধ্যবর্ত্তিনা পাদেন লক্ষ-

আনন্দচন্দ্রিকা টীকা।

মিথো বৈজাত্যে সর্ব্বথা বিপরীতজাতিত্বে ৩১

ননু শ্রীকৃষ্ণায় সুখদানমেব তবোদ্দেশ্যং তচ্চ সুখং চন্দ্রাবলীসম্ভোগে যদি শ্রীকৃষ্ণো লভতে তদা তাং ত্বং কথং দ্বেক্ষি কথং বা খণ্ডিতাদশায়াং কৃতসঙ্গায় শ্রীকৃষ্ণায়চ কুপ্যসীতি পৃচ্ছন্তীং প্রেমসিদ্ধান্তজিজ্ঞাসুং কামপি বৃন্দাসঙ্গিনীং বনদেবতাং বৃন্দাবনেশ্বরী শ্রীরাধা তত্ত্বং বোধয়ন্ত্যাহ যা মধ্যস্থেতি। যা চন্দ্রাবলী চন্দ্রশ্রেণী দ্বাদশানামেব মাসানাং চন্দ্রা ইত্যর্থঃ। মধ্যস্থিতেন পদেন মালিন্যময়েন চিহ্নেন সঙ্কুলতরা সর্ব্বথা যুক্তা পক্ষে মধ্যস্থস্য যৎ পদং ব্যবসায়স্তেন শ্রীকৃষ্ণে তস্যা আদরবাহুল্যমেব তাটস্থ্যং ব্যনক্তি অশুদ্ধা অবিশদা মধ্যস্থিতকলঙ্কত্বাৎ। পক্ষে শুদ্ধা অহেরিব গতিঃ প্রেম্ণঃ স্বভাবকুটিলা ভবেদিতি সাহজিকবক্রতাময়প্রেম-

অপিচ পরস্পরের ভাব বিজাতীয় হইলে পরস্পরের রুচিকর হয় না, কিন্তু ঐ অরোচক ভাব অতিশয় অক্ষান্তি (ঈর্ষ্যা) উৎপাদন করিয়া দেয় ॥ ৩১ ॥

যথা—

হে রাধে! যদি শ্রীকৃষ্ণকে সুখ প্রদান করাই তোমার উদ্দেশ্য হয়, আর ঐ সুখ যদি শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীর সম্ভোগে লাভ করেন, তবে তুমি কেন বৃথা ঐ চন্দ্রাবলীকে দ্বেষ কর? কেনই ব খণ্ডিতা দশায় চন্দ্রাবলীর সঙ্গ করাতে শ্রীকৃষ্ণের প্রতি কুপিতা হও, ইত্যাদি প্রেমসিদ্ধান্তকারিণী কোন এক বৃন্দাসঙ্গিনী বনদেবতাকে শ্রীরাধা প্রেমতত্ত্ব উপদেশ করত কহিলেন, সখি! চন্দ্রাবলী শ্রীকৃষ্ণের প্রতি অতিশয় আদর প্রকাশ করাতে তাহার তটস্থতাই প্রকাশ পায়, কারণ ঐ চন্দ্রাবলী স্বয়ং শুদ্ধা অর্থাৎ তাহার কিছু মাত্র বাম্যাদি নাই এবং

বৈদগ্ধীনলিনীনিমীলনপটুর্দোযান্তরোল্লাসিনী।
আশায়াঃ স্ফুরণং হরের্জনয়িতুং যুক্তাত্র চন্দ্রাবলী
সাপি স্যাদিতি লোচয়ন্ সখি জনঃ কো সোঢ়ুমীষ্টে ক্ষিতৌ ॥৩২॥

লোচনরোচনী টীকা।

সেতি শুদ্ধা মাধুর্য্যবিশেষরহিতা পক্ষে শ্বেতা জড়া প্রণয়িপ্রণয়োচিতবুদ্ধিরহিতা। পক্ষে শীতল দোষান্তরং উত্তমজাতীয়স্বভাবেষস্বদ্বর্গেষু দ্বেষঃ। পক্ষে দোষা রাত্রিঃ তন্মধ্যোল্লাসিনী হরেঃ শ্রীকৃষ্ণস্য আশাযাস্তৃষ্ণায়াঃ। পক্ষে ইন্দ্রস্য দিশঃ লোচয়ন্ বিচারয়ন্। ৩২

আনন্দচন্দ্রিকা টীকা।

রীতিশূন্যা। প্রকৃত্যা স্বভাবেনৈব জড়া শৈত্যদুঃখদা। পক্ষে আদবেগ সখ্যং নির্ব্বাতীত্যপি বুদ্ধিরহিতা বৈদগ্ধীতি রূপকেণ পক্ষদ্বয়নির্ব্বাহঃ। যদ্বা। বৈদগ্ধ্যা বিপরীতলক্ষণয়া অবৈদগ্ধ্যা হেতুনা নলিন্যানিমীলনে মুদ্রণে পটুঃ। পক্ষে বৈদগ্ধ্যেব নলিনী শ্রীকৃষ্ণভ্রমরস্য সুখদা তস্যা নিমীলনে লোপে। দোষা রাত্রিঃ তদন্তর এব উল্লসিতুং শোভাং প্রাপ্তুং শীলং যস্যাঃ নতু দিবসে ইত্যর্থঃ। পক্ষে দোষৈরক্ষকলঙ্কণৈরপি গুণৈবন্তরেস্বমনসি উল্লসনশীলা স্বতাটস্থ্যাদিদোষান্ দোষত্বেন ন জানাতীতি ভাবঃ যা খল্বেবমেবম্ভূতা সাপি হরেরিন্দ্রস্য আশায়া দিশঃ স্ফুরণং প্রকাশং পক্ষে হরের্ব্রজেন্দ্রনন্দনোরাশায়া অভিলাষস্য স্ফুরণং স্ফূর্ত্তিমাত্রমপি কিং পুনঃ প্রাদুর্ভাবং কিন্তমাং মূর্ত্তিং জনয়িতুং যুক্তা উচিতা স্যাদিতি সোঢ়ুং কো জনঃ লোচয়ন্ বিচারয়ন্ বিচারবানিত্যর্থঃ। ক্ষিতৌ পৃথ্বীমধ্যেঽপি ঈষ্টে শক্নোতি অপিতু সর্ব্ব এবের্ষ্যামোবিক্রবোতি ন পুনরহমেব ত্বয়োপালম্ভনীয়েতি ভাবঃ সা তাবদাস্তাং তৎসঙ্গিনং শ্রীকৃষ্ণমপি খণ্ডিতা ভবত্রী যদহমীর্ষ্যামি তদপি নাযুক্তং যং ভোজয়িতুং অতিযত্নতো রোচকং বোচকং বস্তু সংগৃহ্য সংগৃহ্য প্রস্তুতীক্রিয়তে স যদি কচিদন্যত্রাবোচকৈর্বিবদৈসবেব বস্তুভিঃ সংভুক্তৈঃ সময়ং গময়িত্ব আযাতি তদা তস্মৈ কুপ্যতে ন বেতি ত্বমেব তৎ বিবিচ্য ব্রূহীতি প্রেমতত্ত্বং সা জ্ঞাপিতা ৩২

সে স্বভাবতই জড়া অর্থাৎ বৈদগ্ধীরূপা পদ্মিনীমুদ্রণে পটীয়সী ও বাম্যাদিশূন্য দোষেই উল্লাসবতী হয়, অতএব হে দেবি! ঐ চন্দ্রাবলীই হরির আশা পূর্ণ করিতে সমর্থা হইল? হা কষ্ট! আলোচনা করিয়া দেখিলে পৃথ্বীতলে এই সকল কষ্ট কে সহ্য করিতে পারে? ॥ ৩২ ॥

ষোড়শ্যাস্ত্বমুড়োর্বিমুঞ্চ সহসা নামাপি বামাশয়ে
তস্যা দুর্বিনয়ৈর্মুনেরপি মনঃ শান্তাত্মনঃ কুপ্যতি।
ধিগ্‌গোষ্ঠেন্দ্রসুতে সমস্তগুণিনাং মৌলৌ ব্রজাভ্যর্চ্চিতে

গোচনরোচনী টীকা

অথ চন্দ্রাবল্যা বচনং ষোড়শ্যা ইতি ষোড়শ্যাস্ত্বমুড়োরিতি তৎসনাম্ন্যা রাধায়া ইত্যর্থঃ সাক্ষাত্তন্নামাগ্রহণং ঈর্ষ্যয়া মন্তব্যং তয়ৈব মধ্যায়া অপি তস্যাঃ প্রখরাত্বং প্রখ্যাপিতং।

আনন্দচন্দ্রিকা টীকা

চন্দ্রাবল্যা ভাবঃ শ্রীরাধায়ৈ ন রোচত ইতি দর্শিতং শ্রীরাধাভাবোঽপি চন্দ্রাবল্যৈ ন রোচত ইতি দর্শয়িতুমাহ ষোড়শ্যা ইতি কামপি স্বসখীং প্রসঙ্গোপগতং শ্রীরাধাচরিত্রং ব্রুবাণামাক্ষিপন্তী চন্দ্রাবল্যাহ ষোড়শ্যা উড়োরিতি তৎসনাম্ন্যাঃ শ্রীরাধায়া ইত্যর্থঃ সাক্ষাত্তন্নামস্পর্শেঽপি মজ্জিহ্বা কটুর্ভবতীতি ভাবঃ। সহসাপি কিং পুনঃ প্রকরণেন নামাপি কিং পুনশ্চরিত্রং বিমুঞ্চ ত্যজ বামাশয়ে ইতি সংপ্রতি তব বুদ্ধিভ্রষ্টা জাতেতি বুধ্যে যত্তস্যাঃ প্রসঙ্গমকস্মাদুত্থাপয়সীতি ভাবঃ। ননু ত্বং জগত্যস্মিন্ কমপি জনং ন দ্বেক্ষি ন নিন্দসীতি পরম-দাক্ষিণ্যান্তে সৌশীল্যং প্রসিদ্ধং সত্যং তদপি তন্নিন্দা ময়া দুস্ত্যজৈবেত্যাহ যস্যা ইতি পরস্বভাবকর্ম্মাণি ন প্রশংসেন্ন গর্হয়েদিতি শান্তস্য স্বাভাবিকো ধর্ম্মঃ তস্যাপি মুনের্মৌনশীলস্যাপি অহহ গোপকন্যা ব্যবহারমার্গস্থা অসংযতবাক্ কথং ন কুপ্যামি ন বা নিন্দামীতি ভাবঃ কে তে দুর্বিনয়া ইতি চেত্তত্রাহ ধিগিতি সামান্যাকারেণোক্তেস্তাং ধিক্ তস্যা অপি

চন্দ্রাবলীর ভাব যেরূপ শ্রীরাধার অরোচক হয়, শ্রীরাধার ভাবও সেইরূপ চন্দ্রাবলীর রুচিকর হয় না যথা—

কোন এক স্বীয়া সখী প্রসঙ্গাধীন শ্রীরাধার চরিত্র বর্ণন করিতেছিলেন তৎ শ্রবণে চন্দ্রাবলী অসহমানা হইয়া তিরস্কার করত ঐ সখীকে কহিলেন হে বামাশয়ে! শ্রীরাধার সাক্ষাৎ নাম ত দূরে থাকুক, তুমি ষোড়শ নক্ষত্রের নামও পরিত্যাগ কর, কারণ "অনুরাধা" একটী নক্ষত্রের নাম, ঐ শ্রীরাধার এরূপ দুর্বিনয় যে, যদবলোকনে শান্তাত্মা মুনিজনেরও মন কুপিত হয়। কি আশ্চর্য্য! ব্রজেন্দ্র-নন্দন, যিনি সমস্ত মুনিজনের শিরোভূষণ এবং ব্রজপূজিত। তিনি

পাদান্তে পতিতেঽপি নৈব কুরুতে ভ্রূক্ষেপমপ্যত্র যা ৩৩॥
যত্র স্যান্নিজভাবস্য প্রায়স্তুল্যপ্রমাণতা।
পক্ষঃ স এব মৈত্র্যায় বিদ্বেষায় চ যুজ্যতে। ৩৪

লোচনরোচনী টীকা।

মুনেরিতি মৌনশীলস্যাপি তত্র দোষোদ্গারঃ সম্ভাব্যত ইত্যর্থঃ ৩৩

নিজভাবস্য শ্রীকৃষ্ণবিষয়স্বপ্রেম্ণঃ তুল্যপ্রমাণতা রতিপ্রেমপ্রণয়াদি নামভির্বক্ষ্যমাণৈ-রুত্তরোৎকর্ষৈঃ সদৃশতা। প্রায় ইতি কচিত্ সাদৃশ্যাতিশয়াভাবেঽপি সদৃশম্মন্যতা চ তত্র হেতুরিতি জ্ঞাপিতং ৩৪

আনন্দচন্দ্রিকা টীকা

তচ্চেষ্টিতং ধিক্ ত্বামপি তৎপ্রসঙ্গকারিণীং ধিক্ ইতি পাদান্তে পতিতেঽপীতি সা খলু কা ভামিনী ভবেৎ যা স্বকান্তং স্বপাদতলগতং কুর্য্যাৎ মানিনী হি কান্তস্য সামদানভেদাঞ্জলি-কিঞ্চিন্মৌলিমাত্রাবনতিখেদান্ বিলোক্য প্রসীদেদিত্যেব প্রেমরসপরিপাটী ভবেদিতি ভাবঃ। ভবতু বা কান্তঃ স্বয়ং পাদান্তপতিতঃ তথাভূতং তং দৃষ্ট্বা ভাববতী মনসাপি বিষীদেদেব হন্ত হন্ত যা ভ্রূক্ষেপমপি ন কুরুতে সা কথং প্রেম্ণো গন্ধমপি ধত্তামিতি ভাবঃ মাস্তু বা প্রেম তদপি ব্রজেন্দ্রস্য সূনৌ তত্রাপি সগন্তেতি তত্রাপি ব্রজেতি বুদ্ধিমতা জনেনাদরঃ কর্ত্তুমুচিত এবেতি ভাবঃ। ননু যদ্যেবঞ্চেৎ প্রেমশূন্যাং তাং ত্বৎকান্তঃ স্বেচ্ছয়ৈব কথং মুহুর্মুহুর্গচ্ছেৎ তস্য চ তস্যামিচ্ছা চেৎ কথং বা ত্বং প্রেমবতী তাং দ্বেক্ষি। সত্যং তস্যাঃ সৌন্দর্য্যমস্তি কামমত্তাধিক্যঞ্চ অতঃ সম্প্রয়োগসুখমাত্রার্থং স্বস্য সঙ্গত্যা শিক্ষয়া চ সদ্ভাবপ্রাপণার্থঞ্চ স তস্যাঃ পার্শ্বং গচ্ছতি তস্যাশ্চ স্বভাবো মূর্দ্ধ্নি বর্ত্তত ইতি ন্যায়েন সদ্ভাবঃ কদাপি ন ভাবী তদভাব-কলুষিতেন তস্যাং সম্প্রয়োগেন চ তস্য কিং সুখং স্যাদিতি পরামৃশ্য তামহং দ্বেক্ষীত্যাদি স্বরসতত্ত্বমপি সা বোধিতেতি জ্ঞেয়ং॥ ৩৩

ননু শ্রীরাধায়াঃ সর্ব্বথা বিজাতীয়ভাবাঃ ঘৃতস্নেহবত্যো গোপ্যঃ কিমন্যা ন সন্তি যত-শ্চন্দ্রাবল্যামেব তস্যা দ্বেষপ্রসিদ্ধিঃ এবং চন্দ্রাবল্যা অপি শ্রীরাধায়ামেব নান্যাস্বিত্যত্র কো হেতুস্তত্রাহ যত্র স্যাদিতি যত্র যদীয়ভাবে প্রায়োগ্রহণাদ্যৎকিঞ্চিন্মাত্রন্যূনপ্রমাণত্বেঽপি যৎকিঞ্চিদ্বৈজাত্যস্পৃষ্টসাজাত্যে মৈত্র্যায় সর্ব্বথা বৈজাত্যে বিদ্বেষায় যুজ্যত ইতি প্রাকৃত-লোকেঽপি তথা দর্শনাদিত্যর্থঃ। ৩৪।

উহাঁর চরণোপান্তে পতিত হইয়াছিলেন, কিন্তু ঐ শ্রীরাধা একবারও তাঁহার প্রতি ভ্রূক্ষেপ করেন নাই অতএব উহাঁকে ধিক্ ৩৩।

যে স্থানে স্বীয় ভাবের প্রায় তুল্য প্রমাণতা, তাহাকেই পক্ষ বলে, ঐ পক্ষ মিত্র এবং বিদ্বেষের নিমিত্ত উপযুক্ত হয়। ৩৪॥

নাংশোঽপ্যন্যত্র রাধায়াঃ প্রেমাদিগুণসম্পদাং ।
রসেনৈব বিপক্ষাদৌ মিথঃ সাম্যমিবার্প্যতে ৩৫ ।
ভাবস্যাত্যন্তিকাধিক্যে সাজাত্যং সর্ব্বথা দ্বয়োঃ ।

লোচনরোচনী টীকা

অত্র শ্রীরাধামহিমমহোদধিমবগাহমানানাং মতমাশ্রিত্যাহ নাংশোঽপীতি বিপক্ষাদৌ বিপক্ষস্বপক্ষসুহৃৎপক্ষ ইতি ত্রয়ে রসেনৈবেতি যথা হনুমদাদিচরিতশ্রবণেন বীররসমুল্লাসে সমুদ্রলঙ্ঘনোদ্যমাদয়ঃ সমীক্ষ্যন্তে মন্যন্তে চ রসবিদ্ভিঃ তথাত্রাপীতি ভাবঃ ৩৫

নন্বত্যন্তাধিকয়োরপি কয়োশ্চিদ্ভাবসাজাত্যং ভবতু ততশ্চ স্বপক্ষত্বমপি স্যাৎ। তত্রাহ ভাবস্যেতি দ্বয়োঃ স্বতন্ত্রযূথাধিপয়োঃ স্বস্য যূথগমত্যন্তাধিকত্বে সতি ভাবস্য কৃষ্ণে

আনন্দচন্দ্রিকা টীকা

ননু শ্রীরাধায়া ভাবস্য তুল্যপ্রমাণকভাববত্যৌ কিং চন্দ্রাবলীশ্যামলে ভবেতাং যত্তয়োরেব স্বেরমৈত্র্যৌ দৃশ্যেতে ইত্যত আহ নাংশোঽপ্যন্যত্রেতি তদপি রসেনৈব কর্ত্রা স্বপুষ্ট্যর্থং মিথঃ পরস্পরসাম্যং রাধা চন্দ্রাবল্যোর্ভাবয়োর্মিথঃ পরমবৈজাত্যেঽপি তুল্যপ্রমাণতায়ামেব সাম্যমিব ॥ ৩৫ ।

ননু সর্ব্বথা বৈজাত্যে তুল্যপ্রমাণকভাববত্বে বৈরমিব কয়োশ্চিদ্যূথেশ্বর্য্যোঃ সর্ব্বথা ভাবসাজাত্যে কিং মিথঃ স্বপক্ষত্বমন্যো বা কশ্চন ব্যপদেশঃ স্যাদিত্যপেক্ষায়ামাহ ভাবস্যেতি । দ্বয়োরাত্যন্তিকাধিক্যে যূথেশ্বরীত্বে ইত্যর্থঃ সর্ব্বথা সাজাত্যং তু দুর্ঘটং অবশ্যমেব কিঞ্চিদ্বৈজাত্যং বিনা পৃথগ্যূথেশ্বরীত্বং ন সম্ভবেৎ। সর্ব্বথা ভাবসাজাত্যং হি পরস্পরাতিপ্রীতেঃ কারণং অতিপ্রীতিশ্চ নিরন্তরসহাবস্থিতিঃ পরস্পরসুখদানানুগতীনাং তাসু সহাবস্থিত্যাদিষু সতীষু কথং পার্থক্যমভিমতং ভবতি তস্য চেয়ং ব্যবস্থা। পরস্পরভাবসাজাত্যবতীষু বহ্বীষু মধ্যে যস্যা ভাবস্য প্রমাণাধিক্যং সৈবৈকা যূথেশ্বরী ভবতি অন্যাস্তৎসখ্যো ভবন্তীতি । যদুক্তং যূথাধিপাত্বেঽপ্যৌচিত্যং দধানা ললিতাদয়ঃ। স্বেষ্টরাধাদিভাবস্য লোভাৎ সখ্যরুচিং দধুরিতি ননু সর্ব্বথা যূথাধিপাসু মধ্যে শ্রীরাধাচন্দ্রাবল্যোরেব পরমাত্যন্তাধিক্যে অতস্তাভ্যাঃ সকাশাৎ অল্পপ্রমাণকভাববত্যো ললিতাপদ্মাদয়স্তয়োঃ সখ্যো বভূবুরিত্যুচিতমেব কিন্তু তাভ্যামন্যা যূথেশ্বর্য্যো বহ্ব্যো যাস্তাসু কাশ্চিত্তুল্যপ্রমাণকভাবসাজাত্যবত্যঃ কিং ন সম্ভবন্তি সম্ভবন্তি বেত্যপেক্ষায়ামাহ তথা তুল্যপ্রমাণত্বমিতি বহ্বীনাং কা কথা দ্বয়োরেব

শ্রীরাধার প্রেমাদি গুণসম্পদের একাংশও অন্যত্র নাই কিন্তু রস স্বয়ং আপনার পুষ্টি নিমিত্ত বিপক্ষাদিতেও পরস্পর সমতা অর্পণ করে । ৩৫ ।

অপর দুই আত্যন্তিকাধিক্যে অর্থাৎ যূথেশ্বরীতে সর্ব্ব প্রকারে

তথা তুল্যপ্রমাণত্বমেবং প্রায়ঃ সুদুর্ঘটং ॥ ৩৬ ॥
স্যাচ্চেদ্ঘুণাক্ষরন্যায়াৎ সুহৃত্ত্বেবেহ সম্মতা

লোচনরোচনী টীকা

ত্বদীয়তাময়স্য মদীয়তাময়স্য চ সাজাত্যং সর্ব্বথা সুদুর্ঘটং স্বিষ্টাংশেনৈব তৎ স্যাৎ। সর্ব্বথা সাজাত্যে সতি কস্যাঞ্চিৎ কস্যাশ্চিৎ প্রবেশে যূথাধিপাত্বং ন স্যাৎ নমু প্রেম্নস্তুল্যপ্রমাণত্বে স্বতন্ত্রতৈব স্যাৎ তত্রাহ তথা সর্ব্বথা তুল্যপ্রমাণত্বমিত্যেবমপি সুদুর্ঘটমিতি প্রায় ইতি ললিতাবিশাখাদিষু দৃশ্যতে ইতি চেদ্বিবলচারিত্বমেবেত্যর্থঃ ৩৬।

নমু রাধাচন্দ্রাবল্যো বিনাম্যত্র সাজাত্যং ক্রমঃ তে হি পরমাত্যন্তিকাধিকে ইতি স্বস্বযূথাত্যন্তিকাধিকানাং ললিতাপদ্মাদীনামপি তত্তদ্বিষয়ং সখ্যং সম্ভবত্যেব। অন্যত্র তু

আনন্দচন্দ্রিকা টীকা।

যূথেশ্বর্য্যোঃ সর্ব্বথা ভাবস্য সাজাত্যং তথা তুল্যপ্রমাণত্বঞ্চেতি সুদুর্ঘটং সর্ব্বথা সাজাত্যে সতি ভাবস্য কিঞ্চিন্মাত্রন্যূনাধিকপ্রমাণত্বেঽপি সখীত্ব যূথপাত্বে এক ভবতঃ বৈজাত্যে বৈজাত্যস্যৈব ভেদকত্বাৎ দ্বয়োর্যূথাধিপাত্বে কারণত্বং ন তত্র তুল্যপ্রমাণত্বাপেক্ষা সাজাত্যেতু সাজাত্যস্য ভেদকত্বাভাবাৎ সর্ব্বথা তুল্যপ্রমাণত্বস্যৈব কারণতা তচ্চ যুগপৎ সুদুর্ঘটমিতি স্বযূথ এব সাজাত্যং পৃথগ্যূথ এব সাজাত্যং নির্ণীতমিতি ৩৬

প্রায়ঃগ্রহণং স্বয়মেব ব্যাচষ্টে স্যাচ্চেদিতি ঘুণাক্ষরং জীর্ণকাষ্ঠাদৌ ঘুণাখ্যকীটবিশেষেণোৎকীর্ণং দৈবাদক্ষরাকারাকৃষ্ণদমেবাক্ষরাভাসত্বাদক্ষরং তন্ন্যায়াত্তদ্বিবেত্যর্থঃ ইহ ঈদৃশ্যাং যূথেশ্বর্য্যাং সুহৃত্ত্বেব সর্ব্বথা সাজাত্যেঽপি ন স্বপক্ষত্বং সদা সহাবস্থিত্যাদীনাং তৎকার্য্যাণামসম্ভবাদিতি ভাবঃ স্বমতং সমাপ্য পরমতমাহ রসস্বভাবাদিতি নতু তত্র প্রেমাপেক্ষেতি ভাবঃ অত্রাপি অপিকারাৎ সুহৃৎপক্ষে স্বপক্ষেঽপি সর্ব্বত্র স্বম্বাদস্যৈত্রেব বৈপক্ষ্যং। অথ সংক্ষেপেণ প্রকরণার্থনিষ্কর্ষঃ। অনন্তকোটিগোপীষু যা যাঃ শুদ্ধঘৃতস্নেহবত্যস্তাসু মুখ্যা একৈব চন্দ্রাবলী অন্যাস্তৎসখ্যঃ পদ্মাদয়স্তাস্বেব শ্রীরাধাললিতাদীনাং দ্বেষো নান্যত্র কাস্বপি যূথপাসু সর্ব্বথা ভাববৈজাত্যাভাবাৎ এবং চন্দ্রাবলীপদ্মাদীনাং

ভাবের পরস্পর সাজাত্য তথা ঐ ভাবের তুল্য প্রমাণত্ব প্রায়ই দুর্ঘট হইয়াথাকে ॥ ৩৬ ॥

যদিচ হয় তাহা হইলে ঘুণ নামক কীটে যেমন জীর্ণ কাষ্ঠ কর্ত্তন করিতে থাকিলে দৈবাৎ তাহাতে অক্ষরাকার হয় তাহার ন্যায়, ঐ যূথেশ্বরীদ্বয়ের কথঞ্চিৎ সৌহৃদ্য সম্মত হইতে পারে, কোন কোন রসজ্ঞ

রসস্বভাবাদত্রাপি বৈপক্ষ্যমিতি কেচন ৩৭ ।

। * ইতি হরিবল্লভাপ্রকরণং । *

লোচনরোচনী টীকা

ক বার্ত্তেত্যাশঙ্ক্যাহ স্যাচ্চেদিতি ৩৭

* ইতি হরিবল্লভাপ্রকরণং *

আনন্দচন্দ্রিকা টীকা

মপি শুদ্ধমধুস্নেহবতীষু শ্রীরাধাললিতাদিষ্বেব নান্যত্র শ্রীরাধাললিতাদীনাং সৌহার্দ্দন্তু বহ্বীষ্বেব যূথপাসু অশুদ্ধমধুস্নেহাসু শ্যামলামঙ্গলাদিষ্বপ্যামতবাল্লতঘৃতস্নেহসম্পর্কাদশুদ্ধি বৈবিধ্যাৎ এতাসু চন্দ্রাবল্যাদীনাং তাটস্থ্যং এবমশুদ্ধঘৃতস্নেহবতীষু ভদ্রাদিষু বহ্বীষু শ্রীরাধা-দীনাং তাটস্থ্যং চন্দ্রাবল্যাদীনাং তু সৌহার্দ্দং এবং শ্যামলাদীনাং পাল্যাদিষু বিপক্ষত্বাদিভেদা জ্ঞেয়াঃ এবঞ্চ স্বপক্ষতা স্বযূথেষ্বেব বিপক্ষতা একস্যামেব যূথপায়াং যুং ক্ষবস্থাপতঃ সাজাত্যে বহ্বীষ্বপি সৌহার্দ্দ্যতাটস্থ্যে বহ্বীষ্বেব যূথপাস্বিতি দিক্ ৩৭

। * । ইতি স্বপক্ষবিপক্ষাদিভেদঃ বিবৃতিঃ *

কহেন, রসের স্বভাব বশতই বিপক্ষতা ঘটে। ৩৭

॥ * ॥ ইতি হরিবল্লভাপ্রকরণ ॥ * ॥

অথ উদ্দীপনপ্রকরণং।

অথ বিভাবেষূদ্দীপনাঃ ॥ ১ ॥

উদ্দীপনা বিভাবা হরেস্তদীয়প্রিয়াণাঞ্চ
কথিত গুণ-নাম-চরিত্র-মণ্ডন সম্বন্ধিনস্তটস্থাশ্চ।

তত্র গুণাঃ ॥

গুণাস্ত্রিধা মানসাঃ স্যু র্বাচিকা কায়িকাস্তথা

লোচনরোচনী টীকা।

রসস্বভাবাদিতি শৃঙ্গাররসস্য স্বভাবোঽয়ং যত্র পরস্পরং বৈপক্ষং ভবতীতি। কেচনেতি সখ্যাদিদর্শনাত্তন্ন ঘটত ইতি ভাবঃ যদুক্তং শ্রীদশমে কাশ্চিৎ পরোক্ষং কৃষ্ণস্য স্বসখীভ্যোঽন্ববর্ণয়ন্নিতি ১।

তদীয়প্রিয়াণাঞ্চেতি যদ্যপ্যুজ্জ্বলরসেঽস্মিন্ রসান্তরবৎ শ্রীকৃষ্ণবিষয়িকায়া রতে রসত্বং প্রতিপাদ্যং নতু তৎপ্রেয়সীবিষয়িকায়াঃ ততশ্চ শ্রীকৃষ্ণগুণা এবোদ্দীপকত্বেন বাচ্যাঃ নতু তাসাং গুণাঃ তথাপি তাসাং স্বস্মিন্ স্বীয়রূপযৌবনাদয়োঽপ্যুদ্দীপনা ভবন্তীতি তদ্ভাবভাবিতেষ্বাধুনিকেষ্বপি তদ্বদেব তে স্ফুরন্তীত্যভিপ্রায়েণোক্তং। ২ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

তদেবং নায়কনায়িকাতৎপরিকরাদ্যালম্বনবিভাবং পরিসমাপ্যেদানীমুদ্দীপনবিভাবানাহ উদ্দীপনা ইতি তদীয়প্রিয়াণাঞ্চেতি রসেঽস্মিন্নায়িকানায়কয়োঃ পরস্পরবিষয়াশ্রয়ভাবাৎ পরস্পরগুণাদয়ঃ পরস্পরোদ্দীপনা ভবন্তীতি জ্ঞাপিতং অনুগামিনঃ সাধকভক্তাস্তু শ্রীকৃষ্ণবিষয়কং ব্রজদেবীনাং ভাবং স্বরূপলক্ষণেন ব্রজদেবীবিষয়কং শ্রীকৃষ্ণস্য ভাবন্তু তটস্থলক্ষণেনাস্বাদয়ন্তীত্যত্র সমাধানঞ্চ জ্ঞেয়ং ১

অথ বিভাব সকলে উদ্দীপন যথা। ১

হরি এবং হরিপ্রিয়া সকলের গুণ, নাম, চরিত্র ও ভূষণ সম্বন্ধি তথা তটস্থ অর্থাৎ উদাসীন বা অস্থায়ী ভাব সকলকে উদ্দীপনবিভাব বলা যায় ॥

তন্মধ্যে গুণ সকল যথা—

মানসিক, বাচিক ও কায়িক ভেদে গুণ তিন প্রকার ॥

তত্র মানসাঃ ।

গুণাঃ কৃতজ্ঞতাক্ষান্তিকরুণাদ্যাস্তু মানসাঃ । ২ ॥

যথা—

বশমল্পিকয়াপি সেবয়াঽমুং
বিহিতেঽপ্যাগসি দুঃসহে স্মিতাস্যং ।
পরদুঃখলবেঽপি কাতরং মে
হরিমুদ্বীক্ষ্য মনস্তনোতি তৃষ্ণাং ॥

লোচনরোচনী টীকা ।

বশমল্পিকয়েতি বাক্যমেব পূর্ববাসিষ্ঠা পূর্ব্ববাগময়মিতি জ্ঞেয়ং তত্তদ্গুণানুভবসাতত্যাবগতেঃ । হরিমুদ্বীক্ষ্যেতি প্রথমায়া রুচেঃ প্রতিপত্তেশ্চ । এষা চ শ্রীসত্যভামাবগম্যতে ।

আনন্দচন্দ্রিকা টীকা ।

শ্রীরাধায়াঃ সখী কাচিদসমস্নেহা কৈঙ্কর্য্যাংশপ্রধানা সজাতীয়াশয়াং কাঞ্চিদন্যাং সখীং প্রত্যাহ বশমিতি বিশেষণত্রয়েণ কৃতজ্ঞত্বস্য ক্ষমিত্বস্য কারুণ্যস্য পরাবধিত্বং তেন চাস্য বিধ-বালাজন সুখসেব্যত্বং তেন চ শৃঙ্গাররসশ্চান্তর্ভাবিতঃ ২ ৩ ।

তন্মধ্যে মানসিক যথা—

কৃতজ্ঞতা (প্রত্যুপকার করণেচ্ছা) ক্ষান্তি (ক্ষমা) ও করুণাদি গুণ সকলকে মানসিক বলে ॥ ২ ॥

যথা—

কোন এক অসমস্নেহা কৈঙ্কর্য্যাংশে প্রধানা শ্রীরাধার সখী কোনও সজাতীয়া সখীর প্রতি কহিলেন, হে প্রণয়িনি ! হরির আশ্চর্য্য গুণের কথা আর কি বলিব, তিনি অত্যল্প সেবাতেই বশীভুত হয়েন, গুরুতর অপরাধ আচরিত হইলেও তাঁহার বদন হইতে হাস্য উদগত হয় এবং যৎকিঞ্চিৎ পরের দুঃখ দেখিলেই অমনি কাতরতা প্রকাশ করেন, অতএব হে সখি ! ঐ হরিকে অবলোকন করিয়াই আমার মনঃ অতিশয় তৃষ্ণা বিস্তার করিতেছ ॥

অথ বাচিকাঃ॥

বাচিকাস্তু গুণাঃ প্রোক্তাঃ কর্ণানন্দকতাদয়ঃ॥ ৩॥

যথা

কর্ণাপহারিবর্ণামশ্রুতচরমাধুরীভিরত্যন্তাং।

আলি রসালাং মাধববাচং নাচম্য তৃপ্যামি॥ ৪॥

লোচনরোচনী টীকা

কিন্তু মধুরাখ্যরসস্যাধাবণতোদ্দীপনগুণাদ্যুক্তিঃ সখীং প্রতি কঞ্চিদবহিত্থার্থমিতি জ্ঞেয়ং। ৩।

কর্ণাপহারিবর্ণামিত্যত্র চ তদ্বৎ। শ্রীব্রজকুমার্য্যাঃ কস্যাশ্চিত্তদ্রূপাবেশেন স্থানাদচলায়াঃ পৃচ্ছন্তীং সখীং প্রতি হি বচনমিদং মাধুরীভিরর্থবৈচিত্রীভিঃ রসং আলাতি আদত্তে ইতি রসালাং ন তৃপ্যামীত্যন্বয়ঃ ৪

আনন্দচন্দ্রিকা টীকা।

সখি লতান্তরিতাসীত্যতঃ স্বকান্তমপি ন পশ্যন্তী কিমত্র বিলম্বসে ইতি পৃচ্ছন্তীং বিশাখাং শ্রীরাধা প্রাহ কর্ণেতি তেন যাবদত্র শ্রীকৃষ্ণঃ সুবলেন সমং সঙ্কথয়ন্নাস্তে তাবদহং অত্রৈব স্থাস্যামীতি ভাবঃ রসালা পানকভেদঃ তামিবেতি উপমৈবেয়ং নতু রূপকং। কর্ণাপহারি বর্ণামিতি। বিশেষণং মাধববাচ্যে বানুকূলং নতু রসালায়ামসম্ভবাদিতি রূপকস্য বাধকং যদুক্তং কাব্যপ্রকাশে। পাদাম্বুজং ভবতু নো বিজয়ায় মঞ্জু মঞ্জীরশিঞ্জিতমনোহরমম্বিকায়াইত্যত্র মঞ্জীরশিঞ্জিতমম্বুজে প্রতিকূলমসম্ভবাদিতি বাধকং রূপকস্যেতি। ৪

অথ বাচিক॥

যে বাক্য কর্ণের আনন্দজনক হয়, তাহাকেই বাচিক গুণ কহে॥৩॥

যথা—

হে সখি! তুমি লতার অন্তরালে রহিয়া আপন কান্তকেও দেখিতেছ না। এ বিষয়ে বিলম্ব কি? ইত্যাদি জিজ্ঞাসাকারিণী বিশাখাকে শ্রীরাধা কহিলেন, হে সহচরি! শ্রীকৃষ্ণ যাবৎ সুবল সহ কথোপকথন করিবেন, তাবৎ আমি এই স্থানেই অবস্থিতি করিব, কারণ মাধবের মধুর বাক্য যাহার বর্ণ গুলি কর্ণরসায়ন এবং অশ্রুতমাধুরী যুক্ত ও রসপ্রদ, তাহা শ্রবণ করিয়া কোনক্রমেই আমার পরিতৃপ্তি জন্মিতেছে না অতএব হে সখি! আমি অন্তরালে থাকিয়াই ঐ সমস্ত বচনাবলী কর্ণগোচর করিব। ৪।

অথ কায়িকাঃ।

তে বয়োরূপলাবণ্যে সৌন্দর্য্যমভিরূপতা।
মাধুর্য্যং মার্দ্দবাদ্যাশ্চ কায়িকাঃ কথিতা গুণাঃ॥

তত্র বয়ঃ॥

বয়শ্চতুর্ব্বিধং তত্র কথিতং মধুরে রসে।
বয়ঃ সন্ধিস্তথা নব্যং ব্যক্তং পূর্ণমিতিক্রমাৎ।
বযোমুখা গুণাঃ পূর্ব্বমুক্তাঃ কেশবসংশ্রয়াঃ।
তেন তেঽত্র প্রবক্ষ্যন্তে প্রাযশস্তৎপ্রিয়ানুগাঃ ৫।

লোচনরোচনী টীকা।

রূপলাবণ্যাদীনামপি ভেদাঃ স্বয়মেব বক্ষ্যন্তে॥ ৫।

আনন্দচন্দ্রিকা টীকা

বযোযৌবনং বয ইতি পৃথক্ পদং উক্তা ভক্তিরসামৃতে " কিন্তু সংজ্ঞান্তরেণেতি জ্ঞেয়ং তত্র যৎ প্রথমকৈশোরশব্দেনাভিহিতং তস্যৈব পূর্ব্বাপরভাগৌ বয়ঃসন্ধিনব্যশব্দাভ্যামত্রোচ্যেতে তথা মধ্যকৈশোরশেষকৈশোরে ব্যক্তপূর্ণশব্দাভ্যামিতি প্রায়শ ইতি তদপি তত্তৎ স্মারযিতুং শ্রীকৃষ্ণস্যাত্রাপি কিঞ্চিদুচ্যতে ইত্যর্থঃ ৫ ৬

অথ কায়িক।

বয়স, রূপ, লাবণ্য, সৌন্দর্য্য, অভিরূপতা, মাধুর্য্য ও মার্দ্দব (মৃদুতা) ইত্যাদিকে কায়িক গুণ বলে।

তন্মধ্যে বয়স্ যথা।

মধুররসে বয়স্ চারি প্রকার হয় বয়ঃসন্ধি, নব্যবয়স্, ব্যক্তবয়স্ ও পূর্ণবয়স্। অপর কেশবাশ্রিত যে সমস্ত বয়ঃপ্রধানাদি গুণ, তাহা পূর্ব্বে উক্ত করা হইয়াছে, এক্ষণে প্রায়ই তদীয় প্রেয়সীবর্গের যে সমস্ত গুণ ও শ্রীকৃষ্ণের ঐ সকল গুণ কিঞ্চিৎ কিঞ্চিৎ স্মরণ করিয়া কীর্ত্তন করিতেছি॥ ৫।

তত্র বয়ঃসন্ধিঃ ॥

বাল্যযৌবনযোঃ সন্ধির্ব্বয়ঃসন্ধিরিতীর্য্যতে ৬।

স কৃষ্ণস্য যথা।

যান্তী শ্যামলতাং বিমুচ্য কপিশচ্ছায়াং স্মরক্ষ্মাপতে-
রদ্যাজ্ঞালিপিবর্ণপঙ্‌ক্তিপদবীমাপ্নোতি লোমাবলী।
বাঞ্ছত্যুচ্ছলিতুং মনাগভিনবাং তারুণ্যনীরচ্ছটাং

লোচনরোচনী টীকা

বাল্যযৌবনযোঃ সন্ধিরিতি কৈশোরস্য প্রথমভাগতাৎপর্য্যকং সর্ব্বস্যাপি কৈশোরস্য-তৎসন্ধি রূপত্বাৎ বাল্যমত্র পৌগণ্ডং ৬

যান্তীতি কস্যাশ্চিদ্‌ব্রজকুমার্য্যাং শ্রীকৃষ্ণেন সহ তস্যাঃ পরস্পরমিথুনতাস্পৃহিণ্যা বচনং। লিপির্লিখিতাক্ষরবিন্যাসঃ ততশ্চাজ্ঞালিপিং বর্ণয়তি জ্ঞাপয়তি যা পঙ্‌ক্তিস্তস্যা পদবীং

আনন্দচন্দ্রিকা টীকা।

কস্যাপি তরোর্মূলে তিষ্ঠন্তং শ্রীকৃষ্ণং দূরাল্লতারন্ধ্রনিহিতাক্ষীং শ্রীরাধাং দর্শয়ন্তী দূতী বর্ণয়তি যান্তীতি কংসদ্বিষঃ শ্রীকৃষ্ণস্য রোমাবলী কপিশচ্ছায়াং কৃষ্ণপীতমিশ্রধূম্রকান্তিং বিমুচ্য ত্যক্ত্বা আজ্ঞালিপিঃ অতঃ পরং কুলজানাং লজ্জাধৃতিপাতিব্রত্যাদি ধর্ম্মধ্বংসনীয়াঃ গুরুপত্যাদিবঞ্চনধর্য্যপথত্যাগবলাভিসারচাপল্যাধৃত্যুন্মাদাদিধর্ম্মাঃ প্রবর্ত্তনীয়াঃ ইত্যেবং লক্ষণঃ শাসনলেখঃ তস্য যে বর্ণা অক্ষরাণি তৎপঙ্‌ক্তি সারূপ্যং তেন দুরন্তশাসনস্য রাজ্ঞ আজ্ঞা স্বরূপমেব ত্বয়া বর্ত্তিতব্যমিতি ব্যঞ্জিতং তথা হি কুং বর্ণস্যোজ্জ্বলতা কাপি নেত্রান্তেচারুণ-চ্ছবিঃ। রোমাবলীপ্রকটতা কৈশোরে প্রথমে সতীতি। উচ্ছলিতুং অভিতঃ প্রসর্ত্তুং। তথাহি

তন্মধ্যে বয়ঃসন্ধি যথা।

বাল্য অর্থাৎ পৌগণ্ড ও যৌবন এতদুভয়ের সন্ধি অর্থৎ প্রথম কৈশোরকে বয়ঃসন্ধি কহে ॥ ৬ ॥

অথ শ্রীকৃষ্ণের বয়ঃসন্ধি যথা ॥

কোন এক তরুমূলে শ্রীকৃষ্ণ অবস্থিত ছিলেন, দূর হইতে লতারন্ধ্র নিহিতাক্ষী শ্রীরাধাকে অবলোকন করাইয়া দূতী বর্ণন করিতেছে, হে প্রিয়সখি! ঐ দেখ কংসারির লোমাবলী পিঙ্গলতা পরিত্যাগ করিয়া শ্যামত্ব লাভ করিয়াছে, বোধ করি লোমাবলী স্মরভূপতির আজ্ঞা-লিপির বর্ণপদবী প্রাপ্ত হইয়া থাকিবে। আর উহাঁর অভিনব তারু

লব্ধ্বা কিঞ্চিদধীরমক্ষিশফরদ্বন্দ্বঞ্চ কংসদ্বিষঃ। ৭।

তন্মাধুর্য্যং ৮॥

দশার্দ্ধশরলুব্ধকং চলমবেক্ষ্য লক্ষ্যেচ্ছয়া
বিশন্তমিহ সাম্প্রতং ভবদপাঙ্গশৃঙ্গোপরি।
সদাশ্রুনিকরোক্ষিতা ব্রজমহেন্দ্র বৃন্দাবনে
কুরঙ্গনয়নাবলী দরপরিপ্লবত্বং গতা। ৯।

লোচনরোচনী টীকা

পরিপাটীং কংসদ্বিষ ইতি সামর্থ্যমপি দ্যোতিতং ৭

তন্মাধুর্য্যমিতি তস্যারোচকতেত্যর্থঃ এষৈবোদ্রিক্তা রুচির্মোহনতেত্যুচ্যতে ৮

লক্ষ্যং বেধ্যং কুরঙ্গনয়নানামাবলী পক্ষে কুরঙ্গানাং নয়নাবলী ঈষদর্থে দরাব্যয়ং পক্ষে দরং ভয়ং ৯

আনন্দচন্দ্রিকা টীকা

অত্র নখাগ্রাণাং ধনুরান্দোলিতা ভ্রুবোরিতি। কংসদ্বিষ ইতি সামর্থ্যাধিক্যং। ৭ ৮।

তন্মাধুর্য্যং তদ্রূপাস্বাদকজনদর্শনসূচিতঃ স্বাদবিশেষঃ কথং ময়া ব্রজসুন্দর্য্যো লব্ধা ভবেয়ুরিতি ধ্যায়ন্তং পূর্ব্বরাগবন্তং শ্রীকৃষ্ণং নান্দীমুখী ভঙ্গ্যা সমাশ্বসয়ত্যাহ দশার্দ্ধেতি। দশার্দ্ধশরঃ পঞ্চেষুরেব লুব্ধকস্তং লক্ষ্যেচ্ছয়া শরৈর্বিদ্ধা লক্ষ্যং লব্ধুমিত্যর্থঃ ভবতোঽপাঙ্গ এব শৃঙ্গমণিময়পর্ব্বতাগ্রং তদুপরি বিশন্তং অবেক্ষ্য কুরঙ্গাণাং নয়নাবলী পক্ষে মৃগাক্ষীততিঃ। দরং ভয়ং পক্ষে ঈষদর্থে দরাব্যয়ং পরিপ্লবত্বং চাপল্যং ৯ ১০

ণ্যের কিঞ্চিৎ ছটা লাভ করিয়া তদীয় নেত্র-শফরীদ্বয় উচ্ছলিত হইতে বাঞ্ছা করিতেছে, অতএব হে সখি! কংসরিপুর মনোহর মধুররূপ সন্দর্শন কর। ৭॥

শ্রীকৃষ্ণের মাধুর্য্য যথা ॥ ৮ ॥

আমি কি প্রকারে ব্রজসুন্দরীগণকে লাভ করিতে পারি ইত্যাদি ধ্যানকারি পূর্ব্বরাগান্বিত শ্রীকৃষ্ণকে নান্দীমুখী কহিলেন, হে ব্রজ-মহেন্দ্র! চিন্তা পরিত্যাগ কর, সম্প্রতি তোমার অপাঙ্গ-শৃঙ্গে ঐ যে লুব্ধক পঞ্চবাণ চাকচক্য প্রকাশ পূর্ব্বক প্রবেশ করিতেছে, ও ব্যক্তি সামান্য নয়, উহার স্থিরলক্ষ্য দেখিয়া এই বৃন্দাবনস্থ কুরঙ্গনয়না গোপা-ঙ্গনাগণের নেত্রাবলী সর্ব্বদা অশ্রুসিক্তা এবং ভয়ে কম্পিতা হইতেছে, অতএব শীঘ্রই তোমার মনোরথ সিদ্ধ হইবে, আর ভাবনা কি ?। ৯॥

তৎপ্রিয়াণাং যথা। ১০॥

বাদ্যং কিঙ্কিণিমাহরত্যুপচয়ং জ্ঞাত্বা নিতম্বো গুণী
স্বস্য ধ্বংসমবেত্য বষ্টি বলিভির্যোগং দ্রুসম্মধ্যমং।
বক্ষঃ সাধুফলদ্বয়ং বিচিনুতে রাজ্ঞোপহারক্ষমং
রাধায়াস্তনুরাজ্যমঞ্চতি নবে ক্ষৌণীপতৌ যৌবনে॥ ১১॥

লোচনরোচনী টীকা।

তৎপ্রিয়াণাং যথেতি বয়ঃসন্ধির্যথেত্যর্থঃ ১০

বাদ্যং কিঙ্কিণিমিতি কস্যাশ্চিদ্দূত্যাঃ শ্রীকৃষ্ণং প্রতি বচনং তেন বয়সা শ্রীরাধায়া ভাবোদ্রেকং বোধয়তি এবমুত্তরেম্বপি জ্ঞেয়ং কিঙ্কিণিরূপং বাদ্যং গুণীতি রাজযোগ্যত্বং ব্যনক্তি পক্ষে গুণী বস্ত্রবন্ধডোরকবান্। মধ্যমমিতি ততো ন্যূতত্বাত্তত্রাযোগ্যমিত্যর্থঃ। পক্ষে অবলগ্ননামকমুদরনিতম্বয়োঃ সন্ধিঃ সাধ্বিতি বক্ষোবিশেষণং। অঞ্চতি গচ্ছতি। নবযৌবনে ক্ষৌণীপতৌ চ নব ইত্যন্বয়ঃ ১১

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধাং দূরাদালোক্য শ্রীকৃষ্ণঃ সুবলমাহ বাদ্যমিতি যৌবনে যৌবনাখ্যে নবে রাজনি অঞ্চতি স্বরাজ্যং প্রাপ্নুবতি সতি গুণী নিতম্বঃ তং ব্যঞ্জয়িতুমিব কিঙ্কিণিবাদ্যং আহরতি কৌশলেন বাদয়ামাসেত্যর্থঃ উপচয়ং জ্ঞাত্বা অস্মিন্ গুণজ্ঞে রাজনি মম সম্পত্তির্ভবিষ্যতীতি বিভাব্যেত্যর্থঃ পক্ষে গুণো বসনাডোরী উপচয়ং স্থৌল্যং তথা মধ্যমং মধ্যদেশঃ স্বস্য ধ্বংসমবেক্ষ্য নিতম্বস্যেব মম গুণাভাবাৎ বক্ষস ইব দ্রব্যাভাবাৎ করদানাশক্তেশ্চাস্মিন্রাজনি মম ধ্বংস এব ভবিষ্যতি যতোঽহং মধ্যমং উত্তমং ন ভবামীত্যর্থঃ তদহং বলিভিঃ কৃতসাহায্যং সদৈব যথাকথঞ্চিজ্জীবামীতি পক্ষে ত্রিবল্যা হ্রসং হ্রাসং প্রাপ্নুবৎ ১১

কৃষ্ণপ্রিয়ারবর্গের বয়ঃসন্ধি যথা॥ ১০॥

দূর হইতে শ্রীরাধাকে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন বন্ধো! দেখ দেখ নবযৌবনভূপাল শ্রীরাধার তনুরাজ্য অধিকার করাতে গুণশালী নিতম্ব স্বীয় উন্নতি জানিয়া উল্লাস পূর্ব্বক কিঙ্কিণিবাদ্য করিতে আরম্ভ করিল, বক্ষঃ যৌবনরাজকে উপহার দিবার নিমিত্ত দুইটী সৎ-ফল সঞ্চয় করিতে লাগিল এবং মধ্যদেশ আপনার ধ্বংস সম্ভাবনা আশঙ্কা করিয়া ত্রিবলীর সাহায্য অবলম্বন করিল, অতএব হে সখে! নবযৌবনরাজের কি অদ্ভুত প্রভাব। ১১।

তন্মাধুর্য্যং

আশাস্তে পতিতুং কটাক্ষমধুপোমন্দং দৃগীন্দীবরে
কিঞ্চিদ্ব্রীড়বিষাঙ্কুরং মৃগয়তে চেতোমরালার্ভকঃ।
নর্ম্মালাপমধুচ্ছটাদ্য বদনাম্ভোজে ত্বেবোদীয়তে
শঙ্কে সুন্দরি মাধবোৎসবকরীং কাঞ্চীদ্দশামঞ্চসি।

অথ নব্যং।

দরোদ্ভিন্নস্তনং কিঞ্চিচ্চলাক্ষং মন্থরস্মিতং।
মনাগভিস্ফুরদ্ভাবং নব্যং যৌবনমুচ্যতে॥

লোচনরোচনী টীকা।

আশাস্তে ইতি সখ্যাঃ সখীং প্রতি ভাবোদ্দীপনং বচনং মন্দমীশদযথাস্যাত্তথা শাস্তে উদী-

আনন্দচন্দ্রিকা টীকা

বিশাখা শ্রীরাধাং পরিহসন্ত্যাহ আশাস্ত ইতি তব দৃগেবেন্দীবরং তত্র কটাক্ষ এব ভ্রমরঃ পতিতুমাশাস্তে ইচ্ছতি এতাবৎকালং তব নয়নং কটাক্ষং কর্ত্তুং ন জানীতেস্ম সংপ্রতি জ্ঞাস্যতীত্যর্থঃ। ব্রীড়ো লজ্জাব্রীড়োঽস্ত্রীব ইতি রভসঃ। ব্রীড়মেতি নতবক্ষসঃ প্রিয়েতি মাবঃ .মাধবো বসন্তঃ শ্রীকৃষ্ণশ্চ

দরেতি তেন বয়ঃসন্ধৌ স্তনস্থানস্য মিশ্রত্ব মাংসলত্বে এব নতু তদাকার ইতি জ্ঞেয়ং কিঞ্চিচ্চলাক্ষমিতি বয়ঃসন্ধি নব্যযোর্নয়নচাঞ্চল্যস্যাশক্যত্ব লক্ষ্যত্বাভ্যাং ভেদঃ মন্থরং মুখান্নির্গন্তুং বিলম্বমানং স্মিতং যত্র ইতি বয়সন্ধৌ মুখমধ্য এবাসীদিত্যর্থঃ অভি সর্ব্বতোভাবেন স্ফুরন্ ভাবো যত্রেতি প্রথমবিক্রিয়ারূপস্য ভাবস্য তয়োরলক্ষ্যত্বলক্ষ্যত্বাভ্যাং ভেদঃ

অথ কৃষ্ণপ্রিয়াবর্গের মাধুর্য্য যথা,

বিশাখা শ্রীরাধাকে পরিহাস পূর্ব্বক কহিলেন সুন্দরি! তোমার রূপমাধুর্য্য অতি চমৎকার, ঐ দেখ স্বদীয় নয়নরূপ ইন্দীবরে কটাক্ষরূপ মধুকর অল্পে অল্পে পতিত হইতে অভিলাষ করিতেছে, তোমার চিত্তরূপী হংসশাবক ঈষৎ লজ্জা স্বরূপ মৃণালাঙ্কুর অন্বেষণ করিতেছে। অতএব হে রাধে! আমার বোধ হয় তুমি মাধবের উৎসবপ্রদ কোন দশা-বিশেষকে অন্বেষণ করিতেছ?।

অথ নব্যবয়স্।

যে বয়সে স্তন ঈষৎ উদ্ভিন্ন, লোচনের কিঞ্চিৎ চঞ্চলতা, মন্দহাস্য এবং অত্যল্প মনের বিক্রিয়া হয়, তাহাকেই নবযৌবন বলে।

যথা—

উরঃ স্তোকোচ্ছূনং বচনমুদয়দ্বিক্রমলবং
দরোদ্ঘূর্ণা দৃষ্টির্জঘনতটমীষদ্ঘনতরং।
মনাগ্‌ব্যক্তা রোমাবলিরপচিতং কিঞ্চিদুদরং
হরেঃ সেবৌচিত্যং তব সুবদনে বিন্দতি বয়ঃ॥

তন্মাধুর্য্যং॥

বারং বারং বিচরসি হরেরদ্য বিশ্রামবেদ্যা-
মুদ্ভ্রান্তাসি স্ফুরতি পবনে তদ্বপুর্গন্ধভাজি।

লোচনরোচনী টীকা

স্নত ইতি কর্ত্তর্য্যেব প্রয়োগঃ ঈষৎ গতাবিতি দৈবাদিকস্য ১২

আনন্দচন্দ্রিকা টীকা

বৃন্দাহ উর ইতি কিঞ্চিদপচিতং ঈষৎ ক্ষীণং।

কাচিৎ প্রৌঢ়বধূঃ স্বননান্দরং পরিহসন্তী তদ্দৌত্যং বিধিৎসন্ত্যাহ বারমিতি। বিচরসীতি চাপল্যং উদ্ভ্রান্তাসীত্যাবেগঃ। বিকিরসীত্যৌৎসুক্যং ১২।

যথা—

বৃন্দা শ্রীমতীকে কহিলেন, হে প্রিয়সখি। সম্প্রতি তোমার বক্ষঃস্থল কিঞ্চিৎ উন্নত দেখিতেছি, বাক্য ঈষৎ বক্রিমভাব অবলম্বন করিল, নেত্রদ্বন্দ্ব অল্প অল্প ঘূর্ণিত হইতে লাগিল, লোমাবলী ঈষৎ অভিব্যক্ত হইতেছে এবং উদরের কিঞ্চিৎ ক্ষীণতা দেখিতেছি, সে যাহাহউক হে সুবদনে! তোমার এই অভিনব বয়স্ হরিসেবায় যোগ্যতা লাভ করিয়াছে, অতএব তুমি আর হরিসেবায় বিলম্ব করিও না॥

অথ কৃষ্ণপ্রিয়াবর্গের বয়োমাধুর্য্য যথা॥

কোন এক প্রৌঢ় বধূ আপনার ননান্দাকে পরিহাস পূর্ব্বক তদীয় দৌত্য বিধান করিতে ইচ্ছা করিয়া কহিল, হে সুন্দরি! তুমি কেন বারম্বার হরির বিশ্রামবেদীতে বিচরণ করিতেছ? কেনই বা তুমি শ্রীকৃষ্ণের অঙ্গপরিমলবাহি স্ফূর্ত্তিশালি পবনে উদ্ভ্রান্তা হইতেছ? এবং কি নিমিত্তই

বালে নেত্রং বিকিরসি মুহুর্নৈচিকীনাং পদব্যাং
ভাবাগ্নিস্তে স্ফুটমিহ মনোধাম্নি ধূমায়িতোঽস্তি॥

অথ ব্যক্তং॥

বক্ষঃ প্রব্যক্তবক্ষোজং মধ্যঞ্চ সুবলিত্রয়ং।
উজ্জ্বলানি তথাঙ্গানি ব্যক্তে স্ফুরতি যৌবনে॥ ১২॥

যথা—

রথাঙ্গমিথুনং নবং প্রকটয়ত্যুরোজদ্যুতি-
র্ব্যনক্তি যুগলং দৃশোঃ শফরবৃত্তিমিন্দ্রাবলি।
বিভর্ত্তি চ বলিত্রয়ং তব তরঙ্গভঙ্গোদ্গমং

আনন্দচন্দ্রিকা টীকা।

নান্দীমুখ্যাহ রথাঙ্গমিথুনং চক্রবাকদ্বয়ং শফরয়োরিব বৃত্তিং চরিত্রং পক্ষে শফরবত্তাং।

বা নৈচিকী (উত্তমা গো) সকলের পদবীতে নয়ন নিক্ষেপ করিতেছ ? অতএব হে বালে! ইত্যাদি কারণে আমি পরিজ্ঞাত হইলাম, নিশ্চয়ই তোমার মনোমধ্যে কোন ভাবাগ্নির উদ্দীপন হইয়া রাশি রাশি ধূম উদ্গার করিতেছে, নতুবা তোমার স্বভাবের এ প্রকার বৈপরীত্য হইবে কেন ?॥

অথ ব্যক্তযৌবন॥

যে সময়ে স্পষ্টরূপে বক্ষঃস্থলে বক্ষোজের (স্তনের) উদ্গম, মধ্যদেশ ত্রিবলি, তথা অঙ্গ সকলের উজ্জ্বলতা প্রকাশ হয়, তাহাকে ব্যক্তযৌবন বলে॥ ১২॥

যথা—

নান্দীমুখী কহিলেন, হে ইন্দ্রাবলি! তোমার দুইটী পয়োধর উচ্চ হইয়া নবীন চক্রবাক যুগলকেই যেন প্রকটিত করিতেছে, নয়নযুগ যেন দুইটী মীনের বৃত্তি অভ্যাস করিতেছে, তথা ত্রিবলি আশ্চর্য্যবিলাসশালিনী হইয়া তরঙ্গের ভঙ্গিমাই যেন ধারণ করিয়াছে, অতএব

স্বমত্র সরসীকৃতা তরুণিমশ্রিয়া রাজসি ॥ ১৩ ॥

তস্মাধুর্য্যং ॥

ভ্রাজন্তে বরদন্তি মৌক্তিকগণ যস্যোল্লিখদ্ভির্নখৈঃ

লোচনরোচনী টীকা

সরসীকৃতেতি পূর্ব্বমসরসা সংপ্রতি তু তাদৃশী কৃতেত্যর্থঃ। পক্ষে সরসী সরঃ। ১৩

হে বরদন্তি শ্রেষ্ঠদশনে। পক্ষে বরদন্তীনাং শ্রেষ্ঠহস্তিনাং মৌক্তিকগণাঃ পুষ্করমালা

আনন্দচন্দ্রিকা টীকা।

হে ইন্দ্রাবলি সরসী সরোবরং পক্ষে পূর্ব্বমসরসা ত্বং সম্প্রতি রসিকাভূরিত্যর্থঃ ১৩॥

শ্যামলা শ্রীরাধামাহ স হরিঃ কথং ত্বয়া নেত্রেণ বদ্ধঃ হে হরিণেক্ষণে ইতি একমেব হরিণং প্রহিত্য তদ্দ্বারৈব ভবতী সিংহমবধ্নাদিতি বিস্ময়ঃ। প্রেষেণতু নেত্রেণ মন্থানডোরকেণ সিংহং বদ্ধুমিচ্ছন্ত্যাস্তব গোপীত্বাত্তদেব বন্ধনসাধনমুচিতমেবেতি ভাবঃ। কিমর্থং উরোজ এব পঞ্জরং তত্তটে সম্বেশয়ন্ত্যা শায়য়ন্ত্যা হেতৌ শতৃপ্রত্যয়ঃ স্বাপিত্রা শয়নং স্বাপঃ স্বপ্নঃ সংবেশ ইত্যমরঃ। নচ স সিংহোঽপি সাধারণধর্ম্মেত্যাহ শৌটীর্য্যং পরাক্রমঃ তস্যাব্ধিরিতি। পক্ষে পরমসুকুমারয়া ত্বয়া তস্য মহাবলস্য শ্রীকৃষ্ণস্য শৃঙ্গাররসমর্দ্দঃ কথং সোঢ়ব্য ইতি নর্ম্ম ধ্বনিতং যস্য হরেঃ সিংহস্য পক্ষে শ্রীকৃষ্ণস্য উল্লিখদ্ভিরুচ্চৈর্লিখদ্ভিঃ পক্ষে উচ্চৈরেখাকরদ্ভির্নখৈঃ ক্ষিত্যাঃ বরদন্তি-মৌক্তিকগণাঃ শ্রেষ্ঠগজমুক্তারাশয়ঃ পক্ষে হে বরদন্তীতি পৃথক্ পদং।

হে সুন্দরি! তুমি কি সরোবর সদৃশী হইয়া তারুণ্য-সম্পদে অত্যর্থ বিরাজ করিতেছ? ॥ ১৩ ॥

অথ যৌবন-মাধুর্য্য যথা ॥

শ্যামলা শ্রীরাধাকে কহিলেন, হে হরিণেক্ষণে! যে হরির (সিংহের) স্বীয় নখদ্বারা করিকুম্ভ বিদীর্ণ হওয়াতে প্রশস্ত গজমৌক্তিক সকল তদীয় পুষ্করমালায় অর্থাৎ করিশুণ্ডাগ্রশ্রেণী দ্বারা ছন্নপ্রভ হইয়া কুঞ্জে কুঞ্জে পতিত হওত শোভা বিস্তার করিতেছে এবং যে স্বয়ং পরাক্রমে সমুদ্রে তুল্য, তুমি তাহাকে বক্ষোজপঞ্জরে (স্তনতটে) বন্ধন করিতে ইচ্ছা করাতেই সেই শ্রীমান্ হরি কি প্রকারে তোমার নেত্র (মন্থানরজ্জু) দ্বারা বদ্ধ হইল।

উক্ত উদাহরণের অর্থান্তর যথা ॥

হে বরদন্তি! অর্থাৎ হে শোভনদশনে! যিনি কামিনীগণের কুচোপরি নখাঘাত করাতে, তত্রস্থ প্রশস্ত মৌক্তিক সকল তদীয় পদ্ম-

ক্ষিপ্তাঃ পুষ্করমালয়াবৃতরুচঃ কুঞ্জেষু কুঞ্জেশ্বরী।
শৌটীর্য্যাব্ধিরুরোজপঞ্জরতটে সংবেশয়ন্ত্যা কথং
স শ্রীমান্ হরিণেক্ষণে হরিরভূন্নেত্রেণ বদ্ধস্ত্বয়া ॥

অথ পূর্ণং।

নিতম্বো বিপুলো মধ্যং কৃশমঙ্গং বরদ্যুতি।
পীনৌ কুচাবূরুযুগ্মং রম্ভাভং পূর্ণযৌবনে ॥

যথা—

দৃশোর্দ্বন্দ্বং বক্রাং হরতি শফরোল্লাসলহরী-

লোচনরোচনী টীকা

পদ্মমালা। পক্ষে করিশুণ্ডাগ্রসমূহঃ সম্বেশয়ন্ত্যা শায়যন্ত্যা নেত্রেণ চক্ষুষা পক্ষে নয়নানুরোধকেণ। ১৪।

আনন্দচন্দ্রিকা টীকা।

অত্রোভয়পক্ষেঽপি করিকুম্ভস্তনৌ কর্ম্মভূতাবাক্ষেপলব্ধৌ প্রবিশ পিণ্ডিমিত্যত্র গৃহং ভক্ষয়েতিবজ্জ্ঞেয়ৌ। কীদৃশাঃ পুষ্করমালয়া ছিন্নকরিশুণ্ডাগ্রশ্রেণ্যা পক্ষে নির্ম্মাল্যকমলমালয়া আবৃতা রুচঃ কান্তয়ো যেষাং তে পুষ্করং করিহস্তাগ্র ইত্যমরঃ।

বৃন্দাহ দৃশোরিতি কন্দলয়তঃ অঙ্কুরয়তঃ প্রকাশয়ত ইতি যাবৎ। বয়সি যৌবনে। ১৪ ॥

মালায় ছন্নরুচি হইয়া কুঞ্জে কুঞ্জে পতিত হওত শোভা বিস্তার করিতেছে এবং যিনি স্বয়ং শৌটীর্য্যাব্ধি অর্থাৎ শৃঙ্গাররস সুখপ্রদ, তাঁহাকে তুমি স্তনান্তরে শযন করাইতে ইচ্ছা করাতে, সেই শ্রীমান্ হরি কি প্রকারে তোমার নেত্র দ্বারা বদ্ধ হইলেন ॥

অথ পূর্ণযৌবন।

যে বয়সে কামিনীগণের নিতম্বের বিপুলতা, মধ্যদেশের ক্ষীণতা, অঙ্গ সকলের উজ্জ্বলকান্তি, স্তনদ্বয়ের স্থূলতা ও ঊরুযুগ রম্ভাবৃক্ষ সদৃশ হয়, তাহাকেই পূর্ণ যৌবন বলে।

যথা—

বৃন্দা কহিলেন, হে লীলাবতি! তোমার এই যে অক্ষিদ্বন্দ্ব মীনযুগলের বক্র-উল্লাস-লহরী হরণ করিয়াছে, তোমার বদনসৌন্দর্য্য সন্দ-

মখণ্ডং তুণ্ডশ্রীর্বিধুমধুরিমাণং দময়তি।
কুচৌ কুম্ভভ্রান্তিং মুহুরবিকলাং কন্দলয়ত-
স্তবাপূর্ব্বং লীলাবতি বয়সি পূর্ণে বপুরভূৎ ॥

তন্মাধুর্য্যং ॥

ন বিত্রস্তা কা তে প্রতি যুবতিরাসীন্মুখরুচা
দধার স্তৈমিত্যং প্রণয়ঘনবৃষ্ট্যা তব ন কা।
ব্রজে শিষ্যা কাভূন্নহি তব কলায়ামিতি হরে-
র্নিকুঞ্জস্বারাজ্যে ত্বমসি রসিকে পট্টমহিষী ॥ ১৪ ॥
তারুণ্যস্য নবত্বেঽপি কাসাঞ্চিদ্ব্রজসুভ্রুবাং।

লোচনরোচনী টীকা।

তারুণ্যস্য তৎসময়স্য শোভাপূর্ত্তির্দৃশোরিত্যাদি বর্ণিতা পূর্ণতত্বেতি যথান্যত্র পূর্ণতাবস্থা তথেত্যর্থঃ। ১৫।

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধাসৌভাগ্যাবিষীদন্তীং চন্দ্রাবলীং পদ্মা সমাশ্বসিতি ন বিত্রস্তেতি প্রতিযুবতিঃ প্রতিপক্ষ গোপী

র্শন করিয়া অখণ্ড বিধুমণ্ডলের মধুরিমা দমিত হইতেছে এবং তদীয় ঐ ভুজদ্বয় মুহুর্মুহুঃ অবিকল করিকুম্ভ ভ্রান্তির অঙ্কুর জন্মাইতেছে, সে যাহাহউক, হে সুন্দরি। পূর্ণযৌবনে তোমার এই বপুঃ অপূর্ব্ব শোভা বিস্তার করিতে লাগিল ॥

অথ পূর্ণযৌবনমাধুর্য্য যথা।

শ্রীরাধার সৌভাগ্যে দ্বেষকারিণী চন্দ্রাবলীকে পদ্মা আশ্বাস প্রদান পূর্ব্বক কহিলেন, হে প্রিয়সখি। তোমার এই বদনসৌন্দর্য্য সন্দর্শন করিয়া কোন্ প্রতিপক্ষ যুবতি না ত্রাসিত হইতেছে, তোমার প্রণয় ঘনের (মেঘের) বর্ষণে কোন্ রমণীইবা স্তম্ভিতা না হইয়াছে এবং ত্বদীয় বৈদগ্ধীকলায় এই ব্রজমণ্ডলে কোন্ যুবতিই না তোমার শিষ্যা হইয়াছে? অতএব হে রসিকে। হরির নিকুঞ্জরাজ্যে তুমিই কেবল একাকিনী পট্টমহিষীরূপে বিরাজ করিতেছ। ১৪ ॥

কোন কোন ব্রজসুন্দরীর তারুণ্যের অল্পতা হইলেও শোভার

শোভাপূর্ত্তিবিশেষেণ পূর্ণতেব প্রকাশতে।

অথ রূপং ॥

অঙ্গান্যভূষিতান্যেব কেনচিদ্ভূষণাদিনা।
যেন ভূষিতবদ্ভান্তি তদ্রূপমিতি কথ্যতে ॥

যথা দানকেলিকৌমুদ্যাং ॥

ত্রপতে বিলোক্য পদ্মা ললিতে রাধাং বিনাপ্যলঙ্কারং।
তদলং মণিময়মণ্ডনমণ্ডলরচনাপ্রয়াসেন ১৫ ॥

যথা বা বিদগ্ধমাধবে ॥

নীতং তে পুনরুক্ততাং ভ্রমরকৈঃ কস্তূরিকাপত্রকং

লোচনরোচনী টীকা

পুনরুক্তাদিশব্দা ব্যর্থীকৃতবাচকাঃ শব্দভেদবিন্যাসভঙ্গ্যা সরসাঃ ১৬।

আনন্দচন্দ্রিকা টীকা।

বৃন্দাহ ত্রপত ইতি। মম সখী চন্দ্রাবলী এবং সৌন্দর্য্যবতী ন ভবতীতি স্বপক্ষোৎকর্ষ-চ্যুতিজনিতেয়ং লজ্জা ১৫

ভূষিতবদ্ভান্তীত্যেষোঽর্থো নাত্র শব্দোপাত্তোঽভূদিত্যপরিতুষ্যন্নাহ যথা বেতি। শ্রীকৃষ্ণঃ

পূর্ত্তি বিশেষ দ্বারা পূর্ণতার ন্যায় প্রকাশ পায় ॥

অথ রূপ ॥

শরীরে কোন ভূষণাদি না থাকিলেও যদ্দ্বারা অঙ্গ সকলকে ভূষিতের ন্যায় দেখায় তাহাকেই রূপ কহে ॥

যথা দানকেলিকৌমুদীতে।

বৃন্দা কহিলেন, হে ললিতে। শ্রীরাধার অনলঙ্কৃত অঙ্গ দেখিয়াই যখন চন্দ্রাবলীর সখী পদ্মা লজ্জিতা হয়, তখন তাঁহার শরীরে মণিময় ভূষণ সকল রচনার প্রয়াস বৃথা ॥ ১৫।

অপর, পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে যে, বিনা ভূষণেও অঙ্গ সকলকে ভূষিতের ন্যায় দেখায়, কিন্তু ইহা উক্ত উদাহরণে শব্দ দ্বারা সুন্দররূপে সপ্রমাণ না হওয়াতে পুনরায় কহিলেন, উদাহরন যথা—বিদগ্ধমাধবে।

এক দিবস শ্রীকৃষ্ণ শ্রীমতীকে প্রসন্ন করাইতে করাইতে কহিলেন,

নেত্রাভ্যাং বিফলীকৃতং কুবলযদ্বন্দ্বঞ্চ কর্ণার্পিতং।
হারশ্চ স্মিতকান্তিভঙ্গিভিরলং পিষ্টানুপেষীকৃতঃ
কিং রাধে তব মণ্ডনেন নিতরামঙ্গৈরসি দ্যোতিতা। ১৬ ॥

অথ লাবণ্যং

মুক্তাফলেষু ছায়ায়াস্তরলত্বমিবান্তরা।
প্রতিভাতি যদঙ্গেষু লাবণ্যং তদিহোচ্যতে ॥ ১৭ ॥

লোচনরোচনী টীকা

ছায়াযাঃ কান্তেস্তরলত্বমিবেতি তরঙ্গায়মানত্বমিত্যর্থঃ। লাবণ্যশব্দঃ খলু লবণাশব্দ-প্রকৃতিকঃ লবণাহি কান্তিরুচ্যতে লবণো রসভেদঃ স্যাল্লবণাতু নদীত্বিষোরিতি মেদিনী-করকোষাৎ। ততশ্চ লবণাস্মিন্নস্তীতি লবণঃ। অর্শ আদ্যচ্। তস্য ভাবো লাবণ্যং লবণি-মা চেতি সিদ্ধং ১৭

আনন্দচন্দ্রিকা টীকা

প্রসাধ্যমানাং শ্রীরাধামাহ নীতমিতি ভ্রমরকৈরলকৈঃ ১৬

ছায়ায়াঃ কান্তেস্তরলত্বং তরঙ্গায়মাণত্বং যথা তথা যদন্তরা মধ্যে এবাঙ্গেষু প্রতিভাতি প্রতিভানং ভবেদিত্যর্থঃ অতিস্বচ্ছত্বাদাধিক্যাচ্চ প্রতিক্ষণমুদ্গচ্ছন্ত্য ইব কান্তয়ো যতো লক্ষ্যন্তে তল্লাবণ্যমুচ্যত ইত্যর্থঃ ১৭

হে প্রিয়তমে! তুমি যে আপনার ললাটদেশে কস্তূরী দ্বারা তিলক রচনা করিয়াছ তাহা তোমার চূর্ণকুন্তলে পৌনরুক্ত অর্থাৎ পণ্ডিতগণ যেমন গ্রন্থের কোন স্থান অশুদ্ধ হইলে তাহাকে বলয়াকৃতি রেখা দ্বারা বেষ্টন করেন, তাহার ন্যায় ব্যর্থীকৃত হইল। তথা তোমার কর্ণার্পিত কুবলয় নয়নযুগলের দ্বারা বৈফল্য লাভ করিল এবং ত্বদীয় হাস্যচন্দ্রিকার তরঙ্গ নিমিত্ত হারেরও মনোহরত্ব পিষ্টপেষণ হইতে লাগিল, অতএব হে রাধে! তোমার অঙ্গ সকল বিনা ভূষণেই যখন শোভা ধারণ করিল, তখন আর ভূষণ পরিধানের প্রয়োজন কি?। ১৬ ॥

অথ লাবণ্য।

যেমন প্রশস্ত মুক্তাকলাপের অন্তর হইতে ছটা বহির্গত হয়, তাহার ন্যায়, স্বচ্ছতা প্রযুক্ত অঙ্গ সকলে যে চাকচিক্য প্রতীয়মান হইয়া থাকে তাহাকেই লাবণ্য বলে। ১৭ ॥

যথা বা—

জগদমলরুচী র্বিচিন্ত্য রাধে
ব্যধিত বিধিস্তব নূনমঙ্গকানি।
মণিময়মুকুরং কুরঙ্গনেত্রে
কিরণগণেন বিড়ম্বয়ন্তি যানি। ১৮

যথা বা—

শৃণু সখি তব কর্ণে বর্ণয়াম্যত্র নীচৈ-

লোচনরোচনী টীকা

ব্যধিত অকরোৎ বিড়ম্বয়ন্তি নিন্দয়ন্তি তত্রেদৃশলাবণ্যভরাত্তিরস্কুর্ব্বন্তীব ১৮
শৃণু সখীতি পরম লাবণ্যযুক্ত স্বপ্রতিবিম্বেন স্বসদৃশী কাচিদস্ত্যাপ্যস্ত্যীতি সমৎসরাং

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণ আহ জগৎসু যা যা অমলা রুচয় আসংস্তা এব সর্ব্বা বিচিত্য ততস্ততঃ সমা- হৃত্যৈব ব্যধিত অকরোৎ অতএব জগৎসু ত্বদঙ্গসাদৃশ্যং ন দৃশ্যতে ইতি ভাবঃ অঙ্গকানী- ত্যনুকম্পার্থ কপ্রত্যয়েনাঙ্গানাং সুভগত্বং সুকুমারত্বঞ্চোক্তং ১৮ ।

শ্রীরাধাঙ্গনিষ্ঠং লাবণ্যমুদাহৃত্য শ্রীকৃষ্ণনিষ্ঠমপি তদুদাহর্ত্তুমাহ যথাবেতি এবমগ্রেঽপি যথা বেত্যস্যৈবমেবাবতারিকা জ্ঞেয়া শ্রীকৃষ্ণস্যাগ্রত এবোপবিশ্য খেলন্তীমকস্মাদন্তর্ম্মানোদয়াং শ্রীরাধাং পরাগৃহ্যোপরিষ্টাদস্যামুপহস্যমানত্বাভুদিতি বিশাখা বোধয়ন্তী তামাহ শৃণ্বিতি

যথা—

শ্রীরাধাকে সম্বোধন পূর্ব্বক শ্রীকৃষ্ণ কহিলেন, সুন্দরি! জগৎবিধান-কর্ত্তা বিধাতা জগতীতলে সমস্ত সৌন্দর্য্য অবচয়ন করিয়া নিশ্চয়ই তোমার অঙ্গ প্রত্যঙ্গ নির্ম্মাণ করিয়াছেন, যেহেতু হে কুরঙ্গনেত্রে! ত্বদীয় অঙ্গ সকল স্বীয় কিরণ সমূহে মণিময় মুকুর (দর্পণ) কেও বিড়ম্বিত করিতেছে, অতএব হে প্রিয়তমে! এই ত্রিভুবন মধ্যে তোমার অঙ্গের সাদৃশ্য আর দেখা যায় না। ১৮॥

শ্রীরাধার অঙ্গনিষ্ঠ লাবণ্য উদাহরণ করণানন্তর শ্রীকৃষ্ণের অঙ্গ-লাবণ্য বর্ণনা করিতেছেন, যথা বা॥

এক দিবস শ্রীরাধা শ্রীকৃষ্ণাগ্রে উপবেশন পূর্ব্বক খেলা করিতে ছিলেন, অকস্মাৎ তাঁহার মনোমধ্যে মানের উদয় হওয়াতে বিশাখা অবগত হইয়া বিবেচনা করিলেন, হায়! পাছে বা ইঁহাকে উপহাসা

বিরচয় মুখচন্দ্রং মা সুধারাশ্মিবর্ণং।
ইয়মুরসি মুরারেরস্তি নান্যা মৃগাক্ষী
মরকত,মুকুরাভে বিম্বিতাসি ত্বমেব।

অথ সৌন্দর্য্যং।

অঙ্গপ্রত্যঙ্গকানাং যঃ সন্নিবেশো যথোচিতং।
সুশ্লিষ্টসন্ধিবন্ধঃ স্যাত্তৎ সৌন্দর্য্যমিতীর্য্যতে ॥ ১৯ ॥

যথা—

অখণ্ডেন্দোস্তুল্যং মুখমুরুকুচদ্যোতিতমুরো

লোচনরোচনী টীকা।

শ্রীরাধাং প্রতি সখীসান্ত্বনং ১৯

আনন্দচন্দ্রিকা টীকা

অঙ্গানাং বাহ্বাদীনাং প্রত্যঙ্গকানাং প্রগণ্ডপ্রকোষ্ঠমণিবন্ধাদীনাং যথোচিতং স্থৌল্য-কার্শ্যবর্ত্তুলত্বাদিকং যত্র যত্র যদযদুচিতং ভবতি তদনতিক্রম্য সন্নিবেশঃ সুশ্লিষ্টঃ যথোচিতং মাংসলত্বেনৈক্যমাপ্তঃ সন্ধীনাং কফোণ্যাদীনাং বন্ধে যস্মিন্ সঃ ১৯

শ্রীকৃষ্ণঃ আহ অখণ্ডেন্দোরিতি অংসে স্কন্ধে স্রস্তৌ নতাবিত্যর্থঃ মধ্যগভিতঃ মধ্যস্থ সর্ব্ব-

---

স্পদ হইতে হয়, অতএব অগ্রেই কিঞ্চিৎ উপদেশ দিতেছি এই নিশ্চয় করত বিশাখা কহিলেন, সখি। ধীরে ধীরে তোমার কর্ণে কহিতেছি, মনোযোগ পূর্ব্বক শ্রবণ কর, নতুবা পশ্চাৎ হাস্যাস্পদ হইবা হে সুন্দরি! হঠাৎ কেন আপনার বদনচন্দ্র বিবর্ণ করিলে? এই ব্রজপুরে মুরহরের মরকত মুকুর (দর্পণ) তুল্য উরঃস্থলে (বক্ষে) অন্য কোন মৃগাক্ষী ত নাই, তোমাকেই ত প্রতিবিম্বিতা দেখিতেছি, অতএব বদন প্রসন্ন কর ॥

অথ সৌন্দর্য্য ॥

অঙ্গ প্রত্যঙ্গাদির যে যথোচিত সন্নিবেশ এবং সন্ধি সকলের যথা-যথ মাংসলত্ব তাহাকেই সৌন্দর্য্য বলে ॥ ১৯ ॥

যথা—শ্রীকৃষ্ণ কহিলেন হে রাধে! তোমার সৌন্দর্য্যের কথা অধিক আর কি বলিব, ত্বদীয় মুখমণ্ডল সাক্ষাৎ ইন্দুমণ্ডল তুল্য, উচ্চ কুচযুগে

ভুজৌ ন্তস্তাবংসে করপরিমিতং মধ্যমভিতঃ।
পরিস্ফারা শ্রোণী ক্রমলঘিমভাগূরুযুগলং
তবাপূর্ব্বং রাধে কিমপি কমনীয়ং বপুরভূৎ॥

অথাভিরূপতা॥

যদাত্মীয়গুণোৎকর্ষৈর্বস্ত্বন্যন্নিকটস্থিতং।
সারূপ্যং নয়তি প্রাজ্ঞৈরাভিরূপ্যং তদুচ্যতে॥

যথা,—মগ্না শুভ্রে দশনকিরণে স্ফাটিকীব স্ফুরন্তী
লগ্না শোণে করসরসিজে পদ্মরাগীব গৌরী।
গণ্ডোপান্তে কুবলয়রুচা বৈন্দ্রনীলীব জাতা

লোচনরোচনী টীকা।

অংসে স্কন্ধে ন্যস্তৌ নতাবিত্যর্থঃ নম্রাবিতি বা পাঠঃ। ২০।

আনন্দচন্দ্রিকা টীকা।

দিক্ষু করেণ করবিস্তারেণ পরিমিতং করেণৈব গ্রহিতুং শক্যমিত্যর্থঃ অভিতঃ পরিতঃ সময়েত্যাদিনা দ্বিতীয়া

যদিতি কর্তৃপদং অন্যদ্বস্তু কর্ম্মভূতং সারূপ্যং স্বতুল্যরূপত্বং।

শ্রীকৃষ্ণেন বাদ্যমানাং বংশীং দূরাদ্দর্শয়ন্তী বিশাখা শ্রীরাধামাহ মগ্নেতি শুভ্রে

বক্ষঃস্থল অতি সুদৃশ্য, ভুজদ্বয় স্কন্ধদেশে নত, মধ্যভাগ মুষ্টিপরিমিত, নিতম্ব অতিশয় বিশাল ও ঊরুযুগ ক্রমশঃ লঘু হইয়া অদ্ভুত শোভা বিস্তার করিতেছে, যাহা হউক হে প্রিয়তমে! তোমার এই বপুঃ অপূর্ব্ব কমনীয়স্বরূপে প্রকাশশীল হইয়াছে।

অথ অভিরূপতা।

যে বস্তু স্বীয় গুণের উৎকর্ষ নিমিত্ত সমীপস্থ অন্য বস্তুকে আপনার সারূপ্য প্রাপ্ত করায়, পণ্ডিতেরা তাদৃশ গুণকে আভিরূপ্য বলিয়া কীর্ত্তন করেন॥

যথা,—বিশাখা শ্রীকৃষ্ণকর্ত্তৃক বাদ্যমানা বংশী দূর হইতে শ্রীরাধাকে দেখাইয়া কহিলেন, হে গৌরি! ঐ দেখ বংশী শ্রীকৃষ্ণের দশন-জ্যোৎস্নায় নিমগ্ন হইয়া স্ফটিকের ন্যায় স্ফূর্ত্তি পাইতেছে, লোহিতবর্ণ করসরোরুহে সংলগ্ন হইয়া পদ্মরাগ মণির তুল্য শোভা ধারণ করিয়াছে এবং কুবলয়কান্তিতুল্য কপোলপ্রান্তে মিলিত হইয়া ইন্দ্রনীলমণির প্রভা

সূতে রত্নত্রয়ধিয়মসৌ পশ্য কৃষ্ণস্য বংশী ॥

যথা বা ॥

বক্ষোজে তব চম্পকচ্ছবিমবস্তুস্তোরুকুম্ভোপমে
রাধে কোকনদশ্রিয়ং করতলে সিন্দূরতঃ সুন্দরে ।
দ্রাগিন্দীবরবন্ধুরেষু চিকুরেষ্বিন্দীবরাভাং বহ-
ন্নেকঃ কৈরবকোরকো বিতনুতে পুষ্পত্রয়ীবিভ্রমং ॥ ২০ ॥

অথ মাধুর্য্যং ।

আনন্দচন্দ্রিকা টীকা।

জনয়তি

যথা বেতি । অত্র নায়কনায়িকয়োঃ শৃঙ্গাররসস্য পরস্পরবিষয়াশ্রয়ত্বে পরস্পররূপাদীনাং পরস্পরোদ্দীপনত্বে বর্ণনং পূর্ব্বপশ্চাদ্ভাবো ন নিয়ম্যত ইতি জ্ঞেয়ং

শ্রীকৃষ্ণ আহ বক্ষোজ ইতি । কৈরবকোরকঃ শ্বেতোৎপলকলিকা অবস্তুতঃ স্বর্ণং কোক-নদং রক্তোৎপলং ইন্দীবরো ভ্রমরঃ ইন্দীবরং নীলোৎপলং　২০ ॥

বিস্তার করিতেছে, অতএব হে সুন্দরি ! আশ্চর্য্য ! অবলোকন কর, ঐ কৃষ্ণমুরলী তিনটী রত্নের বিভ্রম জন্মাইতে লাগিল ।

যথা বা—

শ্রীকৃষ্ণ কহিলেন রাধে ! কি আশ্চর্য্য ! এই একটী শ্বেতোৎপল-কলিকা তোমার স্বর্ণকলস তুল্য উচ্চ কুচকুম্ভে সংলগ্ন হইয়া চম্পক-কোরকের কান্তি ধারণ করিতেছে, সিন্দূর অপেক্ষাও সুন্দর ত্বদীয় করতলে কোকনদের (রক্তপদ্মের) শোভা বিস্তার করিতেছে এবং ইন্দীবরতুল্য অতিসুন্দর তোমার কেশকলাপে সংলগ্ন হইয়া নীলোৎ-পলের আভা বহন করিতেছে, যাহা হউক হে প্রিয়তমে ! এই এক কৈরবকোরক (কলিকা) তোমার অঙ্গসঙ্গে তিনটী পুষ্পের বিভ্রম জন্মাইতে লাগিল ॥ ২০ ॥

অথ মাধুর্য্য ।

রূপং কিমপ্যনির্ব্বাচ্যং তনোর্মাধুর্য্যমুচ্যতে ২১।

যথা —

কিমপি হৃদয়মন্তুশ্যামলং ধাম রুন্ধে
দৃশমহহ বিলুণ্ঠত্যাঙ্গিকী কাপি মুদ্রা।
চটুলয়তি কুলস্ত্রীধর্ম্মচর্য্যাং বকারেঃ
সুমুখি মববিবর্ত্তঃ কোহপ্যসৌ মাধুরীণাং।

অথ মার্দ্দবং ॥

লোচনরোচনী টীকা

রূপং অঙ্গানি অভূষিতানীত্যাদিনা লক্ষিতং যত্তদেব। কিমপি [illegible]লপ্রচারমনির্ব্বাচ্যম্ স্বাদ্যমানত্বেহপি নির্ব্বক্তুমশক্যং চেত্তদা তনোর্মাধুর্য্যমুচ্যতে ২১।

বধুনামিতি সর্ব্বত্রাম্বেতি। হৃদয়ং কর্ম্মরূপং। ধাম কর্ত্তৃরূপং। বকারের্মাধুরীণাং কো

আনন্দচন্দ্রিকা টীকা

রূপমঙ্গান্যভূষিতানীত্যাদিনা যল্লিখিতং তদেব কিমপি নির্বক্তুমশক্যং চেদযদ্বাচকঃ শব্দো ন লভ্যতে কিন্তু মনসৈবাস্বাদ্য প্রতীয়তে তন্মাধুর্য্যং কিমপীত্যাদিশব্দৈর্যথা কথঞ্চিদগম্যমিত্যর্থঃ। ২১।

বিশাখা শ্রীরাধামাহ কিমপি ধাম কর্তৃ হৃদয়ং কর্ম্ম রুন্ধে স্বস্মিন্নাবৃত্য স্থাপয়তীত্যর্থঃ। বিলুণ্ঠতি বলাদপহরতি। এবঞ্চ মনোদৃশোরভাবে কথং ধর্ম্মঃ স্যাদিত্যাহ চটুলয়তি চঞ্চলীকরোতি বিবর্ত্তঃ পরিপাকবিশেষঃ ২২

শরীরের কোন অনির্ব্বচনীয় রূপকে মাধুর্য্য কহে ॥ ২১ ॥

যথ —

বিশাখা কহিলেন রাধে। বকারির নবনীরদ শ্যামল ধাম কুলস্ত্রীদিগের হৃদয় অবরোধ করত আপনাতে স্থাপন করিতেছে এবং তদীয় আঙ্গিকী মুদ্রা অর্থাৎ তনুবিভঙ্গী বলপূর্ব্বক নেত্র হরণ করিয়া লইয়াছে, অতএব হে সুমুখি। কুলকামিনীগণের মনোনেত্রের অভাব হওয়াতে কি প্রকারে ধর্ম্ম রক্ষা হইবে, যেহেতু মাধবের কোন এক মাধুর্য্যের বিবর্ত্ত অর্থাৎ পরিণাম বিশেষ যুবতিবৃন্দের পাতিব্রত্য ধর্ম্মচর্য্যাকে চঞ্চল করিতেছে ॥

অথ মার্দ্দব।

মার্দ্দবং কোমলস্যাপি সংস্পর্শাসহতোচ্যতে ।
উত্তমং মধ্যমং প্রোক্তং কনিষ্ঠং চেতি তত্ত্রিধা । ২২ ।

তত্রোত্তমং ।

অভিনবনবমালিকাময়ং সা
শয়নবরং নিশি রাধিকাধিশিশ্যে ।
ন কুসুমপটলং দরাপি জগ্লৌ
তদনুভরাত্তনুরেব সব্রণাসীৎ ২৩

মধ্যমং যথা ।

লোচনরোচনী টীকা

হপ্যসৌ বিবর্ত্তঃ পরিপাকঃ ২২

নিশি রাধিকাঽধিশিশ্যে কৃষ্ণেন সহেতি বোধ্যতে ততস্তস্যা মার্দ্দবলক্ষণঃ স্বগুণোঽয়ং শ্রীকৃষ্ণভোগ্যত্বেনানুভূয়মান উদ্দীপনায় কল্পতে স ইতি ভাবঃ বক্ষ্যমাণমধ্যমকনিষ্ঠোদাহরণেতু তাং তাং প্রতি সখীবাক্যত্বাৎ পূর্ব্ববদুদ্দীপনে জাতে এবেত্যেবমন্যত্রাপি জ্ঞেয়ং সব্রণেতি দেহাদত্যুক্তিঃ গ্লাপিতেত্যেব বাস্তবং । ২৩ ।

আনন্দচন্দ্রিকা টীকা।

রূপমঞ্জরী রতিমঞ্জরীমাহ অভিনবেতি। তেনাদ্যারভ্য নবমালিকায়াঃ শয্যা ন কার্য্যা কিন্তু যূথিকানাং স্থলকমলানাং বা দলাগ্রাণি কিং বা তদর্থমন্যান্যেব পুষ্পাণ্যবচেতুমন্বেষ্টব্যানীতি ভাবঃ অধিশিশ্যে অধিশীঙ্-স্থাসাং কর্ম্মেত্যাধারকর্ম্মণি প্রত্যয়ঃ ২৩

কোমল বস্তুর সংস্পর্শ অসহিষ্ণুতাকে মার্দ্দব বলে, ঐ মার্দ্দব (মৃদুতা) উত্তম, মধ্যম ও কনিষ্ঠ ভেদে তিন প্রকার হয় ॥ ২২ ॥

তন্মধ্যে উত্তম মার্দ্দব যথা—

রূপমঞ্জরী রতিমঞ্জরীকে কহিলেন সখি! গতনিশায় শ্রীরাধা অভিনব নবমল্লিকার উৎকৃষ্ট শয্যায় শয়ন করিয়াছিলেন কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, ঐ সকল পুষ্প কিঞ্চিন্মাত্র ম্লান হয় নাই, পরন্তু শ্রীরাধার কোমলাঙ্গে ব্রণ সকল সুস্পষ্টরূপে প্রতীয়মান হইতেছে, অতএব হে সখি! অদ্যাবধি আর নবমল্লিকার শয্যা নির্ম্মাণ করিও না ২৩ ॥

মধ্যম মার্দ্দব যথা।

চিত্রং ধনিষ্ঠে তনুবাসসোঽপি
চীনস্য পীনস্তনি সঙ্গমেন।
লিপ্তেব তে লোহিতচন্দনেন
মূর্ত্তির্বিদূনা সখি লোহিতাসীৎ ২৪।

কনিষ্ঠং যথা রসসুধাকরে।

আমোদমামোদনমাদধানং বিলীন-নীলালকচঞ্চরীকং।

লোচনরোচনী টীকা

চীনস্য তন্নামদেশোদ্ভবস্য ॥ ২৪।

আমোদং সৌরভং আমোদনমানন্দনং ২৫

আনন্দচন্দ্রিকা টীকা

ললিতাহ চিত্রমিতি চীনস্য চীনদেশোদ্ভবস্যাতিসূক্ষ্মস্য লোহিতচন্দনেন রক্তচন্দনেন ॥ ২৪।

পদ্মায়াঃ সখী স্বসখীমাহ আমোদং সৌরভং আমোদনমানন্দদায়ি আদধানং অন্তেভ্যোঽপ্যর্পয়ন্তং নিলীনাঃ স্বেদসম্পর্কাত্তালোপান্তসংস্পৃষ্টাঃ নীলালকা এব চঞ্চরীকা ভ্রমরা যত্র তৎ। নন্বাসাং সদৈব বস্ত্রালঙ্কারাদিমতীনাং দিবসেঽপ্যভিসারবনবিহারাদৌ সূর্য্যকিরণস্পর্শিনীনাং মার্দ্দবনিবন্ধনবৈবর্ণ্যস্য সার্ব্বদিকত্বে বিভাববৈরূপ্যং প্রসজ্জেৎ নৈবং আসাং প্রায়ঃ সদৈব জাগরূকরাগাখ্যস্থায়িভাববতীনাং দুঃখমপি পরমসুখরূপমেব ভবেৎ তস্মিন্ সতি স্ফুটো বৈরূপ্যং প্রত্যুত সৌরূপ্যমেবাধিকং ভবেৎ অত্র প্রমাণং তীব্রার্কদ্যুতিদীপিতৈরিতি বক্ষ্যমাণরাগোদাহরণপদ্যমেব তত্র সন্তপ্তাতীক্ষ্ণশিলাপি পরমসুকুমারচরণতলবৈরূপ্যালেশমপি নাকরোৎ কিমুত শ্রীকৃষ্ণদৃষ্টিসুখদাত্বেনানুসন্ধীয়মানানি বস্ত্রালঙ্কারাদীনি ততশ্চ কলহান্তরিতত্ব-

ললিতা কহিলেন হে পীনস্তনি ধনিষ্ঠে। তুমি চীনদেশোৎপন্ন সূক্ষ্ম বসন পরিধান করিয়াছিলে তাহাতেই কি তোমার এই মৃদুতনু ব্যথিত হইয়া লোহিতচন্দনের সাদৃশ্য ধারণ করিল? হায়। ও প্রকার বসন আর পরিধান করিও না। ২৪

কনিষ্ঠ মার্দ্দব যথা রসসুধাকরে।

পদ্মার সখী আপনার সখীকে কহিলেন, বয়স্যে। পদ্মার আমোদজনক সুগন্ধশালি মুখপদ্মে নীলবর্ণ চূর্ণকুন্তল সকল ভ্রমরস্বরূপে নিলীন

ক্ষণেন পদ্মামুখপদ্মমাসীৎ ত্বিষা রবেঃ কোমলয়াপি তাম্রং।

অথ নাম যথা।

তটভুবি রবিপুত্র্যাঃ পশ্য গৌরাঙ্গি রঙ্গী
স্ফুরতি সখি কুরঙ্গীমণ্ডলে কৃষ্ণসারঃ
ইতি ভবদভিধানং শৃণ্বতী সা মদুক্তৌ
স্বতনুরতনুঘূর্ণাপূরপূর্ণা বভূব ॥ ২৫।

অথ চরিতং ॥

অনুভাবাশ্চ লীলা চেত্যুচ্যতে চরিতং দ্বিধা।

লোচনরোচনী টীকা

অনুভাবা অত্রালঙ্কারাখ্যা উদ্ভাস্বরাখ্যা বাচিকাখ্যাশ্চ ২৬

আনন্দচন্দ্রিকা টীকা

দশাদাবাসাং, শ্রীকৃষ্ণসম্বন্ধসম্ভাবনাভাবাদ্রাগাখ্যস্থায়িভাবানুদ্গমসময় এব মার্দ্দবনিবন্ধনং বৈবর্ণ্যং জ্ঞেয়ং অতএব মার্দ্দবোদাহরণেষু শ্রীকৃষ্ণসম্বন্ধেনোপাত্তঃ মার্দ্দবস্যোত্তমত্বকনিষ্ঠত্ব-জ্ঞাপনার্থশ্লোকত্রয়ং মার্দ্দবস্য তাবতম্যন্তু শ্রীকৃষ্ণস্য স্পর্শনদর্শনাদৌ জ্ঞেয়মিতি কেচি-দাচক্ষতে

বৃন্দা শ্রীকৃষ্ণমাহ তটেতি ২৫

অনুভাবা অলঙ্কারাখ্যাশ্চ জ্ঞেয়াঃ

হইয়া রহিয়াছে, কিন্তু আশ্চর্য্য এই যে, ঐ পদ্মার মুখপদ্মে কোমল-রবিকিরণ পতিত হওয়াতেই ক্ষণকালের মধ্যে তাম্রবর্ণ হইয়া উঠিল ॥

অথ নাম যথা—

বৃন্দা কহিলেন, কৃষ্ণ! আমি শ্রীরাধার নিকট গমন করিয়া কহিলাম, হে গৌরাঙ্গি! অবলোকন কর রবিপুত্রীর তটভূমিতে রঙ্গী কৃষ্ণসার কুরঙ্গীমণ্ডলে পরিবৃত হইয়া স্ফূর্ত্তি পাইতেছে হে রসিকশেখর! আমার প্রমুখাৎ তোমার নাম শ্রবণমাত্রেই ঐ শোভনাঙ্গী অতনুর (মনোভবের) ঘূর্ণাসমূহে পূর্ণা হইয়া উঠিলেন। ২৫

অথ চরিত।

চরিত দুই প্রকার, অনুভাব এবং লীলা। অনুভাব পরে প্রদর্শন

অগ্রেঽনুভাবা বক্তব্যা লীলেযং কথ্যতেঽধুনা
লীলা স্যাচ্চারুবিক্রীড়া তাণ্ডবং বেণুবাদনং।
গোদোহঃ পর্ব্বতোদ্ধারো গোহূতির্গমনাদিকা।

তত্র চারুবিক্রীড়া

রাসকন্দুকখেলাদ্যা চারুক্রীড়া চ কীর্ত্তিতা।

তত্র রাসঃ

তং বিলাসবতি রাসমণ্ডলে পুণ্ডরীকনযনং সুরাঙ্গনাঃ।
প্রেক্ষ্য সম্ভৃতবিহার বিভ্রমং বভ্রমুর্মদনসংভ্রমোর্ম্মিভিঃ ২৬॥

কন্দুকক্রীড়া।

আনন্দচন্দ্রিকা টীকা

শ্যামলা শ্রীরাধামাহ তমিতি হে বিলাসবতি রাধে অত্র বর্ণ্যমানত্বেন স্মৃতে রাসো রতেরুদ্দীপনো জ্ঞেয়ঃ ২৬

করিব, এক্ষণে লীলা প্রদর্শিত হইতেছে॥

যথা—

মনোহর ক্রীড়া, বেণুবাদন, গোদোহন, পর্ব্বত উত্তোলন, গো আহ্বান এবং গমন, ইত্যাদিকে লীলা বলিয়া কীর্ত্তন করা যায়॥

তন্মধ্যে মনোহর ক্রীড়া যথা—

রাস ও কন্দুকখেলা ইত্যাদিকে মনোহর ক্রীড়া কহা যায়।

তন্মধ্যে রাস যথা—

শ্যামলা শ্রীরাধাকে কহিলেন, হে বিলাসবতি! পুণ্ডরীকনয়ন রাসস্থলীমধ্যে সম্যক্ প্রকারে যে বিলাস-বিভ্রম বিস্তার করিতেছেন, তদবলোকনে, ঐ দেখ দেবাঙ্গনাগণ মদনসম্ভ্রমের তরঙ্গে অত্যন্ত ভ্রান্তা হইতে লাগিল॥ ২৬।

অথ কন্দুক (গেঁড়ু বা বল) ক্রীড়া।

অরুণরুচিমুদস্য ক্ষেপণীং কুঞ্চিত গ্রাং
সরভসমভিধাবন্ বিভ্রমাদ্দীর্ঘবেণিঃ।
বিরচয়তি মুকুন্দঃ কন্দুকান্দোলনৃত্য-
ৰ্দ্বিপুলনয়নভঙ্গীবিভ্রমঃ কৌতুকং নঃ　২৭॥

তাণ্ডবং।

প্রচল প্রচলাককুণ্ডলোঽয়ং স্বসুহৃন্মণ্ডলচর্চ্চরীপরীতঃ।

লোচনরোচনী টীকা।

অরুণরুচিমিতি দ্বয়ং কাঞ্চিৎ প্রতি সখ্যা বচনং, তেনাবগতত্বাচ্চ তত্তল্লীলায়া উদ্দীপনত্বং ২৭

প্রচলাকঃ পিচ্ছং চর্চ্চরী তালবিশেষঃ ২৮।

আনন্দচন্দ্রিকা টীকা

বয়স্যৈঃ সহ খেলন্তং শ্রীকৃষ্ণং লতাজালদত্তনেত্রা পশ্যন্তী শ্রীরাধা স্বসখীঃ প্রত্যাহ অরুণরুচিং হিঙ্গুলেন রঞ্জিতাং ক্ষেপণীং কন্দুকোৎক্ষেপণলকুটিকাং উদস্য কন্দুকমুচ্চাশয়িতুমুৎক্ষিপ্য বিভ্রমন্তী বিভ্রমবতী ধাবনেনাদ্ভুতবিলাসযুক্তা দীর্ঘা বেণির্যস্য সঃ কন্দুকান্দোলনেন নৃত্যতোর্বিপুলয়োর্নয়নয়ো র্ভঙ্গ্যা বিভ্রমঃ শোভাবিশেষো যস্য সঃ ২৭

লতাজালে পশ্যন্তী শ্রীরাধা সখীঃ প্রাহ প্রচলেতি প্রচলাকঃ পিচ্ছং চর্চ্চরী তালবিশেষঃ ।২৮।

শ্রীকৃষ্ণ সখ সহ কন্দুকক্রীড়া করিতেছিলেন, শ্রীরাধা লতাজালে অক্ষিনিক্ষেপ পূর্ব্বক অবলোকন করিয়া আপনার সখীসকলকে কহিলেন, বয়স্যাগণ। ঐ দেখ শ্রীকৃষ্ণ সঙ্কুচিতাগ্র অরুণবর্ণ ক্ষেপণী দ্বারা কন্দুক উর্দ্ধে নিক্ষেপ করিয়া যে তৎ পশ্চাৎ পশ্চাৎ ধাবমান হইতেছেন, তাহাতেই উহাঁর দীর্ঘবেণী অদ্ভুতরূপে বিভ্রম প্রকাশ করিতেছে, অতএব হে সখীবৃন্দ। গোবিন্দ কন্দুকক্রীড়াচ্ছলে আপনার বিপুল নয়নভঙ্গী বিস্তার-করত আমাদিগকে আনন্দিত করিতেছেন। ২৭।

অথ তাণ্ডব অর্থাৎ নৃত্য।

লতাজাল হইতে শ্রীরাধা শ্রীকৃষ্ণের নৃত্য দর্শন করিয়া কহিলেন,

হন্বিরদ্য নটন্ পতঙ্গপুত্রীতটরঙ্গে মম রঙ্গমাতনোতি। ২৮ ॥

বেণুবাদনং যথা ললিতমাধবে ॥

জঙ্ঘাধস্তটসঙ্গি দক্ষিণপদং কিঞ্চিদ্বিভুগ্নত্রিকং
সাচি স্তম্ভিতকন্ধরং সখি তিরঃসঞ্চারি নেত্রাঞ্চলং।
বংশীং কুট্মলিতে দধানমধরে লোলাঙ্গুলীসঙ্গতাং
রিঙ্গদ্ভ্রূভ্রমরং বরাঙ্গি পরমানন্দং পুরঃ স্বীকুরু ॥

লোচনরোচনী টীকা

জঙ্ঘাধস্তটেতি দাম্পত্যেন শ্রীকৃষ্ণপ্রাপ্ত্যুপায়সময়ে তদঙ্গভেদেন শ্রীরাধায়াঃ প্রতীতায়াঃ প্রতিমায়া বর্ণনং ২৯।

আনন্দচন্দ্রিকা টীকা।

ললিতা শ্রীরাধামাহ জঙ্ঘেতি পরমানন্দং তদেকস্বরূপত্বেনাধারাধেয়ভেদশূন্যং মূর্ত্তমেব সুখমিত্যর্থঃ অঙ্গীকুরু কটাক্ষেঙ্গিতেন স্বীকুরু কীদৃশং জঙ্ঘয়া বামজঙ্ঘয়া সহাধস্তটেন স্বাধোভাগেন সঙ্গি দক্ষিণপদং যস্য তং কিঞ্চিদীষদ্বিভুগ্নং ত্রিকং মধ্যভাগো যস্য তং। পৃষ্ঠবংশাধরে ত্রিকমিত্যমরঃ সাচি তির্য্যক্‌স্তম্ভিতা স্তম্ভভাবেন এব নিশ্চলা কন্ধরা গ্রীবা যস্য তং

সখীগণ! ঐ দেখ শ্রীকৃষ্ণ, ভানুপুত্রীর তটবর্ত্তি রঙ্গভূমিতে সখাগণের তালে তালে এরূপ অদ্ভুত নৃত্য করিতেছেন যে, তাহাতেই উঁহার মস্তকস্থ চন্দ্রক (ময়ূরপুচ্ছ) সমূহ মণ্ডলাকার হইয়া শোভা বিস্তার করিতেছে, কি আশ্চর্য্য। যদবলোকনে আমার চিত্ত একবারেই আনন্দরসে পরিপ্লুত হইল ॥ ২৮ ॥

বেণুবাদন যথা ললিতমাধবে ॥

ললিতা শ্রীরাধাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, হে বরাঙ্গি! ঐ দেখ শ্রীকৃষ্ণ, বামজঙ্ঘার অধোভাগে দক্ষিণচরণ সংলগ্ন, মধ্যদেশ কিঞ্চিৎ বক্র, কন্ধর তির্য্যক্‌ভাবে স্তম্ভিত, নেত্রাঞ্চল কুটিলরূপে সঞ্চালিত, বেণুর রন্ধ্র সকলে অঙ্গুলি সঞ্চালন পূর্ব্বক মুকুলিত (ঈষদ্বিকসিত) অধরে বংশী ধারণ এবং ভ্রূভ্রমরকে নর্ত্তিত করত পরমানন্দরূপে অগ্রে স্ফূর্ত্তি পাইতেছেন, শীঘ্র উঁহাকে স্বীকার কর।

গোদোহে যথা পদ্যাবল্যাং ॥

অঙ্গুষ্ঠাগ্রিমযন্ত্রিতাঙ্গুলিরসৌ পাদার্দ্ধনীরুদ্ধভূ-
রাপীনাঞ্চলমার্দ্রয়ন্নিহ পুরো দ্বিত্রৈঃ পয়োবিন্দুভিঃ।
ন্যগ্জানুদ্বয়মধ্যযন্ত্রিতঘটীবক্ত্রান্তরালস্খল-
দ্ধারাধ্বানমনোহরং সখি পয়ো গাং দোগ্ধি দামোদরঃ ২৯ ॥

পর্ব্বতোদ্ধারঃ।

উদ্যম্য কন্দুকিতমন্দরসোদরাদ্রিং

লোচনরোচনী টীকা।

কন্দুকিতঃ কন্দুকীকৃতঃ মন্দরসোদরস্তত্তুল্যোঽদ্রির্যেন তং সব্যং করমুদ্যম্য অসব্যং

আনন্দচন্দ্রিকা টীকা।

বিশাখা শ্রীকৃষ্ণং দর্শয়ন্তী শ্রীরাধামাহ অঙ্গুষ্ঠস্যাগ্রিমোঽগ্রভবো যো ভাগঃ তেন যন্ত্রিতাঃ সুশ্লিষ্টা অঙ্গুলয়ো যেন সঃ অত্র ভাগশব্দস্য সমাসেঽন্তর্ভাবো বাচ্যঃ যদুক্তং ভাষাবৃত্তৌ। ক্বচিদুত্তরপদস্য বৃত্তাবন্তর্ভাবঃ সুবর্ণবিকারোঽলঙ্কারোঽস্য সুবর্ণালঙ্কার ইতি আপীনমূধস্তস্যাঞ্চলং পুরঃ দোহক্রিয়ায়াঃ প্রথমমেবেত্যর্থঃ ন্যক্ কিঞ্চিদধোঽঞ্চদযজ্জানুদ্বয়ং উরুপর্ব্ব যুগলং তন্মধ্যে যন্ত্রিতা নিশ্চলতয়া ন্যস্তা যা ঘটী তস্যা যদ্বক্ত্রান্তরালং মুখমধ্যং তত্র স্খলন্ত্যঃ পতন্ত্যো যা ধারাস্তাসাং ধ্বানেন মনোহরং যথা স্যাত্তথা পয়ো গামিতি কর্ম্মদ্বয়ং ২৯

শ্রীরাধা বিশাখামাহ উদ্যম্যেতি কন্দুকিতঃ ক্রীড়ার্থমিবাবলীলয়ৈব কন্দুকীকৃতঃ মন্দরং

গোদোহন যথা পদ্যাবলীতে ॥

বিশাখা শ্রীকৃষ্ণকে দর্শন করাইয়া কহিলেন, হে প্রিয়সখি। অবলোকন কর, শ্রীকৃষ্ণ অর্দ্ধচরণে ভূমি অবষ্টম্ভপূর্ব্বক উপবেশন করিয়া নতাগ্র জানুদ্বয়ের মধ্যে দোহনপাত্র ধারণ করিয়াছেন এবং বৃদ্ধাঙ্গুষ্ঠের অগ্রভাগে অঙ্গুলি সকল সংশ্লিষ্ট করত দুই তিন ধারা দুগ্ধ দ্বারা অগ্রে ঊধস্ (বাঁটকে) আর্দ্র করিয়া দোহন করিতে লাগিলেন, কিন্তু হে সখি! দামোদরের ঐ প্রকার আশ্চর্য্য গোদোহনে আমার চিত্ত অতিশয় মুগ্ধ হইল ॥ ২৯ ॥

পর্ব্বতোদ্ধার যথা ॥

শ্রীরাধা বিশাখাকে কহিলেন, হে সখি। আশ্চর্য্য দেখ। শ্রীকৃষ্ণ মন্দরতুল্য গোবর্দ্ধনাচল কন্দুকিত করিয়া বাম কর উত্তোলন করত

সব্যং করং কটিমনু স্থগয়ন্নসব্যং।
স্মেরাননশ্চলদৃগঞ্চলচঞ্চরীক-
শ্চিত্তাম্বুজং মম হরিশ্চটুলীচকার॥

গোহূতিঃ।

পিশঙ্গি মণিকস্তনি প্রণতশৃঙ্গি পিঙ্গেক্ষণে
মৃদঙ্গমুখি ধূমলে শবলি হংসি বংশীপ্রিয়ে
ইতি স্বসুরভীকুলং মুহুরুদীর্ণহীহীধ্বনি-
র্বিদূরগতমাহ্বয়ন্ হরতি হন্ত চিত্তং হরিঃ।

গমনং।

লোচনরোচনী টীকা

করং কটিমনুস্থগয়ন্ সংবৃততয়া স্থাপয়ন্ ৩০

আনন্দচন্দ্রিকা টীকা

সোদবর্ত্তত্বুল্যোঽদ্রির্যেন ৩ং সব্যং করমুদ্দায্য উত্থাপ্য তথা অসব্যং দক্ষিণকরং কটিং অনু-কট্যাং স্থগয়ন্ সম্বৃততয়া স্থাপয়ন্ বগে ষ্ঠগে সম্বরণে ধাতুঃ

শ্রীরাধা ললিতামাহ পিশঙ্গীত্যাদি পদ্যএবং রচিতে ধৈর্য্যস্য সম্বরঃ সম্বৃতির্লোপ ইতি

দক্ষিণ হস্ত কটিতটে ন্যস্ত করিযাছেন, বদনে মধুর মধুর হাস্য উদ্গত হইতেছে এবং তাঁহার দৃগঞ্চল চঞ্চল হইয়া ভ্রমরতুল্য কেলি প্রকাশ করিতেছে, অতএব হে সখি! হরির ঐ মূর্ত্তি আমার চিত্তপদ্মকে চঞ্চল করিয়া তুলিল।

গো আহ্বান যথা।

শ্রীরাধা কহিলেন, ললিতে। দূরগত স্বীয় গাভীকুল আহ্বান করি-বার নিমিত্ত শ্রীকৃষ্ণের মুখপদ্ম হইতে হে "পিশঙ্গি! হে মণিকস্তনি! হে প্রণতশৃঙ্গি! হে পিঙ্গেক্ষণে! হে মৃদঙ্গমুখি! হে ধূমলে! হে শবলি! হে বংশীপ্রিয়ে!" ইত্যাদি নামোল্লেখ করাতে যে আশ্চর্য্য রূপে মুহুর্মুহুঃ হীহী রব উদ্গত হইতেছে, হে সখি! তাহাতেই হরি আমার মন হরণ করিলেন॥

গমন যথা—

অনুপদমদমন্দান্দোলিদোরর্গলশ্রীঃ
সুরগজগুরুগর্ব্বস্তম্ভিগম্ভীরকেলিঃ।
সহচরি দরচঞ্চচ্চারুচূড়ারুচিশ্মাং
মদয়তি গতিমুদ্রামাধুরী মাধবস্য ৩০।

অথ মণ্ডনং ॥

চতুর্দ্ধা মণ্ডনং বাসোভূষামাল্যানুলেপনৈঃ ॥

তত্র বস্ত্রং যথা—

অম্বরং রচিতধৈর্য্যসম্বরং রম্যমম্বরমণিপ্রভোজ্জ্বলং

লোচনরোচনী টীকা।

দৃষ্টমপি বাম্যেনাদৃষ্টমিব জ্ঞাপয়ন্তীং কাঞ্চিৎ প্রতি সখ্যান্তদঙ্গবর্ণনেঽম্বরমিত্যাদ্যপি বর্ণনং জ্ঞেয়ং কিং ন পশ্যসীতি স্মারণাৎ সম্বরঃ সম্বরণং প্রাবরকাভা প্রভা মধ্যপদলোপাঃ স্মরগুঞ্জতেত্যর্থঃ রম্যমিত্যাদৌ প্রোদ্যদম্বরমণিপ্রভাম্বরামিতি বা পাঠঃ ৩১

আনন্দচন্দ্রিকা টীকা।

যাবৎ। অম্বরমণেঃ সূর্য্যস্য প্রভাভির্যাভিরুজ্জ্বলং অতিচাক্‌চিক্যবদিত্যর্থঃ। অম্বরমিদং পীতং মরুণং বা জ্ঞেয়ং। ৩০ ৩১

শ্রীরাধা ললিতাকে কহিলেন, হে সহচরি! যাঁহার গমন নিমিত্ত পদে পদে বাহুযুগল মদহেতু মন্দ মন্দ আন্দোলিত হইয়া অনর্গল শোভা ধারণ করিয়াছে, চূড়া ঈষৎ চঞ্চলিত হইয়া অপূর্ব্ব শোভা বহন করিতেছে এবং যিনি স্বীয় গম্ভীর কেলি দ্বারা দেবগজ ঐরাবতের গর্ব্ব স্তম্ভিত করিতেছেন হে সখি। সেই মাধবের গতিমুদ্রা আমাকে আনন্দ প্রদান করিতে লাগিল ॥ ৩০॥

অথ মণ্ডন ॥

বস্ত্র, ভূষণ, মাল্য এবং অনুলেপন ইত্যাদি ভেদে মণ্ডন চারি প্রকার হইয়াথাকে ॥

তন্মধ্যে বস্ত্র যথা ॥

শ্রীরাধা ললিতাকে কহিলেন, হে সুভ্রু! ঐ যে পুণ্ডরীকনয়ন কটিতটে মণিপ্রভার ন্যায় উজ্জ্বল রম্য অম্বর (বসন) পরিধান করি-

সুভ্রু কিং নহি কটীরমণ্ডলে পুণ্ডরীকনয়নস্য পশ্যসি। ৩১ ॥

যথা ব —

অমলকমলরাগরাগমেতত্তব জযতি স্ফুটমদ্ভুতং দুকূলং।

মম হৃদি নিজরাগমত্র রাধে দধদপি যদ্দ্বিগুণং বভূব রক্তং ৩২

ভূষা যথা—

প্রহরতু হরিণা কদম্বপুষ্পং

প্রিয়সখি শেখরিতং যদঙ্গজাস্ত্রং।

লোচনরোচনী টীকা

কমলরাগঃ পদ্মরাগমণিঃ দ্বিগুণং বভূব। রক্তমিতি স্বহৃদয়স্থরাগাতিশযো ব্যঞ্জিতঃ। রাগাস্যানুরাগবাচকত্বেঽপি স্ববিষয়োৎকর্ষব্যঞ্জকত্বাদযুক্তমেব তদিত্যপি সূচিতং ৩২

আনন্দচন্দ্রিকা টীক।

শ্রীকৃষ্ণঃ শ্রীরাধামাহ অমলেতি কমলরাগঃ পদ্মরাগমণিস্তস্যৈব রাগো রক্তিমা যস্য তৎ নিজস্য রাগং রক্তিমানং অনুরাগঞ্চ দধৎ অর্পযৎ দ্বিগুণমিতি অনুরাগস্য স্বভাব এবাযং যৎ স্ববিষয়স্য নিত্যনূতনীকরণেন প্রতিক্ষণং শোভাতিশয়মনুভাবয়তীতি ৩২।

শ্রীরাধা ললিতামাহ প্রহরত্বিতি শেখরিতং শেখরীকৃতং শিখাস্বাপীড়শেখরাবিত্যমরঃ।

য়াছেন, তাহা কি তুমি দেখিতেছ না। কি আশ্চর্য্য! যাহা দেখিয়া আমার ধৈর্য্য একেবারেই বিসর্জিত হইল ৩১।

যথ বা—

শ্রীকৃষ্ণ কহিলেন, রাধে! তোমার পট্টবসন অমল পদ্মরাগের ন্যায় লোহিতবর্ণ হওযাতে অতিশয় জয়যুক্ত হইতেছে, পরন্তু আমার হৃদয়ে যে অনুরাগ বিদ্যমান আছে তাহাও ধারণ করাতে ঐ বসন দ্বিগুণতর রক্তবর্ণ হইয়াছে। ৩২।

ভূষা যথা—

শ্রীরাধা ললিতাকে কহিলেন, হে প্রিয়সখি! শ্রীকৃষ্ণ যে কদম্ব পুষ্পকে শেখরীকৃত করিয়াছেন উহা সামান্য নয়, সাক্ষাৎ পঞ্চশরের

বত কথমমুনাঽবতংসিতোঽসৌ
মম হৃদি বিধ্যতি নীলকণ্ঠপক্ষঃ ৩৩।

যথা বা—

হারেণ তারদ্যুতিনা কপোল-
প্রেঙ্খোলিনা কুণ্ডলয়োর্যুগেন
উত্তুঙ্গভাসা কনকাঙ্গদেন

লোচনরোচনী টীকা

নীলকণ্ঠপক্ষো ময়ূরপিচ্ছং। নীলকণ্ঠো রুদ্রঃ তস্যাঙ্গজবিদ্বেষিত্বেন প্রসিদ্ধস্য পক্ষঃ সহায়োঽপীত্যর্থঃ ৩৩।

হারেণেত্যাদ্যপি হরিবিষয়া যা ললিতা বতেরুদ্দীপনত্বং পূর্ব্ববীত্যা জ্ঞেয়ং সাক্ষাৎ পরম্পরয়া বা তয়া তাদৃশশ্রীকৃষ্ণবাক্যশ্রুতেঃ তারেণ মুক্তা শুদ্ধা দ্যুতির্যস্য তেন লালিতা

আনন্দচন্দ্রিকা টীকা

অঙ্গজস্য কন্দর্পস্যাস্ত্রমিতি তস্য পুষ্পশরত্বাদয়ম চ সদৈব তল্লক্ষ্যত্বাৎ প্রহরন্তিত্যুচিতমেব নীলকণ্ঠস্য সদৈব তদ্বিদ্বেষিত্বেন প্রসিদ্ধস্য বজ্রস্য পক্ষঃ সখা মম হৃদি কথং বিধ্যতি। পক্ষঃ সখিসহায়য়োরিতি মেদিনী নীলকণ্ঠঃ পক্ষে পক্ষঃ ময়ূরপুচ্ছং নীলকণ্ঠোভুজঙ্গভুক্ ইত্যমরঃ ৩৩।

শ্রীকৃষ্ণঃ পথি চলন্তীং ললিতাং বর্ণয়ন্ সুবলমাহ হারেণেতি তারো নাম মুক্তানাং সংশুদ্ধিগুণবিশেষঃ তেন দ্যুতির্যস্য তেন তারোমুক্তাদিসংশুদ্ধৌ তবলে শুদ্ধমৌক্তিক ইতি বিশ্বঃ

শর, পরন্তু দুঃখের বিষয় এই যে উনি যে নীলকণ্ঠপক্ষকে (ময়ূর পুচ্ছকে) অবতংস করিয়াছেন, ও কেন আমার হৃদয়ে ব্যথা প্রদান করিতেছে ॥ ৩৩।

যথা বা—

শ্রীকৃষ্ণ পথমধ্যে গমনকারিণী ললিতাকে দেখিয়া তাঁহার রূপ বর্ণন করত সুবলকে কহিলেন, বন্ধো! ঐ যে ললিতাকে যাইতে দেখিতেছ ও নক্ষত্রকান্তি হার এবং কুণ্ডলযুগ যাহা কপোলপ্রান্তে চঞ্চলিত হইতেছে, তথা দ্যোতমান কনকাঙ্গদাদি আভরণে অভিলষণীয়া হইয়া

সাং জানিতেয়ং ললিতা ধিনোতি ৩৪।

মাল্যানুলেপনে যথা রসসুধাকরে—

আলোলৈরনুমীয়তে মধুকরৈঃ কেশেষু মাল্যগ্রহঃ
কান্তিঃ কাপি কপোলয়োঃ প্রথয়তে তাম্বূলমন্তর্গতং।
অঙ্গানামনুমীযতে পরিমলৈরালেপনপ্রক্রিয়া
বেষঃ কোঽপি বিদগ্ধ এব সুদৃশঃ সূতে সুখং চক্ষুষোঃ। ৩৫।

যথা বা -

অনঙ্গরাগায় বভূব সদ্যস্তবাঙ্গরাগোঽপি কিমঙ্গনাসু।

লোচনরোচনী টীকা।

সখীভিরুপসেবিতা ৩৪

আলোলৈরিত্যপি পূর্ব্ববৎ পরপরত্র চাবতারিকা ভঙ্গ্যা তথৈব যোজ্যং ৩৫

অনঙ্গরাগায়েতি তৎপ্রেয়স্যাঃ পুরতঃ শ্রীকৃষ্ণং প্রতি সখীকৃতপরিহাসবচনং ৩৬।

আনন্দচন্দ্রিকা টীকা

লালিতা হাবাদিভিঃ প্রীণিতীকৃতা লল ঈপ্সায়াং চুরাদিঃ ৩৪

শ্রীকৃষ্ণ আহ কেশেষু বস্ত্রাচ্ছাদিতেষপি মাল্যগ্রহো মাল্যধারণং প্রথযতে খ্যাপয়তে ৩৫।

দূতী শ্রীকৃষ্ণমাহ অনঙ্গেতি অঙ্গরাগশ্চন্দন কুঙ্কুমাদ্যনুলেপঃ। তব দাম মাল্যমপি উদ্দামো-

আমাকে অতিশয় ব্যথা প্রদান করিতেছে ৩৪।

মাল্য এবং অনুলেপন যথা রসসুধাকরে।

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, বন্ধো। শ্রীরাধা যে আপনার কেশোপরি পুষ্পমাল্য ধারণ করিয়াছেন, যদিচ তাহা বস্ত্রদ্বারা আবৃত রহিয়াছে সত্য, তথাচ, মকরন্দলোলুপ মধুপবৃন্দের ঝঙ্কারে অনুমিত হইতেছে, তথা গণ্ডদ্বয়ের কোন অনির্ব্বচনীয় কান্তি অন্তর্গত তাম্বুলরাগকে প্রখ্যাপিত করিতেছে অতএব হে সখে। ঐ সুদৃশীর কোন এক বিদগ্ধবেশ আমার নেত্রদ্বন্দ্বের সুখাতিশয় বিস্তার করিতে লাগিল ৩৫।

যথ বা—

দূতী শ্রীকৃষ্ণের নিকট গমন করিয়া কহিল, হে দামোদর। সম্প্রতি তোমার চন্দনাদি অঙ্গরাগ কি অঙ্গনাগণের অনঙ্গবর্দ্ধনের

উদ্দামত্ব বায তথা কিমাসীদ্দামাপি দামোদরতাবকীনং ॥

অথ সম্বন্ধিনঃ

লগ্নাঃ সন্নিহিতাশ্চেতি দ্বিধা সম্বন্ধিনো মতাঃ ॥

তত্র লগ্নাঃ।

বংশী শৃঙ্গীরবৌ গীতং সৌরভ্যং ভূষণক্বণঃ।
পদাঙ্কাদ্যা বিপঞ্চ্যাদিনিক্বাণঃ শিল্পকৌশলং।
ইত্যাদযোঽত্র কথিতা লগ্নাঃ সম্বন্ধিনো বুধৈঃ। ৩৬ ॥

তত্র বংশীরবঃ দানকেলিকৌমুদ্যাং ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

বিনির্গলো যো ভাবস্তদর্থং বিবোধপক্ষে উদুপসর্গোনঞর্থে উদ্দামা না গচ্ছতীতিবৎ

গুণাদয়োগগুনান্তা উদ্দীপনবিভাবাঃ। নাযকযোঃ সাক্ষাদ্বর্ত্তিত্বে এব সম্বন্ধিনস্ত তদসাক্ষাদ্বর্ত্তিত্বে ইতি ভেদৌ জ্ঞেয়ঃ সম্বন্ধিষপি তদবিনাভাববন্তো বংশীরবাদ্যা লগ্না ইতি তৌ বিনাপি পৃথক্স্থিতা নির্ম্মাল্যাদয়ঃ সন্নিহিতা ইত্যাখ্যায়ন্তে কিঞ্চ বংশীরবাদীনাং তৎসাক্ষাৎবর্ত্তিত্বে গোহ্নতির্গমনাদিকেত্যাদিপদগ্রাহ্যত্বেন লীনেত্যাখ্যা সাক্ষাদ্বর্ত্তিত্বাভাবে তু সম্বন্ধিন ইতি অতএব বেণুবাদনতাণ্ডবগোহ্নতযো লীলামধ্যেঽপি পঠিতা ইতি ৩৬

নিগিত্ত হইল? এবং তোমার গলদেশে যে পুষ্পদাম দেখিতেছি, তাহাও কি ঐ সকল কুলাঙ্গনাদিগের উৎকট ভাব বিধানার্থই প্রস্তুত হইল?

অথ সম্বন্ধী।

লগ্ন (মিলিত) ও সন্নিহিত ভেদে সম্বন্ধী দুই প্রকার।

তন্মধ্যে লগ্ন যথা।

বংশীরব, শৃঙ্গীধ্বনি, গীত, সৌরভ, ভূষণশব্দ, চরণচিহ্ন, বীণারব ও শিল্পকৌশল ইত্যাদিকে পণ্ডিতগণ লগ্নসম্বন্ধি বলিয়া কীর্ত্তন করেন।৩৬

তন্মধ্যে বংশীরব যথা দানকেলিকৌমুদীতে ॥

বেণোরেষ কলস্বনস্তরুলতাব্যাজৃম্ভণে দোহদং
সন্ধ্যাগর্জভরঃ পিকদ্বিজকুহূস্বাধ্যায়পারায়ণে।
আভীরেন্দুমুখীস্মরানলশিখোৎসেকে সলীলানিলো
রাধাধৈর্য্যধরাধরেন্দ্রদমনে দম্ভোলিকম্মীলতি॥

যথা বা রসসুধাকরে।

লোচনরোচনী টীকা।

পারায়ণং পাঠস্য সাকল্যকরণং ব্যাজৃম্ভণে পুষ্পাদি প্রকাশে নিমিত্তে দোহদং বাঙ্গনীয় মিত্যর্থঃ। ৩৭

আনন্দচন্দ্রিকা টীক

বৃন্দা শ্রীরাধাপ্রভৃতী রাহ বেণোরিতি ব্যাজৃম্ভণে পুষ্পপল্লবাদিপ্রকাশে নিমিত্তে দোহদং তদানন্দকৌষধবিশেষঃ তথা পিকা এব দ্বিজাস্তেষাং কুহূরেব স্বাধ্যায়ো বেদপাঠস্তস্য পারায়ণে সাকল্যেনাবর্ত্তনে সন্ধ্যাগর্জাতিশয়দম্ভোলির্বজ্রং

অত্র রাধাধৈর্য্যেত্যনেন শ্রীরাধায়া এব ভাবোদ্দীপনত্বং বেণুস্বনস্যাবগতং বিবক্ষিতন্তু সর্ব্বাসামেব ইত্যত আহ যথা বেতি রাধব ইতি অত্র গোপিকাপদেন নায়িকামাত্রং মুক্তং।

রাধা প্রভৃতি যূথেশ্বরীগণকে ললিতা কহিলেন, অহে সুন্দরীবৃন্দ! শ্রীকৃষ্ণের এই যে বেণুরব শ্রবণ করিতেছ, উহা সামান্য নয়, তরুলতা-দিগের পুষ্পপল্লবাদির প্রকাশনের নিমিত্ত ঔষধ বিশেষ, কোকিলাদি দ্বিজগণের ধ্বনিরূপ বেদপাঠে সন্ধ্যাগর্জনতুল্য, অর্থাৎ বেণুরব পিক প্রভৃতি পক্ষিকুলকে নীরব করিয়াছে, আভীরচন্দ্রাননাদিগের কন্দর্পাগ্নি শিখার উদ্দীপনার্থ বায়ু বিশেষ, তথা ঐ মুরলীধ্বনি শ্রীরাধার ধৈর্য্যরূপ শ্রেষ্ঠ ধরাধরের (পর্ব্বতের) দমনার্থ বজ্রসদৃশ হইয়া ব্রজমধ্যে অত্যন্ত বিরাজ করিতেছে।

উক্ত উদাহরণে শ্রীরাধার ধৈর্য্যপর্ব্বতের দমনার্থই মুরলীরব কথিত হইল কিন্তু গোপাঙ্গনা সকলের উদ্দীপন বিশেষ না হওয়াতে অপরিতুষ্টচিত্তে পুনর্ব্বার কহিলেন, যথা বা রসসুধাকরে—

মাধবো মধুরমাধবীলতামণ্ডপে পটুরটন্মধুব্রতে।
সংজগৌ শ্রবণচারু গোপিকামানমীনবড়িশেন বেণুনা ॥
কৃষ্ণবক্ত্রেন্দুনিষ্ঠ্যূতং মুরলীনিনদামৃতং।
উদ্দীপনানাং সর্ব্বেষাং মধ্যে প্রবরমীর্য্যতে ॥

শৃঙ্গীরবঃ।

কংসারাতেঃ পিবতু মুরলী তস্য সদ্বংশজন্মা
সা বক্ত্রেন্দুং স্ফুটমকুটিলা পঞ্চমোদ্গারগুর্ব্বী।
আস্বাদ্যামুং ত্বমপি বিষমাভঙ্গুরাঙ্গারকালী
তুঙ্গং শৃঙ্গি ধ্বনসি যদিদং তত্তু দুঃখাকরোতি ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

নিষ্ঠ্যূতমুদ্গীর্ণং।

শ্রীরাধাহ কংসেতি বিষমা শৈত্যেঽপি সর্ব্বত্র সাম্যরহিতা সা প্রসিদ্ধা যশস্বিনী দুঃখাকরোতি দুঃখং দদাতি দুঃখাৎ প্রাতিলোম্যে ইতি ডাচ্

কোন এক সখী কহিলেন, হে সুন্দরীবৃন্দ! মাধবসকল বিষয়েই পটু, যেহেতু তিনি মধুকরগুঞ্জিত মধুরমাধবীলতামণ্ডপে ভ্রমণ করিতে করিতে এ প্রকার মনোহর বেণুরব করিতেছেন যে, তাহাতেই গোপীগণের মান-মীন বড়িশের ন্যায় বিদ্ধ হইয়া একেবারেই নিঃশেষ হইতেছে ॥

অপর যে সকল উদ্দীপন কীর্ত্তন করা হইল তন্মধ্যে শ্রীকৃষ্ণ বদনোদ্গীর্ণ মুরলীরবই সর্ব্বাপেক্ষা উৎকৃষ্ট ॥

অথ শৃঙ্গীরব।

শ্রীরাধা কহিলেন, হে শৃঙ্গি! মুরলী কৃষ্ণমুখচন্দ্র পান করিতেছে করুক, যেহেতু সে স্বয়ং সদ্বংশজাতা এবং সরলা তথা পঞ্চমস্বর উদ্গার হেতু অতিশয় গুর্ব্বী, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, তুমিও ঐ শ্রীকৃষ্ণের মুখেন্দু পান করিয়া নিজে বিষম, ভঙ্গিমতী ও অঙ্গারের ন্যায় কৃষ্ণবর্ণ হইয়াছ, সে যাহা হউক, তুমি আর ও প্রকার উচ্চরব করিও না, যেহেতু তোমার ধ্বনি শুনিয়া সকলেরই হৃদয়ে ব্যথা উপস্থিত হইতেছে, অতএব তুমি ক্ষান্ত হও।

অথ গীতং।

মানানলং মে শময়ন্ সমিদ্ধং গানামৃতং বর্ষতি কৃষ্ণমেঘঃ।
মা ক্রুধ্য বাত্যাসি সখি প্রসীদ দূরে নয়ামুং নিজবিভ্রমেণ। ৩৭

সৌরভ্যং

মিলতি পরিমলোর্ম্মিঃ কস্য রোমশ্রিয়াসৌ
মম তনু লতিকায়াং কুর্ব্বতী কুট্মলানি।

লোচনরোচনী টীকা।

মিলতি পরিমলশ্রীঃ কস্য বা রোমমূলৈ মমেত্যেব পাঠঃ   সুরভিতয়া সুগন্ধিতয়া পঙ্ক

আনন্দচন্দ্রিকা টীকা

কলহান্তরিতা শ্রীরাধা ললিতামাহ মানেতি   শময়ন্ শময়িতুং ত্বং বাত্যা অসি যতো মামেব চালয়সি তং কিং ন চালয়সি যদি শক্নোষীতি ভাবঃ ৩৭

অভিসরন্তী শ্রীরাধা বনমধ্য এবাহ মিলতীতি। পরিমলশ্রীঃ সৌরভসম্পত্তিঃ রোমশ্রিয়া রোমামুদ্গমশোভয়া ইত্যর্থঃ দধ্না উপাসিক্ত ওদনো দধ্যোদন ইতিবৃহৃদগণপরস্য বৃত্তাবন্তর্ভাবঃ প্রত্যুত্তরমবদন্তীং ললিতাং স্বয়মেবাহ হে সখি বিদিতং ময়া সহসা জ্ঞাতং সুরভি

অথ গীত।

প্রোষিতভর্ত্তৃকা শ্রীরাধা প্রাহ কৃতেতি স্বভাবতো বামায়া অপি শ্রীরাধায়াঃ প্রেয়সি বিনয়োঽযং তদানীং দৈন্যনির্ব্বেদাদিভিরযত্নজ এবাভূৎ পূর্ব্বজ যত্নেনৈবাবহিত্থা সিদ্ধ্যতি লক্ষবহিত্থয়ৈব যত্ন ইতি বিনয়স্ত যত্নজত্বমেব

দক্ষিণা নায়িকা চন্দ্রাবলীর প্রায়ই ঐ প্রকার স্বভাব, পরন্তু চন্দ্রাবলীর তৎকালীন স্বীয় বিনয় সিদ্ধির নিমিত্ত নেত্রান্তের সারল্যাদির কিঞ্চিৎ যত্নকারিত্ব প্রযুক্ত ইহা কৃত্রিম, সুতরাং অপরিতোষ চিত্তে পুনর্ব্বার কহিলেন

যথাবা।

প্রোষিতভর্ত্তৃকা শ্রীরাধা কহিলেন সখি! শ্রীকৃষ্ণ কৃতজ্ঞও বটেন, তাঁহার বুদ্ধিও প্রেম বশতঃ উজ্জ্বলা, তিনি স্বয়ং বিনয়ী ও অভিজ্ঞ জনের চূড়ামণি, কৃপাসমুদ্র ও নির্ম্মল হৃদয় হইয়াও যখন এই গোকুল ভূমিকে আর স্মরণ করিতেছেন না তখন এ আমারই জন্মান্তরীয় পাপবৃক্ষের ফল ভিন্ন আর কিছুই নয়॥

অথ ধৈর্য্য

উন্নতি অবস্থায় চিত্তের যে স্থিরতা তাহাকে ধৈর্য্য বলে

যথা ললিতমাধবে।

ঔদাসীন্যধুরাপরীতহৃদয়ঃ কাঠিন্যমালম্বতাং
কামং শ্যামলসুন্দরো ময়ি সখি স্বৈরী সহস্রং সমাঃ।
কিন্তু ভ্রান্তিভরাদপি ক্ষণমিদং তত্র প্রিয়েভ্যঃ প্রিয়ে
চেতো জন্মনি জন্মনি প্রণয়িতা দাস্যং ন মে হাস্যতি॥

অথ স্বভাবজাঃ তত্র লীলা।

প্রিয়ানুকরণং লীলা রম্যৈর্বেশক্রিয়াদিভিঃ॥ ৬৬।

যথা বিষ্ণুপুরাণে।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধা নববৃন্দামাহ ঔদাসীন্যেতি প্রণয়িতয়া প্রেম্ণা দাস্যং কৈঙ্কর্য্যং ন হাস্যতি ন ত্যক্ষতি অত্র বিরহবৈবশ্যে নাবীবস্বভাবায়া অপি শ্রীরাধায়াস্তদানীং রত্যাখ্যসঞ্চারি প্রাবল্যোদয়াদৈর্য্যমিদমযত্নজং এবং শোভাদয়ো মাধুর্য্যান্তাস্তত্তদ্দেহস্বভাবজা অপি শোভার্থং প্রযত্নাভাবাদযত্নজশব্দেনৈবোচ্যন্তে প্রগল্ভতাদয় স্রয়োঽলঙ্কারাস্তু ন স্বভাবজঃ তত্র তত্রোক্তযুক্ত্যা নাপি প্রযত্নজা ইত্যযত্নজা এব।

স্বভাবজ ইত্যেষু ক্বাপি যত্নস্থ বুদ্ধিপূর্ব্বকত্বং ক্বাপি সঞ্চারি ভাবোত্থত্বেনাবুদ্ধি পূর্ব্বকত্বং কিন্তু সর্ব্বত্র স্বভাবো জাগরূক ইতি স্বভাবজশব্দেনৈবোচ্যতে ইতি প্রিয়স্যানুকরণং বুদ্ধিপূর্ব্বকমবুদ্ধিপূর্ব্বকং বা প্রেমবতীনাং স্বাভাবিকমেব ৬৬॥

যথা ললিতমাধবে।

শ্রীরাধা নববৃন্দাকে কহিলেন, সখি। শ্যামসুন্দর ঔদাসীন্যভরে পরিপ্লুত হৃদয় হইয়া স্বচ্ছন্দ রূপে আমাতে সহস্র বৎসর যাবৎ কাঠিন্য অবলম্বন করুন কিন্তু তিনি আমার সকল প্রিয় অপেক্ষাও প্রিয়, তাঁহাতে আমার প্রেমনিবন্ধন এই চিত্ত ক্ষণকালের নিমিত্ত দাস্য ত্যাগ করিতেছে না।

অথ স্বভাবজ তন্মধ্যে লীলা যথা—

রমণীয় বেশ ও ক্রিয়া দ্বারা প্রিয়ব্যক্তির যে অনুকরণ তাহাকে লীলা বলে॥ ৬৬

যথা বিষ্ণুপুরাণে॥

দুষ্টকালিয় তিষ্ঠাদ্য কৃষ্ণোঽহমিতি চাপরা।
বাহুমাস্ফোট্য কৃষ্ণস্য লীলাসর্ব্বস্বমাদদে ॥

যথা বা ছন্দোমঞ্জর্য্যাং।

মৃগমদকৃতচর্চ্চা পীতকৌষেযবাসা-
রুচিরশিখিশিখণ্ডা বদ্ধধম্মিল্লপাশা।
অনৃজু নিহিতমংসে বংশমুৎক্বাণয়ন্তী
কৃতমধুরিপুবেশা মালিনী পাতু রাধা ॥

অথ বিলাসঃ।

লোচনরোচনী টীকা।

লীলাসর্ব্বস্বং তস্য লীলায়া যাবান্ পরিকরস্তাবন্তমাদদে গৃহীতবতী। অনুকৃতবতী-ত্যর্থঃ ৬৭

আনন্দচন্দ্রিকা টীকা

পরাশরো মৈত্রেয়ং প্রত্যাহ দুষ্টেতি আস্ফোট্য শৌর্য্যদ্যোতনার্থং বামবাহুপ্রগণ্ডে কর-তলপ্রহারেণ শব্দমুৎথাপ্য লীলেয়ং বিপ্রলম্ভভবেণোন্মাদোত্থত্বাদবুদ্ধিপূর্ব্বকযত্নবতী।

বুদ্ধিপূর্ব্বকযত্নবতীমপি তামুদাহর্ত্তুমাহ যথ বেতি রতিমঞ্জরী স্বসখীমাহ মৃগেতি। মালিনী মালাবতী তন্নামছন্দশ্চ ॥

পরাশরঋষি মৈত্রেয়কে কহিলেন, মুনে। কৃষ্ণবিরহে উন্মত্তা হইয়া কোন এক গোপযোষা কহিলেন, অরে দুষ্ট কালিয়। থাক এই আমি কৃষ্ণ, এই বলিয়া বাহু আস্ফোটন পূর্ব্বক শ্রীকৃষ্ণের লীলানুকরণে প্রবৃত্ত হইলেন ॥

যথাবা গঙ্গাদাস কৃত ছন্দোমঞ্জরীতে

রতিমঞ্জরী আপনার সখীকে কহিলেন, সুন্দরি। ঐ দেখ শ্রীকৃষ্ণ-বিরহে উন্মত্তা হইয়া শ্রীরাধা গাত্রে মৃগমদ লেপন, পীত-পট্টাংশুক পরিধান, কেশপাশে রুচিকর ময়ূরপুচ্ছ বন্ধন, তথা গলদেশে বনমালা ধারণ পূর্ব্বক কুটিল অংস (স্কন্ধ) দেশে সরল বংশী অর্পণ করিয়া মধুর মধুর বাদ্য করিতেছেন অতএব হে সখি! ঐ কৃষ্ণতুল্য বেশধারিণী রাধা আমাদিগকে রক্ষা করুন ॥

অথ বিলাস ॥

গতিস্থানাসনাদীনাং মুখনেত্রাদিকর্ম্মণাং।
তাৎকালিকস্তু বৈশিষ্ট্যং বিলাসঃ প্রিয়সঙ্গজং। ৬৭ ॥

যথা—

রুণৎসি পুরতঃ স্ফুরত্যঘহরে কথং নাসিকা
শিখাগ্রথিতমৌক্তিকোন্নমনকৈতবেন স্মিতং।
নিরাস্থদচিরং সুধাকিরণকৌমুদীমাধুরীং
মনাগপি তবোদ্গতা মধুরদন্তি দন্তদ্যুতিঃ। ৬৮।

যথাবা ॥

লোচনরোচনী টীকা

নিরাস্থৎ নিরস্তবতী ৬৮

আনন্দচন্দ্রিকা টীকা।

তাৎকালিকমিত্যনেন প্রিয়সঙ্গারম্ভকাল এব লক্ষ্যতে ৬৭

অভিসার্য্যানীতাং শ্রীরাধাং শ্রীকৃষ্ণাগ্রে বাম্যং কুর্ব্বাণাং বীরা প্রাহ স্মিতং রুণৎসীতি। স্মিতেন মুখচন্দ্রব্যাপারবৈশিষ্ট্যং নিরাস্থৎ তিরস্কৃতবতী ৬৮

গতি, স্থান, আসন, মুখ ও নেত্রাদি কর্ম্ম সকলের প্রিয়সঙ্গম জন্য যে তাৎকালিক বৈশিষ্ট্য তাহাকে বিলাস বলে ॥ ৬৭।

যথা—

অভিসার করাইয়া শ্রীকৃষ্ণাগ্রে শ্রীরাধাকে আনয়ন করায় ঐ শ্রীরাধা শ্রীকৃষ্ণ মুখাবলোকন করিয়া বাম্য প্রকাশ করিতেছিলেন, এমত সময়ে বীরা কহিলেন, হে মধুরদন্তি! অগ্রে স্ফুর্ত্তিশীল অঘহরকে দেখিয়া তোমার যে হাস্য উদ্গত হইতেছে তাহা কেন তুমি নাসাগ্র-গ্রথিত মৌক্তিকের উন্নমনচ্ছলে অবরোধ করিতেছ? কেনই বা তুমি আপনার ঈষৎ উদ্গত দন্তদ্যুতি দ্বারা সুধাকিরণের (চন্দ্রের) কৌমুদী মাধুরীকে নিরাশ করিতেছ? হে শোভনদশনে। আর আপনার ভাব সঙ্গোপন করিও না ॥ ৬৮ ॥

নেত্রব্যাপারের বৈশিষ্ট্য দেখাইবার নিমিত্ত পুনরায় কহিলেন—

যথাবা ॥

অধ্যাসীনমমুং কদম্বনিকটে ক্রীড়াকুটীরস্থলী-
মাভীরেন্দ্রকুমারমত্র রভসাদালোকয়ন্ত্যাঃ পুরঃ।
দিগ্ধ দুগ্ধসমুদ্রমুগ্ধলহরীলাবণ্যনিঃস্যন্দিভিঃ
কালিন্দী তব দৃক্তরঙ্গিতভরৈস্তন্বঙ্গি গঙ্গায়তে

অথ বিচ্ছিত্তিঃ

আকল্পকল্পনাল্পাপি বিচ্ছিত্তিঃ কান্তিপোষকৃৎ

যথা—

মাকন্দপত্রেণ মুকুন্দচেতঃপ্রমোদিনা মারুতকম্পিতেন

লোচনরোচনী টীকা

দুগ্ধেত্যাদিনা স্মিতমেব ব্যঞ্জিতং　তত*চ কালিন্দ্যা গঙ্গায়মানত্বং ব্যক্তং　৬৯

আনন্দচন্দ্রিকা টীকা

নেত্রব্যাপারবৈশিষ্টং দর্শয়িতুমাহ যথাবেতি　অভিসার্য্যানীতাং শ্রীরাধাং বৃন্দা প্রাহ অধ্যাসীনমিতি　দুগ্ধসমুদ্রস্য সুন্দরলহরীণামিব লাবণ্যং নিস্যন্দয়িতুং শীলং যেষাং তৈর্দিগ্ধা লিপ্তেতি স্মিতং ব্যঞ্জিতং

বৃন্দা নান্দীমুখীমাহ মাকন্দেতি

বৃন্দা শ্রীরাধাকে অভিসার করাইয়া লইয়া গিয়া কহিলেন, হে তন্বঙ্গি! এই কদম্ব সমীপবর্তি ক্রীড়া-কুটিরস্থলীতে গোপেন্দ্রনন্দন আসীন আছেন, তুমি কৌতুকবশতঃ তাঁহাকে অগ্রে অবলোকন করিয়া আপনার যে নেত্রের তরঙ্গভর যাহা হইতে সর্ব্বতোভাবে ক্ষীরোদসাগরের লাবণ্য ক্ষরিতেছে, তাহা বিস্তার করাতেই এই কলিন্দজা গঙ্গাতুল্য ধবলবর্ণা হইয়াছেন।

অথ বিচ্ছিত্তি॥

যে বেশরচনা অল্প হইয়াও দেহকান্তির পুষ্টি সাধন করিয়া থাকে, বিচ্ছিত্তি বলে॥

যথা—

বৃন্দা নান্দীমুখীকে কহিলেন, দেবি! শ্রীরাধা মুকুন্দের চিত্ত-প্রমোদকারী একটী অভিনব লোহিত আম্রপল্লবে কর্ণ ভূষণ করিয়া-

রক্তেন কর্ণাভরণীকৃতেন বাধামুখাম্ভোরুহমুল্ললাস।

যথা বা হরিবংশে ॥

একেনামলপত্রেণ কণ্ঠসূত্রাবলম্বিনা।

রবাজ বর্হিপত্রেণ মন্দমারুতকম্পিনা ৬৯

সখীযত্নাদিব ধৃতির্মণ্ডনানাং প্রিয়াগসি।

সের্ষাবজ্ঞা বরস্ত্রীভির্বিচ্ছিত্তিরিতি কেচন।

যথা—

লোচনরোচনী টীকা

প্রিয়াগসি প্রিয়কর্তৃকেঽপরাধে সতি ৭০

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণেঽপ্যুদাহর্ত্তুমাহ যথা বেতি বৈশম্পায়নো ব্রজবিহারিণং শ্রীকৃষ্ণং বর্ণয়তি বর্হিপত্রেণ ময়ূরপক্ষেণ কীদৃশেন অমলানি পত্রাণি ধাত্র্যাদিদলানি যদ্বা আমলানি আমলক্যা এব দলানি তচ্চতুর্দ্দিক্ষু শোভার্থং বল্লীসূত্রেণ প্রোতানি যত্র তেন আমলং কমলং কুষ্ঠমিতি বৈদ্যকদৃষ্টেঃ ৬৯।

প্রিয়াগসি প্রিয়কর্তৃকেঽপরাধে সতি ঈর্ষ্যাবজ্ঞাভ্যাং সহ বর্ত্তমানা

ছেন, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে উহা বায়ু দ্বারা ঈষৎ কম্পিত হইয়া ত্বদীয় বদনেরই মনোহরত্ব বিস্তার করিতেছে

শ্রীকৃষ্ণবিষয়ক উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন—

যথা বা হরিবংশে ॥

বৈশম্পায়ন ঋষি ব্রজবিহারি শ্রীকৃষ্ণের বর্ণন পূর্ব্বক কহিলেন, কি আশ্চর্য্য। লতাসূত্র গ্রথিত আমলকী পত্র সকলের সহিত শোভমান একটী ময়ূরপুচ্ছই সুমন্দ সমীরণে কম্পিত হওয়াতে শ্রীকৃষ্ণ অতিশয় রূপে বিরাজ করিতেছেন ৬৯

কোন কোন রসজ্ঞদিগের মত এই যে, প্রিয়ব্যক্তি অপরাধ করিলে ঈর্ষা ও অবজ্ঞান্বিতা উত্তমা স্ত্রী সকলের সখী-প্রযত্নেই যেন অলঙ্কার সকলের ধারণ হয়, এমত স্থলে তাহাকেও বিচ্ছিত্তি বলে ॥

যথা—

মুদ্রাং গাঢ়তরাং বিধায় নিহিতে দূরীকুরুষ্বাঙ্গদে
গ্রন্থিং ন্যস্য কঠোরমর্পিতমিতঃ কণ্ঠান্মণিং ভ্রংশয়
মুগ্ধে কৃষ্ণভুজঙ্গদৃষ্টিকলয়া দুর্ব্বারয়া দূষিতে
রত্নালঙ্করণে মনাগপি মনস্তুষ্টিং ন পুষ্ণাতি মে ।

অথ বিভ্রমঃ ।

বল্লভপ্রাপ্তিবেলায়াং মদনাবেশসম্ভ্রমাৎ ।
বিভ্রমো হারমাল্যাদিভূষাস্থানবিপর্য্যয়ঃ ।

যথ বিদগ্ধমাধবে ।

আনন্দচন্দ্রিকা টীকা

মানিনী শ্রীরাধা বিশাখামাহ গাঢ়তরামিতি কঠোরমিত্যাভ্যাং স্বয়ং দূরীকরণাসামর্থ্যং দ্যোতিতং তেন চ ত্বমেব মল্লাঘবং কুর্ব্বতী বিপক্ষায়সে ইতি ধ্বনিঃ নন্বলঙ্কারেঃ কিমপরাদ্ধং তত্রাহ মুগ্ধে ইতি তব জ্ঞানং নাস্তীতি ভাবঃ কৃষ্ণভুজঙ্গেতি দৃষ্ট্যৈব বিষবর্ষণাদেষু বিষং লগ্নমিতি ভাবঃ তদ্দৃষ্টিবিষদিগ্ধেষু মদঙ্গেষু পুনর্বিষদাহার্পণমযুক্তমিতি ভাবঃ

বল্লভপ্রাপ্ত্যর্থং বল্লভনিকটস্থানগমনার্থং যা বেলা অভিসারসময়স্তস্যাং হারাদীনাং স্থান-বিপর্য্যয়ঃ অযথাস্থানধৃতিরিত্যর্থঃ

মানিনী শ্রীরাধা বিশাখাকে কহিলেন, সখি ! এই দুইটী অঙ্গদ গাঢ়রূপে নিবদ্ধ হইয়াছে, শীঘ্র ইহা দূরে নিক্ষেপ কর, মণিময় হার কণ্ঠে দৃঢ়তর সংলগ্ন হইয়াছে, ইহার গ্রন্থি খুলিয়া কণ্ঠ হইতে ভ্রংশিত কর, যদি বল অলঙ্কারের অপরাধ কি, তাহার কারণ এই, তুমি অতি মুগ্ধা, তোমার কিঞ্চিন্মাত্র জ্ঞান নাই, এই সকল আভরণ কৃষ্ণভুজঙ্গের দুর্ব্বার বিষদৃষ্টিতে দূষিত হইয়াছে, এ কারণ এ সমুদায় দেখিয়া আমার মন কিছু মাত্রও তুষ্টি অবলম্বন করিতেছে না, শীঘ্র খুলিয়া ফেল ॥

অথ বিভ্রম ।

বল্লভ সমীপে অভিসার কালীন প্রবল মদনাবেগ বশতঃ হার মাল্যাদির যে অযথা স্থানে ধৃতি তাহার নাম বিভ্রম ॥

যথা বিদগ্ধমাধবে ॥

ধম্মিল্লোপরি নীপরত্নরচিতো হারস্ত্বয়ারোপিতো
বিন্যস্তঃ কুচকুম্ভয়োঃ কুবলয়শ্রেণীকৃতো গর্ভকঃ
অঙ্গে চর্চ্চিতমঞ্জনং বিনিহিতা কস্তূরিকা নেত্রয়োঃ
কংসদ্বেষিভিসারসম্ভ্রমভরাদন্যে জগদ্বিস্মৃতং ॥

যথা বা শ্রীদশমে।

লিম্পন্ত্যঃ প্রমৃজন্ত্যোঽন্যা অঞ্জন্ত্যঃ কাশ্চ লোচনে।
ব্যত্যস্তবস্ত্রাভরণাঃ কাশ্চিৎ কৃষ্ণান্তিকং যযুঃ ৭০।
অধীনস্যাপি সেবাস্থাং কান্তস্যানভিনন্দনং

লোচনরোচনী টীকা

কান্তস্যেতি মনসাভিনন্দনন্তু বর্ত্তত এবেতি ভাবঃ তর্হি কথং তত্রাহ বামতোদ্রেকাৎ

আনন্দচন্দ্রিকা টীকা

ললিতা শ্রীরাধামাহ ধম্মিল্লেতি গর্ভকঃ কেশোচিতমাল্যং ৭০
আর্য্যমুদাহর্ত্তুমাহ যথা বেতি
বামতোদ্রেকাদনভিনন্দনং বস্তুতস্তু মনসা স্বভিনন্দনমস্ত্যেবেতি ভাবঃ কশ্চনাধ্যা·

ললিতা শ্রীরাধাকে কহিলেন, সখি। আজি যে তোমার ধম্মিল্লে (কেশপাশ—খোঁপাতে) নীপরত্ন রচিত হার অর্পণ, কুচকলস-যুগলে কুবলয়শ্রেণী নির্ম্মিত গর্ভক (কেশোচিত মাল্য) বিন্যাস, অঙ্গে অঞ্জনের চর্চ্চা তথা নেত্র দ্বন্দ্বে কস্তূরিকা ধারণ দেখিতেছি? ইহার কারণ কি? বোধ করি কংসারির অভিসার সম্ভ্রমভরেই জগৎ বিস্মৃত হইয়াছ॥

যথা বা শ্রীদশমে॥

কোন কোন গোপী অঙ্গে অঙ্গরাগ লেপন করিতেছিলেন, কেহ কেহ বা অঙ্গোদ্বর্ত্তনাদি কর্ম্ম করিতেছিলেন, কতকগুলি নয়নে অঞ্জন দিতেছিলেন, তাঁহারাও মুরলীরব শ্রবণ করিয়া সেই সকল কর্ম্ম পরিত্যাগ পূর্ব্বক শ্রীকৃষ্ণ সমীপে গমন করিলেন, ব্যস্ততা প্রযুক্ত তাঁহাদের বসন ভূষণের স্থান বিপর্য্যয় হইয়াছিল· ৭০

বামতার (কৌটিল্যের) আতিশয্য প্রযুক্ত সেবাতৎপর কান্তের প্রতি যে অভিনন্দন অর্থাৎ তাঁহার প্রতি যে আদর প্রকাশ না করা,

বিভ্রমো বামতোদ্রেকাৎ স্যাদিত্যাখ্যাতি কশ্চন ॥

যথা—

ত্বং গোবিন্দ ময়াঽসি কিং নু কবরীবন্ধার্থমভ্যর্থিতঃ
ক্লেশেনালমবন্ধ এব চিকুরস্তোমো মুদং দোগ্ধি মে।
বক্তস্যাপি ন মার্জ্জনং কুরু ঘনং ঘর্ম্মাম্বু মে রোচতে ·

লোচনরোচনী টীকা।

বাম্যাত্রেণ কৌটিল্যাতিশয়াৎ , প্রণয়বিশেষস্য তথৈব স্বভাব ইতি ভাবঃ তদুক্তং। অহে·

আনন্দচন্দ্রিকা টীকা।

তীতি অন্যে বিব্বোকোঽয়মিত্যাচক্ষতে ইত্যর্থঃ

ময়া কিমর্থমভ্যর্থিত ইতি মমৈবানতিজ্ঞত্বং ত্বাং প্রযুঞ্জানায়া দোষ ইতি ভাবঃ ক্লেশে· নালমিতি বহুতরপ্রযত্নপৌনঃপুন্যেনাপি মদালীভিরিব ত্বয়া কবরীনির্ম্মাণমশক্যমিতি ভাবঃ অত্র হেতুর্গোবিন্দেতি ত্বং গোচারণশিল্পস্যৈব অভ্যাসবাংস্তং নত্বেতৎকলায়ামিতি ভাবঃ গোবিন্দো গোবিচারণাদিতি ক্রমদীপিকোক্তেঃ নন্বতর্হি দাস্যএব করণীয় তত্রাহ অবন্ধ এবেতি ত্বৎপ্রেয়াম্লিদমপি ন জানাতীতি ত্বাং সাক্ষ হসিষ্যন্তীতি তানাহুয়স্ত ইতি ভাবঃ মুদং দোগ্ধীতি ত্বৎকৃতপ্রসাধনাদপ্রসাধনমেব বরং শোভতে ইতি ভাবঃ মার্জনং ন কুর্ব্বিতি মুখমার্জনপ্রকারস্তাবদস্য এব স চ ত্বয়া দুর্জ্জেয় এবেতি ভাবঃ তত্রাপি হেতু- র্গোবিন্দেতি ত্বং গবাং মুখপৃষ্ঠপুচ্ছাদিমার্জনকণ্ডূয়নাদিবিদ্যায়াং পারং গতোঽসি নতু নবা- ঙ্গনাঙ্গমার্জনকলায়ামিতি ভাবঃ। গাং বিন্দতীতি তৎপদব্যুৎপত্তেঃ মালতীবল্লীর্ন উত্তংসয় শিরোভূষণং ন কুরু তত্র হেতুর্মমেত্যাদি খেদং ভবেণেতি নহি শুকস্ববানমতংসঃ প্রশস্যতে মদালীভির্হি কৃতবৃত্তাভির্মালতীভিরবতংসবিরচনায় তেন মম ভার ইতি ভাব ইতি অত্রাপি হেতুর্গোবিন্দেতি গোবর্দ্ধনধারণাৎ প্রাপ্তগোবিন্দাভিধানাৎ ত্বমতি মহাঁল্লোকো

কাহারও কাহারও মতে ইহাকেও বিভ্রম বলে।

যথা—

মানিনী শ্রীরাধা শ্রীকৃষ্ণের প্রতি কহিলেন, গোবিন্দ! আমি ত তোমাকে প্রার্থনা করি নাই, তবে কেন তুমি আমার কবরীবন্ধন করিতেছ, আর ক্লেশের প্রয়োজন নাই, অবদ্ধ চিকুরই আমার আনন্দ বিস্তার করিতেছে, মুখ মার্জ্জনারও প্রয়োজন করে না, ঘর্ম্মাম্বু আমাকে রুচিকর বোধ হইতেছে, মালতীমাল্যদ্বারা শিরোভূষণও করিতে হইবে

নৈবোত্তংসয় মালতীর্মম শিরঃ খেদং ভরেণাপ্স্যতি ॥

অথ কিলকিঞ্চিতং ॥

গর্ব্বাভিলাষরুদিত-স্মিতাসূয়াভয়ক্রুধাং।
সঙ্করীকরণং হর্ষাদুচ্যতে কিলকিঞ্চিতং ॥ ৭১।

যথা—

ময়া জাতোল্লাসং প্রিয়সহচরী লোচনপথে
বলান্ন্যস্তে রাধাকুচমুকুলয়োঃ পাণিকমলে।

লোচনরোচনী টীকা

বিব গতিঃ প্রেয় ইতি ৭১

তথৈবোদাহরন্নাহ যথেতি অবষ্টভি তির্য্যক্তয়া সখীমবলম্বমানমিতি গর্ব্বঃ। সপুলক-মিত্যভিলাষঃ। স্মিতরুদিতাভ্যাং কান্তদ্যুতিকং মুখং যত্রেতি। স্মিতরুদিতে শাব্দে এব।

আনন্দচন্দ্রিকা টীকা

গোবর্দ্ধনপর্ব্বতমপি স্বশিরসি ভাবং ন মন্যসে মম তু নিকৃষ্টায়া শিরো মালতীকুসুমস্তোম-ভরেণাপি ব্যথত ইতি ভাবঃ। গোবিন্দেতি চাভ্যধাদিতি স্বতেঃ।

গর্ব্বাদীনাং সপ্তানাং সঙ্করীকরণং মিশ্রণং যুগপৎ প্রাকট্যমিত্যর্থঃ। হর্ষাদিতি তত্র হর্ষ এব হেতুরিত্যর্থঃ ৭১

শ্রীকৃষ্ণঃ সুবলমাহ ময়েতি। উদঞ্চদ্ভেদমিত্যসূয়াক্রোধৌ সপুলকমিত্যভিলাষঃ অব-ষ্টভি তির্য্যক্তয়া স্তব্ধমিতি গর্ব্বঃ বলিতং কিঞ্চিৎ পরাবৃত্তমিতি ভয়ং স্মিতরুদিতাভ্যাং

না, উহার গুরুতর ভার ক্লেশকর হইতেছে ॥

অথ কিলকিঞ্চিত ॥

গর্ব্ব, অভিলাষ, রোদন, হাস্য, অসূয়া, ভয় ও ক্রোধ হর্ষ হেতুক এই সাতটীর এককালীন প্রাকট্যকরণ তাহার নাম কিলকিঞ্চিত ॥ ৭১ ॥

যথা—

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, বন্ধো। আমি উল্লাস বশতঃ প্রিয় সহ-চরীদিগের লোচন-গোচরে শ্রীরাধার কলিকাসদৃশ কুচযুগলোপরি বল পূর্ব্বক করকমল বিন্যস্ত করিয়াছিলাম তন্নিবন্ধন তিনি যে আপ-নার সপুলকে ভ্রূভঙ্গি, তির্য্যক্‌ভাবে স্তব্ধ ও ঈষৎ পরাবৃত্ত হইয়া হাস্য আর যে রোদন করিয়াছিলেন তাহাতেই তাঁহার মুখপদ্মের সাতিশয়

উদঞ্চদ্ভ্রূভেদং সপুলকমবষ্টম্ভি বলিতং ·
স্মরাম্যন্তস্তস্যাঃ স্মিতরুদিতকান্তদ্যুতিমুখং ॥ ৭২ ॥
যথাবা দানকেলিকৌমুদ্যাং ।
অন্তঃস্মেরতয়োজ্জ্বলা জলকণব্যাকীর্ণপক্ষ্মাঙ্কুরা
কিঞ্চিৎ পাটলিতাঞ্চলা রসিকতোৎসিক্তা পুরঃ কুঞ্চতী।

লোচনরোচনী টীকা।

উদঞ্চদ্ভ্রূভেদমিত্যসূয়াক্রুধৌ বলিতং কিঞ্চিৎ পরাবৃত্তমিতি ভয়ং তস্যা ইতি সখাসেনো- পসর্জ্জনীভূতামপি শ্রীরাধামেব গৃহ্লাতি অন্যস্যা অতিবিপ্রকৃষ্টত্বাৎ। ৭২

রসিকোৎসিক্তেতি গর্ব্বঃ। উৎসেকোহত্র চিত্তোন্নত্যং। মধুরেত্যভিলাষঃ। ব্যাভু-

---

আনন্দচন্দ্রিকা টীকা

কান্তা দ্যুতির্যস্যেতি স্মিতরুদিতে শান্দে এবেতি সপ্ত। ৭২ ॥

ন কেবলমঙ্গস্পর্শ এব কিলকিঞ্চিতং স্যাৎ কিন্তু বর্ত্মরোধনাদাবপি স্যাদিত্যাখ্যাতুমাহ যথাবেতি কোঽপি নটেন্দ্রো রসিকসভ্যান্নান্দীপ্রয়োগেণানন্দয়তি অন্তরিতি পথি দানঘট্ট- মার্গে শ্রীমাধবেন শুল্কগ্রহণমিষেণ রুদ্ধায়াঃ শ্রীরাধায়াঃ দৃষ্টির্বো যুষ্মাকং শ্রিয়ং প্রেমোত্থস্তম্ভ- কম্পাদি শোভাং ক্রিয়াৎ কীদৃশী দৃষ্টিঃ কিলকিঞ্চিতমেব স্তবকনানাভাবপুষ্পগুচ্ছঃ তদ্বতীতি দৃষ্টে বল্লিত্বং আরোপিতং তত্রাপি শ্রিয়ং ক্রিয়াদিতি কল্পবল্লীত্বং অন্তঃস্মেরতয়েতি স্মিতং জল-

---

শোভা হইয়াছিল, অতএব হে সখে! শ্রীরাধার ঐ বদনই আমার স্মৃতিপথে উদিত হইতেছে।

উক্ত উদাহরণে ভ্রূভেদ হেতু অসূয়া আর ক্রোধ, অপর সপুলক হেতু অভিলাষ, তির্য্যক্‌ভাবে স্তব্ধ হওয়াতে গর্ব্ব, ঈষৎ পরাবৃত্ত প্রযুক্ত ভয়, তথা হাস্য ও রোদন এই সাতটীর এককালীন প্রাকট্য হইল ॥৭২

যথাবা দানকেলিকৌমুদীতে ॥

কেবল অঙ্গ স্পর্শাদিতে যে কিলকিঞ্চিত হয় এমত নহে, বর্ত্ম- রোধনাদিতেও কিলকিঞ্চিত সম্ভব হইতে পারে ॥

যথা—

কোন নটশ্রেষ্ঠ নান্দী প্রয়োগ দ্বারা রসিক সভ্যগণকে আনন্দ প্রদান পূর্ব্বক কহিলেন, অহে রসিকবৃন্দ! এক দিবস শ্রীকৃষ্ণ দানঘট্টে

রুদ্ধায়া পথি মাধবেন মধুরব্যাভুগ্নতারোত্তরা
রাধায়াঃ কিলকিঞ্চিতস্তবকিনী দৃষ্টিঃ শ্রিয়ং বঃ ক্রিয়াৎ।

অথ মোট্টায়িতং।

কান্তস্মরণবার্ত্তাদৌ হৃদি তদ্ভাবভাবতঃ।
প্রাকট্যমভিলাষস্ত মোট্টায়িতমুদীর্য্যতে।

লোচনরোচনী টীকা।

যেত্যন্বয়া। স্মিতরুদিতে স্পষ্টে। পুরোমীলিতেতি ভয়ং কিঞ্চিৎ পাটলিতাঞ্চলেতি ক্রুৎ কিলকিঞ্চিতরূপো যঃ স্তবকঃ গাম্ভীর্য্যময়ত্বাদস্ফুটো ভাববিশেষস্তদ্বতী ৭৩

আনন্দচন্দ্রিকা টীকা

কণেতি রুদিতং কিঞ্চিৎ পাটলিতেতি ক্রোধঃ শ্বেতরক্তস্তু পাটল ইত্যমরঃ। অত্র শ্বেতিমা স্বাভাবিক এব রক্তিমা ক্রোধাৎ রসিকতয়া উৎকর্ষেণ সিক্তেত্যভিলাষঃ পুনঃ কুঞ্চতীতি ভয়ং মধুরং যথা স্যাৎ তথা ব্যাভুগ্না বক্রা যা তারা কনীনিকা তয়া উত্তরা শ্রেষ্ঠা ইতি গর্ব্বাসূয়ে উপর্য্যুদীচ্য শ্রেষ্ঠেষপ্যুত্তর ইতি নানার্থঃ

তদ্ভাবঃ স্থায়ী রতিঃ তস্য ভাবতো ভাবনাতঃ

উপবিষ্ট আছেন ইতোমধ্যে ঐ পথ দিয়া শ্রীরাধা দধি বিক্রয়ার্থ যা ইতেছিলেন, শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে অবলোকন করিয়া শুল্কগ্রহণ ছলে পথ অবরোধ করিলে তৎক্ষণাৎ শ্রীরাধার নেত্র অন্তর্গত হাস্যে উজ্জ্বল, পক্ষ্ম সকল জলে আকীর্ণ, অন্তভাগ পাটলবর্ণ, তথা রসিকতায় উৎসিক্ত, অগ্রভাগ কুঞ্চিত এবং কুটিল ও উত্তার হইয়া যে কিলকিঞ্চিত স্তবকবিশিষ্ট হইয়াছিল, সেই নেত্র তোমাদের মঙ্গলবিধান করুক॥

তাৎপর্য্য, অন্তঃস্মের পদে হাস্য, জলকণা হেতুক রোদন, পাটলবর্ণ প্রযুক্ত ক্রোধ, রসিকতায় উৎসিক্ত নিমিত্ত অভিলাষ, অগ্রে কুঞ্চিত হেতু ভয়, কুটিল ও উত্তার নিমিত্ত গর্ব্ব এবং অসূয়া এই সপ্তভাব প্রকাশ হইল

অথ মোট্টায়িত।

কান্তের স্মরণ ও তদীয় বার্ত্তাদি শ্রবণে কান্তবিষয়ক স্থায়ীভাবের ভাবনা হেতুক হৃদয়মধ্যে যে অভিলাষের প্রাকট্য হয়, তাহাকে মোট্টায়িত বলে

যথা—

ন ক্রূতে ক্লমবীজমালিভিরলং পৃষ্টাপি পালী যদা
চাতুর্য্যেং তদগ্রতস্তব কথা তাভিস্তদা প্রস্তুতা।
তাং পীতাম্বর জৃম্ভমাণবদনাম্ভোজ ক্ষণং শৃণ্বতী
বিম্বোষ্ঠী পুলকৈর্ব্বিড়ম্বিতবতী ফুল্লাং কদম্বশ্রিয়ং।

অথ কুট্টমিতং

স্তনাধরাদিগ্রহণে হৃৎপ্রীতাবপি সম্ভ্রমাৎ।
বহিঃক্রোধো ব্যথিতবৎ প্রোক্তং কুট্টমিতং বুধৈঃ

যথা—

করোদ্ধত্যং হন্ত স্থগয় কবরী মে বিঘটতে

আনন্দচন্দ্রিকা টীকা

বৃন্দা শ্রীকৃষ্ণমাহ ন ক্রূত ইতি

স্তনাধরাদীত্যত্র বিবিক্ত ইতি শেষে দেয়ঃ সখীদৃষ্টিং হেতু বিলকিঞ্চিত এব স্যাদিতি জ্ঞেয়ং

সম্ভুক্তপ্রসাধিতা শ্রীরাধা পুনরপি সম্ভুক্তব মং শ্রীকৃষ্ণমাহ করোদ্ধত্যমিতি। ৭৩

যথা—

বৃন্দা কহিলেন, হে পীতাম্বর! আলীগণ পালীকে বারম্বার ত্বদীয় দুঃখবীজ জিজ্ঞাসা করিলে যখন তিনি কিছুই কহিলেন না, তখন ঐ সখীবৃন্দ চাতুর্য্য প্রকাশ পূর্ব্বক তদগ্রে তোমার কথাবই প্রস্তাব আরম্ভ করিল, কিন্তু তাহা বিম্বোষ্ঠী পালী ক্ষণকাল শ্রবণ করিয়া ঈষৎ ফুল্লিত বদনে এমত পুলক বিস্তার করিলেন যে তদ্দারা ফুল্ল কদম্বও বিড়ম্বিত হইয়াছিল।

অথ কুট্টমিত॥

স্তন ও অধরাদি গ্রহণ করায় হৃদয়ের প্রীতি হইলেও সম্ভ্রমবশতঃ ব্যথিতের ন্যায় যে বাহ্যে ক্রোধ প্রকাশ করণ, বুধগণ তাহাকে কুট্টমিত বলেন।

যথা—

সম্ভোগানন্তর পুনরায় সম্ভোগ করিতে প্রবৃত্ত মাধবকে শ্রীরাধা

দুকূলঞ্চ ন্যঞ্চত্যঘহর তবাস্তাং বিহসিতং।
কিমারব্ধঃ কর্ত্তুং ত্বমনবসরে নির্দ্দয় মদাৎ
পতাম্যেষা পাদে বিতর শয়িতুং মে ক্ষণমপি ৭৩॥

যথা বা।

ন ভ্রূলতাং কুটিলয় ক্ষিপ নৈব হস্তং
বক্তুঞ্চ কণ্টকিতগণ্ডমিদং ন রুন্ধি।
প্রীণাতু সুন্দরী তবাধরবন্ধুজীবে
পীত্ব মধূনি মধুরে মধুসূদনোঽসৌ ৭৪॥

অথ বিব্বোকঃ

লোচনরোচনী টীকা

ন ভ্রূলতামিতি কৃষ্ণস্যৈব বচনং ৭৪

আনন্দচন্দ্রিকা টীকা

অত্রোদাহরণে রতিশ্রান্তায়াঃ শিশয়িষোস্তস্যা স্বৎপ্রীত্যভাবঃ সম্ভবেদিত্যপরিতুষ্যন্নাহ যথাবেতি শ্রীকৃষ্ণঃ কদাচিদ্রহঃপ্রাপ্তাং শ্রীরাধাং কণ্ঠে গৃহীত্বাহ ন ভ্রূলতা ইতি। কণ্টকিতগণ্ডমিতি স্বৎপ্রীতিচিহ্নং অসৌ মধুসূদনো মন্মক্ষণভ্রমরঃ ৭৪

কহিলেন, হে অঘহর! কি আশ্চর্য্য! তুমি আপনার করের ঔদ্ধত্য স্থগিত কর, ইহার চাঞ্চল্যে কবরী ও দুকূল স্খলিত হইয়া পড়িতেছে, আর হাস্য করিতে হইবে না, এই পর্য্যন্তই ভাল, অহে নির্দ্দয়! মত্ততা প্রযুক্ত অনবসরে এ কি করিতে আরম্ভ করিলে, তোমার চরণে পতিত হই, ক্ষণকাল আমাকে নিদ্রা যাইতে অবকাশ দাও॥ ৭৩॥

উক্ত উদাহরণে রতিশ্রান্তার শয়নেচ্ছা হেতুক প্রীতির অভাব সম্ভাবনায় অপরিতোষ-চিত্তে পুনরায় কহিলেন যথাবা।

এক দিবস বিজন-প্রদেশে আগতা শ্রীরাধার কণ্ঠ গ্রহণ পূর্ব্বক শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়ে! ভ্রূ-লতা কুটিলী করিতেছ কেন? কেনই বা আমার হস্ত দূরে নিক্ষেপ করিতেছ? হে সুন্দরি! আর পুলকিত সকপোল বদন রোধ করিও না, বন্ধুজীব সদৃশ ত্বদীয় মধুর অধরে এই মধুসূদন মধুপান করিয়া প্রীতিযুক্ত হউক। ৭৪।

অথ বিব্বোক।

ইষ্টেঽপি গর্ব্বমানাভ্যাং বিব্বোকঃ স্যাদনাদরঃ ॥

অত্র গর্ব্বেণ যথা—

প্রিয়োক্তিলক্ষেণ বিপক্ষসন্নিধৌ
স্বীকারিতাং পশ্য শিখণ্ডমৌলিনা।
শ্যামাতিবামা হৃদয়ঙ্গমামপি
স্রজং দরাঘ্রায় নিরাস হেলয়া।

লোচনরোচনী টীকা

ইষ্টেঽপি কান্তার্পিতবস্তুন্যপি কান্তে বা অধীনস্যাপীতি বিভ্রমলক্ষণস্য পরমতত্ত্বাম্নানেন সাকর্য্যং ৭৫

আনন্দচন্দ্রিকা টীকা

ইষ্টেঽপি কান্তদত্তবস্তুনি কান্তে বা

পুষ্পমবচিন্বতী রূপমঞ্জরী কুবলয়মালাং দৃষ্টান্দর্শয়ন্ত্যাহ বিপক্ষসন্নিধৌ সন্ধ্যাদেবীপূজা-পর্ব্বণি শ্রীরাধায়াশ্চন্দ্রাবল্যাশ্চ বিনাভূতে সর্ব্বব্রজসুন্দরীণাং সংসদি ইত্যর্থঃ প্রিয়োক্তি-লক্ষেণেতি প্রিয়তমে শ্যামে অদ্ভুতশিল্পময়ীয়ং মৎপাণিনির্ম্মিতা মালা ত্বৈব কণ্ঠদেশে স্থিতি-মবাপ্য সফলা ভবত্বিত্যাদিনা হৃদয়ঙ্গমামপীতি একান্তে চেৎ প্রাপ্তা ভবিষ্যত্তদা ইয়ং মালা হৃদয় এব শ্যামযা অধারয়িষ্যতে ইতি ভাবঃ। দরাঘ্রায়েতি আঘ্রাণমপি অদয়বোধেনৈব কৃতং বস্তুতস্ত্বীদৃশো মালা মৎকিঙ্করীভিরপি ন পরিধীয়ন্ত ইতি জ্ঞাপয়ামাস। নিরাস চিক্ষেপ।

গর্ব্ব ও মান নিমিত্ত ইষ্ট অর্থাৎ কান্তদত্ত বস্তুর প্রতি যে অনাদর, তাহার নাম বিব্বোক।

গর্ব্ব হেতু বিব্বোক যথা।

পুষ্পচয়ন করিতে করিতে রূপমঞ্জরী বকুলমালাকে দেখাইয়া কহি-লেন, সখি! অবলোকন কর, বিপক্ষ রমণীর সন্নিধানে অর্থাৎ সন্ধ্যা-দেবীর পূজাপর্ব্বাহে রাধা ও চন্দ্রাবলী ব্যতীত ব্রজসুন্দরীদিগের সভায় শিখণ্ডচূড় শ্রীকৃষ্ণ লক্ষ লক্ষ চাটুবচন প্রয়োগ করিয়া শ্যামাকে স্বহস্ত নির্ম্মিতা একগাছী পুষ্পমালা স্বীকার করাইয়াছিলেন, যদিচ ঐ মনোজ্ঞা মালা শ্যামার হৃদ্যা হইয়াছিল, তথাচ ঈষৎ আঘ্রাণ করিয়াই দূরে নিক্ষেপ করিয়া দিলেন॥

যথা বা

স্ফুরত্যগ্রে তিষ্ঠন্ সখি তব মুখক্ষিপ্তনয়নঃ
প্রতীক্ষাং কৃত্বায়ং ভবদবসরস্যাঘদমনঃ।
দৃশোচ্চৈর্গাম্ভীর্য্যগ্রথিত-গুরুহেলাগহনয়া
হসন্তীব ক্ষীবে ত্বমিহ বনমালাং রচয়সি

মানেন যথা—

হরিণা সখি চাটুমণ্ডলীং ক্রিয়মাণামবমত্য মন্যুতঃ।

আনন্দচন্দ্রিকা টীকা

কান্তে চানাদরং দর্শয়িতুমাহ যথা বেতি। শ্যামলা শ্রীরাধামাহ স্ফুরতীতি বনাদপরাহ্ণে আগত্য নিঃসঙ্গ এব তমুদ্যানং প্রবিশ্য কদা বা বনমালা পূর্ণা ভবিষ্যতি কদা বা ক্ষণমবসরং প্রাপ্স্যামি প্রাপ্তেঽবসরে মম মনোরথং পূরয়িষ্যতি নবেতি ধ্যায়ন্নিত্যর্থঃ। ত্বন্তু দৃশা হসন্তীব অহো কামিনো কস্য কামাতুরত্বমিতি শ্রীকৃষ্ণমবজানতীবেত্যর্থঃ। দৃশা কীদৃশ্যা গাম্ভীর্য্য-পুষ্পগ্রথিতা গুরুহেলৈব মালা তয়া গহনয়া দুর্গময়া কিমিয়ং ময়ি কৃপাবতী কঠোরা বেতি তেন দুর্জ্ঞেয়ভাবয়া ক্ষীবে হে মত্তে ইতি মত্তানাং হি দশা নোৎপদ্যতে এবেতি ভাবঃ। করাভ্যাং পুষ্পমালাং রচয়সি দৃশা দুর্জ্ঞেয়ভাবমালাং সৃজসি শ্রীকৃষ্ণে তু দয়াং ন প্রকটয়সি। কিন্তে চরিতমিদমসমঞ্জসমিতি ব্যাজস্তুতিঃ

কলহান্তরিতাং গৌরীং প্রতি তৎসখী প্রাহ হরিণেতি। তেন গতে সতি হে শারিকে হরে কৃষ্ণ গোবিন্দেতি বদেতি শারিকাধ্যাপনমিষেণ পশ্চাত্তাপজর্জ্জরিতা স্বপ্রাণরক্ষার্থং

কান্তবিষয়ে অনাদর প্রদর্শন নিমিত্ত কহিলেন, যথাবা—

শ্যামলা শ্রীরাধাকে কহিলেন, সখি! এই অঘদমন তোমার অবসর প্রতীক্ষা করিয়া তোমারই বদনপদ্মে আপন নয়ন নিক্ষেপ পূর্ব্বক অগ্রে দণ্ডায়মান রহিয়াছেন, হে প্রমত্তে! কি আশ্চর্য্য! তুমি অতিশয় গাম্ভীর্য্য-গ্রথিত গুরুহেলায় দুর্গম নেত্র দ্বারা হাস্য প্রকাশের ন্যায় বনমালা গ্রন্থন করিতেছ?

মান হেতুক বিব্বোক যথা—

কলহান্তরিতা গৌরীর প্রতি ত্বদীয়া সখী কহিল, হে গৌরি! তুমি মন্যু বশতঃ হরিকৃত চাটু সকলে অনাদর করিয়াছিলে, এখন বৃথা কেন

ন স্বথাদ্য সুশিক্ষিতামপি স্বয়মধ্যাপয গৌরি শারিকাং।

অথ ললিতং

বিন্যাসভঙ্গিরঙ্গানাং ভ্রূবিলাসমনোহরা
সুকুমারা ভবেদ্যত্র ললিতং তদুদীরিতং ৭৫ .

যথা—

সভ্রূভঙ্গমনঙ্গবাণজননীরালোকয়ন্তী লতাঃ
সোল্লাসং পদপঙ্কজে দিশি দিশি প্রেঙ্খোলয়ন্ত্যুজ্জ্বলা।
গন্ধাকৃষ্টধিয়ঃ করেণ মৃদুনা ব্যাধুন্বতী ষট্পদান্।

লোচনরোচনী টীকা

প্রেঙ্খোলয়ন্তী চালয়ন্তী ৭৬

আনন্দচন্দ্রিকা টীকা

তন্নামামৃতমেবাবলম্বসে ইতি সুশিক্ষিতামিতি স্বয়মিতি পদয়োর্ধ্বনিঃ ৭৫

শ্রীব ধাপ্রসাধনার্থং পুষ্পাণ্যবচিন্বন্ শ্রীকৃষ্ণো দূরাত্তামবলোক্য বর্ণয়তি লতাঃ স এভঙ্গং সাসূয়ং পশ্যন্তী অত্র হেতুঃ অনঙ্গেতি যুষ্মাকমেব পুষ্পাণি বাণান্ কৃত্বা তৈরনঙ্গো মাং প্রহরতীতি যূয়মেব মদ্বৈরিণ্য ইতি ভাবঃ প্রেঙ্খোলয়ন্তী চালয়ন্তী বৃন্দাবনস্থ শ্রীঃ সম্পত্তিরিব॥ ৭৬।

আর সুশিক্ষিতা শারীকে হবে কৃষ্ণ গোবিন্দ বলিয়া পড়াইতেছ?।

অথ ললিত

যাহাতে অঙ্গ সকলের বিন্যাসভঙ্গি, সৌকুমার্য্য ও ভ্রূ-বিক্ষেপের মনোহারিত্ব প্রকাশ পায়, তাহাকে ললিত কহা যায় ৭৫॥

যথা—

শ্রীরাধাকে প্রসন্ন করাইবার নিমিত্ত পুষ্পচয়ন করিতে করিতে ঐ শ্রীরাধাকে দূর হইতে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ কহিলেন, অহো! শ্রীরাধা লতা সকলকে কন্দর্পের জননী জানিয়া অর্থাৎ কন্দর্প এই সকল লতার পুষ্পসমূহে শর নির্ম্মাণ করত আমার উপরে নির্দ্দয়রূপে প্রহার করে অতএব ইহারাই আমার বৈরিণী এই বলিয়া তদুপরি দৃষ্টিপাত করিতেছেন, উল্লাস বশতঃ চরণপঙ্কজ দিকে দিকে চালিত

রাধা নন্দতি কুঞ্জকন্দরতটে বৃন্দাবনশ্রীরিব ৭৬ ॥

অথ বিকৃতং ॥

হ্রীমানের্ষ্যাদিভির্যত্র নোচ্যতে স্ববিবক্ষিতং।
ব্যজ্যতে চেষ্টয়ৈবেদং বিকৃতং তদ্বিদুর্ব্বুধাঃ ॥

তত্র হ্রিয়া যথা—

নিশময্য মুকুন্দ মন্মুখাত্তবদভ্যর্থিতমত্র সুন্দরী।
ন গিরাভিননন্দ কিন্তু সা পুলকেনৈব কপোলশোভিনা।৭৭।

লোচনরোচনী টীকা।

বিবক্ষিতমিতি পূর্ব্বং মোট্টায়িতেঽভিলাষস্য ব্যক্তিরত্রতু বিবক্ষিতমাত্রস্যেতি ভেদঃ। কিন্তুদাহরণেষু ভাবব্যক্তিরেব যদৃশ্যতে তদ্বিবক্ষিতান্তর্গতত্বাত্তেনাংশেনৈবেতি জ্ঞেয়ং। কেবলবিবক্ষিতোদাহরণন্তু মৃগ্যাসক্তবতীত্যেব ৭৭।

আনন্দচন্দ্রিকা টীকা।

বিবক্ষিতমিতি পূর্ব্বং মোট্টায়িতে কান্তবার্ত্তাশ্রবণেনাভিলাষব্যক্তিঃ স্বয়মেব ভবেদত্র তু ন ব্যক্তং বস্তুচেষ্টয়া ব্যজ্যতে ইতি ভেদঃ।

সুবলঃ শ্রীকৃষ্ণমাহ ভবতোঽভ্যর্থিতং হে প্রেয়সি হে রাধে অদ্য গোবর্দ্ধনকন্দরায়াং মন্নির্ম্মিতং চিত্রং দ্রষ্টুমবশ্যমেবাবগন্তব্যং যদি মামনুগৃহ্নাসীতি পুলকেনৈব কস্মাচ্চিন্ময্যাদর্শিতেন তত্রমাগমিষ্যামি ইতি জ্ঞাপয়ামাসেত্যর্থঃ।৭৭।

করিয়া গন্ধাকৃষ্ট মধুপবৃন্দকে কোমল কর-কমল দ্বারা নিরাশ করিতেছেন, কি চমৎকার! ইনি যেন বৃন্দাবনীয় লক্ষ্মীর ন্যায় নিকুঞ্জ-কন্দরতটে বিরাজ করিতেছেন ॥ ৭৬ ॥

অথ বিকৃত ॥

লজ্জা, মান, ঈর্ষ্যা ইত্যাদি দ্বারা যে স্থানে বিবক্ষিত বিষয় প্রকাশিত হয় না, পণ্ডিতগণ তাহাকে বিকৃত বলিয়া নির্দ্দেশ করেন ॥

তন্মধ্যে লজ্জা যথা—

সুবল শ্রীকৃষ্ণকে কহিলেন, মুকুন্দ! শ্রীরাধা আমার বাচিক ত্বদীয় প্রার্থনা অর্থাৎ হে প্রিয়তমে! অদ্য অনুগ্রহ প্রকাশ পুরঃসর গোবর্দ্ধন-কন্দরে মন্নির্ম্মিত আশ্চর্য্য চিত্র দর্শনার্থে গমন করিও, এই কথা শুনিয়া বাক্য দ্বারা কিঞ্চিন্মাত্র অভিনন্দনা করিলেন না, কিন্তু তাঁহার পুলকশালি কপোলেই আনন্দ বিস্তার করিতে লাগিল ॥ ৭৭ ॥

যথা বা—

ন পরপুরুষে দৃষ্টিক্ষেপো বরাক্ষি তবোচিত-
স্ত্বমসি কুলজা সাধ্বী বক্ত্রং প্রসীদ বিবর্ত্তয়।
ইতি পথি ময়া নর্ম্মণ্যুক্তে হরের্নববীক্ষণে
সদয়মুদয়ৎ কার্পণ্যং মামবৈক্ষত রাধিকা॥

গানেন যথা—

মধ্যাসক্তবতি প্রসাধনবিধৌ বিস্মৃত্য চন্দ্রগ্রহং

লোচনরোচনী টীকা।

ইতি নর্ম্মণ্যুক্তে সতি　সদয়ং দয়াসহিতং দয়াবিষয়ং যথা স্যাত্তথা　উদয়ৎ কার্পণ্যং যথা স্যাত্তথা মামবৈক্ষত ৭৮।

আনন্দচন্দ্রিকা টীকা।

অত্র পুলকস্য সাত্ত্বিকত্বেন স্বভাবোত্থত্বাদস্পষ্টচেষ্টাভাবাৎ তেন নায়িকাকর্ত্তৃকং বিজ্ঞাপনমস্পষ্টং নৈত্যাহ যথাবেতি।

বিশাখা ললিতাং প্রতি শ্রীরাধাচরিত্রং বিজ্ঞাপয়ন্ত্যাহ ন পরেতি। বক্ত্রং বিবর্ত্তয় পরাবর্ত্তয় নর্ম্মণি তস্যা হৃদয়জ্ঞাপনার্থমুক্তে সতি সদয়মানন্দয়ন্বেতি প্রার্থ্যমানত্বেন দয়া বর্ত্ততে যত্র তদ্যথা স্যাত্তথা উদয়ৎ কার্পণ্যমিতি বিশেষণসাহচর্য্যাৎ ঐক্ষতেতি তথা ভূতেক্ষণক্রিয়ৈব চেষ্টা তয়াচ একবারমপি শ্রীকৃষ্ণমবলোকিতুমাজ্ঞাপয়তান্যথা জীবিতুমহং ন প্রভবিষ্যামি ইতি স্ববিবক্ষিতং ব্যঞ্জিতং

শ্রীকৃষ্ণ উদ্ধবং প্রত্যাহ মধ্যেতি　তস্য চন্দ্রগ্রহণস্য বিজ্ঞপ্তৌ সম্প্রতি চন্দ্রগ্রহণং বর্ত্ততে

যথা বা॥

বিশাখা ললিতার প্রতি শ্রীরাধার চরিত্র বিজ্ঞাপন করিয়া কহিলেন, সখি! আজি আমি শ্রীরাধাকে কহিলাম হে বরাক্ষি! তুমি কুলজা পরমা সাধ্বী, পরপুরুষের প্রতি দৃষ্টি নিক্ষেপ করা তোমার উচিত হয় না, আমার প্রতি প্রসন্ন হইয়া বদন প্রত্যাবর্ত্তন কর, হে ললিতে! নর্ম্মবশতঃ পথমধ্যে এই প্রকার কহিলে তিনি হরির প্রতি নব ঈক্ষণে কাতর হইয়া আমার প্রতিই দৃষ্টিপাত করিতে লাগিলেন॥

গান হেতু বিব্বোক যথা—

শ্রীকৃষ্ণ উদ্ধবকে কহিলেন, সখে! সত্য মানিনী হইলে আসক্ত-

তদ্বিজ্ঞপ্তিসমুৎস্থকাপি বিজহৌ মৌনং ন সা মানিনী।
কিন্তু শ্যামলরত্নসংপুটদলেনাবৃত্য কিঞ্চিন্মুখং
সত্যা স্মারয়তিস্ম বিস্মৃতমসৌ মামোপরাগীং শ্রিয়ং। ৭৮॥

ঈর্ষ্যয়া যথা—

বিতর তস্করি মে মুরলীং হৃতামিতি মহুন্দুরজল্পবিবৃত্তয়া।
ভ্রুকুটিভঙ্গুরমর্কসুতাতটে সপদি রাধিকয়াহমুদীক্ষিতঃ।

লোচনরোচনী টীকা

বিবৃত্তয়া পরাবৃত্তয়া ৭৯

আনন্দচন্দ্রিকা টীকা

তদিতো বহির্নিঃসৃত্য স্নানদানাদিকাঃ ক্রিয়াঃ কুর্ব্বিতি বিজ্ঞাপনে সমুৎসুকোঽপি মুখমাবৃত্যেতি মুখস্য চন্দ্রত্বং সম্পুটস্য রাহুত্বং তেন চ দর্শিতেন ইত্যর্থঃ। বিস্মিতমিতি অহো বুদ্ধেরস্যাঃ পরাকাষ্ঠা এতজ্জ্ঞাপনমিষেণ সম্প্রসাধনং নিরাকৃতবতীতি মাং পরাস্তীভূতং কৃতং ৭৮

শ্রীকৃষ্ণঃ সুবলমাহ বিতরেতি ভ্রুকুটিভঙ্গুরমিতি ত্বং ত্বং মে চৌরিকাপবাদং দদাসি তদহমার্য্যাদৈর্ সর্ব্বমিদমুক্ত্বা সুষ্ঠু ভুঙ্ক্ষ্বেতৎফলং দাস্যামীতি ভ্রুকুট্যা ব্যঞ্জিতং।

চিত্তে আমি তাঁহার প্রসন্নত করাইতেছিলাম, এমত সময়ে দৈবাৎ চন্দ্রগ্রহণ উপস্থিত হওয়ায়, ঐ সত্যা আমাকে উপরাগ (গ্রহণ) জানাইবার জন্য উৎসুকা হইয়াও মৌনত্যাগ করিলেন না, অধিকন্তু আমি চন্দ্রোপরাগ বিস্মৃত হইয়াছি মনে করিয়া শ্যামবর্ণ রত্নসম্পুট-দলে স্বীয় বদনচন্দ্র ঈষৎ আবরণ করত আমাকে ঐ উপরাগ স্মরণ করাইয়া দিলেন ॥ ৭৮ ॥

ঈর্ষ্যা হেতু বিব্বোক যথা—

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, সখে! শ্রীরাধা যমুনার তটে বিহার করিতেছিলেন তাঁহাকে দেখিয়া কহিলাম হে তস্করি! তুমি আমার মুরলী চুরী করিয়াছ, কল্যাণ ইচ্ছা কর ত শীঘ্র আনিয়া দাও, বন্ধো! আমার এই প্রকার তর্জ্জন বাক্য শুনিয়া তৎক্ষণাৎ ঐ শ্রীরাধা ভ্রূভঙ্গি করিয়া আমার প্রতি দৃষ্টিপাত করিতে লাগিলেন অর্থাৎ নেত্রভঙ্গি দ্বারা আমাকে কহিলেন, কৃষ্ণ! থাক থাক তুমি আমাকে চৌরাপবাদ

অলঙ্কারা নিগদিতা বিংশতির্গাত্রচিত্তজাঃ।
অমী যথোচিতং জ্ঞেয়া মাধবেঽপি মনীষিভিঃ॥
কৈশ্চিদন্যেঽপ্যলঙ্কারাঃ প্রোক্তা নাত্র ময়োদিতাঃ।
মুনেরসম্মতত্বেন কিন্তু দ্বিতয়মুচ্যতে॥
মৌগ্ধ্যঞ্চ চকিতঞ্চেতি কিঞ্চিন্মাধুর্য্যপোষণাৎ।

তত্র মৌগ্ধ্যং॥

জ্ঞাতস্যাপ্যজ্ঞবৎ পৃচ্ছা প্রিয়াগ্রে মৌগ্ধ্যমীরিতং।

যথা মুক্তাচরিতে।

কান্তা লতাঃ ক্ব বা সন্তি কেন বা কিল রোপিতাঃ।

আনন্দচন্দ্রিকা টীকা।

কৈশ্চিৎ সাহিত্যদর্পণকৃদাদিভিঃ অন্যেঽপি তপনবিক্ষেপ কুতূহলাদ্যাঃ মুনের্ভরতস্য। শ্রীসত্যভামা শ্রীকৃষ্ণমাহ কান্তা ইতি ॥৯

প্রদান করিলে, আমি আর্য্যাকে সমস্ত নিবেদন করিয়া তোমার সমুচিত শাস্তি দিতেছি, ইত্যাদি ভাব অভিব্যক্ত করিলেন॥

অপর এই যে বিংশতি প্রকার আঙ্গিক ও চিত্তজ অলঙ্কার কীর্ত্তন করিলাম, পণ্ডিতগণ মাধববিষয়েও ঐ সকল যথোচিত দর্শাইয়া থাকেন॥

অপর যদিচ অন্যান্য পণ্ডিতগণ এ স্থলে অনেক প্রকার অলঙ্কার উল্লেখ করেন, তথাপি ভরতমুনির অভিপ্রায় না থাকায় আমি তাহা প্রকাশ করিতে পারিলাম না, কিন্তু তন্মধ্যে কিঞ্চিৎ মাধুর্য্যের পোষণ হেতুক মৌগ্ধ্য ও চকিত এই দুইটী অলঙ্কার কীর্ত্তন করিতেছি॥

মৌগ্ধ্য যথা—

প্রিয়তমের অগ্রে জ্ঞাত বস্তুর প্রতি অজ্ঞের ন্যায় যে জিজ্ঞাসা তাহাকে মৌগ্ধ্য বলে॥

যথা মুক্তাচরিতে।

সত্যভামা জিজ্ঞাসা করিলেন কৃষ্ণ। আমার কঙ্কণস্থ মুক্তাফলের

কৃষ্ণ মৎকঙ্কণন্যস্তং যাসাং মুক্তাফলং ফলং ॥

চকিতং ॥

প্রিয়াগ্রে চকিতং ভীতেরস্থানেঽপি ভয়ং মহৎ ৭৯।

যথা—

রক্ষ রক্ষ মুহুরেষ ভীষণো ধাবতি শ্রবণচম্পাকং মম।
ইত্যুদীর্য্য মধুপাদ্বিশঙ্কিতা সস্বজে হরিণলোচনা হরিং ॥

॥ * । ইত্যলঙ্কারবিবৃতিঃ । * ।

লোচনরোচনী টীকা

চম্পকস্য মধুপা স্পৃহণীয়ত্বেঽপি বিলাসাদেব তথোক্তিরিত্যস্থানত্বমিতি স্পষ্টং হৃন্নকমিতি বা পাঠঃ ৮০

। * ইত্যলঙ্কারবিবৃতিঃ *

আনন্দচন্দ্রিকা টীকা

কাচিৎ সখী কাঞ্চিদাহ রক্ষ রক্ষেতি। এষ মধুপঃ যদ্যপি মধুপশ্চম্পাকং ন ধাবতি তথাপি স্বমুখামোদেনাগতস্য তস্য তথাবগমাত্তথোক্তং

* ইত্যলঙ্কারবিবৃতিঃ ॥ *

ন্যায় যাহাদের ফল দেখিতেছি ঐ সকল লতার নাম কি? উহা কোন্ স্থানে আছে, কেই বা উহা রোপণ করিয়াছে? ॥

অথ চকিত।

প্রিয়তমের অগ্রে ভয়ের অস্থানে যে গুরুতর ভয়, তাহার নাম চকিত ৭৯।

কোন সখী কোন এক সখীকে কহিলেন, প্রণয়িনি! আমাকে রক্ষা কর রক্ষা কর, এই ভয়ঙ্কর মধুকর আমার কর্ণস্থ চম্পকের প্রতি মুহুর্মুহুঃ ধাবমান হইয়া আসিতেছে, এই বাক্য উচ্চারণ পুরঃসর মধুপ ভয়ে ভীতা হইয়া হরিণাক্ষী হরিকে গিয়া আলিঙ্গন করিলেন ॥

। * ইতি অলঙ্কারবিবৃতি ॥ * ।

অথোদ্ভাস্বরাঃ ।

উদ্ভাসন্তে স্বধাম্নীতি প্রোক্তা উদ্ভাস্বরা বুধৈঃ ।
নীব্যুত্তরীয়ধম্মিল্লস্রংসনং গাত্রমোটনং
জৃম্ভা ঘ্রাণস্য ফুল্লত্বং নিশ্বাসাদ্যাশ্চ তে মতাঃ ॥ ৮০ ॥

তত্র নীবিস্রংসনং যথা বিদগ্ধমাধবে ॥

নৈরঞ্জন্যমুপেয়তুঃ পরিগলন্মোদাশ্রুণী লোচনে
স্বেদোদ্ধূতবিলেপনং কিল কুচদ্বন্দ্বং জহৌ রাগিতাং ।

লোচনরোচনী টীকা

নৈরঞ্জন্যমিতি অত্র শ্লেষপক্ষে তেষামধিকারিণাং ক্রমান্ন্যূনত্বমবগতং । তচ্চ নীব্যাঃ

আনন্দচন্দ্রিকা টীকা

উদ্ভাসন্তে প্রকাশন্তে স্বেশভাসেত্যাদিনা বহুত্ স্বধাম্নি ভাববজ্জনদেহে আদ্যশব্দেন বিলুণ্ঠিতগীতক্রোশনলোকানপেক্ষিতা ঘূর্ণাহিক্কাদয়ো জ্ঞেয়াঃ ৮০

গৌরীতীর্থে শ্রীকৃষ্ণেন সহ বিহরন্তীং শ্রীরাধাং দূরাদালোক্য বৃন্দা তাং নীচৈঃ সম্বোধ্য বর্ণয়তি নৈরঞ্জন্যং অঞ্জনমুপাধিবিদ্যা তত্রাহিত্যং সংসারাস্রোক্ষমিত্যর্থঃ । পক্ষে নিষ্কজলত্বং তত্রোভয়ত্র হেতুঃ পরিগলদিতি মোদাশ্রুণি ভক্তিসুখোত্থানি কামসুখোত্থানি চ ।

অথ উদ্ভাস্বর ॥

ভাব বিশিষ্ট জনের দেহে যাহা২ প্রকাশ পায়, পণ্ডিতগণ তাহাকে উদ্ভাস্বর কহেন ॥

নীবী, উত্তরীয়বসন, ধম্মিল্ল ইত্যাদি ভ্রংশন তথা গাত্রমোটন, জৃম্ভা, ঘ্রাণের (নাসিকার) প্রফুল্লতা এবং নিশ্বাস ইত্যাদি সকল উদ্ভাস্বরের কার্য্য ॥ ৮০ ।

তন্মধ্যে নীবীস্রংসন যথা বিদগ্ধমাধবে ॥

গৌরীতীর্থে বিহারকারিণী শ্রীরাধাকে দূর হইতে অবলোকন করিয়া বৃন্দা ধীরে ধীরে কহিলেন, রাধে ! নিরন্তর আনন্দাশ্রু মোচন করিতে করিতে তোমার নয়ন দ্বয়ের নৈরঞ্জন্য (অঞ্জনশূন্যতা) অঙ্গ সকলে স্বেদোদ্গম, কুচদ্বন্দ্বের রাগিতা পরিত্যাগ ও স্ফূর্ত্তিশালি

যোগৌৎসুক্যমগ ভুবঃ স্ফুরদিতি প্রেক্ষ্যোদয়ং সঙ্গিনাং
রাধে নীবিরিয়ং তব শ্লথগুণা শঙ্কে মুমুক্ষাং দধে ৮১।

উত্তরীয়স্রংসনং যথা—

তব হৃদি মম রাগাৎ কোঽপি রাগো গরিষ্ঠঃ
স্ফুরতি তদপহৃত্য ব্যক্তমেতং করোমি।

লোচনরোচনী টীকা

ক্রমপ্রাপ্তং প্রথমারম্ভং বোধয়িতুং কৃতং উদয়ং স্বস্বাগিকানান্তরপ্রকাশং ৮১

আনন্দচন্দ্রিকা টীকা

রাগিতাং রাগো বিষয়াসক্তিস্তদ্বত্তাং কুঙ্কুমবাগবত্তাঞ্চ জহৌ তত্রোভয়ত্র হেতুঃ স্বেদো ভক্তিসুখোত্থঃ কামসুখোত্থশ্চ তেনোদ্ধৃতং খণ্ডিতং বিশিষ্টং লেপনং লেপো বিষয়েন্দ্রিয়সংসর্গঃ পক্ষে চন্দনকুঙ্কুমাদিময়ী চর্চ্চা যত্র তৎ যোগেঽষ্টাঙ্গযোগে শ্রীকৃষ্ণবক্ষঃস্পর্শে চ তত্রোভয়ত্র হেতুঃ স্ফুরদ্দেদীপ্যমানং ধৃতস্পন্দনঞ্চ ইতি সঙ্গিনাং চতুর্ণামুদয়ং মোক্ষসুখসম্পত্তিং কামসুখসম্পত্তিঞ্চ গুণঃ সত্ত্বাদিসূত্রং চ মুমুক্ষাং মোক্ষস্পৃহাং স্খলনেচ্ছাঞ্চ অত্র নেত্রকুচয়োর্নীবীনাং ক্রমেণ জ্ঞানদৌর্বল্যান্মোক্ষসুখে কামসুখে চ ক্রমেণৈব ন্যূনাধিক্যাবিষ্কং ব্যঞ্জিতং ৮১

শ্রীকৃষ্ণঃ স্বদর্শনেন শ্রীরাধায়া উত্তরীয় স্খলনমবলোক্য তাং পরিহসন্নিব তথেতি হে রাধে তব মাঞ্জিষ্ঠং মঞ্জিষ্ঠয়া রক্তং বাসঃ কর্তৃ মম পুনস্তব হৃদয়াৎ ইতি বিচার্য্য চ্যুতং নিঃসৃতং

বিশাল বক্ষের যোগ বিষয়ে ঔৎসুক্য ধারণ দেখিয়া তদীয়া নীবি গুণ হইতে শিথিল হইয়া মুমুক্ষতাই যেন ধারণ করিল এমত অনুমান হইতেছে॥

উক্ত উদাহরণে নৈরঞ্জন্য শব্দে অঞ্জন অর্থাৎ উপাধি, তাহার অভাব এবং অঞ্জনশূন্যতা রাগিতার অর্থ বিষয়াসক্তি তদ্রহিত এবং কুঙ্কুম পরিত্যাগ, স্বেদ শব্দে সাত্ত্বিক ভাব ও ঘর্ম্মোদগম বিলেপন শব্দে বিষয়েন্দ্রিয় সংসর্গ এবং চন্দন কুঙ্কুমাদির চর্চ্চা। যোগ অষ্টাঙ্গ, পক্ষে কৃষ্ণবক্ষঃসংস্পর্শ গুণ সত্ত্বাদি, পক্ষে সূত্রমুমুক্ষা, মোক্ষেচ্ছা, পক্ষে স্খলনেচ্ছা ৮১॥

অথ উত্তরীয়স্রংসন।

শ্রীকৃষ্ণের দর্শন নিমিত্ত শ্রীরাধার উত্তরীয় স্খলিত হইয়া পড়িতেছিল অবলোকন করিয়া শ্রীকৃষ্ণ পরিহাস পূর্ব্বক কহিলেন, রাধে!

ইতি খলু হৃদয়ান্তে রাধিকে রোধকারি
চ্যুতমিব পুরতো মে মঞ্জু মাঞ্জিষ্ঠবাসঃ

ধম্মিল্লস্রংসনং যথা—

স্ফুরতি মুরদ্বিষি পুরতো দুরাত্মনামপি মুক্তিদে গৌরি।
নাদ্ভুতমিদং যদীয়ুঃ সংযমিনস্তে কচা মুক্তিং ৮২ ॥

গাত্রমোটনং যথা—

ব্রজাঙ্গনে বল্লবপুঙ্গবস্য পুরঃ কুরঙ্গীনয়না সলীলং।

লোচনরোচনী টীকা।

ইতি বেত্যন্বয়ঃ ৮২

অঙ্গভঙ্গং গাত্রমোটনং অনঙ্গভঙ্গং কামতরঙ্গং ৮৩

আনন্দচন্দ্রিকা টীকা

ইবেত্যুৎপ্রেক্ষায়াং তত্র বাসোবদতি মম রাগাৎ রক্তিমঃ সকাশাৎ পক্ষে ক্রোধাৎ তব হৃদি-রাগঃ কোপ্যনির্ব্বচনীয়োঽনুরাগঃ স্ফুরতি তত্তস্মাদিতোঽপসৃত্য এতং রাগং ব্যক্তং লোক-দৃষ্টং করোমীতি তেন চ প্রেয়সি রাধে তব বাস ঈর্ষ্যয়া চেদপসৃতমপসরতু কা চিন্তা সম্প্রতি মম হৃদয়মেব সৌহার্দ্দেন এতং রাগমাচ্ছাদয়ত্বিতি সহসা তামালিলিঙ্গেতি ধ্বনিঃ

বৃন্দা শ্রীরাধাং সনর্ম্মাহ স্ফুরতীতি সংযমিনো বশীকৃতেন্দ্রিয়াঃ পক্ষে বদ্ধাঃ ৮২

নান্দীমুখী বৃন্দামাহ ব্রজেতি অঙ্গভঙ্গং গাত্রমোটনং অনঙ্গভঙ্গং কন্দর্পতরঙ্গং। ৮৩

আমার রাগ (অনুরাগ) অপেক্ষাও গরিষ্ঠ কোন রাগ (ক্রোধ) তোমার হৃদয় মধ্যে স্ফুর্ত্তি পাইতেছে, অতএব আমি কিঞ্চিৎ অপসৃত (দূরবর্ত্তী) হইয়া প্রকাশ করি, এই বলিয়া ঈষৎ অপসৃত হওয়ায় তদীয় মনোহর মঞ্জিষ্ঠরঞ্জিত উত্তরীয় বাস যাহা তোমার বক্ষঃস্থল আবরণ করিয়াছিল, এক্ষণে তাহা আমার অগ্রে স্খলিত হইয়া পড়িতেছে।

অথ ধম্মিল্লস্রংসন।

বৃন্দা শ্রীরাধাকে কহিলেন, গৌরি। মুররিপু অগ্রে স্ফুর্ত্তিশীল হইলে যখন দুরাত্মাদিগেরও মুক্তি লাভ হয়, তখন তোমার কেশবন্ধন যে মুক্ত না হইবে আশ্চর্য্য কি? ॥ ৮২ ॥

অথ গাত্রমোটন ॥

নান্দীমুখী বৃন্দাকে কহিলেন, সখি। ব্রজভূমিতে বল্লবপুঙ্গব, গোরি-

অপাঙ্গভঙ্গং কিল কুর্ব্বতীয়মনঙ্গভঙ্গং তরসা ব্যতানীৎ ॥ ৮৩ ॥

জৃম্ভা যথা—

পুষ্পৈরবেত্য বিশিখৈর্ব্বতীমসাধ্যাং
সাধ্বীমধীত্য মদনঃ কিল জৃম্ভণাস্ত্রং।
চন্দ্রাবলি প্রসভমেব বশীচকার
যদ্গোষ্ঠ সীমনি মুহুঃ সখি জৃম্ভসেহদ্য ॥ ৮৪ ॥

ঘ্রাণফুল্লত্বং যথা—

রচিতশিখরশোভারম্ভমম্ভোরুহাক্ষী
শ্বসিতপবনদোলান্দোলিনা মৌক্তিকেন।

লোচনরোচনী টীকা।

অধীত্যেত্যত্র প্রযুজ্যেতি পাঠান্তরং। ৮৪ ॥

রচিতেতি শ্রীকৃষ্ণস্ত ভাবনা আরম্ভশব্দোহত্র পরিপাটীতাৎপর্য্যকঃ। যুগশব্দোহত্র

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণশ্চন্দ্রাবলীমাহ পুষ্পৈরিতি অসাধ্যামবশ্যাং অধীত্য স্বশস্ত্রগুরোঃ সকাশাৎ পঠিত্বা স্বয়মেবাধিগত্যেতি বা ৮৪

শ্রীকৃষ্ণঃ স্বলমাহ রচিতেতি পুটযুগং কীদৃশং মৌক্তিকেন নাসালঙ্কারবর্ত্তিনা অধরা-রুণ্যোপরক্তেন রচিতঃ শিখরস্ত পক্বদাড়িমবীজাভস্ত মাণিক্যস্যেব শোভারম্ভো যত্র তৎ। পুট-

ন্দের অগ্রে এই কুরঙ্গীনয়না লীলা নিমিত্ত আপনার যে অঙ্গভঙ্গ (গাত্র-মোটন) করিয়াছিলেন শীঘ্রই যেন তাহাতে অনঙ্গের তরঙ্গ বিস্তার হইয়াছিল ॥ ৮৩ ॥

অথ জৃম্ভা ॥

শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীকে কহিলেন, প্রিয়ে! তুমি পরমা সাধ্বী, মদন তোমাকে পুষ্পবাণ দ্বারা অবশীভূতা জানিয়া গুরুসমীপে জৃম্ভণাস্ত্র অধ্যয়ন করত বল পূর্ব্বক তোমাকে বশীভূত করিল, নতুবা এই ব্রজ-ভূমিতে বারম্বার তোমার জৃম্ভা হইবে কেন? ॥ ৮৪ ।

ঘ্রাণের প্রফুল্লতা যথা—

শ্রীকৃষ্ণ স্বলকে কহিলেন, বন্ধো! এই কমলনেত্রা রাধা আপ-নার ফুল্লিত নাসাপুটে যে গজমৌক্তিক দ্বারা শিখরশোভা রচনা

পুটযুগমতিফুল্লং বিভ্রতী নাসিকায়া-
মম মনসি বিলগ্না দর্শনাদেব রাধা

যদ্যপ্যেতে বিশেষাঃ স্যুর্মোট্টায়িতবিলাসয়োঃ।
শোভাবিশেষপোষিত্বাত্তথাপি পৃথগীরিতাঃ।

অথ বাচিকাঃ।

আলাপশ্চ বিলাপশ্চ সংলাপশ্চ প্রলাপকঃ।
অনুলাপোঽপলাপশ্চ সন্দেশশ্চাতিদেশকঃ।
অপদেশোপদেশৌ চ নির্দ্দেশো ব্যপদেশকঃ।
কীর্ত্তিতা বচনারম্ভাদ্দ্বাদশামী মনীষিভিঃ।

লোচনরোচনী টীকা

মৌক্তিকস্য তত্তৎ পুটমধ্যস্থত্বং মর্য্যাদায়াং কৃতং ছিদ্রমবলম্ব্য লম্বমানতাং বোধয়তি ৮৫

আনন্দচন্দ্রিকা টীকা

যুগস্য স্বচ্ছত্বান্মৌক্তিকনিষ্ঠখেতিম্নো বক্তিমচ্ছবিগ্রস্তাদিত্যর্থঃ নমু নাসালঙ্কারো বাম-নাসাপুটাগ্রস্থ এব ভবেৎ কথং পুটযুগং তথাভূতমভূদিত্যত আহ শ্বসিতপবনো নিশ্বাসানিল এব দোলা প্রেঙ্খা তয়া আন্দোলনশীলেন তেনাগ্রবর্ত্তিনো মৌক্তিকস্যান্দোলনাৎ পুটদ্বয়-স্যাপি তচ্ছবিলগ্নত্বমম্ভবঃ।

পৃথগিত্যুদ্ভাস্বরশব্দেনোচ্যন্ত ইত্যর্থঃ আদিশব্দগৃহীতবিলুঠিতাদ্যুদাহরণানি নবানুরাগে-ত্বরাবশাঙ্গী বনস্রজামোদমবাপ্য মত্তা ব্রজাঙ্গনে সা কঠিনে লুঠন্তী গাত্রং স্বগাত্রী ব্রণয়াঞ্চ-কার ইত্যাদীনি ভক্তিরসামৃতাদেবাবগন্তব্যানি ৮৫

করিয়াছেন, তাহ নিশ্বাস-বায়ুতে আন্দোলিত হইয়া অত্যাশ্চর্য্য সৌন্দর্য্য ধারণ করিয়াছে, অতএব হে সখে। তন্নিবন্ধনই ঐ শ্রীরাধা আমার মনোমধ্যে লগ্না হইয়া রহিলেন॥

উপরে যে সকল উদাহরণ প্রদর্শিত হইল যদিও তৎসমুদায় মোট্টা-য়িত ও বিলাসের অন্তর্নিবিষ্ট হয়, তথাচ শোভা বিশেষের পোষণ নিমিত্ত পৃথগ্রূপে কীর্ত্তন করিলাম

অথ বাচিক॥

আলাপ, বিলাপ, সংলাপ, প্রলাপ, অনুলাপ, অপলাপ, সন্দেশ, অতিদেশ, অপদেশ, উপদেশ, নির্দ্দেশ ও ব্যপদেশ, বাক্যের পরিপাটী নিমিত্ত পণ্ডিতগণ এই দ্বাদশ প্রকার বাচিক কীর্ত্তন করেন॥

তত্রালাপঃ ।

চাটুপ্রিয়োক্তিরালাপঃ ॥ ৮৫ ॥

যথা শ্রীদশমে ॥

কাস্ত্র্যঙ্গ তে কলপদামৃতবেণুগীত-
সম্মোহিতার্য্যচরিতান্নচলেত্ত্রিলোক্যাং ।
ত্রৈলোক্যসৌভগমিদঞ্চ নিরীক্ষ্য রূপং
যদ্গোদ্বিজদ্রুমমৃগাঃ পুলকান্যবিভ্রন্ ।

লোচনরোচনী টীকা।

অবিভ্রন্ অবিভরুঃ ৮৬

আনন্দচন্দ্রিকা টীকা

ব্রজদেব্যঃ শ্রীকৃষ্ণমাহুঃ কা স্ত্রীতি বেণুগীতেতি গুণানাং মোহনত্বং ত্রিলোক্যামিতি দূরবর্ত্তিনীষু স্ত্রীষু নিরীক্ষ্য রূপমিতি নিকটবর্ত্তিনীষু গুণস্য রূপস্য চ ... ন কেবলং মন্নিষ্ঠয়োঃ গুণরূপয়োরেব মোহনত্বং স্ত্রীনিষ্ঠস্য কামস্যাপি তত্র সাহায্যদানাদিচেত্তত্রাহুঃ গো দ্বিজেতি গাবঃ পক্ষিণঃ মৃগাশ্চ দ্রুমাশ্চ মুহ্যন্তীতি তেষাং ... কাম ইতি কৃপয়া অস্মানপী কুর্ব্বিতি ভাবঃ নন্বু নায়িকানাং সম্ভোগপ্রার্থনাময়ী চাটুক্তি যাস্তীরসাভাসত্বমাদরসিকা যূয়মেবং করোমীতি চেত্তত্র সবস্বত্যেব সমাদধাতি গীতসম্মোহিতেতি ত্বয়া মুরলীগীতেনোন্মাদ্য মোহিতানামস্মাকং স্বভাববিপর্য্যয়ঃ কৃতঃ তেন মধুপানেনোন্মাদিতানাং বধূনাং নির্লজ্জতা সম্ভোগপ্রার্থনাদ্যা ন দোষাঃ প্রত্যুত বরাবহত্বাদ্গুণা এব যথা তথৈবাস্মাকমপীতি ভাবঃ

তন্মধ্যে আলাপ যথা ॥

চাটু স্য... য়োক্তির নাম আলাপ । ৮৫ ।

চন্দ্র' যথা শ্রীদশমে ২৯ অধ্যায়ে ৩৭ শ্লোকে ॥

ব্রজ দেবী সকল শ্রীকৃষ্ণকে কহিলেন, হে গোবিন্দ! তোমার কলপদ অমৃতময় যে বেণু গীত ইহাতে মোহিত হইলে ত্রিলোকী মধ্যে কোন্ স্ত্রী আর্য্যচরিত্ অর্থাৎ নিজধর্ম্ম হইতে বিচলিত না হয়? অপর তোমার এই ত্রৈলোক্যসৌভগ রূপ নিরীক্ষণ করিয়া কাহার না বিস্ময় জন্মে? যে হেতু গো, মৃগ, পক্ষী ও দ্রুম প্রভৃতি ইহারাও পুলককে ধারণ করিতেছে ॥

যথা বা বিদগ্ধমাধবে

কঠোরা ভব মৃদ্বী বা প্রাণাস্ত্বমসি রাধিকে।
অস্তি নান্যা চকোরস্য চন্দ্রলেখাং বিনা গতিঃ।

অথ বিলাপঃ।

বিলাপো দুঃখজং বচঃ।

যথা শ্রীদশমে।

পরং সৌখ্যং হি নৈরাশ্যং স্বৈরিণ্যপ্যাহ পিঙ্গলা।
তজ্জানতীনাং নঃ কৃষ্ণে তথাপ্যাশা দুরত্যয়া॥

আনন্দচন্দ্রিকা টীকা

* নায়কস্য তু চাটুপ্রিয়োক্তির্নায়িকায়াং স্বতএব স্বরসেতি বক্তুমাহ যথা বেতি চন্দ্রলেখামিতি দ্বিতীয়া চন্দ্রমপি বিনা কিং পুনঃ পূর্ণচন্দ্রমিতি ভাবঃ

উদ্ধবযানে গোপ্য আহুঃ পরমিতি শ্রীকৃষ্ণে আশাতু দুরতিক্রমেতি পিঙ্গলায়াঃ শ্রীকৃষ্ণবিষয়িণ্যাশা নাসীদিতি তস্যা অস্মাকমিব ন দুঃখমিতি ভাবঃ। ৮৬।

নায়িকার প্রতিও নায়কের চাটু ও প্রিয়োক্তি স্বভাবতই সুরস হয়, এ প্রযুক্ত পুনর্ব্বার কহিলেন

যথা বা বিদগ্ধমাধবে।

শ্রীকৃষ্ণ কহিলেন, রাধে। তুমি কঠোরা হও বা মৃদ্বীই হও নিশ্চয়ই তুমি আমার প্রাণ, যে হেতু চন্দ্ররেখা ব্যতিরেকে চকোরের অন্য আর গতি নাই।

অথ বিলাপ

দুঃখ জনিত বাক্যের নাম বিলাপ॥

যথা দশমে ৪৭ অধ্যায়ে ৪৩ শ্লোকে।

উদ্ধবযানে গোপীগণ কহিলেন, সখি। শ্রীকৃষ্ণের সঙ্গতি ঘটিবার নহে, তাহাই আমাদিগকে আকুল করিতেছে, অতএব আমাদের পক্ষে নৈরাশ্যই শ্রেয়ঃ। অপর কামচারিণী পিঙ্গলাও কহিয়াছে, নৈরাশ্য পরম সুখ, আমরা যদিও তাহা জানি, তথাপি শ্রীকৃষ্ণের প্রতি আমাদের এ আশা দুরত্যয়া॥

সংলাপঃ

উক্তিপ্রত্যুক্তিমদ্বাক্যং সংলাপ ইতি কীর্ত্ত্যতে ৮৬ ॥

যথা পদ্যাবল্যাং

উত্তিষ্ঠারাত্তরৌ মে তরুণি মম তরোঃ শক্তিরারোহণে কা
সাক্ষাদাখ্যামি মুগ্ধে তরণিমিহ রবেরাখ্যয়া কা রতির্মে ।
বার্ত্তেয়ং নৌপ্রসঙ্গে কথমপি ভবিতা নাবয়োঃ সঙ্গমার্থ

লোচনরোচনী টীকা

তবাবুত্তিষ্ঠ তরুমধিরুহ্যোদ্ধস্থিতিং কুর্ব্বিত্যর্থঃ ৮৭

আনন্দচন্দ্রিকা টীকা।

মানসগঙ্গায়াং নৌকাকেলিবিনোদী শ্রীকৃষ্ণঃ শ্রীরাধামাহ মম তরৌ নৌকায়ামুত্তিষ্ঠ আরোহণং কুরু ততঃ শ্রীরাধা বক্রোক্তিপ্রতিভয়া তবাবিত্যস্থার্থান্তরং দর্শয়ন্তী তং প্রত্যাহ-তবোর্বৃক্ষস্যারোহণে মম কা শক্তিঃ। শ্রীকৃষ্ণ আহ মুগ্ধে মদ্বচনানভিজ্ঞে অহং তরণিং নৌকা-মাখ্যামি ত্বং তরুং কথং প্রত্যেষীতি ভাবঃ শ্রীরাধাহ পুনঃ ন খ্যয়েতি তরণিশব্দেন রবিং প্রত্যেমীতি ভাবঃ। শ্রীকৃষ্ণ আহ ইয়ং নৌপ্রসঙ্গে বার্ত্তা অত্র নৌশব্দস্থানেকার্থত্বাভাবাৎ কথমর্থান্তরং কল্পয়িষ্যসীতি শ্রীরাধাহ কথমপীতি নৌপ্রসঙ্গে আবয়োঃ প্রসঙ্গে বার্ত্তা ইতি

অথ সংলাপ ॥

উক্তি প্রত্যুক্তি বিশিষ্ট যে বাক্য তাহাকে সংলাপ বলিয়া কীর্ত্তন করা যায় ৮৬।

যথা প্রদ্যাবলীতে।

মানসগঙ্গায় নৌকাকেলিবিনোদী শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে কহিলেন, হে তরুণি! তুমি আমার এই "তরৌ" অর্থাৎ তরিতে আরোহণ কর, এই কথা শুনিয়া শ্রীরাধা কহিলেন, তরুতে আরোহণ করিতে আমার শক্তি কি? শ্রীকৃষ্ণ কহিলেন, মুগ্ধে! তরু নয় স্পষ্ট করিয়া বলিতেছি তরণি, পুনর্ব্বার শ্রীরাধা কহিলেন ভাল, রবিতে আমার প্রীতি কি? শ্রীকৃষ্ণ কহিলেন "নৌ" অর্থাৎ নৌকা বিষয়ের প্রস্তাব করিতেছি, শ্রীরাধা কহিলেন "নৌ" অর্থাৎ আমাদের দুই জনের কোন কথার ত প্রস্তাব নাই, এই প্রকারে অজিত শ্রীকৃষ্ণ শ্রীরাধার বাগ্‌ভঙ্গীতে পরা-

বার্ত্তাপীতি স্মিতাস্যং জিতগিরমজিতং রাধয়ারাধয়ামি

প্রলাপঃ॥

ব্যর্থালাপঃ প্রলাপঃ স্যাৎ

যথা—

করোতি নাদং মুরলী রলী রলী

লোচনরোচনী টীকা।

তাপিঞ্ছসঙ্গ৩ স্থলপদ্মং পুষ্পিতবন্ধুকঞ্চ দৃষ্ট্বা ভ্রান্ত্যা প্রলপন্তীং কাঞ্চিৎ প্রতি কাচিদাহ

আনন্দচন্দ্রিকা টীকা।

কিং স্বং জ্ঞায ইতি ভাবঃ। ইতি তদনন্তরং স্মিতাস্যং প্রত্যুত্তরদানাশক্তেঃ। স্মিতমেব স্বপরাভবগোপনার্থং কুর্ব্বন্তমিত্যর্থঃ।

মধুপানেনোন্মত্তা শ্রীরাধা শ্রীকৃষ্ণমাহ করোতীতি। অত্র রলী বলী থনং থনং জতে জতে

জিত হইয়া হাস্য বদন হইলেন, অতএব আমি তাঁহাকেই আরাধনা করি॥

উক্ত উদাহরণে তরি এবং তরু এই দুই শব্দের সপ্তমীর এক বচনে "তরৌ" হয়, শ্রীকৃষ্ণের অভিপ্রায় তরিতে আরোহণ কর। শ্রীরাধা বাক্‌কৌশল প্রকাশ পূর্ব্বক "তরৌ" শব্দে "তরু" এই অর্থ অবলম্বন করিয়া কহিলেন, বৃক্ষ আরোহণ করিতে আমার শক্তি কি। অনন্তর শ্রীকৃষ্ণ স্পষ্ট করিয়া কহিলেন, প্রিয়ে। এ তরণি শ্রীরাধা তরণি শব্দের সূর্য্যার্থ গ্রহণ করিয়া কহিলেন, রবিতে কেন আমার প্রীতি হইবে। তৎপরে শ্রীকৃষ্ণ কহিলেন, সুন্দরি। "নৌ" বিষয়ে প্রস্তাব করিলাম, শ্রীরাধাও "নৌ" শব্দ শ্রবণ করিয়া মনে করিলেন অস্মদ্ শব্দের ষষ্ঠীর দ্বিবচনে "নৌ" হয়, অর্থাৎ আমাদের দুই জনের কোন কথার প্রস্তাব নাই, এইরূপে শ্রীরাধা অজিতকেও বাক্যদ্বারা পরাজিত করিলে তিনি হাস্যবদন হইলেন, আমি সেই হাস্যাস্য শ্রীকৃষ্ণকে ভজনা করি॥

অথ প্রলাপ॥

ব্যর্থ আলাপের নাম প্রলাপ॥

যথা—

মধুপানে উন্মত্তা শ্রীরাধা কহিলেন, কৃষ্ণ। বুঝিতে পারিলাম

ব্রজ ঙ্গন হৃন্মথনং থনং থনং
ততো বিদূন ভজতে জতে জতে
হরে ভবন্তং ললিতা লিতা লিতা

অনুলাপঃ

অনুলাপো মুহুর্ব্বচঃ ৮৭ ॥
নেত্রে নেত্রে নহি নহি পদ্মদ্বন্দ্বং
গুঞ্জা গুঞ্জা নহি নহি বন্ধূকালী ।
বেণুর্বেণুর্নহি নহি ভৃঙ্গোদেযাযঃ

লোচনরোচনী টীকা।

নেত্রে নেত্রে ইতি। ৮৮

আনন্দচন্দ্রিকা টীকা

লিতা লিতেতি শব্দা ব্যর্থাঃ ৮৭

বন্ধূকস্থলকমলাভ্যাং মিলিতং কমপি তমালপোতমালোক্য শ্রীরাধা ললিতাং দর্শয়ন্তী সহর্ষোৎসুক্যবেগমাহ কৃষ্ণঃ কৃষ্ণ ইতি পশ্চাৎ স্বমেব বিচার্য্য নিশ্চিনোতি নহি নহি কিন্তু তাপিঞ্ছস্তমালোঽয়ং। এবং পাদত্রয়েঽপি নিশ্চয়াস্তমলোহোঽয়ং। যদ্বা। প্রথমস্ত এব

তোমার মুরলীর মনোহর উন্মাদে ব্রজাঙ্গনাগণের হৃদয় মথিত হইতেছে, এই কারণে ললিতা ব্যথিতচিত্তে তোমারই ভজনা করিতে প্রবৃত্ত হইল ।

উল্লিখিত শ্লোকমধ্যে রলী রলী, থনং থনং, জতে জতে, লিতা লিতা এই কয়টী শব্দ ব্যর্থ

অথ অনুলাপ

বারম্বার কথনের নাম অনুলাপ । ৮৭ ॥

যথা—

বন্ধূক (বাঁধুলী) ও স্থলকমলদ্বয়ে মিলিত কোন তমালশিশু অবলোকন করত ললিতাকে দেখাইয়া শ্রীরাধা হর্ষ ও ঔৎসুক্য বেগের সহিত কহিলেন, ললিতে । ঐ দুইটী কি নেত্র ঐ দুইটী কি নেত্র ! না না ঐ দুইটী পদ্ম । সখি । ও কি গুঞ্জা ও কি গুঞ্জা । না না উহা বন্ধূকশ্রেণী, হে প্রিয়সখি । উহা কি বেণু উহা কি বেণু ! না না ভ্রমরের

কৃষ্ণঃ কৃষ্ণো নহি নহি তাপিঞ্ছোঽয়ং ॥

অপলাপঃ

অপলাপস্তু পূর্ব্বোক্তস্যান্যথ যোজনং ভবেৎ ॥

যথা—

ফুল্লোজ্জ্বল-বনমালং কাময়তে কা ন মাধবং প্রমদা।
হরয়ে স্পৃহয়সি রাধে নহি নহি বৈরিণি বসন্তায় ॥

আনন্দচন্দ্রিকা টীকা

নিশ্চিনোতি কৃষ্ণঃ কৃষ্ণ ইতি অতোঽয়ং নহি নহি তাপিঞ্ছ ইতি এবং সর্ব্বত্র

পূর্ব্বোক্তস্য প্রথমং স্বেনৈব উক্তস্য বাক্যস্য পুনঃ স্বেনৈবান্যথাযোজনমন্যার্থকরণমিতি সংলাপাদিভ্যো ভিদ্যতে

কলহান্তরিতা শ্রীরাধা সৌৎসুক্যং রহসি বিশাখামাহ ফুল্লেতি তদৈবাকস্মাদাগত্য ললিতা সোপহাসমাহ হরয় ইত্যাদি। পুনঃ সত্রপ্রতিভং শ্রীরাধা তাং প্রত্যাহ নহি নহীতি হে বৈরিণি ইদমপি প্রবাদং দাতুং ত্বং সমর্থাসি ইতি ভাবঃ অহন্তু বসন্তায় স্পৃহয়ামি ফুল্লা উজ্জ্বলা বনানাং মালা শ্রেণী যতস্তস্মৈ মাধবায়েতি মাধবশব্দেন ময়া বসন্ত এবাভিপ্রেত ইতি ভাবঃ

গুঞ্জন রব, অপর হে বয়স্যে! উনি কি শ্রীকৃষ্ণ উনি কি শ্রীকৃষ্ণ! না না উহা ত তাপিঞ্ছ (তমাল)।

অপলাপ।

পূর্ব্বোক্ত বাক্যের অন্যথা রূপে যোজনার নাম অপলাপ

যথ —

কলহান্তরিতা শ্রীরাধা উৎসুকা হইয়া বিশাখার প্রতি কহিলেন, সখি! প্রফুল্ল উজ্জ্বল বনমালি মাধবকে কোন্ প্রমদা না কামনা করে, বিশাখা শ্রীরাধার প্রমুখাৎ এই বাক্য শুনিয়া কহিলেন, প্রিয়সখি! তুমি কি তবে হরির প্রতি সস্পৃহ হইলে, এই কথা শুনিয়া শ্রীরাধা কহিলেন, হে বৈরিণি! ত নয় তা নয়! আমি বসন্তের প্রতি অভিলাষ করিতেছি ॥

উক্ত উদাহরণে প্রফুল্ল উজ্জ্বল বনমালাধারী মাধব শ্রীকৃষ্ণ, অপলাপ পক্ষে প্রফুল্ল উজ্জ্বল বনশ্রেণী যাহাতে হয় এমত মাধবকে অর্থাৎ বসন্তকে কামনা করিতেছি ॥

সন্দেশঃ ॥

সন্দেশস্তু প্রোষিতস্য স্ববার্ত্তাপ্রেষণং ভবেৎ ৮৮

যথা—

ব্যাহর মথুরানাথে মম সন্দেশপ্রহেলিকাং পান্থ।

লোচনরোচনী টীকা।

ব্যাহরেতি চন্দ্রাবলীসখ্যা উক্তিঃ কুহূঃ কোকিলধ্বনিরমাবাস্য চ। চন্দ্রাবলী তন্নাম্নী

আনন্দচন্দ্রিকা টীকা

প্রোষিতস্য প্রবাসগতস্য কান্তস্য স্থানে ৮৮

পদ্মা শ্রীকৃষ্ণং সন্দিশতি ব্যাহরেতি মথুরানাথ ইতি শ্রীনন্দগোকুলং ক্রিয়তু নশ্যতু বা তত্র তস্য ন কাপি ক্ষতিরিতি ভাবঃ কিন্তু স আত্মানমতিস্থবুদ্ধিমন্তং মন্যত ইত্যতো মে প্রহেলিকাং বদত্বিতি ভাবঃ। কুহূভিরমাবাস্যাভিঃ কোকিলধ্বনিভিশ্চ বিকলা কলাহীনা

অথ সন্দেশ ॥

প্রবাসস্থ কান্তসমীপে যে স্বীয়-বার্ত্তা প্রেরণ তাহাকে সন্দেশ কহে ॥ ৮৮।

যথা—

পদ্মা মথুরাস্থ শ্রীকৃষ্ণের নিকট সন্দেশ প্রেরণার্থ এক জন পথিককে কহিলেন, অহে পান্থ। মথুরানাথ সন্নিধানে আমার একটী সন্দেশ প্রহেলিকা উদাহরণ করিও যে অমাবাস্যা সকলে চন্দ্রাবলী (চন্দ্রশ্রেণী) বিকলা হইয়া কোথায় লয় প্রাপ্ত হয় ॥

উক্ত প্রহেলিকার অর্থ এই যে চন্দ্রাবলী চন্দ্রশ্রেণী, পক্ষে চন্দ্রাবলী নাম্নী গোপী। কুহূশব্দে অমাবাস্যা এবং কোকিলধ্বনি, কোন্ স্থানে লয় পায় ॥

শ্রীকৃষ্ণের উত্তর যথা—

"চন্দ্রাবলী চেদ্বিকলী কৃতা স্যাৎ কুহূভিরাপ্নোতি হরৌ লয়ং সা।
হরির্বিবস্বানঘমর্দ্দনশ্চ লয়ঃ ক্ষয়ঃ স্যাদুপগূহনঞ্চ ॥"

শ্রীকৃষ্ণ কহিলেন, অহে পান্থ। চন্দ্রাবলী যদি কুহূ সকলের দ্বারা

বিকলা কৃতা কুহূভির্লভতে চন্দ্রাবলী কংলয়ং

অতিদেশঃ ।

সোঽতিদেশস্তদুক্তানি মদুক্তানীতি যদ্বচঃ । ৮৯ ।

যথা—

বৃথা কৃথাস্ত্বং বিচিকিৎসিতানি
মা গোকুলাধীশ্বরনন্দনাত্র

লোচনরোচনী টীকা।

চন্দ্রশ্রেণী চ বিকলা বৈকল্যযুক্তা কলাহীনা চ　বিকলা কৃতাচেৎ তদা ব লয়ং লভত ইতি প্রশ্নঃ　কৃষ্ণাখ্যে পক্ষে হরৌ ইতি তু প্রত্যুত্তরমুদ্দেশ্যং　৮৯

বৃথেতি স্বয়মেব বচয়িত্বা ললিতৈবং বদতীতি নিষ্প্রয়োজনতয়া প্রতীতানি বিচিকিৎ-

আনন্দচন্দ্রিকা টীকা

বৈকল্যযুক্তা চ কৃতা চন্দ্রাবলী চন্দ্রশ্রেণী তন্নাম্নী গোপী চ কুত্র লয়ং লভত ইতি　তত্তশ্চ তদুত্তররূপং পদ্যং শ্রীকৃষ্ণেন তস্যৈ প্রেষিতং । তদ্যথা চন্দ্রাবলী চেদ্বিকলীকৃতা স্যাৎ কুহূ-ভিরাথোতি হরৌ লয়ং সা হরিবির্বিবস্বানঘমর্দ্দনশ্চ লয়ঃ ক্ষয়ঃ স্যাদুপগুহনঞ্চেতি তেন প্রহে-লিকাপ্রেষণমিষেণ স্বসখ্যা দশাং জ্ঞাপয়ন্তীনাং কিমুপালভসে অহস্ত তত্র শীঘ্রং গমিষ্যামশ্চ নিত্যমেব ত্বৎসখ্যা সহ রমে রময়ামি চ সাচস্ফূর্তিং স্বপ্নং বা মন্যত ইতি সৈব চন্দ্রাবলী রহসি তত্বতঃ প্রষ্টব্যেতি ধ্বনিঃ　৮৯

মানিনীং শ্রীরাধাং প্রণত্যাদিভিঃ প্রসাদয়ন্তং শ্রীকৃষ্ণং কিমিহ বাধাং প্রণমসি ইতঃ শীঘ্রমপসর তত্রৈব গত্বা তস্যা এব পদয়োর্মুহুর্মুহুঃ পতেতি ললিতা পরুষোক্ত্যাপ্যগচ্ছন্তং শ্রীরাধিকামুখাদুদেষ্যমাণং কিঞ্চন বচনং প্রতীক্ষমাণং তং প্রতি বৃন্দাহ বৃথেতি বিচিকিৎ-সিতানি শ্রীরাধা স্বমুখেন কিঞ্চিন্মধুরং বা মাং বক্ষ্যতীতি বৃথা সন্দেহান্ মাকৃথাঃ বিচিকিৎ-

বিকলীকৃতা হয়, তাহা হইলে হরিতে লয় পায়। হরিশব্দে সূর্য্য এবং অঘমর্দ্দন (কৃষ্ণ) লয়শব্দে ক্ষয় এবং উপগূহন (আলিঙ্গন) ।

অতিদেশ

তাহার উক্তিতেই আমার উক্তি এই প্রকার যে স্থানে কথা হয়, তাহাকে অতিদেশ বলে　৮৯ ।

যথা—

শ্রীরাধা মানিনী হইলে শ্রীকৃষ্ণ প্রণিপাতাদি দ্বারা শ্রীরাধাকে প্রসন্ন করাইতেছিলেন, ললিতা দেখিয়া কহিলেন, কৃষ্ণ ! কি নিমিত্ত

গান্ধর্ব্বিকায়া গিরমন্তরস্থাং
বীণেব গীতিং ললিতা ব্যনক্তি ৯০ ।

অথাপদেশঃ ।

অন্যার্থকথনং যত্তু সোঽপদেশ ইতীরিতঃ ॥ ৯১ ॥

যথা—

ধত্তে বিক্ষতমুজ্জ্বলং পৃথুফলদ্বন্দ্বং নবা দাড়িমী

লোচনরোচনী টীকা

সিতানি সন্দেহান্ ললিতেতি স্বনাম্না স্বমেবোদ্দিষ্টং ৯০

সোপদেশঃ কথমীরিতস্তত্র হ ইতি ইথং তচ্চ কিং তত্রাহ অন্যার্থেন অন্যেন বাচ্যেন যত্তু কথনং সূচনং তদিত্যর্থঃ ৯১

শ্যামলা নাম্ন্যাং কথঞ্চিৎ প্রোষিতে পতিম্মন্যে কদাচিদেকান্তেঽভ্যঞ্জনাং কুর্ব্বন্ত্যামকস্মা-

আনন্দচন্দ্রিকা টীকা।

নাতু সংশয় ইত্যন্বয়ঃ। যতো রাধায়া অন্তরস্থাং হৃদয়স্থাং গিরং ললিতা স্ববচনেন ব্যনক্তি বাদয়িতুশ্চিত্তস্থং গীতং বীণেব ৯০ ।

অন্যার্থেন অন্যেনাভিধেয়েন কথনং প্রস্তুতস্য বস্তুনো যৎসূচনং সোঽপদেশ ইতি ঈরিত ইতীতি সম্যাগ্ত্যর্থকং লক্ষণশাস্ত্রে যোজনীয়ং অন্যথা ইতি পদস্য কর্ম্মত্বে ঈরিতমিতি নপুংসকং স্যাৎ। ৯১

নান্দীমুখী পৌর্ণমাসীং প্রত্যাহ ধত্তে ইতি বিক্ষতং বিনা পক্ষিণা শুকেন ক্ষতং ফল-

শ্রীরাধাকে প্রণাম করিতেছ এখান হইতে শীঘ্র দূরীভূত হও, সেই স্থানে গিয়া মুহুর্মুহুঃ তাহারই চরণে পড়, এই প্রকার পরুষবচনেও শ্রীকৃষ্ণ না যাইয়া শ্রীরাধার মুখোদ্গীর্ণ বাক্যের প্রতি প্রতীক্ষা করিয়া দণ্ডায়মান ছিলেন এমত সময়ে বৃন্দা কহিলেন, অহে ব্রজরাজনন্দন! তুমি এ বিষয়ে বৃথা সংশয় করিওনা গান্ধর্ব্বিকার মনোগত বাক্য বীণা গীতের ন্যায় ললিতাই বলিতেছেন। ৯০

অথ অপদেশ।

বক্তব্য বিষয়ের অন্যার্থ কল্পনাকে অপদেশ কহে। ৯১

যথা—

নান্দীমুখী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! এক দিবস শ্যামলা গুরুজন সমক্ষে দণ্ডায়মান ছিলেন, সখী দূর হইতে অবলোকন করিয়া কহিল, অহো! এই নব-দাড়িমী শুক-চঞ্চুদ্বারা উজ্জ্বল বিক্ষত দুইটী ফল

ভৃঙ্গেণ ব্রণিতং মধুনি পিবতা তাম্রঞ্চ পুষ্পদ্বয়ং।
ইত্যাকর্ণ্য সখীগিরং গুরুজনালোকে কিল শ্যামলা
চেলেন স্তনয়োর্যুগং ব্যবদধে দন্তচ্ছদৌ পাণিনা। ৯২

উপদেশঃ

যত্তু শিক্ষার্থবচনমুপদেশঃ স উচ্যতে

যথা ছন্দোমঞ্জর্য্যাং

মুগ্ধে যৌবনলক্ষ্মী বিদ্যুদ্বিভ্রমচঞ্চলা
ত্রৈলোক্যাদ্ভুতরূপো গোবিন্দোঽতিদুরাপঃ।

লোচনরোচনী টীকা।

দতিসঙ্কোচকারণস্যাগমনং জ্ঞাপয়ন্তী সখী তচ্চ তস্মাদপলপন্তী চাতুরীবিশেষেণ প্রাহ ধত্তে ইতি বিক্ষতং পক্ষিক্ষতং ইতি সখীগিরমাকর্ণ্যেতি কদা তত্রাহ গুরোর্জনস্য দাসী-লক্ষণস্যালোকে দূরাদ্দর্শনে সতি ৯২

আনন্দচন্দ্রিকা টীকা

দ্বয়ং নবা নবীনা দাড়িমীয়ং ধত্তে তথা ভৃঙ্গেণেত্যাদি ব্রণিতং ব্রণযুক্তীকৃতং ইতি সখীগিরং সমবধাপয়ন্ত্যা সখ্যা বচনং আকর্ণ্য কদা গুরুজনস্য শ্বশ্র্বা আলোকে তৎকর্ত্তৃকদৃষ্টিক্ষেপে সতি ব্যবদধে আচ্ছাদয়ামাস অন্তর্দ্ধা ব্যবধা পুংসি ত্বন্তর্দ্ধিরপবারণমিত্যমরঃ ৯২

তুঙ্গবিদ্যা মানিনীং শ্রীরাধাং প্রত্যাহ মুগ্ধ ইতি

ধারণ করিয়াছে, ইহার রক্তবর্ণ দুইটী পুষ্পে ভৃঙ্গ মধুপান করিয়াছিল এ কারণ ঐ দুইটী পুষ্প ব্রণিত দেখাইতেছে। এইরূপ সখী বাক্যে গুরুজন সমীপে শ্যামলা বস্ত্রাঞ্চল দিয়া স্বীয় স্তনযুগ, তথা কর দ্বারা ওষ্ঠ দ্বয় আবরণ করিয়া রহিলেন ৯২।

উক্ত উদাহরণে স্তনদ্বয়ে নখাঘাত এবং ওষ্ঠদ্বয়ে দশনক্ষত, ইহাই অন্যথারূপে কল্পিত হইল॥

অথ উপদেশ।

যে বাক্য শিক্ষার নিমিত্ত হয় তাহাকে উপদেশ বলে।

যথা ছন্দোমঞ্জরীতে।

তুঙ্গবিদ্যা মানিনী শ্রীরাধাকে কহিলেন, সুন্দরি! যৌবন-সম্পদ্ বিদ্যুৎ বিভ্রমের ন্যায় চঞ্চল, ত্রিলোকী মধ্যে অদ্ভুত রূপশালী গোবি-

তদ্বৃন্দাবনকুঞ্জে গুঞ্জদ্ভৃঙ্গসনাথে
শ্রীনাথেন সমেতা স্বচ্ছন্দং কুরু কেলিং।

নির্দ্দেশঃ।

নির্দ্দেশস্তু ভবেৎ সোঽয়মহমিত্যাদিভাষণং।

যথা—

সেয়ং মে ভগিনী রাধা ললিতেয়ঞ্চ মে সখী।
বিশাখেয়মহং কৃষ্ণ তিস্রঃ পুষ্পার্থমাগতাঃ।

ব্যপদেশঃ।

ব্যাজেনাত্মাভিলাষোক্তি র্ব্যপদেশ ইতীর্য্যতে।

আনন্দচন্দ্রিকা টীকা

সোঽয়মিতি পুংস্ত্বেন নির্দ্দেশঃ সামান্যতো জন ইত্যপেক্ষয়া জ্ঞেয়ঃ

বিশাখা শ্রীকৃষ্ণং পৃচ্ছন্তমাত্মনঃ পরিচায়য়তি সেয়মিতি তত্রশ্চ ময়া পুষ্পকেদারিকা এতদর্থমেব কৃতা যদ্ব্রতবতীনাং সাধ্বীনাং দেবোপাসিকানাং প্রত্যহং দর্শনভাগ্যং ভবেদিত্যতো নিত্যমেব পুষ্পাণ্যবচিত্য ক্ষণমত্রাং পুষ্পশালায়াং বিশ্রম্য যথাশক্তি মহ্যং পারিতোষিকং কিঞ্চিদ্দত্ত্বা গচ্ছতেতি শ্রীকৃষ্ণস্য প্রত্যুক্তির্জ্ঞেয়া

ন্দও দুর্ল্লভ, অতএব হে মুগ্ধে। গুঞ্জদ্ ভৃঙ্গ কুঞ্জমধ্যে শ্রীনাথের সহিত মিলিত হইয়া স্বচ্ছন্দে কেলি কর॥

অথ নির্দ্দেশ॥

সেই এই আমি ইত্যাদি ভাষণের নাম নির্দ্দেশ।

যথা—

শ্রীকৃষ্ণ জিজ্ঞাসা করায় বিশাখা আপনার পরিচয় প্রদান পূর্ব্বক কহিলেন, কৃষ্ণ! ইনি সেই আমার ভগিনী রাধা, আর ইনি আমার সখী, ইহাঁর নাম ললিতা, তথা এই আমি বিশাখা, আমরা তিনজনে পুষ্পচয়নার্থ আসিয়াছি

অথ ব্যপদেশ॥

ছল পূর্ব্বক স্বীয় অভিলাষ প্রকাশ করণের নাম ব্যপদেশ।

যথা—

বিলসন্নবকস্তবকা কাম্যবনে পশ্য মালতী মিলতি।
কথমিব চুম্বসি তুম্বীমথবা ভ্রমরোঽসি কিং ব্রূমঃ॥
অনুভাবা ভবন্ত্যেতে রসে সর্ব্বত্র বাচিকাঃ
মাধুর্য্যাধিক্যপোষিত্বাদিহৈব পরিকীর্ত্তিতাঃ।

* ইতি অনুভাববিবৃতিঃ *।

লোচনরোচনী টীকা

॥ * ॥ ইত্যনুভাবাঃ ॥ * ।

আনন্দচন্দ্রিকা টীকা

মালত্যাঃ সখী শ্রীকৃষ্ণং বিপক্ষগোপীরতিলালসং বেক্ষ্য তদগ্রে ভৃঙ্গমাহ বিলসন্নবকেতি মালতী জাতিস্তন্নাম্নী গোপী চ স্তবকো গুচ্ছঃ অতিশয়োক্ত্যা স্তনশ্চ কাম্যবনে পক্ষে কামদৈর্ব্বনে কামিনস্তব অবনে পালনে ইতি বা ভ্রমরো ভৃঙ্গঃ কামুকশ্চ শ্লেষেণ ত্বং রাগীতি তুম্বীচুম্বনাৎ পক্ষদ্বয়েঽপি বৈদগ্ধীলোপাদ্যন্ততা সূচিতা। এতৌ নির্দ্দেশব্যপদেশৌ দূতীপ্রকরণোচিতাবপি সখীপ্রেমানুভাবপ্রদর্শনার্থমত্রৈবোক্তৌ

সর্ব্বত্র রসে শান্তপ্রীতাদাবপি

* ॥ ইত্যনুভাববিবৃতিঃ *

যথা

মালতী নাম্নী গোপীর কোন সখী বিপক্ষ-গোপী-রতিলালস শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া তদগ্রে ভ্রমরকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, অহে মধুপ! দৃষ্টিপাত কর, এই কাম্যবনে মালতীর পুষ্প স্তবক বিকশিত হইয়াছে, ইহা সত্ত্বে কি প্রকারে তুমি তুম্বী চুম্বন করিতেছ- অথবা তোমাকেই বা কি বলিব, তুমি ভ্রমর জাতি তোমার স্বভাবই এই প্রকার॥

উক্ত বাচিক অনুভাব সকল, সকল রসেই সম্ভব হয়, কিন্তু মাধুর্য্যরসের অধিক পোষক হেতু এই স্থানেই কীর্ত্তন করিলাম।

॥ * ॥ ইতি উজ্জ্বলনীলমণৌ শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায়াং অনুভাবপ্রকরণং ।*।

অথ সাত্ত্বিকপ্রকরণং।

——:*:◌:*:——

তত্র স্তম্ভঃ।

হর্ষাদ্যথা দানকেলিকৌমুদ্যাং ১।

অভ্যুক্ষ্য নিষ্কং পতয়ালুনা মুহুঃ
স্বেদেন নিষ্কম্পতয়া ব্যবস্থিতা
পঞ্চালিকা কুঞ্চিতলোচনা কথং
পঞ্চালিকা ধর্ম্মমবাপ রাধিকা ২।

লোচনরোচনী টীকা

অথ সাত্ত্বিকাঃ ১

নিষ্কমভ্যুক্ষ্য পতয়ালুনা পতনশীলেন স্বেদেন। পঞ্চ আলয়ো যস্যাঃ সা। উত্তরত্র পঞ্চালিকা প্রতিমা ২

আনন্দচন্দ্রিকা টীকা

অথ সাত্ত্বিকবিবৃতিঃ ১

শ্রীকৃষ্ণো মধুমঙ্গলমাহ অভ্যুক্ষ্যেতি নিষ্কং পদকং অভ্যুক্ষ্য পতয়ালুনা পতনশীলেন স্বেদেন নিষ্কম্পতয়া নিশ্চলতয়া পঞ্চ আলয়ঃ সখ্যো যস্যাঃ সা পঞ্চালিকাধর্ম্মং পুত্তলিকাস্বভাবং তেন শ্রীরাধিকায়াঃ পঞ্চালিকা উপমেতি জ্ঞেয়ং পঞ্চালিকা পুত্রিকা স্যাদিত্যমরঃ সাক্ষাৎ প্রতীতত্বেন স্তম্ভোঽয়ং স্নিগ্ধে মুখ্যঃ ২

অথ সাত্ত্বিক॥

তন্মধ্যে স্তম্ভ।

হর্ষ হেতু যথা দানকেলিকৌমুদীতে ১

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে কহিলেন, বয়স্য! শ্রীরাধা আজি আমাকে অবলোকন করিয়া এরূপ স্তম্ভভাব লাভ করিলেন যে তন্নিবন্ধন তাঁহার শ্রীঅঙ্গ হইতে স্বেদ-বারি ক্ষরিত হইয়া স্বর্ণপদক সিক্ত করিতেছিল, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে পাঁচজন সখী তাঁহার সঙ্গে থাকিলেও কি প্রকারে তিনি পঞ্চালিকার (পুত্তলিকার) ধর্ম্ম প্রাপ্ত হইলেন॥

উক্ত উদাহরণে শ্রীকৃষ্ণ দর্শন নিমিত্ত হর্ষে স্তম্ভিতা হইয়া শ্রীরাধা পুত্তলিকার ধর্ম্ম প্রাপ্ত হইলেন॥ ২।

ভয়াদ্যথা—

ঘনস্তনিতচক্রেণ চকিতেয়ং ঘনস্তনী
বভূব হরিমালিঙ্গ্য নিশ্চলাঙ্গী ব্রজাঙ্গনা ॥

দিগ্ধোঽয়ং ॥ ৩ ॥

আশ্চর্য্যাদ্যথা—

তব মধুরিমসম্পদং বিলক্ষ্য
ত্রিজগদলক্ষ্য তুলাং মুকুন্দ রাধা ।

লোচনরোচনী টীকা ।

ভয়াদ্যথা ইত্যত্র ভয়ং ত্রাসঃ ।

দিগ্ধোঽয়মিত্যত্র পূর্ব্বগ্রন্থোঽন্বেষণীয়ঃ　যথোক্তং রতিদ্বয়ং বিনাভূতৈর্ভাবৈর্মনস আক্রমাৎ　জনে জাতরতৌ দিগ্ধাস্তে চেদ্রত্যনুগামিন ইতি। রতিদ্বয়ঞ্চাত্র শান্ত্যাদির্মুখ্যা হাসাদিশ্চ গৌণীতি জ্ঞেয়ং　৩　৪

আনন্দচন্দ্রিকা টীকা

ভয়াদ্যথা ভয়মত্র ত্রাসঃ

শ্রীরাধায়া মানিন্যাশ্চেষ্টিতং দূরাদালোক্য নান্দীমুখী পৌর্ণমাসীমাহ ঘনস্য মেঘস্য স্তনিতচক্রেণ নির্ঘোষসমূহেন চকিতা ত্রস্তা ঘনস্তনিতমিতি ধর্ম্মর্জ্জ্যা কবিরুংহিত দিবং যথা নেন নিবিড়েনেতি ব্যাখ্যেয়ং　দিগ্ধোঽয়মিতি সঞ্চারিভাবোত্থত্বাৎ　যদুক্তং　রতিদ্বয়বিনা ভূতৈর্ভাবৈর্মনস আক্রমাৎ　জনে জাতরতৌ দিগ্ধাস্তে চেদ্রত্যনুগামিন ইতি　রতিদ্বয়ঞ্চাত্র শান্ত্যাদির্মুখ্যা হাসাদির্গৌণীতি　৩

শ্রীরাধাং দর্শয়ন্ মধুমঙ্গলঃ শ্রীকৃষ্ণং প্রত্যাহ তবেতি

ভয় হেতু স্তম্ভ যথা—

শ্রীরাধা মানিনী হইলে দূর হইতে অবলোকন করিয়া নান্দীমুখী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি। এই ঘন (নিবিড়) স্তনী ব্রজাঙ্গনা ঘনাবলীর গর্জ্জন শুনিয়া চঞ্চলচিত্তে হরিকে আলিঙ্গন করিলেন ॥

ভাবের উৎপন্ন হেতু এই উদাহরণের নাম দিগ্ধ । ৩

আশ্চর্য্য নিমিত্ত স্তম্ভ যথা—

শ্রীরাধাকে অবলোকন করাইয়া মধুমঙ্গল কহিলেন, মুকুন্দ যাহার, ত্রিলোকে তুলনা হয় না এমত তোমার মাধুর্য্য সম্পদ্ দর্শন করিয়া

কলয় হৃদি বলবচ্চমৎক্রিয়াসৌ
সমজনি নির্নিমিষা চ নিশ্চলা চ ॥

বিষাদাদ্যথা—

বিলম্বমম্ভোরুহলোচনস্য বিলোক্য সম্ভাবিতবিপ্রলম্ভা।
সঙ্কেতগেহস্য নিতান্তমঙ্কে চিত্রায়িতা তত্র বভূব চিত্রা॥ ৪ ॥

অমর্ষাদ্যথা—

মাধবস্য পরিবর্ত্তিতগোত্রাং শ্যামলা নিশি গিরং নিশময্য।
দেবযোষিদিব নির্নিমিষাক্ষী ছায়য়া চ রহিতা ক্ষণমাসীৎ।৫॥

লোচনরোচনী টীকা।

গোত্রং নাম ছায়য়া কান্ত্যা। পক্ষে স্বব্যবধানকৃতা তাপাভাবরূপয়া। ছায়া সূর্য্যপ্রিয়া কান্তিঃ প্রতিবিম্বমনাতপ ইতি নানার্থবর্গাৎ। ৫।

আনন্দচন্দ্রিকা টীকা।

চিত্রায়াঃ সখী স্বসখীমাহ বিলমিতি সম্ভাবিতেতি অধ্যাহং বিপ্রলম্ভৈবাভূবমিত্যর্থঃ ৪।
শ্যামলায়াঃ সখী শ্রীরাধামাহ মাধবস্যেতি গোত্রং নাম হে প্রিয়ে পালীত্যাকারাং গিরং ছায়য়া কান্ত্যা ৫ ॥

এই রাধার হৃদয়ে বলবৎ চমৎক্রিয়া উৎপন্ন হইয়াছে, এ কারণ ইহাঁর চক্ষুর নিমেষ পড়িতেছে না, অঙ্গ সকল নিশ্চল হইয়া রহিয়াছে, অতএব হে সখে। ইহাঁর প্রতি দৃষ্টিপাত কর ॥

বিষাদ হেতু স্তম্ভ যথা—

চিত্রার সখী আপনার সখীকে কহিল, সুন্দরি। আজি চিত্রা-অম্ভোরুহলোচনের বিলম্ব দেখিয়া বিপ্রলম্ভের আশঙ্কা বশতঃ সঙ্কেত কুঞ্জের নিতান্ত অঙ্ক (ক্রোড়) দেশে স্তম্ভিত হইয়া রহিলেন ॥ ৪ ॥

ক্রোধ হেতু স্তম্ভ যথা—

শ্যামলার সখী শ্রীরাধাকে কহিলেন, প্রিয়সখি। রজনীযোগে শ্রীকৃষ্ণ শ্যামলার সহিত শয়ন করিয়া স্বপ্ন দেখিতেছিলেন, অকস্মাৎ তদীয় বদন হইতে প্রিয়ে পালি। এই শব্দটী উদ্গত হইল, কিন্তু শ্যামলা শ্রবণমাত্রে দেবযোষিতের ন্যায় নির্নিমেষাক্ষী হইয়া ক্ষণকাল ছায়া (কান্তি) রহিত হইয়া রহিলেন ॥ ৫ ॥

অথ স্বেদঃ ॥

সহর্ষাদ্যথা—শ্রীবিষ্ণুপুরাণে ।

গোপীকপোলসংশ্লেষমভিপত্য হরের্ভুজৌ ।
পুলকোদ্গমশস্যায় স্বেদাম্বুঘনতাঙ্গতৌ ॥ ৬ ॥

যথা বা ॥

ধ্রুবমুজ্জ্বলচন্দ্রকান্তযষ্ট্যা বিধিনা মাধব নির্ম্মিতাস্তি রাধা ।
যদুদঞ্চতি তাবকাস্যচন্দ্রে দ্রবতাং স্বেদভরচ্ছলাদ্বিভর্ত্তি ।

লোচনরোচনী টীকা ।

অভিপত্য প্রাপ্য । পুলকোদ্গমশস্যং সম্পাদয়িতুং স্বেদাম্বূনাং ঘনতাং মেঘতাং প্রাপ্তৌ ঘনশব্দস্য নিবিড়বাচিত্বস্য প্রকৃতং ৬

দ্রবতীতি দ্রবত্তদ্রূপতাং দ্রববত্তামিত্যর্থঃ স্বেদভরচ্ছলাদিতি স্বেদোঽয়ং ন ভবতি, কিন্তু তদ্বৎ দ্রব ইত্যর্থঃ ৭

আনন্দচন্দ্রিকা টীকা

পরাশরো মৈত্রেয়মাহ অভিপত্য প্রাপ্য পুলকোদ্গমরূপং শস্যং সম্পাদয়িতুং স্বেদাম্বুভি-র্ঘনত্বং মেঘত্বং-পক্ষে নিবিড়তাং যযৌ যযতুঃ ৬ ।

ললিতা শ্রীকৃষ্ণমাহ ধ্রুবমিতি চন্দ্রকান্তশীলয়েত্যমুক্ত্বা যষ্ট্যোত্যনেন তস্যাঃ কৃশাঙ্গত্বং তেন চ, প্রথমকৈশোরং ব্যঞ্জিতং

অথ স্বেদ (ঘর্ম্ম) ॥

হর্ষহেতু স্বেদ যথা—শ্রীবিষ্ণুপুরাণে ।

পরাশর মৈত্রেয়কে সম্বোধন পূর্ব্বক কহিলেন, মুনে ! শ্রীকৃষ্ণের ভুজদ্বন্দ্ব গোপীগণের সংস্পর্শ লাভ করিয়া পুলকোদ্গম শস্য নিমিত্ত স্বেদাম্বুবর্ষণকারি ঘনতা (মেঘত্ব) প্রাপ্ত হইয়াছিল । ৬ ।

যথা বা

ললিতা কহিলেন, মাধব ! আমার নিশ্চয় বোধ হইল, বিধাতা উজ্জ্বল চন্দ্রকান্তমণি যষ্টি দ্বারা শ্রীরাধাকে নির্ম্মাণ করিয়া থাকিবেন, নতুবা তদীয় বদনচন্দ্রের উদয় নিমিত্ত ঐ শ্রীরাধা স্বেদাতিশয়চ্ছলে দ্রবত ধারণ করিবেন কেন ? ॥

ভয়াদ্যথা—

মাভূর্বিশাখে তরলা বিদূরতঃ
পতিস্তবাসৌ নিবিড়ালতাকুটী।
ময়া প্রযত্নেন কৃতাঃ কপোলয়োঃ
স্বেদোদবিন্দুর্মকরীর্বিলুম্পতি ॥ ৭ ॥

ক্রোধাদ্যথা—

খিন্নাপি গোত্রস্খলনেন পালী-
শালীনভাবং ছলতো ব্যতানীৎ।
তথাপি তস্যাঃ পটমার্দ্রয়ন্তী
স্বেদাম্বুবৃষ্টিঃ ক্রুধমাচচক্ষে।

লোচনরোচনী টীকা

শালীনভাবং ধৃষ্টচেষ্টং ৮

আনন্দচন্দ্রিকা টীকা

কুটৌ শাৰ্দ্ধং সঙ্কুক্তাং বিশাখাং দৈবাৎ পতিমন্দগোপাগমনশ্রবণেন বিভ্যতীং প্রসাধয়ন্ শ্রীকৃষ্ণঃ প্রাহ মাভূরিতি [illegible] কা ॥ ৭ ॥

নান্দীমুখী পৌর্ণমাসীং [illegible] আহ গোত্রস্খলনেন হে প্রিয়ে শ্যামলে ইতি শ্রীকৃষ্ণকর্তৃকসম্বোধনেন অন্তঃবিস্মাপ্যবহিথয়া শালীনভাবং [illegible] সৌশীল্যং ॥

ভয়হেতু স্বেদ যথা—

এক দিবস কুঞ্জ মধ্যে সংযুক্তা বিশাখা দৈবাৎ পতিম্মন্য গোপের আগমন বার্তা শুনিয়া ভীতা হইতে ছিলেন, শ্রীকৃষ্ণ প্রসন্ন করিয়া কহিলেন, বিশাখে। তরলা হইও না, তোমার পতি অতিদূরে, এ কুঞ্জ-কুটীর অতি নিবিড়, এখানে কোন আশঙ্কা নাই, আমি যত্ন পূর্ব্বক তোমার কপোলদ্বয়ে যে মকরীপত্র রচনা করিয়াছি, তাহা এই স্বেদ জলে বিলোপ হইয়া যাইতেছে, শঙ্কা পরিহার কর? ॥ ৭ ॥

ক্রোধ হেতু স্বেদ যথা—

নান্দীমুখী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি। গোত্রস্খলন নিমিত্ত অর্থাৎ শ্রীকৃষ্ণ পালীর অগ্রে পালী নামোল্লেখ না করিয়া, হে শ্যামলে! এই নাম উচ্চারণ করায়, যদিচ পালী ছল পূর্ব্বক আপনার শীলতা-ভাব

অথ রোমাঞ্চঃ ॥

স আশ্চর্য্যাদ্যথা—

চুম্বন্তমালোক্য চমূরুচক্ষুষাং
চমূরমূষাং যুগপন্মুরদ্বিষং
ব্যোমাঙ্গনে তত্র সুরাঙ্গনাবলী
রোমাঞ্চিতা বিস্তৃতদৃষ্টিরাবভৌ ৮ ॥

হর্ষাদ্যথা—শ্রীদশমে।

তং কাচিন্নেত্ররন্ধ্রেণ হৃদি কৃত্য নিমীল্য চ।
পুলকাঙ্গ্যুপগুহ্যাস্তে যোগীবানন্দসংপ্লুতা ৯।

লোচনরোচনী টীক

যোগীব সংযোগীব যথাস্তাত্তথাস্তে স্ম ৯

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণস্য রাসলীলাং পৃচ্ছন্তীং গার্গীং পৌর্ণমাসী প্রাহ চুম্বন্তমিতি ॥ ৮।

শ্রীশুকঃ পরিক্ষিতমাহ তমিতি কাচিদ্গোপী নেত্ররন্ধ্রেণ হৃদি কৃত্যেতি ভাগ্যাতিশয়েন প্রাপ্তোঽয়ং পুনরপ্যন্তর্দ্ধাস্যতীতি শঙ্কয়েতি ভাবঃ ৯

বিস্তার করিতে ছিলেন, তথাপি তাঁহার স্বেদাম্বু তদীয় বসন আর্দ্র করিয়া ক্রোধ ভাবই প্রকাশ করিতে লাগিল।

অথ রোমাঞ্চ।

আশ্চর্য্য দর্শন নিমিত্ত রোমাঞ্চ যথা—

শ্রীকৃষ্ণের রাসলীলা জিজ্ঞাসাকারিণী গার্গীকে পৌর্ণমাসী কহিলেন, সখি! আশ্চর্য্যের কথা আর কি বলিব, এক কালীন মৃগাক্ষী সকলকে চুম্বন করিতে মুররিপুকে অবলোকন করিয়া ব্যোমাঙ্গনে (আকাশে) দেবাঙ্গনাগণ পুলকাকুল কলেবর ও বিস্ফারিত নেত্র হইয়া শোভা বিস্তার করিতে লাগিলেন ৮ ॥

হর্ষ হেতু রোমাঞ্চ যথা—

শ্রীদশমে দ্বাত্রিংশদধ্যায়ে সপ্তম শ্লোকে।

শুকদেব কহিলেন, হে রাজন্! প্রিয়তম শ্রীকৃষ্ণকে সমাগত দেখিয়া কোন অবলা স্বীয় নেত্ররন্ধ্র দ্বারা হৃদয় মধ্যে লইয়া গিয়া নয়ন-

যথা—রুক্মিণীস্বয়ম্বরে।

রোমাণি সর্ব্বাণ্যপি বালভাবাৎ প্রিয়শ্রিয়ং দ্রষ্টুমিবোৎসুকানি।
তস্যাস্তদা কোরকিতাঙ্গযষ্টেরুদগ্রীবিকাদানমিবাম্বভূবন্॥

ভয়াদ্যথা—

পরিমলচটুলে দ্বিরেফবৃন্দে মুখমভিধাবতি কম্পিতাঙ্গযষ্টিঃ।

লোচনরোচনী টীকা

বালভাবাদিতি বালঃ কেশঃ তৎ সজাতীয়ত্বাদত্র রোমস্বপি বালত্বমারোপ্যতে ততশ্চার্ভকসমানপর্য্যায়তয়া তৎ স্বভাবাদিব উদ্গতা গ্রীবা সৈব উদগ্রীবিকা তস্যা দানং তত্রার্পণং তদেবাম্বভূবন্ স্বীচক্রুরিত্যর্থঃ ১০

আনন্দচন্দ্রিকা টীকা

স্বয়ম্বর ইতি শ্রীকৃষ্ণং প্রতি স্বয়ং লিখিতপত্রীদ্বারৈব স্বয়ম্বরং জ্ঞেয়ং। তদগ্রন্থকৃতঃ শ্রীমদীশ্বরপুরী শ্রীপাদাঃ স্বশিষ্যানাহুঃ রোমাণীতি তস্যাঃ শ্রীরুক্মিণ্যা বালভাবাৎ বালত্বাদত্র কেশবাচক বালশব্দেন স্বসজাতীয়ানি রোমাণি লক্ষ্যন্তে ততশ্চ বালভাবাৎ বালকত্বাদিব গাম্ভীর্য্যাশক্তেঃ প্রিয়শ্রিয়ং সুনন্দাখ্যব্রাহ্মণমুখাচ্ছ্রুতস্যাগতস্য প্রিয়স্য শ্রীকৃষ্ণস্য শ্রিয়ং শোভাং দ্রষ্টুমুৎসুকানি উদগতা গ্রীবিকা অনুকম্পার্থ-কপ্রত্যয়েন সুকুমারা গ্রীবেত্যর্থঃ তস্যা দানমর্পণমিব রোমাণি শ্রীকৃষ্ণং দ্রষ্টুং গ্রীবামুচ্চীচক্রুরিত্যর্থঃ।

পাল্যাঃ সখী স্বসখীমাহ পরিমলেতি ১০

স্বয় নিমীলন পূর্ব্বক আলিঙ্গন করত যোগির ন্যায় পুলকিতাঙ্গী ও আনন্দ সংযুক্তা হইয়া রহিলেন॥ ৯॥

যথা বা রুক্মিণীস্বয়ম্বরে।

রুক্মিণীস্বয়ম্বর গ্রন্থে গ্রন্থকর্ত্তা শ্রীমদীশ্বরপুরী আপনার শিষ্যগণকে কহিলেন, বৎস সকল। রুক্মিণী নিজপ্রেরিত সুনন্দ ব্রাহ্মণের প্রমুখাৎ যখন শ্রীকৃষ্ণ আগমন করিয়াছেন, এই বার্ত্তা শুনিলেন, অমনি তৎক্ষণাৎ স্বীয় বালভাব নিবন্ধন তাঁহার এমত উৎসুক উৎপন্ন হইয়াছিল যে তদীয় মুকুলিত অঙ্গযষ্টি হইতে উদগ্রীবা দানের ন্যায় অর্থাৎ গ্রীবাদেশ উচ্চ করিয়াই যেন লোম সকল কৃষ্ণাঙ্গশোভা সন্দর্শন করিতে লাগিল।

ভয় হেতু রোমাঞ্চ যথা—

পালীর সখী নিজসখীকে কহিলেন, সখি! অদ্য সৌরভলোলুপ

বিপুলপুলকপালিরদ্য পালী হরিমধরীকৃতহ্রীধুঁরালিলিঙ্গ ॥ ১০ ।

অথ স্বরভঙ্গঃ।

সবিষদাদ্‌যথা—শ্রীগীতগোবিন্দে

বিপুলপুলকপালিঃ স্ফীতশীৎকারমন্ত-
র্জনিতজড়িমকাকুব্যাকুলং ব্যাহরন্তী।
তব কিতব বিধায়ামন্দকন্দর্পচিন্তাং
রসজলনিধিমগ্না ধ্যানলগ্না মৃগাক্ষী।

লোচনরোচনী টীকা।

তব ধ্যানলগ্না সতী অমন্দকন্দর্পচিন্তাং বিধায় রসজলনিধিমগ্নাসীদিতি যোজ্যং তন্নিঃ সম্বন্ধে লক্ষণং বিপুলপুলকেত্যাদি ১১

আনন্দচন্দ্রিকা টীকা।

বাসকসজ্জায়াঃ শ্রীরাধায়াঃ সখী শ্রীকৃষ্ণং প্রতি তদপ্রাপ্তিজনিতং তস্যা অনুতাপং জ্ঞাপয়ন্তী সোপালম্ভমাহ বিপুলেতি হে কিতব ইতি তব ধূর্ত্ততায়া ফলন্তী তাং স্ত্রীবধভাগিনং করিষ্যতীতি ভাবঃ জড়িমা যঃ কাকুস্তেন ব্যাকুলং সগদগদমিত্যর্থঃ কুলধর্ম্মলজ্জাদিকং যদত্যাজং তৎ ফলমিদমেব যদত্র জ্ঞাত্বা লীতীতি ব্যাহরন্তী রসজলনিধৌ বিষসমুদ্রে। শৃঙ্গারাদৌ বিষে বীর্য্যে গুণে রাগে দ্রবে রস ইত্যমরঃ

ভ্রমর-কুল পালীর মুখের প্রতি ধাবমান হইতে থাকিলে তাঁহার অঙ্গ-যষ্টি কম্পিত হইতে লাগিল, তিনি বিপুল পুলকশালী হইয়া লজ্জা সমূহকে অধঃকৃত করত হরিকে আলিঙ্গন করিলেন ॥ ১০ ॥

বিষাদ হেতু রোমাঞ্চ যথা—শ্রীগীতগোবিন্দে ॥

বাসকসজ্জা শ্রীরাধার সখী শ্রীকৃষ্ণের প্রতি তদীয় অপ্রাপ্তি জনিত অনুতাপ জ্ঞাপন করিয়া তিরস্কার পূর্ব্বক কহিলেন, হে কিতব। সেই মৃগনয়না রাধা প্রবলতর মদনচিন্তাবেশে স্বদীয় প্রেমসমুদ্রে নিমগ্না হইয়া কেবল তোমারই ধ্যানরূপ ফলকাবলম্বনে কোন ক্রমে জীবন ধারণ করিতেছেন, তিনি কখন বিপুল পুলকাবলীতে পরিপ্লুত হইতেছেন, কখন বা অধিকতররূপে শীৎকার করিয়া অর্থাৎ শিহরিয়া উঠিতেছেন, কখন-কখন বা মনোবেদনাতে ব্যাকুল স্বরে অস্ফুট শব্দ করত বিলাপ করিতেছেন ॥

বিস্ময়াদ্যথা —

শুকসম্ভ্রমস্তিমিতকণ্ঠয়া ময়া।
করসংজ্ঞয়াপি বহুধাবরোধিতা।
ন পুনস্ত্বমত্র হরিবেণুবাদনে
পুলকান্ বিলোকিতবতী লতাস্বপি ॥ ১১

অমর্ষাদ্যথা।

প্রেয়স্যঃ পরমাদ্ভুতাঃ কতি ন মে দীব্যন্তি গোষ্ঠান্তরে
তাসাং নোজ্জ্বলনর্ম্মভঙ্গিভিরপি প্রাপ্তোঽস্মি তুষ্টিং তথা।

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীরাধা ললিতামাহ শুকসম্ভ্রমঃ অভিসারার্থমাবেগস্তেন স্তিমিতঃ স্তব্ধঃ কণ্ঠো যস্যা-স্তয়া অতঃ স্পষ্টং বক্তুমসামর্থ্যাৎ করসংজ্ঞয়া হস্তচালনেনাপি সংজ্ঞা জ্ঞাপ্তচেতনা নাম হস্তাদৈন্যেশ্চার্থসূচনেত্যমরঃ ॥ ১১

রাধয়া সহ সঙ্কীর্ণসম্ভোগানন্তরং কদাচিদ্রহসি শ্রীকৃষ্ণো বিশাখাং প্রতি রসোদ্গারমাহ প্রেয়স্য ইতি আক্ষেপবাচ্যং ভোঃ করালিকানগ্নীক্রীড়াকুরঙ্গকপটকুটিলাটীসূত্রধার গমেত্ত-

---

বিস্ময় হেতু স্বরভেদ যথা—

শ্রীরাধা ললিতাকে কহিলেন, সখি। অভিসারার্থ সম্ভ্রমে আমার কণ্ঠরোধ হেতু বাক্য নিঃসৃত হইল না, একারণ, করচালন সঙ্কেতে অনেক বার তোমাকে জ্ঞাপন করিয়াছিলাম, কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, শ্রীকৃষ্ণের মুরলীনিনাদে লতা সকলের পুলকোদ্গম হইয়াছিল, তাহাও তুমি দেখিতে পাও নাই ॥ ১১ ।

অথ অমর্ষা অর্থাৎ কোপহেতু স্বরভঙ্গ যথা—

শ্রীরাধার সহিত সঙ্কীর্ণ সম্ভোগানন্তর কোন এক সময়ে বিশাখার প্রতি নির্জন প্রদেশে রসোদ্গার করিয়া শ্রীকৃষ্ণ কহিলেন, বিশাখে! এই গোষ্ঠাভ্যন্তরে আমার কত কত না প্রেয়সী ক্রীড়া করিতেছে, কিন্তু তাহাদের উজ্জ্বল নর্ম্ম ভঙ্গী সকলে আমি তদ্রূপ পরিতুপ্ত হই

দ্বিত্রৈরদ্য মুহুস্তরঙ্গদধরগ্রস্তার্দ্ধবর্ণৈর্যথ
রাধায়াঃ সখি রোষগদ্গদপদৈরাক্ষেপবাগ্বিন্দুভিঃ। ১২

হর্ষাদ্‌যথা—রুক্মিণীস্বয়ম্বরে॥

পশ্যেম তং ভূয় ইতি ব্রুবাণাং
সখীং বচোভিঃ কিল সা ততর্জ।

লোচনরোচনী টীকা

রোষগদ্গদপদৈরিত্যত্র জাতগদ্গদপদৈরিতি স্বা পাঠঃ পরমত্র ব্যবসায়ঃ পদং ব্যবসিতীত্যাদি ন নার্থবর্গাৎ ১২

তং ভূয়ঃ পশ্যেমেতস্য মা ব্যগ্রাভূরিত্যাক্ষেপগত্যং ভূয় ইতি উক্তৈব কবেঃ প্রবন্ধানু-

---

আনন্দচন্দ্রিকা টীকা।

ধীধীং মা দূষয় ত্বরিতমপসরেত্যাদি লক্ষণানাং বিন্দুভিঃ কণৈরিত্যনেন বাচামমৃতনদীত্ব-মারোপিতং কীদৃশৈঃ রোষেণ গদ্গদযুতানি অস্পষ্টানি পদানি সুপ্তিঙন্তানি যেষু তৈঃ। তত্রাপি তরঙ্গন্ তরঙ্গ ইবাচরন্ কম্পম ন ইত্যর্থঃ এবম্ভূতো যোঽধরস্তেন গ্রস্তা নিষ্ঠা অর্দ্ধার্দ্ধ বর্ণা যেষু তৈঃ অত্র রোষ ইত্যস্য ব্যভিচারিণঃ স্বশব্দবাচ্যত্বং নাম দোষো নাশঙ্কনীয়ঃ গদ্গদেত্যাদীনাং তদনুভাবানাং হেতুত্বেন তস্য বাচ্যত্বৈব হেলঙ্কারস্য স্বভাবোক্তেশ্চোপস্থাপকত্বেন চমৎকারাধিক্যপোষাৎ নতু জাতগদ্গদপদৈরিতি পাঠে অস্য গম্যমানত্বেন তথা চমৎকার ইতি ধ্যেয়ং নচ ব্যভিচারিরসস্থায়িভাবানাং শব্দবাচ্যত্বেতি লক্ষণস্য সার্ব্বত্রিকত্বমালঙ্কারিকৈরভিমতং যদুক্তং কাব্যপ্রকাশ এব ন দোষঃ স্বপদেনোক্তাবপি সঞ্চারিণঃ ক্বচিদিতি ১২

তদগ্রস্থকৃত এবাহুঃ পশ্যেমেতি হে সখি রুক্মিণি কিং ব্যগ্রাসি এহি কেনচিন্মিষেণ

নাই, অদ্য যেমন শ্রীরাধার রোষবশতঃ অধরতরঙ্গগ্রস্ত দুই তিনটী আক্ষেপবাগ্‌বিন্দু অর্থাৎ ভোঃ করালিকানপ্তী (চন্দ্রাবলী) ক্রীড়ামৃগ। ভোঃ কপটকুটিনাটীসূত্রধার। আমার নয়নপদবী দূষিত করিও না, এখান হইতে দূরীভূত হইয়া যাও, ইত্যাদি বাক্যে পরিতোষ প্রাপ্ত হইয়াছিলাম॥ ১২।

হর্ষহেতু স্বরভঙ্গ যথা—রুক্মিণীস্বয়ম্বরে।

হে সখি রুক্মিণি! কেন ব্যগ্রা হইতেছ, আইস কোন ছল পূর্ব্বক

ন প্রীতিকর্ণেজপতাং গতানি
বিদাম্বভূব স্বরবৈকৃতানি।

ভীতের্যথা—

প্রথমসঙ্গমনর্ম্মণি সাধ্বস-
স্খলিতয়াপি গিরা সখি রাধিকা।
নবসুধাহ্লাদিনীং মদিরেক্ষণা
শ্রুতিতটে মম কাঞ্চিদবীবহৎ ১৩॥

লোচনরোচনী টীকা

সারেণ পূর্ব্বমপি দর্শনং জাতমিতি জ্ঞেয়ং কর্ণেজপঃ সূচকঃ। ১৩॥

আনন্দচন্দ্রিকা টীকা।

তং ভূয়ঃ পশ্যেম ইত্যস্যোর্দ্ধ্বমোশ্চেতি বহুত্বং। বচোভিরিতি হে লম্পটে সখি কিং নিজ ধর্ম্মং পরমুণ্ডে পাতয়সি ত্বং স্বয়মেব স্পষ্টং পশ্যেত্যবহিথয়া শ্রীকৃষ্ণদর্শনে প্রীত্যভাবং ব্যঞ্জয়ন্তী সা রুক্মিণী প্রীতেঃ কর্ণেজপতাং সূচকত্বং গতানি প্রাপ্তানি স্বরবৈকৃতানি কণ্ঠস্বরভেদান্ ন বিদাম্বভূব নানুসন্দধৌ সা বচসা স্বপ্রেমাণং গোপযামাস বচস্তু তস্যাঃ প্রেমাণং স্পষ্টয়ামাস ইতি সা ন-পরামমর্ষেত্যর্থঃ কর্ণেজপঃ সূচকঃ স্যাৎ ইত্যমরঃ উষবিদেত্যাদিনা লিট্যাম

শ্রীকৃষ্ণো বিশাখামাহ প্রথমসঙ্গমে সম্ভোগস্য প্রথমদিনে সখি পদ্মিনি মধুপমিমমতিতৃষ্ণার্ত্তং দয়স্ব স্বমকরন্দদানাদনুমন্যস্বেতি ময়া কৃতে সুরতপ্রার্থনসময়ে নর্ম্মণি যৎ সাধ্বসং ভয়ং তেন স্খলিতয়া গিরা নহি নহীতি বাচা মদিরেক্ষণা খঞ্জনাক্ষীতি কটাক্ষেণ দত্তানুমতিঃ সা অবীবহৎ বাহয়ামাস ১৩

আবার গিয়া শ্রীকৃষ্ণকে দর্শন করি, সখীজনের এই বাক্যে রুক্মিণী অবহিত্থা প্রকাশ পুরঃসর ঐ সকল সখীকে তর্জ্জন গর্জ্জন করিতে লাগিলেন, কিন্তু তাঁহার স্বরভঙ্গ ঐ প্রীতি গোপন না রাখিয়া প্রকাশ করিয়া দিতে লাগিল।

ভয়হেতু স্বরভঙ্গ যথা—

শ্রীকৃষ্ণ বিশাখাকে কহিলেন, সখি! প্রথম সঙ্গম দিবসে আমি শ্রীরাধাকে পরিহাস করিয়া কহিলাম, অয়ি পদ্মিনি! দয়া প্রকাশ পুরঃসর তৃষার্ত্ত মধুকরকে স্বীয় মকরন্দ দানে অনুমতি প্রদান কর,

অথ বেপথুঃ। স ত্রাসেন যথা—

কেশবো যুবতিবেশভাগয়ং
বালিশঃ কিল পতিস্তবাগ্রতঃ।
রাধিকে তদপি মূর্ত্তিরদ্য তে
কিং প্রবাতকদলীতুলাং দধে ১৪॥

লোচনরোচনী টীকা।

বালিশো মূর্খঃ ন কিঞ্চিদূহিতুং শক্ত ইত্যর্থঃ প্রকৃষ্টো বাতো যস্যাং কদল্যাং তত্তুল্যাং। ১৪

আনন্দচন্দ্রিকা টীকা।

কদাচিজ্জটিলয়া নিরুদ্ধ্যমানত্বাদ্দিবসেঽভিসর্ত্তুমক্ষমায়াঃ শ্রীরাধায়াঃ পার্শ্বে স্ত্রীবেষধারিণি শ্রীকৃষ্ণে আগত্যোপবিষ্টবতি অকস্মাদভিমন্যৌ চ তদেব গৃহং কিঞ্চিৎ কার্য্যার্থং প্রবিষ্টবতি ভীতাং শ্রীরাধাং বিশাখা নীচৈরাহ কেশব ইতি বালিশো নির্বুদ্ধির্ন কিঞ্চিদপ্যূহিতুং শক্ত ইত্যর্থঃ প্রকৃষ্টো বাতো যস্যাং কদল্যাং তত্তুল্যাং ১৪।

কিন্তু তাহাতে ঐ খঞ্জনাক্ষী ভীতিবশতঃ না না বলিয়া গদগদস্বরে কোন অত্যাশ্চর্য্য নবসুধাবাহিনী তরঙ্গিণী (নদী) আমার শ্রুতিতটে প্রবাহিত করিয়াছিলেন ১৩।

অথ বেপথু অর্থাৎ কম্প। ত্রাসহেতু কম্প যথা—

এক দিবস শ্রীরাধা জটিলা কর্ত্তৃক অবরুদ্ধা হইয়া দিবাভিসারে অক্ষমা প্রযুক্ত গৃহে অবস্থিত ছিলেন, এমত সময়ে শ্রীকৃষ্ণ স্ত্রীবেশ পরিগ্রহণ পূর্ব্বক আগমন করিয়া শ্রীরাধার পার্শ্বদেশে উপবিষ্ট হইলে অকস্মাৎ অভিমন্যু সেই গৃহে প্রবেশ করিল, কিন্তু তদবলোকনে শ্রীরাধার গাত্রকম্প উপস্থিত দেখিয়া বিশাখা ধীরে ধীরে কহিলেন, সখি! কাঁপিতেছে কেন? কেশব ত যুবতিবেশ ধারণ করিয়া রহিয়াছেন, যদিচ তোমার পতি সম্মুখে আসিয়া উপস্থিত হইল, তথাপি ইহা হইতে কোন ভয় নাই, এ নিতান্ত মূর্খ। কিঞ্চিন্মাত্র বিতর্ক করিতে সমর্থ হইবে না, কেন বৃথা বাতাহত-কদলীর ন্যায় কাঁপিতেছ?॥ ১৪॥

হর্ষেণ যথা—

বল্লবরাজকুমারে মিলিতে পুরতঃ কিমাত্তকম্পাসি।
তব পেশলাস্মি পার্শ্বে ললিতেয়ং পরিহরাতঙ্কং॥ ১৫॥

অমর্ষেণ যথা—

যদি কুপিতাসি ন পদ্মে কিং তনুরুৎকম্পতে প্রসভং।
বিচলতি কুতে নিবাতে দীপশিখা নির্ভরস্নিগ্ধা। ১৬।

লোচনরোচনী টীকা

পেশলা চতুরা ১৫।

নিবাতে বাতপ্রবেশরহিতে দেশে নিবাতকবচশব্দবৎ প্রয়োগো দৃশ্যতে চ। যথা দীপো নিবাতস্থো নেঙ্গত ইত্যাদৌ ১৬।

আনন্দচন্দ্রিকা টীকা

পুষ্পমবচিন্বতীং শ্রীরাধাং ললিতাহ বল্লবেতি পেশলা চতুরা ১৫

শ্রীকৃষ্ণো মানিনীং পদ্মাং প্রত্যাহ যদীতি নিবাতে নির্ব্বাতপ্রদেশে ইত্যর্থঃ নীত্যুপসর্গঃ কদাচিন্নিবৃত্ত্যর্থে বর্ত্ততে যথা দীপে নিবাতস্থো নেঙ্গত ইত্যাদৌ নিবাতদীপস্তিমিতেন চক্ষুষেতি রঘুকাব্যে চ নিবাতে যে গুণাঃ প্রোক্তাস্তে গুণাঃ কর্ণবন্ধনে ইতি বৈদ্যকে চ ১৬

হর্ষহেতু কম্প যথা—

পুষ্পচয়নকারিণী শ্রীরাধাকে ললিতা কহিলেন, সখি! ব্রজরাজকুমার অগ্রে মিলিত হওয়াতে তুমি কম্পিতা হইতেছ কেন? আমি অতিচতুরা, আমার নাম ললিতা, তোমার পার্শ্বে অবস্থিত রহিয়াছি অতএব শঙ্কা পরিত্যাগ কর॥ ১৫।

ক্রোধহেতু কম্প যথা—

মানিনী পদ্মাকে শ্রীকৃষ্ণ কহিলেন, সখি পদ্মে। তুমি যদি কুপিতা না হইয়া থাক, তবে কেন হঠাৎ তোমার তনু কম্পিত হইতেছে, নির্ব্বাত প্রদেশে কি কখন সস্নেহ-দীপশিখা কম্পিতা হয়?॥ ১৬॥

অথ বৈবর্ণ্যং। তদ্বিষাদাদ্যথা—

মধুরিমভরৈর্মুক্তস্তাবৎ কলঙ্কিতকুঙ্কুমৈ-
র্দ্বিরদরদনশ্রেণীমাভাং চিরায় বিতন্বতঃ।
বিধুরপি তুলামাপ্তস্তস্যা মুখস্য বকীরিপো
বদ পরমতঃ সারঙ্গাক্ষ্যাঃ কিমস্তি বিড়ম্বনং। ১৭।

রোষাদ্যথা—

বিলসতি কিল বৃন্দারণ্যলীলাবিহারে
কথয় কথমকাণ্ডে তাম্রবক্ত্রাসি বৃত্তা।

লোচনরোচনী টীকা

শ্রেণী শ্বেতবর্ণা তস্যাঃ সারঙ্গাক্ষ্যা ইতি তচ্ছব্দেন বৈশিষ্ট্যব্যক্তিঃ। অতএব বিধু-তুলিতত্বং ধিক্কৃতং স্যাৎ ১৭

বৃন্দারণ্যে যা লীলা সুখপূর্ব্বিকা চেষ্টা তত্র যো বিহারঃ ইতস্ততো ভ্রমণং তস্মিন্। দোঃ

আনন্দচন্দ্রিকা টীকা

বিপ্রলব্ধায়াঃ শ্রীরাধিকায়াঃ সখী শ্রীকৃষ্ণমাহ মধুরিমেতি দ্বিরদো হস্তী শ্রেণীং শ্বেতাং তস্যা মুখস্য সাহজিকমাধুর্য্যেষু সৎস্বপি সতি বৈবর্ণ্যেন পাণ্ডিমন্যাভূতে সতি বিধুরপীত্যাদি অন্যথা বিশুদ্ধবর্ণে বিধুস্ত্রিলোক্যাং কাপ্তে যেন তদুপমা স্যাদিতি বদেত্যাদিনা বিড়ম্বনং তু তস্যাস্ত্বয়া উৎপাদিতমেব সম্প্রত্যগ্রে দশমীদশৈবাবশিষ্যত ইত্যাহ বকীরিপো পুতনা-ঘাতিন্ স্ত্রীবধেঽপি তব ভয়ং নাস্তীতি ভাবঃ প্রতীপ নামায়মলঙ্কারঃ তল্লক্ষণং আক্ষেপ উপমানস্য প্রতীপং ভণ্যতে বুধৈরিতি ১৭

স্বপ্রতিবিম্বং শ্রীকৃষ্ণবক্ষসি বিলোক্য কান্তান্তরভ্রমেণ মানবতীং শ্রীরাধাং শ্রীকৃষ্ণ আহ বিলসতীতি বৃন্দাবণ্যলীলাসু যে বিহারঃ সম্প্রয়োগলক্ষণস্তত্র অতএবাকাণ্ডে অনবসরে

অথ বৈবর্ণ্য। বিষাদহেতু যথা—

বিপ্রলব্ধা শ্রীরাধার সখী আসিয়া শ্রীকৃষ্ণকে কহিল, হে পুতনা-ঘাতিন্। ইহার পর সারঙ্গাক্ষীর আর বিড়ম্বনা কি? চন্দ্রও কি না শ্রীরাধার মুখমণ্ডলের তুলনা ধারণ করিল, হা কষ্ট। কুঙ্কুমকেও কলঙ্কিত করে এমত মাধুর্য্য সকল বিমুক্ত করিয়া তদীয় বদন চির-কালের স্থায় দ্বিরদরদনের (হস্তিদন্তের) তুল্য শ্বেতবর্ণ আভা বিস্তার করিতে লাগিল? ॥ ১৭ ॥

রোষহেতু বৈবর্ণ্য যথা—

শ্রীকৃষ্ণের বক্ষঃস্থলে স্বীয় প্রতিবিম্ব অবলোকন করিয়া অন্যকান্তা

প্রসরদুদয়রাগগ্রস্তপূর্ণেন্দুবিম্বা
কিমিব সখি নিশীথে শারদী জায়তে দ্যৌঃ। ১৮।

ভীতের্যথা—

ক্রীড়ন্ত্যাস্তটভুবি মাধবেন সার্দ্ধং
তত্রারাৎ পতিমবলোক্য বিক্লবায়াঃ।
রাধায়াস্তনুমনুকালিমা তথাসীৎ
তেনেয়ং কিমপি যথা ন পর্য্যচায়ি। ১৯।

লোচনরোচনী টীকা

কিমিব কথং নিশীথেঽর্দ্ধরাত্রে প্রসরদিত্যাদিলক্ষণা জায়তে তত্র তত্রাগম্যাভাবাৎ। শারদীতি তত্র বিদ্যুদাদিদোষাভাবেন নান্যথাপি সম্ভবতীতি ভাবঃ ১৮
তেন পত্যা কিমপীতি কিঞ্চিদপীত্যর্থঃ দদৃশেতি বা পাঠঃ ১৯।

আনন্দচন্দ্রিকা টীকা

তাম্রবক্ত্রা কোপবতীত্যর্থঃ। নিশীথে অর্দ্ধরাত্রে দ্যৌঃ কিমিব কথং প্রসরদিত্যাদিলক্ষণা জায়তে নৈব জায়ত ইত্যর্থঃ পূর্ণেত্যর্দ্ধচন্দ্রব্যাবৃত্তিঃ শারদীতি বিদ্যুদাভ্রাদিদোষ-ব্যাবৃত্তিঃ ১৮॥
বৃন্দা পৌর্ণমাসীং প্রত্যাহ ক্রীড়ন্ত্যা ইতি তনুমনুতনাবিত্যর্থঃ। কিমপি কিঞ্চিদপি ন পর্য্যচায়ি ন পরিচিতা শ্রীরাধায়াঃ কিঞ্চিদপি লক্ষণং তেন পতিম্মন্যেন ন দৃষ্টমিত্যর্থঃ ১৯।

অগ্রে শ্রীরাধা মানিনী হইলে সম্বোধন পূর্ব্বক শ্রীকৃষ্ণ কহিলেন, প্রিয়-তমে! বল দেখি, এই বৃন্দারণ্যে বিহারকালীন কি নিমিত্ত তোমার বদন অকাণ্ডে (অনবসরে) তাম্রবর্ণ হইল? কি আশ্চর্য্য! নিশীথ-রজনীতে কি প্রসরণ-উদয়রাগগ্রস্ত পূর্ণেন্দুবিম্বশালী শারদীয় আকাশ উৎপন্ন হইতে পারে অর্থাৎ শরৎকালীন অর্দ্ধরাত্রে কি কখন পূর্ণ-চন্দ্রের উদয় হইবার সম্ভব। হে প্রিয়ে! অন্য কোন আশঙ্কা করিও না, তুমিই আমাতে প্রতিবিম্বিতা হইয়াছ। ১৮।

ভয়হেতু বৈবর্ণ্য যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! অদ্য শ্রীরাধা যমুনাতটে মাধবের সহিত বিহার করিতেছিলেন, অকস্মাৎ সমীপাগত পতিকে

অথাশ্রু।

তদ্ধর্ষাদ্যথা—গীতগোবিন্দে ॥

অতিক্রম্যাপাঙ্গং শ্রবণপথপর্য্যন্তগমন-
প্রয়াসেনৈবাক্ষ্ণোস্তরলতরতারং পতিতয়োঃ।
তদানীং রাধায়াঃ প্রিয়তমসমালোকসময়ে
পপাত স্বেদাম্বুঃপ্রসর ইব হর্ষাশ্রুনিকরঃ ॥ ২০

লোচনরোচনী টীকা

তদানীং যঃ প্রিয়তমসমালোকসময়স্তদবসরস্তস্মিন্। রাধায়া অক্ষ্ণোর্হর্ষাশ্রুনিকরঃ পপাত ক ইব স্বেদাম্ভঃপ্রসর ইব স্বেদপ্রসরসম্ভাবনায়াঃ কো হেতুঃ তত্রাহ অক্ষ্ণোরিতি বর্জেন পূর্ব্বার্দ্ধেন। পতিতয়োঃ গতয়োঃ পত্লৃ গতৌ ২০।

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীজয়দেবকবিচূড়ামণিঃ প্রাহ অতীতি। তদানীং শ্রীরাধায়া হর্ষাশ্রুনিকরঃ অক্ষ্ণোঃ প্রস্বেদাম্ভঃপ্রসর ইব পপাত অক্ষ্ণোঃ প্রস্বেদকারণং শ্রমমুৎপেক্ষতে অপাঙ্গমতিক্রম্য উল্লঙ্ঘ্য শ্রবণপথপর্য্যন্তং যদ্গমনং তেন যঃ প্রয়াসঃ শ্রমস্তেনৈব। অক্ষ্ণোঃ কথম্ভূতয়োঃ তরল-তরা তারা তত্র তদন্যথা স্যাদেবং পতিতয়োরিত্যস্যাধিকরণং শ্রীকৃষ্ণমুখচন্দ্র' এবাক্ষেপলব্ধং প্রবিশ পিণ্ডীমিতি বৎ ২০।২১।

অবলোকন করিয়া এমত বিক্লবা হইলেন যে, তাহাতেই তাঁহার তনু কালিমা হইয় গেল, কিন্তু রায়াণ কোন ক্রমেই শ্রীরাধাকে চিনিতে পারিল না ॥ ১৯।

অথ অশ্রু।

হর্ষহেতু যথা—গীতগোবিন্দে ॥

জয়দেব কবিচূড়ামণি কহিলেন, শ্রীরাধা অকস্মাৎ শ্রীকৃষ্ণকে অব-লোকন করিয়া এমত আনন্দভরে নিমগ্না হইলেন যে, তাহাতেই তাঁহার নয়নদ্বন্দ্বের তারকাদ্বয় তরলিত হইয়া অপাঙ্গদেশ অতিক্রমণ করত শ্রবণপথপর্য্যন্ত গমন করিল, অতএব সেই শ্রমেই যেন স্বেদাম্বু ক্ষরণের ন্যায় তদীয় নেত্রযুগল হইতে আনন্দাশ্রু পতিত হইতে লাগিল ॥ ২০ ॥

ফুল্লগণ্ডং সরোমাঞ্চং বাষ্পমানন্দজং মতং ২১ ॥

রোষাদ্যথা—

প্রাতর্মুরদ্বিষমুরঃস্ফুরদন্যনারী-
পত্রাঙ্কুরপ্রকরলক্ষণমীক্ষমাণা।
অপ্রোচ্য কিঞ্চিদপি কুঞ্চিতদৃষ্টিরেষা
রোষাশ্রুবিন্দুভরমিন্দুমুখী মুমোচ ॥

যথাবা বিল্বমঙ্গলে ॥

রাধেঽপরাধেন বিনৈব কস্মা-
দস্মাস্থ বাচঃ পরুষা রুষা তে।

লোচনরোচনী টীকা।

বাষ্পমত্র নাসিকায়ামেব জ্ঞেয়ং ২১

আনন্দচন্দ্রিকা টীকা।

খণ্ডিতায় ইন্দুমুখ্যাঃ সখী স্বসখীমাহ প্রাতরিতি
শ্রীরাধায়ামুদাহর্ত্তুমাহ যথাবেতি শ্রীকৃষ্ণঃ খণ্ডিতাং শ্রীরাধামাহ রাধে ইতি।

গণ্ডদেশের প্রফুল্লতা ও রোমাঞ্চের সহিত যে বাষ্প, তাহার নাম আনন্দাশ্রু। ২১।

রোষহেতু অশ্রু যথা—

খণ্ডিতাবস্থা প্রাপ্তা ইন্দুমুখীর সখী আপনার সখীকে কহিলেন, সহচরি! অদ্য প্রাতঃকালে শ্রীকৃষ্ণের বক্ষে অন্য-নারীর পত্রাঙ্কুর (তিলক) সকলের চিহ্ন অবলোকন করিয়া ইন্দুমুখী কিছুই বলিলেন না, কিন্তু না বলিলেও ক্রোধহেতু তাঁহার দৃষ্টি কুঞ্চিত হইয়া অশ্রুবিন্দু সকল মোচন করিতে লাগিল ॥

যথাবা বিল্বমঙ্গলে ॥

শ্রীকৃষ্ণ খণ্ডিতা শ্রীরাধাকে কহিলেন, প্রিয়ে! আমি ত কোন অপরাধ করি নাই, কি নিমিত্ত তুমি হঠাৎ কুপিতা হইয়া আমার প্রতি

অহে কথন্তে কুচযোঃ প্রথন্তে
হারাঙ্কুরান্তরলাশ্রুধারাঃ।
শিরঃকম্পি সনিশ্বাসং স্ফুরদোষ্ঠকপোলকং।
কটাক্ষভ্রুকুটীবক্ত্রং স্ত্রীণামীর্ষ্যোত্থরোদনং।
বিষাদাদ্যথা—পদ্যাবল্যাং।
মলিনং নয়নাম্বুধারয়া মুখচন্দ্রং করভোরু মা কুরু।
করুণাবরুণালয়ো হরিস্ত্বয়ি ভূয়ঃ করুণাং বিধাস্যতি
অথ প্রলয়ঃ। স সুখেন যথা—
জঙ্ঘে স্থাবরতাং গতে পরিহৃতস্পন্দা দ্বয়ী নেত্রয়োঃ
কণ্ঠঃ কুণ্ঠিতনিস্বনো বিঘটিতশ্বাসা চ নাসাপুটী।

আনন্দচন্দ্রিকা টীকা।

প্রোষিতভর্ত্তৃকাং শ্রীরাধাং বিশাখা প্রাহ মলিনমিতি।
শ্রীরাধায়াঃ শ্রীকৃষ্ণদর্শনানন্দং শ্রীললিতা বিশাখয়া সহাস্বাদয়তি জঙ্ঘে ইতি। সাক্ষাৎ-

নিষ্ঠুর বচন প্রয়োগ করিতেছ? কেনই বা তোমার কুচযুগে হারাঙ্কুরা তরলাশ্রুধারা বিস্তার হইতেছে।

ঈর্ষ্যাহেতু স্ত্রীগণের যে রোদন সম্ভব হয়, তাহাতে শিরঃকম্পন, নিশ্বাসত্যাগ, ওষ্ঠ ও কপোলের স্ফূর্ত্তি তথা কটাক্ষ এবং বদন ভ্রূকুটী যুক্ত হইয়া থাকে

বিষাদহেতু অশ্রু যথা—পদ্যাবলীতে।

প্রোষিতভর্ত্তৃকা শ্রীরাধাকে বিশাখা কহিলেন, হে বরোরু! নয়নাম্বুধারা দ্বারা স্বীয় বদনচন্দ্র মলিন করিও না, হরি করুণাসাগর পুনশ্চ তোমার প্রতি করুণা বিস্তার করিবেন।

অথ প্রলয় (নিশ্চেষ্টতা)। সুখনিমিত্ত প্রলয় যথা—

শ্রীরাধার শ্রীকৃষ্ণসন্দর্শন জনিত আনন্দ বিশাখাকে আস্বাদন করাইয়া ললিতা কহিলেন, সখি। অগ্রে শ্রীকৃষ্ণের সাক্ষাৎ লাভ করিয়া শ্রীরাধার জঙ্ঘা যুগলের স্থাবরতা, নেত্রযুগের নিষ্পন্দতা, কণ্ঠের কুণ্ঠিত-

রাধায়াঃ পরমপ্রমোদসুধয়া ধৌতং পুরো মাধবে
সাক্ষাৎকারমিতে মনোঽপি মুনিবন্মন্যে সমাধিং দধে ॥ ২২ ॥

দুঃখেন যথা—ললিতমাধবে ॥

দংশঃ কংসনৃপস্য বক্ষসি রুষা কৃষ্ণোরগেণার্প্যতাং
দূরে গোষ্ঠতড়াগজীবনমিতো যেনাপজহ্রে হরিঃ।
হা ধিক্ কঃ শরণং ভবেন্মৃদিলুঠদগাভীরমস্তঃক্লমা-
দাভীরীশফরীততিঃ শিথিলতশ্বাসোর্ম্মিরাসীলতি ॥ ২৩ ॥

লোচনরোচনী টীকা।

মুনিবৎ মুনিরিবেতি সর্ব্বত্র যোজ্যং ২২

দংশ ইতি পৌর্ণমাস্যা বচনং অত্র গোষ্ঠস্য তড়াগত্বেন রূপকং জীবনশব্দস্য চ শ্লিষ্টতয়া প্রয়োগো লভ্যতে তত্র গোষ্ঠপক্ষে জীবনং জীবদ্দশা। তড়াগপক্ষে জলং। তত্র চ সতি গোষ্ঠশব্দেনাত্র তৎস্থাঃ প্রাণিন উচ্যন্তে শ্রীকৃষ্ণরূপজীবনে হৃতে সতি সর্ব্বেষা-মেব জীবদ্দশাযামগতায়াং আভিরীশফরীণাং শিথিলিতশ্বাসোর্ম্মিমাত্রত্বং ন স্যাৎ। অপি তু নষ্টশ্বাসোর্ম্মিত্বমেব স্যাৎ। সতি চ পূর্ব্বত্বে গোষ্ঠস্থপ্রাণিমাত্রেভ্য আসাং বৈশিষ্ট্যং ন স্যাৎ তস্মাদ্গোষ্ঠশব্দেন তদ্বাসস্থানমেব বাচ্যং তস্য চ বাচ্যত্বে জীবনশব্দেন যথা-

আনন্দচন্দ্রিকা টীকা।

কারমিতে প্রাপ্তে মন্যে ইতি সর্ব্বত্র যোজ্যং ২২।

পৌর্ণমাসী কংসমভিশপতি দংশ ইতি। জীবনং জীবনরূপং পক্ষে জলং। আসীলতি দশমীং দশাং প্রাপ্নোতি ২৩

রব, নাসাপুটের নিশ্বাস বিঘটিত তথা মুনিজনের ন্যায় মন সমাধি ধারণ করিয়া নিশ্চেষ্ট হইল ॥ ২২

দুঃখহেতু প্রলয় যথা—ললিতমাধবে।

পৌর্ণমাসী কংসকে অভিশাপ প্রদান পূর্ব্বক কহিলেন, দুরাত্মা কংসনৃপের বক্ষঃদেশে কৃষ্ণ—উরগ সরোষে দংশন করুক, যে হেতু ঐ দুষ্ট গোষ্ঠতড়াগের জীবন হরণ করিয়া দূরে লইয়া গেল, হা কষ্ট! এই আভীর-শফরী সকলের কে আশ্রয় হইবে, ইহারা যে অত্যন্ত অন্ত-র্ব্বেদনায় শ্বাসরহিত হইয়া মৃত্তিকায় বিলুঠন করত দশমীদশা লাভ করিল ॥ ২৩ ॥

অথৈষু ধূমায়িতাঃ। ২৪

সুরাঙ্গনে সখি মধুরাপুরাঙ্গনে
পুরঃ পুরাতনপুরুষস্য বীক্ষয়া।

লোচনরোচনী টীকা।

তথোন তদীয়া স্থিতিরুচ্যতে তদপহারেণ চ বৈতথোন স্থিতিরিতি স্থিতে তে চ শ্রীকৃষ্ণ-স্থিতিরূপে এব জ্ঞাপিতে ততঃ শ্রীকৃষ্ণাপহারেতু জাতে তত্রস্থা যেহন্যে প্রাণিনস্তেষাং কিঞ্চিৎকালমপি স্থিতিঃ স্যাৎ আভীরাণান্তু ন স্যাদিতি তাসামতিকোমলতাসূচকেন শফরীরূপকেণ বোধিতং ২৩॥

ধূমায়িতা ইতি তল্লক্ষণং পূর্ব্বগ্রন্থে। অদ্বিতীয়া অমী ভাবা অথবা সদ্বিতীয়কাঃ। ঈষদ্ব্যক্তা অপহ্নোতুং শক্যা ধূমায়িতা মতা ইতি ২৪

পুরাণপুরুষস্য বীক্ষয়া তাবৎ সর্ব্বেষামপ্রাদিকং ভবত্যেব। কিন্তু তত্র ভাবভেদাঃ সন্তি ভবত্যাস্তু কো ভাবস্তস্য হেতুরিতি সুরাঙ্গন ইত্যাদিকস্যায়মভিপ্রায়ঃ শ্লেষেণ তু

আনন্দচন্দ্রিকা টীকা

প্রায়ো ধূমায়িতা এব রূপ তিষ্ঠন্তি সাত্ত্বিকা ইতি পূর্ব্বও শ্লোকের্ব্রজপুরদেবীষু ধূমায়িতত্ত্ব ন সম্ভবন্তীতি দেবীষু তাসূদাহরতি সুরাঙ্গনে ইতি ধূমায়িতলক্ষণঞ্চ পূর্ব্বগ্রন্থ এব যথা অদ্বিতীয়া অমী ভাবা অথবা সদ্বিতীয়কাঃ ঈষদ্ব্যক্তা অপহ্নোতুং শক্যা ধূমায়িতা মতা ইতি। কাচিৎ সিদ্ধবনিতা কামপি বিমানচারিণীং দেবীং সনর্ম্মাহ সুরাঙ্গন ইতি ত্বং সুরস্যাঙ্গনা অথচ পুরাতনপুরুষস্য শ্রীকৃষ্ণস্য বীক্ষয়া তব ভাবঃ নন্থ কিং মে ভাবলক্ষণং পশ্যসি

পূর্ব্বোক্ত ভাব সকল এক অথবা দুইয়ের সহিত মিলিত হইয়া ঈষৎ প্রকাশ পাইলে, যদি তাহা গোপন করিবার সম্ভব হয়, তবে ঐ ভাবকে ধূমায়িত বলে অতএব পূর্ব্বোক্ত উদাহরণ সকলে ধূমায়িতা যথা—। ২৪।

কাচিৎ সিদ্ধবনিতা কোন বিমানচারিণী দেবীকে কহিলেন, হে সখি সুরাঙ্গনে তুমি দেবস্ত্রী, মধুপুরীর অঙ্গনে অগ্রে পুরাতনপুরুষ শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া তোমার এমত ভাবোদয় হইল কেন, যদি

তবাক্ষিণী জলকণসাক্ষিণী কুতঃ
কথং পুনঃ পুলকি চ গণ্ডমণ্ডলং ২৫ ॥

জ্বলিতাঃ ॥

সখি স্তব্ধীভাবং ভজতি নিতরামূরুযুগলং
তনূজানী হর্ষং যুগমপি তবাক্ষ্ণোঃ সরসতাং ।

লোচনরোচনী টীকা

পুরাণপুরুষস্তেত্যত্র: নর্মব্যঞ্জনা বৃদ্ধবাচিত্বাৎ। জলকণঃ সাক্ষী বিদ্যমানো যয়োস্তাদৃশে। সাক্ষাদ্‌দ্রষ্টরি সংজ্ঞায়ামিতি সাক্ষিপদসাধনসূত্রং সাক্ষী চ বিদ্যমানো ভবতীতি তত্রৈব পর্য্যবসীয়তে। ২৫ ॥

জলিতা ইতি তল্লক্ষণমুক্তং দ্বৌ বা ত্রয়ো বা যুগপদযান্তঃ সুপ্রকটাং দশাং। শক্যাঃ কৃচ্ছ্রেণ নিহ্নোতুং জলিতা ইতি কীর্ত্তিতাঃ

আনন্দচন্দ্রিকা টীকা।

তত্রাহ তবাক্ষিণী জলকণানামশ্রূণাং সাক্ষিণী যদ্যপি ত্বমশ্রূণি নিরুণৎসি তদপি তবাক্ষিণী এব ঔৎসুক্য চাকচিক্যাভ্যাং স্বান্তঃস্থিতানশ্রুকণান্ জ্ঞাপয়ত এব ইত্যর্থঃ তেন তবাবহিত্থা এব কামস্পৃহাং সূচয়ন্তী ত্বাং হাস্যাস্পদী করোতি ন ত্বশ্রুপুলকাদিকমিতি ভাবঃ ২৪ ২৫ ॥

জলিতা ইতি তল্লক্ষণং যথা দ্বৌ বা ত্রয়ো বা যুগপদযান্তঃ সুপ্রকটাং দশাং শক্যাঃ কৃচ্ছ্রেণ নিহ্নোতুং জলিতা ইতি কীর্ত্তিতা ইতি

ধন্যাং প্রতি তৎ সখী প্রাহ সখীতি। স্তব্ধীভাব ইতি স্তম্ভঃ তনূজানী রোমশ্রেণী হর্ষ-

---

বল আমার কি ভাব দেখিলে, তাহার কারণ এই, যখন তোমার নেত্র হইতে অশ্রুপাত দেখিতেছি, তখন ঐ নেত্র-দ্বন্দ্বই তোমার ভাবের প্রতি প্রবলসাক্ষী, কেনই বা ত্বদীয় গণ্ডমণ্ডলে পুলকোদ্গম হইতেছে ২৫ ॥

অথ জ্বলিতা ॥

দুই বা তিন ভাব এককালীন প্রকটদশা প্রাপ্ত হইলে, তাহা যদি কষ্টে গোপন করা যায়, তবেই তাহার নাম জ্বলিতা ॥

ধন্যার প্রতি তাঁহার সখী কহিল, হে সখি ধন্যে! যখন তোমার উরুযুগকে স্তব্ধীভাব, লোমাবলীকে হর্ষ ও অক্ষিদ্বন্দ্বকে সরসতা ভজন

তদুন্নীতং ধন্যে রহসি করপঙ্কেরুহতলং
প্রপন্নস্তে দিষ্ট্যা নলিনমুখি নীলো নিধিরভূৎ। ২৬।

অথ দীপ্তাঃ। ২৭।

যথা—বিদগ্ধমাধবে॥

ক্ষৌণিং পঙ্কিলয়ন্তি পঙ্কজরুচোরক্ষোঃ পয়োবিন্দবঃ
শ্বাসাস্তাণ্ডবয়ন্তি পাণ্ডুবদনে দূরাদুরোজাংশুকং।
মূর্ত্তিং দন্তুরয়ন্তি সন্ততমমী রোমাঞ্চপুঞ্জাশ্চ তে
মন্যে মাধবমাধুরীশ্রবণয়োরভ্যাসমভ্যাযযৌ ২৮।

লোচনরোচনী টীকা।

দীপ্তা ইতি তল্লক্ষণমোক্তং প্রৌঢ়াস্ত্রিচতুরা ব্যক্তিং পঞ্চ বা যুগপদ্গতাঃ সম্বরীতুমশক্যাস্তে দীপ্ত ধীরৈরুদাহৃতা ইতি। ২৬ ২৭।

দন্তুরয়ন্তি নতোন্নতং কুর্ব্বন্তি ২৮

আনন্দচন্দ্রিকা টীকা।

সিতি রোমাঞ্চঃ সরসতামিত্যগ্র নীলোনিধিঃ পক্ষে শ্রীকৃষ্ণঃ। ২৬।

দীপ্তা ইতি তল্লক্ষণং যথা প্রৌঢ়াস্ত্রিচতুরা ব্যক্তিং পঞ্চ বা যুগপদ্গতাঃ। সম্বরীতুমশক্যাস্তে দীপ্তা ধীরৈরুদাহৃতাঃ ২৭॥

বিশাখা শ্রীরাধামাহ ক্ষৌণীমিতি। দন্তুরয়ন্তি নতোন্নতং কুর্ব্বন্তি দন্তুরস্তু নতোন্নতমিত্যমরঃ। অভ্যাসং নিকটং ২৮

করিতে দেখিতেছি, তখন আমি একান্তে এই নিশ্চয় করিলাম, অসংশয় তোমার করতলে নীলনিধি প্রপন্ন হইয়াছেন, সে যাহা হউক, হে কমলমুখি! তোমার অদৃষ্ট অতিশয় সুপ্রসন্ন॥ ২৬।

অথ দীপ্তা।

তিন চারি অথবা পাঁচটী প্রৌঢ়ভাব এককালীন্ উদয় হইলে, যদি তাহা সম্বরণ করিতে অসমর্থ হয়, তবেই তাহাকে দীপ্তা বলে॥ ২৭।

যথা—বিদগ্ধমাধবে

বিশাখা শ্রীরাধাকে কহিলেন, হে পাণ্ডুবদনে! তোমার কমলরুচি নয়নযুগল হইতে বিন্দু সকল পতিত হইয়া ভূমিকে পঙ্কিল করিতেছে, শ্বাস নির্গত হইয়া দূর হইতে কুচবন্ধের অংশুক (কঞ্চুলিক)

উদ্দীপ্তাঃ ॥

স্নাতা নেত্রজনির্ঝরেণ দধতী স্বেদাম্বুমুক্তাবলিং
রোমাঞ্চোৎকরকঞ্চুকেন নিচিত শ্রীখণ্ডপাণ্ডুদ্যুতিঃ।
খঞ্জন্মঞ্জুলভারতী সবয়সাযুক্ত স্ফুরন্তীত্যসৌ
সজ্জা তে নবসঙ্গমায় ললিতা স্তম্ভাশ্রিতা বর্ত্ততে।

লোচনরোচনী টীকা।

উদ্দীপ্তা ইতি। একদা ব্যক্তিমাপন্নাঃ পঞ্চষাঃ সর্ব্ব এব বা আরূঢ়াঃ পরমোৎকর্ষমুদ্দীপ্তা ইতি কীর্ত্তিতাঃ ॥

স্তম্ভশব্দঃ শ্লিষ্টঃ ২৯।

আনন্দচন্দ্রিকা টীকা।

উদ্দীপ্তা ইতি। একদা ব্যক্তিমাপন্নাঃ পঞ্চষা সর্ব্ব এব ব আরূঢ়াঃ পরমোৎকর্ষমুদ্দীপ্তা ইতি কীর্ত্তিতাঃ

বিরহিণ্যা ললিতায়া দশামুদ্ধবঃ শ্রীকৃষ্ণমাহ স্নাতেতি সম্প্রতি তাং প্রোষিতভর্তৃকাং বাসকসজ্জাত্বেনোৎপ্রেক্ষতে তব নবসঙ্গমায় সজ্জা তত্র বাসকসজ্জায়াঃ স্বতনোঃ প্রিয়সঙ্গমোচিতভূষণবস্ত্রাদিশোভা অপেক্ষিতেতি প্রথমং স্নানমাহ স্নাতেতি স্বেদাম্বুন্যেব মুক্তাবলীত্যলঙ্কারপরিধানং শ্রীখণ্ডেন চন্দনচর্চ্চয় পাণ্ডুবর্ণা দ্যুতির্যস্যাঃ সা পক্ষে ত্বদ্বিরহেণ শ্রীখণ্ডস্যেব দ্যুতির্বৈবর্ণ্যং। খঞ্জন্তী অর্দ্ধার্দ্ধং নিঃসরন্তী মঞ্জুলা যা ভারতী স্ফূর্ত্তিপ্রাপ্তেন ত্বয়া সহ বাণী সৈব সবয়াঃ সখী তয়া যুক্তেতি সখী সাহিত্যং স্তম্ভঃ সাত্ত্বিকঃ কুঞ্জগৃহস্থূণা চ

নৃত্য করাইতেছে, তথ রোমাঞ্চপুঞ্জ ত্বদীয় মূর্ত্তিকে দন্তুর (নতোন্নত) করিতেছে, অতএব হে সখি। আমার নিশ্চয় বোধ হইল, মাধবের অদ্ভুত মাধুরী তোমার শ্রবণসমীপে আগমন করিয়া থাকিবে ॥ ২৮ ॥

অথ উদ্দীপ্তা ॥

পাঁচ ছয় অথবা সমস্ত ভাব যদি এককালীন উদিত হইয়া প্রেমের পরমোৎকর্ষায় আরূঢ় হয়, তাহা হইলে তাহাকে উদ্দীপ্তা বলে।

বিরহিণী ললিতার দশা উদ্ধব শ্রীকৃষ্ণকে নিবেদন পূর্ব্বক কহিলেন, সখে! তোমার বিরহে ললিতা এরূপ কাতর হইয়াছেন যে, অনবরত নেত্র-নির্ঝরে স্নান করিতেছেন, স্বেদাম্বু সকল মুক্তাকলাপের ন্যায় তদীয় গাত্রের শোভা বিস্তার করিতেছে, রোমাঞ্চকঞ্চুকে তিনি আপনার অঙ্গ আবরণ করিয়া রাখিয়াছেন, হে সখে! আর অধিক

উদ্দীপ্তানাং ভিদা এব সূদ্দীপ্তাঃ সন্তি কুত্রচিৎ ।
সাত্ত্বিকাঃ পরমোৎকর্ষকোটিমত্রৈব বিভ্রতি । ২৯ ॥

যথা—

স্বেদৈর্দর্শিতদুর্দ্দিনা বিদধতী বাষ্পাম্বুভির্নিস্তুষো-
বৎসীরঙ্গরুহালিভির্মুকুলিনী ফুল্লাভিরামুলতঃ ।

লোচনরোচনী টীকা

স্বেদৈরিত্যাদ্যুক্তিকদম্বালঙ্কারময়ী সূদ্দীপ্ততামাত্র তাৎপর্য্য   ৩০

আনন্দচন্দ্রিকা টীকা

গৃহাদভিসৃত্য পূর্ব্বাহ্নে বনপথে চলন্তীমকস্মান্মুরলীনাদেন সূদ্দীপ্তসাত্ত্বিকভাবাং শ্রীরাধামালোক্য দূতী জবেন শ্রীকৃষ্ণান্তিকমাসাদ্য তমাহ   স্বেদৈরেব দর্শিতং দুর্দ্দিনং যয়া ইতি স্বেদানাং মেঘত্বং নিরন্তরতদ্বিন্দুপাতানাং বৃষ্টিত্বং । বাষ্পাম্বুভিরশ্রুজলৈর্বৎসী স্বর্ণকান্ নিস্তুষে বিগতস্পিপাসাঃ কুর্ব্বতী ত্যশ্রূণাং নির্ঝরজলপ্রবাহত্বং   বৎসীরিতাল্লাখ্যানং স্ত্রীপ্রত্যয়ঃ   স্ত্রী স্যাৎ কাচিন্মৃণাল্যাদির্বিবক্ষাপচয়ে যদীত্যমরঃ   অঙ্গরুহালিভিঃ রোম শ্রেণিভিঃ   তদৈব তে মুকুলীনাদং প্রস্থা অতিজাড্যোনাতিস্তব্ধ   অতিবিবর্ণা চাভূদিত্যাহ

কি বলিব, তিনি আপনার চন্দনতুল্য পাণ্ডুবর্ণ অঙ্গদ্যুতি প্রকাশ করত গদ্গদবাক্যরূপা সখীকে সঙ্গিনী করিয়া এখন স্ফূর্ত্তি পাইতেছেন, অতএব হে বন্ধো । নিশ্চয় জানিলাম ঐ ললিতা তোমার নব-সঙ্গমার্থ সজ্জা করিয়া স্তম্ভিতভাবে অবস্থিত আছেন ॥

উদ্দীপ্তভাব সকলের ভেদ কোন কোন স্থানে সুস্পষ্টরূপে প্রকাশ পায়, কিন্তু সাত্ত্বিকভাব সকল এই উদ্দীপ্ত ভাবেতেই পরমোৎকর্ষের পরাকাষ্ঠা ধারণ করিয়াছে । ২৯ ।

যথা—

পূর্ব্বাহ্নে গৃহ হইতে নিঃসরণ পূর্ব্বক শ্রীরাধা বনপথে যাইতেছিলেন, এমত সময়ে অকস্মাৎ শ্রীকৃষ্ণের মুরলীরব কর্ণগোচর হওয়াতে অঙ্গে সূদ্দীপ্ত সাত্ত্বিকভাব সকল প্রকাশ পাইতে লাগিলে, কোন সখী দূর হইতে অবলোকন করিয়া বেগে শ্রীকৃষ্ণের নিকট গমন পূর্ব্বক

শ্রুত্বা তে মুরলীং তথাভবদিয়ং রাধা যথারাধ্যতে
মুগ্ধৈর্মাধব ভারতীপ্রতিকৃতিভ্রান্ত্যাদ্য বিদ্যার্থিভিঃ। ৩০ ॥

। * ইতি সাত্ত্বিকবিবৃতিঃ । * ।

লোচনরোচনী টীকা।

* । ইতি সাত্ত্বিকাঃ *

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রুত্বেতি যথা তদ নীমেবাকস্মাদাগতৈর্বিদ্যার্থিভিরহো সরস্বতীপ্রতিমেয়মিতি মুগ্ধৈ স্তম্ভ-শিতিমত্ত্যাং ভ্রান্তৈরারাধ্যতে পাদ্যার্ঘ্যধূপাদিভিঃ পূজ্যত ইতি অত্র জাড্যোত্থস্তম্ভোদয়ঃ প্রথমক্ষণ এব প্রস্বেদাশ্রবোমাঞ্চস্তম্ভবৈবর্ণ্যানাং পঞ্চানাং সাত্ত্বিকানামাধিক্যেন যুগপৎ উদ্ভূতত্বাৎ সুদ্দীপ্তত্বং দ্বিতীয়তৃতীয়াদিক্ষণে তু স্তম্ভপ্রলয়য়োরত্যাধিক্যেন স্বেদাশ্রুরোমাঞ্চানাং লোপাদ্ভারতীপ্রতিমাসিতত্বং তদৈব বিদ্যার্থিনামাগমনং তৈঃ পূজনঞ্চ। অশ্রুপুলকয়োঃ সদ্ভাবে প্রকৃতিত্বানুপপত্তেরিতি চ জ্ঞেয়ং ২৯ ৩০

* ইতি সাত্ত্বিকবিবৃতিঃ সমাপ্তা * ।

কহিল, মাধব! তোমার মুরলীনাদ শ্রবণ করিয়া শ্রীরাধার যে স্বেদ-বারি উদ্গত হইতেছে, তাহাতেই তিনি দুর্দ্দিন প্রদর্শন করাইয়া অশ্রু-জলে বৎস সকলের তৃষ্ণা নিবারণ করিতেছেন, পাদমূল হইতে মস্তক পর্য্যন্ত লোমাবলীর উদ্গম হওয়াতে তনু এরূপ মুকুলিনী হইয়াছে যে, যদবলোকনে মুগ্ধ-বিদ্যার্থিগণ ভারতীর (সরস্বতীর) প্রতিকৃতিভ্রমে যত্ন পূর্ব্বক আরাধনা করিতেছে, অতএব হে গোবিন্দ! শ্রীরাধার আর পূর্ব্ববৎ সৌন্দর্য্য নাই, নিরন্তর স্বেদ-বারি ও অশ্রুপাত করিতে ২ পাণ্ডু-বর্ণ হইয়া অবস্থিতি করিতেছেন ॥ ৩০ ॥

॥ * । ইতি উজ্জ্বলনীলমণিতে শ্রীরামনারায়ণবিদ্যারত্নকৃত ব্যাখ্যায় সাত্ত্বিকবিবৃতি । * ॥

অথ ব্যভিচারিণঃ ॥ ১ ॥

নির্ব্বেদাদ্যাস্ত্রয়স্ত্রিংশদ্ভাব যে পরিকীর্ত্তিতাঃ।
ঔগ্র্যালস্যে বিনা তেঽত্র বিজ্ঞেয়া ব্যভিচারিণঃ ॥ ২।
সখ্যাদিষু নিজপ্রেমাপ্যত্র সঞ্চারিতাং ব্রজেৎ ॥ ৩ ॥
সাক্ষাদঙ্গতয়া নেষ্টাঃ কিন্ত্বত্র মরণাদয়ঃ।
বর্দ্ধমানাস্তু যুক্ত্যামী গুণতামুপচিষ্যতে। ৪ ॥

লোচনরোচনী টীকা।

অথ ব্যভিচারিণঃ ১

ঔগ্র্যস্য হিংসাকরচণ্ডতারূপত্বাদালস্যস্য শক্তাবপি ক্রিয়াস্বনুন্মুখতারূপত্বাৎ তেন সম্ভবতঃ ইতি কিন্তু মিথুনস্য পরস্পরমিতি জ্ঞেয়ং ২॥

সঞ্চারিতাং ব্যভিচারিতাং ৩॥

উপচিষ্যতে আধিক্যেন গৃহ্যন্তে যুক্ত্যেতি ব্যক্তীকরিষ্যতে ৪।

আনন্দচন্দ্রিকা টীকা

অথ ব্যভিচারিবিবৃতিঃ ১।

পরিকীর্ত্তিতা ইতি নির্ব্বেদোঽথ বিষাদো দৈন্যং গ্লানিশ্রমৌ চ মদগর্ব্বাবিত্যাদিভিঃ পূর্ব্বগ্রন্থে এবোদ্দেশলক্ষণোদাহরণৈঃ সম্যগুক্তা অত্র তূজ্জ্বলে রসে তে ঔগ্র্যালস্যে দ্বে বিনেতি ঔগ্র্যস্য বিষয়ালম্বনসুখপ্রতীপাচরণচণ্ডিমরূপত্বাৎ আলস্যস্য তু শক্তাবপি ক্রিয়াস্বনুন্মুখতারূপত্বাত্তে ন সম্ভবতঃ কিন্তু নায়কয়োঃ পরস্পরমেবেতি জ্ঞেয়ং। পরস্পরসঙ্গিবিষয়াদিষু জনেষু তু তে ভবত এবেত্যগ্রেতন গ্রন্থে জ্ঞেয়ং ২

সখ্যাদিষ্বিতি সখীপ্রভৃতিষু কৃষ্ণবল্লভানাং যঃ প্রেমা সঃ আদিশব্দাৎ দূতীষ্বপি পরস্পরযোগেষু অন্যেষ্বপি চ ৩ ৪

অথ ব্যভিচারিভাব। ১ ॥

পূর্ব্বে যে নির্ব্বেদাদি ত্রয়স্ত্রিংশদ্ভাব কীর্ত্তন করিয়াছি, তন্মধ্যে উগ্রতা ও আলস্য ব্যতিরেকে ঐ সকলকে ব্যভিচারিভাব বলে। ২।

এই ব্যভিচারিভাবে সখীপ্রভৃতিতে স্বীয় প্রেমেরও সঞ্চার হয় ॥ ৩।

কিন্তু উক্ত ব্যভিচারিভাবে মরণাদি সাক্ষাৎ অঙ্গ বলিয়া ইচ্ছা করা যায় না, পরন্তু ঐ সকল বৃদ্ধিশালী মরণাদিভাব যুক্তি দ্বারা গুণতাকে প্রাপ্ত হয়। ৪।

তত্র নির্ব্বেদঃ

স মহার্ত্ত্যা যথা—বিদগ্ধমাধবে।

যস্যোৎসঙ্গসুখাশয়া শিথিলতা গুর্ব্বী গুরুভ্যস্ত্রপা
প্রাণেভ্যোঽপি সুহৃত্তমাঃ সখি তথা যূয়ং পরিক্লেশিতাঃ।
ধর্ম্মঃ সোঽপি মহান্ ময়া ন গণিতঃ সাধ্বীভিরধ্যাসিতো
ধিক্ ধৈর্য্যং তদুপেক্ষিতাপি যদহং জীবামি পাপীয়সী

লোচনরোচনী টীকা।

পূর্ব্বগ্রন্থানুসারেণ নির্ব্বেদঃ স্বাবমাননং ৫ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

নির্ব্বেদ আত্মধিক্কারঃ নির্ব্বেদবতী শ্রীরাধা শ্রীকৃষ্ণসমীপাদাগতায়াঃ সখ্যা মুখম্লান্ত্যাঃ স্বস্মিংস্তস্যোপেক্ষাং অনুমিমানা প্রাহ। যস্য উৎসঙ্গ এব সুখং তস্য সুখমূর্ত্তিত্বাৎ তদাশয়া উৎসঙ্গপ্রাপ্ত্যর্থমিত্যর্থঃ যদ্যপ্যত্রাধরসীধুনাপ্যাশয়স্ব ন ইতি কুণু কুচেষু নঃ কৃধি হৃচ্ছয়-মিত্যাদৌ স্পষ্টোক্ত্যা স্বসুখস্পৃহা প্রতীয়তে তথাপি স্বসৌন্দর্য্যবৈদগ্ধ্যাদিভিঃ শ্রীকৃষ্ণমহং বিশেষতঃ সুখপ্রথয়ানীতি সূক্ষ্মো মানসো ব্যাপারঃ সমর্থরতিমতীনাং সর্ব্বাসামেব ব্রজ-সুন্দরীণাং সদৈবাস্ত্যেব কিমুত তস্যাঃ সর্ব্বব্রজবামামুকুটমণিভূতায়াঃ। কিন্তু স তাভিঃ স্বাধিয়ঃ বিষয়ীভূতঃ প্রায়েণ ন ক্রিয়তে শ্রীকৃষ্ণস্তু ভিজ্ঞচূড়ামণিস্তং জানাত্যেবেতি ন * রমেঽহং নিরবদ্যসংযুজামিত্যাদিভিঃ তদ্বশীকারাত্মতানুপপত্ত্যা এব ব্যাখ্যায়তে। অতএবোক্তং যদস্যাং কৃষ্ণসৌখ্যার্থমেব কেবলমুদ্যম ইতি তথা অস্মাকমস্তু তস্যৈমা বয়ং বৈ গৃহদাসিকা ইতি। সাহং তদ্গৃহমার্জ্জন্যাদিভিঃ স্পষ্টোক্ত্যা সমঞ্জসারতিমতীনাং পুরসুন্দরীণাং স্বসুখস্পৃহায়া অভাবেঽপি স্বাঙ্গস্পর্শাদিভিঃ শ্রীকৃষ্ণো মাং সুখয়ত্বিতি সূক্ষ্মো মানসো ব্যাপারঃ কেনাপ্যংশেনাস্ত্যেব তঞ্চ শ্রীকৃষ্ণো জানাত্যেব যস্যেপ্সিতং নিয়মিতুং কুহকৈকর্মশেকুরিতি শ্রীশুকবাক্যাস্থথানুপপত্ত্যৈব ব্যাখ্যায়ত ইতি অধ্যাসিতঃ অনুশীলিতঃ

অথ নির্ব্বেদ (আত্মধিক্কার)

সুমহৎ আর্ত্তিহেতু নির্ব্বেদ যথা—বিদগ্ধমাধবে।

নির্ব্বেদবতী শ্রীরাধা শ্রীকৃষ্ণসমীপ হইতে আগতা সখীর বদন মলিন দেখিয়া শ্রীকৃষ্ণ আমাকে উপেক্ষা করিয়া থাকিবেন মনে করত কহি-লেন, সখি! যাঁহার ক্রোড়ে অবস্থান-সুখ প্রত্যাশা করিয়া গুরুজন-হইতে গুরুতর লজ্জা শিথিল করিয়াছি, প্রাণ অপেক্ষাও প্রিয়তম যে তোমরা সখীজন, তোমাদিগকেও বহু ক্লেশ ভোগ করাইলাম, তথা

বিপ্রয়োগেণ যথোদ্ধবসন্দেশে ॥

ন ক্ষোদীয়ানপি সখি মম প্রেমগন্ধো মুকুন্দে
ক্রন্দন্তীং মাং নিজসুভগতাখ্যাপনায় প্রতীহি।
খেলদ্বংশীবলয়িনমনালোক্য তং বক্ত্রবিম্বং
ধ্বস্তালম্ব যদহমহহ প্রাণকীটং বিভর্ম্মি। ৫।

ঈর্ষয়া যথা—

নায়ানমাক্ষিপ ত্বং ম্লায়দ্বদনা গভীরগরিমাণং।

আনন্দচন্দ্রিকা টীকা

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা ললিতামাহ ন ক্ষোদীয়ানিতি নিজসুভগতাখ্যাপনায় তস্যাহং সর্ব্বতোহপ্যাধিক্যেন প্রেমপাত্রী পূর্ব্বম সং ইতি লোকে জ্ঞাপনায় খেলন্তী রাগ-স্বর-তাল-মূর্চ্ছনাদিবৈচিত্র্যা বিলসন্তী যা বংশী তদুত্থ নাদমণ্ডলী সৈব বলয়স্তদ্যুক্তং প্রাণ এব কীটস্তং নিরন্তরং মাং দশন্তমপি বিভর্ম্মি ধারয়ামি পালয়ামি চ ৫

শ্রীরাধায়াঃ সৌভাগ্যসম্পত্তিং সর্ব্বত্র বিখ্যাতাং বিলোক্য তামসহমানা ধিঙ্মামিত্যাত্মানমধিক্ষিপন্তীং চন্দ্রাবলীং সান্ত্বয়ন্তী পদ্মা প্রাহ নেতি গভীরো গরিমা অর্থাৎ শ্রীকৃষ্ণ-

সাধ্বীগণ কর্ত্তৃক অনুশীলিত যে সকল মহৎ ধর্ম্ম তাহাও গণ্য করিলাম না, অতএব হে সহচরি! আমার ধৈর্য্যের প্রতি ধিক্, ঐ শ্রীকৃষ্ণ কর্ত্তৃক উপেক্ষিত হইয়া এই পাপীয়সী এযাবৎ জীবিত রহিয়াছে।

বিপ্রিয়হেতু নির্ব্বেদ যথা—উদ্ধবসন্দেশে।

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা ললিতাকে কহিলেন, সখি! মুকুন্দের প্রতি আমার প্রেমগন্ধ কিঞ্চিন্মাত্রও নাই, তবে যে আমি তাঁহার নিমিত্ত রোদন করি, এ কেবল আমার সুভগতাখ্যাপনমাত্র, যেহেতু খেলদ্বংশীযুক্ত মুকুন্দমুখমণ্ডল অবলোকন না করিয়াই এই প্রাণকীট ধারণ করিতেছি ?॥ ৫।

ঈর্ষাহেতু যথা—

শ্রীরাধার সৌভাগ্যসম্পত্তি সর্ব্বত্র বিখ্যাত দেখিয়া তাহাতে অসহিষ্ণুতা প্রকাশ পূর্ব্বক চন্দ্রাবলী আপনাতে আক্ষেপ করিতেছিলেন, পদ্মা অবলোকন করিয়া সান্ত্বনা পূর্ব্বক কহিলেন, সখি! তুমি মলিন-

সখি নান্তরং ক্ষিতৌ কশ্চন্দ্রাবলিতারয়োর্বেত্তি ৬ ॥

অথ বিষাদঃ।

স ইষ্টানবাপ্তিতো যথা—বিদগ্ধমাধবে ॥

গীতং ন বাগমৃতমদ্য হরেরশঙ্কং
ন্যস্তং ময়াস্য বদনে ন দৃগঞ্চলঞ্চ
রম্যে চিরাদবসরে সখি, লব্ধমাত্রে
হা দুর্বিধির্বিরুরুধে জরতীচ্ছলেন ৭।

লোচনরোচনী টীকা।

তারাশব্দেনাত্র শ্রীরাধা দ্যোতিতা ॥ ৬ ॥

বিষাদোঽনুতাপঃ ॥ ৭।

আনন্দচন্দ্রিকা টীকা।

মন্তো যস্য তং নন্থ মত্তঃ সকাশাদপি তস্যাঃ খ্যাতিরধিকা শ্রূয়ত ইতি চেৎ সত্যং খ্যাতিনিয়মলিটৈকব স্বংপ্রতিপক্ষজনখ্যাপিতেতি প্রতীহি যতঃ সখীত্যাদি স্বং চন্দ্রাবলিঃ রাধা তারৈব রাধাবিশাখেত্যভিধানাৎ ৬।

বিষাদঃ পশ্চাত্তাপঃ পূর্ব্বরাগবতী শ্রীরাধা জটিলায়া অন্তি বিশাখাং প্রতি নীচৈরাহ গীতমিতি। জরতী জটিলাভিধা শ্বশ্রূঃ ৭।

বদনা হইয়া গভীর-গরিমাশালী আপনাকে তিরস্কার করিও না, চন্দ্রাবলী ও তারকার যে অন্তর পৃথ্বীতলে কে না তাহা বিদিত আছে? উক্ত উদাহরণে চন্দ্রাবলী শব্দে চন্দ্রশ্রেণী এবং তন্নাম্নী যূথেশ্বরী, তারকা শব্দে নক্ষত্র এবং শ্রীরাধা। ৬ ॥

অথ বিষাদ (পশ্চাত্তাপ)।

ইষ্ট বস্তুর অপ্রাপ্তিহেতু বিষাদ যথা—বিদগ্ধমাধবে ॥

পূর্ব্বরাগবতী শ্রীরাধা জটিলা-সন্নিধানে অবস্থিতি করত ধীরে ধীরে বিশাখাকে কহিলেন, সখি! অদ্য নিঃশঙ্কে শ্রীহরির বচনামৃত পান অথবা তদীয় বদনকমলে দৃগঞ্চল নিক্ষেপ ইত্যাদি কিছুই যে করিতে পারিলাম না, হা কষ্ট! চিরদিনের পর এই মনোহর অবসরমাত্র লাভ হইলেও, এই হতবিধি জরতী-চ্ছলে আমাকে রোধ করিল। ৭ ॥

যথাবা শ্রীদশমে ॥

অক্ষণ্বতাং ফলমিদং ন পরং বিদামঃ
সখ্যঃ পশূননুবিবেশয়তোর্ব্বয়স্যৈঃ।
বক্ত্রং ব্রজেশসুতয়োরনুবেণুযুষ্টং
যৈর্ব্বৈ নিপীতমনুরক্তকটাক্ষমোক্ষং।

লোচনরোচনী টীকা।

বয়স্যৈঃ সহ পশূননুবিবেশয়তোর্বনাদ্বনং প্রবেশয়তোর্ব্রজেশসুতয়োঃ শ্রীরামকৃষ্ণয়োর্বিষয়য়োরনুপশ্চাদ্বেণুজুষ্টং যদ্বক্ত্রং তৎ যৈর্নিপীতং, তেষাং তদ্রূপং যৎ ফলং তদিদমেব অক্ষণ্বতাং চক্ষুষ্মতাং ফলং পরন্তু ন বিদামঃ ন বিদ্মঃ তস্মাত্তদপশ্যন্তীনামস্মাকং ব্যর্থমেব চক্ষুষ্মত্ত্বমিতি ভাবঃ ॥ ৮

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধায়াং কাদাচিৎকং বিষাদমুদাহৃত্য সর্ব্বাসু প্রতিদিনমপি পৌর্ব্বাহ্নিকং বিষাদমুদাহর্ত্তুমাহ যথাবেতি ব্রজসুন্দর্য্যঃ পরস্পরমাহুঃ অক্ষণ্বতাং চক্ষুষ্মতাং জনানামিদমেব ফলং ইতঃ পরমন্যৎ ফলং ন বিদামঃ কিন্তু তে ফলমিত্যত আহুঃ বয়স্যৈঃ সহ পশূননুবিবেশয়তোর্বনাদ্বনং প্রবেশয়তোর্ব্রজেশসুতয়োর্মধ্যে যদনুকূলেন বেণুনা জুষ্টং বক্ত্রং শ্রীকৃষ্ণমুখমিত্যর্থঃ তৎ যৈর্নিপীতঞ্চক্ষুষা আস্বাদিতং অনুরক্তেষু জনেষু কটাক্ষমোক্ষো যস্য তৎ অনুরক্তানাং বা অপাঙ্গপ্রেরণং যস্মিন্ তৎ তেন কুলধর্ম্মলজ্জাভয়াদিভ্যো জলাঞ্জলিং দত্ত্বা বয়মেতাবন্তং কালমপি কথং তত্র নাগচ্ছাম ইতি পশ্চাত্তাপধ্বনিঃ হে সখ্যো মিথোঽনুজানীত সম্প্রত্যপি তত্রানুসৃত্য তন্মাধুর্য্যস্য কমপ্যংশং লভ্যং যৎ তেমহীত্যনুধ্বনিঃ

যথাবা শ্রীদশমে ২১ অধ্যায়ে ৭ শ্লোকে।

শ্রীরাধার বিষাদ উদাহরণ করিয়া সমস্ত ব্রজদেবীর পৌর্ব্বাহ্নিক বিষাদ উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন॥

ব্রজসুন্দরী সকল পরস্পর কহিলেন, হে সখীগণ। চক্ষুষ্মান্ ব্যক্তিদিগের প্রিয় দর্শনই চক্ষুর ফল, তদ্ব্যতীত যে অন্য ফল আছে, আমাদের বুদ্ধিতে এমত উদয়ই হয় না, পরন্তু যে সকল ব্যক্তি বয়স্যগণ সমভিব্যাহারে পশুসহ বন-প্রবেশকারি ব্রজেশতনয় রামকৃষ্ণেরই বদনারবিন্দ পান করিতেছে, যাহাতে নিরন্তর বেণু সংলগ্ন রহিয়াছে

প্রারব্ধকার্য্যাসিদ্ধের্যথা—শ্রীগীতগোবিন্দে।

গণয়তি গুণগ্রামং ভামং ভ্রমাদপি নেহতে
বহতি চ পরিতোষং দোষং বিমুঞ্চতি দূরতঃ।
যুবতিষু বলতৃষ্ণে কৃষ্ণে বিহারিণি মাং বিনা
পুনরপি মনোবামং কামং করোতি করোমি কিং।

আনন্দচন্দ্রিকা টীকা

কলহান্তরিতা শ্রীরাধা ললিতামাহ গণয়তীতি মম মনঃ কর্তৃ শ্রীকৃষ্ণে কামমভিলাষং কুর্ব্বদপি মনো মম নিকৃষ্টমেবাসীদিতি ভাবঃ করোমি কিমিত্যধুনাতু ময়া নিরোদ্ধুমশক্যমেবেতি ভাবঃ যতো বামং মৎপ্রাতিকূল্যে এব তিষ্ঠতীতি ভাবঃ প্রাতিকূল্যস্থিতিমেবাহ মাং বিনা বিহারিণ্যপি সতি শ্রীকৃষ্ণে গুণানাং গ্রামং গণয়তি ন চৈকম্বাবচনগুণান্। ভামং কোপং একমপি ভ্রমাদপি ন ঈহতে সাক্ষাৎপ্রত্যক্ষেঽপি দোষাণাং গ্রামে সত্যপি প্রত্যুত পরিতোষং বহতি কিঞ্চ যদি তেষু দোষেষু কোঽপ্যনপহ্নবনীয়ো মহান্ দোষোঽতিস্পষ্টতয়া প্রত্যক্ষী ভবতি তমপি দূরত এব মুঞ্চতি যথা নিকটমায়াতুং ন শক্নোতীতি ভাবঃ তমেব দোষমাহ যুবতিষু বলতৃষ্ণ ইতি তেন মানমহং শ্রীকৃষ্ণে কস্মাদ করবমিতি পশ্চাত্তাপধ্বনিঃ তথাপি মানশাস্ত্রং অতঃপরং নাহমধ্যাপনীয়েত্যাস্থধ্বনিঃ।

এবং যাহা হইতে স্নিগ্ধ কটাক্ষ নিক্ষিপ্ত হয়, তাহাদেরই সেই ফল অনুভূত হয়, তদ্ভিন্ন অন্য কোন জন তাহার আস্বাদ প্রাপ্ত হয় না।

প্রারব্ধকার্য্যের অসিদ্ধিহেতু বিষাদ যথা—শ্রীগীতগোবিন্দে।

কলহান্তরিতা শ্রীরাধা ললিতাকে কহিলেন, সখি। আমার মন শ্রীকৃষ্ণের গুণকেই গণনা করিতেছে, ভ্রমেও কোপ প্রকাশ করিতে ইচ্ছা করে না, শ্রীকৃষ্ণের দোষ সকল দূরে ত্যাগ করিয়া কেবল পরিতোষই বহন করিতেছে অপর আমাকে পরিত্যাগ করিয়া শ্রীকৃষ্ণ অতিশয় তৃষ্ণাকুল হইয়া যুবতি সকলের সহিত বিহার করিতেছেন, জানিয়াও ঐ কুটিল মন নিরন্তরই তাঁহার প্রতি অভিলাষ করিতেছে, অতএব হে সখি। অতঃপর তুমি আমাকে আর মানশাস্ত্র অধ্যয়ন করাইও না॥

বিপত্তিতো যথা—ললিতমাধবে ॥

নিপীতা ন স্বৈরং শ্রুতিপুটিকয়া নর্ম্মভণিতি-
র্ন দৃষ্টা নিঃশঙ্কং সুমুখি মুখপঙ্কেরুহরুচঃ।
হরের্বক্ষঃপীঠং ন কিল ঘনমালিঙ্গিতমভূ-
দিতি ধ্যায়ং ধ্যায়ং স্ফুটতি লুঠদন্তর্ম্মম মনঃ ৮।

অপরাধাদ্যথা—

হরের্বচসি সূনৃতে ন নিহিতা শ্রুতির্বা ময়া
তথা দৃগপি নার্পিতা প্রণতিভাজি তস্মিন্ পুরঃ।
হিতোক্তিরপি ধিক্কৃতা প্রিয়সখী মুহুস্তেন মে
জ্বলত্যহহ মুর্ম্মুরজ্বলনজালরুদ্ধং মনঃ ৯।

লোচনরোচনী টীকা

মুর্ম্মুরস্তুষানলস্তস্য আগ্নিঃ দারাগারাদিবদেষাং শব্দানাং পৃথক্ পৃথগপি প্রয়োগঃ ৯

আনন্দচন্দ্রিকা টীকা

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা বিলপতি নিপীতেতি অত্রানুরাগেণ স্বামিনা নর্ম্মভণিত্যাদীনি মুহুরনুভূতান্যপ্যনহুভূতান্যেব ক্রিয়ন্ত ইতি তথোক্তিঃ অন্তর্ম্মমান্তঃকরণে লুঠৎ মম মনঃ স্ফুটতি ৮।

কলহান্তরিতা শ্রীরাধা বিলপতি হরেরিতি সূনৃতে সত্যপ্রিয়ে বাময়া ক্রুরয়া হিতোক্তি-র্হিতোপদেশবাক্যং মুর্ম্মুরস্তুষানলস্তস্যাগ্নিঃ ৯ ॥

বিপত্তিহেতু বিষাদ যথা—ললিতমাধবে।

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা বিলাপ করিতে করিতে কহিলেন, হে সুমুখি! আমি শ্রীকৃষ্ণের নর্ম্মবাক্য শ্রুতিপুটে পান করি নাই, নিঃশঙ্কে তদীয় মুখকমলের প্রতি দৃষ্টিপাত করি নাই এবং তাঁহার বিশাল-বক্ষে গাঢ়রূপে আলিঙ্গিতা হইতে পারি নাই, অতএব এই সকল চিন্তা করিয়া আমার মন লুঠিত হইয়া স্ফুটিত হইতেছে ॥ ৮॥

অপরাধহেতু বিষাদ যথা—

কলহান্তরিতা শ্রীরাধা বিলাপ পূর্ব্বক কহিলেন, সখি! আমি কুটিলবুদ্ধি হইয়া হরির সুমধুর বচনে কর্ণপাত করি নাই, তিনি আমার অগ্রে প্রণত হইয়াছিলেন, তাহাতেও তাঁহার প্রতি একবারও দৃক্-পাত করিলাম না এবং হিতবাক্যরূপা প্রিয়সখীকে মুহুর্ম্মুহুঃ ধিকার

অথ দৈন্যং। ১০॥

তদ্দুঃখেন যথা—বিল্বমঙ্গলে।

অয়ি মুরলি মুকুন্দস্মেরবক্ত্রারবিন্দ-
শ্বসনরসরসজ্ঞে ত্বাং নমস্কৃত্য যাচে।
মধুরমধরবিম্বং প্রাপ্তবত্যাং ভবত্যাং
কথয় রহসি কর্ণে মদ্দশাং নন্দসূনোঃ।

যথাবা শ্রীদশমে।

তন্নঃ প্রসীদ বৃজিনার্দ্দন তেঽঙ্ঘ্রিমূলং
প্রাপ্তা বিসৃজ্য বসতীস্ত্বদুপাসনাশাঃ।

লোচনরোচনী টীকা

দৈন্যং চাত্মনিকৃষ্টতামননেন চাটুঃ ১০

পূর্ব্বেণ রসশব্দেন মাধুর্য্যমুচ্যতে দ্বিতীয়েনত্বাস্বাদঃ ১১

আনন্দচন্দ্রিকা টীকা।

দৈন্যমাত্মনিকৃষ্টতামননং ১০

বিল্বমঙ্গলাভিধো ভক্তো ব্রজবালাভাবভাবিতান্তঃকরণঃ প্রার্থয়তে অয়ীতি শ্বসনরসঃ ফুৎকারানিলমাধুর্য্যং তস্য রসজ্ঞে আস্বাদবিজ্ঞবি মম দশাং তৎপ্রাপ্ত্যুৎকণ্ঠানলদহ্যমানত্বং।

সাধকভক্তস্য দৈন্যমুদাহৃত্য সিদ্ধানামপি তমুদাহর্ত্তুমাহ যথাবেতি রাসারম্ভে শ্রীকৃষ্ণস্য

করিয়াছি এ কারণ, হে সখি। এই সকল কারণেই আমার মন তুষানলে অবরুদ্ধ হইয়া দগ্ধ হইতেছে ৯।

অথ দৈন্য। ১০।

দুঃখনিমিত্ত দৈন্য যথা—বিল্বমঙ্গলে।

বিল্বমঙ্গল নামক কোন এক ভক্ত ব্রজবালাভাবে ভাবিতান্তকরণ হইয়া কহিলেন, অয়ি মুরলি! তুমি মুকুন্দমুখারবিন্দের ফুৎকার-রসের রসজ্ঞা, একারণ প্রণাম পূর্ব্বক প্রার্থনা করি, তুমি যখন নন্দ-তনয়ের মধুর অধরবিম্ব প্রাপ্ত হইবা, তখন যেন আমার এই দশা তাঁহার কর্ণগোচর করিও

সাধকভক্তের উদাহরণ করণানন্তর সিদ্ধজনেরও

ঐ প্রকার উদাহরণ জন্য কহিলেন যথাবা।

রাসারম্ভে শ্রীকৃষ্ণের ঔদাসিন্য-ব্যঞ্জক-বাক্যে ব্যাকুল ব্রজাঙ্গনাগণ

ত্বৎসুন্দরস্মিতনিরীক্ষণতীব্রকাম-
তপ্তাত্মনাং পুরুষভূষণ দেহি দাস্যং ॥

ত্রাসেন যথা—

অপি করধুতিভির্ময়াপনুন্নোমুখময়মঞ্চতি চঞ্চলোদ্বিরেফঃ।
অঘদমন ময়ি প্রসীদ বন্দে কুরু করুণামবরুদ্ধি দুষ্টমেনং॥১১

অপরাধেন যথা—

আলি তথ্যমপরাদ্ধমেব তে দুষ্টমানফণিদষ্টয়া ময়া।

লোচনরোচনী টীকা।

তে তব সম্বন্ধে স্বয়ী ত্বর্থঃ অপরাদ্ধমিতি তব বচনানবধানেনেতি গম্যতে। তত্র হেতু-
দুষ্টেতি ১২

আনন্দচন্দ্রিকা টীকা

ঔদাসীন্যব্যঞ্জকবাক্যেন ব্যাকুলাঃ সচাটু গোপ্য আহুঃ তম ইতি।

বনবিহারে শ্রীরাধা কৃষ্ণমাহ অপীতি করধুতিভিঃ করচালনৈঃ অপনুন্নঃ নিরস্তোঽপি ১১

শ্রীকৃষ্ণপ্রণামসময়ে ময়ি বাধে ত্বৎপ্রাণকোটেরধিকস্য কান্তস্যাস্য মরুদপ্যপরাধং

চাটুবচন প্রয়োগ পূর্ব্বক শ্রীকৃষ্ণকে কহিলেন, হে দুঃখনাশন। আমা-দের প্রতি প্রসন্ন হও, আমরা তোমার উপাসনা করিব, এই আশা করিয়া গৃহ পরিত্যাগ করত যোগিদিগের ন্যায় তোমার পাদমূল প্রাপ্ত হইয়াছি, হে পুরুষরত্ন। তোমার সুন্দর-হাস্য-নিরীক্ষণ দ্বারা যে তীব্রকাম জন্মিয়াছে, তাহাতে আমাদের চিত্ত দগ্ধ হইতেছে, অতএব আমাদিগকে দাস্য প্রদান কর॥

ত্রাসহেতু দৈন্য যথা—

বনবিহারকালীন শ্রীরাধা কহিলেন, হে অঘনাশন। আমি কর-কম্পন দ্বারা এই চঞ্চল মধুকরকে নিরস্ত করিলেও, এ আমার মুখে আসিয়া পড়িতেছে, কোন ক্রমে নিবারণ মানিতেছে না, অতএব তুমি আমার প্রতি প্রসন্ন হও, আমি তোমার চরণে প্রণাম করি, করুণা প্রকাশপুরঃসর এই দুষ্ট মধুকরকে অবরোধ কর॥ ১১॥

অপরাধহেতু দৈন্য যথা—

এক দিবস শ্রীরাধা মানিনী হইলে শ্রীকৃষ্ণ গিয়া তদীয় চরণে প্রণাম

পিঞ্ছমৌলিরধুনানুনীয়তাং মামকীনমনবেক্ষ্য দূষণং ॥ ১২ ॥

অথ গ্লানিঃ ॥ ১৩ ।

সা শ্রমেণ যথা—

ব্যাত্যুক্ষীমঘমথনেন পঙ্কজাক্ষী

কুর্ব্বাণা কিমপি সখীষু সস্মিতাসু।

লোচনরোচনী টীকা।

গ্লানির্নির্ব্বলতা ১৩

ব্যাত্যুক্ষীমন্যোন্যসেচনং ১৪

আনন্দচন্দ্রিকা টীকা।

ক্ষমস্বেত্যুক্তবত্যহং দুর্বুদ্ধে বিশাখে মদন্তিকাদিতো দূরীভবেত্যাক্ষিপ্য তদানীং ত্বয়াহং দূরীকৃতা অভূবং সম্প্রতি স্বয়মেব মন্নিকটং কথমায়াসীতি বদন্তীং বিশাখাং শ্রীরাধা প্রাহ আলীতি। তে তুভ্যং মানফণীতি নহি সর্পদষ্টো জনস্তদ্বিষোন্মাদিতঃ প্রলপন্ বন্ধুজনে-নোপলোভ্যত ইতি ভাবঃ নতু শ্রীকৃষ্ণস্ত্বয়ি বিমুখো বর্ত্ততে ইত্যত আহ পিঞ্ছেতি ১২

গ্লানির্নির্ব্বলতা ১৩

বৃন্দা পৌর্ণমাসীমাহ ব্যাত্যুক্ষীং পরস্পরজলসেকং সস্মিতাস্বিতি সখীরাক্ষিপ্য স্বয়মেব

করিতেছিলেন, এমত সময়ে বিশাখা শ্রীরাধাকে কহিলেন, সখি! এই কান্ত তোমার কোটি-প্রাণ অপেক্ষাও অধিক, ইনি একবারমাত্র অপরাধ করিয়াছেন, অতএব ক্ষমা কর, এই কথা কহিলে, তুমি আমাকে কহিয়াছিলে "অয়ি দুর্ব্বুদ্ধি বিশাখে। তুমি আমার নিকট হইতে দূরীভূত হইয়া যাও" এই প্রকার তিরস্কার পূর্ব্বক আমাকে দূরীকৃতা করিয়াছিলে, এখন কেন আবার স্বয়ং আমার নিকট আসি-তেছ, ইত্যাদি উক্তিকারিণী বিশাখাকে শ্রীরাধা কহিলেন, সখি! যদিচ আমার অপরাধ যথার্থই হইল, তথাপি এ বিষয়ে আমার কোন দোষ নাই, তৎকালীন দুষ্ট মানফণী আমাকে দংশন করিয়াছিল, সে যাহা হউক, হে সুন্দরি! তুমি আমার দোষের প্রতি দৃষ্টিপাত না করিয়া শিখিপিঞ্ছমৌলিকে এরূপ অনুনয় কর যে, তিনি যেন আমার প্রতি বিমুখ না হন। ১২ ॥

অথ গ্লানি (নির্ব্বলতা) । ১৩ ॥

শ্রমহেতু গ্লানি যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! শ্রীকৃষ্ণ যমুনাজলে সখীগণ-

ক্ষামাঙ্গী মণিবলয়ং স্খলৎকরাস্তাৎ
কালিন্দীপয়সি রুরোধ নাদ্য রাধা । ১৪ ।
আধিনা যথা—হংসদূতে ।
প্রতীকারারম্ভশ্লথমতিভিরুদ্যৎপরিণতে-
র্বিমুক্তায়া ব্যক্তস্মরকদনভাজঃ পরিজনৈঃ ।

লোচনরোচনী টীকা

চন্দ্রমুখীর সখীকে বৃন্দা কহিলেন, সুন্দরি! তোমার প্রিয়সখী চন্দ্রমুখী স্বহস্ত-গ্রথিত পুষ্পমালা প্রতিপক্ষ রমণীর কবরীতে বিলুঠিতা দেখিয়া, যদিচ মলিন হইয়াছিলেন সত্য, তথাপি অঘমর্দ্দনের প্রতি আদরহেতু ক্ষোভ সম্বরণার্থ তূষ্ণীম্ভূত হইয়া রহিলেন ৬১

অথ স্মৃতি (পূর্ব্বানুভূত অর্থের স্ফূর্ত্তি)।

সদৃশ দর্শননিমিত্ত স্মৃতি যথা—হংসদূতে॥

মথুরা-গমনোদ্যত সন্দেশহারি হংসকে উপদেশ পূর্ব্বক ললিতা কহিলেন, অহে খগশ্রেষ্ঠ! তমালের অবলোকন নিমিত্ত মুকুন্দের স্মরণ

উদঞ্চৎ কামোঽপি স্বহৃদয়কলাগোপনপরো
হরিঃ স্বৈরং স্বৈরং স্মিতসুভগমূচে কথময়ং　৫৮ ॥

জৈহ্ম্যলজ্জাভ্যাং যথোদ্ধবসন্দেশে

মা ভূয়স্ত্বং বদ রবিসুতাতীরধূর্ত্তস্য বার্ত্তাং
গন্তব্যা মে ন খলু তরলে দূতি সীমাপি তস্য
বিখ্যাতাহং জগতি কঠিনা যৎপিধত্তে মদঙ্গং
রোমাঞ্চোঽয়ং সপদি পবনো হৈমনস্তত্র হেতুঃ ।

লোচনরোচনী টীকা

মন্দং মন্দং　মন্দস্বচ্ছন্দয়োঃ স্বৈরমিতি নানার্থবর্গাৎ　কং যূচে তথা কথয়েতি শেষঃ ।৫৮।
যৎ পিধত্তে মদঙ্গমিতি　তর্হি কুতোঽয়ং রোমাঞ্চ ইতি তদাক্ষেপমাক্ষিপতি যৎ
পিধত্ত ইতি হৈমনো হেমন্তভবঃ　৫৯

আনন্দচন্দ্রিকা টীকা।

গিরো নিপীয় প্রেমপরীক্ষার্থং স্বহৃদয়কলান্তর্বিষয়ক রমণোৎসুক্যবৈদগ্ধ্যঃ তাসাং গোপন-
পরোঽয়ং শ্রীকৃষ্ণঃ স্বৈরং স্বৈরং মন্দং মন্দং　মন্দস্বচ্ছন্দয়োঃ স্বৈরমিতি নানার্থবর্গঃ　স্মিত-
সুভগং যথা স্যাত্তথা কথমূচে　উচ্যমানবাক্যজাতস্যৌদাসীন্যব্যঞ্জকস্য সত্যত্বে স্মিতাদের
সম্ভবাদিতি ভাবঃ　৫৮

কৃষ্ণপ্রেষিতাং দূতীং প্রতি কলহান্তরিতা শ্যামা প্রাহ মাভূয় ইতি। তর্হি কুতোঽয়ং
রোমাঞ্চ ইতি চেত্তত্রাহ যৎ পিধত্ত ইতি হৈমনো হিমসম্ভবঃ

শ্রবণ করত শ্রীকৃষ্ণ মত্ততুল্য হইয়া শিরঃকম্পন করিতেছেন এবং মদনাবেশে বিবশ হইয়া হৃদ্বিকার সকল গোপন পুরঃসর হাস্যবদনে কহিলেন, এ কি প্রকার ?　৫৮

জৈহ্ম্য ও লজ্জাহেতু অবহিত্থা যথা—উদ্ধবসম্বাদে ॥

কৃষ্ণপ্রেরিতা দূতীকে অবলোকন করিয়া কলহান্তরিতা শ্যামলা কহিলেন, তরলে। যমুনাতীরস্থ ধূর্ত্তের কথা আর বলিও না, এই জগতীতলে কঠিনা বলিয়া আমার প্রবাদ প্রসিদ্ধ আছে, অতএব আমি কখন উহাঁর দূতীপদবীতেও গমন করি নাই, তবে যে আমার অঙ্গে পুলকোদ্গম দেখিতেছ, ইহা কৃষ্ণকথা শ্রবণজনিত নয়, সম্প্রতি শীতল বায়ুর প্রবাহহেতু আমার অঙ্গে লোমাবলী সকলের উদ্গম হইয়াছে ॥

দাক্ষিণ্যেন যথা—ললিতমাধবে ॥

উদ্ধূতা স্মিতকৌমুদী ন মধুরা বক্ত্রেন্দুবিম্বাত্তয়া
সধ্রীচাং ন নিরাকৃতা গিরি গিরাং মাধুর্য্যলক্ষ্মীরপি।
কিন্ত্বেতদ্দুরাবরৈর্নিগ্রহমনো গূঢ়ব্যথাশংসিভিঃ
শ্বাসৈরেব দরোদ্ধুতস্তনপটৈস্তস্যা ক্রুধঃ কীর্তিতাঃ ॥

হ্রিয়া যথা—বিদগ্ধমাধবে

ভজন্ত্যাঃ সব্রীড়ং কথমপি তদাড়ম্বরঘটা-
মপাহ্নোতুং যত্নাদপি নবমদামোদমধুরা।
অধীরা কালিন্দীপুলিনকলভেন্দ্রস্য বিজয়ং
সরোজাক্ষ্যাঃ সাক্ষাদ্বদতি হৃদি কুঞ্জে তনুবনী ৫৯

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণো মধুমঙ্গলং প্রত্যাহ উদ্ধৃতেতি তয়া চন্দ্রাবল্যা দুরাবরৈঃ আবরীতুমশক্যৈঃ।

পৌর্ণমাসী স্বগতমাহ সরোজাক্ষ্যাঃ শ্রীরাধায়াস্তনুর্বনী তনুরেব বনী কুঞ্জং বনং কালিন্দী-পুলিনসম্বন্ধিনঃ কলভেন্দ্রস্য অতিশয়োক্ত্যা পক্ষে শ্রীকৃষ্ণস্য বিজয়ং আগমনং বদতি। ক্ব হৃদি হৃদয়রূপে কুঞ্জে তস্যাসাধারণং লক্ষণং বক্তুং বিশিনষ্টি নবেন মদামোদেন দানগন্ধেন পক্ষে মত্ততাধিক্যেন মধুরা মাধুর্য্যবতী অধীরা চঞ্চলা সরোজাক্ষ্যাঃ কীদৃশ্যাঃ তস্য কলভেন্দ্রস্য আড়ম্বরঘটাং গর্জ্জনশ্রেণীং অপহ্নোতুং সংগোপয়িতুং যত্নান্ ভজন্ত্যাঃ কুর্ব্বত্যা আড়ম্বরস্তূর্য্য-রবে গজেন্দ্রাণাঞ্চ গর্জ্জিতে ইতি নানার্থবর্গঃ গর্জ্জিতমত্র বিক্রমব্যঞ্জিক খ্যাতিঃ ৫৯।

দাক্ষিণ্যহেতু অবহিত্থ যথা—ললিতমাধবে।

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে কহিলেন, সখে! চন্দ্রাবলী ক্রুদ্ধা হইলেও তাঁহার-বদনচন্দ্র হইতে মধুরচন্দ্রিকা নিরাকৃত হয় নাই, যে হেতু ঐ বদনচন্দ্র কখন আপনার মাধুর্য্য-বাক্য পরিত্যাগ করে না, কিন্তু হে বন্ধো! না কহিলেও তাঁহার দুর্নিবার গূঢ় মনোব্যথা প্রকাশক ঈষদুষ্ণ-নিশ্বাস ও ঈষৎ-কম্পিত স্তনপট্টিকা দ্বারাই রোষাবেশ প্রকাশ হয়।

লজ্জাহেতু অবহিত্থ যথা—বিদগ্ধমাধবে।

পৌর্ণমাসী মনে মনে কহিলেন, অহো! এই অধীরা রাধা নব নব আমোদ বশতঃ অতিশয় মধুরা, যদিচ ইনি লজ্জিতা হইয়া কালিন্দী-কূলবর্ত্তি কলভেন্দ্রের (শ্রীকৃষ্ণের) গর্জ্জন সকল কষ্টে সৃষ্টে গোপন

শনৈঃ স্বেদং তাসাং ক্ষণমপনয়ন্ যাস্যতি ভবা-
নবশ্যং কালিন্দীসলিলশিশিরৈঃ পক্ষপবনৈঃ ॥ ৬২ ॥

দৃঢ়াভ্যাসেন যথা—

তে পীযূষকিরাং গিরাং পরিমলাঃ স পিঞ্ছচূড়োজ্জ্বলা
তাস্তা পিঞ্ছমনোহরাস্তনুরুচস্তে কেলয়ঃ পেশলাঃ।
তদ্বক্ত্রং শরদিন্দুনিন্দিনয়নে তে পুণ্ডরীকশ্রিণী
তন্বেতি ক্ষণমপ্যবিস্মরদিদং চেতো মমাঘূর্ণতে। ৬৩।

অথ বিতর্কঃ॥ ৬৪।

লোচনরোচনী টীকা

পীযূষকিরামিতি কিবন্তস্য ষষ্ঠ্যন্তং পদং। ৬৩।

বিতর্কো বিমর্শানন্তরং বিচারঃ বিমর্শে হেতুপরামর্শঃ বিশেষস্তু পূর্ব্বগ্রন্থাদ্‌জ্ঞেয়ঃ ৬৪।

আনন্দচন্দ্রিকা টীকা।

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা বিলপন্ত্যুদ্ধবং প্রত্যাহ ত ইতি পীযূষকিরামিতি ক্বিবন্ত ষষ্ঠ্যন্তং। পরিমলা ইত্যনেন গিরাং পুষ্পমঞ্জরীত্বমারোপিতং তেন চাতিস্পৃহণীয়ত্বং ব্যঞ্জিতং। পুণ্ডরীকস্য শ্রীঃ শোভিমশোভা যয়োস্তে ৬৩

বিতর্কো হেতুপরামর্শাদিজন্যোহভ্যূহঃ। ৬৪

হওয়ায়, চপলা পুলিন্দী সকল উত্তপ্ত শরীরে পর্ব্বতপ্রস্থে অবস্থিতি করিতেছে, অতএব তুমি ধীরে ধীরে কালিন্দী-সলিল-শীতলিত-পক্ষ-পবন-দ্বারা ক্ষণকাল ঐ সকল পুলিন্দীর স্বেদ (ঘর্ম্ম) অপনয়ন করিয়া গমন করিও॥ ৬২।

অতিশয় অভ্যাসহেতু স্মৃতি যথা—

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা বিলাপ করিয়া কহিলেন, উদ্ধব! শ্রীকৃষ্ণের সেই অমৃতস্রাবি-বাক্য-পরিমল, সেই ময়ূরপুচ্ছের উজ্জ্বল চূড়া, সেই তমাল সদৃশ তনুরুচি, সেই কেলি-কৌশল সকল, তাঁহার শরদিন্দুনিন্দি বদন ও শ্বেতপদ্ম সদৃশ সেই নয়নদ্বয়, ক্ষণকালের নিমিত্তও আমার চিত্ত বিস্মৃত না হইয়া, কেবল অনবরত ঘূর্ণিত হইতেছে॥ ৬৩॥

অথ বিতর্ক॥ ৬৪।

স বিমর্শাদ্‌যথা—বিদগ্ধমাধবে ॥

বিঘূর্ণন্তঃ পৌষ্পং ন মধুলিহতেঽমী মধুলিহঃ
শুকোঽয়ং নাদত্তে কলিতজড়িমা দাড়িমফলং।
বিবর্ণা পর্ণাগ্রং চরতি হরিণীয়ং ন হরিতং
পথানেন স্বামী তদিভবরগামী ধ্রুবমগাৎ ॥ ৬৫ ।

সংশয়াদ্‌যথা—ললিতমাধবে ॥ ৬৬ ॥

বিদূরে কংসারি মুকুটিতশিখণ্ডাবলিরসৌ
পুরা গৌরাঙ্গীভিঃ কলিতপরিবস্তো বিলসতি

লোচনরোচনী টীকা।

বিঘূর্ণন্ত ইত্যত্র ব্যাপ্তিগ্রহণরূপো বিচারঃ পূর্বপূর্বানুভবাৎ ৬৫
সংশয়াদ্‌যথেতি সংশয়ানন্তরং যো বিপর্য্যাসস্তস্ম দিত্যর্থঃ ৬৬
ন কান্তোঽয়মিত্যত্র ন কংসারিরিতি বা পাঠঃ ৬৭

আনন্দচন্দ্রিকা টীকা।

বিমর্শাৎ হেতুপরামর্শাৎ বনে নিহ্নোতুং শ্রীকৃষ্ণমন্বিষ্যন্তী শ্রীরাধা বিতর্কয়তি বিঘূর্ণন্ত ইতি ব্যাপ্তিগ্রহণরূপো বিচারঃ পূর্বপূর্বানুভবাৎ ন চরতি ন ভক্ষয়তি ৬৫
সংশয়ঃ কোটিদ্বয়ং স্পৃশন্নির্ণেতুমশক্যং জ্ঞানং তস্ম ২ ৬৬
প্রোষিতভর্তৃকা শ্রীরাধা দিব্যোন্মাদেন ভ্রমন্তী গোবর্দ্ধনে মেঘমালোক্যাহ বিদূর ইতি।

বিমর্শহেতু অর্থাৎ কারণান্বেষণনিমিত্ত যথা—বিদগ্ধমাধবে ॥

বনে লুকায়িত-শ্রীকৃষ্ণের অন্বেষণ করিতে করিতে শ্রীরাধা বিতর্ক করিয়া কহিলেন, অহো! যখন এই সকল মধুকর ঘূর্ণিতান্তঃকরণ হইয়া পুষ্পমধু লেহন করিতে ইচ্ছা করিতেছে না, যখন শুকপক্ষী জড়তাপন্ন হইয়া দাড়িম্বফল ভক্ষণার্থ উৎসুক হইতেছে না, যখন এই হরিণীগণ বিবর্ণ হইয়া হরিৎ-পত্রাগ্র চরণ করিতেছে না, তখন নিশ্চয় বোধ হইল, গজেন্দ্র-মন্দগামী স্বামী, এই পথেই গমন করিয়াছেন ॥৬৫॥

সংশয়হেতু অর্থাৎ পক্ষদ্বয় উদ্ঘাটনপূর্ব্বক নির্ণয় করিতে না পাবায় বিতর্ক যথা—ললিতমাধবে ৬৬

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা দিব্যোন্মাদবশতঃ ভ্রমণ করিতে করিতে গোবর্দ্ধনোপরি মেঘমালা অবলোকন করিয়া বিতর্ক-পূর্ব্বক কহিলেন,

ন কান্তে হয়ং শঙ্কে সুরপতিধনুর্ধামমধুর-
স্তড়িল্লেখাহ্রী গিরিমবলম্বে জলধরঃ॥

অথ চিন্তা ৬৭।

সা ইষ্টানবাপ্ত্যা যথা—পদ্যাবল্যাং

আহারে বিরতিঃ সমস্তবিষয়গ্রামে নিবৃত্তিঃ পরা
নাসাগ্রে নয়নং যদেতদপরং যচ্চৈকতানং মনঃ।
মৌনঞ্চেদমিদঞ্চ শূন্যমখিলং যদ্বিশ্বমাভাতি তে
তদ্ ব্রূয়াঃ সখি যোগিনী কিমসি ভোঃ কিম্বা বিয়োগিন্যসি।

লোচনরোচনী টীকা

নাসাগ্র ইত্যত্র নাতিসম্বন্ধ্য কাব্যান্তরমুদাহরতি যথাবেতি ৬৮

আনন্দচন্দ্রিকা টীকা

গাঢ়ং নিভাল্য নিশ্চিনোতি ন কান্তোহয়মিতি

চিন্তা ইষ্টাল ভার্থমনিষ্টপরিহারার্থঞ্চ ভাবনা ৬৭

জাতত্বাপি বিশাখা পূর্ব্বরাগবতীং কেনাপি প্রকারেণাহং শ্রীকৃষ্ণসঙ্গং লপ্স্যে ইতি ধ্যায়ন্তীং শ্রীরাধাং পৃচ্ছতি নাসাগ্রে নয়নমিত্যাদিধ্যানমাত্রস্যানুভাবঃ একতানমনস্ত-বৃত্তিঃ

অহে। শিখিপিঞ্ছমৌলি কংসারি পুরোবর্ত্তি গৌরাঙ্গী সকলে আলি-ঙ্গিত হইয়া নিশ্চয় দূরে বিলাস করিতেছেন, অথবা এ কান্ত না হইবে, ইন্দ্রধনু ও বিদ্যুল্লেখাভূসিত-জলধরই গিরিশিখর অবলম্বন করিয়া রহিয়াছে

অথ চিন্তা অর্থাৎ ইষ্টের অলাভ ও অনিষ্টের প্রাপ্তিনিমিত্ত ভাবনা ৬৭।

ইষ্টের অলাভহেতু চিন্তা যথা—পদ্যাবলীতে।

কি প্রকারে শ্রীকৃষ্ণের সঙ্গলাভ করিব বলিয়া পূর্ব্বরাগবতী শ্রীরাধা চিন্তা করিতেছিলেন, এমন সময়ে বিশাখা বৃত্তান্ত অবগত হইয়া শ্রীরাধাকে জিজ্ঞাসা করিলেন, রাধে তোমার আহারে বিরতি হইল কেন? সমস্ত বিষয়েতেই যে তোমাকে নিবৃত্ত দেখিতেছি। অপর তোমার নাসাগ্রে নয়ন, মনের একতান ও মৌনাবলম্বন ইত্যাদি সকলে

যথাবা বিদগ্ধমাধবে।

অক্ষোর্দ্বন্দ্বং প্রসরতি দরোদ্ঘূর্ণতারং মুরারেঃ
শ্বাসাঃ কুণ্ঠাং কিল বিচকিলৈর্মালিকাং মাপয়ন্তি।
কেহয়ং ধন্যা বসতি রমণী গোকুলে ক্ষিপ্রমেতাং
নীতস্তীব্রামরমপি যয়া কামপি ধ্যাননিষ্ঠাং ॥ ৬৮ ॥

অনিষ্টাপ্ত্যা যথা—

বাল্যস্যোচ্ছিদুরতয়া যথা যথাঙ্গে
রাধায়া মধুরিমকৌমুদী দিদীপে।

লোচনরোচনী টীকা।

ছিদুরেতি কর্মকর্ত্তরি প্রয়োগঃ তেন স্বয়ং ছিদ্যমানতয়া ইত্যর্থঃ বিস্তীর্ণত্বং

আনন্দচন্দ্রিকা টীকা

নায়িকানামিব নায়কেহপি সঞ্চারিভাবা উদাহর্ত্তব্যা ইতি প্রদর্শয়িতুমাহ যথাবেতি। পূর্ব্বরাগবন্তং কথমহং রাধাসঙ্গং লপ্স্য ইতি ধ্যায়ন্তং শ্রীকৃষ্ণং দূরাদালোক্য পৌর্ণমাসী বিতর্কয়তি বিচকিলৈঃ মল্লিকাপুষ্পৈঃ ৬৮।

নান্দীমুখী পৌর্ণমাসীং প্রত্যাহ বাল্যস্যেতি। উচ্ছিদুরতয় স্বয়মুচ্ছিদ্যমানতয়া

তোমার সম্বন্ধে এই বিশ্ব শূন্যরূপে প্রকাশ পাইতেছে, অতএব হে সখি! তুমি কি যোগিনী অথবা বিয়োগিনী, কি বট সত্য করিয়া বল? ॥

নায়িকার ন্যায় নায়কেও সঞ্চারিভাব উদাহরণ করা কর্ত্তব্য, এই নিমিত্ত কহিলেন, যথাবা বিদগ্ধমাধবে ॥

পূর্ব্বরাগান্বিত শ্রীকৃষ্ণ কি প্রকারে শ্রীরাধার সঙ্গলাভ করিব মনে করিয়া ধ্যানপরায়ণ হইতেছিলেন, দূর হইতে অবলোকন করিয়া পৌর্ণমাসী বিতর্ক পূর্ব্বক কহিলেন, আহা! মুরারির নেত্র দ্বয়ের তারক দুইটী ঈষৎ ঘূর্ণিত হইতেছে কেন? দীর্ঘশ্বাস বহির্গত হইয়া মল্লিকামালা ম্লান করিতেছে, হায়! গোকুলমধ্যে এই রমণী কে? যাহাকে যে অতিশয় ধন্যা দেখিতেছি, যে হেতু এই মুররিপুকে অবিলম্বে তীব্র-ধ্যাননিষ্ঠ করাইল ॥ ৬৮ ॥

অনিষ্টপ্রাপ্তিহেতু চিন্তা যথা—

নান্দীমুখী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! বাল্যের উচ্ছেদহেতু

পদ্মায়া মুখকমলং বিশীর্ণমন্তঃ
সন্তাম্যদ্ভ্রমরমিদং তথ তথাসীৎ। ৬৯ ॥

যথাবা।

মা চন্দ্রাবলি মলিনা ভব রাধায়াঃ সমীক্ষ্য সৌভাগ্যং।
জ্যোতির্ব্বিদোঽপি বিদুঃ কৃষ্ণে কিল বলবতী তারা ৭০ ॥

লোচনরোচনী টীকা

স্খলিতপ্রকাশত্বেনানবস্থিত যথাবদবয়বত্বং। মুখপক্ষে অন্তঃ অন্তঃকরণং তদেব সংভ্রাম্যন্ ভ্রমরো যত্র তাদৃশং ৬৯

মা চন্দ্রাবলীতি শ্রীরাধাসখ্যা শিক্ষিতায়াঃ স বিকায়া বচনং। যূথেশাগ্রে বিপক্ষ-সখীনাং তাদৃশধার্ষ্ট্যস্যাসংপত্তিপত্তেঃ সৌভাগ্যং তাদৃশবিষয়ককান্তপ্রেম্না ভাগ্যশা-লালিত্যং। তচ্চ নাযুক্তমিত্যাহ জ্যোতির্বিদ ইতি কৃষ্ণে কৃষ্ণস্বরূপে পক্ষে তারা তদ্বিশেষ-রূপা যেযেতু তারা তদ্বিশেষনাম্নী শ্রীরাধ কৃষ্ণে কৃষ্ণাখ্যে নিজকান্তে ৭০

আনন্দচন্দ্রিকা টীকা।

কর্ম্মকর্ত্তরি প্রবচ্। মুখপক্ষে অন্তরন্তঃকরণং তদেব সম্ভ্রাম্যন্ ভ্রমরো যত্র তৎ আসীৎ অভূৎ ৬৯

শ্রীরাধায়াঃ সৌন্দর্য্যেণ পদ্মায়াশ্চিন্তামুদাহৃত্য তস্যাঃ সৌভাগ্যেন চন্দ্রাবল্যা অপি চিন্তামুদাহর্ত্তুমাহ যথাবেতি

ললিতয়া পাঠিতা কাচিৎ সারী চন্দ্রাবলীনিকটে পঠতি মেতি কৃষ্ণে কৃষ্ণপক্ষে শ্রীনন্দপুত্রে চ তারা অশ্বিন্যাদিঃ শ্রীরাধা চ। ৭০

যেমন যেমন শ্রীরাধার অঙ্গে মধুর-কৌমুদী দীপ্তিশীলা হইতে লাগিল, তেমনি তেমনি পদ্মার মুখপদ্ম মধুকরের অন্তরে খেদ প্রাপ্ত করাইয়া বিশীর্ণ হইতে লাগিল। ৬৯।

শ্রীরাধার সৌন্দর্য্যে পদ্মার চিন্ত উদাহরণানন্তর চন্দ্রাবলীর চিন্তার উদাহরণ করিতেছেন যথাবা।

ললিতার শিক্ষিতা কাচিৎ সারী চন্দ্রাবলীর নিকটে গিয়া পড়িতে পড়িতে কহিল, অহে চন্দ্রাবলি! শ্রীরাধার সৌন্দর্য্য-দর্শনে মলিনা হইও না, জ্যোতির্বিদ্ পণ্ডিতেরাও বিদিত আছেন, কৃষ্ণপক্ষে তারাই বলবতী হয়, অতএব তুমি কেন বৃথা দুঃখিতা হইতেছ ॥ ৭০ ॥

অথ মতিঃ ৭১

সা যথা পদ্যাবল্যাং

আশ্লিষ্য বা পাদরতাং পিনষ্টু মা-
মদর্শনান্মর্ম্মহতাং করোতু বা।
যথা তথা বা বিদধাতু ন গরো
মৎপ্রাণনাথস্তু স এব নাপরঃ। ৭২

লোচনরোচনী টীকা

মতির্বিচারোত্থমর্থনির্দ্ধারণং ৭১

কাপি সখী কস্যাশ্চিৎ শ্রীকৃষ্ণপ্রেয়স্যাঃ সৎপরীক্ষার্থমেবমুক্তবতী স খলু তরুণবয়াস্তব নবনবায়া জাতু সুখদায়ী দৃশ্যতে তথাপি তদেকান্তরক্তাং ত্বামুপদিশামি তদনুরাগং ত্যজেতি তত্রাহ আশ্লিষ্যেতি পাদরতামাত্ত ত্যাগভয়াদিত্যুক্তিঃ ৭২

আনন্দচন্দ্রিকা টীকা

মতির্বিচারোত্থমর্থনির্ধারণং ৭১

কদাচিন্মাথুরবিরহব্যথাবিশীর্ণাঙ্গীং শ্রীরাধামালোক্য পৌর্ণমাসী স্নেহেনোপদিদেশ বৎসে শ্রীভগবতো নারায়ণস্য পূজা পরিচর্য্যাজপস্তবাদিকং ত্বামহমুপাদিশামি তত্রৈব স্বমনো-নিমজ্য হৃষ্টবং সময়মিমং যাপয় যাবচ্ছ্রীকৃষ্ণাগমনং উপায়োঽয়ং লোকদ্বয়সুখদ এবেতি ত্বং নারায়ণভক্তা ভবেতি ততস্তাং প্রতি শ্রীরাধাহ হে ভগবতি এবঞ্চেৎ সর্ব্বজ্ঞস্য গর্গস্যোক্তি-প্রামাণ্যেন নারায়ণসমস্য শ্রীকৃষ্ণস্যৈব পূজাজপস্তবাদিকং কথং মাং নোপদিশসি ততশ্চ ময়া তেনৈব প্রকারেণারাধিতোঽসৌ প্রাদুর্ভূয় স্বদর্শনং মে দাস্যতীতি নহু স স্বীয়-স্বভাবং ত্যক্তুমসমর্থ পুনরপি তে বিরহদুঃখং দাস্যতীতি চেত্তত্রাহ আশ্লিষ্যেতি পাদরতাং

অথ মতি অর্থাৎ বিচারোত্থ অর্থনির্দ্ধারণ ॥ ৭১ ॥

যথা পদ্যাবলীতে ॥

একদা মাথুরবিরহ ব্যথায় বিশীর্ণাঙ্গী শ্রীরাধাকে অবলোকন করিয়া
[পৌর্ণমা]সী স্নেহ প্রকাশ পুরঃসর উপদেশ করত কহিলেন, বৎসে!
[নারায়]ণের পূজা পরিচর্য্যা জপ ও স্তবনাদি তোমাকে উপদেশ
[করিতেছি, তাহাতে] স্বীয় মন নিমগ্ন করিয়া যাবৎ শ্রীকৃষ্ণের আগমন না হয়,
[তাবৎ] সময় যাপন কর, এই উপায় সমীচীন, ইহাতে ঐহিক
[পারত্রিক উভয়] লোকেই সুখ হইবার সম্ভব, অতএব তুমি নারায়ণের

আনন্দচন্দ্রিকা টীকা।

চরণয়োঃ পতিতাং মামাশ্লিষ্য স্বহস্তাভ্যাং ধৃত্বা উত্থাপয়ন্ স্ববক্ষসি নিধায় স্ববাহুভ্যাং পিনষ্টু অতিগাঢ়তরালিঙ্গনেনানন্দসমুদ্রে নিমজ্জয়তু কিং বা তদৈবাদর্শনং প্রদায় ক্রূরোপি পঞ্চমীং মর্ম্মহতাং করোতু ইতোঽপ্যতিদুঃখসমুদ্রে নিমজ্জয়তু যথা তথা বেত্যনেন মৎসমক্ষমেব মৎপ্রতিনায়িকাং রময়তু বা ইতি ব্যঞ্জিতং যতো লম্পটঃ তস্য লাম্পট্যমেব বিচারাভাব ব্যঞ্জকমিতি ভাবঃ কিন্তু ব্যবহারে বা পরমার্থে বা মম প্রাণানাং নাথঃ স এব নত্বন্যঃ তেন শ্রীনারায়ণমহং পরলোকার্থমপি সেবিতুং ন শক্নোমি মম শ্রীকৃষ্ণৈকতানত্বাদিতি ভাবঃ। প্রকারান্তরেণ ব্যাখ্যায়াং স এব নাপর ইত্যন্যযোগব্যবচ্ছেদকেনৈবকারেণ ব্যঞ্জিতো রসাভাসো দুর্নিবার এব স্যাৎ স এব না পুরুষঃ কীদৃশঃ পর ইতি ব্যাখ্যায়ামপি স এব দোষঃ। যদ্বা সতু মৎপ্রাণনাথ এব নাপর ইত্যেবকার তুকারয়োঃ স্থানবিনিময়েন যোজনায়ামন্যযোগব্যবচ্ছেদঃ কিঞ্চিদসামঞ্জস্যং ন স্যাৎ কিন্তুস্থানস্থ পতিতানামদোষঃ স্যাদিতি পূর্ব্বোক্তপ্রকার এবোপাদেয়ঃ কিন্তু শ্লোকোঽয়ং ভগবতঃ শ্রীমহাপ্রভোর্মুখাব্জিঃসৃত ইতি নানবধানীয়ো ভবিতুমর্হতি সচ শ্রীমহাপ্রভুঃ শ্রীরাধিকাং বিনান্যত্র কদাপ্যপদ জিহীর্ষতি কিঞ্চাত্র পূর্ব্বমহাজনপ্রসিদ্ধো লম্পট ইত্যেব॰ উজ্জ্বলীয় ইত্যপ্রোত্ম ৭২

ভক্তা হও, তদনন্তর শ্রীরাধা কহিলেন, হে ভগবতি! যদি ইহাই কর্ত্তব্য হইল, তবে সর্ব্বজ্ঞ গর্গাচার্য্যের উক্তি প্রামাণ্যহেতু নারায়ণ সমতুল শ্রীকৃষ্ণেরই পূজা জপ স্তুতি প্রভৃতি আমাকে উপদেশ না করিতেছ কেন? আমি সেই প্রকারে শ্রীকৃষ্ণের আরাধনা করি, যাহাতে আবির্ভূত হইয়া আমাকে স্বীয় দর্শন দান করেন, অনন্তর দেবী কহিলেন, পুত্রি! জান না, তাঁহার স্বভাব দুর্নিবার, কখনই ত্যাগ হইবে না, পুনরায় তোমাকে বিরহবেদনা প্রদান করিবেন, অনন্তর শ্রীরাধা কহিলেন, দেবি! আমি শ্রীকৃষ্ণের পাদরতা, তিনি আমাকে আলিঙ্গন করিয়া পেষণ করুন বা অদর্শননিমিত্ত মর্ম্মহতাই করুন, তাঁহার যাহা অভিরুচি তাহাই বিধান করিতে পারেন, কিন্তু হে সখি! ঐ নাগর আমার প্রাণনাথ, কখনই তিনি আমার পর নহেন।

উক্ত পদ্যটী শ্রীমন্মহাপ্রভুর মুখপদ্ম হইতে নির্গত॥ ৭২।

যথাবা

ভবাম্বুজভবাদয়স্তব পদাম্বুজোপাসনা-
মুশন্তি সুরবন্দিতাঃ কিমুত মন্দপুণ্যা নৃপাঃ।
অতস্তব জগৎপতে মধুরিমাম্বুধের্মদ্বিধো
ন দাস্যমিহ বষ্টি কঃ পুংসমস্ত কন্যাজনঃ ৭৩

অথ ধৃতিঃ ॥ ৭৪।

সা দুঃখাভাবেন যথা—

লোচনরোচনী টীকা

ভবাম্বুজেতি শ্রীরুক্মিণ্যাঃ শ্রীকৃষ্ণকৃতপরীহাসাদনন্তরং বচনং কিমুতেত্যত্র ক ইহেতি বা পাঠঃ ৭৩

ধৃতিঃ পূর্ণতা মনসোঽচাঞ্চল্যমিতি যাবৎ ৭৪

আনন্দচন্দ্রিকা টীকা

সমর্থায়ামুদাহৃত্য সমঞ্জসায়ামুদাহর্তুমাহ ভবেতি সুনন্দনামানং বিপ্রং শ্রীকৃষ্ণসন্নিধৌ প্রস্থাপয়ন্তী শ্রীরুক্মিণী সন্দেশপত্রীং লিখতি অম্বুজভবো ব্রহ্মা উশন্তি কাময়ন্তে মধুরিমাম্বুধেরিতি শ্লেষেণ মধুরস্য শৃঙ্গাররসস্য ভাবো মধুরিমা তস্যাম্বুধেস্তব দাস্যং দাসীত্বং ৭৩

ধৃতিঃ পূর্ণতা মনসঃ স্থৈর্য্যসম্পাদিনী। ৭৪

সমর্থার উদাহরণকরণানন্তর সমঞ্জসার উদাহরণ করিবারনিমিত্ত কহিলেন যথাব

সুনন্দ নামক বিপ্র দ্বারা শ্রীকৃষ্ণের নিকট সন্দেশ প্রেরণ করিয়া রুক্মিণীদেবী কহিলেন, হে পুরুষরত্ন. দেববন্দিত ভব পদ্মজাদি (শিব ব্রহ্মাদি) যখন তোমার চরণাম্বুজের উপাসনা করেন, তখন অল্পপুণ্য নৃপতিগণের কথা কি. অতএব হে জগৎপতে। তুমি মাধুর্য্য-সমুদ্র, মদ্বিধ কোন্ কন্যাজন তোমার দাস্য কামনা না করে ॥ ৭৩ ॥

অথ ধৃতি অর্থাৎ মনের স্থৈর্য্যতাসম্পাদন ॥ ৭৪

দুঃখের অভাবহেতু ধৃতি যথা—

শ্রীদশমে।

তদ্দর্শনাহ্লাদবিধূতহৃদ্রুজো মনোরথান্তং শ্রুতয়ো যথা যযুঃ।
স্বৈরুত্তরীয়ৈঃ কুচকঙ্কুমাচিতৈরচীক্লৃপন্নাসনমাত্মবন্ধবে ৭৫

লোচনরোচনী টীকা

ন কেবলং তা মনো রথান্তং তৎপরকাষ্ঠাং যযুঃ শ্রুতয়োঽপি যথা যেন তাসাং তৎসৌভাগ্যবর্ণনপ্রকারেণ তং যযুরিত্যর্থঃ অতশ্চ তাঃ স্বৈরুত্তরীয়ৈরিত্যাদি ৭৫

আনন্দচন্দ্রিকা টীকা

রাসলীলায়াং তিরোধায় পুনরাবির্ভূতং শ্রীকৃষ্ণমালোক্য ব্রজসুন্দরীণাং সর্ব্বদুঃখপ্রশমকং পূর্ণানন্দং তৎসুখচেষ্টাঞ্চ শ্রীশুকদেবো বর্ণয়তি তদিতি তস্য শ্রীকৃষ্ণস্য দর্শনানন্দেন খণ্ডিত-সর্ব্বমনোদুঃখা ব্রজসুন্দর্য্যঃ স্বীয়ৈরুত্তরীয়ৈরাত্মবন্ধবে শ্রীকৃষ্ণায় আসনং তদা অচীক্লৃপন্ উপ-জহ্রুর্যথ শ্রুতয়ো মহোপনিষদোঽপি মনোরথানামন্তং পরমকাষ্ঠাং যযুঃ। যতোঽধিকোঽন্যো মনোরথো নাস্তি তং প্রাপুঃ। বয়মপি ব্রজে গোপ্যো ভূত্বা শ্রীকৃষ্ণেন সহৈবং স্বকুচকুঙ্কুম-স্তিমিত-বস্ত্রার্পণাদিনা কদা বিলসাম ইত্যুৎকণ্ঠিত বভূবুরিত্যর্থঃ অতএব শ্রুতয়ো গোপীনাং পদবীং প্রাপ্তুমনুগতিময়ং তীব্রং তপশ্চক্রুরিতি বৃহদ্বামনীয়া কথা প্রসিদ্ধা। শ্রীদশমে চ স্ত্রিয় উরগেন্দ্রভোগভুজদণ্ডবিষক্তধিয়ো বয়মপি তে সমাঃ সমদৃশোঽঙ্ঘ্রিসরোজ-সুধা ইতি তাসামুক্তিঃ অত্র পূর্ব্বকল্পগত শ্রীকৃষ্ণাবতারদর্শিন্যঃ শ্রুতয়ো লব্ধতৎ-মনোরথা এতস্মিন্ কল্পে গোপ্যো বভূবুঃ এতস্মিন্ কল্পে তু লব্ধমনোরথা অন্যাঃ শ্রুতয়োঽগ্রতনে কল্পে গোপ্যো ভবিষ্যন্তি শ্রুতীনামানন্ত্যাদিতি জ্ঞেয়ং। ৭৫

শ্রীদশমে ৩২ অধ্যায়ে ১২ শ্লোকে

রাসলীলায় অন্তর্দ্ধান হইয়া পুনরায় আবির্ভূত শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া ব্রজসুন্দরীগণের সর্ব্বদুঃখ প্রশমন পূর্ব্বক পূর্ণানন্দজনিত চেষ্টা বর্ণন করিয়া, শ্রীশুকদেব রাজা পরীক্ষিতকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, রাজন্। শ্রীকৃষ্ণের দর্শনজনিত আনন্দে খণ্ডিত-মনোদুঃখা ব্রজসুন্দরী সকলের হৃদ্রোগ দূরীভূত হইয়া গেল, অতএব যেমন শ্রুতি-গণ কর্ম্মকাণ্ডে পরমেশ্বরকে দেখিতে না পাইয়া তত্তৎকামনানুবন্ধ দ্বারা অপূর্ণের ন্যায় থাকিয়া, জ্ঞানকাণ্ডে পরমেশ্বরের সাক্ষাৎকার দ্বারা আহ্লাদে পূর্ণ হওত কামানুবন্ধ পরিত্যাগ করে, তদ্রূপ সেই সকল গোপী শ্রীকৃষ্ণের সাক্ষাৎ লাভ করিয়া পূর্ণকামা হইলেন। পরন্তু আপ্তকামা হইয়াও তাঁহারা প্রেমবশতঃ কুচকঙ্কুমাচিত স্ব স্ব উত্তরীয় দিয়া অন্তর্যামি সেই ভগবানের নিমিত্ত আসন রচনা করিলেন॥ ৭৫॥

উত্তমাপ্ত্যা যথা—

নব্যা যৌবনমঞ্জরী স্থিরতরা রূপঞ্চ বিস্মাপনং
সর্ব্বাভীরমৃগীদৃশামিহ গুণশ্রেণী চ লোকোত্তরা।
স্বাধীনঃ পুরুষোত্তমশ্চ নিতরাং ত্যক্তান্যকান্তাস্পৃহো
রাধায়াঃ কিমপেক্ষণীয়মপরং পদ্মে ক্ষিতৌ বর্ত্ততে ॥ ৭৬।

গোচনবোচনী টীকা

সর্ব্বাসামেবাভীরমৃগীদৃশাং যা যৌবনমঞ্জরী নব্যং যৌবনং কিমুতান্যাসাং পুনরিহ শ্রীরাধায়াং নব্যা স্তুত্যা সর্ব্বশ্রেয়সীত্যর্থঃ তথা তাসাং যদ্রূপং সৌন্দর্য্যং তদিহ বিস্মাপনং সর্ব্বশ্রেষ্ঠমিত্যর্থঃ তথা তাসাং যা গুণশ্রেণী সাচেহ লোকোত্তরা সর্ব্বতোঽপি লোকানাং চমৎকারকারিণীত্যর্থঃ তথা তাসাং স্বাধীনো যঃ পুরুষোত্তমঃ সচেহ ত্যক্তান্যকান্তাস্পৃহঃ। অন্যকান্তাস্তত্র তা এব লভ্যন্তে ৭৬

আনন্দচন্দ্রিকা টীকা

কিং কামনয়া প্রত্যহমেব রাধা দেবপূজার্থং প্রযতত ইতি পথি পদ্ময়া পৃষ্টা বিশাখা তাং প্রত্যাহ নব্যেতি সর্ব্বাসামেব যৌবনং বর্ত্তত এব শ্রীরাধায়াস্তু যৌবনমঞ্জরী শ্রীকৃষ্ণভ্রমর-চিত্তাকর্ষণীত্যর্থঃ তত্রাপি নব্যা ভবন্তী স্থিরতরা নিত্যনবীনেত্যর্থঃ যদ্বা স্তব্যা যুষ্মাকং সর্ব্বাভীরমৃগীদৃশাং রূপঞ্চ মহারূপবতীনাং সর্ব্বাসামপ্যাভীরমৃগীদৃশাং বিস্মাপনমিত্যনেন তব সখীং চন্দ্রাবলীমপি চমৎকারয়তি কিং পুনরন্য ইতি ভাবঃ এবং সর্ব্বত্রৈব ধ্বনয়োঽস্য স্পষ্টা এব তেন দেবপূজাদিকং গুরুজনপ্রতারণমাত্রার্থকমেবেতি ধ্বনিতং ৭৬ ৭৭।

উত্তমপ্রাপ্তিহেতু ধৃতি যথা—

কি কামনায় প্রত্যহ শ্রীরাধা দেবপূজার্থ যত্ন করেন, সখীমধ্যে পদ্মা এরূপ জিজ্ঞাসা করিলে বিশাখা কহিলেন, পদ্মে! পৃথ্বীতলে শ্রীরাধার আর কি অপেক্ষণীয় আছে, দেখ, তাঁহার নব্যা যৌবনমঞ্জরী নিত্য স্থিরতারূপে বিরাজ করিতেছে, রূপ এরূপ অদ্ভুত যে সমস্ত আভীর-মৃগাক্ষীকেও বিস্মাপিত করিয়াছে, গুণরাশি ঈদৃশ অত্যাশ্চর্য্য যে, লোকত্রয়ে তত্তুল্য আর কাহারও সেরূপ নাই, অধিক কি পুরুষোত্তম স্বাধীন হইলেও, তিনি শ্রীরাধায় আসক্তচিত্ত হইয়া অন্যকান্তা স্পৃহা একেবারেই পরিত্যাগ করিয়াছেন, অতএব শ্রীরাধা আর কি কামনা করিবেন। ৭৬।

অথ হর্ষঃ ॥ ৭৭ ॥

সোঽভীষ্টেক্ষণেন যথা—শ্রীদশমে ॥

তং বিলোক্যাগতং প্রেষ্ঠং প্রীত্যুৎফুল্লদৃশোঽবলাঃ।
উত্তস্থুর্যুগপৎ সর্ব্বাস্তন্বঃ প্রাণমিবাগতং। ৭৮।

যথাবা ললিতমাধবে।

স এষ কিমু গোপিকাকুমুদিনীসুধাদীধিতিঃ
স এষ কিমু গোকুলস্ফুরিতযৌবরাজ্যোৎসবঃ।

লোচনরোচনী টীকা।

হর্ষশ্চেতঃ প্রসন্নতা ৭৭

তন্বস্তদবয়বাঃ আগতমিত্যনেন পূর্ব্বং গতমিত্যুহ্যতে ৭৮

স এষ কিমুগোকুলস্ফুরিতেতি চরণস্য প্রথমতঃ পাঠস্তু বৈশিষ্ট্যক্রমগমকঃ। ৭৯।

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীশুকদেবো বর্ণয়তি তং বিলোক্য ইতি তন্বস্তদবয়বাঃ। ৭৮।

অভীষ্টস্য সামান্যাকারেক্ষণেন হর্ষমুক্ত্বা বিশেষাকারেণাপ্যুদাহর্ত্তুমাহ যথাবেতি। শ্রীরাধিকা বর্ণয়তি স এষ ইতি। সুধাদীধিতিশ্চন্দ্র ইতি গোপিকাভ্যো মদ্বিধাভ্যঃ সর্ব্বাভ্য এবোল্লাসদায়িত্বং যূনাং রাজা যুবরাজস্তস্য ভাবঃ কর্ম্ম বা যৌবরাজ্যং তদ্রূপ উৎসব ইতি

অথ হর্ষ। ৭৭।

অভীষ্টদর্শননিমিত্ত হর্ষ যথা—
দশমে ৩২ অধ্যায়ে ৩ শ্লোকে ॥

শুকদেব কহিলেন, রাজন্! সেই প্রিয়তম শ্রীকৃষ্ণকে আগত দেখিয়া অবলা সকলের লোচন প্রীতিহেতু উৎফুল্ল হইল এবং প্রাণকে আগত দেখিয়া হস্ত পদাদি অবয়ব সকল যদ্রূপ হর্ষে উত্থিত হয় তাহার ন্যায় ব্যস্ত সমস্ত হইয়া সকলে একেবারে উত্থান করিলেন। ৭৮॥

অভীষ্টের সামান্যাকার দর্শন উদাহরণ করিয়া বিশেষরূপে উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন ॥

যথাবা ললিতমাধবে।

শ্রীরাধা ললিতাকে সম্বোধন পূর্ব্বক কহিলেন, সখি! ইনি কি সেই গোপিকা-কুমুদিনী-বিকাশক-সুধাংশু, না ইনি গোকুলযৌবত-

স এষ কিমু মন্মনঃপিকবিনোদপুষ্পাকরঃ
কৃশোদরি দৃশোর্দ্বয়ীমমৃতবীচিভিঃ সিঞ্চতি ৭৯ ।

অভীষ্টলাভেন যথা —তত্রৈব

আলোকে কমলেক্ষণস্য সজলাসারে দৃশৌ ন ক্ষমে
নাশ্লেষে কিল শক্তিভাগতিপৃথুস্তব্ধা ভুজাবল্লরী।
বাণী গদ্গদকুণ্ঠিতোত্তরবিধৌ নেশা চিরোপস্থিতে
বৃত্তিঃ কাপি বভূব সঙ্গমনয়ে বিঘ্নঃ কুরঙ্গীদৃশঃ ৮০ ।

লোচনরোচনী টীকা

গদ্গদকুণ্ঠিতা সতী উত্তরবিধৌ নালং ন সমর্থাসীৎ তদেবং কাপি বৃত্তিশ্চিরোপস্থিতে সঙ্গমনয়ে বিঘ্নো বভূব ৮০

আনন্দচন্দ্রিকা টীকা।

কামবিলাসসুখদাতৃত্বং চোক্তাঽপি মন্মন এব পিকস্তস্য বিনোদে ক্রীডালাম্পট্যে পুষ্পাকরো বসন্ত ইতি স্বস্য বিশেষত আসক্ত্যাধিক্যাদাতিত্বং শ্রীকৃষ্ণস্য ব্যঞ্জিতং। উৎসবপক্ষে পুষ্পাকরপক্ষে চামৃতবীচিভিরানন্দতরঙ্গৈঃ ৭৯

সমৃদ্ধিমতি সম্ভোগারম্ভে শ্রীরাধায় আনন্দবৈবশ্যং নববৃন্দা বর্ণয়তি আলোকে বিষয়ে দৃশৌ ন সমর্থে যতঃ সজলাসারে অশ্রুধারাসম্পাতবত্যৌ। তথা গদ্গদকণ্ঠিতা চ বাণী উত্তরবিধৌ নালং ন সমর্থা তদেবং চিরাদুপস্থিতে সঙ্গমস্য নয়ে প্রাপ্তৌ কাপি প্রেম এব বৃত্তির্বিঘ্নো বভূব ৮০

রাজ্যের উৎসব, অথবা ইনি কি সেই আমার মানসকোকিলের বিনোদকারী বসন্ত, যে হেতু হে কৃশোদরি! ইনি আমার নেত্র-দ্বন্দ্বকে অমৃততরঙ্গ দ্বারা সেচন করিতেছেন। ৭৯

অভীষ্টলাভহেতু হর্ষ যথা—ললিতমাধবে।

সমৃদ্ধিমান্ সম্ভোগের আরম্ভে শ্রীরাধার আনন্দবৈবশ্য নববৃন্দা বর্ণন করিয়া কহিলেন, সখি! কমললোচন কংসদমনকে অবলোকন করিয়া শ্রীরাধার নেত্রযুগল অশ্রুজলে পরিপূর্ণ হইয়া উঠিল, সুতরাং আর দেখিতে সমর্থা হইলেন না, বিশাল-বাহুবল্লী এমত স্তম্ভিতা হইল যে, তদ্দ্বারা আর আলিঙ্গন করিতে পারিলেন না, বাণী গদ্গদ হইয়া কুণ্ঠিতা হওয়ায়, উত্তর দানেও সমর্থা হইলেন না। অতএব হে

অথৌৎসুক্যং ॥

ভদিষ্টেক্ষাস্পৃহয়া যথা—হংসদূতে ॥

অসব্যং বিভ্রাণা পদমধৃতলাক্ষারসমসৌ
প্রযাতাহং মুগ্ধে বিরম মম বেশৈঃ কিমধুনা।
অমন্দাদাশঙ্কে সখি পুরপুরন্ধ্রী কলকলা
অলিন্দাগ্রে বৃন্দাবনকুসুমধন্বা বিজয়তে

লোচনরোচনী টীকা

ঔৎসুক্যং স্পৃহয় কালযাপনাক্ষমত্বং ৮১

আনন্দচন্দ্রিকা টীকা

ঔৎসুক্যং স্পৃহয়া কালযাপনাসক্ষমত্বং মথুরাং প্রবিষ্টে শ্রীকৃষ্ণে কাচিৎ পুরস্ত্রী-প্রসাধয়িত্রীং স্বসখীং প্রত্যাহ অসব্যং দক্ষিণং মুগ্ধে ইত্যলঙ্কারণাবধানং যে নিত্যং বর্ত্তত এব শ্রীকৃষ্ণদর্শনস্ত পরমদুর্লভমিতি ত্বং ন জানাসীতি ভাবঃ। নযধুনাপি কৃষ্ণো দূরে আয়াতি কিং তবরা ভবসীতি অত আহ অমন্দাদীতি অলিন্দাগ্র ইতি ক্ষণমাত্র বিলম্বে সতি অয়ং ইতো যাস্যতি দ্রষ্টুমহং ন প্রাপ্স্যামীতি ভাবঃ বৃন্দাবনস্থ কুসুমধন্বেতি মূর্ত্তিধারী কন্দর্পো মাং শরৈস্তত্যা গোপীবিদ মাং শরৈর্বিধ্যতু গাঢ়মিতি মে মহানেবাভিলাষো বর্ত্ততে পংক্তিমত্যায় মংসদাজলাঞ্জলির্দাতব্য ইতি ধ্বনিঃ অত্রেষ্টেক্ষাস্পৃহয়ৈব প্রথমমৌৎসুক্যং স্পষ্টমিতি তদেবোদাহৃতং কুসুমধন্বেতি পদব্যঞ্জিতয়া ইষ্টাপ্তিস্পৃহয়া দ্বিতীয়মৌৎসুক্যং তু নাস্যাঃ প্রায়ঃ সফলমিতি ন তদুদাহৃতং।

সুন্দরি! ঐ কুরঙ্গাক্ষীর চিরকালের পর সঙ্গম উপস্থিত হইলে কোন এক প্রেমের বৃত্তিই বিঘ্ন স্বরূপ হইয়াছিল ॥ ৮০।

অথ ঔৎসুক্য।

ইষ্টদর্শনের স্পৃহাহেতু ঔৎসুক্য যথা—হংসদূতে।

শ্রীকৃষ্ণ মথুরা প্রবেশ করিতেছেন, এমন সময়ে কোন পুরস্ত্রী আপনার বেশরচনাকারিণী সখীর প্রতি কহিলেন, মুগ্ধে! আর কেন আমার বেশ রচনা করিতেছ, ক্ষান্তা হও, দক্ষিণপদে অলক্তক না দেওয়া হইলেও আমি যাইতেছি, হে সখি! ঐ শ্রবণ কর পুরপুরন্ধ্রী সকলের কল,কল রব উদগত হইতেছে, বোধ হয় অলিন্দের (ছাইচের) অগ্রে বৃন্দাবনীয় কন্দর্প বিরাজ করিতেছেন, আর বিলম্ব করিতে পারি না ॥

ইষ্টাপ্তিস্পৃহয়া যথ —শ্রীগীতগোবিন্দে

অঙ্গেষ্বাভরণং করোতি বহুশঃ পত্রেঽপি সঞ্চারিণি-
প্রাপ্তং ত্বাং পরিশঙ্কতে বিতনুতে শয্যাং চিরং ধ্যায়তি।
ইত্যাকল্পবিকল্পতল্পরচনাসংকল্পলীলাশত-
ব্যাসক্তাপি বিনা ত্বয়া বরতনুর্নৈষ নিশাং নেষ্যতি ৮১ ॥

অথৌগ্র্যং।

আনন্দচন্দ্রিকা টীকা

বাসকসজ্জায়াঃ শ্রীরাধায়াঃ সখী শ্রীকৃষ্ণমাহ অঙ্গ ইতি ইতি অনেন প্রকারেণ
াকল্পো বেষঃ বিকল্পো বিতর্কঃ তল্পরচনা শয্যানির্ম্মাণকৌশলং সঙ্কল্পেন লীলাশতমিতি চিরং
ায়তীত্যস্য বিবরণং সঙ্কল্পশ্চায়ং স আগত্য যদা মে কঞ্চুকীং ধাস্যতি তদা তৎকরং
করেণ রুদ্ধা অপসার্য্য বিবর্হিষ্যে যদা মে পাদৌ ধৃত্বা কিমপি প্রার্থয়িষ্যতে তদা স্মিতমুখী
হি নহীতি বক্ষ্যামীত্যাদিপ্রকারঃ তত্রাভূতাপি ত্বয়া বিনা ত্বৎক্ষেত্রে ন যাস্যতীত্যর্থঃ এষা
ধা নিশাং ন নেষ্যতি ন যাপয়িষ্যতি যথা যথা বিরহসন্তাপঃ প্রবলো ভবিষ্যতি তথা
থা আশু দুর্ব্বলী ভূয় নশ্যন্তী তাং দশমীদশাং প্রাপয়িষ্যতীতি ভাবঃ ৮১ ॥

ইষ্টপ্রাপ্তির স্পৃহাহেতু ঔৎসুক্য যথা—শ্রীগীতগোবিন্দে।

বাসকসজ্জা শ্রীরাধার সখী আসিয়া শ্রীকৃষ্ণের নিকট কহিল, হে
ুরান্তক। অদ্য শ্রীরাধা তোমার আগমন প্রত্যাশায়, অঙ্গে বহু বহু
প্রকারের আভরণ সকল ধারণ করিতেছেন, বৃক্ষপত্রের সঞ্চারে তোমা-
ই আগমন হইল মনে করিয়া শঙ্কিতা হইতেছেন, ক্ষণকাল বা শয্যা
চন করিতেছেন, ক্ষণকাল বা দীর্ঘ চিন্তায় সময় যাপন করিতেছেন,
হে মুরান্তক। এইরূপে ঐ বরতনু বেশরচনা, বিতর্ক, শয্যানির্ম্মাণ
ও সঙ্কল্প রূপ শত শত লীলায় আসক্তা হইলেও, তোমা ব্যতিরেকে
ান ক্রমে নিশা যাপন করিতে সমর্থ হইবেন না। ৮১

অথ ঔগ্র্য অর্থাৎ উগ্রতা

ঔগ্র্যং ন সাক্ষাদঙ্গং স্যাত্তেন বৃদ্ধাদিষূচ্যতে ॥ ৮২ ॥

যথা—বিদগ্ধমাধবে

নবীনাগ্রে নপ্ত্রী চটুল নহি ধর্ম্মাত্তব ভয়ং
ন মে দৃষ্টির্মধ্যে দিনমপি জরত্যাঃ পটুরিয়ং।

লোচনরোচনী টীকা।

ঔগ্র্যং চণ্ডতা ৮২

নবীনেতি তত্র নপ্ত্রী দৌহিত্রী নপ্ত্রী পৌত্রী সুতাত্মজেত্যত্র ক্বচিত্তথা ব্যাখ্যানাৎ। ততঃ পুত্রৈশ্চ পৌত্রৈশ্চ নপ্তৃভিঃ সহ গোত্রজৈরিতি তৃতীয়স্কন্ধে ভেদেনোপাদানাচ্চ। যদ্যপি যদ্ধামার্থসুহৃৎপ্রিয়াত্মতনয়প্রাণাশয়াস্ত্বৎকৃতে। নাশ্রয়ন্ খলু কৃষ্ণায় ইত্যাদিরীত্যা শ্রীকৃষ্ণং

আনন্দচন্দ্রিকা টীকা।

ঔগ্র্যং অপরাধ দুরুক্ত্যাদিভবং বিষয়ালম্বনসুখপ্রতীপাচরণরূপং চণ্ডত্বং তচ্চ ন সাক্ষাদঙ্গং স্যাদিতি নায়কয়োঃ পরস্পরপ্রেমবত্ত্বাদিত্যর্থঃ বৃদ্ধাদিষু মুখরা জটিলাদিষু যদ্যপি ব্রজবাসিজনমাত্রস্যৈব প্রেমবত্ত্বসিদ্ধান্তান্মুখরা জটিলাদয়োঽপি শ্রীকৃষ্ণসুখপ্রতীপাচরণবত্যো ন সম্ভবন্তি তদপি নপ্তুঃ শ্রীকৃষ্ণস্য নপ্ত্র্যাঃ শ্রীরাধায়াশ্চ ধর্ম্মোল্লঙ্ঘনং সুখমপি দুঃখোদর্কসহিতমমঙ্গলময়ঞ্চ ইতি মনসি বিচার্য্য তত্র মুখরাদ্যাঃ প্রতীপায়ন্তে অতস্তাসাং তদৌগ্র্যং নায়কয়োঃ পরস্পরহৃদ্ভাবোদ্দীপকমিতি স্থায়িভাবপুষ্টিঃ। ৮২।

মানভঙ্গার্থং শ্রীরাধাসন্নিধৌ বর্ত্তমানং শ্রীকৃষ্ণমকস্মাদায়াতা মুখরা বীক্ষ্য হে কৃষ্ণ ইহ স্ত্রীজনানাং মধ্যে তব স্থিতিরনুচিতা অতস্ত্বমিতো যাহীত্যুক্তেঽপি ধৃষ্টতয়া তস্মিন্ যাতে সা সামর্ষমাহ নবীনেতি। নপ্ত্রী মম দৌহিত্রী নপ্ত্রী পৌত্রী সুতাত্মজা ইত্যত্র সুতায়া আত্মজে-

---

উগ্রতা সাক্ষাৎ অঙ্গ বলিয়া গৃহীত হয় না, এ কারণ উহা বৃদ্ধাদিতে প্রদর্শিত হইতেছে ॥ ৮২

বিদগ্ধমাধবে যথা—

এক দিবস শ্রীকৃষ্ণ মানভঙ্গার্থ শ্রীরাধার নিকট যত্ন করিতেছিলেন, দৈবাৎ আগতা মুখরা শ্রীকৃষ্ণকে দেখিয়া কহিল, কৃষ্ণ! ইহারা সকল স্ত্রীজন, ইহাদের মধ্যে তোমার অবস্থান অনুচিত, অতএব তুমি এখান হইতে চলিয়া যাও, জরতীর এই বাক্যে ধৃষ্টতা প্রযুক্ত শ্রীকৃষ্ণ কোন ক্রমেই যাইতেছিলেন না, তাহাতে ঐ মুখরা ক্রোধ প্রকাশ পূর্ব্বক কহিল, অরে চঞ্চল! অগ্রে নপ্ত্রী অতিনবীনা, তোর ধর্ম্মভয় নাই

অনিন্দ্যাত্বং নন্দ ত্যজ ন যদি রে যাসি তরসা
ততোঽহং নির্দ্দোষা পথি কিয়তি হংহো মধুপুরী ৮৩

অথামর্ষঃ ৮৪

সোঽধিক্ষেপাদ্যথা—শ্রীদশমে।

তস্যাঃ স্যুরচ্যুত নৃপা ভবতোপদিষ্টাঃ
স্ত্রীণাং গৃহেষু খরগো শ্ব-বিড়ালভৃত্যাঃ।

লোচনরোচনী টীকা

প্রতি ব্রজমাত্রস্য বাহ্যাদিকং ন সম্ভবত্যেব তথাপি স্বনপ্ত্রীপক্ষপাতেন নবীন এ ইত্যাদিনা তস্মিন্নাক্ষেপঃ পরদারসন্নিকর্ষময়মঙ্গলং স্য মাভূদিত্যন্তর্নিচিন্ত্য তত্র তত্রৌগ্র্যাভাসো দর্শিতঃ ৮৩।

অথামর্ষ ইতি অধিক্ষেপাপমানাদে স্যাদমর্ষোঽসহিষ্ণুতা ৮৪

কর্কশপরিহাসং বিধায় শ্রীকৃষ্ণেনোদ্বেজিতায়াঃ রুক্মিণ্যা বচনং তস্যাঃ স্যুর-চ্যুতেতি ৮৫

আনন্দচন্দ্রিকা টীকা

ত্যপি ব্যাখ্যানাৎ ততঃ পুত্রৈশ্চ পৌত্রৈশ্চ নপ্তৃভিঃ সহ গোত্রজৈরিতি তৃতীয়স্কন্ধে ভেদে-নোক্তত্বাচ্চ নবএ প্রাঙ্গণাঙ্গবাগ্রে তিষ্ঠতো মম কো দোষস্তত্রাহ ন মে দৃষ্টিরিতি দিনস্য মধ্যে মধ্যে দিনং তদপি হনন্তমেব তং পুনর্ভীষমাণাহ ততোঽহমিতি কিয়তি পথি অদূরে ইত্যর্থঃ তুভ্যমেতৎ ফলং দাতুং কংসাদশ্ববারানানেষ্য ইতি ভাবঃ।৮৩

অমর্ষোঽধিক্ষেপাপমানাদেরসহিষ্ণুতা ৮৪

শ্রীকৃষ্ণপরিহাসেনাধিক্ষিপ্তা শ্রীরুক্মিণী সাক্ষেপমাহ। নৃপাশ্চৈদ্যশাল্বাদয়ঃ নৃপা অপি অন্যত্র শূরা অপি স্ত্রীণাং গৃহেষু অন্তঃপুরেষু খরাদ্যা ইব তত্তদ্ধর্ম্মিণো বীভৎসা ইত্যর্থঃ।

এবং আমিও জরতী, দ্বিতীয় প্রহর বেলাতেও আমার দৃষ্টি হয় না, তুই যদি আমার প্রাঙ্গন হইতে না যাইতেছিস্, তবে আমার কোন দোষ নাই, মধুপুরী অতি অদূরে, মহারাজ কংসের নিকট হইতে অশ্ববার (অশ্বারোহী) আনয়ন করিয়া, তোর সমুচিত শাস্তি প্রদান করিব ॥ ৮৩

অমর্ষ অর্থাৎ অধিক্ষেপ ও অপমানহেতু অসহিষ্ণুতা ॥ ৮৪ ॥

অধিক্ষেপহেতু অহিষ্ণুতা যথা—শ্রীদশমে ৬০ অধ্যায়ে ৪২ শ্লোকে।

শ্রীকৃষ্ণের পরিহাস বাক্যে অধিক্ষিপ্ত রুক্মিণী আক্ষেপের সহিত কহিলেন, হে অচ্যুত! হে শত্রুদমন! হর বিরিঞ্চি-সভায় গীয়মান,

যৎ কর্ণমূলমরিকর্ষণনোপযায়া-
দ্যুক্তৎকথা মৃড়বিরিঞ্চিসভাস্বু গীতা ॥ ৮৫

অপমানজন্যঃ—বিদগ্ধমাধবে

বালে বল্লবযৌবতস্তনতটীদত্তার্দ্ধনেত্রাদিতঃ
কামং শ্যামশিলাবিলাসিহৃদয়াচ্চেতঃ পরাবর্ত্তয়।
বিদ্মঃ কিন্নহি যদ্বিকৃষ্য কুলজাঃ কেলীভিরেষ স্ত্রিয়ো
ধূর্ত্তঃ সঙ্কুলয়ন্ কলঙ্কততিভির্নিঃশঙ্কমুন্মু... ৬।

লোচনরোচনী টীকা।

যদ্যপি বালে ইতি সখ্যা এবামর্ষো নতু নায়িকায়াস্তথাপি ... ভাবঃ তস্যা রতিঃ পুষ্যত ইতি যুক্তমেবোদাহরণং। এবং পূর্ব্বত্র পরত্র চ জ্ঞেয়ং ... ততিভিঃ সঙ্কুলয়ন্নিত্যন্বয়ঃ মিলিতাঃ কুর্ব্বন্নিত্যর্থঃ ॥ ৮৬।

আনন্দচন্দ্রিকা টীকা।

যস্যাঃ কর্ণয়োর্মূলমপি ঈষদপি হে অরিকর্ষ ॥ ৮৫

মানং প্রবর্ত্তয়ন্তী ললিতা শ্রীরাধামাহ বল্লবযৌবতেতি বহুবল্লভত্বেন কামমাত্র তাৎপর্য্যকত্বেন প্রেমশূন্যাদিতি ভাবঃ তত্রাপি শ্যামশিলেব বিলাসিবর্ণতো প্রতিমা চ শোভমানং হৃদয়ং যস্য তস্মাদিতি প্রণয়িজনকষ্টদর্শনেঽপ্যক্রতহৃদয়াদিতি ভাবঃ পরাবর্ত্তয়েত্যপবামর্শেন পূর্ব্বং প্রবেশিতমপি চিত্তং সংপ্রত্যপি পরিণামদর্শিনী ভূত্বা নিবর্ত্তয়েতি ভাবঃ। কিঞ্চাত্র অধাচি সন্দেহো নৈব কর্ত্তব্য ইত্যাহ বিদ্ম ইত্যাদি। সঙ্কুলয়ন্ ব্যাপ্তাঃ কুর্ব্বন্ নিঃশঙ্কমিতি হন্ত হন্ত আসাং লোকধর্ম্মাবুভাবপি ময়া বিধ্বস্তৌ তথাপি পুনঃ স্ববিরহসন্তাপেন জ্বালেন পরলোকে কা গতির্মে ভবিষ্যতীতি ভয়মপ্যস্য নাস্তীতি ভাবঃ। ৮৬

তোমার কথা যে কামিনীর কর্ণমূলে আগমন করে নাই, তোমা কর্ত্তৃক উপদিষ্ট এবং স্ত্রীদিগের গৃহে গর্দ্দভ গো, কুক্কুর, বিড়াল ও ভৃত্য তুল্য, সেই রাজারা ঐ অভাগিনীর পতি হইবার যোগ্য। ৮৫।

অপমানহেতু অমর্ষ যথা—বিদগ্ধমাধবে

মান প্রবর্ত্তনকারিণী ললিতা শ্রীরাধাকে কহিলেন, রাধে! শ্রীকৃষ্ণের ...প হইতে আপনার চিত্তকে পরাবৃত্ত কর, উনি বল্লবযুবতিবৃন্দের স্তনতটে নিরন্তর অর্দ্ধদৃষ্টি নিক্ষেপ করিয়া থাকেন, হে বালে! তুমি কি জান না, ঐ ধূর্ত্ত কুলকামিনীগণকে বলপূর্ব্বক কেলি দ্বারা আকর্ষণ

অথাসূয়া।

সা সৌভাগ্যেন যথা—শ্রীদশমে ॥

ইমান্যধিকমগ্নানি পদানি বহতো বধূং।
গোপ্যঃ পশ্যত কৃষ্ণস্য ভারাক্রান্তস্য কামিনঃ ৮৭ ॥

যথাবা তত্রৈব।

গোপ্যঃ কিমাচরদয়ং কুশলং স্ম বেণু-
র্দামোদরাধরসুধামপি গোপিকানাং।

লোচনরোচনী টীকা

সমাপ্তশ্চ।
অসূয়া স্বপঃ দ্বেষঃ ৮৭।
হে গোপ্যঃ! অয়ং কিং কুশলং পুণ্যমাচরৎ যদস্মাদ্গোপিকানাং স্বমপি ধনম্।

আনন্দচন্দ্রিকা টীকা

অসূয়া পরোদয়ে দ্বেষঃ। রাসান্তর্দ্ধানে শ্রীকৃষ্ণমন্বিষ্যন্তীনাং গোপীনাং মধ্যে পদ্মাদ্যা আহুঃ। বধূং শ্রীরাধাং হে গোপ্য ইতি মাদৃশ্যঃ প্রেমবতীরপি ত্যক্ত্বা বধূং বহতঃ। কামিন ইতি সংপ্রয়োগমাত্র তাৎপর্য্যস্যেত্যর্থঃ ৮৭

অসূয়ায়াঃ স্বস্বামি-জনবিষয়ত্বেনৈব প্রতিপত্তিস্তু কামিন ইতি পদেন তস্যাঃ

করিয়া কলঙ্করাশিতে পরিব্যাপ্ত করত নিঃশঙ্কে পরিত্যাগ করিয়া থাকেন। ৮৬।

অথ অসূয়া অর্থাৎ পরসৌভাগ্যে বিদ্বেষ।

সৌভাগ্যহেতু অসূয়া যথা—

শ্রীদশমে ৩০ অধ্যায়ে ২৮ শ্লোকে।

রাসান্তর্দ্ধানে শ্রীরাধাকে দেখিতে না পাইয়া গোপীগণমধ্যে চন্দ্রাবলীর সখী পদ্মা প্রভৃতি কহিলেন, অহে গোপী সকল! দেখ দেখ বধূ বহন করিতে করিতে কামী কৃষ্ণ ভারাক্রান্ত হইয়াছিলেন, তজ্জন্য এ স্থানে তাঁহার এই সকল পদচিহ্ন অধিক মগ্ন হইয়াছে ॥ ৮৭।

উক্ত উদাহরণে স্বীয় স্বামিজনবিষয়ত্ব প্রযুক্ত অসূয়া স্পষ্ট না হওয়াতে অপরিতোষচিত্তে পুনর্ব্বার কহিলেন।

যথাবা শ্রীদশমে ২১ অধ্যায়ে ৯ শ্লোকে ॥

পূর্ব্বাহ্নে গোচারণ রত শ্রীকৃষ্ণের বেণুনাদ শ্রবণ করিয়া ব্রজাঙ্গনা-

ভুঙ্‌ক্তে স্বয়ং যদবশিষ্টরসং হ্রদিন্যো
হৃষ্যত্ত্বচোঽশ্রুমুমুচুস্তরবো যথার্য্যাঃ। ৮৮।

লোচনরোচনী টীকা

যদি দামোদরাধরসুধাং ভুঙ্‌ক্তে স্ত্রীজাতিশ্চেদত্যনুরাগেণ পরাসাং গোপীনামধরসুধাং ভুঙ্‌ক্তাং নাম সোঽয়ং বেণুঃ পুরুষজাতীয়ঃ তথাপি কথং তাং ভুঙ্‌ক্তে ইতি তু বেণুপক্ষাতিপ্রায়েণ তত্রোপহাসঃ তত্র চ স্বয়মাত্মনৈব ভুঙ্‌ক্তে কস্যাশ্চিদপি গোপিকায়াস্তল্লেশং প্রাপ্ত্যভাবা-ত্তথাপি আশ্চর্য্যমিতি ভাবঃ অহো আস্তাং তদপি যস্যাবশিষ্টো ভুক্তত্যক্তো যো রসঃ তং পরমপবিত্রা হ্রদিন্যোঽপি ভুক্ত্বা সমাস্বাদ্য স্ফুরন্ ভবন্তি অহো তদপি আস্তাং তস্য বেণোস্তাদৃশমহিমদর্শনাত্তদ্বংশাদপাষাণ্ডতরবোঽপ্যঙ্কুরাদিমিষেণ হৃষ্যত্ত্বচো রোমহর্ষযুক্তা মধু-নিষেণাশ্রু মুমুচুর্মুঞ্চন্তীত্যর্থঃ তদেতৎ তস্যাস্মাকমপি ন সংমন্তীতি ভাবঃ তত্র চ যথা আর্য্যাঃ কেচিদাত্মগোত্রজমহিমদর্শনেন তত্তদ্ভাবান্ দধতি তথেতি তেষামনার্য্যত্বং ব্যঞ্জিতং ৮৮

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণবিষয়ত্বেনৈব স্পষ্টত্বাৎ বিতর্ক্যমাহ যথাবেতি। পূর্ব্বোক্তে পাশ্চাবয়তঃ শ্রীকৃষ্ণস্য বেণু-মাকর্ণ্য গোপ্যঃ পরস্পরমাহুঃ হে গোপ্যঃ বেণুঃ কিং স্বিৎ কুশলং পুণ্যমাচরৎ স্ম। কিং সম্পমাচরৎ অপি তু ন কিমপি স্থাবরজাতিত্বেনৈব শক্যত ইতি ভাবঃ তদপি দামো-দরস্যাধরসুধাং ভুঙ্‌ক্তে ইতি কথমিদং বয়ং সোঢুং প্রভবাম ইতি ভাবঃ তত্র হেতুর্গোপিকা-নামিতি অধরসুধানাং গোপিকানামস্য কমেব সন্তঃ শ্রীকৃষ্ণস্য গোপত্বাৎ পুরুষত্বাচ্চ অস্মাকং গোপীত্বং স্ত্রীত্বাচ্চ ইতি ন্যায়প্রাপ্তঃ নিত্যং বাস্মাভিঃ সংভুজ্যমানত্বাচ্চ বেণুস্তু বিজা-তীয়স্তত্রাপি পুরুষজাতিস্তত্রাপি শ্রীকৃষ্ণবশিত্বমনাত্মনো নস্ত শ্রীকৃষ্ণস্য পরকীয়াভিমানং ধত্তে তত্রাপি ধার্ষ্ট্যেন পুনঃ স্বৈকবশ্যাবিষ্টত্যা সংভুঙ্‌ক্তে তত্রাপি পরকীয়ং ধনং তত্রাপি ন চৌর্য্যেণ কিন্তু ধনস্বামিনীরস্মান্ স্ফুটমাবেদ্য জ্ঞাপয়িত্বৈব কিঞ্চ নায়ং ফুৎকারঃ কিন্তু স্বমস্তো-পোথঃ যদি তমেব তচ্ছায়ান্ শ্রাবয়িত্বৈব তথাপি ন বশিষ্টঃ নাবশিষ্টো রসঃ কিঞ্চিন্মাত্রোঽপি যত্র তত্রাপি ভাক্তং ভুঙ্‌ক্তে বষ্ট ভাগুরিবষ্ট্যোপমিত্যাদিনা অকারলোপঃ ধনস্বামিনী-নামস্মাকং কৃতে স্বভুক্তাবশিষ্টমপি ন কিঞ্চিদস্তীত্যহো ধার্ষ্ট্যমিতি ভাবঃ কিঞ্চ। তদ্দেশবর্ত্তিনঃ সর্ব্ব এব জনাস্তাদৃশা এবেত্যাহুঃ যদ্যতোঽধরসুধাভোগাৎ তং বীক্ষ্য ইত্যর্থঃ হ্রদিন্যো নদ্যো হৃষ্যন্ত্যঃ উৎফুল্লকমলাদিমিষেণ পুলকবত্যো বভূবুঃ তরবো মকরন্দমিষেণাশ্রু মুমুচুঃ যথা আর্য্যাঃ সাধবোঽপ্যপুত্রকাদিমন্তো ভগবদ্গুণানুবাদাস্তবন্তি তথৈব তে বেণো-র্মণিতাদিভিঃ। হ্রদিন্যোঽস্য সখ্যস্তরবোঽস্য সখায়ঃ দুত এবেতি কেবু হ্রদিনী তরবঃ সর্ব্ব এবাস্মাকং বৈরিণঃ এবেতি ভাবঃ ৮৮

অনু. পরস্পর কহিলেন, হে গোপী সকল ! এই বেণু কি অনির্ব্বচনীয় .

যথা বা।

কৃষ্ণাধরমধুমুগ্ধে পিবসি সদেতি স্বমুন্মদ মাস্তুঃ।
মুরলীভুক্তবিমুক্তে রজ্যতি ভবতীব ক তত্রে

লোচনরোচনী টীকা।

কৃষ্ণাধরেতি বচনমপ্যসূয়াগর্ভবৈচিত্র্যেণ পূর্ব্ববদ্ব্যাস্তদবরণানং নিশ্চিত্য ৮৯।

আনন্দচন্দ্রিকা টীকা।

অচেতনে বেণাবসূয়া হি ন ফলবতী ভবতীতি পুনরপ্যপরিতুষ্ট্যাহ যথ বেতি কাচিৎ মধুপানোন্মত্তা গোপী পথি স্ববিপক্ষাং ব্রজদেবীং কাঞ্চিদ্বীক্ষ্য উন্মাদেনৈব তস্যাঃ শ্রীকৃষ্ণসম্ভোগমসূয়য়া সাসূয়মাহ হে মুগ্ধে ত্বং শ্রীকৃষ্ণাধরমধু সদা পিবসি ইত্যুন্মদা উৎকৃষ্টগর্ব্বা মাভূঃ অস্মাভিস্তু তদপবিত্রং জ্ঞাত্বা পবিত্যক্তমেবেত্যাহ মুরল্যা আদৌ ভুক্তং পশ্চাদ্বিমুক্তং ত্যক্তং যত্তস্মিন্ অধরমধুনি হে মুগ্ধে ইত্যুচ্ছিষ্টপানাত্তাহপি গর্ব্বোদ্রেকাদিতি ভাবঃ।

পুণ্য করিয়াছিল বলিতে পারি না, যেহেতু শ্রীকৃষ্ণের যে অধর সুধা কেবল গোপীদিগের ভোগ্যা, এই বেণু তাহা স্বাতন্ত্র্যরূপে যথেষ্ট পান করিতেছে, তাহাতে কেবল রসমাত্র অবশিষ্ট আছে এই বংশীর আরও সৌভাগ্য দেখ, যাহাদের জলে উহা পরিপুষ্ট হইয়াছিল, সেই সকল হ্রদিনীরাও বিকশিত কমলচ্ছলে সেই প্রকারে রোমাঞ্চিত লক্ষিত হইতেছে, আর যাহাদের বংশে উহা উৎপন্ন হইয়াছিল, সেই সকল তরুও মধুধারাচ্ছলে সেই প্রকারে আনন্দাশ্রু মোচন করিতেছে, যেমন কুলবৃদ্ধ পুরুষেরা আপনাদের বংশে ভগবৎসেবক দেখিতে পাইলে রোমাঞ্চিত হয়েন এবং আনন্দাশ্রু মোচন করেন। ৮৮॥

অচেতন বেণুতে অসূয়া ফলবতী হইতে পারে না, একারণ অপরিতোষ চিত্তে পুনর্ব্বার কহিলেন। যথা বা

কাচিৎ মধুপানোন্মত্ত গোপী পথি মধ্যে আপনার কোন বিপক্ষা ব্রজদেবীকে দেখিয়া উন্মাদহেতু তাহার শ্রীকৃষ্ণসম্ভোগ অনুমান করত অসূয়া পূর্ব্বক কহিলেন, হে কৃষ্ণাধরমধুমুগ্ধে! তুমি নিরন্তর পান করিতেছ বলিয়া উন্মাদা হইও না, উহা মুরলীর ভুক্তাবশিষ্ট, তোমার তুল্য কে আছে যে, উহাতে অনুরক্তা হইবে।

গুণেন যথা—

স্বতোঽপি মুগ্ধে মধুরং সখী মে
বন্যস্রজঃ স্রষ্টুমসৌ প্রবীণা।
ন স্তঃ করৌ সিঞ্চতি চেদুদীর্ণা
নিরুধ্য দৃষ্টিং প্রণয়াশ্রুধারা। ৮৯।

অথ চাপলং ৯০।

তদ্রাগেণ যথা—

ফুল্লাসু গোকুলতড়াগভবাসু কেলিং
নিঃশঙ্কমাচর চিরং বরপদ্মিনীষু।

লোচনরোচনী টীকা।

চাপলং চিত্তলাঘবং ৯০

ফুল্লাস্বিত্যত্র অনন্তকুসুমাসিত্যেতৎপদং শ্লিষ্টং ন চাপলায় কল্পতে স্ম তত্র চৈত্যাৎ

আনন্দচন্দ্রিকা টীকা

স্বনির্ম্মিত বনমালা শ্লাঘনপরাং পদ্মাং বিশাখায়াঃ সখী কাচিদাহ বন্যস্রজঃ কর্ম্মভূতাঃ। প্রণয়াশ্রুধারেতি বনমালা নামমাত্রেণৈব কৃষ্ণাঙ্গিনঃ স্মৃত্বা সখ্যাঃ প্রেমোদয়াৎ তেন ত্বং প্রেমশূন্যেতি ধ্বনিতং ৮৯॥

চাপলং চিত্তলাঘবমগাম্ভীর্য্যমিতি যাবৎ ৯০

মহারাসাঙ্গভূতায়াং বনবিহারলীলায়াং কন্দর্পবিলাসোৎসুকং শ্রীকৃষ্ণং বারয়ন্তী ললিতা প্রাহ ফুল্লাস্বিতি নলিনীপক্ষে অনন্তকুসুমাসিতি, কুসুমং বিনা কেবল পত্রময়্যা নলিন্যা তস্য

গুণহেতু অসূয়া যথা—

স্বনির্ম্মিত বনমালায় প্রশংসা-কাঙ্ক্ষিণী পদ্মাকে বিশাখার কোন সখী কহিলেন, মুগ্ধে! তোমা অপেক্ষা আমার প্রিয়সখী উৎকৃষ্ট বনমালা নির্ম্মাণ করিতে প্রবীণা বটেন কিন্তু যদ্যপি দৃষ্টিনিরোধ করিয়া প্রণয়াশ্রুধারা তাঁহার হস্তদ্বয় সিক্ত না করিত, তবে কি তাঁহার তুল্য বনমালা গ্রন্থন করিতে কাহারও সাধ্য হইত? ৮৯॥

অথ চাপল অর্থাৎ চিত্তের লঘুতাহেতু অগাম্ভীর্য্য ৯০॥

রাগহেতু যথা—

মহারাসের অঙ্গস্বরূপ বনবিহার লীলায় কন্দর্পবিলাসোৎসুক

মুগ্ধীমগন্ধকুসুমাং নলিনীং স্বমেনাং
মা কৃষ্ণকুঞ্জর করেণ পরিস্পৃশাদ্য ॥ ৯১

যথাবা শ্রীগীতগোবিন্দে

রাসে হাসভরেণ বিভ্রমভৃতামাভীরবামভ্রুব-
মভ্যর্ণে পরিরভ্য নির্ভরমুরঃ প্রেমান্ধয়া রাধয়া।

লোচনরোচনী টীকা।

স্বমেনামিতি যথা নায়কচাপলমেবোদাহৃতং ॥ ৯১

বিশেষে বিভ্রমভৃতাং বিভ্রমং স্মিতগন্ধকুসুমসমর্পণাং তত্তচ্চ বংশীর পরিরম্ভাদিকং নায়কং

আনন্দচন্দ্রিকা টীকা।

কৃতবয়া প্রয়োজনং। শ্রীরাধাংশে কুসুমপদেনাতিশয়োক্ত্যা স্পষ্টযৌবনমেব ব্যঞ্জিতং তেন বিনা মহাতারুণ্যোল্লাসস্য তব বাধয়া কিং প্রয়োজনমিতি ভাবঃ স্পষ্টযৌবনায়া অপি শ্রীরাধায়াস্তথাকরণাভাবঃ স্ত্রীণাং স্বভাব এবায়মহিধানম ইতি জ্ঞাপয়তি কিঞ্চাত্র কুসুমপদেন প্রোষণাত্তো নীতৎপিতোহর্থো ন ব্যঞ্জয়িতব্যঃ সর্ব্বাসামেব ব্রজবামানাং শ্রীকৃষ্ণনিত্যসম্ভার্থং যোগমায়য়ৈব স্ত্রীধর্ম্মকালস্য বর্জনঃ সর্ব্বথৈবাস্ফুটং প্রতিপাদিতত্বাৎ প্রাকৃতেঽর্থে চ রসস্য কিং পুনঃ সাক্ষাদাস্বাদ্য ভবতীতি তদ্বিবেকোঽপি লোপপদান্তে স্ফুটিতি চ বিচার্য্যং ॥ ৯১

নায়িকাবিষয়ং নায়কচাপলমুদাহৃত্য নায়কবিষয়ঞ্চ তদুদাহরতি। যথাবেতি মহানুভাব কবিচূড়ামণিঃ শ্রীজয়দেবো বর্ণয়তি রাসেতি প্রবর্তমানেন মহারাসোল্লাস-ভাতিশয়েন তুমুলনৃত্যগীতবাদ্যানন্দনিমগ্নানামাভীরবামভ্রুবাং বিভ্রমভৃতাং স্বস্ববিলাস-

---

শ্রীকৃষ্ণকে নিবারণ পূর্ব্বক ললিতা কহিলেন, অহে কৃষ্ণকুঞ্জর! গোকুলতড়াগোদ্ভব কুল্লবরাঙ্গিনী সকলে নিঃশঙ্কচিত্তে চিরকাল কেলি আচরণ কর, কিন্তু আজি এই অগন্ধ কুসুম (ঋতুশূন্যা) মুগ্ধী নলিনীকে কর (শুণ্ড) দ্বারা স্পর্শ করিও না। ৯১

নায়িকাবিষয়ে নায়কের চাপল্য উদাহরণ করিয়া নায়কবিষয়ে নায়িকার চাপল্য উদাহরণ করিতেছেন।

যথাবা গীতগোবিন্দে॥

রাসোল্লাসভরে বিভ্রমবতী আভীর সুভ্রূগণের সমীপে শ্রীরাধা প্রেমে অন্ধ হইয়া মুরহরের উরঃস্থলে গাঢ় আলিঙ্গন করত কহিলেন,

সাধু ত্বদ্বদনং সুধাময়মিতি ব্যাহৃত্য গীতস্তুতি-
ব্যাজাদুদ্ভটচুম্বিতঃ স্মিতমনোহারী হরিঃ পাতু বঃ ৯২ ।

দ্বেষেণ যথা —

যাতু বক্ষসি হরেগুর্ণসঙ্গেনোজ্‌ঝিতা লয়মিয়ং বনমালা ।
যা কদাপ্যখিলসৌখ্যপদং নঃ কণ্ঠমস্য কুটিলা জহাতি ৯৩ ॥

লোচনরোচনী টীকা।

চাপলত্ব ব্যক্তমেবেতি ভাবঃ ৯২

লয়ং যাতু ইত্যন্বয়ঃ ৯৩।

আনন্দচন্দ্রিকা টীকা

সৈব গুণচাতুর্য্যাবিষ্কারেণ সখীনাং পশ্যন্তীনাঞ্চ তেন চান্যানুসন্ধানরহিতানাং তাসাং অভ্যর্ণে নিকট এব শ্রীরাধয়া গীতস্তুতি ব্যাজাদহো জগতি ত্বমেবাসি যদপ্রতিমমাধুর্য্য-মেবং গায়সি তত্তুভ্যমহং কিং পারিতোষিকং দাস্যামীতি স্বস্য সম্ভাব্যেন গানাবাদনভঙ্গীময় তৎসন্তোষেণৈব উরো বক্ষঃস্থলং নির্ভরং গাঢ়ং পরিরভ্য উদ্ভটং যথা স্যাত্তথা চুম্বিতঃ নহ্য ভদ্রাপি পরমলজ্জাবত্যাস্তস্যাঃ কথমেবং যুজ্যতেত্যত আহ প্রেমান্ধয়েতি প্রেমোত্থং চাপল্য-মেবাত্র হেতুরিতি ভাবঃ। ৯২

শ্রীকৃষ্ণং দূরাদ্বিলোক্য মাদনাখ্য মহাভাববতী শ্রীরাধা বনমালাং দ্বিষতী ললিতাং প্রত্যাহ যাত্বিতি লয়ং নাশং মোক্ষঞ্চ যাতু প্রাপ্নোতু গুণঃ সূত্রং সদ্বাদিশ্চ অত্র বনমালাং প্রতি দ্বেষেণাভিশাপ এব গাম্ভীর্য্যভাবরূপং চাপল্যং ব্যনক্তি ৯৩

কৃষ্ণ তোমার বদন অত্যুৎকৃষ্ট সুধাময়, এই বলিয়া গীতস্তুতিচ্ছলে তদীয় গণ্ডে দৃঢ়তর চুম্বন করিলেন, শ্রীরাধার এ প্রকার প্রেমশৃঙ্খলায় যাঁহার বদন হাস্যে উদ্গত হইতেছিল, সেই মনোহারী হরি তোমাকে রক্ষা করুন ॥ ৯২ ॥

দ্বেষহেতু চাপল্য যথা—

শ্রীকৃষ্ণকে দূর হইতে অবলোকন করিয়া মাদনাখ্য মহাভাববতী শ্রীরাধা বনমালার প্রতি দ্বেষভাব পুরঃসর ললিতাকে কহিলেন, সখি! এই বনমালা গুণসঙ্গরহিতা হইয়া হরির বক্ষঃস্থলে লয় প্রাপ্ত হউক, কারণ শ্রীকৃষ্ণের কণ্ঠ আমাদিগের নিখিল সৌভাগ্যের আস্পদ, এই

অথ নিদ্রা। সা ক্লমেন যথা—

শ্বাসস্পন্দনবন্ধুরোদরতলং পুষ্পাবলীপ্রস্তর-
ন্যঞ্চন্মৌক্তিকহারযষ্টিকলয়ন্ নীবীং মনাগাকুলাং।
শ্রান্তঃ কেলিভরাদুরোজ-কলসীমাভীরবামভ্রুবঃ
কল্যাণীমুপধায় সান্দ্রপুলকামদ্রৌ নিদদ্রৌ হরিঃ।

লোচনরোচনী টীকা।

বন্ধুরম্ভ নতোন্নতং অস্তরঃ শয্যাচ্ছেদঃ। স্ত্রীকটী বস্ত্রবন্ধেঽপি নীবী পরিপণেঽপিচেতি নানার্থবর্গাদেষাভীরবামভ্রুক এবেতি গম্যতে তাং কলয়ন্ স্পৃশন্নেবেত্যাসক্তিবিশেষো ব্যঞ্জিতঃ। উপধায় উপধানং কৃত্বা ৯৪

আনন্দচন্দ্রিকা টীকা।

নিদ্রা চিত্তনিমীলনং। বৃন্দা নান্দীমুখীং প্রত্যাহ শ্বাসেতি। বন্ধুরন্ত নতোন্নতং। প্রস্তরঃ শয্যা নীবীং শ্রীরাধায় এব স্ত্রীকটীবস্ত্রবন্ধেঽপি নীবী পরিপণেঽপি চেতি নানার্থবর্গাৎ। তাং কলয়ন্ গৃহ্নন্ জঘনদেশান্নিজাঙ্গ স্বহস্তেনৈবেতি জ্ঞেয়ং। উরোজ কলসীমুপধায় উপধানং কৃত্বা সান্দ্রপুলকামিতি শ্রীরাধায়া জাগরো নিদ্রামগ্নানন্দোত্থঃ পুলকো বা জ্ঞেয়ঃ

কুটিল বনমালা ক্ষণকালের নিমিত্ত শ্রীকৃষ্ণের কণ্ঠ পরিত্যাগ করিতেছে না, অতএব উহার নাশ হওয়াই ভাল॥ ৯৩॥

অথ নিদ্রা (চিত্তের নিমীলন)॥

ক্লমহেতু নিদ্রা যথ—

বৃন্দা নান্দীমুখিকে কহিলেন, দেবি। দেখ দেখ শ্রীকৃষ্ণ রতিবিলাসে ক্লান্ত হইয়া পর্ব্বতপ্রস্থে আশ্চর্য্যরূপে নিদ্রা যাইতেছেন, আহা। ঘন নিশ্বাস নির্গত হওয়াতে উদরটী কেমন বন্ধুর (নতোন্নত) দেখাইতেছে, মৌক্তিকমালা পুষ্পশয্যায় পতিত হইয়া রহিয়াছে, নীবী হস্তমধ্যে ঈষৎ ধৃত আছে এবং অতিশয় অলসাঙ্গহেতু আভীর সুভ্রূর নিবিড় পুলকাকুল স্তনকলসকে কল্যাণ স্বরূপ উপধান করিয়া তদুপরি মস্তক বিন্যস্ত করিয়া রাখিয়াছেন॥

যথাবা হংসদূতে ॥

অলিন্দে কালিন্দীকমলসুরভৌ কুঞ্জবসতে-
র্বসন্তীং বাসন্তী নবপরিমলোদ্গারিচিকুরাং ।
ত্বদুৎসঙ্গে নিদ্রাসুখমুকুলিতাক্ষীং পুনরিমাং
কদাহং সেবিষ্যে কিসলয়কলাপব্যজনিনী ॥ ৯৪ ।

অথ সুপ্তিঃ ।

যথা—

পুরঃ পন্থানং মে ত্যজ যদমুনা যাসি যমুনা-
মিতি ব্যাচক্ষাণা চুচুকবিচরৎকৌস্তভরুচিঃ ।

লোচনরোচনী টীকা ।

সুপ্তিঃ স্বপ্নঃ ৯৫

আনন্দচন্দ্রিকা টীকা

নায়িকায়াং নিদ্রামুদাহর্তুমাহ যথাবেতি শীঘ্রমেব শ্রীবৃন্দাবনমাগত্যাস্মান্ জীবয়েতি প্রথমমুক্তবতী ললিতাদেবী মথুরাস্থং শ্রীকৃষ্ণং প্রতি স্বাভিলাষমাবিষ্কুর্ব্বতী প্রাহ কুঞ্জবসতেরলিন্দে বসন্তী অহং কিশলয়ানাং কলাপঃ সমূহ এব ব্যজনং তদ্বতী সতী ইমাং শ্রীরাধাং কদা সেবিষ্যে কীদৃশীং ত্বদুৎসঙ্গ ইত্যাদি ব সন্তী মাধবীলতা ৯৪

সুপ্তিঃ স্বপ্নঃ রূপমঞ্জরী পুষ্পাবচিত্যায়াতাং রতিমঞ্জরীং প্রত্যাহ পুর ইতি শ্রীরাধায়াঃ

নায়িকার নিদ্রা উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন ।

যথাবা হংসদূতে ।

বৃন্দাবনে আগমন করিয়া আমাকে জীবিত কর, ইত্যাদি অভিলাষ প্রকাশ পূর্ব্বক ললিতাদেবী মথুরাস্থ শ্রীকৃষ্ণের প্রতি স্বাভিলাষ প্রকাশ পূর্ব্বক কহিলেন, কৃষ্ণ । কালিন্দীকুসুমের সুরভিশালি কুঞ্জগৃহে শ্রীরাধা নবসৌরভোদ্গারি মাধবীপুষ্প দ্বারা চিকুরে সজ্জা করিয়া তোমার ক্রোড়ে মুদ্রিতনেত্রে নিদ্রা যাইবেন কবে, আমি নবকিসলয় দ্বারা ব্যজন নির্ম্মাণ করিয়া ঐ শ্রীরাধার সেবন করিব ॥ ৯৪ ।

অথ সুপ্তি (স্বপ্ন) । যথা—

রতিমঞ্জরী পুষ্পচয়ন করিয়া আসিতেছিলেন, এমত সময়ে রূপ-

হরেঃ সব্যং রাধা ভুজমুপদধত্যম্বুজমুখী
দরীক্রোড়ে ক্লান্তা নিবিড়মিহ নিদ্রাভরমগাৎ ॥

যথা বা

যে ঠাধীশস্ততস্ত গণ্ডমুকুরে স্বাপ্নীভিরুল্লাসিতং
লীলাভিঃ পুলকং বিলোক্য চকিত নিশ্চিন্বতী জাগরং।
সা বেণোর্হরণোৎসবে ধৃতনবোৎকণ্ঠাপি তস্মাৎকলে
বিস্রস্তং করতোঽপি নাধ্যবসসৌ তং হর্তুমেণেক্ষণা ॥ ৯৫।

আনন্দচন্দ্রিকা টীকা।

স্বপ্নায়িতং ব্যাচক্ষাণা কথয়ন্তী চুচুকং কুচাগ্রং চুচুকন্তু কুচাগ্রং স্যা দিত্যত্র চুচুকশব্দো হ্রস্বাদিরপি টীকাকৃদ্ভির্ব্যাখ্যাতঃ।

শ্রীকৃষ্ণস্য স্বপ্নমুদাহর্তুমাহ যথাবেতি বৃন্দা নান্দীমুখীং প্রত্যাহ আভীরেন্দ্রে ইতি। স্বাপ্নীভির্লীল ভিরিতি শ্রীরাধামুখচুম্বনকম্পাভিরিত্যর্থঃ। জাগরং নিশ্চিন্বতীতি পুলকান্যথা নুপপত্তিরেব তত্র লিঙ্গমিত্যর্থঃ। করতোঽপি সকাশাৎ নিদ্রাবৈবশ্যেন তস্মাৎকলে স্রস্তমপি বেণুং হর্তুং নাধ্যবসসৌ ন নিশ্চিতবতীত্যর্থঃ। ৯৫।

মঞ্জরী তাঁহাকে দেখিয়া কহিলেন, সখি! শ্রীর ধার স্বপ্ন বৃত্তান্ত শ্রবণ কর, শ্রীরাধা স্বপ্নাবেশে কহিলেন, কৃষ্ণ! আমার সম্মুখের পথ পরিত্যাগ কর, আমি এই পথে যমুনাতীরে গমন করিব এই বলিয়া ক্লান্তি হেতু শ্রীকৃষ্ণের বামবাহু উপধান করত দরীকুঞ্জে নিবিড় নিদ্রাভর প্রাপ্ত হইলেন, তৎকালীন ঐ শ্রীরাধার স্তনাগ্রে কৌস্তভমণি শোভা বিস্তার করিতে লাগিল ॥

শ্রীকৃষ্ণের স্বপ্ন উদাহরণ করিবার নিমিত্ত কহিলেন, যথাবা —

নান্দীমুখীকে সম্বোধন করিয় বৃন্দা কহিলেন, দেবি। শ্রীরাধা মুরলীহরণ উৎসবে নবোৎকণ্ঠা ধারণ করিয়াও যদিচ নিদ্রাবেশে শ্রীকৃষ্ণের হস্ত হইতে মুরলী স্রস্ত হইয়া শয্যায় পড়িয়াছিল, তথাচ স্বপ্নাবেশে শ্রীকৃষ্ণের মুকুরসদৃশ গণ্ডে পুলক দেখিয়া শ্রীরাধা মনে করিলেন, ইনিত নিদ্রা যান নাই জাগরিতই রহিয়াছেন অতএব কি প্রকারে

অথ বোধঃ

যথা—

নিদ্রাং স মোদহরমপ্যুরুকণ্ঠনাদং
কণ্ঠীরবস্য কুহরে ব্রজরাজসূনুঃ।
তুষ্টাব সত্বরবিবুদ্ধপরিপ্লবাক্ষ
রাধাপয়োধরগিরীন্দ্রনিপীড়িতাঙ্গঃ ।

লোচনরোচনী টীকা।

ষষ্ঠীশবঃ সিংহঃ সতু বিদুরগর্ব্বতগতত্বয়া নদাদেতি তদ্বিরোহপি শ্রীকৃষ্ণসান্নিধ্য গুণেনা কিঞ্চিদপি ন ছিনত্তীতি চ নাত্র ভয়ানকেন মধুরোহবসাভাস্যতে। ৯৬।

আনন্দচন্দ্রিকা টীকা

প্রবোধো নিদ্রা নিবৃত্তিঃ বৃন্দা পৌর্ণমাসীপ্রত্যাহ নিদ্রেতি কণ্ঠীরবস্য সিংহস্য নাদং শিতিকণ্ঠং ভজগৌলিঃ পিঞ্ছমুকুটঃ তুষ্টাব তত্র হেতুঃ সত্বরেত্যাদি পরিপ্লবাক্ষী চঞ্চলনেত্রা

সখ্যাং স্নেহ ইতি সখীবিষয়কোহপি নায়িকায়াঃ স্নেহ একো ব্যভিচারী ভবতীত্যর্থঃ। যদ্যপ্যেবং ভক্তিরসামৃতসিন্ধাবেব সঞ্চারী স্যাৎ সমোনা বা কৃষ্ণরত্যাঃ সুহৃদ্রতিঃ অধিক পুষ্যমাণা চেদ্ভাবে ল্লাস ইতীর্য্যতে ইতি অস্যার্থঃ। সুহৃদ্রতিঃ সুহৃদ্বিষয়া রতিঃ কৃষ্ণরত্যাঃ সকাশাৎ সমা বা ঊনা বা যদি বা স্যাত্তদা সঞ্চারী স্যাৎ সুহৃদ্রতেঃ শ্রীকৃষ্ণরতিমূলকত্বাৎ তৎ-পোষণাচ্চেতি ভাবঃ যদি কচিৎ শ্রীকৃষ্ণরতেঃ সকাশাদধিকা স্যাত্তয়া পুষ্যমাণ চ স্যাত্তদা ভাবোল্লাস ইতীর্য্যতে ন তস্যাঃ সঞ্চারিত্বং নাপি স্থায়িত্বমিতি ভাবঃ

মুরলী হরণ করিব। এরূপ ভয়ে হরিণাক্ষী চকিতা হইয়া কোন ক্রমেই মুরলী হরণে অধ্যবসায় করিতে পারিলেন না। ৯৫।

অথ বোধ অর্থাৎ নিদ্রানিবৃত্তি যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! অদ্য পর্ব্বত কন্দরে সিংহের উরুনাদ উদগত হওয়াতে যদিচ শ্রীকৃষ্ণের নিদ্রা ভঙ্গ হইয়াছিল সত্য, তথাচ তিনি চেতন হইয়া ঐ সিংহগর্জ্জনকেই স্তব করিতে লাগিলেন, কারণ ঐ ভীষণ সিংহগর্জনে শ্রীরাধা চঞ্চলনেত্রা হইয়া স্বীয় গিরীন্দ্র-সদৃশ পয়োধর যুগলে শ্রীকৃষ্ণকে গাঢ়রূপে নিপীড়িত করিয়া ধরিয়া-ছিলেন ॥

সখ্যাং স্বস্নেহো যথা —

শৈলমূর্দ্ধ্নি হরিণা বিহরন্তী
খেদকুড্মলকরম্বিতমূর্ত্তিঃ।
রাধিকা সললিতং ললিতায়াঃ
পশ্য মার্ষ্টি লুলিতালকমাস্যং ৯৬ ॥

অথোৎপত্ত্যাদি দশা চতুষ্টয়ং
তত্রোৎপত্তির্যথা।—

মুহুরিয়মিতি ন দীর্ঘং ত্রসন্ত্যঃ কুরঙ্গে
শশিমুখি তব সখ্যাঃ সৌরূষং দৃষ্টবন্তি।

লোচনরোচনী টীকা

মুহুরিয়মিতি ন্যূনতায়াং মথুরাতঃ শ্রীকৃষ্ণস্য পত্রিকা রাধিকায়া ইতি কর্ম্মণি পাক্ষিকী সম্বন্ধষষ্ঠী ৯৭

আনন্দচন্দ্রিকা টীকা

রূপমঞ্জরী ললিতায়াঃ সখীং কাঞ্চিদাহ শৈলেতি ললিতায়া আস্যং মার্ষ্টি বিহারজং প্রস্বেদমপনয়তীতি ললিতাবিষয়া শ্রীরাধারতিরত্র সঞ্চারী ভবন্তী ভবন্ শ্রীকৃষ্ণরতিং পুষ্ণাতি ৯৬

উৎপত্ত্যাদিভিঃ যদুক্তং ভাবানাং বহিরুৎপত্তিসন্ধিশাবল্যশান্তয়ঃ দশাশ্চতস্র এতাসামুৎপত্তির্ভাবসম্ভব ইতি

আস্বাদিতচরং শ্রীরাধায়া মুখমাধুর্য্যং পুনরপ্যাস্বাদয়ন্ শ্রীকৃষ্ণস্তস্যাঃ সখীং শশিমুখীং ৯৭

অথ সখীর প্রতি স্বীয়স্নেহ যথা —

রূপমঞ্জরী ললিতার সখীকে কহিলেন, সুন্দরি! অবলোকন কর, অদ্য শ্রীরাধা পর্ব্বতোপরি হরির সহিত বিহার করিতে করিতে পুলকাকুল কলেবর হইয়াও ললিতার সুললিত লুলিতালক বদনমণ্ডল মার্জন করিতেছেন ৯৬

অথ উৎপত্ত্যাদি চারি প্রকার দশা অর্থাৎ উৎপত্তি, সন্ধি, শাবল্য ও শান্তি।

তন্মধ্যে উৎপত্তি অর্থাৎ ভাবসম্ভব যথা—

শ্রীরাধার মুখমাধুর্য্য আস্বাদন করিয়াও পুনর্ব্বার আস্বাদন করত

ইতি ভবদুপকণ্ঠে সদিগবা ভ্রূযদৃষ্টেঃ
স্বপুটিতবদনায়া রাধিকায়াঃ স্মরামি । ৯৭ ॥

অত্রাসূয়োৎপত্তিঃ ।

অথ সন্ধিঃ

তত্র সরূপয়ো র্যথা— ৯৮

চিরাদভীষ্টে প্রেক্ষ্যে দনুজদমনে বিন্দতি দৃশোঃ
পদং পত্যৌ চার্দ্ধস্ফুটবচসি রক্তত্বিষি রুষা।

লোচনরোচনী টীকা

অত্রাসূয়োৎপত্তিরিতি উৎপত্তেরিতি উৎপত্তেরস্যা ভূতপূর্ব্বত্বং জ্ঞেয়ং ৯৮ ॥

আনন্দচন্দ্রিকা টীকা

সাক্ষিতয়া প্রাহ। যদা। যথৈব তত্র শ্রীকৃষ্ণস্য ললিতায়াং সন্দেশহরিমুখতোক্তিঃ স্বাধীন-
ভাবদ কুড়ঙ্গে কুঞ্জে পৌরুষং পুরুষাকারং বিপরীতরতমিতি যাবৎ স্বপুটিতং কুটিলীভূতং
অধিগর্ব্বদর্শনাৎ কর্ম্মণীতি ষষ্ঠী রাধিকাং স্মরামীত্যর্থঃ ৯৭

অসূয়োৎপত্তিরিতি দৃষ্টৈর্ভ্রূভঙ্গৈরেব কষায়িতৎপরমাসূয়াং বক্তীত্যর্থঃ

সন্ধিরিতি সরূপয়োর্ভিন্নয়োর্বা সন্ধিঃ স্যাত্তাবয়োর্যুতিরিতি তল্লক্ষণং ৯৮

বৃন্দা পৌর্ণমাসীমাহ চিরাদভীষ্টে অভিলাষিতা প্রেক্ষ্য যস্ত তস্মিন্ দৈবাদ্বৃষ্টাবধমর্থৎ
স্বনং পর্য্যটনেন পত্যাবভিমন্যৌ চ দৃশোঃ পদং গোচরং বিন্দতি সতি নিমেষকলনং নিমেষ-

শ্রীরাধার সখী শশিমুখীকে শ্রীকৃষ্ণ কহিলেন, হে শশিমুখি। শ্রীরাধা
যে অতিশয় মৃদ্বী এ কথা তুমি আর বলিও না কুঞ্জমধ্যে তাঁহার পুরুষ-
ভাব অবলোকন করিয়া তোমার নিকট বলিয়াছিলাম, এ নিমিত্ত ঐ
রাধা কুটিল বদনে ভ্রূদৃষ্টি হইয়াছিলেন, অতএব আমি তাঁহাকেই
স্মরণ করি ॥ ৯৭ ।

উক্ত উদাহরণে অসূয়া উৎপন্ন হইল।

অথ সন্ধি অর্থাৎ দুই ভাবের একত্রী করণ।

সমানরূপদ্বয়ের সন্ধি যথা—॥ ৯৮

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! চিরাভিলষিত দনুজদমন
যখন শ্রীরাধার নেত্রপদবী গত হইলেন, তৎকালীন দৈবাৎ পতি অভি-
মন্যু রোষ বশত আরক্তনেত্রে অর্দ্ধস্ফুট বচন প্রয়োগ করিতে করিতে

ইয়ং নিষ্পন্দাঙ্গী নিমিষকলনোন্মুক্তনয়ন
বভূবাবষ্টম্ভপ্রতিকৃতিরিবাম্ভোজবদনা। ৯৯।

অত্রেষ্টানিষ্টেক্ষণকৃতয়োর্জাড্যয়োঃ সন্ধিঃ

অথ ভিন্নয়োঃ

তত্রৈকহেতুজয়োর্যথা—ললিতমাধবে ॥

শিখরিভরবিতর্কাৎ প্রস্তুতং সমহমহর্নিশমীক্ষ্য প্রিয়স্য।
হৃদয়মিহ সমস্তবল্লবীনাং যুগপদপূর্ব্ববিধং দ্বিধা বভূব

গোচনরোচনী টীকা

অবষ্টম্ভপ্রতিকৃতিঃ স্বর্ণপ্রতিমা। ৯৯

প্রিয়স্যেতি শিখরীত্যাদিনহর্নিশমিতি ত্যাদৌ চান্বিতং অতঃ প্রিয় এবোভয়োর্হেতুর্জাতঃ। সমহং সোৎসবং অপূর্ব্ববিধং আশ্চর্য্যপ্রকারং ১০০।

আনন্দচন্দ্রিকা টীকা

ক্রিয়া অবষ্টম্ভপতিকৃতিঃ স্বর্ণপতিমা তত্রশ্চ শ্রীকৃষ্ণে শ্রীরাধায়া অদর্শনমভিনীয় দূরং যাতে, ললিতায়া বচনসন্দর্ভস্থয়া প্রতারিতোঽভিমন্যুঃ ক্রোধং পরিত্যজ্য গৃহং জগামেতি জ্ঞেয়ং ৯৯

গোবর্দ্ধনধারণকালে পৌর্ণমাসী স্বগতোক্তমুপশ্লোকয়ন্ বিশ্বকর্ম্মা লিখতি। শিখরীতি। হন্ত হন্ত এতাবান্ ভারঃ প্রিয়তমস্য শিরীষকুসুমসুকুমারেণ ভুজেন মহাকষ্টেনৈব সহ্যত ইতি প্রস্তুতং তথা সমহং সোৎসবমিতি উৎসবং শ্রমশ্চাপি দৃশীনামিতিবৎ প্রিয়াবলোকনস্য সুখদত্বং হি স্বাভাবিকো ধর্ম্মঃ অত্র সন্তাপস্য উৎসবস্য চ কারণং প্রিয়স্যৈব অতস্তদ্বয়োঃ প্রিয়স্তোবৈক এব হেতুর্বিষাদহর্ষয়োঃ। ১০০।

আসিয়া মিলিত হইল, হা কষ্ট। পতির অবলোকন মাত্র ঐ অম্ভোজ-বদনার চক্ষু স্থির ও অঙ্গ সকল নিষ্পন্দ হওয়াতে তিনি স্বর্ণ প্রতিমার ন্যায়, স্তব্ধ হইয়া রহিলেন

উক্ত উদাহরণে ইষ্ট ও অনিষ্ট দর্শন হেতু পরস্পর জাড্যের সন্ধি ৯৯।

অথ ভিন্ন দ্বয়ের সন্ধি যথা—ললিতমাধবে ॥

গোবর্দ্ধনধারণকালে পৌর্ণমাসী মনে মনে কহিলেন, অহে! শ্রীকৃষ্ণের গোবর্দ্ধনধারণ দেখিয়া গুরুতর ভার বিবেচনায়, হৃদয়ের

অত্র বিষাদহর্ষয়োঃ। ১০০।

ভিন্নহেতুজয়োর্যথা —

স্থূলং তি নবরাগং মাধবে রাধিকায়াং
গিরমথ ললিতায়াঃ সাবহেলাং প্রতীত্য॥
চলতরচরণগ্রেণালিখন্তী ধরিত্রীং
বিধুতবদনপদ্মা তত্র সিষ্বেদ পদ্মা।

লোচনরোচনী টীকা।

স্থূলং তি স্থূলং কুর্ব্বতি ১০১

আনন্দচন্দ্রিকা টীকা

সৌভাগ্যপূর্ণিমাদিনে গৌরীতীর্থাচ্ছ্রীকৃষ্ণমন্বেষ্টুমায়াতায়াং ললিতায়াং সঙ্কর্ষণকুণ্ডতটে চন্দ্রাবলীপদ্মাশৈব্যাদিভিঃ সহিতং তমালোক্য তৎসভাং প্রবিশ্য গোষ্ঠীং কুর্ব্বত্যাং যদ্বৃত্তমাসীৎ তদেব বৃন্দা কুন্দলতাং প্রত্যাহ স্থূলয়তি স্থূলং কুর্ব্বতি হবিণাভিসম্বাদাৎ সাবজ্ঞং নিমানি সদা অত্রাপি তদমুং তরশহৃদয়ং হৃদ্যঙ্গলোচনে বিক্ষীতি বিদগ্ধমাধবীয়শ্লোকো জ্ঞেয় ইত্যর্থঃ তথা সহচরি বৃষভানুজয়া প্রাদুর্ভাবে ববন্তিষোপগতে চন্দ্রাবলীগতাঽপি ভবন্তি নির্ব্বৃতকান্তীনীতি ললিতায়াঃ সাবহেলাং গিরং অত্র চরণাগ্রলিখনগম্যা চিন্তা শ্রীকৃষ্ণহেতুকা তথা স্বেদকম্পৌ ক্ষোভহর্ষৌ ললিতাহেতুকঃ ১০১

সন্তাপ এবং দিবা নিশি প্রিয়তমের দর্শন নিমিত্ত মহোৎসবে এই ব্রজপুরস্থ সমস্ত বল্লবীগণের এক কালীন হৃদয় দ্বিধা হইতে লাগিল॥

উক্ত উদাহরণে বিষাদ ও হর্ষ এতদুভয়ের সন্ধি। ১০০।

ভিন্নহেতু নিমিত্ত যথা—

সৌভাগ্য পূর্ণিমার দিবস শ্রীকৃষ্ণের অন্বেষণ নিমিত্ত গৌরীতীর্থ হইতে ললিতা আসিয়া সঙ্কর্ষণকুণ্ডতটে চন্দ্রাবলী, পদ্মা ও শৈব্যাদির সহিত মিলিত শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া গোষ্ঠীকারিণী ললিতার যে বৃত্তান্ত হইয়াছিল, তাহাই বৃন্দা কুন্দলতার প্রতি কহিলেন, সখি! শ্রীরাধার প্রতি মাধবের অনুরাগ অতিশয় স্থূল হইলে তাহা ললিতার সাবহেলন বাক্যে প্রতীতি করিয়া চন্দ্রাবলীর সখী পদ্মা চলিত-চরণাগ্র দ্বারা ভূলেখন করিতে লাগিলেন এবং তাঁহার বদনপদ্ম হইতে স্বেদবিন্দু সকল ক্ষরিত হইতে আরম্ভ হইল।

অত্র চিন্তামর্ষয়োঃ। ১০১॥

অথ শাবল্যং।

যথা বিদগ্ধমাধবে

ধন্যাস্ত হরিণীদৃশঃ স রমতে যাভির্নবীনো যুবা
স্বৈরং চাপলমাকলয্য ললিতা স্বং হন্ত নিন্দিষ্যতি।
গোবিন্দং পরিরব্ধুমিন্দুবদনং হা চিত্তমুৎকণ্ঠতে
ধিগ্বামং বিধিমস্তু যেন গরলং মানাভিধং নির্ম্মমে
অত্র চাপলশঙ্কৌৎসুক্যামর্ষাণাং শাবল্যং।

লোচনরোচনী টীকা

ধন্যাস্তা ইত্যাদিক্রমকং পদ্যং প্রারিকং কিন্তু গোবিন্দমিত্যাদিকশ্চরণঃ প্রথমো ধন্যাস্তা ইত্যাদিকস্তু তৃতীয় ইত্যেব ক্রম এব শ্লোকবিদুষ্বিষ্টঃ তথৈব স ইতি পদস্য গোবিন্দ॰

আনন্দচন্দ্রিকা টীকা

শাবল্যং ভাবানামুত্তরোত্তরসম্মর্দঃ কলহান্তরিতা শ্রীরাধা প্রাহ ধন্যাস্ত ইতি প্রথমে পাদে চপলমৌৎসুক্যাৎ দ্বিতীয়ে ললিতাস্মৃত্যা শঙ্কা তস্যোপমর্দিনী তৃতীয়ে স্বচিত্ত নিরোধোত্থমৌৎসুক্যং শঙ্কয়া উপমর্দকং চতুর্থে পুনঃ শ্রীকৃষ্ণাবলোকেন স্বয়ং জনিষ্যমাণো মানঃ স্বাভীষ্টপ্রতিবন্ধীতি তন্নির্মাতরি বিধাবমর্ষ ঔৎসুক্যমর্দকঃ

উক্ত উদাহরণে চিন্তা ও অমর্ষের সন্ধি। ১০১।

অথ শাবল্য অর্থাৎ উত্তরোত্তর সম্মর্দ্দ

কলহান্তরিতা শ্রীরাধা কহিলেন, অহো। যাহাদের সহিত এই নবীন যুবা রমণ করিতেছেন, সেই সকল হরিণীদৃশীরাই ধন্যা, হায়। আমার স্বেচ্ছাচারিতা চাপল্য দেখিয়া ললিতা আমাকে নিন্দা করিবে। কি কষ্ট। আমার চিত্ত চন্দ্রবদন গোবিন্দকেই আলিঙ্গন করিবার নিমিত্ত উৎকণ্ঠিত হইতেছে, অতএব যে কুটিল বিধাতা এই মান গরল নির্ম্মাণ করিয়াছে তাহাকেই ধিক্।

উক্ত উদাহরণে চপলতা শঙ্কা ঔৎসুক্য ও অমর্ষ ইত্যাদির শাবল্য।

অথ শান্তিঃ।

যথ —

আলীযুক্তিকুঠারিকাপটিমভির্যে ন প্রপেদে ছিদাং
দূতীজল্পিতনির্ঝরেণ চ চিরং যঃ কাপি নোচ্চালিতঃ॥
বংশীনাদমরুল্লবেন কমলা চেতস্তটীবেষ্টনো
মানাখ্যঃ প্রবলোন্নতিস্তরুরয়ং স ক্ষিপ্রমুন্মূল্যতে। ১০২।

ঈর্ষ্যাখ্যভাবস্য শান্তিঃ॥

।*।　ইতি ব্যভিচারিণাং বিবৃতিঃ　।*

লোচনরোচনী টীকা।

মিতাকর্ষণাম্নঃযথাস্থানবিন্যাসঃস্যাৎ ১০২॥

*　ইতি ব্যভিচারিণঃ　*॥

আনন্দচন্দ্রিকা টীকা।

শান্তির্ভাবস্য লয়ঃ নান্দীমুখ্যাহ আলীতি　মরুল্লবেণেতি বংশীনাদাবস্তমাত্রস্যাপি সর্বোৎ-
শায়েত্ত্যঃ আধিক্যং ব্যঞ্জিতং ১০২।

।*　ইতি ব্যভিচারিভাবানাং বিবৃতিঃ　*

অথ শান্তি অর্থাৎ ভাবের লয়॥

যথা—

নান্দীমুখী কহিলেন, সখি। কমলার চিত্ততটীবেষ্টিত মান নামক উন্নত তরু যাহা আলীদিগের (সখীগণের) যুক্তিরূপা পটীয়সী কুঠারিকা দ্বারা ছিন্ন হয় নাই, যাহা দূতীদিগের জল্পনা বাক্যরূপ নির্ঝরে বিচালিত হয় নাই, তাহাই কি না আজি মুরলীর ঈষৎ ফুৎকারে দ্রুত উন্মূলিত হইল। ১০২॥

।*। ইতি উজ্জ্বলনীলমণিতে শ্রীরামনারায়ণ বিদ্যারত্ন কৃতানুবাদে ব্যভিচারিভাব বিবৃতি ।*।

অথ স্থায়িভাবপ্রকরণং ।

স্থায়ীভাবোঽত্র শৃঙ্গারে কথ্যতে মধুরা রতিঃ ।

সা যথা—গোবিন্দবিলাসে ।

কালাহিবক্ত্রবিলসদ্রসনাগ্রজাগ্র-
দ্গোপীদৃগঞ্চলচমৎকৃতিবিদ্ধমর্ম্মা ।
শর্ম্মাদিশত্বরুণঘূর্ণিতলোচনান্ত-
সঞ্চারচূর্ণিতসতীহৃদয়ো মুকুন্দঃ ।

আনন্দচন্দ্রিকা টীকা

নমশ্চৈতন্যরূপায় মাধুর্য্যস্থায়িনে সদা । স্বসামর্থ্যেঽপ্যহো সাম্যসামঞ্জস্যানুবর্ত্তিনে ॥ ০ ॥

তদাশ্রিতকৃষ্ণদেব গ্রন্থারম্ভে মঙ্গলমাচরতি কালাহেঃ কালসর্পস্য বক্ত্রে বিলসন্তী যা রসনা তস্যা অগ্রমিব জাগ্রৎ স্বশৌর্য্যমাবিষ্কুর্ব্বৎ যদ্গোপীদৃগঞ্চলং তস্য চমৎকৃত্যা চমৎকৃতিমাত্রেণৈব বিদ্ধং মর্ম্ম যস্য স ইতি গোপীবিষয়া শ্রীকৃষ্ণরতিঃ স্থায়িভাবো বিদ্ধেতি পদেনাস্বাদব্যঞ্জকেন রসতাং প্রাপ্তঃ তত্র গোপীবিষয়ালম্বনস্তৎকটাক্ষ উদ্দীপনবিভাবো জৃম্ভারোমাঞ্চাদয় আক্ষেপলব্ধ অনুভাবাঃ ঔৎসুক্যচাপল্যাদয়ো ব্যভিচারিণঃ তথ অরুণো ঘূর্ণিতো জাতঘূর্ণো যো লোচনান্তস্তস্য সঞ্চারেণ চূর্ণিতং সতীনাং হৃদয়ং যেন স ইতি শ্রীকৃষ্ণবিষয়া গোপীরতিঃ স্থায়িভাবশ্চূর্ণিতেতি পদেনাস্বাদব্যঞ্জকেন রসতাং প্রাপ্তঃ শ্রীকৃষ্ণতদীয়কটাক্ষাদয়ঃ পূর্ব্ববদ্বিভাবাদ্যাঃ এবঞ্চ মধুরা রতিঃ পরস্পরবিষয়াশ্রয়োক্তা যদুক্তং মিথো হরের্মৃগাক্ষ্যাশ্চ সম্ভোগস্যাদিকারণং মধুরা পরপর্য্যায়া প্রিয়তাখ্যোদিতা রতিরিতি ।

অথ স্থায়িভাব

শৃঙ্গার রসে মধুর রতিকে স্থায়িভাব বলে

মধুরা রতি যথা—গোবিন্দবিলাসে ॥

কালসর্পের বদন বিলাসিত সৌম্য প্রকাশক রসনার অগ্রভাগের ন্যায় গোপী দৃগচঞ্চলের চমৎকৃতি মাত্রে যাঁহার মর্ম্ম বিদ্ধ হইয়াছে এবং যিনি আপনার অরুণবর্ণ নয়নদ্বয়ের সঞ্চারে সতী-সকলের হৃদয় চূর্ণিত করিতেছেন, সেই মুকুন্দ তোমাদের আনন্দ বিস্তার করুন ॥

যথাবা দানকেলিকৌমুদ্যাং ॥

গোবর্দ্ধনং গিরিমুপেত্য কটাক্ষবাণান্
কর্ণস্ফুরন্মণিশিলোপরি সংক্ষুবানা ।
ক এষা ধনুর্ধুবনসূচিতলুণ্ঠনেয়ং
ব্যগ্রীকরোত্যহহ মামতিসম্ভ্রমেণ ।
অভিযোগাদ্বিষয়তঃ সম্বন্ধাদভিমানতঃ ।
সা তদীয়বিশেষেভ্য উপমাতঃ স্বভাবতঃ ।
রতিরাবির্ভবেদেষামুত্তমত্বং যথোত্তরং ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

গোপীমাত্রাণাং স্থায়িভাবমুক্ত্বা তন্মুকুটমণেঃ শ্রীরাধায়াঃ সর্ব্বাধিক্যেন তমুদাহর্তুমাহ যথাবেতি। গোবর্দ্ধনে ঘট্টগুল্কমিষেণ যুবতীর্নিরোধয়ন্ শ্রীকৃষ্ণঃ শ্রীরাধামালোক্যাহ মণিশিলাকুণ্ডলমহং পদ্মরাগখণ্ডং তদুপরি সংক্ষুবানা তেজয়ন্তীতি নেত্রান্তস্য কুণ্ডলপর্য্যন্তং পুনঃ পুনর্যাতায়াতেন শ্রীকৃষ্ণদর্শনস্পৃহা তস্যা চ তদ্বিষয়া রতিঃ সূচিতা। কেতি মধুমঙ্গলং প্রতি প্রশ্নঃ। ভ্রূধনুঃ কম্পনেন সূচিতং লুণ্ঠনং চৌর্য্যং যয়েতি শরৈর্বিদ্ধা মামচেতনীকৃত্য ধৈর্য্যমতিস্মৃত্যাদি ধনং মে হরিষ্যতীতি ভাবঃ। ব্যগ্রীকরোতীতি শরক্ষেপণ ধনুর্ধুবনদর্শনেনৈব তাবদহং ব্যগ্রো বিহ্বলচিত্তোঽভূবং ন জানে শরৈর্বিদ্ধঃ কীদৃশো ভবিষ্যামীতি ভাবঃ। মামপি শূরাণাং শিরোমণিমপীতি ভাবঃ। তেন চ শ্রীরাধাবিষয়া রতিঃ সূচিতা ॥

তস্যা রতেঃ প্রাদুর্ভাবে লোকরীত্যা কারণান্যাহ অভিযোগাদিতি। সিদ্ধান্তরীত্যা তু প্রোক্তা অত্রাভিযোগাদ্যা ইত্যগ্রে সমাধাস্যতে সা রতিঃ।

যথাবা দানকেলিকৌমুদীতে

শ্রীকৃষ্ণ মধুমঙ্গলকে জিজ্ঞাসা করিলেন, সখে। যিনি গোবর্দ্ধন-শৈলোপরি আরোহণ পূর্ব্বক আপনার কর্ণাগ্রে স্ফূর্ত্তিশীল মণিশিলার উপরে কটাক্ষবাণ সকল শাণিত-ভ্রূধনু কম্পনে চৌর্য্য প্রকাশ করিতেছেন উনি কে? উহাঁর ঐ প্রকার সম্ভ্রম যে আমাকে ব্যতিব্যস্ত করিল।

রতি আবির্ভাবের কারণ যথা—

অভিযোগ, বিষয়, সম্বন্ধ, অভিমান, তদীয় বিশেষ, উপমা ও স্বভাব

তত্রাভিযোগঃ

অভিযোগো ভবেদ্ভাবব্যক্তিঃ স্বেন পরেণ চ।

তত্র স্বেনাভিযোগাদ্‌যথা—

মদধববিলুঠদ্বিলোচনান্তং
মৃদুললতা নবপল্লবং দশন্তং।
সখি হরিমবলোক্য ভানুজায়া-
স্তটবিপিনে স্ফুটদন্তরাস্মি জাতা।

আনন্দচন্দ্রিকা টীকা

অভিযোগো ভাবস্য ব্যক্তির্ব্যঞ্জনং স চ স্বেন পরেণ অপি তটস্থাদি দূতীজনেন অত্র নায়কস্য স্বাভিযোগো নায়িকায়াঃ রতিপ্রাদুর্ভাবে কারণং তথা নায়িকায়াঃ স নায়কস্য তদিতি জ্ঞেয়ং

বৃত্তান্তং পৃচ্ছন্তীং বিশাখাং প্রতি শ্রীরাধাহ মদধবেতি। বিলুঠদিত্যনেন ন কেবলং তল্লোচনান্তস্য মদধবে স্পর্শ এব কিন্তু মদধবসীধুনা তথা তল্লোচনান্তো মত্তোঽভূদ্‌যথা বিবর্ত্তনোদ্বর্ত্তনাদিনা পতিত্বৈব স্থিতো নাস্মাদুত্থাতুমশকদিতি ধ্বনিতং এবঞ্চ স্বলোচনান্তং কৃতার্থীকৃত্য স্বদর্শনবসনাভ্যামিমমাস্বাদয়িতুমপি মদধবোপমং পল্লবং দশন্তং বিলোক্য স্ফুটদন্তরাস্মীতি রতিপ্রাদুর্ভাবো দর্শিতঃ অত্র তং প্রতি দর্শয়েত্যেকেন তৎকালোদিতকন্দর্পজ্বালয়া চেতি ধ্বনিদ্বয়ং তত্রাদ্যং সখীং প্রতি জ্ঞাপয়িতুমিষ্টং দ্বিতীয়ং তু রহস্যং। তেন চ স্বাধরং যাবত্তং ন দংশয়ামি তাবদহং স্ফুটদন্তৈরেব স্থাস্যামীত্যাদ্যধ্বনিঃ তেন চ মাং শীঘ্রমভিসারয়েতি, প্রত্যায়ুধ্বনিঃ।

ইত্যাদি কারণ সকলে রতির আবির্ভাব হয়; উক্ত কারণ সকলের উত্তরোত্তর শ্রেষ্ঠ্য॥

তন্মধ্যে অভিযোগ যথা—

আপনা দ্বারা অথবা পর দ্বারা যে স্বীয় ভাবের প্রকাশ তাহার নাম অভিযোগ॥

তন্মধ্যে স্বাভিযোগ যথা—

বৃত্তান্ত জিজ্ঞাসাকারিণী বিশাখার প্রতি শ্রীরাধা কহিলেন, সখি! আজি আমি ভানুজার তটবিপিনে হরিকে অবলোকন করিয়াছিলাম,

যথাবা

কুবলয়বিপিনান্যসৌ সৃজন্তী
দিশি দিশি লোচনচাপলাচ্চলাক্ষী।
রবিতি-তরণিজাতটে পুরঃ
কা সুবল বলান্মম চিত্তচঞ্চরীকং ॥ ১ ॥

পরেণাঽভিযোগাদ্যথা—

আনন্দচন্দ্রিকা টীকা।

নায়কস্বাভিযোগান্নায়িকায়ারত্ন্যুদ্ভবমুদাহৃত্য নায়িকাস্বাভিযোগান্নায়কস্য রত্ন্যুদ্ভবমুদাহর্ত্তুমাহ যথাবেতি। শ্রীকৃষ্ণঃ সুবলং পৃচ্ছতি কুবলয়েতি লোচনচাপলাদিতি চক্ষুষোঽভিযোগঃ ১, ২

তিনি আমাকে দেখিয়া মদীয় অধরের প্রতি লোচনাঞ্চল নিক্ষেপ পুরঃসর নবীনা লতার নবপল্লব দংশন করিতে লাগিলেন, হে সখি! তাহাতেই আমি স্ফুটিত হৃদয়া হইয়াছি।

উক্ত উদাহরণে স্বাভিযোগ এই যে, হে সখি। যাবৎ স্বীয় অধর শ্রীকৃষ্ণকে দংশন করাইতে না পারিব তাবৎ আমাকে স্ফুটিত হৃদয়েই থাকিতে হইবে অতএব আমাকে শীঘ্র অভিসার করাইয়া লইয়া চল॥

নায়কের প্রতি স্বাভিযোগ হেতু নায়িকার রত্যুদ্ভব উদাহরণ করিয়া নায়িকার প্রতি স্বাভিযোগ উদাহরণ নিমিত্ত কহিলেন, যথাবা।

শ্রীকৃষ্ণ সুবলকে জিজ্ঞাসা করিলেন, সখে! দিকে দিকে অবলোকনহেতু যাঁহার লোচন চঞ্চল, যিনি রবিজাতটে কুবলয় বন সকল সৃজন করিয়া বলপূর্ব্বক আমার চিত্ত ভ্রমর হরণ করিতেছেন, ঐ চঞ্চললোচনা কে?।

উল্লিখিত উদাহরণে লোচনের চাঞ্চল্য হেতু চক্ষুর অভিযোগ॥ ১॥

পর কর্ত্তৃক অভিযোগ যথা—

ত্বদীয়সম্পীয় গতাবলম্ব সম্বাদমাধ্বীকমতীব সাধ্বী।
আঘূর্ণমানা ব্রজরাজসূনো নীবীং স্খলন্তীং ন বিদাঞ্চকার।

অথ বিষয়াঃ।

শব্দস্পর্শাদয়ঃ পঞ্চ বিষয়াঃ কিল বিশ্রুতাঃ। ২।

তত্র শব্দাদ্যথা—বিদগ্ধমাধবে॥

নাদঃ কদম্ববিটপান্তরতো বিসর্পন্
কো নাম কর্ণপদবীমবিশন্ন জানে।

লোচনরোচনী টীকা।

অতীব সাধ্বী স্বমর্য্যাদাপি ত্বদীয়ং সম্বাদং যথা সহ ত্বদনুরাগময়ং সংকথনং তদেব মাধ্বীকং মত্তো নিপীয় আস্বাদ্য গতাবলম্বা সর্ব্বত্রোদাসীনা সতী ঘূর্ণমানা স্থৈর্য্যবিনাকৃতা নীবীং স্খলন্তীমপি ন বিদাঞ্চকার ১ ২

নাদোঽত্র বেণুনাদঃ প্রকরণপ্রাপ্তত্বাত্ ৩।

আনন্দচন্দ্রিকা টীকা

কাচিৎ পত্রহারী দূতী শ্রীরাধানুরাগং শ্রীকৃষ্ণং প্রতি বক্তি নীবীং স্খলন্তীমিতি বস্তুমুদ্রঃ॥
কথং বিবশাসীতি ললিতয়া পৃষ্টা শ্রীরাধা প্রাহ নাদো বেণুধ্বনিঃ কুলীনেত্যাদিনা।

কাচিৎ পত্রহারী দূতী শ্রীকৃষ্ণের অগ্রে শ্রীরাধার অনুরাগ প্রকাশ পূর্ব্বক কহিলেন, হে ব্রজরাজনন্দন। পরমা সাধ্বী শ্রীরাধা তোমার প্রতি এরূপ অনুরাগিণী যে তদীয় সম্বাদরূপ মধুপান করিয়া ঔদাসীন্য অবলম্বন করিলেন এবং এরূপ ঘূর্ণিতা হইয়াছিলেন, যে স্বীয় নীবী স্খলিত হইয়া পড়িতেছিল, তাহাও কোন মতে জানিতে পারেন নাই।

অথ বিষয়

শব্দ, স্পর্শ, রূপ, রস ও গন্ধ এই পাঁচটীকে বিষয় বলে॥ ২॥

তন্মধ্যে শব্দ নিমিত্ত যথা—বিদগ্ধমাধবে।

কেন বিবশা হইতেছ, ললিতা জিজ্ঞাসা করায় শ্রীরাধা কহিলেন, সখি! কদম্ব বিটপের অন্তর হইতে কোন্ যে এক অপূর্ব্ব নাদ (শব্দ) বিসর্পিত (উদ্গত) হইয়া আমার কর্ণ পদবী প্রবেশ করিল, জানিতে পারি নাই, হা কষ্ট! ঐ নাদ আজি আমাকে কুলীনগৃহিণী-

হা হা কুলীনগৃহিণীগণগর্হণীয়াং
যেনাদ্য কামপি দশাং সখি লম্ভিতাস্মি। ৩।
যথাবা তত্রৈব॥
একস্য শ্রুতমেব লুম্পতি মতিং কৃষ্ণেতি নামাক্ষরং
সান্দ্রোন্মাদপরম্পরামুপনয়ত্যন্যস্য বংশীকলঃ।

লোচনরোচনী টীকা।

একস্যেতি অত্রায়ং তত্রত্য প্রবন্ধঃ। রাধেয়ং প্রথমং কৃষ্ণনামমাত্রং শ্রুত্বা পরমমধুরত্বে-নাস্বাদ্য তন্নামনি রতিমুবাহ। ততশ্চ বংশীনাদং পরমমধুরত্বেনাস্বাদ্য তন্নাদিনি রতিমুবাহ ততশ্চ কৃষ্ণাকারং চিত্রং নেত্রাভ্যাং তথা সকৃদেবাস্বাদ্য তদ্ভেদেন তস্মিন্ রতিমুবাহ। তত্র যদ্যপি ত্রীণ্যপি তানি স্বাশ্রয়ং শ্রীকৃষ্ণমেব স্ফোরয়িত্বা রতিমুত্তাসয়ামাসুঃ তৎস্ফূর্ত্ত্যসম্ভবে সা ন সম্ভবেৎ বক্ষ্যতে চান্তিক এব লোকোত্তরপদার্থানামিতি তথাপি তদেক স্ফূর্ত্তাবপি

আনন্দচন্দ্রিকা টীকা

স্বপাতিব্রত্য ধ্বংসো ব্যঞ্জিতঃ কামপি দশামিতি বৈবর্ণিক পুরুষবিষয়রত্যুদ্ভবঃ ৩

ন কেবলং তৎকর্ত্তৃক এব শব্দঃ কারণং কিন্তু তৎসম্বন্ধ্যন্যকর্ত্তৃকোঽপীতি জ্ঞাপয়িতুমাহ যথাবেতি পৃচ্ছন্তীঃ সখীঃ প্রতি শ্রীরাধাহ একস্য পুরুষস্য শ্রীকৃষ্ণেতি নামাক্ষরমিতি কস্যেদং বৃন্দাবনমিতি যৎপৃষ্টয়া ললিতয়া কৃষ্ণস্যেতি যদুক্তং তদা কৃষ্ণস্যেতি নাম্নঃ অক্ষরং একমপি কিমুত তৎ সম্পূর্ণং নামশ্রুতমেব কর্ণরন্ধ্রে প্রবিষ্টমেব কিং পুনর্হৃদয়ে ধৃতং মে মতিং লুম্পতীতি তৎপুরুষবিষয়া রতির্মে জাতেতি ভাবঃ লুম্পতীতি বর্ত্তমাননির্দ্দেশেন তৎসংস্কারোঽধুনাপি তৎপ্রতিযোগিবস্তন্তরাভিনিবেশেঽপি ন যাতীতি দ্যোতিতং তথান্যস্য পুরুষস্য বংশীকলঃ সান্দ্রামুন্মাদপরম্পরামিতি বুদ্ধিলোপঃ পূর্ব্বস্মে নাম্না কৃতঃ যদবশিষ্টং মে মনস্তস্যাপি উন্মাদ-বাহুল্যমভূদিতি ভাবঃ বর্ত্তমানো নির্দ্দেশোঽত্রাপি পূর্ব্ববদ্ব্যাখ্যেয়ঃ এবঞ্চ তস্মিন্নপি

গণের গর্হণীয়া (নিন্দনীয়া) কোন এক অনির্ব্বচনীয় দশা প্রাপ্ত করাইল ৩।

কেবল তৎ কর্ত্তৃক (কৃষ্ণ কর্ত্তৃক) শব্দ মাত্র কারণ বটে এমত নয় কিন্তু তৎ সম্বন্ধি অন্য কর্ত্তৃকও বিষয়ের প্রতি কারণ হয় যথাবা।

জিজ্ঞাসাকারিণী সখী। প্রতি শ্রীরাধা কহিলেন, প্রণয়িনি! এক পুরুষের কৃষ্ণ এই নামের একাক্ষরমাত্র শ্রবণ করাতে ঐ নামাক্ষর আমার বুদ্ধিকে বিলোপ করিতেছে, আর এক পুরুষের বংশীনাদ কর্ণ-পদবী গত হইয়া আমাকে নিবিড় উন্মাদ পরম্পরা প্রাপ্ত করাইতেছে।

এষ স্নিগ্ধঘনদ্যুতির্মনসি মে লগ্না সকৃদ্বীক্ষণাৎ
কষ্টং ধিক্ পুরুষত্রয়ে রতিরভূম্মন্যে মৃতিঃ শ্রেয়সী ৪।

স্পর্শাদ্যথা—

ব্রজং মুষ্টিগ্রাহ্যে তমসি নিগরত্যঙ্গমিহ মে
সখি স্পর্শং দৈবাদবদবধি পশ্চং কস্যচিদগাৎ।

লোচনরোচনী টীকা

তন্ত্রিতয়তো মননস্যৈকরূপেঽপি পৃথক্ পৃথক্ অনুভবাদেকবস্তুত্বং ন প্রতীতমিত্যত এব জ্ঞেয়ং কশ্চিদেকজাতী স্যাদিতি বিতর্কাৎ অত আহ পুরুষত্রয়ে রতিরভূদিতি প্রথমং তাবৎ পরপুরুষে রতিরেবাযোগ্যা কিমুত তত্রয়ে তস্মাৎ মৃতিরেব শ্রেয়সীতি মৃতিং বিনা দুষ্পরিহরেয়ং রতির্দিকারিণোরেতি ভাবঃ ৪।

সদ্য এব দূরাদাগতা যা নববধ্বাঃ স্বেন সহাগতাং সখীং প্রতি বচনং ব্রজমিতি। অঙ্গ

আনন্দচন্দ্রিকা টীকা

পুরুষে রতিরভূদিত্যভিব্যজ্য পুনরাহ এষ ইতি বিশাখাদর্শিতচিত্রপটমধ্যবর্ত্তীত্যর্থঃ অতএব তস্মিন্নপি রতিরভূদিতি বিগীতি কুলাঙ্গনায়া মম পরপুরুষে রতিরনুচিতা কিমুত তন্ত্রিতয় ইতি অত্র নিত্যসিদ্ধা স্বাভাবিকী তস্যা রতিরেব স্ববিষয়ং শ্রীকৃষ্ণং স্বয়ং পরিচিনোতি সা তু তমেকমপি শ্রীকৃষ্ণ ইতি বৈণবিক ইতি শ্যামলকিশোর ইতি পুরুষত্রয়ং মত্বা খিদ্যতি স্মেতি সখীভ্যাং তত্ত্বং জ্ঞাত্বা সমাশ্বস্তা বভূবেতি তত্রত্যা কথা ৪

স্ববৈবগ্র্যকারণং পৃচ্ছন্তীং স্বসখীং কাচিদ্গোপী স্ববৃত্তমাহ ব্রজমিতি তমসি মুষ্ট্যাগ্রাহ্যে ইতি কবিনিবদ্ধবক্তৃ প্রৌঢ়োক্ত্যা অতিনিবিড়েত্যর্থঃ ব্রজং ব্রজনগরং নিগিরতি গ্রসতি সতীতি স্পর্শকর্ত্তুরজ্ঞানে হেতুঃ সূচিতঃ। মে মম রথ্যায়াং গচ্ছন্ত্যা ইত্যর্থাৎ অঙ্গং

অপূর্ব্ব চিত্রপটে অবলোকন হেতু এই স্নিগ্ধ ঘনদ্যুতি (মেঘকান্তি) পুরুষ আমার মনে লগ্ন হইয়া রহিয়াছেন, হা কষ্ট! যখন এক পুরুষের রতিতেই ব্যাকুলিত হইয়াছি, তখন পুরুষত্রয়ের রতি কি প্রকারে বহন করিব, এমত স্থলে মরণই শ্রেয়ঃ ৪।

স্পর্শহেতু অভিযোগ যথা—

স্বীয় ব্যগ্রতার কারণ জিজ্ঞাসাকারিণী আপনার সখীর প্রতি গত দিবসীয় বৃত্তান্ত বিজ্ঞাপন পূর্ব্বক কহিলেন, সখি! ব্রজপুর নিবিড়ান্ধকারে আচ্ছন্ন হওয়ায় আমি অভ্যন্তর মার্গ (ভিতরের পথ) দিয়া

গৃহীতা জাগর্য্যা তদবধি মদীয়াঙ্গজগণৈঃ
সশঙ্কৈর্যা পশ্য ক্ষণমপি ন সাদ্যাপ্যুপরতা। ৫ ॥

রূপাদ্যথ —হংসদূতে

কৃতাকৃষ্টিক্রীড়ং কিমপি তব রূপং মম সখী
সকৃদ্দৃষ্ট্বা দূরাদহিত-হিতবোধোজ্ঝিতমতিঃ।

লোচনরোচনী টীকা।

তাবদঙ্গবার্ত্তা অঙ্গজগণৈরঙ্গাজ্জাতৈস্তনূরুহসমূহৈরপি জাগর্য্যা গৃহীতা জাগর্য্যা উদ্গমঃ। শ্লেষেণ নিদ্রাচ্ছেদঃ। অঙ্গজগণপদেন কামস্য গণাঃ স্মিয়ন্তে। সশঙ্কৈঃ অহো কোঽয়ং সুখস্পর্শ ইতি বিতর্কসহিতৈরিত্যর্থঃ। এবং মনো ধর্ম্মোঽপি চমৎকারবিশেষেণ স্বত্বাং-শ্চারোপ্যতে। ৫।

কৃতাকৃষ্টিক্রীড়ং প্রেমানন্দস্বরূপং তব রূপং দৃষ্ট্বা অনুবিশন্তীত্যন্বয়ঃ। ততো হতাশেষং

আনন্দচন্দ্রিকা টীকা।

গাত্রং কর্তৃ অঙ্গজগণৈরঙ্গাজ্জাতৈর্লোমভিরিত্যর্থ জাগর্য্য গৃহীতেতি নিরন্তরমেব রোমাঞ্চো মে জাগর্ত্তে ইতি ভাবঃ। সশঙ্কৈরিতি তত্র মে শঙ্কৈব কারণমিত্যবহিত্থা। অত্র মনোধর্ম্মঃ শঙ্কা অঙ্গজেষারোপিতা শঙ্কাধিক্যজ্ঞাপনার্থং। ৫।

মথুরাস্থং শ্রীকৃষ্ণং ললিতা হংসদ্বারা শ্রীরাধাবিরহদশাং সন্দিশতি কৃতাকৃষ্টিরাকর্ষণং সৈব ক্রীড়া যস্যেতি তব রূপস্যৈব দোষো মম সখী কিং করিষ্যতীতি ভাবঃ অহিত-হিতেতি অত্যার্জবাদিতি ভাবঃ হতাশেষমিতি অস্যা অদৃষ্টমেবৈতাদৃশং তব কো দোষ

যাইতেছিলাম, দৈবাৎ কোন পুরুষের অঙ্গমাত্র আমার অঙ্গে সংস্পর্শ হইল, হে বয়স্যে। যদবধি সেই অঙ্গ স্পর্শ হইল, তাবৎ এই মদীয়াঙ্গ শঙ্কিত অঙ্গজ (লোম) সকলের সহিত জাগর্য্যা (উদ্গম) গ্রহণ করিল, হে সখি। নেত্রপাত করিয়া দেখ, অদ্যাপি তাহা ক্ষণকালের নিমিত্তও উপরত হইল না ॥ ৫ ॥

রূপহেতু অভিযোগ যথা—হংসদূতে।

ললিতা মথুরাস্থ শ্রীকৃষ্ণের নিকট হংস দ্বারা শ্রীরাধার বিরহ দশা নিবেদন পূর্ব্বক কহিলেন, হে মুরহর। আকর্ষণই যাহার ক্রীড়া এমত

ত ক্ষণং প্রেমানলমনুবিশন্তী সরভসং
পতঙ্গীবাত্মানং মুরহর মুহুর্দাহিতবতী ॥ ৬ ॥

রসাদ্যথা—

পুলকয়তি যদঙ্গং সেবতে গাত্রভঙ্গং
বহতি হৃদি তরঙ্গং সদ্য এবাদ্য মুগ্ধ ।

লোচনরোচনী টীকা

মিত্যেব কিং বক্তব্যং আত্মানঞ্চ দাহিতবতী। মুহুরিতি তজ্জ্বালদেশাদপগত্যাপগত্যেত্যর্থঃ ॥৬
কাপি সখী সখ্যা মুখে সদ্যস্তনং তাম্বূলচিহ্নং দৃষ্ট্বা কাঞ্চিদেকাকিতয়া তন্নিকটস্থাং দত্ত

আনন্দচন্দ্রিকা টীকা।

ইতি ভাবঃ সরভসং সানন্দং মুহুরিতি পতঙ্গী পক্ষে দ্বিত্রিবারমনলান্নিঃসৃত্যাপি পুনরনলং প্রবিষ্টা শ্রীরাধা পক্ষে ব্রজত্বেহপি তদানীং মনসগয়ে কতিবারমেব প্রেমত্যাগং সঙ্কল্প্যাপি পুনঃ প্রেমাণমেবাবিশদিত্যর্থঃ। ৬ ॥

কাচিৎ সখী স্বযূথেশ্বর্য্যাঃ শ্রীকৃষ্ণে রতিমাশাসানা তৎসুখসাধনঞ্চ তদীয়তাম্বূলচর্ব্বিতমনুভূয় তদেব বীটিকামধ্যগতং কৃত্বা তামলক্ষিতং ভোজয়ামাস ততশ্চ তাং সদ্য এবোৎপন্ন-

প্রেমানন্দস্বরূপ ত্বদীয় রূপ আমার প্রিয়সখী দূর হইতে একবারমাত্র অবলোকন করিয়া হিত হিত বোধ ত্যাগ করিয়াছেন এবং পতঙ্গী (শলভ রমণী) যেমন অগ্নির অভিরামরূপ সন্দর্শন করিয়া তন্মধ্যে দুই তিনবার প্রবেশ ও দুই তিনবার নির্গমন পূর্ব্বক পুনর্ব্বার তাহাতে প্রবেশ করিয়া স্বীয় শরীর দগ্ধ করে, তাহার ন্যায় শ্রীরাধা কতবার তোমার প্রেমানল পরিত্যাগ করিতে সংকল্প করিয়াও পুনশ্চ সেই প্রেমাগ্নিতে প্রবেশ করিতেছেন, তাহাতেই তাঁহার অঙ্গ সমুদায় বারম্বার দগ্ধ হইতেছে ৬।

রসহেতু যথা—

কাচিৎ সখী স্বীয় যূথেশ্বরীর শ্রীকৃষ্ণের প্রতি রতি কামনা করিয়া উভয়ের সুখসাধ্য তদীয় চর্ব্বিত তাম্বূল অনুভব করিলেন, অতএব ঐ চর্ব্বিত তাম্বূল বীটিকা মধ্যগত করিয়া অলক্ষিতে তাঁহাকে ভোজন

তদঘদমনবক্ত্রোদ্গীর্ণতাম্বূলমল্পং
স্ফুটমবিদিতমাস্যে ন্যস্তমস্যাস্ত্বয়ালি। ৭॥

গন্ধাদ্যথা—

বিভ্র জন্তে ক্ব সখি সুখিনঃ শাখিনো মোহনাস্তে
যেষাং পুষ্পৈরিয়মনুপমা বৈজয়ন্তী কৃতাস্তি।

লোচনরোচনী টীকা।

তাম্বূলং বিতর্ক্য তামঘদমনানুগতাং জ্ঞাত্বা তদুদ্গীর্ণতাম্বূলস্য তাদৃশং প্রভাবং পূর্ব্বমনুভূয় সখ্যাশ্চ সদ্যস্তনং বিকারং দৃষ্ট্বা তাম্বূলদাত্রীং প্রত্যাহ পুলকয়তীতি পুলকবৎ করোতীত্যর্থঃ। বিস্মতোলুর্ক্ চেতি শাব্দিকাঃ। ৭

আনন্দচন্দ্রিকা টীকা

বিকারাং বিবশাং জাতরতিং বিতর্ক্য কাচিদন্যা সখী তাম্বূলদাত্রীং প্রত্যাহ পুলকয়তি অঙ্গং পুলকবৎ করোতি বিস্মতোলুর্ক্ ইতি সূত্রপোলুক্ হৃদি তরঙ্গং সদ্য এবানুরাগসমুদ্রস্য বহতীং তত্তস্মাদস্যা আস্যে ন্যস্তং ৭॥

স্বসখ্যা দর্শিতামজ্ঞাপিতত্ত্বাং শ্রীকৃষ্ণনির্ম্মাল্যমালাং বৈজয়ন্তীমাঘ্রায় মুহ্যতি পুনঃ প্রবুদ্ধা চ সবিস্ময়মাহ বিভ্র জন্ত ইতি সুখিনো মোহনা ইতি যেষাং পুষ্পাণ্যপি সুখয়ন্তি সুখেনৈব মূর্চ্ছাং প্রাপয়ন্তি চ তে পুনর্ব্বিটপিত সুখয়ন্তো ভবন্তীত্যহমিমে ইতি ভাবঃ

করাইলেন, অনন্তর অকস্মাৎ ঐ যূথেশ্বরীকে উৎপন্নবিকার, বিবশা ও জাতরতি বিতর্ক করিয়া কোন অন্যা সখী তাম্বূলপ্রদায়িনী সখীকে কহিলেন, হে আলি! আজি অকস্মাৎ যখন তোমার এই মুগ্ধা সখীর অঙ্গে পুলকোদ্গম, গাত্রভঙ্গ (অলস) এবং হৃদয়মধ্যে অনুরাগসমুদ্রের তরঙ্গ উদ্গত হইতে দেখিতেছি, তখন নিশ্চয় বোধ হইল তুমি অঘদমনের কিঞ্চিৎ চর্ব্বিত তাম্বূল বীটিকা মধ্যে পূরিত করিয়া অলক্ষিতে ইহাঁর মুখমধ্যে অর্পণ করিয়াছ, নতুন হঠাৎ এরূপ বিকারাপন্ন হইবেন কেন? ৭

কোন সখী আপনার সখীকর্ত্তৃক প্রদর্শিতা অপরিচিতা শ্রীকৃষ্ণের বৈজয়ন্তীমালা আঘ্রাণ করিয়া প্রথমতঃ মোহপ্রাপ্ত হয়েন, কিয়ৎক্ষণানন্তর পুনর্ব্বার চেতনা লাভ করত বিস্ময় প্রকাশ পূর্ব্বক কহিলেন,

পশ্যাকৃষ্টভ্রমরপটলা যাতযামাপি কামং
যা ভূয়োভির্মম পরিমলৈঃ স্তম্ভয়ত্যদ্য চেতঃ ৮ ॥
লোকোত্তরপদার্থানাং প্রভাবঃ কোঽপ্যনর্গলঃ
রতিং তদ্বিষয়ং চাসৌ ভাসয়েত্তূর্ণমেকদা ৯ ॥

লোচনরোচনী টীকা

জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়মিতি নানার্থবর্গঃ ॥ ৮ ॥

তত্র তত্রাসম্ভাবনার্থমাহ লোকেতি। লোকোত্তরপদার্থানাং মণিমন্ত্রমহৌষধাদীনামপি কিমুত শ্রীকৃষ্ণসম্বন্ধিনামিত্যর্থঃ ৯ •

আনন্দচন্দ্রিকা টীকা

যাতযামেতি জীর্ণঞ্চ পরিভুক্তঞ্চ যাতযামমিদং দ্বয়মিত্যমরঃ ৮।

ননু কথং তাবদালম্বনস্বরূপনিশ্চয়েন তদ্বিষয়করত্যুৎপত্তির্যুক্তৈব অবিজ্ঞাততত্ত্বেভ্যঃ শব্দাদিভ্যস্তু বিষয়ালম্বনরূপাজ্ঞানাৎ কিমাকারা রতিরাবির্ভবেদিতিসংশয়ে সমাদধাতি লোকোত্তরপদার্থানাং মহাচমৎকারবত্তামপাকৃতবস্তূনাং শ্রীকৃষ্ণসম্বন্ধিনাং তদ্বিষয়ং তস্যা রতেরালম্বনং ভাসমেব প্রকাশয়েৎ একদা সহৈব তত্রাপি তূর্ণমেব ৯

সখি! যাহাদের পুষ্পসমূহ দ্বারা এই অনুপম বৈজয়ন্তীমালা নির্ম্মিত হইয়াছে, সেই সকল মোহনরূপ সুখময় তরু কোথায় বিরাজ করিতেছে? কি আশ্চর্য্য! তুমি নেত্র নিক্ষেপ করিয়া দেখ এই বৈজয়ন্তী যাতযাম (পরিভুক্ত) হইলেও ইহার গন্ধে মধুকর সকল আকৃষ্ট হইয়া আসিতেছে এবং স্বীয় পরিমল দ্বারা যথেষ্টরূপে পুনঃ পুনঃ আমার চিত্ত স্তম্ভিত করিতেছে ৮।

যদি বল রূপ হইতে আলম্বন স্বরূপের নিশ্চয়হেতু তদ্বিষয়ক রত্যুৎপত্তি উপযুক্ত কিন্তু যাহার তত্ত্ব পরিজ্ঞাত হয় নাই, এমত শব্দ রূপাদি হইতে বিষয়ালম্বন স্বরূপের অজ্ঞান প্রযুক্ত কিরূপা রতি আবির্ভূত হইবে, এই আশঙ্কার সমাধানপূর্ব্বক কহিলেন, যখন লোকোত্তর পদার্থের অর্থাৎ মণি মন্ত্র মহৌষধাদির প্রভাব অনর্গল (প্রতিবন্ধরহিত) তখন শ্রীকৃষ্ণ সম্বন্ধি শব্দাদির কথা কি, সে সকল এক কালীন স্ফূর্ত্তি ও রতিবিষয়ক আলম্বন শীঘ্র প্রকটিত করিয়া দেয় ৯।

অথ সম্বন্ধঃ

সম্বন্ধঃ কুলরূপাদিসামগ্রীগৌরবং ভবেৎ। ১০

ততো যথা—

বীর্য্যং কন্দুকিতাদ্রি রূপমখিলক্ষ্মা মণ্ডলীমণ্ডনং
জন্মাভীরপুরন্দরস্য ভবনে পারে পরার্দ্ধং গুণাঃ

লোচনরোচনী টীকা।

সম্বন্ধশব্দেনাত্র সম্বন্ধহেতুর্লক্ষ্যতে গৌরবমাধিক্যং ১০

বীর্য্যমিতি কস্যাশ্চিদ্ব্রজকুমার্য্যা বচনং ১১

আনন্দচন্দ্রিকা টীকা

কুলরূপশৌর্য্যসৌশীল্যাদীনাং সামগ্রী সমগ্রত্বং তস্যা গৌরবং কুলাদীনাং সম্পূর্ণত্বাধিক্য-মিত্যর্থঃ ১০।

কুলাঙ্গনায়াস্তব পরপুরুষে রতির্নোচিতেতি তৎপ্রেমপরীক্ষার্থং বদন্তীং সখীং প্রতি কাচিদাহ বীর্য্যমিতি হে দুর্মুখীতি যদেব মুখে আয়াতি তদেব ত্বং ব্রূষে বুদ্ধিস্তু তব নাস্ত্যেবেতি ভাবঃ বৃত্তিশ্চরিত্রং কন্দুকিতঃ কন্দুকসদৃশীকৃতোঽদ্রির্যস্মাত্তদ্বীর্য্যং পরাক্রমঃ

অথ সম্বন্ধ

কুল, রূপ, শৌর্য্য ও সৌশীল্য প্রভৃতি সামগ্রীর অর্থাৎ সমগ্রত্বের গৌরবকে (আধিক্যকে) সম্বন্ধ বলে ॥ ১০

কুলাদির গৌরবহেতু যথা—

তুমি কুলাঙ্গনা, পরপুরুষে রতি বহন করা উচিত হয় না, তদীয় প্রেম পরীক্ষাকারিণী সখী উক্তি করিলে কোন ব্রজসুন্দরী কহিলেন, অরে দুর্মুখি! যাহা মুখে আইসে তাহাই বলিস্, তোর কিছুমাত্র বোধ নাই, দেখ দেখি যাঁহার বীর্য্যে (বলে) পর্ব্বত কন্দুক সদৃশ হইয়াছে, যাঁহার রূপ নিখিল অবনীমণ্ডলের ভূষণস্বরূপ, যিনি আভীর-পুরন্দর নন্দভবনে জন্ম গ্রহণ করিয়াছেন, যাঁহার গুণ পরার্দ্ধের পর-পারে অবস্থিত এবং যাঁহার অনির্ব্বচনীয় লীলা জগৎকে বিস্মিত করি-তেছে, সেই বংশীধরের এই সকল লোকাতীত চরিত্র ক্ষণকালের জন্য কাহার ধৈর্য্য রক্ষা করিয়াছে? ।

লীলা কাপি জগচ্চমৎকৃতিকরী ত্বেতস্য লোকোত্তরা
স্ফূর্তির্বেণুধরস্য সুমুখি ধৃতিং কস্যাঃ ক্ষণং রক্ষতি ॥ ১১ ।

অথাভিমানঃ

সন্তু রম্যাণি ভূরীণি প্রার্থ্যং স্যাদিদমেব মে
ইতি যো নির্ণয়ো ধীরৈরভিমানঃ স উচ্যতে ॥ ১২ ॥

লোচনরোচনী টীকা

অভিমানস্য গাঢ়প্রাচীন মমতাভাস এব স্বরূপং। স চ সৌন্দর্য্যাদিকমনপেক্ষ্যৈব রতিমুৎপাদয়তি। তমেব কার্য্যভেদেনাহ সন্তু রম্যাণীতি। ১২।

আনন্দচন্দ্রিকা টীকা

পর কস্যাপি পালে গুণাগণ নিভৃতশব্দা ইত্যর্থঃ। বেণুধরস্যেতি যদ্যপি পূর্বোক্তেষু বীর্য্যরূপাদিষু মনঃ প্রণিধানং কুর্বত্যা ময়া কথঞ্চিৎ ধৃতিঃ ক্রিয়তে তদপি বেণুনৈব বাদ্যেন স্মারিতানি তস্য মাধুর্য্যাদীনি মে রতিমুৎপাদয়ন্তীতি ভাবঃ ১১

সন্তু রম্যাণীত্যভিমানোহয়ং মমতাস্পদে কোহপ্যনন্যতাময়ঃ সঙ্কল্পবিশেষঃ সচ রূপাদিকমনপেক্ষ্যাপি রতিমুৎপাদয়তি। যদ্যপি রক্তাসংস্কার স্বভাবদেব ভিদ্যতে তদপি বহির্হেতুসাপেক্ষত্ব নিরপেক্ষত্বাভ্যাং ভেদয়োর্ভেদঃ কল্পনীয়ঃ। দৃষ্টান্তে চ যথা সাধকভক্তানাং কস্যচিদ্ভগবতানন্যত্বঃ ত দৃশগুরুশিক্ষাদিজনিতং কস্যচিৎ সাহজিকঞ্চ ভবতি তথেতি জ্ঞেয়ং ১২

উক্ত উদাহরণে বংশীধর শব্দের তাৎপর্য্য এই যে, হে সখি! যদি কথঞ্চিৎরূপে শ্রীকৃষ্ণের বীর্য্যরূপাদিতে মনঃ প্রণিধান না করিয়া ধৈর্য্য ধারণ করিয়া থাকি, তাহ হইলে বেণুধরের বেণুরব তৎসম্বন্ধরূপ গুণাদির স্মরণ করাইয়া পুনর্ব্বার তাঁহাতে রতি উৎপন্ন করিয়া দেয় ॥ ১১ ।

অথ অভিমান।

ভূরি ভূরি রমণীয় বস্তু আছে থাকুক কিন্তু আমার এইটীই প্রার্থনীয়, এইরূপ নিশ্চয়করণকে পণ্ডিতগণ অভিমান বলেন

তাৎপর্য্য। মমতার আস্পদে যে কোন অনন্যতাময় সঙ্কল্প বিশেষ, তাহার নাম অভিমান এই অভিমান রূপাদিকে অপেক্ষা না করিয়া রতি উৎপাদন করিয়া দেয়। ১২ ॥

ততো যথা—

স্ফুরন্তু বহবঃ ক্ষিতৌ মধুরিমোর্মিধৌরেয়কা
বিদগ্ধমণয়ো গুণাবলিপতিম্বরাভির্বৃতাঃ।
ন যস্য শিখিচন্দ্রকঃ শিরসি নৈব বেণুর্মুখে
ন ধাতুরচনা তনৌ সখি তৃণায় মন্যে ন তং ॥ ১৩

লোচনরোচনী টীকা

তথৈবোদাহরতি স্ফুরন্ত্বিতি তচ্চাভিমতং ব্যতিরেকেণোপলক্ষণদ্বারা দর্শয়তি ন যস্যেতি এভিরুপলক্ষণৈঃ শ্রীমন্নন্দনন্দন এবোপলক্ষ্যতে নান্যঃ তৈরপ্যুপলক্ষ্যতে এব নতু বিশিষ্যতে ভোজনশয়নাদৌ তৈর্বিনাপি বস্তাবিচ্ছেদাৎ। অন্যস্য তৎপরিচ্ছেদত্বেঽপি রতিবিষয়ত্বাযোগ্যত্বাৎ কিন্তত্র সখি তৃণায় মন্যে ন তমিতি বৈশিষ্ট্যোক্ত্যা রতিজন্ম ব্যজ্যতে। তদিদঞ্চ বচনং স্বমনঃ প্রেমিকাং কাঞ্চিন্নিজসখীং প্রতীতি জ্ঞেয়ং ॥ ১৩

আনন্দচন্দ্রিকা টীকা

সখি বহুবল্লভং প্রেমশূন্যমতিকক্ষচেষ্টং কামিনং শ্রীকৃষ্ণং পরিত্যজ্য কস্মিংশ্চিদন্যস্মিন্ মহাগুণবতি পুরুষে রতিঃ কার্য্যেতি প্রেমপরীক্ষণার্থং পরিহসন্তীং নান্দীমুখীং শ্রীরাধা প্রাহ স্ফুরন্ত্বিতি ধৌরেয়কাঃ মাধুর্য্যতরঙ্গভারং বহন্ত ইত্যর্থঃ বিদগ্ধমণয়ো বিদগ্ধশ্রেষ্ঠা গুণাবলয় এব পতিম্বরাঃ স্বয়মেব পতিং বৃণ্বত্যস্তাভির্বৃতা ইতি মহতোঽপি গুণান্ যে নাপেক্ষন্তে কিন্তু গুণা এব সর্ব্বে স্বয়মত্যাগ্রহেণ যানাশ্রয়ন্তে ইত্যর্থঃ এবন্তু তাশ্চ বৈকুণ্ঠনাথ রঘুনাথাদয়ো যে তেষাং মধ্যে কস্মিংশ্চিদপি মে রুচির্নোৎপদ্যতে ইতি ভাবঃ রুচেঃ পুনঃ কা বার্ত্তা সম্মানোপচারস্ফূর্ত্ত্যাহ ন যস্যেত্যাদি ॥ ১৩ ॥ ১৪

যথা—

সখি! বহুবল্লভ, প্রেমশূন্য, অতিরুক্ষচেষ্ট, কামি, শ্রীকৃষ্ণকে পরিত্যাগ করিয়া অন্য কোন মহাগুণশালি পুরুষে রতি বিধান করা কর্ত্তব্য, এই বলিয়া প্রেমপরীক্ষার্থ নান্দীমুখী পরিহাস করিলে শ্রীরাধা কহিলেন, দেবি! এই মহীমণ্ডলে মাধুর্য্যতরঙ্গ ভারবহনকারি বিদগ্ধ-চূড়ামণি বহু বহু পুরুষ স্ফূর্ত্তি পাইতেছে, গুণশালিনী পতিম্বরা নারীরা তাহাদিগকে বরণ করে করুক কিন্তু যাহার মস্তকে শিখিচন্দ্রক (ময়ুর পুচ্ছ) বদনে মুরলী ও তনুতে ধাতুরচনা অর্থাৎ গৈরিকাদির তিলক নাই, হে সখি! আমি তাহাকে তৃণতুল্যও গণ্য করি না ॥ ১৩ ।

অথ তদীয়বিশেষাঃ

তদীয়ানং বিশেষাঃ স্যুঃ পদগোষ্ঠপ্রিয়াদয়ঃ ॥

তত্র পদানি

পদান্যত্র পদ ন্যাঃ স্যুঃ ১৪

ততো যথা—

স্ফুরতি সখি রথাঙ্গাম্ভোজদম্ভোলিভাজাং
তটভুবি বিশদেয়ং কস্য পঙ্‌ক্তিঃ পদানং।
হৃদয়মস্থং ঘূর্ণাঘাতমুদ্ঘাটয়ন্তী
মম তনুলতিকায়াং কুট্মলং যা তনোতি।

গোচনরোচনী টীকা।

তদীয়ানাং বিশেষা ইতি পূর্ব্ববদেবাসপি পকানিশেষে মন্তব্যঃ। ১৪

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধা বিশাখাং প্রত্যাহ। অথবা কৃপাবহিতা যা ঘূর্ণা অতিকষ্টদাত্রীত্যর্থঃ তয়া আঘ্রাতমানিষ্টং হৃদয়মুদ্ঘাটয়ন্তী আবিষ্কৃত্য লোকানপি দর্শয়ন্তীত্যর্থঃ তথাভূতাপি কুট্মলং হর্ষোৎথং পুলকং বিস্তারয়তীত্যতো মহদাশ্চর্য্যমিদং ত্বামহং পৃচ্ছামীতি স্বরভুয়ং তিং সখীং জ্ঞাপয়ামাস

অথ তদীয়বিশেষ।

পদ, গোষ্ঠ এবং প্রিয়া প্রভৃতিকে তদীয় সকলের অর্থাৎ কৃষ্ণসম্বন্ধি বিষয়সমূহের বিশেষ বলা যায় ॥

তন্মধ্যে পদ যথা—

এ স্থলে পদ শব্দে পদাঙ্ক কথিত হয়। ১৪ ॥

পদাঙ্ক যথা—

কোচিৎ গোপকুমারী দূরদেশ হইতে পরিণীতা হইয়া প্রথম ব্রজপুরে আগমনার্থ বৃন্দাবনে প্রবেশ লাভ করত আশ্চর্য্যের ন্যায় কহিল, সখি! কালিন্দীতট ভূমিতে এ কোন্ পুরুষের চক্র, পদ্ম ও বজ্রচিহ্নশালি চরণ সকলের নির্ম্মল পঙ্‌ক্তি? এ যে দর্শনমাত্রে আমার হৃদয়কে পীড়াপ্রদ ব্যাকুলতায় অভিনিবিষ্টরূপে উদ্ঘাটন এবং তনুলতিকায় লোমোদ্গম বিস্তার করিতে লাগিল।

অথ গোষ্ঠং

গোষ্ঠং বৃন্দাবনাশ্রিতং

ততো যথা—

মদয়তি হৃদয়ং সখি ব্রজোঽয়ং
মধুরিমভিঃ কচিদপ্যদৃষ্টপূর্ব্বৈঃ ।

লোচনরোচনী টীকা ।

মদয়তীতি কস্যাশ্চিদ্দূরতো নবপরিণীতায়াঃ প্রথমমেব ব্রজে প্রবিশ্যাঃ হৃং নন্দবৃন্দাবন-প্রবেশায়াঃ সাশ্চর্য্যং বচনং । তত্রাপি সাশ্চর্য্যং হৃদয়মিতি অন্যথা কৃপারহিতা পীড়াকর্ত্রীতি যাবৎ । তাদৃশী যা ঘূর্ণী ব্যাকুলত্বং তয়া আত্মাবিষ্টং হৃদয়মুদ্ঘাটয়ন্তী ব্যক্তী কুর্ব্বতী । মম

আনন্দচন্দ্রিকা টীকা

কেনচিদ্গোপেন দেশান্তরাৎ পরিণীয় শ্রীমন্নন্দব্রজং স্ববাসস্থলমানীতা নবোঢ়া বধূর্ব্রজ-ভূমিস্পর্শমাত্রেণৈব জাতভাবা স্বসখীং প্রত্যাহ মদয়তি হর্ষয়তি মত্তং করোতি তদেবাদৃষ্টা

অথ গোষ্ঠ

বৃন্দাবনাশ্রিত স্থানের নাম গোষ্ঠ ॥

যথা—

কোন গোপ দেশান্তর হইতে পরিণয় করিয়া নববধূকে স্বীয় বাসস্থল নন্দপুরে আনয়ন করিলে; ব্রজভূমি স্পর্শমাত্রে সেই নববধূ জাতভাবা হইয়া স্বীয় সখীর প্রতি কহিল, সখি ! অদৃষ্টপূর্ব্ব মাধুর্য্য-সমূহে এই ব্রজপুর আমার হৃদয় হর্ষিত করিতে লাগিল, অতএব তুমি নিশ্চয় জানিও, এই পুরে ত্রিভুবনভূষণ মধুরমূর্ত্তি কোন নায়কেন্দ্র বিহার করিতেছেন ।

উল্লিখিত উদাহরণের তাৎপর্য্য পূর্ব্বে উল্লেখ করা হইয়াছে; কৃষ্ণসম্বন্ধীয় বস্তু রতি ও রতিবিষয়ক আলম্বন এই দুই অতিশীঘ্র এক-কালীন প্রকটিত করিয়া দেয়, এস্থলে শ্রীকৃষ্ণসম্বন্ধীয় ব্রজপুর নববধূর

ইহ বিহরতি কোঽপি নাগরেন্দ্র-
স্ত্রিভুবনমণ্ডনমূর্ত্তিরিত্যবেহি ।

অথ প্রিয়জনঃ ॥

প্রৌঢ়ভাবানুবিদ্ধো যস্তস্য প্রিয়জনোঽত্র সঃ । ১৫ ॥

ততো যথা—

গুরুভিরপি নিষিদ্ধা তামহং যাবদক্ষ্ণোঃ
পদমনয়মনন্তঃ শ্রেয়সাং সদ্ম রাধে ।

লোচনরোচনী টীকা

শ্রুতচরমপি তদুদান্তিকায়াং কুট্মলং তজ্জণং রোমাঞ্চমাত্তেনোতি নহি পীড়াজনকালন্তিকায়াং কুট্মলং জায়ত ইতি ভাবঃ ১৫।

তদৈব দর্শয়তি গদয়ন্তীতি পূর্ব্ববদেব কস্যাশ্চিদনাগতায়াঃ শ্বশুরগৃহং শ্রীবৃষভানু-গৃহানুগতমেব শ্রীব্রজরাজগৃহং প্রতিদূরং গোষ্ঠস্যাষ্টক্রোশীপরিমিতত্বাৎ ততস্তস্যা গুরুভিঃ শ্রীকৃষ্ণপ্রস্তাবস্তস্যাশ্চিত্তক্ষেত্র ইত্যাশঙ্কায়াগৌ ততো নিবারিতঃ। ততশ্চ পিতৃগেহমা-

---

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণং যদি স্ফুরিতমহত্ত্বা সর্ব্বাঙ্গ্যা সখীমধ্যাং সন্ত্যাহ ইহেত্যাদি অত্র কারণং গোষ্ঠ-স্যৈব শক্তিবিশেষাৎ । [illegible] ভাগবতেঽপ্যেবমেবেতি । ১৫ ।

হে মদীয়স্নুষে মহাকুলপ্রসূতাপি রাধা সংপ্রত্যুন্মত্তাভূদিতি তস্যাঃ সঙ্গং ত্বং মাকার্ষীরিতি শ্রীকৃষ্ণাদাশঙ্কমানাভিঃ শ্বশ্র্বাদিভির্নিবারিতাপি কাচিৎ সকৃদেব তামবলোক্য জাতভাবা

হৃদয়ে এককালীন শ্রীকৃষ্ণবিষয়া রতি ও তাহার আলম্বনস্বরূপ শ্রীকৃষ্ণকে প্রকটন করিল ॥

অথ প্রিয়জন

যে ব্যক্তি প্রৌঢ়ভাবে অনুবিদ্ধ অর্থাৎ আক্রান্ত এস্থলে তাহাকেই তাঁহার প্রিয়জন বলে ॥ ১৫ ।

হে মদীয় স্নুষে ! (পুত্রবধূ !) শ্রীরাধা মহাকুল প্রসূতা হইয়াও সম্প্রতি উন্মত্তা হইয়াছেন, তুমি যেন তাঁহার সঙ্গ করিও না, ইত্যাদি বাক্যে শ্রীকৃষ্ণ হইতে আশঙ্কমানা শ্বশ্রূাদি কর্ত্তৃক নিবারিতা হইয়াও

তৃষিতমিব মনো মে প্রেক্ষতে তন্বি তাব-
দ্দিশি দিশি বিহরন্তীং শ্যামলাং শালভঞ্জীং।

অথোপমা।

যথ কথঞ্চিদপ্যস্য সাদৃশ্যমুপমোদিতা। ১৬।

ততো যথা—

নবাম্বুধরমাধুরী স্ফুরতি মূর্ত্তিরুর্ব্বীতলে
কৃশে দরি দৃশোরিয়াং পথি কিমীদৃশো বা যুবা।

লোচনরোচনী টীকা।

গতায়াং শ্রীরাধিকায়াং তস্যাস্তৎসঙ্গিনীনাঞ্চ জাড্যাদিময়ীমবস্থামাশঙ্ক্য তদ্দর্শনমপি নিবারিতং। তথাপি কথঞ্চিদ্দর্শনং প্রাপ্তবাংস্তস্যা নিজমঙ্গাগতাং সখীং প্রতি বচনং গুরুভিরপীতি তত্রানন্তশ্রেয়সামিতি তস্যাং স্বরুচিং ব্যঞ্জয়াপি কিমাশ্চর্য্যমাহ তৃষিতমিতি শালভঞ্জী প্রতিমা ১৬

ততো যথেতি সেয়ং প্রাচীন-তদীয়সাধনাতিশয়ভাবিতা রতিস্তমুপমানং গোপানং

আনন্দচন্দ্রিকা টীকা

কামপি স্বসুহৃদং বৈবশ্যকারণং পৃচ্ছন্তীমাহ গুরুভিরিতি। তজ্জাতীয়প্রেমসুখমহূভুমাং অনন্তেতি তস্যাংপি শাংক্লিং দোতায়ামাগ তৃষিতমিত্যমুরাগস্য শ্রীকৃষ্ণে শালভঞ্জীং প্রতিমাং ১৬

অস্মদেশীয় গোষ্ঠাধ্যক্ষস্য কস্যচিদ্গোপস্য কুমারী সভায়াং নৃত্যন্তং কমপি [illegible] ভাগ-

শ্বশুরগৃহে আগত, কোন নববধূ একবারমাত্র শ্রীরাধাকে অবলোকন করিয়া শ্রীকৃষ্ণে জাতভাবা হইল, তদ্দর্শনে কোন আপনার সুহৃজ্জন বৈবশ্যের (বিবশতার) কারণ জিজ্ঞাসা করায় কহিলেন, হে কৃশাঙ্গি! আমাকে গুরুজনের নিষেধ করিলেও আমি যদবধি নিখিল মঙ্গলের আস্পদ শ্রীরাধাকে নেত্রদ্বয়ের পদবীতে আনয়ন করিয়াছি, সেই হইতে আমার মন তৃষিতের ন্যায় হইয়া দিকে দিকে বিহারশালিনী শ্যামধাম শালভঞ্জী (প্রতিমা) দর্শন করিতেছে॥ ১৬।

অথ উপমা

যে বস্তু কোন বস্তুর যথাকথঞ্চিৎ সাদৃশ্য ধারণ করিলে তাহাকে তাহার উপমা বলে॥

যথা—

অস্মদেশীয় গোষ্ঠাধ্যক্ষ কোন গোপের কুমারী সভামধ্যে কোন

পুরঃ সুমুখি গোপতেঃ সদসি সন্নিবিষ্টস্য মে
পিতুর্বিতনুতে নটো যমনুকৃত্য নৃত্যক্রমং ॥ ১৭ ॥

যথা বা ॥

স্ফুরত্যেষ প্রেয়ানিব নবঘনস্তস্য সুভগে
শিখণ্ডীনাং শ্রেণীং তুলয়তি সুরেন্দ্রায়ুধমিদং ।

লোচনরোচনী টীকা।

বিধায়োপমেয়ে এব চিত্তং প্রাপয়ন্তী বঞ্চয়ন্তীতি ভাবঃ ১৭

তাদৃশনায়কত্বা তাদৃশবঞ্চনাযোগ্যত্বেঽপি তস্য তদনুকর্তুঃ সোপানতায়াং কিমুত জড়-পদার্থতয়া তদযোগ্যত্বেত্যাহ স্ফুরত্যেষ ইতি ১৮

আনন্দচন্দ্রিকা টীকা

গবাক্ষাদীক্ষ্য স্বসখীং সবিস্ময়মাহ নবাম্বুদেতি কিং শব্দঃ প্রশ্নে হে কৃশোদরি তব দৃশোঃ পথি ঈদৃশো যুবা কিং ইয়াৎ পান্থা্যং তেন ত্বং যদি তং পরিচিনোষি তদা তদ্দেশমেব ত্বং মামপি নয় যথা তমেব দৃষ্ট্বা জীবেয়মিতি পরবত্যুদ্ভবো ব্যঞ্জিতঃ যমনুকৃত্য যদীয়স্বভাব-চেষ্টাদিকং অভিনয়েন প্রদর্শ্য ইত্যর্থঃ ১৭

কৃত্রিমং সাদৃশ্যমুদাহৃত্য লৌকিকং সাদৃশ্যমুদাহর্তুমাহ যথাবেতি। স্বকারিতং কস্যাশ্চিদ্‌ ব্রজবালায়া রত্যুদ্গমং শ্রীকৃষ্ণং বিজ্ঞাপয়ন্তী বৃন্দা প্রাহ স্ফুরদিতি সা এবং মনসি নিশ্চিত-

নটকে বাতায়নরন্ধ্র (গবাক্ষ) হইতে অবলোকন করিয়া বিস্ময় প্রকাশ পূর্ব্বক আপনার সখীকে জিজ্ঞাসা করিলেন, হে সুমুখি! আমার পিতা গোপরাজের সভায় এই নট যাহার অনুকরণ করিয়া নৃত্যক্রম বিস্তার করিতেছে, অবনীতলে ইহার সদৃশ নবাম্বুধরমাধুরীস্ফূর্ত্তিশালী কোন যুবা কি তোমার নেত্রপদবী প্রাপ্ত হইয়াছে?

উক্ত উদাহরণে, হে সখি! তুমি যদি ঐ প্রকার পুরুষের পরিচয় পাইয়া থাক, তাহা হইলে সেই দেশে আমাকেও লইয়া চল, তাহাকে দেখিয়া জীবন ধারণ করিব, এতদ্দ্বারা স্বীয় রত্যুদ্ভব প্রকাশ পাইল ॥১৭

সাদৃশ্য উদাহরণার্থ কহিলেন, যথাবা।

বৃন্দা স্বয়ং কোন ব্রজবালার রতি উৎপাদন করিয়া তাহা বিজ্ঞাপন পূর্ব্বক শ্রীকৃষ্ণকে কহিলেন, হে ব্রজরাজতনয়! কোন ব্রজবালা গগনে নবঘন (নূতন মেঘ) অবলোকন করিয়া বলিতে লাগিল, ইহাকে যে

তমৌ বামো লক্ষ্মীরিব বিহরতে বিদ্যুদিতি সা
নিশম্যোদস্রাক্ষীত্বয়ি নিহিতবুদ্ধির্নিবসতি। ১৮।

অথ স্বভাবঃ।

বহির্হেত্বনপেক্ষী তু স্বভাবোঽর্থঃ প্রকীর্ত্তিতঃ।
নিসর্গশ্চ স্বরূপঞ্চেত্যেষোঽপি ভবতি দ্বিধা ॥ ১৯।

লোচনরোচনী টীকা।

বহির্হেত্বনপেক্ষীতি স্বত এব জন্মাদাবির্ভবতীর্থঃ ১৯।

আনন্দচন্দ্রিকা টীকা।

বুদ্ধিরর্পিতচিত্তা নিবসতি। নন্থ তত্তল্লক্ষণঃ স প্রেয়ান্ কীদৃশ ইত্যপেক্ষায়ামাহ এষ দৃশ্যমানো নবঘনঃ প্রেয়ানিব শ্রীকৃষ্ণ ইবেত্যাদি ১৮

অত্র রতেঃ কারণেষু অভিযোগাদিষু মধ্যে অং স্বভাবস্তাপি ব্যাখ্যানপ্রসঙ্গে যৈ বোচ্যতে রতের্নির্হেতুকত্বজ্ঞাপনার্থমেব নহি স্বাভাবিকী রতিরিত্যাদিত্যাক্তে রতের্হেতুত্বং প্রতীয়তে। কিঞ্চ প্রেষ্ঠা অভিযোগাদ্যা ইতি প্রস্তাবাৎ বাক্যেনাভিযোগাদিনা যদি ব্যাখ্যাতং নিরস্তং ইতি সর্বত্র অপি রতের্ভবতে নির্হেতুকত্বমেবেতি সিদ্ধান্তে ব্যক্তিতে লোকোক্তিরীত্যৈবাতে হেতুত্বমুক্তং ইতি নন্থ বহির্হেতবঃ পরস্পরগা উপমা তদীয়গুণাদয়ঃ অন্তর্হেতবশ্চানুরাগিত্ব-তৎপ্রাবল্যাদয়ঃ ত এব নির্হেতুকত্বাপেক্ষিতাত্বে অন্তর্হেতুসাপেক্ষাত ইতি দ্যোতে স্বত্যমত্র নিসর্গরূপেঽংশে অন্তর্হেতুস্তু অপেক্ষ্য ক্বচিৎ স্যাদেব ইত্যত আহ তদুদ্বোধ-

---

প্রিয়তমের ন্যায় স্ফূর্ত্তিশীল দেখিতেছি পুনশ্চ ঐ মেঘের স্নিগ্ধ কান্তিতে ইন্দ্রধনু অবলোকন করিয়া ময়ূর সকলের চন্দ্রকশ্রেণী সহ তুলনা করিতেছে এবং বিদ্যুৎ সন্দর্শনে বলিতেছে, এ কি পীতবাস বিহার করিতে লাগিল। হে গোকুলেন্দ্র! এই বলিয়া সেই ব্রজবালা তোমাতে চিত্ত অভিনিবেশ পূর্ব্বক অবস্থিতি করিতেছে। ১৮।

অথ স্বভাব

যে বাহ্যহেতুকে অপেক্ষা করে না অর্থাৎ স্বতই আবির্ভূত হয়, তাহার নাম স্বভাব। ঐ স্বভাব নিসর্গ এবং স্বরূপভেদে দুই প্রকার ১৯

তত্র নিসর্গঃ।

নিসর্গঃ সুদৃঢ়াভ্যাসজন্যঃ সংস্কার উচ্যতে।
তদুদ্বোধস্য হেতুঃ স্যাদ্গুণরূপশ্রুতির্মনাক্ ॥ ২০ ॥

ততো যথা—

স তর্জতু বতাগ্রজস্ত্যজতু মাং সুহৃদ্গণঃ
পিতা কিল বিলজ্জতাং ঘনদৃগম্বুরম্বাস্তু মে।

লোচনরোচনী টীকা

নিসর্গ ইতি সাধারণ তল্লক্ষণং অত্র তু মধুর-রতিসম্বন্ধে জ্ঞেয়ঃ। তথাচ সতি বহুভির্জন্মভিঃ সুচিরসিদ্ধত্বাৎ সুদৃঢ়ো যো মধুররত্যা অভ্যাসঃ পুনঃ পুনরাধিক্যেনোদয়ঃ। তস্য জন্মান্তরবাল্যাদিনা তিরোধানেঽপি তজ্জন্যস্তদীয়ো যঃ সংস্কারঃ স্যাত্তয়া স্থিতঃ স নিসর্গ ইত্যর্থঃ যথা সুষুপ্তৌ শুভাশুভ তৎকর্ম্ম ইতি ভাবঃ। ততশ্চ তস্য সংস্কাররূপেণ স্থিতস্য মধুররত্যাখ্যস্য ভাবস্যোদ্বোধে বর্দ্ধমানাবস্থত্বে শ্রীকৃষ্ণগুণরূপশ্রুতির্হেতুঃ স্যাত্তন্মনাগেব তাদৃশানাদৃতকৈতবৈব স্যাদিত্যেবার্থঃ বহির্হেতুনপেক্ষীতি সামান্যলক্ষণস্যাব্যাপ্তেরিতি ভাবঃ ২০

অতঃ স তদ্গুণশ্রুতি সিদ্ধ্যুদ্দীপনমেব ন তূৎপাদকং। উৎপাদকস্তু তমেবেতি যদুপুঙ্গব-

আনন্দচন্দ্রিকা টীকা

যেতি তদীয়োদ্বোধস্য হেতুরপি তত্রাপি হেতুরিত্যর্থঃ সুদৃঢ়াভ্যাসজন্য ইতি। সুদৃঢ়াভ্যাসোঽপি নিত্যসিদ্ধ এব জ্ঞেয়ঃ তজ্জন্যসংস্কারোঽপি প্রবাহপরম্পরয়ৈব তথা সচ লীলাশক্ত্যৈবৈব শ্রীকৃষ্ণরূপগুণশ্রবণমুপস্থাপয়তীতি নামমাত্রেণৈব হেতোর্হেতুতা ইত্যর্থঃ। অত এব মনাগিতি পদপ্রয়োগঃ ১৯ ২০

কুলকন্যায়াঃ পরমলজ্জ বত্যাস্তব বন্ধুজনানভিমতে পুরুষে আশক্তিব্যঞ্জককামলেখ-

তন্মধ্যে নিসর্গ যথা—

সুদৃঢ় অভ্যাস জন্য যে সংস্কার তাহার নাম নিসর্গ। ঐ নিসর্গ শ্রীকৃষ্ণবিষয়ক গুণরূপ শ্রবণ উদ্বোধকের (উদ্দীপকের) হেতু হইলেও তাহা অতি অকিঞ্চিৎকর, জন্মান্তরীয় সংস্কার বশতঃ স্বয়ং প্রকাশ পাইয়া থাকে ॥ ২০

গুণশ্রবণ নিমিত্ত স্বভাব যথা—

তুমি কুলকন্যা পরম লজ্জাবতী, তোমার বন্ধুজনের অনভিমত পুরু-

মনঃ সখি সমীহতে শ্রুতগুণশ্রিয়ং সর্ব্বথা
তমেব যদুপুঙ্গবং নতু কদাপি চৈদ্যং নৃপং ২১ ॥

যথাবা

অসুন্দরঃ সুন্দরশেখরো বা
গুণৈর্ব্বিহীনো গুণিনাং বরো বা।

লোচনরোচনী টীকা

নিত্যনয়োর্বাচ্য এব জ্ঞেয়ঃ তদিদঞ্চ বাক্যং শ্রীরুক্মিণ্যা এব ২১

তস্যা নিত্যপ্রেয়সীত্বেন স্বরূপসিদ্ধামেব রতিং বিতর্ক্যান্যস্যামেব নৈসর্গিকীং রতিমুদাহরন্ গুণরূপশ্রবণস্যানাবশ্যকতামেব দর্শয়তি অসুন্দর ইতি স্ফুরতু বহবঃ ক্রিতাবিত্যত্র

আনন্দচন্দ্রিকা টীকা

প্রেষণমনুচিতমিতি ব্রুবাণাং প্রেমপরীক্ষমাণাং স্বসখীং প্রতি শ্রীরুক্মিণীদেবী স্বনিষ্ঠামাবেদয়ন্ত্যাহ স তর্জ্জত্বিতি শ্রুতগুণশ্রিয়মিতি নারদাদিমুখাদ্গুণাদিশ্রবণপ্রসঙ্গ এব তদগুণস্যাপি শ্রবণং স্বনিত্যসিদ্ধস্বভাবোদ্বোধকং। ২১

পুরসুন্দর্য্যাং নিসর্গমুদাহৃত্য ব্রজসুন্দর্য্যামুদাহর্ত্তুমাহ যথাবেতি। যদ্বা গুণরূপাদিশ্রবণ-

পূর্ব্বে আসক্তিব্যঞ্জক কামলেখ্য প্রেরণ অনুচিত, প্রেমপরীক্ষার্থ ইত্যাদি উক্তিকারিণী স্বীয় সখীর প্রতি রুক্মিণীদেবী আত্মনিষ্ঠা আবেদন পূর্ব্বক কহিলেন, সখি! অগ্রজ আমাকে তর্জ্জন করেন করুন, সুহৃদ্বর্গ পরিত্যাগ করে করুক, পিতা লজ্জিত হয়েন হউন এবং আমার জননীর নেত্র হইতে অশ্রুপাত হয় হউক, কিন্তু নারদাদির মুখে যাঁহার গুণ শ্রবণ করিয়াছি, সেই যদুত্তমেই সর্ব্বতোভাবে আমার মন অনুরক্ত হইতেছে, কদাপি চৈদ্য নরপতির প্রতি রতি বহন করিতেছে না।২১

রুক্মিণী নিত্য প্রেয়সী এ প্রযুক্ত তাঁহার শ্রীকৃষ্ণে স্বরূপসিদ্ধা রতি, এরূপ বিতর্ক করিয়া অন্যতেও শ্রীকৃষ্ণবিষয়া নৈসর্গিকী রতির উদাহরণার্থ গুণ ও রূপ শ্রবণের অনাবশ্যকতা দেখাইয়া বলিতেছেন, যথাবা ॥

পূর্ব্বের ন্যায় প্রেমপরীক্ষাকারিণী স্বীয় সখীর প্রতি কাচিৎ ব্রজ-

দ্বেষী ময়ি স্যাৎ করুণাম্বুধির্বা
শ্যাম স এবাদ্য গতির্মমায়ং ২২॥

অথ স্বরূপং॥

অজন্যস্তু স্বতঃসিদ্ধঃ স্বরূপং ভাব ইষ্যতে।

লোচনরোচনী টীকা

যোঽভিমান উদাহৃতঃ স খলু বিনাপি প্রীতিং শুদ্ধপ্রেমাভিজাতাগ্রহমাত্রময়ঃ তেন চ জাতরতিস্বত্রোক্তা অত্র অভিমানসম্বন্ধেন তদৈবানাদিতো অনেকজন্মতো বা সিদ্ধেতি ভেদঃ ২২

অজন্যো ভাবঃ স্বরূপমিষ্যতে ইত্যন্বয়ঃ। নবজন্যত্বস্বভাব এব স্যাৎ। তদাহ স্বতঃসিদ্ধঃ ইতি চন্দ্রাদীনামাহ্লাদকত্বাদিবদিতি ভাবঃ তত্র চন্দ্রস্যাহ্লাদকতা সামান্যেঽপ্যাশ্রয়-বিশেষাংশ্চকোরকুমুদসমুদ্রচন্দ্রকান্তাদীন্ প্রাপ্য তদ্বিশেষা উদয়ন্তে যেন তেষামাস্বাদপ্রকাশ-সমুচ্ছূনতা দ্রবতা রূপা ভাবা মিথো বিলক্ষণা দৃশ্যন্তে ইতি তৎ তজ্জ্ঞেয়বস্তুবিশেষা বিতর্ক্যন্তে। তদ্বৎ শ্রীকৃষ্ণস্য তদাশ্রয়িণাং স্বরূপত এব তদ্ভাবহেতুত্বে স্থিতে অত্র তু মধ্যে শ্রীকৃষ্ণনিষ্ঠো

আনন্দচন্দ্রিকা টীকা।

হেতুত্বমনপেক্ষকমিতি জ্ঞাপয়িতুমাহ দ্বেষীতি। পূর্ববৎ স্বেমং নীলিমাণাং স্বসখীং প্রতি কাচিদাহ অসুন্দর ইতি শ্যাম ইত্যনেন রূপস্য প্রতচবত্বং ব্যক্তং ২২

স্বতঃসিদ্ধো ভাবো রত্যুৎপাদকো বস্তুবিশেষঃ স্বরূপমিষ্যতে ইত্যন্বয়ঃ। অজন্য ইতি বিশেষণং নিসর্গব্যাবৃত্ত্যর্থং তত্তচ্ছায়ার্থং তু ভিন্নোপক্রমে অজন্য ইতি বিশেষণস্য বৈয়র্থ্যাৎ জন্যত্বেন ন প্রতীয়মান ইত্যর্থঃ তেন শ্রীকৃষ্ণরূপগুণাদিভির্জন্যত্বেন প্রতীয়মানো নিত্য-সিদ্ধো ভাবো নিসর্গঃ তৈরজন্যত্বেনৈব সদা স্থিরস্তু স্বরূপমিতি ভেদো দ্রষ্টব্যঃ ননু সাধনসিদ্ধাসু শ্রীকৃষ্ণকান্তাসু জন্যত্বেন নিসর্গঃ নিত্যসিদ্ধাসু তাসু অজন্যত্বেন স্বরূপমিতি দ্বিবিধমিতি স্পষ্টং ন ব্যবস্থাপ্যতে। নৈবং পূর্বস্যাপি রতেঃ সমঞ্জসত্বেন ললনানিষ্ঠস্বরূপা-

সুন্দরী কহিলেন, সখি! অসুন্দর হউন বা সুন্দরশেখরই হউন, গুণহীন হউন বা গুণিশ্রেষ্ঠই হউন এবং আমাতে দ্বেষভাব প্রকাশ করুন বা করুণাসাগরই হউন, অদ্য সেই শ্যামই আমার গতি। ২২॥

অথ স্বরূপ।

অজন্য স্বতঃসিদ্ধ-অর্থাৎ রতি উৎপাদক বস্তুবিশেষকে স্বরূপ বলে

এতত্তু কৃষ্ণললনোভয়নিষ্ঠতয়া ত্রিধা ॥ ২৩ ॥

তত্র কৃষ্ণনিষ্ঠং

কৃষ্ণনিষ্ঠং স্বরূপং স্যাদদৈত্যৈঃ সুগমং জনৈঃ ২৪।

ততো যথা—

লোচনরোচনী টীকা।

ললনানিষ্ঠস্তদুভয়নিষ্ঠশ্চ স্বরূপবিশেষো দ্রষ্টব্য ইত্যাহ এতত্ত্বিতি। যথাপ্রত ইয়ং ব্যক্তিরিতি। অস্যান্বয়ঃ স্পষ্টত্বমেব যাস্যতি তদেবাহ ত্রিধেতি ২৩

কৃষ্ণনিষ্ঠং স্বরূপমিতি সামান্যতো লক্ষিতমপি প্রসঙ্গেঽস্মিন্ বিশেষতোঽবগন্তব্যং তর্হি কথং কেষাঞ্চিত্তত্র রতির্নোদেতি তত্রাহ অদৈত্যৈরিতি। দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ। বিষ্ণুভক্তিপরো দৈব আসুরস্তদ্বিপর্য্যয় ইতি বিষ্ণুধর্ম্মাগ্নেয়াদ্যনুসারেণ দৈত্যপ্রকৃতিভ্যোঽন্যৈরিত্যর্থঃ নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃত ইতি শ্রীভগবদুপনিষদ্ভ্যঃ। ২৪।

আনন্দচন্দ্রিকা টীকা।

সত্ত্বাৎ তাস্থ নিসর্গ এব বক্তুমুচিতঃ। নচ তাসাং সর্ব্বাসামেব সাধনসিদ্ধত্বং বক্তুং শক্যমতো নিসর্গঃ স তর্জ্জন্মিতাদিনা নিত্যসিদ্ধায়াং শ্রীরুক্মিণ্যামেবোদাহৃতঃ তেন মহাক্ষয়কূপজলং সমুদ্রজলয়োর্জন্যত্ব স্বতঃসিদ্ধত্বে ইব নিসর্গস্বরূপয়োর্জন্যত্ব স্বতঃসিদ্ধত্বে জ্ঞেয়ে

এতৎ স্বরূপং ॥ ২৩ ॥

শ্রীকৃষ্ণ এবাধারে নিতরাং তিষ্ঠতীতি কৃষ্ণনিষ্ঠং স্বরূপং স্বজন্মাত্ররত্যুৎপাদকো বস্তুবিশেষঃ তচ্চাদৈত্যৈর্দৈত্যপ্রকৃতিভ্যোঽন্যৈর্জনৈঃ। সুগমং সুপ্রাপং দৈত্যপ্রকৃতিভিস্তু দুষ্প্রাপং পেচকৈঃ সূর্য্যস্বরূপমিবেত্যর্থঃ যদুক্তং। স্বয়ং ভগবতৈব। দ্বৌ ভূতসর্গৌ লোকেঽস্মিন্ দৈব আসুর এব চ বিষ্ণুভক্তিপরো দৈব আসুরস্তদ্বিপর্য্যয় ইতি ন মাং দুষ্কৃতিনো মূঢ়াঃ প্রপদ্যন্তে নরাধমাঃ মায়য়াপহৃতজ্ঞানা আসুরং ভাবমাশ্রিতা ইতি। নাহং প্রকাশঃ সর্ব্বস্য যোগমায়াসমাবৃত ইতি চ ২৪

ঐ স্বরূপ কৃষ্ণ, ললনা এবং উভয়নিষ্ঠভেদে তিন প্রকার অর্থাৎ কৃষ্ণনিষ্ঠ, ললনা (স্ত্রী) নিষ্ঠ ও উভয়নিষ্ঠ ॥ ২৩।

তন্মধ্যে কৃষ্ণনিষ্ঠ যথা—

দৈত্য-প্রকৃতি ব্যতিরিক্তজনদিগের কৃষ্ণনিষ্ঠ-স্বরূপ অনায়াসলভ্য॥২৪

উক্ত বিষয় যথা—

ইয়ং ব্যক্তির্গোপী ন ভবতি পুরঃ কিন্তু কুতুকী
হরির্নারীবেশো যদখিলসুরস্ত্রীর্ধুবতি নঃ।
জগন্নেত্রশ্রেণীতিমিরহরণায়াম্বরমণিং
বিনা কস্যান্যস্য প্রিয়সখি ভবেদৌপয়িকতা। ২৫॥

অথ ললনানিষ্ঠং॥

স্বরূপং ললনানিষ্ঠং স্বয়মুদ্বুদ্ধতাং ব্রজেৎ।

লোচনরোচনী টীকা।

অথ প্রস্তুতত্বাদ্বিশেষ এবোদাহরতি * ততো যথেতি। ২৫॥

স্বরূপং ললনানিষ্ঠমিতি ইন্দুলালীনামিব জন্মত এব মধুররসযোগ্যতা কৃষ্ণ ইতি

আনন্দচন্দ্রিকা টীকা।

স্বপ্রেয়সীমানোপশমনার্থং স্ত্রীবেশধারিণং শ্রীকৃষ্ণং ব্রজনগরবীথ্যাঞ্চলন্তমালোক্য বিমানচারিণ্যো দেব্যঃ পরস্পরং স্ববিতর্কমূচুঃ। ইয়মিতি ধুনোতি অন্তঃকন্দর্পোদ্‌গমনেন কম্পয়তীতি স্বস্বরত্যুৎপত্তিং জ্ঞাপয়ামাসুঃ ন কেবলমস্মান্ সুরস্ত্রীরেব রতিমতীঃ করোতি অপি তু জগত্যস্মিন্ সর্বাংশেব স্ত্রীপুংসমাজানপি রতিমন্তি করোতীত্যাহুঃ জগদিত্যাদি। ঔপয়িকতা যোগ্যতা ব্রজপুরসুন্দরীষু ললনানিষ্ঠস্বরূপনিসর্গয়োরপি রত্যুৎপাদকয়োঃ সত্ত্বাৎ প্রাথম্যেন তৎপরার্থং তদিন ভূতাসু সুরস্ত্রীষ্বেব শ্রীকৃষ্ণনিষ্ঠং স্বরূপমুদাহৃতং ২৫

ললনানিষ্ঠমিতি ললনাশ্চ ব্রজগোপ্য এব জ্ঞেয়াঃ স্বয়মুদ্বুদ্ধতাং ব্রজেদিতি নিসর্গো

স্বীয় প্রেয়সীর মান উপশম নিমিত্ত শ্রীকৃষ্ণ নারীবেশ ধারণ করিয়া ব্রজনগরের বিথীতে গমন করিতেছেন, বিমানচারিণী দেবীগণ অবলোকন করিয়া কহিতে লাগিলেন, দেবি। অগ্রে এই যে দেখিতেছ, এ ব্যক্তি গোপী নহে, বোধ হয় কৌতুক বশতঃ শ্রীকৃষ্ণ নারীবেশ ধারণ করিয়াছেন, কি আশ্চর্য্য। আমরা সকল সুরস্ত্রী, নেত্রপথগামী হইয়া ইনি আমাদের হৃদয় কম্পিত করিতে লাগিলেন। হে প্রিয়সখি। জগতীস্থ নেত্রনিচয়ের তমো নাশ করিতে সূর্য্য ভিন্ন কি অন্যের যোগ্যতা আছে ?।

উক্ত উদাহরণে অম্বর প্রকৃতি ব্যতিরিক্ত সুরবনিতাদিগের কৃষ্ণনিষ্ঠ স্বরূপানুভব সুখ স্বতঃ উৎপন্ন হইল। ২৫॥

ললনানিষ্ঠ-স্বরূপ যথা—

ললনানিষ্ঠ স্বরূপ স্বয়ং উদ্দীপনত্ব প্রাপ্ত হয়, যেহেতু ঐ স্বরূপ জন্মা-

অদৃষ্টেঽপ্যশ্রুতেঽপ্যুচ্চৈঃ কৃষ্ণে কুর্য্যাদ্দ্রুতং রতিং ॥ ২৬ ॥

ততো যথা—

জিহীতে যঃ কক্ষাং ক্বচিদলমদৃষ্টা শ্রুতচর-
স্ত্রিলোক্যামস্তীতি ক্ষণমপি ন সম্ভাবনময়ীং।
ঘনশ্যামং পীতাম্বরমহহ সঙ্কল্পযদমুং
জনং কঞ্চিদ্গোষ্ঠে সখি মম বৃথা দীর্য্যতি মনঃ ॥

লোচনরোচনী টীকা।

তাদৃশীনাং প্রাচীনসংস্কারেণ তদেকস্মরাণত্বাৎ। ২৬

অতিবিদূরস্থিতায়াঃ কস্যাশ্চিদ্গোপকন্যায়া বচনং জিহীত ইত্যন্বয়ঃ। সম্ভাবনময়ীং কক্ষাং ন প্রাপ্নোতীত্যর্থঃ কক্ষা প্রকোষ্ঠঃ সম্ভাবনাস্পদতাং। গোষ্ঠে ইতি গোষ্ঠবিশেষ ইত্যর্থঃ।২৭

আনন্দচন্দ্রিকা টীকা।

যথা নিজোদ্বোধকং রূপগুণশ্রবণং মনাগপেক্ষতে তথা নেত্যর্থঃ। অতিবলিষ্ঠত্বাদিতি ভাবঃ তদেবাহ অদৃষ্টেঽপীতি কৃষ্ণে কৃষ্ণে এবেতি ব্যাখ্যেয়ং অন্যাবত্য শ্রীকৃষ্ণদর্শনশ্রবণাদিকং বিনাপি তত্রৈব রতিং কুর্য্যাৎ স্বয়মেব শ্রীকৃষ্ণস্ফূর্ত্তেরিতি ভাবঃ। অত্র কৃষ্ণ এবেতি সামান্যতঃ পুরুষবিষয়কত্বোৎপাদকলগ্নানিষ্ঠং স্বরূপং ব্যাবৃত্তং ২৬

অতিদূরস্থিতা কাপি গোপকুমারী কিম্বা শ্রীরাধৈব শ্রীকৃষ্ণদর্শনশ্রবণাৎ পূর্ব্বমেব স্বয়ং স্ফুরিতং শ্রীকৃষ্ণমনুভূয় জাতভাবা ঔন্মনস্য কারণং পৃচ্ছন্তীঃ সখীঃ প্রত্যাহ যোজনঃ ত্রিলোক্যাং ক্বচিদপি দেশে কালে বা অস্তীতি সম্ভাবনময়ীং কক্ষাং পদবীং ক্ষণমপি ন জিহীতে ন প্রাপ্নোতি তমেব জনং সঙ্কল্পয়ৎ স্বরসপদ্মেন বরীতুমিচ্ছৎ মম মনো বৃথা দীর্য্যতীতি তং বিনা অন্যস্মিন্ ন স্বীকারাৎ তস্য চ ত্রিলোক্যামসত্ত্বাৎ সঙ্কল্পস্যাপ্যফলিত্বাদিতি ভাবঃ

যদি শ্রীকৃষ্ণের রূপ দর্শন অথবা গুণ শ্রবণ ব্যতিরেকেও তাঁহাতে অতি-দ্রুত গাঢ়রতি উৎপাদন করিয়া দেয় ॥ ২৬

যথা—

অতিদূরস্থিতা কাচিৎ গোপকুমারী অথবা শ্রীরাধাই বা শ্রীকৃষ্ণের দর্শন ও তদীয় গুণ শ্রবণের পূর্ব্বেই স্বয়ং স্ফূর্ত্তিশীল শ্রীকৃষ্ণকে অনুভব করিয়া জাতভাবা হইলে অন্যমনস্কের কারণ জিজ্ঞাসাকারিণী সখী-গণকে কহিলেন, সখিবৃন্দ! কখন যিনি নেত্রগোচর হন নাই, কখন

অথোভয়নিষ্ঠং ॥

তৎ স্যাদুভয়নিষ্ঠং যৎ স্বরূপং কৃষ্ণসুভ্রুবোঃ ॥

ততো যথা—ললিতমাধবে ।

সহচরি হরিরেষ ব্রহ্মবেশং প্রপন্নঃ
কিময়মিতরথা মে বিদ্রবত্যন্তরাত্মা ।

আনন্দচন্দ্রিকা টীকা

শ্রীকৃষ্ণ সুভ্রুবোর্দ্বয়োরেব স্বরূপং যুগপদভিব্যক্তোপলভ্যতে ইতি শেষঃ ॥

সূর্য্যপূজাপ্রসঙ্গে ব্রাহ্মণবেশধারিণং শ্রীকৃষ্ণমালোক্য তৎকালমবিজ্ঞাততত্ত্বাপি তদ্দর্শনজেন স্বীয়রত্যুদ্ভবেনৈব তং শ্রীকৃষ্ণমনুমিমানা শ্রীরাধা ললিতাং প্রত্যাহ সহচরী ব্রহ্মবেশং ব্রাহ্মণবেশং । ননু কেন প্রকারেণ ব্রাহ্মণবেষমপ্যেনং শ্রীহরিং নিশ্চিনোষীত্যত আহ কিময়মিত্যাদি অন্যথানুপপত্তিরেবাত্র প্রমাণমিতি ভাবঃ এতেন কৃষ্ণনিষ্ঠং স্বরূপং সম্ভিব্যক্তং ললনানিষ্ঠং স্বরূপমপি তদৈবাভিব্যক্তং অর্থান্তরন্যাসেন স্পষ্টীকৃতং শশধরেতি চন্দ্রকান্তমণিনির্ম্মিতা বেদী চন্দ্রস্য জ্যোৎস্নাং বিনা ন স্রবতীতি। অত্র চন্দ্রনিষ্ঠং স্বরূপমাহ্লাদকত্বং প্রকাশশৈত্যয়োঃ সাহিত্যঞ্চ তচ্চ সর্ব্ববস্তুগতমেবাতশ্চন্দ্রকান্তমণাবপি দৃষ্টং স্বেদস্তু চন্দ্রকান্তমণিনিষ্ঠমেব স্বরূপং অন্যত্র মৃৎপাষাণাদিষু তদদর্শনাৎ স চ স্বেদশ্চন্দ্রং বিনা চন্দ্রকান্তমণেঃ স্বতো ন ভবতি চন্দ্রস্য স্মরণেশ্চন্দ্রমাত্র প্রাপ্যস্বরূপত্বং যথা তথাচ চন্দ্রকান্তস্থানীয়ললনাগণঃ

যাঁহার গুণ শ্রবণ করি নাই, ত্রিলোকীমধ্যে আছেন বলিয়া ক্ষণকালের নিমিত্তও যিনি সম্ভাবনাগামী পদবী প্রাপ্ত হইতেছেন না, কিন্তু এই গোষ্ঠমধ্যে সেই পীতবসন ঘনশ্যাম কোন জনকে স্বীয় রমণরূপে বরণ করিতে আমার মন সুখ ক্লেশ পাইতেছে ।

অথ উভয়নিষ্ঠ ।

কৃষ্ণ এবং ললনা এই দুইয়ের পরস্পর স্বরূপ এককালীন যাহাতে ব্যক্ত হয়, তাহার নাম উভয়নিষ্ঠ ॥

ঐ বিষয় যথা— ললিতমাধবে ।

সূর্য্যপূজাপ্রসঙ্গে ব্রাহ্মণবেশধারি শ্রীকৃষ্ণকে অবলোকন করিয়া তৎকালীন তদীয় তত্ত্ব অনভিজ্ঞ হইলে তাঁদর্শনে আপনার রতি উৎপন্ন হেতু তাঁহাকে শ্রীকৃষ্ণ বলিয়া অনুমান করত শ্রীরাধা ললিতার প্রতি

শশধরমণিবেদী স্বেদধারাং প্রসূতে
ন কিল কুমুদবন্ধোঃ কৌমুদীমন্তরেণ। ২৭॥
প্রোক্তা অত্রাভিযোগাদ্যা বিলাসাধিক্যহেতবে।
রতিঃ স্বভাবজৈব স্যাৎ প্রায়ো গোকুলসুভ্রুবাং ২৮॥

লোচনরোচনী টীকা

নহু গোকুলসুভ্রুবঃ প্রায়ো নিত্যপ্রেয়স্য এব ততস্তাসাং লীলাশক্তিপ্রাপিতজন্মান্তঃ-স্ত্রীণাং স্বভাবজৈব স্যাৎ। তর্হি কথং তাসামপি ক্বচিদভিযোগাদয়ো রতিহেতুতয়া বর্ণ্যন্তে। তত্রাহ প্রোক্তা ইতি অভিযোগো বক্ত্যাভিব্যঞ্জনা তদাদ্যা রূপগুণানুভবাদয়ঃ ২৮

আনন্দচন্দ্রিকা টীকা

স্বরূপ বিশেষশ্চন্দ্রস্যাপ্যঙ্গীকর্ত্তব্য ইতি চন্দ্রকান্তচন্দ্রয়োরুভয়নিষ্ঠস্বরূপমিব গোপীকৃষ্ণয়ো-রুভয়নিষ্ঠং স্বরূপং কৃষ্ণনিষ্ঠ-ললনানিষ্ঠাভ্যাং স্বরূপাভ্যাং পৃথগেবাবগন্তব্যং অতএব ভেদত্রয়ং কৃতং তথাহি সজ্জনমাত্র-রতিদায়কত্বং কৃষ্ণনিষ্ঠং স্বরূপং অদৃষ্টাশ্রুতস্যাপি কৃষ্ণস্য স্ফূর্ত্তিমত্ত্বং ললনানিষ্ঠং স্বরূপং শ্রীকৃষ্ণদর্শনমাত্রোৎপত্ত্যাতিশয়বত্ত্বং গোপীক্ষোভাতিশয়কারিত্বঞ্চেতি দ্বয়-মুভয়নিষ্ঠস্বরূপং। কিঞ্চ চন্দ্রং প্রাপ্য কুমুদচন্দ্রকান্তচকোরসমুদ্রাদয়ঃ প্রফুল্লত্ব-দ্রবত্ব-রসাস্বাদসমুচ্ছলত্বাদিধর্ম্মবন্তো ভবন্তি তথা চন্দ্রোঽপি তান্ প্রাপ্য তত্তদ্ধর্ম্মপ্রদো ভবতি। এবং গোপীজনবিশেষ শ্রীকৃষ্ণসাহিত্যাদুভয়নিষ্ঠস্বরূপস্য বহুভেদকং তারতম্যং জ্ঞেয়ং। অত্র স্বরূপস্য ভেদত্রয়ং তচ্চ জ্ঞানব্যুৎপত্ত্যর্থমেব কৃতং বস্তুতস্তু ললনানিষ্ঠস্বরূপমেকমেব ব্রজ-দেবীষু বিবক্ষিতং তদেব নিসর্গাদুৎকৃষ্যতে অন্যদ্বয়মুদ্দীপনমেব এব পর্য্যাপ্নোতি ২৭।

এবং রত্যুৎপত্তেঃ কারণানি লোকোক্তিরীত্যৈবোক্তানি বাস্তবং সিদ্ধান্তমাহ প্রোক্তা ইতি বিলাসাধিক্যেতি অভিযোগাদীনামুদ্দীপনত্বাধিক্যমেব বস্তুতঃ ফলিতমিতি ভাবঃ স্বভাবজেতি কাসাঞ্চিদতিশ্রেষ্ঠানাং শ্রীরাধাদীনাং স্বরূপজা অপরাসাং কাসাঞ্চিন্নিসর্গজা চ ভবতীত্যর্থঃ। প্রায়ঃ পদেনেতি কাসাঞ্চিদর্ব্বাচীনকল্প এব সাধনসিদ্ধানাং নিসর্গস্বরূপয়োঃ সত্ত্বাদভিযোগাদয় এব রত্যুৎপত্তেঃ কারণানি ভবন্তীতি জ্ঞাপিতং পূর্ব্বসুভ্রুবাত্তু নিসর্গস্নে-হতাস্বেব সাধনসিদ্ধানাং কাসাঞ্চিদভিযোগাদিজাপেতি জ্ঞেয়ং। ২৮॥

কহিলেন, সহচরি! ইনি নিশ্চয় হরি, ব্রাহ্মণবেশ ধারণ করিয়াছেন, যদি বল কি প্রকারে জানিলে? হে সখি! তাহা না হইলে আমার অন্তরাত্মা দ্রবীভূত হইবে কেন? বল দেখি, কুমুদবান্ধব (চন্দ্রের) কৌমদী (জ্যোৎস্না) ব্যতিরেকে কি কখন চন্দ্রকান্তমণি-নির্ম্মিত বেদীর স্বেদবারি বিগলিত হয়? ॥ ২৭ ॥

বিলাসের আধিক্য নিমিত্ত এস্থলে অভিযোগ অর্থাৎ রূপ গুণ অনু-

সাধারণী নিগদিতা সমঞ্জসাহসৌ সমর্থা চ
কুব্জাদিষু মহিষীষু চ গোকুলদেবীষু চ ক্রমতঃ।

লোচনরোচনী টীকা।

সাধারণ্যাদীনাং লক্ষণং তারতম্যার্থং শব্দেন গম্যতে। তথাহি সমর্থ খলু দৈব স্যাৎ। যা স্বে স্বরূপ্যাতিশয্যা সম্যক্ চাপল্যং পুষ্টিং যেতি তদুক্তং [illegible] দৈবার্পিতাত্মানো লোকযুগ্মানপেক্ষিণেতি। বক্ষ্যতে চ ইয়মেব রতিঃ প্রৌঢ়া মহাভাবদশাং ব্রজেদিতি। অথ যা অন্যা রতিঃ সমঞ্জসাখ্যা সা খলু লোকধর্মাপেক্ষয়া তদোচ্যতে চ। অতএব নাতিসমর্থা অতএব চ ভাবাস্থিমাং সীমাং ন প্রপদ্যতে ইতি ভাবঃ ন চাস্যাঃ সমঞ্জসাখ্যত্বেন সমর্থায়া অসমঞ্জসত্বমাপাতীতি বাচ্যং। তৌ হি লোকধর্মৌ তস্মাহিষাদ্ভুতা-দ্বহির্বর্তিনাবেব গৃহীতৌ তত্তৈস্তত্তদমুসারেণৈব তস্যাঃ সমঞ্জসেত্যাখ্যা কৃতা পরম [illegible]

আনন্দচন্দ্রিকা টীকা

এবং রতেঃ কারণান্যুক্ত্বা রতেস্তেভেদাংস্তেষাং তারতম্যার্থং সাধারণী কুব্জাদিষু মণিবৎ নাতিসুলভেতি কুব্জাদিভ্যোহন্যৈরপি যত্নতো লভ্যেত্যর্থঃ আদিপদেন দেবাঙ্গনা মথুরা-স্থনা বিদর্ভাঙ্গনাশ্চ গ্রাহ্যা ইতি কেচিৎ কুব্জায়ামেব সখ্যোদাসীশ্চ গ্রাহ্যা সমঞ্জসা মহিষীষু চিন্তামণিবদতিশয় দুর্লভা স্ফুরত্যেতেতি মহিষীভ্যোহন্যৈঃ কৈশ্চিদেব কদাচিদেব মহাভাগ্যৈরেব লভ্যেত্যর্থঃ যদুক্তং অপি পুলা মহাপ্রানন্ডপম আহুঃ পিতে উত্তারেঃ অপদেশাদিং মাথুর্যবসজং বিভূষিতি মহাকোষ্ঠবচনং সমর্থা গোকুলদেবীষু কৌস্তুভমণিবৎ অনন্যলভ্যেতি যথা কৌস্তুভমণিঃ শ্রীকৃষ্ণাদন্যৈর্ন লভ্যতে তথৈব গোকুলদেবীভ্যোহন্যৈ-রপি ন লভ্যেত্যর্থঃ। যদুক্তং নায়ং শ্রিয়োহঙ্গ উ নিতান্তরতেঃ প্রসাদ ইত্যাদি। রাগানুগ-মার্গৈঃ সাধকভক্তৈর্লভ্যত্বেহপি তেষাং গোকুলদেবীভাবভাবিতত্বেন তদনন্যত্বাৎ অত্র

ভবাদি উদ্দীপন সকল কথিত হইল, কিন্তু ব্রজসুন্দরীদিগের প্রায়ই শ্রীকৃষ্ণে স্বভাবসিদ্ধ রতি ॥ ২৮ ॥

রতির ভেদ সকল উল্লেখ করিয়া তদ্দ্বারা রতির তারতম্য বলিতে-ছেন যথা—

উল্লিখিতা রতি, কুব্জ, মহিষী ও ব্রজসুন্দরী সকলে ক্রমশঃ সাধারণী, সমঞ্জসা ও সমর্থাভেদে মণির ন্যায়, চিন্তামণির ন্যায় এবং কৌস্তুভমণির ন্যায় তিন প্রকার হয় অর্থাৎ মণি যেমন অত্যন্ত সুলভ নয়, তাহার ন্যায় কুব্জাদি ব্যতিরেকে সাধারণী রতি সুলভা হয় না, তথা চিন্তামণি যদ্রূপ

মণিবচ্চিন্তামণিবৎ কৌস্তুভমণিবদ্দ্বিধাভিমতা
নাতিসুলভেয়মভিতঃ সুদুর্ল্লভা স্যাদনন্যলভ্যা চ। ২৯।

তত্র সাধারণী।

নাতিসান্দ্রা হরেঃ প্রায়ঃ সাক্ষাদ্দর্শনসম্ভবা।

লোচনরোচনী টীকা

র্থিকানুসারেণ তু সমর্থৈব পরমসমঞ্জসা　তদুক্তং　এতা পরং তনুভৃত ইত্যাদিভিঃ। অথ যাস্যা সাধারণী সা তু ন্যূনত্বাদেব ত্ত্রয়ে চোক্তে লোকে চ তচ্ছব্দপ্রয়োগ স্তত্র দৃশ্যতে ন্যূনত্বঞ্চ সম্ভোগেচ্ছামূলতয়া তিরস্কৃতত্বাৎ। তত এবাস্থিরত্বাৎ পুষ্টিযোগ্যত্বাভাবাৎ। সম্ভোগেচ্ছা-সত্বাদের্ভেদস্তু সমর্থালক্ষণে ব্যক্তী ভবিষ্যতি তদনুসারেণৈবাসাং লক্ষণানি ব্যাখ্যাস্যন্তে। অনন্যলভ্যেতি অন্যেনাপ্যলভ্যেৰ্থঃ তত্র দৃষ্টান্তে শ্রীকৃষ্ণাদন্যেনেতি দার্ষ্টান্তিকে গোকুল-দেবীভ্যোঽন্যেতি ব্যাখ্যেয়ং ২৯।

নাতিসান্দ্রেতি ব্যাখ্যাস্যতে　তাদৃশত্বায় নত্বসম্পায়াতং ৩০

আনন্দচন্দ্রিকা টীকা।

কুব্জাদ্যাস্তিঃ সাধারণীতি সমঞ্জসাসমর্থে অসাধারণ্যে জ্ঞেয়ে মহিষী রতিঃ সমঞ্জসেতি সাধারণী-সমর্থে অসমঞ্জসো জ্ঞেয়ে　লোকধর্ম্মানভিমতত্বমেব তয়োরসামঞ্জস্যং　যদুক্তং উত্তরীযান্ত-মাকৃষ্যেতি তথা যা দুস্ত্যজং স্বজনমার্য্যপথঞ্চ হিত্বা ইতি　এবং গোকুলদেবীরতিঃ সমর্থেতি সাধারণীসমঞ্জসে অসমর্থে জ্ঞেয়ে　তয়োরসমর্থত্বং শ্রীকৃষ্ণবশীকারাদিষু বক্ষ্যমাণরীত্যা জ্ঞেয়ং। কিঞ্চ। সমর্থেত্যত্র বিষয়বিশেষানুপাদানাদয়ং সম্ভবং বিষয়োঽবশ্যমর্পণীয় এব তথাহি স্বয়মপ্য শ্রীকৃষ্ণস্য সর্ব্বতোভাবেন বশীকারে তদ্রূপগুণরূপমাধুর্য্যাণাং সামস্ত্যে-নাস্বাদনায়াং তথা স্বমাধুর্য্যানুভাব্যমানস্য তস্যাপি মোহনে পরচমৎকারপ্রাপণে চ স্বতো-ঽপি মহৈশ্বর্য্যস্য বিস্মারণে তথা সার বপস্য রূপগুণকলামাধুর্য্যাণাং সামস্ত্যেনাস্বাদনায়াং নিত্যনবীনীকরণে সর্ব্বোৎকর্ষে চ সামর্থ্যবতীতি সমর্থা ২৯

এবং সাধারণী সমঞ্জসা সমর্থানামসমর্থানামপি স্পষ্টপ্রতিপত্ত্যর্থং লক্ষণমাহ নাতিসান্দ্রা

চতুর্দ্দিকে সুদুর্ল্লভ, তদ্রূপ কৃষ্ণমহিষী ব্যতিরেকে সমঞ্জসা রতি অন্যত্র সুলভা হয় না। অপর কৌস্তুভমণি যেমন জগদ্দুর্ল্লভ, শ্রীকৃষ্ণ ব্যতি-রেকে অন্যত্র লভ্য হয় না, তদ্রূপ গোকুলললনা ব্যতিরেকে সমর্থা রতি কুত্রাপি প্রাপ্ত হওয়া যায় না। ২৯ ॥

তন্মধ্যে সাধারণী রতি যথা—

যে রতি অতিশয় গাঢ় হয় না, প্রায় কৃষ্ণ দর্শনেই উৎপন্ন হয় এবং

সম্ভোগেচ্ছানিদানেয়ং রতিঃ সাধারণী মতা। ৩০।

যথা—শ্রীদশমে ॥

সহোষ্যতামিহ প্রেষ্ঠ দিনানি কতিচিন্ময়া।
রমস্ব নোৎসহে ত্যক্তুং সঙ্গং তেঽম্বুরুহেক্ষণ ॥ ৩১ ॥
অসান্দ্রত্বাদ্রতেরস্যাঃ সম্ভোগেচ্ছা বিভিদ্যতে।

লোচনরোচনী টীকা।

রমস্বেতি সম্ভোগেচ্ছা নিদানত্বং ব্যক্তং ৩১ ॥

অস্যাঃ সম্ভোগেচ্ছানিদানায়াঃ সাধারণ্যাখ্যায়া রতেরসান্দ্রত্বাৎ তদিচ্ছাবিশেষেণানির্বিভক্তত্বাদসৌ সম্ভোগেচ্ছা বিভিদ্যতে সাধারণ্যা নায়িকয়া যা পৃথক্তয়া ভাব্যতে তদ্ধেতুত্বাৎ সম্ভোগেচ্ছাহেতুকত্বাৎ তস্যাঃ সম্ভোগেচ্ছায়া হ্রাসতঃ এতস্যা রতেরপি হ্রাসঃ স্যাদিত্যর্থঃ।

আনন্দচন্দ্রিকা টীকা।

সাক্ষান্নিবিড়সম্ভোগেচ্ছয়া বহুধা বিধ্যমানত্বেনৈবাস্বাদ্যত ইত্যর্থঃ। প্রায়ঃপদেন কচিৎস্তুবংসম্ভবাপি সম্ভোগেচ্ছানিদানেতি যদৈব শ্রীকৃষ্ণসৌন্দর্য্যং দৃগ্গোচরী বভূব তদৈবানেন পুরুষেণ মে সঙ্গো ভূয়াদিতি স্বসুখতাৎপর্য্যবত্যাকাঙ্ক্ষা অভিনিষ্ঠ। ততশ্চ যোঽয়ং মাং সাম্প্রত্যেব চাক্ষুষসম্ভোগেনৈব নিরবধিকসুখসম্ভোগেনময়মপি ক্ষণমেব সমুচিত-সপর্য্যা-পূর্ব্বক-পাদসম্বাহনেন সুখয়ানীতি সঙ্কল্পময়ী রতিরভূৎ কুব্জাদীনাং তেন সাক্ষাদ্দর্শনসম্ভবেঽস্যা সাক্ষাদ্দর্শনেন পরম্পরয়া সম্ভবো যস্যা ইত্যর্থো ব্যাখ্যেয়ঃ ৩০

সন্তুষ্টা কুব্জা জাতরতিঃ শ্রীকৃষ্ণমাহ রমস্বেতি শ্রীকৃষ্ণস্য সুখতাৎপর্য্যং রতিলক্ষণং তস্যাঃ স্বসুখতাৎপর্য্যেব ময়েত্যুক্তিঃ স্যাৎ। ৩১।

অস্যাঃ সাধারণ্যা রতেরসান্দ্রত্বাদৈবিভাভাবাৎ অস্যাঃ সকাশাৎ সম্ভোগেচ্ছ বিভিদ্যতে পৃথক্ তয়া দৃশ্যমানা তিষ্ঠতি

যাহা সম্ভোগেচ্ছারই নিদান তাহাকে সাধারণী রতি বলে ॥ ৩০ ॥

যথা—শ্রীদশমে ৪৮ অধ্যায়ে ৭ শ্লোকে ॥

সন্তুষ্টা কুব্জা শ্রীকৃষ্ণে জাতরতি হইয়া কহিল, হে প্রেষ্ঠ! এখানে কিয়দ্দিবস আমার সহিত বাস কর এবং আমার সঙ্গে ক্রীড়া কর, হে অম্বুজেক্ষণ। তোমাকে পরিত্যাগ করিতে আমার উৎসাহ হইতেছে না ॥ ৩১ ॥

গাঢ়তার অভাবহেতু এই রতির স্পষ্টরূপে সম্ভোগেচ্ছাই প্রতীয়মান হইল। এই সম্ভোগেচ্ছার হ্রাস হইলে রতিও হ্রাস হইয়া থাকে,

এতস্যা হ্রাসতো হ্রাসস্তদ্ধেতুত্বাদ্রতেরপি ॥ ৩২ ॥

অথ সমঞ্জসা ।

পত্নীভাবাভিমানাত্মা গুণাদিশ্রবণাদিজা ।
ক্বচিদ্ভেদিতসম্ভোগতৃষ্ণা সান্দ্রা সমঞ্জসা ॥ ৩৩ ॥

লোচনরোচনী টীকা

উল্লিখিত উদাহরণের তাৎপর্য্য এই যে, শ্রীকৃষ্ণ মনে করিলেন, এ মিথ্যা মান ত পরিত্যাগ করিব না এবং শ্রীরাধাও ঐরূপ প্রতিজ্ঞা করিলেন, কিন্তু ঐ বৃথা নির্ব্বন্ধে উভয়েই কাতর হইতে লাগিলাম। অনন্তর আমি থাকিতে না পারিয়া একটী বর্ত্তুলাকার দাড়িমীফলের প্রতি লক্ষ্য করায় তাহাতেই শ্রীরাধার হাস্যাঙ্কুর উদ্গত হইল, পরে যখন ঐ ফল হস্তে ধারণ করি, তখন হাস্য প্রকাশ পাইল। অনন্তর আমি পরিহাস ছলে বলিলাম, প্রিয়ে। প্রথমতঃ তুমি মানভঙ্গের চিহ্ন স্বরূপ হাস্য করিলে, ইহাতে তোমার নির্ব্বন্ধ ভঙ্গ হইল, অতএব তোমারই পরাজয়। অনন্তর শ্রীরাধার পরিহাস এই যে, হে কৃষ্ণ! যখন তুমি প্রথমে দাড়িমীফল হস্তে ধারণ করিয়াছ, তাহাতেই তোমার স্বাভিযোগরূপ মানভঙ্গের চিহ্ন প্রকাশ পাইল, অতএব তোমারই নির্ব্বন্ধ ভঙ্গ হইল, ইহাতে তোমারই পরাজয় ॥ ৪৬ ॥

যথা—

রোষস্তবাভূদ্যদি রাধিকেঽধিকস্তথাস্তু গণ্ডঃ কথমুচ্ছ্বসিত্যসৌ।
স্বনর্ম্মণেত্থং স্ফুরপল্লবস্মিতাং প্রিয়ামচুম্বৎ পশুপেন্দ্রনন্দনঃ॥
হেতুর্যস্তু সমং যাতি যথাযোগ্যং প্রকল্পিতৈঃ।
সামভেদক্রিয়াদাননত্যুপেক্ষারসান্তরৈঃ॥
মানোপশমনস্যাঙ্কা বাস্পমোক্ষস্মিতাদয়ঃ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণঃ শ্রীরাধামাহ রোষ ইতি। উচ্ছ্বসিতি অন্তস্স্মিতচ্ছবিময়ত্বেন প্রফুল্লী ভবতি॥ প্রকল্পিতৈঃ প্রযুক্তৈঃ অঙ্কাশ্চিহ্নানি॥

অনন্তর সূচীকটাহ ন্যায় দ্বারা অর্থাৎ এককালীন যদি একটী সূচী ও একখানি কটাহ প্রস্তুত করিতে হয়, তাহা হইলে লোহকার যেমন সূচী নির্ম্মাণ সমাধান্তে কটাহ নির্ম্মাণে প্রবৃত্ত হয়, তদ্রূপ অগ্রে দ্বিতীয় সহেতু মান দর্শাইতেছেন, যথা—

নির্হেতুমান স্বয়ং উপশম প্রাপ্ত হয় অর্থাৎ ইহাতে কোন যত্ন প্রকাশ করিতে হয় না। যদি বল, কোন্ পর্য্যন্ত ইহার অবধি, তাহার উত্তর এই, স্বয়ংগ্রাহ হাস্যাদি অর্থাৎ নায়কের আলিঙ্গন চুম্বনাদি দ্বারা নায়িকার হাস্যোপলক্ষিত অশ্রুপাতাদি পর্য্যন্ত॥

যথা—

শ্রীকৃষ্ণ শ্রীরাধাকে কহিলেন, হে রাধে! যদি তোমার রোষ অধিক হইয়া থাকে হউক, কিন্তু এই গণ্ড কি প্রকারে প্রফুল্ল হইল, এইরূপ পরিহাস দ্বারা প্রিয়তমা হাস্য সম্বরণ করিতে অসমর্থা হইলে, পশুপেন্দ্রনন্দন গিয়া চুম্বন করিলেন॥

হেতুজনিত মান সাম, ভেদ, ক্রিয়া, দান, নতি এবং উপেক্ষা প্রভৃতি রসান্তর দ্বারা যথাযোগ্যরূপে প্রযুক্ত হইলে উপশম প্রাপ্ত হয়, ঐ মান উপশমনের চিহ্ন বাস্পমোক্ষণ ও হাস্যাদি॥

তত্র সামঃ ॥

প্রিয়বাক্যস্য রচনং যত্তু তৎ সাম গীয়তে ॥

যথা—

জাতং সুন্দরি তথ্যমেব পৃথুনা রাধেঽপরাধেন মে
কিন্তু স্বারসিকো মমাত্র শরণং স্নেহস্ত্বদীয়ো পরম্।
ইত্যাকর্ণ্য গিরং হরের্নতমুখী বাষ্পাম্বুসাং ধারয়া
সানঙ্গোৎসবরঙ্গমঙ্গলঘটৌ পূর্ণাবকার্ষীৎ কুচৌ ॥

অথ ভেদঃ ॥

ভেদো দ্বিধা স্বয়ং ভঙ্গ্যা স্বমাহাত্ম্যপ্রকাশনং।
সখ্যাদিভিরুপালম্ভপ্রয়োগশ্চেতি কীর্ত্ত্যতে ॥ ৪৭ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীকৃষ্ণঃ শ্রীরাধাং মানিনীং প্রসাদয়তি জাতমিতি। মঙ্গলঘটৌ পূর্ণাবিত্যনেনানন্দপুত্রজন্মতুল্যে ঘটস্থাপনে ব্যঞ্জিতে। ॥ ৪৭ ॥ ৪৮ ॥

অথ সাম ॥

যাহা প্রিয়বাক্যের রচনা, তাহা সাম বলিয়া কীর্ত্তিত হয় ॥

যথা—

মানিনী শ্রীরাধাকে শ্রীকৃষ্ণ প্রসন্ন করাইবার নিমিত্ত কহিলেন, হে সুন্দরি! হে রাধে! যথার্থই বটে, আমার গুরুতর অপরাধে এই মান জন্মিয়াছে, কিন্তু তোমার (স্বাভাবিক) স্নেহই আমার আশ্রয়, শ্রীকৃষ্ণের এই বাক্য শ্রবণমাত্র শ্রীরাধা নতবদনে অশ্রুধারা-মোচন করিতে লাগিলেন, ঐ অশ্রুধারা এতই পতিত হইল যে, তদ্দ্বারা তিনি অনঙ্গোৎসব রঙ্গক্ষেত্রের মঙ্গল ঘটস্বরূপ কুচদ্বয়কে পূর্ণিত বিধান করিলেন ॥

অথ ভেদ ॥

ভঙ্গি দ্বারা আপনি আপনার মাহাত্ম্য প্রকাশকরণ এবং সখীগণ কর্তৃক উপালম্ভ প্রয়োগ, এই দুই প্রকারে ভেদ দ্বিবিধ হয় ॥ ৪৭ ॥

THE

MÉGHA DÚTA;

OR,

CLOUD MESSENGER:

ARGUMENT.

A *YACSHA*, or Demigod so called, and a servant of the *Hindu* God of wealth, CUVÉRA, had incurred the displeasure of his lord, by neglecting a garden entrusted to his charge, and allowing it to be injured by the entrance of AIRÁVATA, the elephant of INDRA, Deity of the firmament: as a punishment for his offence, he was condemned to twelve months banishment from *Alaca*, the city of the *Yacshas*, and consequent separation from his home and wife. The seat of his exile is the mountain *Rámagiri*, and upon the opening of the poem, he is supposed to have passed a period of eight months in solitary seclusion: the poem opens at the commencement of the rainy season, when heavy Clouds are gathering in the south, and proceeding in a northerly course, or towards the *Himála* mountains, and the fictitious position of the residence of the *Yacshas*. To one of these, the distressed Demigod addresses himself, and desires the Cloud to waft his sorrows to a beloved and regretted wife. For this purpose he first describes the route which the messenger is to pursue, and this gives the Poet an opportunity of alluding to the principal mountains, rivers, temples, &c. that are to be met with on the road from *Rámagiri* to

অথ বেদং প্রিয়োক্তিত্বাৎ মানোদাহরণং ভবেৎ।
নায়কস্য স্ববচসা ভঙ্গ্যায়ং ভেদ ঈর্য্যতে ॥ ৪৯ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

অথ বেদমিতি পদ্যেঽস্মিন্ ভেদস্থানভিধেয়ত্বাদ্ব্যঙ্গ্যত্বেচ ব্যঞ্জনায়া গোপ্যত্ব বৈশিষ্ট্যাদি হেতুকত্বেনানৈকান্তিকত্বাদিতি ভাবঃ। অয়ং বক্ষ্যমাণোঽভিধেয় ইত্যর্থঃ ॥ ৪৯ ॥

করিয়াছে, অতএব হে প্রিয়ে। অদ্য তুমি শ্রীঘনতা অর্থাৎ শোভার নিবিড়তা লাভ করিয়াও মনোমধ্যে কেন মানকৃত কলুষ ধারণ করিতেছ ॥

তাৎপর্য্য। মীন শব্দে মৎস্য এবং মৎস্যাবতার, ক্রোড় শব্দে অঙ্ক এবং শূকর। প্রহ্লাদ শব্দের দুইটী অর্থ, প্রকৃষ্ট আহ্লাদ এবং হিরণ্য-কশিপুর পুত্র প্রহ্লাদ, এতদ্দ্বারা নৃসিংহাবতার, বলি শব্দে ত্রিবলি এবং বলি নামক অসুর, ইহাতে বামনদেব, রামা শব্দে পুংলিঙ্গ ও স্ত্রীলিঙ্গ বহুবচনহেতু পরশুরাম, রামচন্দ্র ও বলরাম, এই তিন অবতার। পক্ষে রমণী সকল। শ্রীঘনতার দুই অর্থ, বুদ্ধদেবের নাম শ্রীঘন, পক্ষে শ্রীশব্দে শোভা এবং ঘন শব্দে নিবিড়। কল্কিতা শব্দে দুই অর্থ, কল্ক শব্দে মালিন্য অর্থাৎ মানকৃত কালুষ্য এবং কল্কিনামা অবতার ॥

পক্ষান্তরের অর্থ, হে মানিনি। আমার দশটী অবতারই তোমার অধীন, অতএব তোমার মহিমা কে বর্ণন করিতে পারে, এইটী বাহ্য ধ্বনি। বাস্তব অভিপ্রায় এই যে, আমি পরমেশ্বর, ব্রহ্মাদি দেবগণ আমাকে বন্দনা করেন, তুমি গোপস্ত্রী, আমি তোমাকে প্রণয় করাই-তেছি, ইহাতে তুমি আপনার সৌভাগ্য মান না এবং সঙ্কুচিতাও হইতেছ না, এতদুক্তি দ্বারা উপালম্ভ ॥

অথবা উল্লিখিত পদ্যে প্রিয়োক্তি প্রযুক্ত মানের উদাহরণ হইল, অতএব নায়কের স্বীয় বাগ্ভঙ্গি দ্বারা ভেদ কীর্ত্তিত হইতেছে ॥ ৪৯ ॥

যথা—

রুক্ষা ময্যয়ি বর্ত্তসে ত্বমভিতঃ স্নিগ্ধেঽপি তে দূষণং
তন্নাস্তে নহি কিন্তু তৎ কিল মমানৌচিত্যজাতং ফলং।
যেন স্বস্তরুণীরুপেক্ষ্য দশমামপ্যাশ্রয়ন্তীর্দশাং
প্রেমার্ত্তং ব্রজযৌবতঞ্চ সুমুখি ত্বং কেবলং সেব্যসে॥

সখ্যাদিভিরুপালম্ভপ্রয়োগো যথা—

কর্ত্তুং সুন্দরি শঙ্খচূড়মথনে নাস্মিন্নুপেক্ষোচিতা
সর্ব্বেষামভয়প্রদানপদবীবদ্ধব্রতে প্রেয়সি।

লোচনরোচনী টীকা।

অথ বেত্যানেন পূর্ব্বমুদাহরণমস্তথা প্রতিপদ্য নাসক্তেত্যর্দ্ধেন প্রকারান্তরস্থাপনাম্নোপক্রান্তং তদেবোদাহরতি যথেতি। দেব্যো বিমানগতয়ঃ স্মরতুন্নসারা ইত্যাদিনা ভবতীভিরেব বর্ণনাচ্চরমাং দশাং আশ্রয়ন্তীঃ॥ ৫০॥

আনন্দচন্দ্রিকা টীকা।

মানিনীং শ্রীরাধাং শ্রীকৃষ্ণঃ প্রাহ রুক্ষেতি। স্বস্তরুণীর্দেবীঃ কীদৃশীঃ চরমাং দশমীদশাং আশ্রয়ন্তীঃ। দেব্যো বিমানগতয়ঃ স্মরতুন্নসারা ইতি ত্বয়ৈব বর্ণনাৎ॥

মানিনীং ভদ্রাং কাশ্চিৎ শ্রীকৃষ্ণপক্ষীয়াস্তৎসখ্য আহুঃ কর্ত্তুমিতি শঙ্খচূড়েতি যদি

যথা—

মানিনী শ্রীরাধাকে শ্রীকৃষ্ণ কহিলেন, হে রাধে। আমি সর্ব্বতোভাবে স্নিগ্ধ হইলেও তুমি যখন আমার প্রতি রুক্ষা হইতেছ, ইহা তোমার দোষ নয়, এ আমারই দোষ, কেন না দশমী দশা প্রাপ্ত দেবাঙ্গণাগণকে উপেক্ষা করিয়া যখন তোমাকে ভজনা করিয়াছি, তখন এই অনুচিত কার্য্যেরই ফল, হে সুমুখি। তুমি কেবল প্রেমপীড়িত ব্রজযুবতিবৃন্দকেই সেবা করিতেছ অর্থাৎ তোমার কেবল প্রেম জন্য পীড়াই অনুভব হইতেছে।

সখী দ্বারা উপালম্ভ প্রয়োগ যথা—

কৃষ্ণপক্ষপাতিনী সখীগণ মানিনী ভদ্রাকে কহিলেন, হে সুন্দরি।

ইত্যালিভিরলক্ষিতং মুরভিদা ভদ্রাশলী ভেদিতা
নাসাগ্রে নবমৌক্তিকশ্রিয়মগাদস্রস্য সা বিন্দুনা ॥

অথ দানং ॥

ব্যাজেন ভূষণাদীনাং প্রদানং দানমুচ্যতে ॥

যথা —

কামো নাম সুহৃন্মমাস্তি ভবতীমাকর্ণ্য মৎপ্রেয়সীং
হারস্তেন তবার্পিতোঽয়মুরসি প্রাপ্নোতু সঙ্গোৎসবং।
ইত্যুৎসৃজ্য করং মুরজিতি বদত্যুদ্ভিন্নমন্দস্মিতা
পদ্মা মানবিনিগ্রহাৎ প্রণয়িনা তেনোদ্ভটং চুম্বিতা ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

শঙ্খচূড়বধো নাবধিষ্যত্তদাস্মাকং কা গতিরভবিষ্যদিতি ভাবঃ। অস্রাবলী অস্রাণা এব সংজ্ঞা ॥

শ্রীকৃষ্ণঃ পদ্মামাহ কাম ইতি। সত্যং সত্যং কাম এব মহামৈত্রীলহারং দদৌ। তুভ্যঞ্চ কামকমিতি শিক্ষাভিপ্রায়ঃ ॥

যিনি সকলের অভয় প্রদান পদবীতে ব্রত ধারণ পূর্ব্বক শঙ্খচূড় বধ করিয়াছেন এবং যাঁহার তুল্য প্রিয়তম নাই, তাঁহাকে উপেক্ষা করা উচিত হয় না, শ্রীকৃষ্ণ অলক্ষিতে সখী দ্বারা এইরূপ ভেদ জন্মাইলে ভদ্রার নেত্র হইতে অশ্রুবিন্দু পাত হওত নাসাগ্রে গজমুক্তার ন্যায় শোভা পাইতে লাগিল ॥

অথ দান ॥

ছলপূর্ব্বক যে ভূষণাদি প্রদান, তাহার নাম দান ॥

যথা—

শ্রীকৃষ্ণ পদ্মাকে কহিলেন, পদ্মে। আমার কাম নামে একজন সখা আছে, তুমি যে আমার প্রেয়সী, এই কথা শ্রবণ করিয়া আমার হার সঙ্গোৎসব প্রাপ্ত হউক, এই অভিপ্রায়ে তোমার বক্ষে এই হার অর্পণ

অথ নতিঃ

কেবলং দৈন্যমালম্ব্য পাদপাতো নতির্মতা ।

যথা —

ক্ষিতিলুঠিতশিখণ্ডাপীড়মারান্মুকুন্দে
রচয়তি রতিকান্তস্তোমকান্তে প্রণামং ।
নয়নজলধরাভ্যাং কুর্বতী বাষ্পবৃষ্টিং
বরতনুরিহ মানগ্রীষ্মনাশং শশংস ॥

অথোপেক্ষা ।

সামাদৌতু পরিক্ষীণে স্যাদুপেক্ষাঽবধীরণং ।
উপেক্ষা কথ্যতে কৈশ্চিৎ তূষ্ণীম্ভাবতয়া স্থিতিঃ । ৫০

আনন্দচন্দ্রিকা টীকা

বৃন্দা কুন্দলতামাহ আরাৎ সমীপে ।
অবধীরণমবজ্ঞা ৫০

করিয়াছেন । বাহুদ্বয় উত্তোলন পূর্ব্বক শ্রীকৃষ্ণ এই কথা বলিলে মান-নিগ্রহহেতু পদ্মার হাস্যাঙ্কুর উদ্গত হইল, তদ্দর্শনে শ্রীকৃষ্ণ প্রিয়া তদীয় গণ্ডে চুম্বন প্রদান করিলেন ॥

অথ নতি ।

কেবল দৈন্যাবলম্বন পূর্ব্বক চরণদ্বয়ে যে পতন, তাহার নাম নতি ॥

যথা :—

বৃন্দা কুন্দবল্লীকে কহিলেন, সখি । রতিকান্ত (কন্দর্প) সমূহের কান্ত স্বরূপ মুকুন্দ শ্রীরাধার চরণ সমীপে ময়ূরপুচ্ছরচিত চূড়া ভূমিতে লুণ্ঠিত করিয়া প্রণাম করিলে ঐ শ্রীরাধার নয়নমেঘ হইতে বাষ্পবারি বর্ষণ হইতে লাগিল, হে বরতনু । তাহাতেই মানরূপ গ্রীষ্মের উপশম হইয়া গেল ।

অথ উপেক্ষা ।

সামাদি উপায় সকল অবশেষ হইলে যে অবজ্ঞা হয়, তাহার নাম

তদ্দ্বয়ং যথা—

সূনুর্ব্রজেন্দ্রস্য এষ মহানপি চ তত্রাপি বীরাগ্রণী
স্তত্রাপি স্মরকোটিবিজয়িনা রূপেণ বিভ্রাজিতঃ।
সখ্যঃ সম্প্রতি রূক্ষতা পৃথুরিয়ং তেনাত্র ন শ্রেয়সে
দূরে পশ্যত যাতি নিষ্ঠুরমনাঃ কা যুক্তিরত্রোচিতা ॥
মানে মুহুর্নতিভিরপ্যতিদুর্নিবারে
বাচংযমব্রতমহং তরসা গ্রহীষ্যে।
বাষ্পং ততোঽবিকিরতী নিজগাদ পদ্মা
পৌষ্পং রজঃ পতিতমত্র দৃশোর্মমেতি ॥

লোচনরোচনী টীকা।

সখ্যঃ সম্প্রতি রূক্ষতা পৃথুরিয়ং কার্য্যা তথাপি স্ফুটমিতি বা পাঠঃ ॥ ৫১ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

বৃন্দা বিশাখায়াঃ সখীরাহ সূনুরিতি। এবম্ভূতেঃ স্বয়মেব বরাভিপ্রায়ঃ। ইয়ং শ্রীরাধা যত্নো রূক্ষতা পৃথুরস্তু তেনাত্র শ্রীকৃষ্ণেন শ্রেয়সে ন মঙ্গলায় অয়মেব সৌভাগ্যসম্পূর্ণা স্বাস্থ্যতীতি ভাবঃ ॥

শ্রীকৃষ্ণঃ সুবলমাহ মান ইতি ॥

উপেক্ষা। কোন কোন পণ্ডিত তুষ্ণীম্ভূত হইয়া থাকাকেও অবজ্ঞা কহেন ॥ ৫০ ॥

এই দুই উদাহরণ যথা—

বৃন্দা বিশাখার সখী সকলকে কহিলেন, অহে সুন্দরীবৃন্দ! এই প্রিয়তম গোপরাজনন্দন, তাহাতে আবার বীরাগ্রগণ্য, তাহাতেও কিনা কন্দর্পকোটিবিজয়িরূপে বিরাজিত, সম্প্রতি শ্রীরাধার শ্রীকৃষ্ণের প্রতি রূক্ষতাতিশয় দেখ, ইনি নিষ্ঠুর মনে দূরে যাইতেছেন, অতএব হে সখীগণ! ইহার এ উপেক্ষা কল্যাণপ্রদায়িনী হইবে না, এমত স্থলে কোন্ যুক্তি উচিত হইতে পারে? ॥

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, সখে! মুহুর্মুহুঃ নতি দ্বারা মান

অথবা ॥

প্রসাধনবিধিং মুক্ত্বা বাক্যৈরন্যার্থসূচকৈঃ ।
প্রসাদনং মৃগাক্ষীণামুপেক্ষেতি স্মৃতা বুধৈঃ ॥

যথা—

ধম্মিল্লে নবমালতী পরিচিতা সব্যে চ শব্দগৃহে
মল্লী সুন্দরি দক্ষিণে তু কতরৎ পুষ্পং তব ভ্রাজতে ।
অঘ্রেয়ং পরিচেতুমিত্যুপহিতে ব্যাজেন নাসাপুটে
গণ্ডোদ্যৎপুলকা বিহস্য হরিণা চন্দ্রাবলী চুম্বিতা ॥

আনন্দচন্দ্রিকা টীকা ।

শ্রীকৃষ্ণশ্চন্দ্রাবলীমাহ । শব্দগ্রহে কর্ণে । উপহিতে উপাধিঃ ॥

দুর্নিবার হওয়াতে শীঘ্র আমি মৌনব্রত অবলম্বন করিয়াছিলাম, তাহাতে পদ্মার চক্ষুর্দ্বয় হইতে বাষ্পবারি বিগলিত হইতে লাগিল, কিন্তু পদ্মা কহিলেন, আমার নেত্রদ্বয়ে পুষ্পপরাগ পতিত হইয়াছে ॥

অথবা ॥

উপাসনাবিধি পরিত্যাগ পূর্ব্বক অন্যার্থসূচক বাক্য দ্বারা রমণীদিগের যে প্রসন্নতাকরণ পণ্ডিতেরা তাহাকেও উপেক্ষা কহেন ॥

শ্রীকৃষ্ণ চন্দ্রাবলীকে কহিলেন, হে সুন্দরি ! তোমার ধম্মিল্লে যে মালতী এবং বামকর্ণে যে মল্লীপুষ্প দেখিতেছি, ইহা আমার পরিচিত, কিন্তু তোমার দক্ষিণকর্ণে যে কোন্ পুষ্প শোভা পাইতেছে, ইহা আমার পরিচিত নহে, অতএব গন্ধ আঘ্রাণ করিয়া অবগত হই, এই ছলবাক্যে চন্দ্রাবলীর গণ্ড প্রফুল্ল হওয়ায় হাস্য পূর্ব্বক শ্রীকৃষ্ণ গিয়া চুম্বন করিলেন ॥

অথ রসান্তরং ॥

আকস্মিকভয়াদীনাং প্রস্তুতিঃ স্যাদ্রসান্তরং ॥
যাদৃচ্ছিকং বুদ্ধিপূর্ব্বমিতি দ্বেধা তদুচ্যতে ॥

তত্র যাদৃচ্ছিকং ॥

উপস্থিতমকস্মাদ্যত্তদযাদৃচ্ছিকমুচ্যতে ॥

যথা—

অপি গুরুভিরুপায়ৈরদ্য সামাদিভির্যা
লবমপি ন মৃগাক্ষী মানমুদ্রামভাঙ্‌ক্ষীৎ
হরিমিহ পরিরেভে সা স্বয়ংগ্রাহমগ্রে
নবজলধরনাদৈর্ভীষিতা পশ্য ভদ্রা ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

ভদ্রায়াঃ সখ্যঃ পরস্পরমাহুঃ অপীতি। স্বয়মেব গ্রাহো ভুজাভ্যাং গ্রহণং যত্র তদ্যথা-স্যাত্তথা পরিরেভে ॥

অথ রসান্তর ॥

আকস্মিক ভয়াদির যে প্রস্তাব তাহাকে রসান্তর বলে, ঐ রসান্তর যাদৃচ্ছিক এবং বুদ্ধি পূর্ব্বক ভেদে দুই প্রকার হয় ॥

তন্মধ্যে যাদৃচ্ছিক যথা—

যাহা অকস্মাৎ উপস্থিত হয়, তাহার নাম যাদৃচ্ছিক ॥

যথা—

ভদ্রার সখীগণ পরস্পর কহিলেন, অহে সখীবৃন্দ! আশ্চর্য্য দেখ, অদ্য শ্রীকৃষ্ণ গুরুতর উপায় দ্বারা ভদ্রার মানভঙ্গ করাইতে লাগিলে, ঐ মান কোনক্রমে ভঙ্গ হইল না, কিন্তু অকস্মাৎ জলধরের গর্জন হওয়াতে ভদ্রা ভীত হইয়া সম্মুখে অবস্থিত শ্রীকৃষ্ণের কণ্ঠদেশ স্বীয় ভুজদ্বারা আলিঙ্গন করিলেন ॥

যথাবা—

উপায়েষু ব্যর্থোন্নতিষু বত সামাদিষু সখে
সখীনাং চাতুর্য্যে গতবতি চ সদ্যঃ শিথিলতাং।
বিশাখায়াঃ কোপজ্বরহরণমন্ত্রপ্রতিনিধিং
সচীৎকারং রূক্ষধ্বনিতমকরোদুক্ষদনুজঃ॥

অথ বুদ্ধিপূর্ব্বং॥

বুদ্ধিপূর্ব্বস্তু কান্তেন প্রত্যুৎপন্নধিয়া কৃতং॥ ৫১॥

আনন্দচন্দ্রিকা টীকা।

জলধরনাদানাং কামোদ্দীপকত্বেন তৈর্মানভঙ্গঃ সমুচিত ইতি রসান্তরত্বোদাহরণান্তরমাহ যথাবেতি।

শ্রীকৃষ্ণঃ সুবলমাহ উপায়েষিতি। মন্ত্রপ্রতিনিধিং মন্ত্রতুল্যং। উক্ষদনুজঃ অরিষ্টাসুর উক্ষা ভদ্রো বলীবর্দ্দ ইত্যমরঃ॥

প্রত্যুৎপন্নধিয়া সপ্রতিভবুদ্ধিনা॥ ৫১॥

জলধরনাদ সকলের কামোদ্দীপকত্ব প্রযুক্ত তদ্দ্বারা মানভঙ্গ সমুচিত, এ কারণ রসান্তরের উদাহরণ দেখাইতেছেন, যথাবা॥

শ্রীকৃষ্ণ সুবলকে কহিলেন, সখে! কি খেদের বিষয়, বিশাখার কোপজ্বর উপশম নিমিত্ত আমি যত সামাদি উপায় করিয়াছিলাম, তৎসমুদায় ব্যর্থ হইলে এবং সখীগণের চাতুর্য্য শিথিলতা প্রাপ্ত হইলে অকস্মাৎ বৃষাসুর অতিরূক্ষ চীৎকার করিয়াছিল, তাহাই বিশাখার কোপজ্বর হরণের মন্ত্র সদৃশ হইল অর্থাৎ তাহাতেই তাঁহার কোপ নিবারণ হইয়াছিল॥

অথ বুদ্ধিপূর্ব্বক॥

প্রত্যুৎপন্ন মতিত্ব অর্থাৎ সপ্রতিভ বুদ্ধিত্ব প্রযুক্ত কান্ত কর্ত্তৃক যাহা কৃত হয়, তাহার নাম বুদ্ধিপূর্ব্বক রসান্তর॥ ৫১॥

যথা—

পাণৌ পঞ্চমুখেন দুষ্টফণিনা দষ্টোঽস্মি রোষাদিতি
ব্যাজাৎ কুঞ্চিতলোচনং ব্রজপতৌ ব্যাভুজ্য বক্ত্রং স্থিতে।
সদ্যঃ প্রোজ্ঝিতরোষবৃত্তিরসকৃৎ কিং বৃত্তমিত্যাকুলা
জল্পন্তী স্মিতবক্ত্রমাস্যমমুনা গান্ধর্বিকা চুম্বিতা ॥ ৫২ ॥

যথা বা—

লোচনরোচনী টীকা।

ব্রজপতিরিত্যত্র ব্রজবিধাবিতি বা পাঠঃ ॥ ৫২ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

বৃন্দা পৌর্ণমাসীমাহ মানিন্যাঃ শ্রীরাধায়াঃ পুরতো মুহূর্ত্তং তূষ্ণীং স্থিত্বা অভিনীতত্রাস-ব্যথা স্মরভয়মকস্মাৎ পাণৌ মে ইত্যাদ্যুচ্চৈরুচ্চার্য কুঞ্চিতে সঙ্কুচিতে লোচনে যত্র তদ্যথা-স্যাত্তথা বক্ত্রং ব্যাভুজ্য কুটিলীকৃত্য সদ্য তৎক্ষণাদেব প্রোজ্ঝিতা ত্যক্তা রোষবৃত্তির্যয়া সা। কিং বৃত্তং কিং বৃত্তমিতি মূর্চ্ছিতং শ্রীকৃষ্ণং ভুজাভ্যামুত্থাপ্য মুখে মুখং দত্ত্বা জল্পন্তীতি জল্পন-সময় এব স্মিতবক্ত্রাস্যং যথাস্যাত্তথা চুম্বিতা ॥ ৫২ ॥

সামদানাদেরিব রসান্তরস্য বারান্তরৈরেকজাতীয়ত্বং সম্ভবেদিতি পুনঃ পুনর্মানে অন্য-রসান্তরং স্যাদিতি দর্শয়িতুমাহ যথা বেতি ॥

যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি। শ্রীকৃষ্ণ মানিনী শ্রীরাধার সম্মুখে মুহূর্ত্তকাল তুষ্ণীম্ভূত থাকিয়া অভিনব ত্রাস ব্যথা অনুভব করিতে করিতে প্রত্যুৎপন্ন মতিত্ব প্রযুক্ত ছলপূর্ব্বক কহিলেন, অকস্মাৎ আমার পাণিতে দুষ্ট পঞ্চবদন কীট (পঞ্চমুখ সর্প) দংশন করিল, এই বলিয়া নেত্র সঙ্কুচিত করত বিমর্ষবদনে অবস্থিত হইলে তৎক্ষণাৎ গান্ধর্ব্বিকা ক্রোধবৃত্তি পরিত্যাগ করত ব্যাকুলা হইয়া কি হইল কি হইল বলিয়া মুখে মুখ প্রদান পূর্ব্বক জল্পনা করিতে লাগিলে, অমনি শ্রীকৃষ্ণ গিয়া চুম্বন করিলেন ॥ ৫২ ॥

সামদানাদির ন্যায় বারান্তর দ্বারা রসান্তরের এক জাতীয়ত্ব সম্ভব হয়, এ প্রযুক্ত অন্যান্য রসান্তর হইয়া থাকে, তাহা দেখাইবার নিমিত্ত পুনর্ব্বার কহিলেন, যথা বা ॥

ন্যস্তং দাম কৃতাগসাদ্য হরিণা দৃষ্ট্বা পুরো রাধয়া
ক্ষিপ্তেনাভিহতঃ স তেন কপটী দুঃখীব ভূম্যাগতঃ।
সীৎকারেণ নিষেদিবান্ ভুবি ততঃ সদ্যস্তয়া ব্যগ্রয়া
পাণিভ্যাং ধৃতকন্ধরঃ স্মিতমুখে বিম্বোষ্ঠমস্যাঃ পপৌ।
দেশকালবশেনৈব মুরলীশ্রবণেন চ।
বিনাপ্যুপায়ং কাপ্যেষ লীয়তে ব্রজসুভ্রুবাং ॥ ৫৩ ॥

তত্র দেশবলেন যথা —

অসঙ্কীর্ণং চন্দ্রাবলিরলিঘটাঝঙ্কৃতিভরৈঃ
পুরো বৃন্দারণ্যং কিমপি কলয়ন্তী কুসুমিতং।

লোচনরোচনী টীকা।

নিষেদিবান্ নিবিষ্টঃ ৫৩।
কলয়ন্তী পশ্যন্তী ইত ইহ বৃন্দাবনে হরিঃ পশ্যন্তী ৫৪।

আনন্দচন্দ্রিকা টীকা

নান্দী পৌর্ণমাসীমাহ ন্যস্তমিতি স হরিস্তেন দাম্না দুঃখীব তদা বাস্তবং প্রেমময়্যা ধ্যাণ ইব

চন্দ্র বলা মানবৃত্তান্তং পৃচ্ছন্তীং ভদ্রাং বৃন্দাহ অসঙ্কীর্ণমিত্যাদিনা কীর্ণং ব্যাপ্তং কলয়ন্তী পশ্যন্তী শিলাকঃ কদম্বঃ সখ্যাং পুনঃ সকৃত্তঃ যথা আস্তপ অমিশত দক্তান্তি ভিহেতুপি মাননা

নান্দী পৌর্ণমাসীকে কহিলেন, দেবি। অদ্য শ্রীকৃষ্ণ আপনার অপরাধ মোচনার্থ শ্রীরাধাকে পুষ্পমালা অর্পণ করিলে শ্রীরাধা ঐ মালা দূরে নিক্ষেপ করায় দৈবাৎ শ্রীকৃষ্ণের অঙ্গে গিয়া পতিত হইল, তাহাতে শ্রীকৃষ্ণ আঘাত প্রাপ্ত হইয়া দুঃখীর ন্যায় সকপটে ভূতলে পতিত হইয়া লুণ্ঠিত হইতে লাগিলেন, তদ্দর্শনে শ্রীরাধা ব্যগ্র হইয়া শ্রীকৃষ্ণের কন্ধরদেশ ধারণ করিলে তিনি হাস্যবদনে শ্রীরাধার বিম্বোষ্ঠ পান করিতে লাগিলেন ॥

অন্য কোন উপায় ব্যতীত দেশকালের বল দ্বারা তথা মুরলীশ্রবণ দ্বারা ব্রজসুন্দরীদিগের নির্হেতু মান লয় প্রাপ্ত হয় ৫৩

তন্মধ্যে দেশ বল দ্বারা মানোপশমন যথা—

চন্দ্রাবলীর মান বৃত্তান্ত জিজ্ঞাসাকারিণী ভদ্রাকে বৃন্দা কহিলেন,

হরিঞ্চ স্মেরাস্যং প্রিয়কতরুমূলে প্রিয়মিতঃ
প্রপন্নানা সখ্যামদিশত সতৃষ্ণং দৃশমসৌ ॥

কালবলেন যথা—

শরদি মধুরমূর্ত্তিঃ পশ্য কান্তিচ্ছটাভিঃ
স্নপয়তি রবিকন্যাতীরবন্যাং সুধাংশুঃ।
ইতি নিশি নিশময্য ব্যাহৃতিং দূতিকায়াঃ
স্মিতরুচিভিরতানীদত্র রাধা প্রসাদং ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

হে বৃন্দারণ্যোন্মাদেন ধ্বংসিতস্তদহং কিং করোমি যদুচিতং তদ্বদেব কুর্ব্বিতি ব্যঞ্জনায়াম। মানোপশমনস্তাকাঃ স্বয়ংগ্রাহশিতাদয় ইত্যাদিপদগৃহীতাঃ সখীদূত্ প্রেরণাদয়োঽপি জ্ঞেয়াঃ ॥ ৫৩ ॥

শ্রীবৃন্দা শ্রীকৃষ্ণমাহ শরদীতি ॥

হে ভদ্রে। ভ্রমরাবলীর ঝঙ্কারে অতিশয় পরিব্যাপ্ত এবং বিবিধ কুসুম সুশোভিত বৃন্দাবন অবলোকন করিয়া তথা কদম্বতরুমূলস্থ হাস্যবদন প্রিয়তমকে সন্দর্শন করিয়া চন্দ্রাবলীর নির্হেতুমান বিনষ্ট হইল, তখন তিনি সখীর প্রতি সতৃষ্ণনেত্র নিক্ষেপ করিতে লাগিলেন, অর্থাৎ চন্দ্রাবলী ইঙ্গিত দ্বারা সখীর প্রতি কহিলেন, হে সখি। বৃন্দাবন আমার মান ধ্বংস করিল, আমি কি করিব যাহা উচিত হয় বিধান কর॥

কালবলে মানোপশমন যথা—

বৃন্দা শ্রীকৃষ্ণকে কহিলেন, হে কৃষ্ণ। শ্রীরাধা মানিনী হইয়া অবস্থিতি করিতেছিলেন, এমত কালে দূতী আসিয়া কহিল, শরৎকালে মধুরমূর্ত্তি সুধাংশু স্বীয় কান্তি ছটা দ্বারা রবিকন্যার তীরবর্ত্তি কাননকে সুশীতল করিতেছেন, শ্রীরাধা নিশিযোগে দূতীর প্রমুখাৎ এই বাক্য শ্রবণ করিয়া সেই স্থানেই প্রসন্নতা বিস্তার করিলেন॥

মুরলীশব্দেন যথা—

যদি রোষং নহি মুঞ্চসি ন মুঞ্চ সম দেবি নাত্র নির্ব্বন্ধঃ।
ফুৎকৃতিবিধুতমানঃ স ভবতি বিজয়ী হরের্ব্বেণুঃ

যথাবা

মানস্যোপাধ্যায়ি প্রসীদ সখি রুন্ধি মে শ্রুতিদ্বন্দ্বং
অয়মুচ্চাটনমন্ত্রং সিদ্ধো বেণুর্ব্বনে পঠতি

আনন্দচন্দ্রিকা টীকা

মানিনীং শ্রীরাধাং কাচিৎ সখীপ্রাহ যদীতি দেবীতি মানুষো হি সুপ্রসাদা ভবন্তি নতু দেব্য ইতি ভাবঃ ন নির্ব্বন্ধ ইতি অহমেবাদ্য শ্রীরাধাং প্রসাদ্যানেষ্যামি পশ্য মে বুদ্ধিবলমিতি শ্রীকৃষ্ণাগ্রে ময়া নির্ব্বন্ধঃ কৃত আসীৎ স ন ভবতু কিন্তু স সবজানত্য স্তব পরাভবোপায়মহমেব করিষ্যসীত্যাহ ফুৎকৃতীতি হে শ্রীকৃষ্ণ ত্বমিদানীমগোপায়ং মুরলীমেব সন্দেহীতি তদুপদিশামীতি ভাবঃ

পূর্ব্বপদ্যে মুরলীনাদস্য মানোপশমকত্বমুক্তং নতু ফলতো দর্শিতমিত্যপরিতুষ্যন্নাহ যথা-বেতি ॥

শ্রীরাধা ললিতাং সামর্ষমাহ মানস্যেতি

মুরলীশব্দ দ্বারা মানোপশমন যথা—

মানিনী শ্রীরাধাকে কোন এক সখী কহিলেন, হে দেবি। তুমি রোষ পরিত্যাগ করিলা না, না কর, ইহাতে আমার কোন নির্ব্বন্ধ (আগ্রহ) নাই, ফুৎকার দ্বার মান বিধুত হইলে শ্রীকৃষ্ণের বেণুই বিজয়ী হইবেন।

পূর্ব্বপদ্যে মুরলীনাদের মানোপশমকত্ব উক্ত হইল, কিন্তু ফলতঃ দেখান হয় নাই, এ প্রযুক্ত অপরিতোষ চিত্তে কহিলেন যথাবা ॥

শ্রীরাধা ললিতাকে ক্রোধের সহিত কহিলেন, হে মানশিক্ষার উপাধ্যায়িনি। সখি। আমার প্রতি প্রসন্না হও, শ্রীকৃষ্ণের সিদ্ধবেণু বনমধ্যে উচ্চাটন মন্ত্র পাঠ করত কর্ণদ্বয় রোধ করিতেছে।

তারতম্যাত্তু মানস্য হেতোঃ স্যাৎ তারতম্যতঃ ।
স লঘুর্মধ্যমশ্চাসৌ মহিষ্ঠশ্চেত্যয়ং ত্রিধা । ৫৪ ॥
সুসাধ্যঃ স্যাল্লঘুর্মানো যত্নসাধ্যস্তু মধ্যমঃ ।
দুঃসাধ্যঃ স্যাদুপায়েন মহিষ্ঠঃ প্রেয়সাং প্রিয়ঃ ৫৫ ।
কৃষ্ণে রোষে তু তাসাং বামোহকুলীনশেখরঃ ।
কিতবেন্দ্রো মহাধূর্ত্তঃ কঠোরো নিরপত্রপঃ ।
অতিদুর্ল্ললিতো গোপীভুজঙ্গো রতহিণ্ডকঃ ।
গোপিকাধর্ম্মবিধ্বংসী গোপসাধ্বীবিড়ম্বকঃ ।

লোচনরোচনী টীকা

প্রেয়সাং প্রিয়োপায়েন মহিষ্ঠো মানো দুঃসাধ্যঃ কৃচ্ছ্রসাধ্যঃ স্যাৎ । ৫৫ ॥
মার্গো বাটঃ পথঃ পন্থা ইতি ধরণিঃ । বাটচ্চরশ্চৌরঃ ৫৬ ।

আনন্দচন্দ্রিকা টীকা ।

হেতোরীর্ষায়াঃ ৫৪ ৫৫
ভুজঙ্গঃ কামুকঃ । রতহিণ্ডকঃ স্ত্রীচৌরঃ অরণ্যবাটো বনমার্গস্তত্র টঙ্করশ্চৌরঃ । চেটঙ্কর ইতি কুত্সেন দস্যু তস্করমোষকাঃ ইত্যপি পাঠান্তরে পাটচ্চরশরণ্যো ইত্যমরঃ । ৫৬ ॥

হেতুর তারতম্য বশতঃ নির্হেতু মান লঘু, মধ্য এবং জ্যেষ্ঠ ভেদে তিন প্রকার হয় । ৫৪ ॥

যে মান অল্পায়াসে সুসাধ্য হয় তাহার নাম লঘু মান, আর যাহা যত্নে সাধ্য হয় তাহার নাম মধ্য মান এবং প্রিয়জনক উপায় দ্বারাও যাহা দুঃসাধ্য তাহার নাম মহিষ্ঠ অর্থাৎ দুর্জ্জয় মান ৫৫ ।

ব্রজসুন্দরীগণ ক্রোধ বশতঃ শ্রীকৃষ্ণকে যে সকল উক্তি করিয়া থাকেন তাহা এই—বাম, অকুলীনশেখর অর্থাৎ কপটশিরোমণি, কিতবেন্দ্র অর্থাৎ খলশ্রেষ্ঠ, মহাধূর্ত্ত, কঠোর, নির্লজ্জ, অতিদুর্ল্ললিত অর্থাৎ লম্পট, গোপীভুজঙ্গ অর্থাৎ গোপীকামুক, রতহিণ্ডক অর্থাৎ স্ত্রীচৌর, গোপিকাদিগের ধর্ম্মধ্বংসি, গোপসাধ্বীদিগের বিড়ম্বক, কামুকেশ্বর,

কার্মুকেশস্ত মিত্রৌনঃ শ্যামাত্মাম্বরতস্করঃ ।
গোবর্দ্ধনতটারণ্যবাটপাটচ্চরাদয়ঃ ॥ ৫৬ ॥
॥ * ॥ ইতি মানঃ ॥ * ॥

লোচনরোচনী টীকা।

॥ * ॥ ইতি মানবিবৃতিঃ ॥ * ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

॥ * ॥ ইতি মানবিবৃতিঃ ॥ * ॥

পাচতিমির, শ্যামাত্মা অর্থাৎ কালবর্ণ পুরুষ, অম্বরতস্কর অর্থাৎ বস্ত্রচৌর, গোবর্দ্ধনপর্ব্বতের তীরবর্ত্তি বনপথের তস্কর ইত্যাদি ॥ ৫৬ ॥

॥ * ॥ ইতি উজ্জ্বলনীলমণিতে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নানুবাদে মানপ্রকরণ ॥ * ॥

অথ প্রেমবৈচিত্ত্যং ॥

প্রিয়স্য সন্নিকর্ষেঽপি প্রেমোৎকর্ষস্বভাবতঃ ।
যা বিশ্লেষধিয়ার্ত্তিস্তৎপ্রেমবৈচিত্ত্যমুচ্যতে ॥ ৫৭ ॥

লোচনরোচনী টীকা ।

অথ প্রেমবৈচিত্ত্যমিতি প্রেম্ণা যদ্বৈচিত্ত্যং চিত্তস্যান্যথাভাবস্তন্মাত্রত্বাত্তদেবোচ্যত ইত্যর্থঃ । প্রিয়স্য সন্নিকর্ষেঽপীত্যত্র যুক্তিশ্চ শ্রীগোপালচম্প্বাং । সান্নিধ্যালিঙ্গনসঙ্গিমেহঙ্গবলয়া সঙ্গেঽপি শাঙ্গী তদা গোপীনাং স্ফুরতিস্ম দূরগতয়া প্রেমোপগাঢ়ত্বতঃ । যস্মাদুৎকলিকাকলাপকলনাবৃত্তিং বহির্লুম্পতী স্বপ্নাভাংশবিলাসতী সতীমপি দৃশি স্ফূর্ত্তিং মুহুর্লুম্পতীতি ॥ ৫৭ ॥

আনন্দচন্দ্রিকা টীকা ।

প্রেমোৎকর্ষোঽনুরাগঃ স্থায়ী স চ তৃষ্ণাতিপ্রাবল্যমূলক এব মুহুরনুভূতস্যাপি বস্তুনোঽননুভূতবদ্ভানসমর্থকো ভবেৎ । যথা কশ্চিদতিবুভুক্ষুস্বভাবো বিপ্রো ভোজয়িত্বোচ্যতে ব্রহ্মন্ সুষ্ঠু ভুক্তং ভবতেতি । ততস্তেন প্রত্যুচ্যতে ন কিঞ্চিদপি ভুক্তং ইতি অতএব কোঽয়ং কৃষ্ণ ইতি ব্যুদস্যতি ধৃতিমিত্যাদিনা স উদাহৃতস্তত্রৈব কোঽপি বৃত্তিবিশেষঃ প্রেমবৈচিত্ত্যনাম তৃষ্ণায়াঃ পরাবধিকাষ্ঠাং ব্যনক্তি । যত্র সতি শ্রীকৃষ্ণং সাক্ষাৎ পার্শ্বস্থমনুভবন্ত্যোঽপি অনন্যবুদ্ধিবৃত্তেরপি তথা লোপঃ স্যাদ্যথা শ্রীকৃষ্ণং নানুভবামীত্যেব প্রত্যয়ঃ স্যাৎ যথা সলিলান্তর্বর্ত্তী মৎস্যঃ প্রতিক্ষণং জলং পিবন্নপি হাহা মাং জলং পায়য়েত্যাহ । অন্যেয়ং যুক্তিঃ অনুরাগে কচিদ্বৃত্তিবৃত্তেস্তথা স্বভাবঃ স্যাৎ যথা সা শ্রীকৃষ্ণং তদীয়গুণগণমাধুর্য্যৈকমুগ্ধতয়া বিষয়ী করোতি যতঃ শ্রীকৃষ্ণানুভবে তদীয়গুণাদ্যননুভবঃ তদীয়গুণানুভবে তদননুভবঃ । যথা কাচিদতিক্ষুধা স্ফটীবক্ত্রহস্তাবতিস্বাদসমন্বিতং স্বয়মেব পিবতি নতু স্বাদ্যমানস্তদ্বিমিতি তথৈব সম্ভোগাখ্যে রসে কান্তোঽয়ং মাং সংভুঙ্ক্তে যস্য সুরতলাম্পট্য বাক্‌চাতুর্য্য গীতবাদ্যনৃত্যাদয়ো গুণা অপারা ইতি গুণেষু প্রবিষ্টায়াং বুদ্ধিবৃত্তৌ শাখাস্তরে চ যস্য গুণা ঈদৃশাঃ স ক ইতি গুণানপি ত্যক্ত্বা তন্মার্গণে প্রবিষ্টা বিরহমেবানুভাবয়ন্তী পুরস্থিতমপি তং ন বিষয়ী করোতীতি জ্ঞেয়ং ॥ ৫৭ ॥

অথ প্রেমবৈচিত্ত্য ॥

প্রেমের উৎকর্ষ বশতঃ প্রিয়ব্যক্তির সন্নিধানে অবস্থিত হইয়াও তৎসহ বিচ্ছেদ ভয়ে যে পীড়ার অনুভব হয়, তাহার নাম প্রেম-বৈচিত্ত্য ॥ ৫৭ ॥

যথা—

আভীরেন্দ্রসুতে স্ফুরত্যপি পুরস্তীব্রানুরাগোত্থয়া
বিশ্লেষজ্বরসম্পদা বিবশধীরত্যন্তমুদ্ঘূর্ণিতা।
কান্তং মে সখি দর্শয়েতি দশনৈরুদ্গূর্ণশষ্পাঙ্কুরা
রাধা হন্ত তথা ব্যচেষ্টত যতঃ কৃষ্ণোঽপ্যভূদ্বিস্মিতঃ ৫৮।

যথাবা—বিদগ্ধমাধবে।

সমজনি দশা বিশ্রান্তানাং কিমার্দ্ররবে গিরাং
ময়ি কিমভবদ্বৈগুণ্যং বা নিরঙ্কুশমীক্ষিতং।

লোচনরোচনী টীকা।

পুরঃস্ফুরতি বিরাজত্যপি উদ্গূর্ণং উদ্যতং ৫৮

সমজনীত্যত্র প্রেমবৈচিত্ত্যং তত্তৎপ্রকরণাদ্ভাতে ৫৯

আনন্দচন্দ্রিকা টীকা

বৃন্দা পৌর্ণমাসীমাহ পুরোঽগ্রে স্ফুরতি বিরাজত্যপি উদ্গূর্ণশষ্পাঙ্কুরা উদ্যত্তৃণাঙ্কুরা তৃণী উদাসে ৫৮।

নির্হেতুকং মুখ্যং প্রেমবৈচিত্ত্যং দর্শয়িত্বা কারণাভাসভবং গৌণমপি তদুদাহর্তুমাহ যথাবেতি।

অসময়বিশ্রাবণব্যাকুলা শ্রীরাধা মধুসূদনো গত ইতি মধুমঙ্গলোক্ত্যা উদ্ভূত প্রেমবৈচিত্ত্যা পুরঃ স্থিতমপি শ্রীকৃষ্ণমপশ্যন্তী সাশঙ্কং সখিং প্রতি বিলপতি সমজনীতি। হৃতিয়াহ্বানং কাচিৎ সংপ্রতিনামিকয়া বিহঙ্গমদ্বারকেণ সঙ্কেতেন ইত্যর্থঃ ৫৯।

যথা—

বৃন্দা পৌর্ণমাসীকে কহিলেন, দেবি! শ্রীকৃষ্ণ সম্মুখবর্ত্তি থাকিলেও শ্রীরাধা অনুরাগ জনিত বিচ্ছেদ জ্বরূপ সন্তাপ দ্বারা বিবশ বুদ্ধি হইয়া অতিশয় ঘূর্ণিতা হইয়াছিলেন, সখি! কান্ত কোথায় দর্শন করাও, এই কথা বলিয়া দন্ত দ্বারা তৃণাঙ্কুর ধারণের উদ্যম করত শ্রীকৃষ্ণ সহ সঙ্গমের চেষ্টা করিতে লাগিলেন, তদ্দর্শনে শ্রীকৃষ্ণও বিস্ময়াপন্ন হইয়াছিলেন। ৫৮॥

নির্হেতু অর্থাৎ মুখ্য প্রেমবৈচিত্ত্য প্রদর্শন করাইয়া কারণাভাসভব গৌণ প্রেমবৈচিত্ত্য উদাহরণার্থ কহিলেন যথাবা॥

ধ্যায়তি নিভৃতং কিম্ব স্তুতিঃ কয়াচিদভীষ্টয়া।
যদিহ সহসা মামত্যাক্ষীদ্বনে বনজেক্ষণঃ ৫৯ ॥
বিলাসমধুর গস্তু কুঞ্জেচিৎ ক্ষমাপি ব্রজন্ ।
পার্শ্বে সন্তমপি প্রেষ্ঠং হরিতং কুরুতে স্ফুটং ।
মুক্তমাহরতা পট্টমহিষীগীতবিভ্রমং
স্পষ্টং মুক্তাফলে চৈতদ্বোপদেবেন বর্ণিতং ।

। * ইতি প্রেমবৈচিত্ত্যং * ।

লোচনরোচনী টীকা।

বিলাসেতি তি ব্যাখ্যাতমেব ৬০ ॥

॥ * ॥ প্রেমবৈচিত্ত্যানুবৃত্তিঃ * ।

আনন্দচন্দ্রিকা টীকা।

পট্টমহিষীগীতং কুররি বিলপসি ইত্যাদি। মুক্তাফলে স্বকৃতে গ্রন্থে ৬০ ॥

॥ * ইতি প্রেমবৈচিত্ত্যবিবৃতিঃ * ।

বিদগ্ধমাধবে ।

শ্রীরাধা স্বীয় মুখ সৌরভ লোলুপ ভ্রমর বিদ্রাবণে ব্যগ্র থাকায় মধুমঙ্গলের মুখনিঃসৃত "মধুসূদন গত" এই বাক্যে শ্রীকৃষ্ণের গমন বিবেচনা করিয়া বিহ্বল চিত্তে সম্মুখস্থ শ্রীকৃষ্ণকেও দেখিতে পাইলেন না, অনন্তর শ্রীরাধা বিলাপ করিয়া কহিলেন, আজি বুঝি দানবদ্বেষ্টা ব্যস্ত গোপগণের অন্তর হইয়া থাকিবে, অথবা আমাতেই কোন নিরঙ্কুশ বৈগুণ্য দৃষ্ট করিয়া থাকিবেন, সেই কারণেই বনজনেত্র (পদ্মলোচন) এই বনে আমাকে পরিত্যাগ করিয়া গমন করিয়াছেন আর আমি কোন্ প্রণয়িনী যার তাঁহার আহ্বান করিব, অথবা কি নিমিত্তই বা এস্থানে নিভৃত স্থান রচনা করিব ॥ ৫৯ ॥

অনুরাগ কোন স্থলে বিরাগ প্রাপ্ত হইয়া পার্শ্বস্থিত প্রিয়তমকে স্পষ্টরূপে হারিতের ন্যায় করিয়া থাকে। ইহার সুন্দর উদাহরণ দেখাইবার নিমিত্ত বোপদেব স্বকৃত মুক্তাফল গ্রন্থে পট্টমহিষীদিগের গীত বিভ্রম বর্ণন করিয়াছেন ॥

॥ * ॥ ইতি উজ্জ্বলনীলমণিতে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নানুবাদে প্রেমবৈচিত্ত্য প্রকরণ ॥ * ॥

অথ প্রবাসঃ ॥

পূর্ব্বসঙ্গতয়োর্য্যূনোর্ভবেদ্দেশান্তরাদিভিঃ ।
ব্যবধানন্তু যৎপ্রাজ্ঞৈঃ স প্রবাস ইতীর্য্যতে ॥
তজ্জন্যবিপ্রলম্ভোঽয়ং প্রবাসত্বেন কথ্যতে ।
হর্ষগর্ব্বমদব্রীড়া বর্জয়িত্বা সমীরিতাঃ ।
শৃঙ্গারযোগ্যাঃ সর্ব্বেঽপি প্রবাসে ব্যভিচারিণঃ ॥
স দ্বিধা বুদ্ধিপূর্ব্বঃ স্যাত্তথৈবাবুদ্ধিপূর্ব্বকঃ ॥

তত্র বুদ্ধিপূর্ব্বঃ ॥

দূরে কার্য্যানুরোধেন গমঃ স্যাদ্বুদ্ধিপূর্ব্বকঃ ।
কার্য্যং কৃষ্ণস্য কথিতং স্বভক্তপ্রীণনাদিকং ॥

আনন্দচন্দ্রিকা টীকা ।

দেশান্তরাদিভিরিত্যাদিশব্দেন গ্রামান্তর বনান্তর স্থানান্তরাণি গৃহ্যন্তে ॥

স্বভক্তানাং দৈবকন্যানাং গবাং বৃন্দাবনস্থপশুপক্ষিবৃক্ষাদীনাং চ স্বদর্শনেন প্রীণনাদিকং । আদিশব্দাৎ পালন প্রেমদান মনোরথান্তরপূর্ত্ত্যাদি ॥

অথ প্রবাস ॥

পূর্ব্বে সঙ্গমবিশিষ্ট নায়ক ও নায়িকাদ্বয়ের যে দেশ, গ্রাম, বন ও স্থানান্তরের ব্যবধান হয় প্রাজ্ঞ ব্যক্তিরা তাহাকে প্রবাস কহেন, তন্নিবন্ধন এই বিপ্রলম্ভ প্রবাসরূপে কথিত হয়, এই প্রবাসে হর্ষ, গর্ব্ব, মত্ততা ও লজ্জা বর্জন করিয়া শৃঙ্গারযোগ্য যে সকল ব্যভিচারি ভাব তৎসমুদায় কীর্ত্তিত হইয়াছে ॥

উক্ত প্রবাস বুদ্ধিপূর্ব্বক ও অবুদ্ধিপূর্ব্বক ভেদে দুই প্রকার হয় ॥

তন্মধ্যে বুদ্ধিপূর্ব্বক প্রবাস যথা—

কার্য্যানুরোধ বশতঃ দূর গমনকে বুদ্ধিপূর্ব্বক প্রবাস কহে । সেই কার্য্য ইহাকেই বলে, যাহা শ্রীকৃষ্ণের ভক্তপ্রীণনাদিরূপে কথিত হইয়াছে ॥

কিঞ্চিদ্দূরে সুদূরে চ গমনাদপ্যয়ং দ্বিধা ॥ ৬০ ॥

তত্রাদ্যঃ ॥

দৃষ্টিং নিধায় সুরভীনিকুরম্ববীথ্যাং
কৃষ্ণেতি বর্ণযুগলাভ্যসনে রসজ্ঞাং।
শুশ্রূষণে মুরলিনিস্বনিতস্য কর্ণৌ
চিত্তং সুখে তব নয়ত্যহরদ্য রাধা ॥

অথ দ্বিতীয়ঃ ॥

ভাবী ভবংশ্চ ভূতশ্চ ত্রিবিধঃ স তু কীর্ত্ত্যতে ॥

লোচনরোচনী টীকা।

মুরলীশব্দো হ্রস্বান্তশ্চাস্তি ॥ ৬১ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

কিঞ্চিদ্দূরে অত্রাদ্বৃন্দাবনীয়প্রদেশে সুদূরে অত্রাম্মথুরা দ্বারকাদৌ ॥ ৬০ ॥

গাশ্চারয়ন্তং শ্রীকৃষ্ণং কাচিদ্দূতী শ্রীরাধাবৃত্তং নিবেদয়তি দৃষ্টিং নিধায়েতি। সুরভীতি। তদাগমনবর্ত্মীত্যর্থঃ ॥

কিঞ্চিদ্দূর এবং সুদূর ভেদে বুদ্ধিপূর্ব্বক প্রবাস দুই প্রকার হয় ॥ ৬০ ॥

তন্মধ্যে কিঞ্চিদ্দূরপ্রবাস যথা—

কোন দূতী গোচারণরত শ্রীকৃষ্ণকে শ্রীরাধার বৃত্তান্ত নিবেদন পূর্ব্বক কহিলেন, কৃষ্ণ। অদ্য শ্রীরাধা সুরভীগণের আগমন পথে দৃষ্টি নিক্ষেপ করিয়া কৃষ্ণ এই দুইটী বর্ণের অভ্যাসে রসনা নিযুক্ত এবং মুরলীধ্বনির প্রতি কর্ণযুগল অর্পণ করিয়া ত্বদীয় সুখে চিত্ত অভিনিবেশ করিতেছেন অর্থাৎ তোমার আগমন পথ নিরীক্ষণ করিয়া রহিয়াছেন ॥

অথ দ্বিতীয় অর্থাৎ সুদূরপ্রবাস যথা—

ভাবী, ভবন্‌, ভূত ভেদে বুদ্ধিপূর্ব্বক সুদূর প্রবাস তিন প্রকার হয় ॥

তত্র ভাবী যথোদ্ধবসন্দেশে ॥

এষ ক্ষত্তা ব্রজনরপতেরাজ্ঞয়া গোকুলেঽস্মিন্
বালে প্রাতর্নগরগতয়ে ঘোষণামাতনোতি ।
দুষ্টং ভূয়ঃ স্ফুরতি চ বলাদীক্ষণং দক্ষিণং মে
তেন স্বান্তং স্ফুটতি চটুলং হন্ত ভাব্যং ন জানে ॥ ৬১ ॥

ভবন্ যথা—ললিতমাধবে ॥

ভানোর্বিম্বে ত্বরিতমুদয়প্রস্থতঃ প্রস্থিতেঽসৌ
যাত্রানান্দীং পঠতি মুদিতঃ স্যন্দনে গান্ধিনেয়ঃ ।

লোচনরোচনী টীকা ।

প্রস্থঃ সানুঃ যাত্রানান্দীং তত্রত্য মঙ্গলপাঠং । হে হৃদয় তাবত্তূর্ণং স্ফুটেত্যন্বয়ঃ ॥ ৬২ ॥

আনন্দচন্দ্রিকা টীকা ।

কাচিদ্ব্রজদেবী স্বসখীং সভয়শোকখেদমাহ । ক্ষত্তা পুরদ্বারপালঃ । নগরগতয়ে মথুরাং গন্তুং । দুষ্টং দোষসূচকং যথাস্যাত্তথা স্ফুরতি । ক্ষত্তা স্যাৎ সারথৌ দ্বাস্থে ইত্যমরঃ ॥ ৬১ ॥
শ্যামা বিলপতি ভানোরিতি । উদয়প্রস্থতঃ উদয়পর্ব্বতস্য সানুতঃ যাত্রানান্দীং যাত্রিক-মঙ্গলপাঠং । স্যন্দনে রথে গান্ধিনেয়োঽক্রূরঃ । হে হৃদয় তাবত্বং স্ফুট বিদীর্ণো ভব ।

তন্মধ্যে ভাবী বুদ্ধিপূর্ব্বক সুদূরপ্রবাস যথা—
উদ্ধবসন্দেশে ॥

কোন ব্রজদেবী ভয়, খেদ ও শোকের সহিত আপনার সখীকে কহিলেন, হে বালে! ব্রজনরপতির আজ্ঞানুসারে এই দ্বারপাল গোকুলমধ্যে ঘোষণা দিতেছে যে প্রাতে মধুপুরী গমন করিতে হইবে এবং অমঙ্গল সূচক আমার দক্ষিণনেত্র স্পন্দন করিতেছে, এই হেতু আমার চঞ্চল মন স্ফুটিত হইতে লাগিল, হা কষ্ট। ভবিষ্যতে যে কি ঘটিবে জানিতে পারিতেছি না। ॥ ৬১ ॥

ভবন্ বুদ্ধিপূর্ব্বক সুদূরপ্রবাস যথা—ললিতমাধবে ॥

শ্যামলা বিলাপ করিতে করিতে কহিলেন, হে হৃদয়! উদয়-গিরিতে ভানুবিম্ব উদিত হওয়ায় রথে আরোহণ পূর্ব্বক গান্ধিনীতনয়

তাবত্তূর্ণং স্ফুট খুরপুটৈঃ ক্ষৌণিপৃষ্ঠং খনন্তো
যাবদ্ধাগী হৃদয় ভবতো ঘোটকাঃ স্ফোটকাঃ স্যুঃ ॥
ভূতো যথোদ্ধবসন্দেশে ॥
কামং দূরে সহচরি বরীবর্ত্তি সং কংসবৈরী
নেদং লোকোত্তরমপি বিপদ্দুর্দ্দিনং মাং দুনোতি।
আশাকীলো হৃদি কিলধৃতঃ প্রাণরোধী তু যো মে
সোঽয়ং পীড়াং নিবিড়বড়বাবহ্নিতীব্রস্তনোতি ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

নন্বহং পরমধীরং ভবামীতি চেদৈবং বাচ্যং ত্বং কিং ক্ষৌণিতঃ সকাশাদপি ধৈর্য্যং দধাসি যতোঽসৌ অক্রূরস্য ঘোটকাঃ ক্ষৌণিমপি খনন্তীত্যাহ খুরপুটৈরিত্যাদি। তেন ঘোটকখুরাঘাতজন্যাসৃতোঃ স্বয়ং মরণং ভদ্রমিতি ভাবঃ। বাস্তবস্তু প্রাণপ্রিয়ং ব্রজে বিরাজমানমেব দৃষ্ট্বা ম্রিয়স্ব ন তু লজ্জাদ্যাচ্ছন্নমিতি ভাবঃ ॥

শ্রীরাধা বিশাখামাহ কামমিতি। বিপদেব দুর্দ্দিনং মেঘচ্ছন্নোঽহস্তি দুর্দ্দিনমিত্যমরঃ। মাং হংসীমিতি ভাবঃ ॥

অক্রূর যাবৎ যাত্রানান্দী অর্থাৎ মঙ্গল পাঠ করিতেছেন, তাবৎকালের মধ্যে তুমি বিদীর্ণ হও, নতুবা খুর দ্বারা ভূখননকারি অশ্ব সকল তোমাকে স্ফুটিত করিবে ॥

ভূত বুদ্ধিপূর্ব্বক সুদূরপ্রবাস যথা—উদ্ধবসন্দেশে ॥

শ্রীরাধা বিশাখাকে কহিলেন, হে সহচরি। স্বেচ্ছাবশতঃ কংসবৈরী দূরে অবস্থিতি করিতে লাগিলেন, এই যে লোকাতীত বিপৎরূপ দুর্দ্দিন আমাকে পীড়া দিতেছে না, কিন্তু প্রাণরক্ষার নিমিত্ত যে আশাকীলককে হৃদয়ে ধারণ করিয়াছিলাম, সেই এখন তীব্র নিবিড় বাড়বাগ্নি সদৃশ হইয়া আমাকে পীড়া দিতেছে ॥

অত্র শ্রীযদুসিংহেন প্রেয়সীভিরমুষ্য চ।
প্রেষণং ক্রিয়তে প্রেম্ণা সন্দেশস্য পরস্পরং॥

যথোদ্ধবসন্দেশে॥

সোঢ়ব্যং তে কথমপি বলাচ্চক্ষুষী মুদ্রয়িত্বা
তীব্রোত্তাপং হতমনসিজোদ্দামবিক্রান্তিচক্রং।
দ্বিত্রৈরেব প্রিয়সখি দিনৈঃ সেব্যতাং দেবি শৈব্যে
যাস্যামি ত্বৎপ্রণয়চটুলভ্রূযুগাড়ম্বরাণাং॥ ৬২॥

তথা পদ্যাবল্যাং॥

কালিন্দ্যাঃ পুলিনং প্রদোষমরুতো রম্যাঃ শশাঙ্কাংশবঃ
সন্তাপং ন হরন্তু নাম নিতরাং কুর্ব্বন্তি কস্মাৎ পুনঃ।

লোচনরোচনী টীকা।

কালিন্দ্যা ইত্যাদিকং প্রায়ো গোকুলদেবীভিঃ প্রহিতেন কীরেণানুদিতং জ্ঞেয়মিতি

আনন্দচন্দ্রিকা টীকা।

মথুরাস্থঃ শ্রীকৃষ্ণ উদ্ধবদ্বারা শৈব্যায়াং সন্দিশতি সোঢ়ব্যমিতি। আড়ম্বরাঃ পরাক্রমাঃ তেষাং সেব্যত্বাং বিষয়ীভূতত্বং কর্ত্তরি ষষ্ঠী। অত্র সেব্যতামিতি পদেন তদাড়ম্বরৈর্মদেক-পুত্রকৈকপূজিতো দেবপ্রতিমাকারোঽহং মথুরায়াং ত্বংপ্রসেব্যানুভবামীতি ব্যঞ্জিতং॥ ৬২॥

দ্বারকাস্থিতা পৌর্ণমাসী ব্রজদেবীসন্দেশাস্বাদিনঃ শ্রীকৃষ্ণস্যানুভাবং বর্ণয়তি কালিন্দ্যা

এই বুদ্ধিপূর্ব্বক ভূত সুদূরপ্রবাসে শ্রীকৃষ্ণ এবং প্রেয়সীগণ কর্ত্তৃক প্রেম বশতঃ পরস্পর সন্দেশ প্রেরণ করা হয়॥

যথা—উদ্ধবসম্বাদে॥

মথুরাস্থ শ্রীকৃষ্ণ উদ্ধব দ্বারা শৈব্যাকে সম্বাদ প্রেরণ করত কহিলেন, হে দেবি শৈব্যে! তোমরা বলপূর্ব্বক নেত্র মুদ্রিত করিয়া মদনবিভ্রমযুক্ত যে তীব্র উত্তাপ, তাহা কোনক্রমে সহ্য করিবা। হে প্রিয়সখি! তোমরা আমার প্রতিমা নির্ম্মাণ করিয়া সেবা কর, আমি দুই তিন দিন মধ্যে তথায় আগমন করিতেছি॥ ৬২॥

তথা—পদ্যাবলীতে॥

দ্বারকাস্থিতা পৌর্ণমাসী ব্রজদেবীদিগের সন্দেশ আস্বাদি শ্রীকৃষ্ণের

সন্দিষ্টং ব্রজযোষিতামিতি হরেঃ সংশৃণ্বতোঽন্তঃপুরে
নিঃশ্বাসাঃ প্রসৃতা জয়ন্তি রমণীসৌভাগ্যগর্ব্বচ্ছিদঃ ॥

অথাবুদ্ধিপূর্ব্বঃ ॥

পারতন্ত্র্যোদ্ভবো যস্তু প্রোক্তঃ সোঽবুদ্ধিপূর্ব্বকঃ।
দিব্যাদিব্যাদিজনিতং পারতন্ত্র্যমনেকধা ॥ ৬৩ ॥

যথা—ললিতমাধবে ॥

আনীতাসি ময়া মনোরথশতব্যগ্রেণ নির্ব্বন্ধতঃ
পূর্ণং শারদপূর্ণিমাপরিমলৈর্বৃন্দাটবীমণ্ডলং।

লোচনরোচনী টীকা।

সিক্তাভিলাষা ভবন্বিত্যর্থঃ। অসত্যেষ্বস্ত্বিত্যাদি প্রয়োগশ্চৈব কবিভিঃ সম্মতত্বাৎ ॥ ৬৩ ॥

আনীতাসীত্যত্র শারদশব্দো নববাচ্যেব। যৌতু শারদৌ প্রত্যগ্রাপ্রতিভাবিতি

আনন্দচন্দ্রিকা টীকা।

ইতি। ইতি সন্দিষ্টং কয়াপি পাঠ্যয়া পঠিতমিত্যর্থঃ। রমণীনাং রুক্মিণ্যাদীনাং শেষমত্র স্পষ্ট এব ॥ ৬৩ ॥

মুখরায়া বঞ্চনার্থং শ্রীকৃষ্ণে কুঞ্জে নিলীয় স্থিতে দৈবাত্তদৈবাগতে শঙ্খচূড়ে সসিংহাসনা-

অনুভাব বর্ণন করিতেছেন। যথা—ব্রজদেবীগণ শুকপক্ষী দ্বারা দ্বারকায় সন্দেশ প্রেরণ করিয়া কহিলেন, হে কৃষ্ণ! যমুনাসম্বন্ধীয় পুলিন, প্রদোষকালীন বায়ু এবং রম্য শশাঙ্ককিরণ ইহারা সন্তাপ জন্মাইতেছে, কিন্তু হরণ করিতেছে না, ব্রজদেবীদিগের এই সন্দিষ্ট বাক্য শ্রবণ করিয়া দ্বারকার অন্তঃপুরস্থ শ্রীকৃষ্ণের দীর্ঘনিশ্বাস নির্গত হইয়া জয়যুক্ত হইতে লাগিল, তাহাতেই রুক্মিণী প্রভৃতি মহিষীদিগের গর্ব্ব চূর্ণ হইয়া গেল ॥

অথ অবুদ্ধিপূর্ব্বক ॥

যাহা পরতন্ত্র অর্থাৎ পরাধীনত্ব হইতে উৎপন্ন হয়, তাহার নাম অবুদ্ধিপূর্ব্বক। ঐ পারতন্ত্র্য দিব্য ও অদিব্যাদিজনিত ক্রমে অনেক প্রকার হয় ॥ ৬৩ ॥

যথা—ললিতমাধবে ॥

মুখরাকে বঞ্চনা করিবার নিমিত্ত শ্রীকৃষ্ণ লুক্কায়িতভাবে কুঞ্জে

সদ্যঃ সুন্দরি শঙ্খচূড়কপটপ্রাপ্তোদয়েনাধুনা
দৈবেনাদ্য বিরোধিনা কথমিতস্ত্বং হন্ত দূরীকৃতা ॥
চিন্তাত্র জাগরোদ্বেগৌ তানবং মলিনাঙ্গতা।
প্রলাপো ব্যাধিরুন্মাদো মোহমৃত্যুর্দশা দশ ॥

লোচনরোচনী টীকা।

নানার্থবর্গাৎ। শিবরাত্রিগতাম্বিকাযাত্রানন্তরোক্তের্হোরিকাপূর্ণিমায়াঃ প্রাপ্তত্বাৎ। হোরিকায়া অন্যত্র বলদেবসংগতেবিরসত্বাচ্চ। নবত্বঞ্চ পূর্ণিমায়া বসন্তাদিভাগত্বেন নবায়মানত্বাৎ ॥ ৭৪ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

যেন শ্রীরাধাং নীতাং পশ্যতবতি হা কৃষ্ণ কুতোঽসীতি ললিতাদ্যার্ত্তরাবশ্রবণেন সপদ্যেব কুঞ্জান্নিষ্ক্রম্য শ্রীকৃষ্ণো বিলপতি আনীতাসীতি। শঙ্খচূড়কপটেন ব্যাজেন প্রাপ্ত উদয়ো যস্য তেন দৈবেন মন্দুরদৃষ্টেন ॥

অত্র প্রবাসাখ্যবিপ্রলম্ভে ॥

অবস্থিত ছিলেন, এমন সময়ে অকস্মাৎ শঙ্খচূড় আসিয়া সিংহাসনাসীনা শ্রীরাধাকে হরণ করিয়া লইয়া পলাইতেছে, তদ্দর্শনে ললিতাদি সখী হা কৃষ্ণ! কোথা আছ, হা কৃষ্ণ! কোথা আছ, এইরূপ আর্ত্তনাদ করিতে লাগিলেন, শ্রীকৃষ্ণ ঐ আর্ত্তনাদ শ্রবণ করিয়া তৎক্ষণাৎ কুঞ্জ হইতে নির্গমন পূর্ব্বক বিলাপ করিয়া কহিলেন, হে সুন্দরি! আমি শত শত মনোরথ ব্যগ্র হইয়া যত্নপূর্ব্বক শারদ পূর্ণিমার পরিমল দ্বারা পরিপূর্ণ এই বৃন্দাটবীমণ্ডলে তোমাকে আনয়ন করিয়াছিলাম। হা কষ্ট! আমার বিরোধি..দুরদৃষ্ট বশতঃ কপটভাবে শঙ্খচূড় উদয় হইয়া তোমাকে হরণ করিয়া লইয়া গেল ॥

এই প্রবাসাখ্য বিপ্রলম্ভে চিন্তা, জাগর, উদ্বেগ, তানব অর্থাৎ কৃশতা, মলিনতা, প্রলাপ, উন্মাদ, ব্যাধি, মোহ, এবং মৃত্যু এই দশটী দশা ঘটিয়া থাকে ॥

তত্র চিন্তা যথা —হংসদূতে ॥

যদা যাতো গোপীহৃদয়মদনো নন্দসদনা-
ন্মুকুন্দো গান্ধিন্যাস্তনয়মনুরুন্ধন্ মধুপুরীং।
তদামাঙ্ক্ষীচ্চিন্তাসরিতি ঘনঘূর্ণাপরিচয়ৈ-
রগাধায়াং বাধাময়পয়সি রাধা বিরহিণী ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

কোঽপি রসিক আহ যদেতি। নন্দসদনান্মধুপুরীং যাতঃ। গান্ধিন্যাস্তনয়ং অক্রূরং অনুরুন্ধন্ অক্রূরানুরোধেনেত্যর্থঃ। তদা চিন্তৈব সরিৎ তস্যাং কিং সন্তাপজ্বালাজ্বলিতানপি প্রাণান্ আশাপাশৈর্বদ্ধ্বা রক্ষামি কিং বা তৈর্মুক্তাংস্ত্যজামি তত্রাপি কিং বহ্নিং প্রবিশামি যমুনাং বা। ততশ্চ স পুনর্ব্রজমাগত্য মামনালোক্য কিং প্রতিপৎস্যতে সন্তাপেন প্রাণান্ হাস্যতি কয়াপি যুক্ত্যা রক্ষিষ্যতি বা হা হা স মহাপ্রেমী কথং রক্ষিতুং প্রভবিষ্যতি এবমেতস্য পরিণামদর্শিন্যহমপি হা হা কথং মর্ত্তুং সম্প্রতি প্রভবিষ্যামি তস্মান্ন মরিষ্যামি তদীয়সুন্দর-মুখারবিন্দং দ্রক্ষ্যামি। যদি সন্তাপানলো মাং ন ধক্ষ্যতি তদা জীবিতুং প্রভবিষ্যামীত্যাদি লক্ষণায়াং অমাঙ্ক্ষীৎ মগ্না বভূব। ঘনা নিবিড়া যা ঘূর্ণা আবর্ত্তাঃ পক্ষে মহাভাবভেদমোহনোত্থা উদ্ঘূর্ণাঃ। বাধাময়ানি পীড়ারূপাণি পয়াংসি যস্যাং তস্যাং ॥

তন্মধ্যে চিন্তা যথা—হংসদূতে ॥

কোন রসিক কহিলেন, যৎকালীন গোপীদিগের হৃদয়ানন্দ মুকুন্দ গান্ধিনীতনয় অক্রূরের অনুরোধপরতন্ত্র হইয়া নন্দসদন হইতে মধুপুরী গমন করেন, তখন শ্রীকৃষ্ণ বিরহে বিরহিণী শ্রীরাধা বাধাময় জলযুক্ত অগাধা নদীর ঘূর্ণা সমূহে নিমগ্না হইলেন, অর্থাৎ শ্রীরাধা মনোমধ্যে চিন্তা করিলেন, সন্তাপজ্বালাজ্বলিত এই প্রাণ সকলকে আশাপাশে বন্ধন করিয়া কি রক্ষা করিব, অথবা আশাপাশে মুক্ত করিয়া ত্যাগ করিব, এই ত্যাগ কি রূপে ঘটিবে, অগ্নিতে প্রবেশ করি কি যমুনাজলে প্রবিষ্ট হই। যদি এইরূপ করি, পরে শ্রীকৃষ্ণ এই ব্রজপুরে আগমন করিয়া আমাকে দেখিতে না পাইলে, তিনি যে কি করিবেন জানিতে পারিতেছি না, হয় ত তিনি আমার শোকে প্রাণত্যাগ করিবেন, অথবা অন্য কোন যুক্তি দ্বারা প্রাণ রক্ষা করিবেন, হা হা সেই মহাপ্রেমী কি

অথ জাগরঃ। যথা—পদ্যাবল্যাং ॥

যাঃ পশ্যন্তি প্রিয়ং স্বপ্নে ধন্যাস্তাঃ সখি যোষিতঃ ॥
অস্মাকন্তু গতে কৃষ্ণে গতা নিদ্রাপি বৈরিণী ॥ ৬৪ ॥

অথোদ্বেগঃ। যথা—হংসদূতে ॥

মনো মে হা কষ্টং জ্বলতি কিমহং হন্ত করবৈ ॥
ন পারং নাবারং সুমুখি কলয়াম্যস্য জলধেঃ।
ইয়ং বন্দে মূর্দ্ধ্না সপদি তমুপায়ং কথয় মে
পরামৃশ্যে যস্মাদ্ধৃতিকণিকয়াপি ক্ষণিকয়া ॥

লোচনরোচনী টীকা।

পরামৃশ্যে স্পৃষ্টা ভবামি ॥ ৬৫ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

শ্রীরাধা বিশাখামাহ যা ইতি ॥ ৬৪ ॥

শ্রীরাধা ললিতামাহ মন ইতি। অস্য মহাসন্তাপাব্ধেঃ ধৃতিকণিকয়া কর্ত্র্যা পরামৃশ্যে স্পৃষ্টা ভবামীত্যর্থঃ ॥

প্রকারে প্রাণ রক্ষা করিতে সমর্থ হইলেন। হায়! আমি প্রবীণাম দর্শিনী হইলেও সম্প্রতি কি করিব, যদ্যপি প্রাণত্যাগ করি, তাহা হইলে আর ঐ সুন্দর বদন দেখিতে পাইব না, তিনি যদি আমাকে ত্যাগ না করেন, তবে এ জীবন রক্ষা করিতে সমর্থ হইব, ইত্যাদি চিন্তারূপা নদীর অগাধজলে নিমগ্না হইলেন ॥

অথ জাগর। যথা—পদ্যাবলীতে ॥

শ্রীরাধা বিশাখাকে কহিলেন, সখি! যে সকল স্ত্রী স্বপ্নযোগে প্রিয়তমকে দর্শন করে তাহারাই ধন্য, কিন্তু শ্রীকৃষ্ণ গমন করিলে পর, আমার প্রতি নিদ্রা বৈরিণী হইয়া যে গমন করিয়াছে, আর সে পুনর্ব্বার আসিল না ॥ ৬৪ ॥

অথ উদ্বেগ। যথা—হংসদূতে ॥

শ্রীরাধা ললিতাকে কহিলেন, হে সখি! আমার মন জ্বলিতেছে.

অথ তানবং। যথা—

উদঞ্চদ্বক্ত্রাম্ভোরুহবিকৃতিরন্তঃকলুষিতা
সদাহারাভাবগ্লপিতকুচকোকা যদুপতে।
বিশুষ্যন্তী রাধা তব বিরহতাপাদনুদিনং
নিদাঘে কুল্যেব কৃশিম পরিপাকং প্রথয়তি ॥

অথ মলিনাঙ্গতা ॥

হিমবিসরবিশীর্ণাম্ভোজতুল্যাননশ্রীঃ
খরমরুদপরজ্যদ্বন্ধুজীবোষ্ঠগোষ্ঠী।

আনন্দচন্দ্রিকা টীকা।

উদ্ধবঃ পৃষ্ট-শ্রীরাধাবিশাখাবৃত্তান্তঃ শ্লোকদ্বয়ং শ্রীকৃষ্ণমাহ উদঞ্চদিতি। বিকৃতি র্মালিন্য বৈবর্ণ্যাদ্যং। অন্তঃকলুষিতা পঙ্কিলা পক্ষে বিষাদদৈন্যাদিভির্দূষিতা। আহারো মৃণালাদিভোজনং তদভাবাৎ। পক্ষে হারো মুক্তাময়ঃ কুল্যা ক্ষুদ্রনদী ॥

বিসরঃ সমূহঃ ॥

হায়! আমি কি করিব, এই জলনিধির পারাবার দেখিতেছি না, এই আমি তোমাকে মস্তক দ্বারা প্রণাম করি, তুমি বিবেচনা পূর্ব্বক শীঘ্র আমাকে উপায় উপদেশ কর, যাহাতে ক্ষণকাল ধৈর্য্য অবলম্বন করিতে পারি ॥

অথ তানব। যথা—

উদ্ধব বৃন্দাবন হইতে মথুরায় আগমন করিলে শ্রীকৃষ্ণ শ্রীরাধা এবং বিশাখার বৃত্তান্ত জিজ্ঞাসা করায় উদ্ধব দুই শ্লোকে কহিলেন, হে যদুপতে! তোমার বিরহে শ্রীরাধার মুখপদ্ম ম্লান হইয়াছে এবং তদীয় অন্তঃকরণে মলিনতা জন্মিয়াছে, আর আহারাভাবে তাঁহার কুচ-চক্রবাকদ্বয় গ্লানিযুক্ত হইয়াছে, অতএব হে কৃষ্ণ! তোমার বিরহতাপহেতু শ্রীরাধা গ্রীষ্মকালের কৃত্রিম ক্ষুদ্র নদীর ন্যায় শুষ্কতা প্রাপ্ত হইয়া কৃশতার পরিপাক প্রকাশ করিতেছেন ॥

অথ মলিনাঙ্গতা অর্থাৎ মালিন্য ॥

পুনর্ব্বার উদ্ধব কহিলেন, হে অঘহর! তোমার বিরহবিপত্তি

অঘহর শরদর্কোত্তাপিতেন্দীবরাক্ষী
তব বিরহবিপত্তিম্লাপিতাসীদ্বিশাখা ॥

অথ প্রলাপঃ । যথা—ললিতমাধবে ॥

ক্ব নন্দকুলচন্দ্রমাঃ ক্ব শিখিচন্দ্রকালঙ্কৃতিঃ
ক্ব মন্দ্রমুরলীরবঃ ক্ব নু সুরেন্দ্রনীলদ্যুতিঃ।
ক্ব রাসরসতাণ্ডবী ক্ব সখি জীবরক্ষৌষধি-
র্নিধির্মম সুহৃত্তমঃ ক্ব তব হন্ত হা ধিগ্ বিধিঃ ॥

অথ ব্যাধিঃ। যথা—তত্রৈব ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

প্রোষিতভর্তৃকা শ্রীরাধা বিলপতি কেতি। তব সুহৃত্তম মম জীবরক্ষৌষধির্নিধিরূপঃ॥

দ্বারা বিশাখা যে কিরূপ মলিনতা প্রাপ্ত হইয়াছেন শ্রবণ কর, ঐ বিশাখার মুখশ্রী হিমসমূহ সংপৃক্ত পদ্মের ন্যায় শীর্ণ হইয়াছে, খরতর বায়ুর সংসর্গে বন্ধুজীব যেমন শুষ্ক হয়, তদ্রূপ তাঁহার ওষ্ঠ হইয়াছে এবং শরৎকালীন সূর্য্যোত্তাপে তাপিত কুমুদপুষ্পের ন্যায় তাঁহার নয়ন মলিন দেখাইতেছে, অতএব হে সখে। তোমার নিকট ঐ বিশাখার আর কি দশা বর্ণন করিব॥

অথ প্রলাপ। যথা—ললিতমাধবে॥

প্রোষিতভর্ত্তৃকা শ্রীরাধা বিলাপ করিয়া কহিলেন, হে সখি! নন্দকুলচন্দ্রমা কোথায়? শিখিচন্দ্রকালঙ্কৃতিই বা কোথায়? যাঁহার মুরলীরব গভীর তিনিই বা কোথায়? সেই ইন্দ্রনীলমণি দ্যুতিই বা কোথায়? সেই রাসরসতাণ্ডবীই বা কোথায়? আমার জীবন রক্ষার ঔষধি স্বরূপ, নিধিই বা কোথায়? এবং তোমার সেই সুহৃত্তমই বা কোথায়? কি কষ্ট। কি কষ্ট! হা বিধি তোমাকে ধিক্॥

অথ ব্যাধি। যথা—ললিতমাধবে॥

উত্তাপী পুটপাকতোঽপি গরলগ্রামাদপি ক্ষোভণো
দম্ভোলেরপি দুঃসহঃ কটুরলং হৃন্মগ্নশল্যাদপি ।
তীব্রঃ প্রৌঢ়বিসূচিকানিচয়তোঽপ্যুচ্চৈর্ম্মমায়ং বলী
মর্ম্মাণ্যদ্য ভিনত্তি গোকুলপতের্বিশ্লেষজন্মা জ্বরঃ ॥

অথোন্মাদঃ ॥

ভ্রমতি ভবনগর্ভে নির্নিমিত্তং হসন্তী
প্রথয়তি তব বার্ত্তাং চেতনাচেতনেষু ।
লুঠতি চ ভুবি রাধা কম্পিতাঙ্গী মুরারে
বিষমবিরহখেদোদ্গারিবিভ্রান্তচিত্তা ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

বিরহিণী শ্রীরাধা ললিতামাহ পুটে মুদ্রিতমুখে মৃণ্ময়সম্পুটে স্বর্ণাদীনাং যঃ পাকস্তস্মাদপ্যুত্তাপয়তি । দম্ভোলের্বজ্রাৎ বিসূচিকা রোগবিশেষঃ ॥

উদ্ধবঃ শ্রীকৃষ্ণমাহ ভ্রমতীতি । বরমুন্মাদস্য প্রৌঢ়ত্বপ্রৌঢ়তমত্বব্যঞ্জকং ॥

বিরহিণী শ্রীরাধা ললিতাকে কহিলেন, সখি ! গোকুলপতির বিচ্ছেদজনিত জ্বর, যাহা পুটপাক অর্থাৎ মৃণ্ময়পুটিত স্বর্ণাদির পাক-হইতেও উত্তাপদায়ী, গরলসমূহ হইতেও ক্ষোভজনক, বজ্র হইতেও দুঃসহ, হৃদয়বিদ্ধ শল্য অপেক্ষাও কষ্টদায়ক এবং অত্যন্ত বিসূচিকা-নামক রোগবিশেষ হইতেও তীব্র । হে সহচরি ! সে অতিশয় বলবান্ হইয়া আমার মর্ম্মভেদ করিতেছে ॥

অথ উন্মাদ ॥

উদ্ধব কহিলেন, হে মুরারে ! তোমার বিরহে কাতরা হইয়া শ্রীরাধা-কারণ ব্যতীত হাসিতে হাসিতে গৃহমধ্যে ভ্রমণ করিতেছেন এবং চেতনাচেতন বস্তুতে তোমার বার্ত্তা জিজ্ঞাসা করিতেছেন, হে সখে ! অধিক কি বলিব, তোমার বিষম বিরহখেদের উদ্গীরণে ভ্রান্ত-চিত্তা হইয়া মৃত্তিকাতে লুণ্ঠন করিতেছেন ॥

যথাবা ॥

অদ্যাকাণ্ডিকমট্টহাসপটলং নির্ম্মাতি ঘর্ম্মাম্বুভাক্
চীৎকারং কুরুতে চমৎকৃতিপরা সোৎকণ্ঠমাকম্পিকং।
আক্রন্দং বিতনোতি ঘর্ঘরঘনোদেঘাষং কিলাতর্কিতং
রাধা মাধব বিপ্রয়োগরভসাদদ্যৈব তীব্রাদভূৎ ॥

অথ মোহঃ ॥

নিরুন্ধে দৈন্যাব্ধিং হরতি গুরুচিন্তাপরিভবং
বিলুম্পত্যুন্মাদং স্থগয়তি বলাদ্বাষ্পলহরীং।
ইদানীং কংসারে কুবলয়দৃশঃ কেবলমিদং
বিধত্তে সাচিব্যং তব বিরহমূর্চ্ছা সহচরী ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

অকাণ্ডে ভবমাকাণ্ডিকং ॥

মথুরাস্থং শ্রীকৃষ্ণং প্রতি ললিতা পত্রীং লিখতি নিরুন্ধে রুণদ্ধি। কুবলয়দৃশঃ শ্রীরাধায়া ইদানীমিদং সাচিব্যং বিধত্ত ইতি। তেনাস্যাঃ কৃতে ত্বয়া চিন্তা ন কার্য্যা তত্র সুখেন শ্রেয়ং অদ্যাপ্যো বা শ্রীবধমহানিধিস্তব হস্তগতো ভবিষ্যতীতি দ্যোতিতং॥

যথাবা ॥

কোন এক সখী শ্রীরাধার উন্মাদভাব অবলোকন পূর্ব্বক কহিলেন, সখি! অদ্য শ্রীরাধা, মাধবের বিচ্ছেদ বশতঃ কারণ ব্যতীত অট্ট অট্ট হাস্য করিতেছেন, কখন কখন ঘর্ম্মান্বিতা হইতেছেন এবং কখন কখন ঘর্ঘর ঘোষণাযুক্ত রোদনও করিতেছেন, হে সহচরি। অন্য কোন ব্যক্তি কর্ত্তৃক শীঘ্র ইহা তর্কিত হইতেছে না ॥

অথ মোহ ॥

মথুরাস্থ শ্রীকৃষ্ণকে ললিতা পত্র লিখিতেছেন, যথা—হে কংসারে। এক্ষণে তোমার বিরহ জন্য সহচরী শ্রীরাধার কেবল এই প্রকার সচিবতা বিধান করিতেছে, অর্থাৎ দৈন্যসমুদ্রে হরণ করিতেছে, গুরুচিন্তা জন্য উন্মাদ লোপ করিতেছে এবং বল দ্বারা বাষ্পলহরী স্থগিত করি-

অথ মৃত্যুঃ। যথা—হংসদূতে ॥

অয়ি রাসক্রীড়ারসিক মম সখ্যাং নবনবা
পুরা বদ্ধা যেন প্রণয়লহরী হন্ত গহনা।
স চেন্মুক্তাপেক্ষস্ত্বমসি ধিগিমাং তূলশকলং
যদেতস্যা নাসানিহিতমিদমদ্যাপি চলতি ॥
প্রবাসবিপ্রলম্ভেঽস্মিন্ দশাস্তাস্তা হরেরপি।
অত্রোপলক্ষণায়ৈকমুদাহরণমীর্য্যতে ॥ ৬৫ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

ললিতা মথুরাস্থং শ্রীকৃষ্ণং হংসদ্বারা উপালভতে অয়ি ইতি। রা[illegible]তি রাসক্রীড়ায়া রসং যস্যেব বেংসি যতো রাসেশং ত্বয়া দুরবস্থা প্রাপ্তা কৃতেতি ব্যাজস্তুতিরনিন্দা যতো রাসক্রীড়ায়ামূলকারণং শ্রীরাধৈবেতি হেত্বলঙ্কারশ্চাত্রধ্বনিতঃ। যেন ত্বয়া স ত্বং মুক্তাপেক্ষঃ ইমাং ত্বং নাপেক্ষসে চেত্তদা ইমাং ধিক্ ইমমিমং তু স্বাসাপেক্ষত্বয় এবেতি ভাবঃ। নতু কিমস্যা মদপেক্ষালক্ষণং তত্রাহ। তূলশকলং তূলখণ্ডং নাসায়াং নিহিতং অধুনাস্যাঃ প্রাণাঃ সন্তি নবা সন্তীতি সন্দেহে ইত্যর্থঃ। অদ্যাপি চলতীতি কথনয়া অধুনাপি প্রাণাঃ কণ্ঠেন লগ্নাস্ত ইতি ভাবঃ ॥ ৬৫ ॥

রাছে, অতএব তুমি আর শ্রীরাধার বিষয়ে চিন্তা করিও না, সুখে অবস্থান কর, আজি হউক বা কালি হউক, তোমার শ্রীরাধারূপ মহানিধি হস্তগত হইবে ॥

অথ মৃত্যু। যথা—হংসদূতে ॥

মথুরাস্থ শ্রীকৃষ্ণকে হংস দ্বারা তিরস্কার করিয়া ললিতা কহিলেন, অয়ে রাসক্রীড়ারসিক। তুমি যে পূর্ব্বে আমার প্রিয়সখী শ্রীরাধাতে নব নব নিবিড় প্রণয়লহরী বন্ধন করিয়াছিলে, সেই যদি তুমি আজি মুক্তাপেক্ষ, অর্থাৎ নিরপেক্ষ হও, তাহা হইলে এই শ্রীরাধাকেই ধিক্ দিই, কেন না অদ্যাপি তাঁহার নাসারন্ধ্রে তূলখণ্ড নিহত করিয়া শ্বাস আছে কি না পরীক্ষা করা যাইতেছে ॥

এই প্রবাসাখ্য বিপ্রলম্ভে শ্রীকৃষ্ণেরও পূর্ব্বোক্ত ঐ সকল দশা সময়ে সময়ে অনুভূত হইয়া থাকে, এই বিষয়ে একটী উদাহরণ দেখান যাইতেছে ॥ ৬৫ ॥

যথা—

ক্রীড়ারত্নগৃহে বিড়ম্বিতপয়ঃফেণাবলীমার্দ্দবে
তল্পে নেচ্ছতি কল্পশাখিচমরীরম্যেঽপি রাজ্ঞাং সুতাঃ।
কিন্তু দ্বারবতীপতির্ব্রজগিরিদ্রোণীবিলান্তঃশিলা-
পর্য্যঙ্কোপরি রাধিকা রতিকলাং ধ্যায়ন্ মুহুঃ ক্লাম্যতি ॥
প্রোক্তানাং প্রেমভেদানাং বিবিধত্বাদ্দশা অপি।
বিবিধাঃ স্যুরিহেত্যেতা ভূমভীত্যা ন কীর্ত্তিতাঃ ॥

লোচনরোচনী টীকা।

ক্রীড়ারত্নগৃহ ইতি শ্রীরাধিকাসখীনাং উপালম্ভপত্রিকাণাং প্রত্যুত্তররূপং শ্রীমদুদ্ধবস্য পত্রং অতঃ ক্রীড়ারত্ন ইত্যাদিকং তদুপালম্ভানুবাদোঽয়মভ্যুপগমবাদায় কৃত ইতি জ্ঞেয়ং চমরীস্তবকং ॥ ৬৬ ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

ললিতাপ্রেষিতায়া উপালম্ভপত্র্যাঃ প্রত্যুত্তরপত্রীং শ্রীকৃষ্ণাজ্ঞয়া উদ্ধবো লিখতি ক্রীড়ারত্নেতি। ক্লাম্যতি মূর্চ্ছতি ॥

প্রেমভেদানাং প্রৌঢ়মধ্যমন্দানাং মধুস্নেহঘৃতস্নেহাদীনাং মাঞ্জিষ্ঠাদি নৈলাদিরাগাণাঞ্চ। ভূমভীত্যা গ্রন্থবাহুল্যভীত্যা ॥

ললিতা তিরস্কারসূচক পত্রী প্রেরণ করিলে, শ্রীকৃষ্ণাজ্ঞায় উদ্ধব প্রত্যুত্তর পত্রী লিখিতেছেন, যথা—

হে ললিতে! দ্বারবতীপতি শ্রীকৃষ্ণ ক্রীড়ার্থ রত্ননির্ম্মিত গৃহে দুগ্ধফেণ হইতেও অতিমৃদু এবং ময়ূরচমরীর সদৃশ রম্য শয্যাতে রাজকন্যাদিগকেও ইচ্ছা করেন না, কেবল ব্রজস্থ-পর্ব্বতদ্রোণীর বিবরস্থ শিলাপর্য্যঙ্কের উপরিভাগে বারম্বার শ্রীরাধার রতিকলাকেই ধ্যান করত ক্লান্ত হইতেছেন ॥

উক্ত প্রেমভেদ সকলের অর্থাৎ প্রৌঢ়, মধ্য, মন্দ তথা মধুস্নেহ, ঘৃতস্নেহ এবং মাঞ্জিষ্ঠ প্রভৃতি ভাব সকলের নানাপ্রকারত্ব; উক্ত দশা গুলিও নানাপ্রকার হয়, বাহুল্যভয়ে এস্থলে তাহা কীর্ত্তিত হইল না ॥

এতাস্তু প্রেমভেদানামনুভাবতয়া দশাঃ।
সাধারণ্যঃ সমস্তানাং প্রায়সঃ সম্ভবন্ত্যপি ॥ ৬৬ ॥
কিন্ত্বত্রৈবাধিরূঢ়স্য মোহনত্বমুপেয়ুষঃ।
অসাধারণরূপাস্তু তৎপ্রসঙ্গে পুরোদিতাঃ ॥ ৬৭ ॥
বিপ্রলম্ভং পরং কেচিৎ করুণাভিধমূচিরে।
স প্রবাসবিশেষত্বাদৈবাত্র পৃথগীরিতঃ ॥ ৬৮ ॥

॥ * ॥ ইতি বিপ্রলম্ভভেদাঃ ॥ * ॥

লোচনরোচনী টীকা।

কিন্ত্বত্রৈবাধিরূঢ়স্যেতি ভাবমধ্যে পঠিতস্যাপি তস্য মদম্বয়েব সম্ভব্যমিতি ভাবঃ ॥ ৬৭ ॥
বিপ্রলম্ভমিতি বিপ্রলম্ভভেদমিত্যর্থঃ। তমনিষ্টাশঙ্কাময়ত্বাৎ করুণাভিধমূচিরে সন্তু বাস্তবানিষ্টত্বাভাবাৎ প্রবাসবিশেষঃ ততস্তদ্রূপত্বাৎ পৃথঙ্নৈবেরিতঃ ॥ ৬৮ ॥

॥ * ॥ ইতি বিপ্রলম্ভভেদাঃ ॥ * ॥

আনন্দচন্দ্রিকা টীকা।

এতা উক্তলক্ষণাস্তু দশাঃ সমস্তানামেব প্রেমভেদানাঞ্চ সাধারণ্যঃ। অসাধারণ্যস্তু ভূমভীত্যা ন কীর্ত্তিতা ইত্যর্থঃ ॥ ৬৬ ॥
অত্রৈব গ্রন্থে অসাধারণরূপা ইতি শ্রীবৃন্দাবনেশ্বর্য্যা বিনা অন্যত্রাদৃষ্টেঃ ॥ ৬৭ ॥
পরং উক্তেভ্যঃ এতেভ্যোঽন্যং প্রবাসবিশেষত্বাদিতি। শ্রীকৃষ্ণস্য কালিহ্রদপ্রবেশাদয়ঃ প্রবাসভেদা এবেত্যর্থঃ ॥ ৬৮ ॥

॥ * ॥ ইতি বিপ্রলম্ভভেদবিবৃতিঃ সমাপ্তা ॥ * ॥

সমস্ত প্রেমভেদের এই উক্ত লক্ষণ দশা প্রায় সাধারণরূপে সম্ভব হয়, গ্রন্থ বাহুল্যভয়ে অসাধারণের উল্লেখ করা হইল না ॥ ৬৬ ॥

এই গ্রন্থে মোহনত্ব প্রাপ্ত অধিরূঢ়ভাবের অসাধারণরূপ যে সকল দশা আছে, শ্রীরাধা বিষয়ে তৎসমুদায় পূর্ব্বেই উল্লেখ করা হইয়াছে ॥ ৬৭ ॥

এতদ্ভিন্ন অন্য প্রকার যে বিপ্রলম্ভ আছে, কোন কোন পণ্ডিত করুণরসের মধ্যে অর্থাৎ কালিয়হ্রদপ্রবেশাদি স্থলে তাহা বর্ণন করিয়াছেন, সেইটী প্রবাস বিশেষ বিবেচনা করিয়া এই গ্রন্থের মধ্যে পৃথক্রূপে কথিত হইল না ॥ ৬৯ ॥

॥ * ॥ ইতি উজ্জ্বলনীলমণিতে শ্রীরামনারায়ণ বিদ্যারত্নানুবাদে বিপ্রলম্ভভেদবিবৃতি সমাপ্তা ॥ * ॥

অথ সংযোগবিয়োগস্থিতিঃ।

হরের্লীলাবিশেষস্য প্রকটস্যানুসারতঃ।
বর্ণিতা বিরহাবস্থা গোষ্ঠবামভ্রুবামসৌ॥

লোচনরোচনী টীকা।

তদেবং সপরিকরং বিরহমুক্ত্বা দুঃখরূপস্য তস্য নিরসনার্থমাহ হরের্লীলাবিশেষস্য প্রকটস্যেতি। অত্র বিশেষপ্রকটশব্দয়োরুপাদানাদ্‌ন্যারণ্যে বিহরতেত্যত্রাপ্রকটলীলাবিশেষ তথা

আনন্দচন্দ্রিকা টীকা।

